From the analysis of test results of different studies, we have found five types of distinct alternative results of crowding-in versus crowding-out hypothesis in different countries. . First, there has been straight crowding out effect of public investment. Second, there has been crowding in of private investment because of public investment. Third type of study results show crowding in effect of infrastructure related public investment and crowding out effect of non infrastructure public investment.Fourth type of results found crowding in effect on private investment in some countries and crowding out effect in case of other countries. Fifth type of results shows that there is crowding out effect in the short run, but there is a crowding in effect in the long run in case of the same .Though study results are different and inconclusive, majority of the studies in developing countries tend to establish the complementarity between public investment and

private investment and positive impact of public investment on private investment and economic performance of the economy

Regression results indicated that real interest rate has significantly negative impact on investment implying that with reduction of real interest rate, investment would be boosted in as much as real cost of capital would be reduced and profit margin would increase. The results show that with 10% reduction of real interest rate there will be 0.6% increase of investment demand. Access to credit has a large positively significant impact on investment. The results indicate that with 10% increase in the credit supply, there will be increase of investment by 4.7%. Regression results of private investment show that coefficient with respect to GDP is significantly positive. Impact of Annual Development expenditure is found to have a large impact on private investment with positive sign, with high coefficient at 5% level of significance. The result shows that investment demand will increase by 4.8% with the increase of 10% increase in ADP expenditure.

The cointegration test results show that there exists stable, long run linear relationship between private and public investment. Similarly, the tests suggest that there is the existence of long run linear relationship between investment and GDP.

The results of error correction model provides unidirectional causality from public investment to private investment. Private investment and public investment are to correct respectively 44% and 7% deviations from long run equilibrium each year. Private investment is in both long run and short run equilibrium relation, while public investment is in only long run equilibrium but not in short run equilibrium. There prevails bidirectional causality between investment and GDP which means that short run changes in investment causes changes in GDP and vice versa. Equilibrium errors are -0.56 and -0.81 respectively signifying that 56% deviations from long run equilibrium in case of investment and 81% deviations from long run equilibrium in case of GDP are corrected each year. Thus both total investment and GDP are in both short and long term equilibrium relation. Similarly, there prevails bidirectional causality from private investment to GDP and vice versa in the short run because both of them have significant coefficient. Private investment corrects 43% deviations and GDP corrects 61% deviations from long run equilibrium. Thus both private investment and GDP are in both long run and short run equilibrium relation. Relation between Public investment and GDP is unidirectional from former to the later but not vice versa. Significant and positive coefficient of GDP indicates that change in public investment causes change in GDP.GDP corrects 55% deviations and public investment corrects 33% deviations from long run equilibrium. Thus GDP is in both short run and long run

equilibrium relation while public investment is only in long run equilibrium relation but not in short run relation.

The results of Granger causality tests show that both total investment and GDP have bidirectional causality though investment to GDP is much stronger than the other way relation. Public investment and GDP are found in bidirectional causality while under error correction model it was a unidirectional causality from public investment to GDP. There is no long run equilibrium relation between private investment and GDP. This result is quite different from cointegration test result and error correction model result where they were having bidirectional causality both in the short and long run. Total investment has unidirectional causality to non export GDP but not vice versa though later has unilateral causality to public investment. Granger causality test results do not show any long term causal direction between public and private investment though private investment is found to bring changes in total investment. Total investment has unilateral causality to ADP. Cost of Investment i.e. real interest rate has bidirectional causality with private investment and total investment. Real interest has also unilateral causality to GDP, specially non-export GDP. Private credit has unidirectional causality to total investment and private investment. Private credit has unidirectional causality to private investment and bidirectional causality with public investment. Total credit has bidirectional causality with public investment and ADP. Private investment has bidirectional causality with imports. Remittance has no significant relation with investment though it has unidirectional causality to GDP. ADP has bidirectional causality with total credit and private credit. ADP has bidirectional causality with remittance. Total investment has bidirectional causality with foreign aid which has unidirectional causality to public investment in Bangladesh. Import and investment are in bidirectional causality. All these indicate that credit, real interest rate, aggregate demand (GDP), foreign aid and capacity to import have been found to have expected impact with expected sign as important determinants of investment in Bangladesh. Remittance has though positive impact on GDP and ADP, has no significant relation with investment. One of the important findings is that there has been circular causation of variables in making relation, and channels of circular causation need to be investigated for better understanding of the determination of investment.

Econometric modeling results show that interest rate above 7% will not have a significant impact on investment, rather will have adverse effect in course of time. Thus threshold level of interest rate can be established at 7%. with threshold level of inflation of 6% and consequently, threshold level of nominal lending rate should not exceed 13%. Interest rate determinationneed to be adjusted with

inflation rate for acting as proper stimuli of investment. This provides adequate ground for further policy intervention for lowering interest rate in Bangladesh.

Investment in Bangladesh is severely constrained by the poor level of infrastructure. It has to improve physical and technological infrastructure on medium and long term basis. Government need to increase the share of public investment, as it is proved that in Bangladesh situation public investment crowds in private investment. Besides poor quality of existing infrastructure, businesses are also constrained by the lack of skilled workers, inefficient bureaucracy and long waiting time, policy instability and limited access to financing. Thus even if the national savings–investment gap has turned positive and is widening, the surplus that is available for investment remains without getting translated into investment. Policies that actively promote and encourage FDI are no match to the constraining effects of these inadequacies. In order to do away with these inadequacies, positive government intervention with policy support and development of required institutional and physical facilities is a dire need for investment expansion in the country. Bangladesh has to significantly reduce cost of doing business and improve quality of human capital resources to strengthen competitiveness. Both financial system and credit market need to be developed for investment expansion. Present financial structure and capital market have enough potential to induce investment expansion in the country Access to credit and on easier terms should be widely made available to the enterprises specially small enterprises which have higher marginal productivity. Though investment is not upto the expectation at present, it is considered to be improving in future. Political stability and political governance is crucial to create confidence among the investors. Public investment need to be increased in both volume and quality terms through more allocation for ADP and its quality implementation. Liquid resources of banking system and capital market and resources of remittance at household level can be used properly through appropriate policy measures and institutional development. Government initiative for stimulus packages successively in response to changes in global and domestic market are encouraging for investment. Stimulus package need to be continued and improved in design and operationalisation in consonance with internal and global situation.

References

1. Wikepedia, http://en.wikipedia.org/wiki/ Investment
2. Samuelson and Nordhaus, 1998, Economics, 16th edition, McGraww-Hill,US.
3. Estimates of Investment:Methods and Data Sources, BBS, 2002, MOP, Dhaka.
4. *An Investment Climate Assessment based on an enterprise survey*, Bangladesh Enterprise Institute and World Bank, 2003, Dhaka.
5. Sultan Hafeez Rahman and Forhad Jahan Shilpi (1996),*A Macroeconometric Model of the Bangladesh Economy: Model, Estimation, Validation and Policy Simulation*, 1996, Research Monograph No.17, Bangladesh Institute of Development Studies.
6. Bangladesh Country Investment Study, Chapter 5, *Study on Intraregional Trade and Investment in South Asia*, ADB, 2009.
7. Japan External Trade Organisation (JETRO),2009, *19th Survey, Investment-related cost comparisons: the status of Bangladesh*, Japan.
8. Islam,Ezazul. Md. and N.Begum (2005), “Is Investment Demand sensitive to Interest rate in Bangladesh?-An Empirical Analysis, *Bank Parikrama*, BIBM, Vol.30,pp.69-86.
9. Shamim Ahmed and Md. Ezazul Islam (2006), “Interest Rate Responsiveness of Investment Spending in Bangladesh-A VAR Approach”, Working Paper Series, WP0608, PAU, Research Department, Bangladesh Bank..
10. Mariana Belloc and Pietro Vertova, “How does Public Investment Affect Economic Growth in HIPC?-An Empirical Assessment”, 2004, Department of Economics, University of Siena.
11. Data base of DSE for the last five years on Listed companies
12. Dickey, David A.,and Wayne A.Fuller, “Distribution of the Estimators for Autoregressive Time Series with a Unit Root”, Journal of of the American Statistical Association (June 1979),pp.423-31.
13. J.G. Mackinnon, “Critical Values for Cointegration Tests”, in R.F.Engle and C.W.J.Granger (eds.), Critical Values for Cointegration Tests in Long Run Economic Relationships: Readings in Cointegration, Oxford University Press, Oxford, U.K.,1991, PP.267-276.
14. Johansen,S.and K.Juselius,1999,”Maximum Likelihood Estimation and Inference on Cointegration-With Application to the demand for Money”, Oxford Bulletin of Economics and Statistics, Vol.74.
15. Engle,R.F. and Granger, C.W. (Eds.),1987. “Cointegration and Error Correction: Representation, Etimation and testing”, Econometrica,55, 251-276..
16. Granger, C.W.J., 1969. “Investigating causal relations by econometric models and cross-spectral methods”. *Econometrica* 37 (3), 424–438. ————1980,” Testing for causality”, Journal of Economic Dynamics and Control, 2, 329-352.

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

বাংলাদেশের প্রেক্ষিতে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন: সমতা বনাম অসমতা

মোঃ জহির উদ্দিন আরিফ*

সারসংক্ষেপ

ইদানিংকালের অর্থনীতিবিদদের মধ্যে একটা ধারণা স্বল্পমাত্রায় হলেও প্রস্ফুটিত হয়েছে যে, আয় এবং সম্পদের সুষম বন্টন একটি দেশের অর্থনীতিতে প্রবৃদ্ধি আনয়ন ত্বরান্বিত করে। কিন্তু এরকম ধারণা সব সময় প্রচলিত ছিল না। বস্তুত অর্থনীতির প্রথম স্রোতধারা থেকেই বদ্ধমূল একটি চেতনা অর্থনীতিবিদদের মধ্যে বিস্তৃত ছিল যে, আয় ও সম্পদের অসম বন্টন ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থায় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য অপরিহার্য। কিন্তু আয় ও সম্পদের সম বন্টনের সাথে প্রবৃদ্ধির দ্বন্দ্ব নয় বরং সম বন্টন ব্যবস্থার মাধ্যমে প্রবৃদ্ধি অর্জিত হলে বাংলাদেশের আয়তন ও সম্পদের তুলনায় বিপুল পরিমাণ জনগোষ্ঠী জনসম্পদে রূপান্তরিত হবে এবং এই জনগোষ্ঠীর পারস্পরিক সম্পর্ক ও আত্মিক ভ্রাতৃত্ববোধের ফলে দেশের সামাজিক পুঁজির বৃদ্ধি ঘটবে। তাই আলোচ্য প্রবন্ধে প্রবৃদ্ধি ও সমতার সম্পর্কের ইতিবাচক দিকটি বাংলাদেশের অতীত অর্থনৈতিক অভিজ্ঞতা বিশ্লেষণের মাধ্যমে খুঁজে পাওয়ার প্রয়াস করা হয়েছে।

১.০ ভূমিকা

বাংলাদেশ তৃতীয় বিশ্বের একটি উন্নয়নশীল দেশ। এ দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন অন্যতম অপরিহার্য বিষয়। ধনতান্ত্রিক অর্থনীতিবিদদের তত্ত্বানুযায়ী সম্পদ ও আয়ের অসম বন্টন ব্যবস্থায় অধিক মাত্রায় প্রবৃদ্ধি অর্জিত হয়। কারণ তারা মনে করেন একটি দেশে ধনীদের অধিক অর্জিত আয় থেকে অধিক সঞ্চয় সৃষ্টি হবে যা অধিক মূলধন সৃষ্টির মাধ্যমে পুনরায় অধিক প্রবৃদ্ধি অর্জন ঘটাবে। তবে "এ কথা সত্য আধুনিককালে মানুষের যা কিছু সুযোগের সৃষ্টি হয়েছে তার অধিকাংশই ধনীর ভাগ্যে পড়ে। অর্থাৎ অল্প লোকেরই ভোগে আসে,

* সহকারী অধ্যাপক মার্কেটিং বিভাগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঢাক, বাংলাদেশ

This Paper was presented at the *XVII Biennial Conference titled **"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

অধিকাংশ লোকই বঞ্চিত হয়। এর দুঃখ সমস্ত সমাজের। এর থেকে বিস্তর রোগ, তাপ, অপরাধের সৃষ্টি হয়, সমস্ত সমাজকেই প্রতিক্ষণে তার প্রায়শ্চিত্ত করতে হচ্ছে।" (ঠাকুর, বাংলা ১৩৯৮: ৩২৯-৩৩০)। ফলে বিপরীতধর্মী অর্থনীতিবিদদের মতানুযায়ী সম্পদ ও আয়ের সুষম বন্টন ব্যবস্থায়ও একটি দেশে প্রবৃদ্ধি অর্জিত হয়। কুজনেট্স্ (১৯৫৫) পশ্চিমা উন্নত দেশসমূহের এক পরিসংখ্যানিক তথ্য বিশ্লেষণ করে দেখান যে, একটি দেশ নিম্ন স্তরের আয় থেকে শুরু করে ধনীতে পরিণত হওয়ার ক্ষেত্রে আয়ের বন্টনের ধরণ পরিবর্তিত হতে থাকে, প্রবৃদ্ধি বৃদ্ধির শুরুতে অসমতা দ্রুত হারে বাড়তে থাকে, পরবর্তীতে একটি নির্দিষ্ট সময় পরে বা নির্দিষ্ট স্তরে বা বিন্দুতে উপনীত হওয়ার পর প্রবৃদ্ধি ঘটলেও অসমতা আস্তে আস্তে কমতে থাকে। সুতরাং আলোচ্য প্রবন্ধে তৃতীয় বিশ্বের একটি উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য সুষম ও অসম এ দু' ধরণের বন্টন ব্যবস্থার মধ্যে কোন্ ব্যবস্থাটি অধিক উপযুক্ত এবং কেন তা বাংলাদেশের অতীত অর্থনৈতিক উন্নয়ন ও চিন্তাধারার আলোকে বিশ্লেষণ করা হয়েছে।

২.০ সমতা এবং প্রবৃদ্ধির দ্বন্দ্ব

ক্ল্যাসিকাল অর্থনীতিবিদদের (বিশেষ করে, এ্যাডাম স্মিথ থেকে কার্ল মার্কস পর্যন্ত) তত্ত্বানুযায়ী মূলধনের পুঞ্জিভূতকরণ প্রবৃদ্ধির চাবিকাঠি এবং এই মূলধনের পুঞ্জিভূতকরণ আসে জনগণের সঞ্চয় থেকে, যে সঞ্চয় আবার আয়ের বন্টন ও স্তরের উপর নির্ভর করে। তারা আরো মনে করেন যে, ধনী পুঁজিপতিরা গরীব শ্রেণীর তুলনায় তাদের আয়ের একটি বড় অংশ সঞ্চয়ে প্রবৃত্ত হয়। কারণ তারা বেশী আয় করে, কেননা উৎপাদনের মূল হাতিয়ার পুঁজির মালিক তারাই। অসম বন্টন ব্যবস্থায় যদি প্রবৃদ্ধি অর্জিত হয় তবে সেই প্রবৃদ্ধির 'চুঁইয়ে পড়া প্রবাহের' ধারায় দরিদ্ররা নিশ্চিতভাবেই অবগাহন করার সুযোগ পাবে। সুতরাং সমতা এবং প্রবৃদ্ধির মধ্যে এখানে একটি দ্বন্দ্ব পরিলক্ষনীয় যে, সুষম বন্টন ব্যবস্থায় প্রবৃদ্ধি অর্জিত হবে কিনা? এ প্রেক্ষিতে দু'টি ধারণা বা অনুমান করা যায়-

বেশী বেশী সম্পদ ও আয়ের অসম বন্টন (Inequal Distribution) উচ্চমাত্রায় সঞ্চয় ও মূলধন পুঞ্জিভূত করবে। কারণ ধনীরা তুলনামূলকভাবে বেশী সঞ্চয় করবে।

অধিক সঞ্চয় দ্রুত প্রবৃদ্ধি বয়ে আনবে।

উলেখ্য, ক্ল্যাসিকাল অর্থনীতিবিদরা ঐ সময়ে প্রয়োজনীয় তথ্যের অভাবে এ ধারণার বিষয়ে কোন বাস্তবিক প্রমাণ করতে সক্ষম হননি। বাংলাদেশের বিগত সময়ের অর্থনৈতিক উন্নয়ন ও চিন্তাধারার আলোকে ক্ল্যাসিকাল ধারণার প্রবৃদ্ধি অর্জন কতখানি প্রাসঙ্গিক তা বিশ্লে-ষণ করা যেতে পারে।

২.১ প্রবৃদ্ধির প্রশ্নে প্রথম ধারণার বিশ্লেষণ

বিশ্বব্যাংকের ২৯শে এপ্রিল, ১৯৯৮ সালে প্রকাশিত এক গবেষণা রিপোর্ট "Bangladesh From Counting the Poor to Making the Poor Count"-এ দেখানো হয়েছে যে, বিশেষত ১৯৯০-এর দশকের শুরু থেকে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি জনসংখ্যা বৃদ্ধিকে অতি□ম করেছে। ১৯৯১ থেকে ১৯৯৭ পর্যন্ত সময়ে অর্থনৈতিক প্রবৃদ্ধির হার ছিল গড়ে প্রায় ৪.৪%, যেখানে জনসংখ্যা বৃদ্ধির হার ছিল প্রায় ২%। আবার ১৯৯৭-'৯৯ অর্থ বছরে বাংলাদেশে জিডিপি-এর হার ছিল ৫.৪% আর ২০০১ সালে জনসংখ্যা বৃদ্ধির হার ছিল প্রায় ১.৪৭% (Statistical Year Book, 2001)। ফলে এ তথ্য থেকে বুঝা যায়, এ দেশের মানুষের ভোগ বাড়ছে এবং দারিদ্র্য কমেছে। তথাপি এই দারিদ্র্য হ্রাস পাচ্ছে আস্তে আস্তে এবং ১৯৮৩ থেকে ১৯৯২ এ সময়ের মধ্যে তেমন কোন প্রকৃত অর্জন হয়নি এ বিষয়ে। বিশেষত গ্রামীণ দারিদ্র্য খুবই উচ্চ এবং দরিদ্রের সংখ্যা দিন দিন বাড়ছে।

স্বাধীনতা পূর্ব বাংলাদেশের উন্নয়ন প্রচেষ্টা ছিল সম্পূর্ণ পুঁজিবাদী দৃষ্টিভঙ্গিভিত্তিক। তখন উন্নয়ন কৌশল ছিল আয় বৈষম্য সৃষ্টি করে কিছু পুঁজিপতি শ্রেণী সৃষ্টি করা যারা দ্রুত প্রবৃদ্ধি অর্জনে সাহায্য করবে। ফলশ্রুতিতে দেশে বিনিয়োগ ও উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশীয় অর্থনীতিতে বেকারত্ব দূরীকরণকে সম্ভব করবে এবং অসম উন্নয়নের গতিধারায় দরিদ্র জনগোষ্ঠীর অবস্থারও পরিবর্তন ঘটবে, এ নীতির অনুসরণে যে অর্থনীতি জন্ম নিয়েছিল তাতে তৎকালীন পাকিস্তানের পূর্ব অংশের জনগণের কোন লাভ হয়নি। বরং যে গুটিকতক পুঁজিপতি সৃষ্টি হয়েছিল তারা অধিকাংশই ছিল পশ্চিম অংশের। পূর্ব অংশ তথা বাংলাদেশে তাদেরই বাইশ পরিবারের বিনিয়োগের কিছুটা এ অংশে আসলে তা ছিল এ অংশের জন্য শোষণমূলক। দুই অংশের মধ্যে দিন দিন অর্থনৈতিক বৈষম্য একদিকে যেমন বেড়েই চলেছিল অন্যদিকে এদেশের জনগণের দারিদ্র্যের সূচকও শুধু বেড়েই চলেছিল। কাজেই বৃটিশ পরবর্তী ও স্বাধীনতা পূর্ব বিশ বৎসরের অসম অর্থনৈতিক উন্নয়ন কার্য□ম ছিল বাংলাদেশের জনগণের জন্য অত্যন্ত নেতিবাচক এবং তা বাংলাদেশের স্বাধীনতা অর্জনের সুদৃঢ় পটভূমি তৈরী করেছিল।

স্বাধীনতা পরবর্তী যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশের অর্থনীতির পুনর্গঠন এবং সংস্কারের ক্ষেত্রে পূর্বের পুঁজিবাদী অসম উন্নয়ন কৌশলের পরিবর্তন ঘটে। স্বাধীনতার পর সামাজিক ন্যায়বিচার এবং সমতার বিষয়টি বিবেচনায় রেখে তৎকালীন সরকার (১৯৭২-৭৫) কর্তৃক সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গি অনুসরণ করা হয়। ইতোপূর্বে 'অন্তর্মুখী শিল্পায়ন নীতি'র মাধ্যমে সমতা পূরণে সমর্থ না হওয়ায় এই সময়ে সরকারী খাতকে গুরুত্ব দিয়ে 'পুনর্বন্টন পদ্ধতি' ('Redistribution Approach') গ্রহণ করা হয়। এতে উৎপাদন উপকরণের মালিকানা রাষ্ট্রের হাতে অর্পিত হলো। এরই অংশ হিসেবে বড় বড় শিল্প কারখানা, ব্যাংক ও বীমা প্রতিষ্ঠানগুলো রাষ্ট্রীয় নিয়ন্ত্রণে আনা হয়। কিন্তু পরিচালনাগত অদক্ষতা ও প্রযুক্তি জ্ঞানের সীমাবদ্ধতার জন্য যুদ্ধোত্তর প্রতিকূল পরিস্থিতিতে তেমন সুফল অর্জন করা সম্ভব হয় নি। ফলে সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গি অর্থনৈতিক উন্নয়ন এবং প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে তেমন ইতিবাচক প্রভাব ফেলতে পারে নি। সুতরাং এই অর্থনৈতিক দর্শনের মাধ্যমে বাস্তবে খুব বেশী সাফল্য অর্জন করা সম্ভব হয়নি।

পরবর্তীকালে রাজনৈতিক পট পরিবর্তনে ১৯৭৫ পরবর্তী সময়ে বাংলাদেশে সমাজতান্ত্রিক তথা রাষ্ট্র নিয়ন্ত্রিত উন্নয়ন কৌশলের মাঝে আস্তে আস্তে অনুপ্রবেশ ঘটে ব্যক্তি নির্ভর অর্থনীতির। এ অবস্থাকে আমরা মিশ্র অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি হিসেবে আখ্যায়িত করতে পারি। এরই ধারাবাহিকতায় পুনরায় বেসরকারীকরণের প্র□িয়াও চলতে থাকে। এ মিশ্র অর্থনৈতিক ব্যবস্থার উদ্দেশ্য ছিল বেসরকারী খাতকে গুরুত্ব দিয়ে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করা। দ্রুত উন্নয়ন এবং প্রবৃদ্ধি অর্জনের জন্য বিদেশী পুঁজিও আমদানি করা হয়। সরকারী উদ্যোগের পাশাপাশি বেসরকারী উদ্যোক্তাদের কার্য□মের ফলশ্রুতিতে সামষ্টিক অর্থনীতিতে যে দ্বৈততা দেখা দেয় তা □মেই জটিল পরিস্থিতির সৃষ্টি করে। যে উদ্দেশ্যকে সামনে রেখে অর্থনীতিতে দ্বৈততার সমাবেশ সৃষ্টি সে উদ্দেশ্য অর্জিত হয় সামান্যই। অনিয়ন্ত্রিত বৈদেশিক পুঁজির অনুপ্রবেশের ফলে সাম্রাজ্যবাদী ভাবধারায় সমৃদ্ধ ভোগবাদী অর্থনীতির বহিপ্রকাশ ঘটে। □মে □মে অর্থনৈতিক তথা আয়ের বৈষম্য পূর্বের তুলনায় বেড়ে গিয়েছে কয়েক গুণ। আর এ সময়ে উন্নয়ন তত্ত্বগুলোকেও উপস্থাপন করা হয়েছে বৈষম্যের স্বপক্ষ হিসেবে। কিন্তু যা হবার তাই হয়েছে। ব্যাপক অর্থনৈতিক বৈষম্যের কারণে দেখা দিয়েছে নানান ধরনের সামাজিক বিশৃঙ্খলা, সন্ত্রাস, রাষ্ট্রীয় পুঁজির দুর্বৃত্তায়ন, পরিবর্তন হয়েছে সমাজ কাঠামোতে। ফলে সমাজের ভিত্তি দুর্বল হয়ে পড়ল, সামাজিক ন্যায়বিচার বিলুপ্ত হলো, দারিদ্র্য মহামারীর আকার ধারণ করল। তখন Basic Need Approach গ্রহণ করা হয়েছিল। যেহেতু দারিদ্র্য কমাতে চাই, তাই দরিদ্র মানুষের মৌলিক চাহিদা যেমন- খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা, শিক্ষা ইত্যাদি পূরণ করার জন্য বিভিন্ন নীতি গ্রহণ করা হয়েছিল, যেমন- কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী, 'ভালনারেবল গ্রুপ ফান্ড' ইত্যাদি। কিন্তু বাস্তবে এ সকল কর্মসূচী ততটা ফলপ্রসূভাবে কার্যকরী হয়নি। এখানে উলেখ্য যে, ১৯৫০-এর দশকের পরে

V-AID (Village, Agriculture and Industrial Development) কর্মসূচী হাতে নেয়া হয়েছিল। ড. আখতার হামিদ খান গ্রহণ করেছিলেন 'সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচী' ('Integrated Rural Development Program-IRDP')। অবশ্য তখন 'কম্যুনিটি উন্নয়ন' ('Community Development')-এর কথাও বলা হয়েছিল। যাহোক তখন বাজার অর্থনীতির প্রভাব রাষ্ট্রে ও সমাজের মূলে মেই ভীত রচনা করে। ফলে তথাকথিত "উন্নয়ন পরিকল্পনা" বাজার নিয়ন্ত্রিত হয়ে পড়ল। বাজার নিয়ন্ত্রক তথা অর্থনৈতিকভাবে শক্তিশালী শ্রেণীর স্বার্থ সংরক্ষণই হয়ে পড়ল উন্নয়নের কার্যম। অন্যদিকে দারিদ্র সীমার নীচের পরিবারের সংখ্যাও দ্রুত গতিতে বৃদ্ধি পেতে থাকল।

অর্থনীতির এ রকম অবস্থায়ই ১৯৮০-এর দশকে দাতা গোষ্ঠী বৈদেশিক ঋণ প্রদানের সাথে সাথে দ্রুত প্রবৃদ্ধি অর্জন ও দারিদ্র্য বিমোচন কর্মসূচীর চিকিৎসাপত্র প্রদান করল বাংলাদেশের হত দরিদ্র জনগোষ্ঠীকে। আর সাথে সাথে এ দেশের একশ্রেণীর অর্থনীতিবিদগণ অগ্রপশ্চাৎ না ভেবেই তাদের সাথে সুর মেলালেন। তারা প্রবৃদ্ধির জন্য বৈদেশিক ঋণের অপরিহার্যতার প্রচারণায় নেমে পড়লেন, বিভিন্নভাবে মাথাপিছু আয়ের হিসাব, দারিদ্র্যের সীমা চিহ্নিতকরণ, দরিদ্র জনগোষ্ঠী নিরূপন ইত্যাদি গবেষণা কর্মে উঠে পড়ে লাগলেন। দাতাগোষ্ঠী উন্নয়নের নামে যে ঋণের বোঝা চাপিয়ে দিল আজ তারই ফলে বাংলাদেশের প্রতিটি শিশু প্রায় ৩৬৫ ডলারের ঋণের বোঝা মাথায় নিয়ে জন্মগ্রহণ করে (বাংলাদেশ পরিসংখ্যান পকেট বুক, ২০০২) আমৃত্যু তার জ্বালা সইতে থাকে। মুক্ত বাজার অর্থনীতি এবং বিশ্বায়নের বর্তমান সাম্রাজ্যবাদী রূপের অন্তরালে দাতাগোষ্ঠী ও উন্নত বিশ্ব অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের সহায়ক হিসেবে ঋণ গ্রহণের মাহাত্ম্য আমাদের সামনে ফুটিয়ে তোলে। অর্থনীতিবিদদের 'মাথাপিছু আয়ের' হিসাবে দারিদ্র্য রেখার মাপকাঠিতে এর উপরে এবং নীচে থাকে মানুষের অবস্থান।

বাজার অর্থনীতি সৃষ্ট ব্যাপক অর্থনৈতিক বৈষম্য দারিদ্র্যের মাত্রা বৃদ্ধি, সীমাহীন বেকারত্ব এবং তার ফলশ্রুতিতে সৃষ্ট বহুমাত্রিক সামাজিক বিশৃঙ্খলা রোধ এবং দ্রুত প্রবৃদ্ধি অর্জনের জন্য ১৯৮০-এর দশকে দাতা দেশসমূহের প্রতিনিধি হিসেবে বিশ্বব্যাংক এগিয়ে আসল 'অর্থনৈতিক পুনর্গঠণ' ('Economic Reform') বা 'কাঠামোগত সংস্কার কর্মসূচী' ('Structural Adjustment Program–SAP')-এর মত ব্যাপক নীতি নিয়ে। অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনই যার মূল মন্ত্র, যে তত্ত্ব ষাটের দশকে একবার পরিত্যক্ত হয়েছিল এবং এতে বন্টন ব্যবস্থা থেকেছে সম্পূর্ণ উপেক্ষিত। আশির দশকে উক্ত কর্মসূচীকে দ্রুত প্রবৃদ্ধি অর্জন এবং অর্থনীতির চেহারা পরিবর্তনের একমাত্র মূলমন্ত্র হিসেবে প্রচার করা হলো। "SAP আমাদের ফিরিয়ে নিচ্ছে শুধু প্রবৃদ্ধির তত্ত্বে, যে তত্ত্ব ষাটের দশকেই পরিত্যক্ত হয়েছিল। বন্টনের জন্য কোন উদ্বেগ আজকে আর এর সঙ্গে যুক্ত হচ্ছে না- এর পরিবর্তে আলাদা করে, বিচ্ছিন্নভাবে, দারিদ্র্য বিমোচনের জন্য উদ্বেগ এর পাশে রাখা হচ্ছে। আর প্রবৃদ্ধি নাকি হবে অবারিত মুক্ত বেসরকারী উদ্যোগে। SAP এখন উন্নয়নের জন্য নতুন ধন্বন্তরী বটিকা, প্রবৃদ্ধি সমস্যার মহৌষধ, জাতি-বর্ণ-ইতিহাস-ঐতিহ্য-সংস্কৃতি, রুগীর বয়স, রোগের চরিত্র এ সমস্ত প্রশ্ন নির্বিশেষে। ... নিয়তির পরিহাস অবশ্য এইখানে যে, SAP-এর প্রয়োগ আজকে অনেক দেশের জন্যই এক দশকেরও বেশী সময় ধরে হচ্ছে, কিন্তু এদের মধ্যে অধিকাংশ দেশেই প্রবৃদ্ধির অবস্থা হতাশাব্যঞ্জক- মুক্ত অর্থনীতির হাওয়ায় বেসরকারী বিনিয়োগের যে জোয়ার প্রতিশ্রুত হয়েছিল সেই জোয়ার তেমন দেখা যাচ্ছে না। আর মনে হয় অর্থনীতি এখনো এর একটি মৌল কারণ ধরতে পারেনি।" (রহমান, "উন্নয়ন অর্থনীতির সংকট", ১৯৯৮: ৭৯-৮০)। কাঠামোগত সংস্কার কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে দেশের উৎপাদন, বিনিয়োগ, কর্মসংস্থান ইত্যাদির মধ্যে কিছুটা হলেও উর্ধ্বমুখী প্রবাহ সৃষ্টি হয়েছে, সন্দেহ নেই। প্রবৃদ্ধির হার ও মাথাপিছু আয়ও কিছুটা বেড়েছে। এ ধরনের ধনাত্মক প্রভাব ঘটলেও সমাজের আয় বৈষম্যের যে ঘুন ধরেছে সে ঘুনের ঔষধ বিন্দুমাত্রও পড়েনি। বরং ঘুন পোকার পরিমাণ এতো বেড়েছে যে তা সমাজের সর্বগ্রাসী রূপ ধারণ করেছে। এই আয় বৈষম্যের সর্বগ্রাসী সমস্যা সমাধানের জন্য বর্তমানে দারিদ্র্য বিমোচনের নতুন নতুন কৌশল নিয়ে হৈ চৈ আরম্ভ হয়েছে সরকারী পর্যায়ে এবং বেসরকারী

দেশীয় ও বিদেশী এনজিওদের মধ্যে । দারিদ্র্য কিভাবে কমানো যায় এ নিয়ে সবাই ব্যতিব্যস্ত হয়েছে। এর জন্য কোন্ কৌশল অনুসরণ করা যায় সে সম্পর্কে আজও সবাই একমত হতে পারেনি। "আমাদের পেছনে আজকে চার দশকের অর্থনৈতিক উন্নয়ন ও উন্নয়ন পরিকল্পনা রয়েছে যা নিয়ে বোধ হয় খুব একটা গর্ব করতে পারি না। এই তথাকথিত উন্নয়ন সমাজকে বিভক্ত করেছে, সমাজে ধনী দরিদ্রের বৈষম্য ভয়ানকভাবে বাড়িয়ে দিয়েছে, সামাজিক ক্ষমতা স্বল্পসংখ্যক মানুষের হাতে পুঞ্জিভূত করেছে যা তাদের ব্যক্তিগত লালসাবলী চরিতার্থ করবার জন্য সমাজের সম্পদ লুণ্ঠন করে থেকে সাহায্য করেছে। ... দেশের পর দেশের ভবিষ্যতকে তথাকথিত 'উন্নয়ন সাহায্য'রূপী ঋণের ভারে বিদেশীদের কাছে বন্ধক দিয়েছে যে ভার উত্তরোত্তর বেড়েই চলেছে, সমাজের তরুনদের তাদের জীবন ও ভবিষ্যত সম্বন্ধে হতাশায় ফেলে দিয়ে সন্ত্রাস ও মাদকদ্রব্যের দিকে ঠেলে দিচ্ছে, নারী ও শিশুকে পণ্যের মত বিক্রির প্রয়াস ঘটিয়েছে।" (রহমান, "উন্নয়ন অর্থনীতির সংকট", ১৯৯৮)। তাই সময় এসেছে বিকল্প চিন্তা চেতনার। আমরা কি শুধু বাজার অর্থনীতির প্রবক্তাদের কথামত শুধুমাত্র দ্রুত প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন কৌশল অবলম্বন করবো না হাজার বৎসর ধরে উপেক্ষিত অধিকাংশ সাধারণ জনগোষ্ঠীর ন্যূনতম মৌলিক অধিকারের প্রশ্নটি সামনে রেখে বন্টন ব্যবস্থার উন্নয়নকে সাথে রাখার কৌশল অবলম্বন করবো। দেহের সমস্ত রক্ত যেমন মুখমন্ডলে না এনে মানবদেহের সর্বাঙ্গে রক্ত সঞ্চারের ব্যবস্থা করাই উচিত, তেমনি আয়ের বন্টন ব্যবস্থাও এমন করা উচিত যাতে দেশের সমস্ত মানুষই বেঁচে থাকতে পারে। এ ধরনের উন্নয়ন কৌশল নিয়েই মনে হয় এখন চিন্তা ভাবনা করা উচিত।

জাতিসংঘের আন্তর্জাতিক কৃষি উন্নয়ন ফান্ড বা ইফাদ কর্তৃক প্রকাশিত এক রিপোর্টে (দৈনিক সংবাদ, ৭ ফেব্রয়ারী, ২০০১) বলা হয়েছে যে, দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে বাংলাদেশ, ভারত, পাকিস্তান ও নেপালের আশাব্যঞ্জক ভূমিকার কথা স্বীকার করা হয়েছে। তবে ২০১৫ সালের মধ্যে গ্রামীণ দারিদ্র্য অর্ধেকে নামিয়ে আনার ব্যাপারে সন্দেহ প্রকাশ করা হয়েছে। রিপোর্টে এর জন্য কৃষি, প্রযুক্তি ও ভূমি সংস্কারের ক্ষেত্রে আরও অর্থায়নের সুপারিশ করা হয়েছে। উক্ত রিপোর্টে আরও বলা হয়েছে যে, বাংলাদেশের মত কৃষি নির্ভর দেশসমূহের উন্নয়নের প্রাথমিক স্তরেই কৃষির উপর গুরুত্ব দেওয়া হচ্ছে না। বাস্তবেও বিদেশী দাতাগোষ্ঠীর স্বার্থ সংরক্ষণ করতে গিয়ে কৃষির পরিবর্তে শিল্পের প্রতি অধিক গুরুত্ব আরোপ করায় গ্রামীণ দারিদ্র্য যেমন বৃদ্ধি পেয়েছে তেমনি বৈষম্যের মাত্রা শহর এবং গ্রাম ভেদেও বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে গ্রামীণ অর্থনীতিতে বিকল্প কর্মসংস্থান এবং অকৃষি খাতের উন্নয়ন না ঘটায় অতিরিক্ত জনশক্তির চাপে কৃষি খাতেও নাজুক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ফলে গ্রামের উদ্বৃত্ত জনশক্তি কাজের আশায় শহরমুখী হয়েছে। এ অদক্ষ জনশক্তি শহরে আসার দরুণ সৃষ্টি হয়েছে বহুমাত্রিক সামাজিক ও নৈতিক বিশৃঙ্খলা। ১৯৬৫ সালে যেখানে শহরে মানুষের সংখ্যা ছিল মাত্র ২১ মিলিয়ন সেখানে ১৯৬৬ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ৪৬ মিলিয়ন। এই বৃদ্ধি নিশ্চয়ই অর্থনৈতিক প্রবৃদ্ধির একক প্রভাবে ঠেকিয়ে রাখা যাবে না। ভাসমান জনসংখ্যা বৃদ্ধির ফলে বস্তির সংখ্যাও বৃদ্ধি পেয়েছে, হয়েছে অপরিকল্পিত নগরায়ন, পরিবেশ হারাচ্ছে প্রাকৃতিক ভারসাম্য। এ ধরনের সমস্যা সম্পদের অসম বন্টন থেকেই উদ্ভূত। সুষম বন্টন পরিস্থিতি বিরূপ রেখে কোনভাবেই উন্নয়ন সম্ভব নয়।

"গত কয়েক দশকে উন্নয়ন অর্থনীতির যাত্রাপথ বেশ কয়েকবার পরিবর্তিত হয়েছে। ধনী দেশসমূহের স্বার্থ রক্ষায় এই সকল উন্নয়ন কৌশলে বিভিন্ন সময়ে বিভিন্ন মত ও পথের সমন্বয় হয়েছে। প্রাথমিকভাবে শুধুমাত্র প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য স্থির করা হলেও পরে তার সঙ্গে বন্টনকেও যুক্ত করার চেষ্টা করা হয়। কিন্তু মুক্ত অর্থনীতির কাঠামোতে ইপ্সিত বন্টনসহ প্রবৃদ্ধির তত্ত্ব দাঁড় করানো কঠিন হয়ে পড়েছে।" (রহমান, উন্নয়ন অর্থনীতির সংকট, ১৯৯৮)। কারণ বন্টনের ক্ষেত্রে রাষ্ট্রের যথেষ্ট ভূমিকা রয়েছে যদিও মুক্ত অর্থনীতিতে এ কথাটি স্বীকৃত নয়। নয়া ক্ল্যাসিকাল মুক্ত অর্থনীতির প্রবক্তারা বন্টনের ক্ষেত্রে বাজার অর্থনীতি তথা বেসরকারী উদ্যোগকেই প্রাধান্য দেয়।

কিন্তু প্রকৃতপক্ষে বেসরকারী উদ্যোক্তাদের প্রাধান্য সমাজে বন্টন ব্যবস্থায় ব্যাপক বৈষম্য সৃষ্টি তো করেই উপরন্তু দ্রুত প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে সরকারকে সহায়ক শক্তি হিসেবেও এগিয়ে আসতে হয়।

সরকারী উদ্যোগের ক্ষেত্রে আমলাগোষ্ঠীর ভূমিকা বেশী। আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণ এবং আধিপত্য অর্থনীতির উৎপাদন ও বন্টন ব্যবস্থাকে সচল না করে বরং বিভিন্ন ধরনের জটিলতা সৃষ্টি করে। শুধু তাই নয়, বিদেশ থেকে, সাহায্যদাতা দেশসমূহ হতে 'উন্নয়ন সাহায্য' নামে যে সম্পদ আসে তার সিংহভাগই সরকারী আমলা এবং দূর্নীতিপরায়ন সরকারী কর্মকর্তাদের নিজস্ব সম্পদ সম্ভারে যুক্ত হয়ে যায়। ফলে যে অর্থ সাধারণ মানুষের উন্নয়নে ব্যয় হবার কথা ছিল তা না হয়ে উচ্চ শ্রেণী এবং তাদের স্বার্থান্বেষী চ□ের উন্নয়নের কাজেই ব্যয় হয়। সাধারণ মানুষের ভাগ্যের পরিবর্তনের বিষয়টি তাই কালের ধারায় প্রশ্নবদ্ধই থেকে যায়।

বাজার অর্থনীতিতে অবাধ প্রতিযোগিতার মাধ্যমে দেশের উৎপাদনে প্রযুক্তির বিকাশ লাভ করাই কাঙ্খিত বিষয় হওয়া উচিত। অবশ্য এর জন্য প্রয়োজন হয় সমাজের অতিরিক্ত বিনিয়োগ। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে, কাঙ্খিত অতিরিক্ত বিনিয়োগের অভাবে বাংলাদেশ আমদানী নির্ভর ভোক্তা রাষ্ট্রে পরিণত হয়েছে। এদেশে ব্যাপক মাত্রায় শিল্প উদ্যোক্তা সৃষ্টি না হয়ে উন্মেষ ঘটেছে সম্ভ্রান্ত উদ্যোগী ভোক্তা শ্রেণী যারা দেশের অর্থনীতিকে প্রস্তুত করেছে বিদেশী পণ্যের বাজার হিসেবে। ফলে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যের সাথে ফারাক থেকে গিয়েছে বাংলাদেশের আর্থ-সামাজিক বাস্তবতার। টেকসই উন্নয়নের দ্রুততর কৌশলের আবিষ্কার থেকে গেছে ধরা ছোঁয়ার বাইরে। বৈদেশিক মুদ্রা উপার্জনের প্রধান প্রধান মাধ্যম তথা চিংড়ি রপ্তানী, জনশক্তি রপ্তানী, তৈরী পোশাক খাত-এ সকলের প্রবৃদ্ধিই ম্লান হয়ে যায় পুঁজিপতি শ্রেণীর বিলাসবহুল ভোগবাদী স্বভাবের কাছে এবং তাদের অনুৎপাদনশীল বেহিসেবি খরচের কাছে। অন্যদিকে দারিদ্র্য ও অনুন্নয়নের ঘোরেই পাক খেতে থাকে এদের শতকরা প্রায় ৫০ ভাগেরও বেশী 'হত দরিদ্র' গণমানুষের বিরামহীন শ্রম। এদের কাছে উন্নয়ন ও প্রবৃদ্ধি স্বপ্ন-বিলাস মাত্র।

উপরি উক্ত আলোচনা বিশ্লেষণ করে বলা যায়, প্রথম ধারণা আংশিকভাবে সত্য যে, অধিক অসম বন্টন ধনীদের উচ্চ আয়ের দ্বারা অধিক সঞ্চয় প্রবাহ ঘটায়। কিন্তু এ ধারণা প্রমাণিত নয় যে, ধনীদের অধিক সঞ্চয় সর্বাংশে মূলধন গঠণে ব্যবহৃত হয় এবং উৎপাদনে বিনিয়োগের মাধ্যমে প্রবৃদ্ধি অর্জন ঘটায়। কারণ এ সঞ্চয় উৎপাদনশীল উদ্দেশ্যে বা মূলধন গঠণে ব্যয়িত নাও হতে পারে। ধনীরা সাধারণত বিলাস দ্রব্য এবং আমদানীকৃত দ্রব্য ভোগ করে যার ফলে মূলধন গঠণ ব্যাহত হয় এবং প্রবৃদ্ধি অর্জনের মাত্রা রহিত হয়। উদাহরণস্বরূপ, বাংলাদেশের জাতীয় আয়ে শিল্পের অবদান এখনও মাত্র প্রায় ১০%। কারণ, সকল সঞ্চিত অর্থই মূলধন গঠণে ব্যবহৃত হয় না। আবার যেহেতু দরিদ্ররা স্বল্প আয় করে সেহেতু তারা দেশীয় পণ্যদ্রব্য ও প্রয়োজনীয় ভোগ্য সামগ্রী ক্রয় করে ও ভোগ করে। আর এতে উৎপাদিত দ্রব্যসামগ্রীর চাহিদা বৃদ্ধি পায়। সুতরাং উৎপাদিত দ্রব্যসামগ্রীর চাহিদা বৃদ্ধি পেলে দেশের উৎপাদন বৃদ্ধি পাবে। ফলে এ দেশের দরিদ্র শ্রমিক শ্রেণীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এবং তাদের মজুরীর হারও বৃদ্ধি পাবে। ফলে দেশে কার্যকরী চাহিদা সৃষ্টি হবে যার সুফল সবাই ভোগ করবে।

২.২ প্রবৃদ্ধির প্রশ্নে দ্বিতীয় ধারণার বিশ্লেষণ

এখন দ্বিতীয় ধারণা– সঞ্চয় বেশী হলে প্রবৃদ্ধি বেশী হবে– এটা কতখানি সত্য বা মিথ্যা? ১৯৫০ এবং ১৯৬০ –এর দশকের অর্থনীতিবিদদের বিভিন্ন গবেষণায় (Growth Accounting) প্রবৃদ্ধির বিভিন্ন উৎসের অবদান বিশেষ করে মূলধনের পুঞ্জিভবন (Capital accumulation) এবং শ্রমশক্তি (Labor force) –এর অবদান প্রবৃদ্ধি অর্জনে কতখানি তা পরিমাপ করার চেষ্টা করা হয়েছে। তারা আবিষ্কার করলেন যে, ঐতিহাসিকভাবে মূলধন পুঞ্জিভূতকরণের খুব কমই অবদান রয়েছে উন্নত দেশসমূহের প্রবৃদ্ধিতে, বরং কারিগরি ও কৌশলগত পরিবর্তন

এবং অন্যান্য উপাদানের সমন্বিত রূপই বেশী অবদান রেখেছে। Abramovitz (১৯৫৬) এই ব্যাপক অবদান অংশকে 'অজ্ঞতার মাপকাঠি' ('Measure of our ignorance') হিসেবে চিহ্নিত করেছেন। সুতরাং চিরাচরিত পদ্ধতিতে অধিক সঞ্চয় অধিক মূলধন পুঞ্জিভূত করে এবং তা অধিক প্রবৃদ্ধি অর্জন ঘটায়– এটা সঠিক নয়। বরং বিপরীত দিক দিয়ে বলা যায়, উচ্চ প্রবৃদ্ধি উচ্চ মূলধন পুঞ্জিভবন (Capital Accumulation) ঘটায়।

বিশ্বব্যাংকের গবেষকবৃন্দ কর্তৃক প্রস্তুতকৃত পরিশোধিত পরিসংখ্যানমালা বিশ্লেষণ করে দেখা গেছে যে, গড় পড়তা জাতীয় আয় বৃদ্ধির সাথে আয়ের বৈষম্যের কোন অনিবার্য সম্পর্ক নেই। যেসব ক্ষেত্রে মাথাপিছু জাতীয় আয় অন্তত দশ বছর ধরে একটানা বৃদ্ধি পেয়েছে, তার অর্ধেক ক্ষেত্রে আয়ের বৈষম্য বৃদ্ধি পেয়েছে এবং হ্রাস পেয়েছে বাকী অর্ধেকে। অর্থাৎ জাতীয় আয় বৃদ্ধি পেলেই যে ধনী দরিদ্রের আয়ের ব্যবধান বেড়ে যাবে এমন কোন কথা নেই (ডেনিঙ্গার এবং স্কয়ার, ১৯৯৬)। বাংলাদেশের অর্থনৈতিক বাস্তবতার আলোকে তাই ক্লাসিকাল ধারণার বিপরীতে বলা যায়, বাংলাদেশে ব্যাপক অসম বন্টন বা বৈষম্য থাকলেও অর্থনৈতিক প্রবৃদ্ধি ব্যাপক হারে অর্জিত হয়নি। প্রবৃদ্ধি যা অর্জিত হয়েছে তা প্রয়োজনের তুলনায় অনেক কম হারে। সুতরাং বাংলাদেশে অসমতা প্রবৃদ্ধি নিয়ে আসেনি অথবা প্রবৃদ্ধি অসমতা নিয়ে আসে বা প্রবৃদ্ধি অসমতার পূর্বশর্ত– তা কোনভাবেই প্রমাণিত নয়।

৩.০ বাংলাদেশের জন্য কোন্ ধরণের বন্টন ব্যবস্থা উপযুক্ত এবং কেন? তাত্ত্বিক বিশ্লেষণ

সুষম না অসম বাংলাদেশের জন্য কোন্ ধরণের বন্টন ব্যবস্থা উপযুক্ত এবং কেন উপযুক্ত তা এক কথায় বলা মুশকিল। তবে অসম বন্টন ব্যবস্থা বা বৈষম্য যেহেতু সমাজে দরিদ্রদের শোষণের মাত্রা বাড়ায়, ধনীদের বিলাস–ব্যসনকে উল্লসিত করে, ধনীদের উৎপাদন ক্ষমতার অপপ্রয়োগে সহায়তা করে সেহেতু সুষম বন্টন ব্যবস্থায় বা সমতার মাধ্যমে প্রবৃদ্ধি অর্জন করা যায় কিনা, গেলেও প্রবৃদ্ধি কোন্ মাত্রায় অর্জিত হবে তা প্রশ্ন সাপেক্ষ বিষয় এবং বিশ্লেষণের দাবি রাখে।

"পূর্ব এশিয়ার দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, চীনের জয়যাত্রার কথা আজ সর্বজনবিদিত। তুলনামূলকভাবে ধনী ও দরিদ্রের পার্থক্য সেখানেও রয়েছে, কিন্তু ন্যূনতম অন্নবস্ত্রে সংকুলান না হওয়ার যে গ্লাণিকর দারিদ্র্য বাংলাদেশের মানুষকে আজও গ্রাস করছে সেই দারিদ্র্য এসব দেশে এখন আর নেই বললেই চলে।" (ওসমানী, ১৯৯৭)। আর এটা সম্ভব হয়েছে এই দেশ তিনটির সুষম বন্টন ব্যবস্থা গ্রহণ করায়। সুতরাং সমতা প্রবৃদ্ধি আনে– একথা প্রমাণিতভাবে সত্য, অর্থাৎ সমতা এবং প্রবৃদ্ধির মধ্যে একটা পরিপূরক সম্পর্ক রয়েছে । কিন্তু বাংলাদেশের প্রেক্ষিতে বিষয়টি কতখানি প্রযোজ্য? এক্ষেত্রে কয়েকটি তত্ত্বের মৌলিক দিক বিশ্লেষণের মাধ্যমে এ বিষয়ে একটি সিদ্ধান্তে উপনীত হওয়ার প্রয়াস চালানো যেতে পারে।

ভোগবাদ তত্ত্ব (Underconsumptionist Theory)

এ তত্ত্ব অনুযায়ী যোগানের তুলনায় ভোগ্য পণ্যের চাহিদা কম হয়। আর চাহিদা আয়ের সাথে সম্পর্কিত। বৈষম্যের মাত্রা যত অধিক হবে, ভোগ্য পণ্যের অতিরিক্ত যোগান বা নিম্ন ভোগ (Underconsumption) –এর সমস্যা বেশী হবে। তাই অতিরিক্ত উৎপাদিত পণ্য বাইরে রপ্তানী করে চাহিদা ও যোগানের মধ্যে ভারসাম্য বজায় রাখতে হবে। কার্ল মার্কস ও লেলিন নিম্ন ভোগবাদীদের (Underconsumptionists) ত্রুটি তুলে ধরেছেন যে, তারা শুধু ভোগ্য পণ্যকে গুরুত্ব দিয়েছেন, কিন্তু শিল্প পণ্য বা মূলধনী পণ্য (Invested goods) উপেক্ষিত। তাই মূলধনী পণ্য সহকারে সামগ্রিক চাহিদা ও যোগানের মধ্যে সমতা আনতে হবে। সুতরাং নিম্ন ভোগ প্রবৃদ্ধিকে প্রভাবিত করে। কিন্তু বাংলাদেশে ভোগ্য পণ্যের চাহিদার তুলনায় অনেকাংশেই যোগান কম, ফলে ভোগ্য পণ্য

বাইরে থেকে আমদানী করতে হয়।

কাঠামোবাদ তত্ত্বসমূহ (Structuralist Theories)

কাঠামোবাদ ১৯৬০ এবং ১৯৭০ দশকের প্রধান আলোচিত বিষয়। এ তত্ত্ব অনুসারে কোন দেশের প্রবৃদ্ধি ও বন্টন ব্যবস্থা সম্পর্কে জানতে চাইলে ঐ দেশের অর্থনীতির কাঠামোর প্রতিটি দিক যেমন– Demand composition, বাজার কাঠামো, আয়ের বন্টন, প্রযুক্তির প্রকৃতি, উৎপাদন কাঠামো ইত্যাদি জানতে হবে। কোন বিষয়ের সাধারণীকরণ করা যাবে না। বাংলাদেশের প্রেক্ষিতে বিচার করলে দেখা যাবে যে, ধনী ও দরিদ্রদের সঞ্চয় প্রবণতা (Saving propensity)–এর মধ্যে পার্থক্য রয়েছে। বাংলাদেশে ধনীদের তুলনায় দরিদ্ররা বেশী সঞ্চয় করে। কিন্তু ভোগ কাঠামো বা Consumption busket–এ উভয় গ্রুপের মধ্যে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়। এখানে ধনীরা বেশী পুঁজিঘন এবং আমদানীকৃত পণ্য ভোগ করে, পক্ষান্তরে দরিদ্ররা কম পুঁজিঘন এবং কম আমদানীকৃত পণ্য অর্থাৎ দেশীয় পণ্য ভোগ করে। সুতরাং বাংলাদেশে যদি সমতা বিরাজ করে তাহলে দরিদ্ররা আরো অধিক দেশীয় পণ্য ভোগ করবে। ফলে শিল্পে অধিক বিনিয়োগ হবে, কারণ দেশীয় পণ্যের চাহিদা তখন ব্যাপক বৃদ্ধি পাবে।

৩.৩ নির্ভরতা দর্শন বা মতবাদ (Dependency School)

বর্তমানকালের উন্নয়নশীল দেশসমূহের সম্ভাব্য প্রবৃদ্ধি ধরণ বর্ণনায় ল্যাটিন আমেরিকান ‘নির্ভরতা দর্শন বা মতবাদ’ (‘Dependency School’)–এর মূল অনুসিদ্ধান্ত (Proposition) বিশ্লেষণ করা যেতে পারে। Furtado এবং Pinto– এ দু’জন কাঠামোবাদী এ School–এর চিন্তাধারা গ্রহণ করেছিলেন। এ চিন্তাধারা অনুসারে, উন্নয়নশীল দেশসমূহে দীর্ঘস্থায়ী ভোগ্য পণ্য উৎপাদনের ক্ষেত্রে চরম সংকটপূর্ণ (Critical) নির্ভরশীল উপাদান হচ্ছে ‘ধার করা প্রযুক্তি’ যা এ সকল দেশের বাজারের জন্য উপযুক্ত নয়। এর মূল দিক হচ্ছে– আধুনিক প্রযুক্তি যা পুঁজিঘন এবং এর একটা ব্যাপক Economies of Scale রয়েছে। উন্নয়নশীল দেশসমূহে আয় বৈষম্য বেশী থাকলে ধনীদের তুলনায় দরিদ্রদের হাতে সম্পদ ও অর্থ কম থাকায় দীর্ঘস্থায়ী পণ্যের চাহিদা কম থাকবে। ফলে আধুনিক পদ্ধতিতে প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কম উৎপাদন খরচে অধিক উৎপাদন হবে এবং এটা এমন একটি মাত্রায় হবে যা উৎপাদনকারীদের জন্য লাভজনক হবে। কিন্তু আয় বৈষম্য থাকায় বাজারের আকার সীমিত হবে এবং এই সীমিত আকারের বাজারের জন্য ফার্ম দীর্ঘস্থায়ী ভোগ্য পণ্য উৎপাদন করবে। এক্ষেত্রে বাজারে চাহিদা কম থাকায় উৎপাদনকারীরা পুনরায় বিনিয়োগে অপারগ হবে। ফলে এভাবে বৈষম্য থাকায় সমাজে স্বল্প প্রবৃদ্ধি অর্জিত হবে। এক্ষেত্রে কেনসিয়ান তত্ত্ব অনুসারে কার্যকরী চাহিদা (Effective demand)–এর কথা ভাবা যেতে পারে। বাংলাদেশের প্রেক্ষিতে বলা যায়, বিনিয়োগকারীরা তাদের আয়ের প্রত্যাশা রেখেই বিনিয়োগ করবে। কারণ কেনসিয়ান তত্ত্বানুযায়ী, কার্যকরী চাহিদা সৃষ্টির ক্ষেত্রে বেশী বেশী বিনিয়োগ প্রয়োজন যা নির্ভর করে মূলধনের প্রান্তিক দক্ষতার উপর।

সুতরাং বাংলাদেশে উৎপাদিত পণ্যের বাজার থাকতে হবে। তাহলে দীর্ঘস্থায়ী বা টেকসই ভোগ্য পণ্য উৎপাদিত হবে। সেক্ষেত্রে দরিদ্র শ্রেণীর হাতে পর্যাপ্ত অর্থ না থাকলে উক্ত পণ্যের চাহিদা কম থাকবে। আর এজন্যই বাংলাদেশে আয় সমতা (Income Equality) বেশী দরকার। কারণ বাজারের উপর আয় সমতার ধনাত্মক প্রভাব রয়েছে। তাই বাজার যদি বাড়ে বা ব্যাপক হয় তাহলে ধনাত্মক প্রবৃদ্ধি অর্জিত হবে। সুতরাং এভাবে আয় সমতা আনার মাধ্যমে পুঁজিঘন প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে সীমিত বাজারের বিষয়টি কমিয়ে এনে প্রবৃদ্ধি বাড়ানো

যেতে পারে।

৩.৪ অপ্রতিসম তথ্য মডেল (The Asymmetric Information Model or, The Principal-Agent Theory)

এই মডেলটি Bowles এবং Ginits (১৯৯৪) কর্তৃক প্রবর্তিত হয়েছে। আধুনিক অর্থনৈতিক তত্ত্বের শাখা হিসেবে Principal-Agent সম্পর্কের উপর ভিত্তি করে এর উন্নয়ন করা হয়েছে। একজন জমির মালিক (Principal) যখন একজন বর্গাচাষীকে (Agent) জমি বর্গা দেয় তখন ঐ বর্গাচাষীর আচরণ বা তার চাষ পদ্ধতি সম্পর্কে পুরোপুরি তথ্য থাকে না বা তার পক্ষে পূর্ব থেকেই তা সব সময় জানা সম্ভব হয় না। আর চাষ পদ্ধতি সম্পর্কে এই অপ্রতিসম তথ্যের (Asymmetric Information) কারণেই নৈতিক বিপর্যয় (Moral Hazard) দেখা দেয়। জমিতে উৎপাদনের উদ্দেশ্যে জমির মালিক (Principal) এবং বর্গাচাষী (Agent)–এর মধ্যে একটি চুক্তিবদ্ধ সম্পর্ক (Contractual Agreement) হয়। তাই জমির মালিক সব সময় চেষ্টা করবে যাতে এ নৈতিক বিপর্যয় কমে যায়। প্রকৃতপক্ষে তথ্যেরও একটা ব্যয় (Cost) আছে। তাই উৎপাদনশীলতা বৃদ্ধি তথা প্রবৃদ্ধি অর্জনের জন্য চুক্তি (Contract) এমনভাবে হবে যেন তা নৈতিক বিপর্যয় কমায় এবং সম্পাদিত চুক্তিটি যেন উৎসাহব্যঞ্জক উপযুক্ত চুক্তি (Incentive compatible contract) হয়। এক্ষেত্রে প্রান্তিক বা অতিরিক্ত উৎপাদন পাবার অধিকার (Right to Residual) তারই হবে যার উপর উৎপাদনশীলতা বাড়া বা কমা নির্ভর করে। আবার কোন ফার্মের অতিরিক্ত উৎপাদনের মালিকানা থাকতে হবে। বর্গাচাষী যেহেতু প্রত্যক্ষ উৎপাদনে অংশ নেয় তাই অতিরিক্ত উৎপাদন অংশ সে পেলে এবং এর মালিকানা অর্জিত হলে উৎপাদনশীলতা বাড়বে। ফলে প্রবৃদ্ধি অর্জিত হবে।

বাংলাদেশে বিদ্যমান বাজার কাঠামো অনুযায়ী বলা যায়, এদেশে সম্পদের মালিকানার যে হস্তান্তর হয় তা সম্পূর্ণ বৈষম্যমূলক হস্তান্তর। যেমন– বাংলাদেশে জমি, পুঁজি এবং ঋণের বাজারে সম হস্তান্তর হচ্ছে না। সুতরাং বিদ্যমান বাজারের দ্বারা এই সম হস্তান্তর করা সম্ভব নয় বিধায় সম বন্টনও সম্ভব নয়। বাংলাদেশে যদি ধনীদের থেকে দরিদ্রদের কাছে মালিকানা হস্তান্তর করা যায় তাহলে সমতা বাড়বে এবং উৎপাদনশীলতাও বাড়বে অর্থাৎ প্রবৃদ্ধিও অর্জিত হবে। বিশেষ করে বাংলাদেশে জমি বন্টনের ক্ষেত্রে যে অসম হস্তান্তর এবং অসম বন্টন রয়েছে এ দেশের বিদ্যমান সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে তা পরিবর্তন করে প্রকৃতভাবে সুষম বন্টন সম্ভব হচ্ছে না, ফলে দ্রুতলয়ের প্রবৃদ্ধি অর্জনও ত্বরান্বিত হচ্ছে না। তবে "বাংলাদেশের বর্তমান সামাজিক ও রাজনৈতিক অবস্থায় ব্যাপক ভূমি সংস্কার করে জমির পুনঃ ও সুষম বন্টনের মাধ্যমে সামাজিক পরিবর্তন ঘটিয়ে দারিদ্র্য বিমোচনের প্রচেষ্টা গ্রহণ হবে অনেকাংশেই বিশৃঙ্খলার নামান্তর।" (আরিফ, ১৪ অক্টোবর, ২০০১)। সুতরাং এক্ষেত্রে সরকারের সুষ্ঠু ও ন্যায়সঙ্গত হস্তক্ষেপ দরকার এবং সরকারকে প্রয়োজনীয় ও পরিকল্পিত পদক্ষেপ এমনভাবে নিতে হবে যাতে সম্পদের সুষম হস্তান্তর এবং সুষম বন্টন হয়।

৩.৫ আন্তঃ প্রবৃদ্ধি তত্ত্ব (Endogenous Growth Theory)

১৯৫০-এর দশকে Solow (১৯৫৬) বিখ্যাত নয়া ক্লাসিকাল প্রবৃদ্ধি মডেল উপস্থাপন করেন যা এক ধরনের 'আন্তঃ প্রবৃদ্ধি মডেল' ('Endogenous Growth Model')। এ মডেল অনুযায়ী মহ্রাসমান প্রান্তিক উৎপাদনের কারণে মূলধন পুঞ্জিভূতকরণ যতই হোকনা কেন একটি নির্দিষ্ট স্তরের পর প্রবৃদ্ধি আর অর্জিত হবে না, যদি নতুন কোন প্রযুক্তির প্রয়োগ না হয়। এক্ষেত্রে নতুন মানবীয় মূলধন পুঞ্জিভূত করা হলে সমাজের জন্য নতুন পরিবর্তনের হার (Return to Scale) হবে। আবার কোন বিশেষ ফার্মের উৎপাদনের ক্ষেত্রে মহ্রাসমান

প্রান্তিক উৎপাদন হতে পারে, কিন্তু ঐ একই সময়ে বাইরের অর্থাৎ সমাজের লোকজন উপকৃত হয়।

এখন দেখা যাক, সমতার সাথে এর সম্পর্ক কোথায়? আয়ের বন্টন যদি অসম হয় তাহলে অল্প পরিমাণ মানবীয় মূলধন অর্জন করতে পারবে। বাংলাদেশের সমাজে যদি পূর্বের তুলনায় বেশী সাম্য অবস্থা বিরাজ করত তাহলে বেশী মানবীয় মূলধন অর্জিত হত এবং এর ফলে দক্ষতাও বেশী হত। বাংলাদেশে জনসংখ্যা বেশী কিন্তু সে তুলনায় জনশক্তির দক্ষতা কম, দক্ষতা বাড়াতে পারলে প্রবৃদ্ধি বেশী অর্জিত হত। তাই শিল্পায়নের দ্রুত অগ্রগতির জন্য অধিক সাম্যবাদী সমাজের খুবই প্রয়োজন। উদাহরণ হিসেবে আমরা পূর্ব এশিয়ার দেশ জাপান ও দক্ষিণ কোরিয়ার কথা বলতে পারি। জাপান 'মেইজী পুনরুত্থানের' মাধ্যমে সুষম বন্টন নিশ্চিত করেছে। অন্যদিকে দক্ষিণ কোরিয়া ভূমি সংস্কারের মাধ্যমে দ্রুতলয়ের প্রবৃদ্ধি অর্জন নিশ্চিত করেছে।

অতএব বলা যায়, 'প্রবৃদ্ধির সাথে সমতার সম্পর্ক বিপরীত'– এটা সত্য নয়। তবে এ নিয়ে এখনো বেশ গবেষণা চলছে। তাই এখন আমরা বলতে পারি, বিভিন্ন জায়গা থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রমাণ পাওয়া যায় যে, আয়ের সমতা প্রবৃদ্ধি নিয়ে আসে অর্থাৎ 'Income equality promotes growth'। আর এর ফলশ্রুতিতে বলা যায় যে, সমতা ও প্রবৃদ্ধির মধ্যে তেমন দ্বন্দ্ব নেই। তবে বিশেষ করে, খুব দরিদ্র একটা দেশে যেখানে উদ্যোক্তা উন্নয়ন হয় না, যেখানে দারিদ্র্য ভাগ করার তথা অংশীদরিত্বের সুযোগ নেই, সেখানে সমতা প্রবৃদ্ধি বয়ে আনবে না। তাই বাস্তব অবস্থায় (Objective Condition) বন্টনকে মিলিয়ে দেখতে হবে, কোন গোঁড়া দৃষ্টিভঙ্গি (Dogmatic View) গ্রহণযোগ্য নয়। বাংলাদেশে উদ্যোক্তা উন্নয়নের মাত্রা আশাব্যঞ্জক নয়। তাছাড়া বাংলাদেশে বিদ্যমান বর্তমান সামাজিক ও রাজনৈতিক কাঠামোয় আয় ও সম্পদের সম বন্টন নিশ্চিত করা সম্ভবপর নয় এবং এ অবস্থার উন্নয়ন সাধনও খুব দ্রুত আশা করা অনুচিত বরং এটা সুদূর প্রসারী বিষয়। সুতরাং বর্তমান সামাজিক ও রাজনৈতিক কাঠামোয় বাংলাদেশে অসমতা এত বেশী যে এখন অসমতা যতটা কমিয়ে প্রবৃদ্ধি অর্জন করা যায় ততটাই দেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নতির জন্য মঙ্গলজনক। তবে সুষম ও অসম বন্টনের মধ্যে যেটি মানবীয় দৃষ্টিতে শুভ সেটিই গ্রহণযোগ্য হওয়া উচিত। আর এই দৃষ্টিকোণ থেকে বাস্তবিক অর্থে সুষম বন্টনের একটি মানবিক দিক রয়েছে।

পুরুষের পাশাপাশি নারী গোষ্ঠী মানব সম্পদের একটি গুরুত্বপূর্ণ দিক। অর্থনৈতিক ও সামাজিক দিক দিয়ে বাংলাদেশে নারীরা দীর্ঘদিন ধরে অবহেলিত ও বঞ্চিত। এ দেশের দরিদ্র ও হত দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে নারীদের অংশই সর্বাধিক। তাই এ দেশের উন্নয়নের জন্য নারীর ক্ষমতায়ন আজ খুবই জরুরী। নারীকে উন্নয়নের 'নিষ্ক্রিয় অংশীদার' ('Passive Receipients') নয় বরং উন্নয়নের স্বার্থেই পূর্ণাঙ্গ মানুষ হিসেবে 'সক্রিয় অংশীদার' ('Active Receipients') বলে বিবেচনা করতে হবে (সেন, ১৯৯৯)। উদাহরণস্বরূপ, বাংলাদেশের জাতীয় আয়ে তৈরী পোষাক শিল্পে কর্মরত দরিদ্র ও অবহেলিত বিপুল নারী শ্রমিক সক্রিয় অবদান রেখে আসছে। তাছাড়া দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে দরিদ্রদের জন্য সক্রিয় সামাজিক নীতি গ্রহণ, বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক অধিকার গ্রহণের সুযোগ দান, সমাজের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠা ইত্যাদি কর্মসূচী গ্রহণের মাধ্যমে দারিদ্র্যের বহুমাত্রিককতা হ্রাস করতে হবে (আরিফ, ২১ অক্টোবর, ২০০১)। তাই বলা যায়, "দরিদ্র জনগণকে, দেশের সাক্ষাৎ উৎপাদক শ্রেণীকে দেশের প্রধান গ্রোথ এজেন্ট করবার জন্য কৌশল উদ্ভাবনে, এবং এ সম্বন্ধে সমাজ সচেতনতা সৃষ্টিতে অবদান রাখতে সমাজ কল্যাণকামী অর্থনীতিবিদদের এগিয়ে আসার এখনই সময়।" (রহমান, ১৯৯৭: ৩৭)। সুষম বন্টনের স্বার্থে সামাজিক ন্যায়বিচার অত্যন্ত জরুরী। অর্থনীতিবিদ রহমান (১৯৯৮: ১২৫) তার "সামাজিক ন্যায়বিচারসহ প্রবৃদ্ধি ও দারিদ্র্য বিমোচন" শীর্ষক প্রবন্ধে বলেছেন- "সামাজিক ন্যায়বিচারসহ প্রবৃদ্ধি সমাজের বিভিন্ন শ্রেণীর ভাগ্যোন্নতির একটি তুলনামূলক প্রশ্ন। এর ন্যূনতম শর্ত দরিদ্র শ্রেণী থেকে ধনী শ্রেণীর কাছে সম্পদ হস্তান্তর হয়ে এভাবে দরিদ্র শ্রেণীকে তার ন্যায্য প্রবৃদ্ধি থেকে বঞ্চিত করে ধনী শ্রেণীর প্রবৃদ্ধি বাড়াবার সমস্ত প্রক্রিয়া

বন্ধ করা। অতীতে এরকম অন্যায় হয়ে থাকলে তারও প্রতিকার, অর্থাৎ ধনী শ্রেণী থেকে দরিদ্র শ্রেণীর কাছে সম্পদ হস্তান্তর (Reverse transfer of resources)ও দাবি করা ন্যায্য। এছাড়া দরিদ্র শ্রেণীর আয় ধনী শ্রেণীর আয়ের চাইতে বেশি দ্রুত হারে বাড়া প্রয়োজন এটি কল্যাণ অর্থনীতির একেবারে গোড়ার কথা।" অর্থনীতিবিদ সেন (১৯৯২) নৈতিক দর্শনের প্রায় সকল ব্যবস্থায় কাঙ্খিত লক্ষ্য হিসেবে সমতার পক্ষে জোরালো বক্তব্য রেখেছেন। তাই বাস্তবভিত্তিক দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে বাংলাদেশের বর্তমান সামাজিক ও রাজনৈতিক কাঠামোয় ইতিবাচক পরিবর্তন আনা সম্ভব হলে এবং দেশে আইনের সুশাসন ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা করা সম্ভব হলে ধনী শ্রেণী থেকে দরিদ্র শ্রেণীর নিকট আয় ও সম্পদ হস্তান্তর করার সুযোগ সৃষ্টি হবে। ফলে সম বন্টন ব্যবস্থায় আস্তে আস্তে দারিদ্র্যের মাত্রা হ্রাস পাবে এবং প্রবৃদ্ধির হারের যে উন্নতি ঘটবে তার সুফল সমাজের সকল শ্রেণীর মানুষ ভোগ করবে। এজন্য সরকার ও রাজনীতিবিদদেরকে একত্রিত হয়ে কাঁধে কাঁধ মিলিয়ে দেশের আপামর জনসাধারণের প্রয়োজন যথাযথভাবে অনুধাবন করে টেকসই উন্নয়নের পন্থা নির্দেশ করে তা বাস্তবায়নের মাধ্যমে এবং সুষম বন্টন ব্যবস্থা গ্রহণের মাধ্যমে প্রবৃদ্ধির হারকে ত্বরান্বিত করতে হবে। এতে ধনী শ্রেণী আপাত দৃষ্টিতে ক্ষতিগ্রস্ত হলেও সমাজের দরিদ্র শ্রেণীর দারিদ্র্য বিমোচন তথা সার্বিক উন্নয়নের স্বার্থে বাংলাদেশে সম্পদের অসম বন্টন ব্যবস্থার পরিবর্তে সুষম বন্টনের মাধ্যমে প্রবৃদ্ধি অর্জনের দিকে জোরারোপ করা প্রয়োজন।

৪.০ উপসংহার

সুতরাং সমাজের আয় ও সম্পদের অসম বন্টন ব্যবস্থার মাধ্যমে প্রবৃদ্ধিমুখী নীতির প্রতি তাড়িত হবার আজকের যে প্রবণতা সর্বত্র বিরাজমান তাকে সংযত করা প্রয়োজন। তবে এর অর্থ এই নয় যে, প্রবৃদ্ধিকে উপেক্ষা করতে হবে বা প্রবৃদ্ধি অর্জনের প্রতি বিরূপ মনোভাব পোষণ করতে হবে, যা ষাট ও সত্তরের দশকে প্রায়ই করা হত-দারিদ্র্য বিমোচন তথা সুষম বন্টনের স্বার্থেই প্রবৃদ্ধির প্রতি গুরুত্বারোপ করতে হবে। সমতার সাথে প্রবৃদ্ধির দ্বন্দ্ব নয় বরং সমতার মাধ্যমে প্রবৃদ্ধি অর্জিত হলে বাংলাদেশের আয়তন ও সম্পদের তুলনায় বিপুল পরিমাণ জনগোষ্ঠী জনসম্পদে রূপান্তরিত হবে এবং এই জনগোষ্ঠীর পারস্পরিক সম্পর্ক ও আত্মিক ভ্রাতৃত্ববোধের ফলে দেশের সামাজিক পুঁজি (Social Capital)-এর বৃদ্ধি ঘটবে। তাই সামাজিক ন্যায়নীতিবোধসম্পন্ন উন্নয়ন চিন্তা সমাজের সর্বস্তরে জাগ্রত করা প্রয়োজন। কিভাবে দরিদ্রদের নিকট থেকে সম্পদ ধনীদের নিকট হস্তান্তর বন্ধ করা যায় এবং জনগণের দিকে আরও সম্পদ যাতে আসতে পারে সেদিকে লক্ষ রাখা অর্থনীতিবিদ ও রাষ্ট্রযন্ত্রের সকল নীতিনির্ধারকের একান্ত কর্তব্য হওয়া উচিত। ধনীদের আয় ও সম্পদের বৃদ্ধির হারের চেয়ে দরিদ্রদের আয় ও সম্পদের বৃদ্ধির হার কিভাবে বেশি হতে পারে সেই উন্নয়ন কৌশল অনুসন্ধান এবং তা বাস্তবায়ন এখন যে সাম্রাজ্যবাদী ও আধিপত্যবাদী আভ্যন্তরীণ ও আন্তর্জাতিক শক্তি দ্বারা নিস্পেষিত, দারিদ্র্যপীড়িত সাধারণ গণমানুষের বর্তমান সময়ের একান্ত দাবি তা আর বলার অপেক্ষা রাখে না।

নির্দেশিকা

1. Abramovitz, Moses, "Resources and Output Trends in the United States Since 1870", American Economic Review, Vol. 46, May 1956, pp. 5-23.

২. আরিফ, মোঃ জহির উদ্দিন, "বাংলাদেশের দারিদ্র্যের বহুমাত্রিকতা এবং দারিদ্র্য বিমোচন কৌশল", অর্থনীতির পাতা, দৈনিক সংবাদ, ১৪ অক্টোবর, ২০০১, পৃঃ ৮।

৩. আরিফ, মোঃ জহির উদ্দিন, 'বাংলাদেশের দারিদ্র্যের বহুমাত্রিকতা এবং দারিদ্র্য বিমোচন কৌশল', অর্থনীতির পাতা, দৈনিক সংবাদ, ২১ অক্টোবর, ২০০১, পৃঃ ৮।

৪. বাংলাদেশ পরিসংখ্যান পকেট বুক, ২০০২।

5. Bowles, S. and Ginits, H., "Escaping the Efficiency-Equity Trade-off: Productivity-Enhancing Asset Redistributions", in G. Epstein and H. Ginits (eds.), Macroeconomic Policy after the Conservative Era, Cambridge University Press, Cambridge, UK, 1994.

6. Deininger, K. and Squire, L., "New Ways of Looking at old Issues: Inequality and Growth" (Mimeo.), World Bank: Washington, D. C., 1996.

৭. দৈনিক সংবাদ, ৭ ফেব্রুয়ারী, ২০০১।

8. Furtado, C., "Development and Stagnation in Latin America: A structuralist Approach", Studies in Comparative International Development, Vol. 1, 1965, pp. 159-175.

9. Kuznets, S., "Economic Growth and Income Equality", American Economic Review, Vol. 45, 1955, pp. 1-28.

10. Osmani, S. R., "Is Income Equality Good For Growth?", in Abdullah, Abu and khan, Azizur Rahman (eds.), State, Market and Development, Essays in Honour of Rehman Sobhan, University Press Ltd., 1996, pp. 33-64.

১১. **ওসমানী, সিদ্দিকুর রহমান**, "অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দারিদ্র্য, মোচনঃ এদের সম্পর্কের স্বরূপ নিয়ে কিছু ভাবনা," **রহমান, রুশিদান ইসলাম** (সম্পাদিত), "দারিদ্র্য ও উন্নয়নঃ প্রেক্ষাপট বাংলাদেশ", বিআইডিএস, ঢাকা, অক্টোবর ১৯৯৭, পৃ. ১৩–২৯ ।

12. **রহমান, মোঃ আনিসুর**, "উন্নয়ন-অর্থনীতির সংকট", মুক্তিযুদ্ধোত্তর বাংলাদেশ অর্থনীতি ও গণতন্ত্রের সংকট, নওরোজ কিতাবিস্তান, ১৯৯৮, পৃ. ৭৬–৮৭ ।

১৩. **রহমান, মোঃ আনিসুর**, "সামাজিক ন্যায়বিচারসহ প্রবৃদ্ধি ও দারিদ্র্য বিমোচন", মুক্তিযুদ্ধোত্তর বাংলাদেশঃ অর্থনীতি ও গণতন্ত্রের সংকট, নওরোজ কিতাবিস্তান, ১৯৯৮, পৃ. ১২৪–১২৯ ।

১৪. **রহমান, মোঃ আনিসুর**, "দারিদ্র্য গণনা, দারিদ্র্য বিমোচন এবং সামাজিক ন্যায়বিচারসহ প্রবৃদ্ধি", **রহমান, রুশিদান ইসলাম** (সম্পাদিত), "দারিদ্র্য ও উন্নয়নঃ প্রেক্ষাপট বাংলাদেশ", বিআইডিএস, ঢাকা, অক্টোবর ১৯৯৭, পৃ. ৩০–৩৮ ।

15. Sen, Amartya, "Women's Agency and Social Change", Development As Freedom, Oxford University Press, New Delhi, 1999, pp. 189-203.

16. Sen, A. K., *Inequality Reexamined*, Clarendon Press, Oxford, 1992.

17. Solow, R. M., "A Contribution to the Theory of Economic Growth", Quarterly Journal of Economics, Vol. 70, 1956, pp. 65-94.

18. Statistical Year Book, Bangladesh Bureau of Statistics, 2001.

19. The World Bank, "Bangladesh: From Counting the Poor to Making the Poor Count", World Bank: South Asia Region, 1998.

২০. **ঠাকুর, রবীন্দ্রনাথ**, "সমবায় নীতি", রবীন্দ্র রচনাবলী, চতুর্দশ খন্ড, বিশ্বভারতী, বাংলা ১৩৯৮; পৃ. ৩২৯–৩৩০ ।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

The Global Financial Crisis: Challenges and Opportunities for the Bangladesh Economy

Muhammad Mahboob Ali*
Anisul M. Islam

Abstract

Global cooperation is an important ingredient where domestic (real, monetary) and external sectors interact to complement each other for strengthening macroeconomic performance. The current massive global crisis, already being dubbed by some as the Great Recession since the Great Depression of the 1930s, began since the end of 2007 with the sub-prime mortgage crisis in the U.S. and it subsequently and quickly started to spread to other nations since the beginning of 2008. Bangladesh, being an integral part of the global economy, could potentially be facing some adverse impacts of the crisis. Definitely the current massive global financial turmoil has created some major set backs not only for the developed nations but also for the developing countries like Bangladesh. However, if competitiveness, capacity building, business and economic policy formulation and implementation can be done properly, the adverse impact of the crisis can be minimized or mitigated and some potential opportunities could be explored. The study has been undertaken to examine whether and to what extent Bangladesh economy is integrated with the global economy, particularly with the US economy (the country's largest trading partner) and will

* Professor, School of Business and Economics, Atish Dipankar University of Science and Technology, Dhaka, Bangladesh, Phone: 8801911394704, Email: pipulbd@gmail.com

The impact of the global economic and financial turmoil drove FDI to ***Latin America and the Caribbean*** down to $117 billion – a 36 per cent decline from the

2008 level (table 2). Although Brazil, with a 42 per cent contraction in inward investment, was more affected than the region as a whole, it remained the largest FDI recipient.

Brazil and Mexico remain popular investment destinations, according to investor surveys. Brazil's outward FDI swung to a negative $10 billion, due to a surge in intra-company loans from Brazilian affiliates abroad to their parent companies. This resulted in a 42 per cent decline in the region's outward investment.

After an eight-year upward trend, FDI inflows to ***South-East Europe and the Commonwealth of Independent States (CIS)*** shrank to $69.9 billion, a 43 per cent decline from 2008.

FDI flows to ***developed countries*** suffered the worst decline of all regions, contracting by 44 per cent to $566 billion.

FDI flows to the 49 ***least developed countries (LDCs)*** declined by 14 per cent to $28 billion. The impact of lower inward investment is particularly serious for this group of countries, as the high ratio of FDI to their gross fixed capital formation (24 per cent in 2009) suggests that it is a major contributor to capital formation.

UNCTAD estimates that global FDI flows will slightly recover to reach over $1.2 trillion in 2010, before picking up further to $1.3–1.5 trillion in 2011. Only in 2012 is FDI expected to regain its pre-crisis level, with a range estimated at $1.6–2 trillion. The gradual improvement of macroeconomic conditions, corporate profits and stock market valuations observed in early 2010 is expected to continue, supporting renewed business confidence. After a contraction of 2 per cent in 2009, the global economy is projected to grow by 3 per cent in 2010.

UNCTAD's World Investment Prospects Survey 2010–2012 indicates renewed business optimism over the medium term. TNCs' intentions to pursue foreign expansion are stronger for 2011 and 2012. The recovery of FDI is likely to be led by cross-border M&As.

FDI and Facts about in Bangladesh

FDI is believed to have played a minor role in the economy of Bangladesh until 1980, a crucial year of policy change. The Government of Bangladesh (GOB) enacted the 'Foreign Investment Promotion and Protection Act, 1980' in an attempt to attract FDI. Except five industries, which are reserved for the public sector: defense equipment and machinery, nuclear energy, forestry in the reserved forest area, security printing and minting, and railways, FDI is welcome in every sector of the economy.

As a developing country, Bangladesh needs FDI for its ongoing development process. Since independence, Bangladesh is trying to be a suitable location for FDI. Special zones have been set up and lucrative incentive packages have been provided to attract FDI. However, the total inflows of FDI have been increasing over the years yet constitute a minor component in the total development scenario. In 1972, annual FDI inflow was 0.090 million USD, and after 33 years, in 2005 annual FDI came to 845.30 million USD and to 989 million USD in 2006.This was 900 million USD in 2009 from USD 769 million in 2008 and 793 million USD in 2007.

The actual FDI Inflow statistics are collected and complied by Bangladesh Bank through half-yearly Enterprise Survey. Table-1 presents the recent trend in FDI inflow reproduced from Bangladesh Economic Review 2009.

Analysis of data indicates that equity is the major component of FDI followed by reinvestment and intra- company borrowing.

To identify the actual status of the projects registered with BOI, an implementation survey was undertaken by BOI under World Bank funded ISBBPB Project which was completed in June 2009. The survey conducted on 12,665 projects, revealed that around 60 percent of the registered projects were implemented/ under implementation stage and about 4 percent projects were closed due to various reasons. This projects a good local investment climate.

Table-5



Graph 14.3 : Recent Trend in FDI Inflow in Bangladesh (In Million US$)

Source: Enterprise Survey, Bangladesh Bank and Major Economic Indicators: Monthly Update, June 2009 Bangladesh Bank.* Estimated

In relation to the private investment as GDP percentage in Bangladesh almost 81 percent of total investment in Bangladesh is contributed by the private sector. In the FY 2008-09, the total private investment was Tk. 1,20,200 crore which is 14.4 percent higher than FY 2007-08. Besides, the private investment stood at the 19.6 percent of GDP in FY 2008-09. Private investments were Tk.136,285 Cr in FY

Table 6 : Actual FDI Inflow in Bangladesh by Components (US$ Million)

Components	2001-02	2002-03	2003-04	2004-05	2005-06	2006-07	2007-08	2008-09
Equity	230.1	164.0	111.2	261.14	447.22	464.50	545.69	-
Reinvestment	84.8	164.9	161.4	297.11	198.64	281.01	197.71	-
Intra-Company Borrowing	78.9	50.3	11.5	145.53	98.75	47.25	25.29	-
Total	393.8	379.2	284.1	803.74	744.61	792.75	768.69	

2009-2010 accounting for GDP's 19.74%.A trend to FY 2009 in total private investment is shown in Table-3.

The Doing Business 2009 report published by the World Bank and IFC ranked Bangladesh 110the in the Ease of Doing Business. Global Rank among 181 economies as shown in Table- 4. However, Bangladesh was ranked 18th in terms of protecting investors. Besides, the country was also ranked 59th in getting credit and 90th in starting a business and paying taxes. Rankings in other regards are also in the up trend consistently.

Considering a competitively better and advantageous position of Bangladesh during current global economic crisis, a number of entrepreneurs from Far East ASEAN, EU, North America and other Asian countries have been showing their interest to invest in Bangladesh. The Government and the Board of Investment

Table :7



have been undertaking necessary initiatives for investment facilitation and aftercare services and improvement of the investment and business climate of the country.

Bangladesh Better Business Forum (BBBF) has been proactively, promoting means to minimise hurdles & hassles for faced by investors in Bangladesh. To facilitate dialogues between the public and private sectors of Bangladesh with a

Table : 8



view to achieve sustainable economic growth upholding and investment and business- friendly environment in the context of the global and local economic and business climate a 41- member BBBF was constituted by the government on November 25, 2007. BBBF activities are conducted at four (04) organizational levels as follows:

- The BBBF (main forum)
- Thematic Working Group
- Executive Committee
- BBBF Secretariat

As per decision of the BBBF, the following five (05) thematic area-based working groups were constituted:

- Business finance
- Infrastructure
- Macro Economic Policy
- Business Entry & Operation
- Skills Development

Generally, investment process starts with registration which is implemented after necessary feasibility analysis. In FY 1995-96, a total of 1338 projects involving an amount of Tk.11,097 crore was registered with BOI which grew to 1,468 projects in FY 2008-09 with a total proposed investment of Tk. 31,867 crore. Table presents annual statistics on the projects registered with BOI since FY 1995-96.

The total FDI was US$ only 845 billions in 2005. Vis-à-vis this Private Investment Project in 2005 was for Tk. 2033 crores which was about 3,177 billion dollars. It is to be noted that real value of US$ has now been depleting significantly against other lead currencies. So the FDI in US$ is now actually worth much less than before. It is a fact that FDI do pour in to Bangladesh and all destinations due to profitability. However, governance & monitoring of FDI by our governments for economic development & upbringing could not as yet been simultaneously ensured. It is quantitatively very insignificant compared to our need for annual employment needs of 2.7 millions and huge local recurrent investments which needs no mention.

Table 9 : Private Investment Proposals Registered

Fiscal Year	Proposals Registered		Investment Proposals Registered		Registered		Project value (%)
	Projects	Project Value	Projects	Project Value	Projects	Project Value	
1995-96	1,211	4,836	127	6,261	1,338	11,097	76.1
1996-97	1,247	4,746	138	4,515	1,385	9,261	-16.5
1997-98	1,448	5,061	140	15,308	1,588	20,368	119.9
1998-99	1,535	5,677	161	9,243	1,696	14,920	-26.8
1999-2000	1,428	6,621	135	10,594	1,563	17,215	15.4
2000-01	1,788	7,809	80	6,993	1,868	14,802	-14.0
2001-02	2,875	8,806	89	1,734	2,964	10,540	-28.8
2002-03	2,101	11,653	104	2,067	2,205	13,720	30.2
2003-04	1,624	13,546	130	2,644	1,754	16,190	18.0
2004-05	1,469	14,005	120	5,298	1,589	19,302	19.2
2005-06	1,754	18,370	135	24,986	1,889	43,356	125
2006-07	1,930	19,658	191	11,925	2,121	31,583	(-27)
2007-08	1,615	19,553	143	5,433	1,758	24,986	(-21)
2008-09	1,336	17,117	132	14,750	1,468	31,867	27.5

Table 10 : Number of Industries, Investment, Export and Employment of

Name of EPZs	Number of Industries		Investment (million US$)	Export (million US$)	Employment (Nos)
	Operational	Implementation			
Chittagong	146	38	715.12	10,178.38	1,38,612
Dhaka	97	23	649.17	8,231.73	71,459
Comilla	21	22	79.87	323.14	7,712
Mongla	08	08	4.37	39.30	253
Uttara	04	01	3.06	0.41	1,945
Ishwardi	05	20	16.27	7.86	1,537
Adamjee	08	39	66.46	84.92	7,772
Karnaphuli	11	61	48.15	48.99	5,403
Total	**300**	**212**	**1582.47**	**18914.74**	**2,34,693**

Table 11 : EPZ wise Investment and Export

EPZs		2000-01	2001-02	2002-03	2003-04	2004-05	2005-06	2006-07	2007-08	2008-09
Dhaka	Investment	24.05	32.01	59.14	49.36	51.35	61.57	87.64	110.34	30.39
	Export	447.51	466.76	554.79	667.60	757.73	918.30	1033.03	1146.50	1190.36
	Investment	24.30	22.37	42.14	55.43	45.31	35.95	32.62	126.46	47.22
	Export	620.35	680.70	641.28	679.01	772.39	873.03	971.54	1117.17	1188.15
Mongla	Investment	0.04	0.43	0.11	0.80	1.49	0.00	0.43	2.03	0.96
	Export	0.00	1.55	3.00	3.11	7.83	7.09	1.31	8.26	7.06
Comilla	Investment	0.00	0.64	1.05	9.03	19.01	10.62	21.02	9.72	8.20
	Export	0.00	0.01	0.20	4.10	9.66	34.99	46.01	131.38	95.85
Uttara	Investment	0.00	0.16	0.00	0.42	0.72	0.00	1.24	0.15	0.17
	Export	0.00	0.00	0.50	0.00	0.00	0.00	0.08	0.095	0.24
	Investment	0.00	0.01	0.00	0.00	0.05	0.76	0.00	1.43	14.04
	Export	0.00	0.00	0.00	0.00	1.09	2.54	2.23	1.21	0.79
	Investment	0.00	0.00	0.00	0.00	0.00	4.00	7.68	33.71	21.07
	Export	0.00	0.00	0.00	0.00	0.00	0.23	9.47	15.10	60.13
naphuli	Investment	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	1.91	18.34	27.90
	Export	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	9.86	39.13
Total	Investment	48.39	55.62	103.14	115.04	117.93	112.90	152.54	302.19	148.03
	Export	1067.86	1149.02	1200.22	1350.82	1548.70	1836.18	2063.67	2429.58	2581.71

The popular belief of FDI to succeed in development financing is more a rhetoric than from world experience. Even such experience would not always be replicated elsewhere with the same outcome. This is because circumstances of those days & the recurrent developing world perspective are different. In those days agricultural produces in developing countries were imported by industries in currently developed world at lower than just prices. In other words, poor economies as they term us, supported their development where as they claim themselves as classified development part like G-8.etc. That is not the end in itself. When the final products are sold / exported they used to charge high prices on it keeping safe profit margin for their countries. Moreover, they commonly did over invoicing in prices for export to poor economies However, the recurrent practice of transfer pricing and thereby huge plundering of capital in disguise of FDI is not unknown to us either.

Recurrent Bangladesh and Near Future

Asia Macro & Strategies outlook of 2010 commented on Bangladesh Economy performance that GDP would grow in FY 11 at 6% for 5.7% in FY 10 monetary policy is likely to be proactive. Fiscal deficit in FY 11 is targeted at 5% of GDP as against revised deficit of 3.9% in FY 10.

Bangladesh Economy in past 3 years depicted 5.9% GDP becoming a good performer in GDP growth despite limitations. Poverty from 56.6% in 1991/92 came down to 40% in 2005. However inequality of income prevailed persistently where top 5% households have 20.85 times the income over those in bottom 5%.

In this backdrop the draft 6th FYP is likely to take account of 32% of GDP in 2015 as investment from 24%.It also plans to target 2% of GDP in PPP related investments during 2011-2015 period to start with and reaching 6% in 2015.It targets to attain 8% of real GDP growth and raise private investments to 32% of GDP in terminal plan year from 19.1% in FY 10. The average of 29.6% investment of GDP is to be achieved in SFYP. The annual industrial growth would reach 9.5% from 5.7% in 2010.The agricultural growth to reach 4.4%from present 3.5% while in power generation through PPP, the SFYP expects an investment of 9.5 billion dollars to add 9,426 MW of electricity.

To conclude the FDI alone would not change our fate. It is imperative that indigenous policies to extract optimum benefit from these along with domestic investments at large can ensure our development from FDI. We need to, as stated before in this paper, limit the access area for FDI and let domestic investment follow these areas to replace in near future. FDI cannot take us along sustainable development route which can be ensured from domestic investments. We should explore possibilities from Globalisation for Bangladesh and not Bangladesh for Globalisation.

This was keynote in ICAB seminar recently by me. I am a council member and Chair CPD committee.

Bibliography

1. Understanding FDI - Jeffrey P. Grahan & R. Barryen
2. Website and Publication of Board of Investment
3. Website & Publication of – Bangladesh Bank.
4. FDI in India & China
5. FDI – Pros & Cons : Sum Vaknin Ph.D
6. Economy Watch.com/ FDI
7. Debate of Development for FDI- Masih Malik Chowdhury, The Bangladesh Accountant, ICAB
8. World Investment Report- 2010 (UN: NY & Geneva, 2010)
9. FDI- Pros & Cons : Sam Vaknin Ph.D
10. Bangladesh Economic Survey : 2010 and 2009 Finance Division, MOF
11. Publications & Web of BEPZA

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বিশেষায়িত ব্যাংকের ভূমিকাঃ প্রেক্ষিত বেসিক ব্যাংক লিমিটেড

তাবাস্‌সুম ইসলাম*
মো. মোয়াজ্জেম হোসেন খান**

সারসংক্ষেপ

আলোচ্য প্রবন্ধে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বিশেষায়িত ব্যাংকসমূহের বিশেষ করে বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স (বেসিক) ব্যাংক লিমিটেড এর ভূমিকা আলোচনা করা হয়েছে। প্রবন্ধের প্রথমাংশে বেসিক ব্যাংকের গঠন, লক্ষ্য ও উদ্দেশ্য ,কার্যাবলী এবং পরিচালনা ব্যবস্থা সম্পর্কে আলোচনা করা হয়েছে। দ্বিতীয়াংশে বেসিক ব্যাংক লিমিটেডের সার্বিক কর্মকান্ডের অর্থনৈতিক বিশ্লেষন করা হয়েছে। এ প্রবন্ধের তৃতীয়াংশে বেসিক ব্যাংক লিমিটেড এর সমস্যাসমূহ আলোচনা পূর্বক এসব সমস্যা সমাধানের সম্ভাব্য উপায় সম্পর্কে লেখকদ্বয়ের পরামর্শসমূহ সুপারিশমালা আকারে উপস্থাপন এবং সবশেষে উপসংহারে আমাদের দেশের শিল্পায়ন ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য দূরীকরন তথা অর্থনৈতিক উন্নয়নে বেসিক ব্যাংকের কার্যমকে সারা দেশব্যাপী ছড়িয়ে দেবার জন্য অভিমত ব্যক্ত করা হয়েছে।

ভূমিকা

ব্যাংক অর্থ ও ঋণের ব্যবসায় নিয়োজিত এমন একটি প্রতিষ্ঠান যা জনসাধারণের উদ্বৃত্ত অর্থ বা সঞ্চয় আমানত হিসেবে গ্রহণ করে এবং ব্যবসা বাণিজ্য, উৎপাদন ইত্যাদি কাজে লিপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ প্রদান করে। এ ব্যবসায়িক কাজের জন্য ব্যাংক সাধারণত নিজের অর্থ বা মূলধন খাটায় না; আমানত হিসেবে গৃহীত অর্থই ঋণ হিসেবে প্রদান করে। এজন্য ব্যাংককে ঋণের কারবারী বলা হয়। ব্যাংক তার ঋণ লেনদেনের ব্যবসা পরিচালনার সাথে সাথে নোট ও মুদ্রাসহ বিভিন্ন বিনিময়ের মাধ্যম সৃষ্টি, বিনিময় বিল বাট্টাকরণ, অর্থ স্থানান্তর ইত্যাদি কাজও সম্পন্ন করে। ব্যাংক

* প্রাক্তন ছাত্রী, অর্থনীতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

** অধ্যাপক, অর্থনীতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

This Paper was presented at the *XVII Biennial Conference titled* ***"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

জনসাধারণের কাছ থেকে গৃহীত আমানতের উপর স্বল্পহারে সুদ দেয় এবং নিজে যে ঋণ প্রদান করে তার উপর বেশি হারে সুদ আদায় করে। এ দুই সুদের হারের পার্থক্যই ব্যাংকের মুনাফা যার উপর ভিত্তি করে ব্যাংক ব্যবসা টিকে থাকে। সুতরাং বলা যায়, ব্যাংক অর্থ ও ঋণের ব্যবসায় নিয়োজিত এমন একটি আর্থিক প্রতিষ্ঠান যা মুনাফা অর্জন করে এবং বিভিন্ন রকমে আর্থিক লেনদেন সংক্রান্তকাজ সম্পন্ন করে। ব্রিটিশ ও পাকিস্তান আমলে বাংলাদেশ অঞ্চলে ব্যাংকিং ব্যবস্থার বিকাশের গতি ছিল অত্যন্তমন্থর।স্বাধীন বাংলাদেশের সরকার বিদেশী ব্যাংক ব্যতীত বাংলাদেশে কার্যরত সকল পাকিস্তানি মালিকানাধীন এবং স্বাধীন ব্যাংকসমূহ অধিগ্রহণ করে। অত:পর ১৯৭২ সালে ব্যাংক জাতীয়করণ আদেশের মাধ্যমে পাকিস্তানি মালিকানাধীন ২টি ব্যাংকসহ অধিকৃত ১০টি ব্যাংকের সমন্বয়ে/একত্রীকরণের মাধ্যমে ৬টি স্বতন্ত্র ব্যাংক গঠন করে। সেগুলিকে রাষ্ট্রায়ত্ত ব্যাংক হিসেবে ঘোষণা করা হয়।বাংলাদেশ ব্যাংক হল দেশের কেন্দ্রীয় ব্যাংক এবং এটি বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২ দ্বারা প্রতিষ্ঠিত হয়। সাবেক স্টেট ব্যাংক অব পাকিস্তান এর ঢাকাস্থ ডেপুটি গভর্নরের অফিসকে তৎকালীন পূর্ব পাকিস্তানের সমস্ত দায় ও সম্পদ গ্রহণ পূর্বক বাংলাদেশ ব্যাংকরূপে পূর্ণ কেন্দ্রীয় ব্যাংকের মর্যাদায় উন্নীত করা হয়। সুনির্দিষ্ট অর্থনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য দেশে কয়েকটি রাষ্ট্রায়ত্ত বিশেষায়িত ব্যাংক প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা সরকার অনুধাবণ-পূর্বক কৃষি, শিল্প ইত্যাদির উন্নয়নের/অর্থায়নের জন্য বিশেষায়িত ব্যাংক প্রতিষ্ঠা করে। যার মধ্যে শিল্প উন্নয়ন কার্যক্রমে অর্থায়নের জন্য ১৯৭২ বাংলাদেশ শিল্প ব্যাংক, আবার কৃষি উন্নয়ন প্রক্রিয়ায় অর্থায়নের জন্য ১৯৭৩ সালে বাংলাদেশ কৃষি ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। পরবর্তীতে উন্নয়ন অর্থ সংস্থানের জন্য রেয়াতি সুদহারে দীর্ঘ মেয়াদি ঋণের উৎসস্বরূপ এ জাতীয় প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত হয় ১৯৮৭ সালে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও ১৯৮৯ সালে ব্যাংক ফর স্মল ইন্ডাস্ট্রিজ অ্যান্ড কমার্স (বেসিক) ব্যাংক লিমিটেড। আলোচ্য প্রবন্ধে আমরা ২০০৮ সাল পর্যন্ত বেসিক ব্যাংকের কার্যক্রমের অর্থনৈতিক বিশ্লেষন এবং এর সমস্যা ও সম্ভাবনার দিগন্তসমূহ চিহ্নিত করার প্রচেষ্টা গ্রহণ করেছি।

গবেষণার লক্ষ্য ও উদ্দেশ্য ঃ আমাদের এ গবেষণার মূল লক্ষ্য হচেছ বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বিশেষায়িত ব্যাংক হিসেবে বেসিক ব্যাংকের কর্মকান্ডের একটি বস্তুনিষ্ঠ মূল্যায়ণ করা। আর এ মূল লক্ষ্যকে সামনে রেখে আমরা নিম্নোক্ত উদ্দেশ্যসমূহ নির্ধারণ করেছি:

১. বেসিক ব্যাংকের কার্যাবলীর একটি অর্থনৈতিক বিশ্লেষণ উপস্থাপন করা;

২. বেসিক ব্যাংকের সমস্যাসমূহ চিহ্নিত করা;

৩. এর সম্ভাবনার দিগন্তসমূহ চিহ্নিত করা;

৪. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে এর ভূমিকা সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা তুলে ধরা।

গবেষণা পদ্ধতি ঃ আলোচ্য প্রবন্ধে আমরা মূলত: মাধ্যমিক উৎসের তথ্য ব্যবহার করেছি। এর মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হচ্ছে: বেসিক ব্যাংকের বার্ষিক প্রতিবেদনসমূহ, পুন:নীরিক্ষণ রিপোর্টসমূহ, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা গ্রন্থের বিভিন্ন সংখ্যা,বাংলাদেশ পরিসংখ্যান বর্ষ গ্রন্থের বিভিন্ন সংখ্যা। এ ছাড়াও সংশ্লিষ্ট বিষয়ের উপর প্রকাশিত গবেষনা প্রবন্ধ, পুস্তক ইত্যাদিরও সহায়তা নেয়া হয়েছে। আর তথ্য বিশ্লেষনে প্রধানত: পরিসংখ্যানিক পদ্ধতি প্রয়োগ করা হয়েছে।

গবেষণার যৌক্তিকতা ঃ বর্তমান গবেষণাটি সম্পাদন করার সময় প্রাসঙ্গিক গবেষণা সাহিত্য সমূহের অনুসন্ধান করতে গিয়ে দেখা গেছে যে, বেসিক ব্যাংক লিমিটেড নিয়ে এ পর্যন্তকোন স্বতন্ত্র কাজ হয়নি। বিভিন্ন গবেষণায় বিশেষায়িত ব্যাংক হিসেবে এর নামের উল্লেখ থাকলেও বেসিকের কর্মকান্ডের কোন বিশ্লেষণ হয়নি। বেসিক ব্যাংক লিমিটেড খুব বেশীদিন আগে প্রতিষ্ঠিত হয়নি, এর প্রতিষ্ঠা মাত্র দুই দশক আগে। একারণেই হয়ত বেসিক নিয়ে কোন কাজ করার প্রচেষ্টাও হয়নি। আবার তথ্যের অপর্যাপ্ততাও এর কারণ হতে পারে। তবে বর্তমানে ২০ বছর পরে বেসিকের কর্মকান্ডের বিশ্লেষণ একান্তপ্রয়োজনীয় হয়ে পড়েছে। এ ব্যাংকের প্রতিষ্ঠার মূল কারণ ছিল ক্ষুদ্রায়তন শিল্পের উন্নয়ন সাধনের পাশাপাশি বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার মাধ্যমে মুনাফা অর্জন করে

নিজেকে দৃঢ় অবস্থানে অধিষ্ঠিত করা। বেসিক ব্যাংকের জন্মলগ্ন থেকে আজ পর্যন্ত এই ব্যাংক নিয়ে কোন পূর্ণাঙ্গ গবেষণা হয়নি বিধায় বেসিক ব্যাংককে আমরা গবেষণার বিষয়বস্তু হিসেবে বেছে নিয়েছি।

বেসিক ব্যাংক লিমিটেড এর গঠন, লক্ষ্য ও উদ্দেশ্য, কার্যাবলী ও পরিচালনা ব্যবস্থা

বেসিক ব্যাংক লিমিটেড এর সংক্ষিপ্ত ইতিহাস ঃ বেসিক (BASIC) ব্যাংক লিমিটেড ১৯১৩ সালের কোম্পানী আইন অনুযায়ী একটি বেসরকারী ব্যাংক হিসেবে ২রা আগষ্ট ১৯৮৮ সালে ব্যাংক অব স্মল ইন্ডাষ্ট্রিজ এন্ড কমার্স নামে নিবন্ধিত হয়। দেশের নীতি নির্ধারকেরা ক্ষুদ্রায়তন শিল্পে অর্থায়নের জন্য একটি ব্যাংকের জরুরী প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। এর ফলে ১৯৮৯ সালের ২১শে জানুয়ারী থেকে আনুষ্ঠানিক ভাবে মোট ৮০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে বেসিক ব্যাংক তার কার্যক্রম শুরু করে। সেসময় এ ব্যাংকের ৭০ শতাংশ মালিকানা ছিল বিসিসিআই ফাউন্ডেশন এবং বাকি ৩০ শতাংশ মালিকানা ছিল বাংলাদেশ সরকারের। ৬ জুন ১৯৯১ তারিখে বিশ্বব্যাপী বিসিসিআই (BCCI) অর্থাৎ ব্যাংক অব ক্রেডিট অন্ড কমার্স ইন্টারন্যাশনাল বিলুপ্তির কারণে বাংলাদেশ সরকার ৪ জুন ১৯৯২ তারিখে এ ব্যাংকটির ১০০ শতাংশ মালিকানা অধিগ্রহণ করে এবং এভাবেই ব্যক্তিগত খাতের এ ব্যাংকটি সরকারী মালিকানাধীন খাতে রূপান্তরিত হয়। তৎসত্ত্বেও এ ব্যাংকটি রাষ্ট্রীয়করণ হয়নি; ইহা পূর্বের মত অর্থাৎ বেসরকারী ব্যাংকের মতই পরিচালিত হয়। বেসিক ব্যাংকে অনুমোদিত মূলধনের পরিমাণ ২০০০ মিলিয়ন টাকা যার মধ্যে ২০০৮ সালের শেষ নাগাদ পরিশোধিত মূলধনের পরিমাণ ১৩০৯.৭৭ মিলিয়ন টাকা। ২০০৮ এ এর শাখা দাঁড়ায় ৩১টিতে। উন্নয়ন ও বাণিজ্যিক ব্যাংকিং পদ্ধতির সংমিশ্রণে বেসিক ব্যাংক লিমিটেড এর কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। ক্ষুদ্র শিল্প খাত প্রসারের লক্ষ্যে মধ্য ও দীর্ঘমেয়াদি ঋণ সরবরাহ এবং অন্যান্য আর্থিক সহায়তা প্রদান ব্যাংকটির মুখ্য উদ্দেশ্য। সংঘস্মারক ও সংঘবিধি অনুযায়ী ব্যাংকটিকে মোট ঋণদানযোগ্য তহবিলের অন্তত শতকরা ৫০ ভাগ ক্ষুদ্র শিল্পের অর্থায়ণে ব্যবহার করতে হয়। ব্যাংকিং কোম্পানী আইন ১৯৯১ অনুযায়ী বেসিক ব্যাংককে এর করপূর্ব নীট মুনাফার ২০ শতাংশ মূলধন তহবিলে স্থানান্তর করতে হয় .প্রচলিত ব্যাংকের সাথে বেসিক ব্যাংকের বেশ কিছু পার্থক্য রয়েছে। প্রচলিত ব্যাংকসমূহে ঋণের তদারকি হয়না। কিন্তু বেসিক ব্যাংক ঋণের তদারকির পাশাপাশি প্রয়োজনে পরামর্শও প্রদান করে থাকে বিশেষ করে ক্ষুদ্রঋণের ক্ষেত্রে। আবার সকল প্রকার আয় সৃষ্টিকারী কাজের জন্যই বেসিক ব্যাংক ঋণ দিয়ে থাকে। বেসিক ব্যাংকে কোন ঋণ খেলাপী থাকে না বিশেষ করে ক্ষুদ্রঋণে বেসিক ব্যাংকের ঋণ শতভাগ পুনরুদ্ধার হয়ে যায়। যেখানে বিভিন্ন ব্যাংক সমূহে গরীব ভূমিহীন হতে ঋণ আদায়ের হার ৬০-৭০ শতাংশে সীমাবদ্ধ। বেসিকের ঋণ আদায়ের হার শতভাগ হবার অন্যতম কারণ হল স্ব-কর্মসংস্থান বা ক্ষুদ্র ব্যবসায় মূলধণ বিনিয়োগের প্রায় সাথে সাথেই তা থেকে আয় পাওয়া শুরু হয়। এছাড়া ঋণের ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বেসিক ব্যাংক ঋণের নিবিড় তদারকি করে থাকে। আর ঋণের সঠিক ব্যবহার যদি নিশ্চিত হয় তাহলে আদায়ের অনুপাতও বহুলাংশে বেড়ে যায়। প্রচলিত ব্যাংকসমূহের সাথে বেসিক ব্যাংকের মূল ও প্রধান পার্থক্য হল সেসব ব্যাংকের গ্রাহকের প্রায় প্রত্যেকেই দারিদ্র্যসীমার অনেক উপরে বাস করে। কিন্তু বেসিক ব্যাংকের অনেক গ্রাহক আছে যারা দারিদ্র্যসীমার অনেক নীচে বাস করে।

বেসিক ব্যাংকের লক্ষ্য ও উদ্দেশ্য ঃ বেসিক ব্যাংক লিমিটেড এমন একটি ব্যাংক যা উন্নয়ন ও বাণিজ্যিক ব্যাংকিং এর এক অভূতপূর্ব সংমিশ্রনে প্রতিষ্ঠিত। এর মূল লক্ষ্যই হল বাংলাদেশে শিল্পায়নের অগ্রগামিতার লক্ষ্যে, শহরের দরিদ্র জনগণের মাঝে ক্ষুদ্রায়তন শিল্প প্রতিষ্ঠার লক্ষ্যে ঋণ সুবিধা এবং ব্যাংকিং বিষয়ক অন্য সকল সাহায্য সরবরাহ করা। সরকারী এবং ব্যক্তিমালিকানাধীন খাতসমূহে বেসিক ব্যাংক স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি ঋণ সরবারাহ করে থাকে যাতে করে নতুন কারখানাসমূহ এবং অনান্য সকল ক্ষুদ্র পদক্ষেপ যা শিল্পায়নে সহায়ক তা চাঙ্গা হয়ে ওঠে। এক্ষেত্রে শিল্পায়নের আধুনিকিকরণের দিকে নজর রাখা হয় যেন বিশ্ববাণিজ্যের সাথে দেশীয় বাণিজ্য তাল মিলিয়ে চলতে পারে। বেসিক ব্যাংকের মূল উদ্দেশ্যই হল ক্ষুদ্র ও মাঝারি শিল্পে বিনিয়োগ। বাংলাদেশ শিল্পে এখনও পশ্চাৎপদ। এমতাবস্থায় ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নতি ছাড়া আমাদের অর্থনৈতিক উন্নয়নের গতিবেগ বৃদ্ধি করা যাবে না। এছাড়াও ক্ষুদ্র ও কুটির শিল্পে আমাদের নিজস্ব ঐহিত্য আছে। সাধারণত যে শিল্পে অল্প মূলধনের সাহায্যে ক্ষুদ্রায়তন কারখানায় এবং

সহজলভ্য যন্ত্রপাতির সাহায্যে উৎপাদন কর্ম পরিচালিত হয় তাকেই ক্ষুদ্রশিল্প বলে। বাংলাদেশের বেকারত্ব দূরীকরণ ও শিল্পায়নের ক্ষেত্রে ক্ষুদ্র ও কুটির শিল্পের বিশেষ গুরুত্ব আছে। আর তাই নিম্নোক্ত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ কে সামনে রেখেই বেসিক ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছিল :

১. বাংলাদেশে কৃষির অনগ্রসরতার জন্য গ্রামাঞ্চলে স্বল্প নিযুক্ত, প্রছন্ন ও ঋতুগত বেকারত্বের সমস্যা রয়েছে। আবার শহরাঞ্চলে জনসংখ্যার তুলনায় কর্মসংস্থান অনেক কম। এ অবস্থায় ক্ষুদ্রায়তন ও মাঝারি শিল্পে অর্থায়নের দ্বারা কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে এ সমস্যার সমাধান করা।

২. বাংলাদেশে দ্রুত বর্ধনশীল জনসংখ্যার তুলনায় শিল্পোন্নয়নের গতি মন্থর। ক্ষুদ্রায়তন শিল্পের উন্নয়নের দ্বারা কৃষি হতে অতিরিক্ত জনসংখ্যা অপসারণের মাধ্যমে সীমাবদ্ধ জমির উপর মবর্ধমান জনসংখ্যার চাপ হ্রাস করা।

৩. বাংলাদেশে মূলধনের একান্তঅভাব রয়েছে। বৃহৎ শিল্পে বিনিয়োগের জন্য পর্যাপ্ত মূলধন আমাদের দেশে নেই এবং একারণে দ্রুত বৃহদায়তন শিল্প গঠন সম্ভব নয়। এ অবস্থায় স্বল্প মূলধনের সাহায্যে ক্ষুদ্রায়তন শিল্প স্থাপন করলে একদিকে যেমন স্বল্প মূলধনের সদ্ব্যবহার হতে পারে অন্যদিকে শিল্পোন্নয়নের পথেও অগ্রসর হওয়া যায়।

৪. বাংলাদেশের নারীরা অনেক পিছিয়ে আছে। বিশেষ করে পর্দানশীন অনেক নারী আছেন যারা ঘরের বাইরে কাজে যেতে চায় না। বাংলাদেশের জনসংখ্যার প্রায় অর্ধেকই নারী। ক্ষুদ্র ও কুটিরশিল্পের মাধ্যমে তারা ঘরে বসেই আয় করতে পারে যা তাদেরকে এগিয়ে নিয়ে যেতে পারে। ফলে দেশের জাতীয় ও মাথাপিছু আয়ও বৃদ্ধি পাবে।

৫. মূল্যস্ফীতির চাপ বাংলাদেশের অর্থনৈতিক জীবনে সংকট সৃষ্টি করেছে। ভোগ্যপণ্যের উৎপাদন যত বাড়বে মুদ্রাস্ফীতির চাপ ততই প্রশমিত হবে। স্বল্পকালের মধ্যে ভোগ্যপণ্যের উৎপাদন বৃদ্ধির জন্য এমন শিল্প প্রতিষ্ঠান দরকার যাতে মূলধন বিনিয়োগ করে দ্রব্য সামগ্রী অতি অল্প সময়ের মধ্যে উৎপাদন করা যায়। ক্ষুদ্রায়তন শিল্প এই প্রয়োজন মেটাতে বিশেষভাবে সক্ষম।

৬. মুনাফার উদ্দেশ্যে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করে ক্ষুদ্রায়তন শিল্পের ক্ষেত্রে তহবিল গঠন করা।

৭. বিনিয়োগের নতুন নতুন ক্ষেত্র খুঁজে বের করা এবং এসবের প্রয়োজন মেটাবার জন্য নতুন পণ্যের উন্নয়ন করা।

৮. ক্ষুদ্রশিল্পে অর্থায়নে যেসব প্রতিষ্ঠান জড়িত তাদের সাথে সম্পর্ক স্থাপন করা।

৯. ক্ষুদ্রায়তন শিল্পে সহায়তা প্রদান ও অগ্রসর করার দায়িত্ব বিশ্বাসভরে যেসমস্ত প্রতিষ্ঠানকে অর্পন করা হয় তাদেরকে সহযোগীতা ও তাদের সাথে একযোগে বেসিক ব্যাংক কাজ করে থাকে।

১০. তাদের সকল শাখায় অন-লাইন ব্যাংকিং সেবা প্রদান করা এবং এর মাধ্যমে সব সময় মক্কেলদের সাথে যোগাযোগ রাখা যাতে করে বেসিক ব্যাংক বাংলাদেশের ব্যাংক সমূহের মধ্যে প্রথম অবস্থানে যেতে পারে।

১১. এসব কার্যাবলীর মাধ্যমে দেশের আর্থ–সামাজিক অবস্থার উন্নয়নে ভূমিকা পালন করা।

বেসিক ব্যাংকের কার্যাবলী ঃ বেসিক ব্যাংকের কার্যাবলীকে সংক্ষেপে নিম্নে উপস্থাপন করা হলো:

১. শিল্প ক্ষেত্রে বিশেষ করে ক্ষুদ্রায়তন শিল্পে বেসিক ব্যাংক বিভিন্ন মেয়াদী ঋণ দিয়ে থাকে।

২. বাণিজ্যিক ব্যাংকের সমস্ত সেবা বেসিক ব্যাংক দেয় এবং এর ফলে আমানত সংগ্রহ, স্বল্পকালীন বাণিজ্য ঋণ, প্রক্রিয়াজাতকরণ ও ম্যানুফ্যাকচারিং এ চলতি মূলধন ঋণ এবং আন্তর্জাতিক বাণিজ্য সহজতর করতে বেসিক ব্যাংক কাজ করে।

৩. ক্ষুদ্রায়তন শিল্পসমূহ যেন সফলভাবে পরিচালিত হতে পরে সে উদ্দেশ্যে বেসিক ব্যাংক এদেরকে

প্রযুক্তিগত সাহায্য সহযোগিতা দিয়ে থাকে।

৪. বেসিক ব্যাংক বিভিন্ন এনজিও এর মাধ্যমে শহরের দরিদ্রদের জন্য ক্ষুদ্রঋণ সুবিধা প্রদান করে থাকে যাতে করে প্রচলিত অর্থ বাজারে তাদের সম্পদের সচলতা এবং অভিগমন সহজতর হয় এবং এদের মধ্যে কর্মসংস্থান সৃষ্টি ও আয় বৃদ্ধি পায়। বর্তমানে বেসিক ব্যাংক এর সাথে ২২টি এনজিও জড়িত।

৫. দেশের ব্যবসা বাণিজ্যে উন্নয়নের লক্ষ্যে সকল প্রকার ব্যবসায়ীদের মৌসুমি ভিত্তিক বিভিন্ন ধরনের ঋণ প্রদান করে। এসব ঋণ গ্রহীতারা গৃহিত ঋণের মাধ্যমে যে লাভ করে তার অংশ বিশেষ সুদ আকারে ব্যাংকে দিয়ে থাকে এবং বাকি মুনাফা নিজেদের মূলধন গঠনে ব্যবহার করে।

৬. গ্রাহক বা জনগণের আমানতকারী হিসেবে কাজ করে।

৭. জনগণের বিভিন্ন রকমের ভ্রমণ চেক, ড্রাফট, ঘূর্ণায়মান চেক ইত্যাদির অতি সহলভ্য বিনিময় মাধ্যম হিসেবে কাজ করে।

৮. বৈদেশিক বিনিময় কারবারের মাধ্যমে দেশে বৈদেশিক মুদ্রা ক্রয় বিক্রয়ে জনগণকে বিশেষভাবে সাহায্য করে।

উপরোক্ত সকল কাজ সম্পাদনের জন্য বেসিক ব্যাংক তার ক্রেতাদের সাথে, নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে, শেয়ার মালিকগণ (বাংলাদেশ সরকার), বিভিন্ন ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান সমূহের সাথে অন্তরঙ্গ ভাবে কাজ করে। ক্ষুদ্রায়তন শিল্প ও ব্যবসা সমূহের প্রতিষ্ঠান এবং তাদের প্রবৃদ্ধি সহজতর করা ও এক্ষেত্রে অর্থায়নের উদ্দেশ্যে বেসিক ব্যাংক নিম্নলিখিত কৌশল অবলম্বন করেঃ

১. ধীর ও টেকশই প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে কাজ করা; ২. সর্তকতার সাথে বিনিয়োগ করা; ৩. গুণগত মান বৃদ্ধি করা; ৪. নতুন নতুন ব্যাংকিং প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করা।

বেসিক ব্যাংক এর বিকাশের সংক্ষিপ্ত পর্যালোচনা ঃ বেসিক ব্যাংকের ভৌত সম্পদের ভিত্তি উন্নয়নের জন্য যথেষ্ট পরিমাণ বিনিয়োগ করা হয়েছে। বেসিক ব্যাংক শিল্প ও বাণিজ্যের সুবিধা বৃদ্ধির জন্য বাংলাদেশের সকল গুরুত্বপূর্ণ শিল্প ও বাণিজ্যিক কেন্দ্রে তাদের উপস্থিতি রেখেছে। সারনী-৩ হতে দেখা যায় যে, ১৯৮৯ সালে বেসিক ব্যাংক মাত্র ৩টি শাখা নিয়ে এর কার্যক্রম শুরু করে। এসব শাখাসমূহ যথাক্রমে ঢাকা, চট্টগ্রাম এবং রাজশাহীতে খোলা হয়। এরপর ১৯৯০ সালে খুলনা ও সিলেটে একটি এবং ঢাকা ও চট্টগ্রামে আরও একটি করে শাখা খুলে মোট ৭টি শাখা নিয়ে তাদের কাজ চালাতে থাকে। এর ১০ বছর পর ২০০০ সালে বেসিক ব্যাংকের শাখা দাঁড়ায় ২৫টিতে যার মধ্যে রাজধানী ঢাকায় ৮টি, চট্টগ্রামে ৬টি এবং সাভার, নারায়ণগঞ্জ, নরসিংদি, রাজশাহী, সৈয়দপুর, বগুড়া, খুলনা, যশোর, সিলেট, মৌলভিবাজার এবং কুমিল্লায় একটি করে শাখা নিয়ে বেসিক ব্যাংক এগিয়ে যেতে থাকে। ২০০৭ সালে বেসিক ব্যাংকের শাখা দাঁড়ায় ৩০টিতে যার মধ্যে ১১টি শাখা রাজধানী ঢাকায় অবস্থিত,৭টি চট্টগ্রামে অবস্থিত এবং নারায়ণগঞ্জ, নরসিংদি, রাজশাহী, সৈয়দপুর, বগুড়া, খুলনা, যশোর, সিলেট, মৌলভিবাজার, কুমিল্লা, বরিশাল এবং সিরাজগঞ্জে একটি করে শাখা কার্যালয় আছে।

সারণী ৩ঃ বেসিক ব্যাংক এর নিয়োগকৃত মানবসম্পদ এবং শাখার সংখ্যা, ১৯৮৯-২০০৭ সময়ে

বছর	শাখার সংখ্যা	কর্মকর্তা– কর্মচারীর সংখ্যা
১	২	৩
১৯৮৯	৩	৪৮
১৯৯০	৭	১০০

১৯৯১	১০	১২৪
১৯৯২	১৩	১৫৯
১৯৯৩	১৬	১৯৬
১৯৯৪	১৭	২৩৮
১৯৯৫	১৮	৩০০
১৯৯৬	১৯	৩১৫
১৯৯৭	২১	৩৫১
১৯৯৮	২২	৩৭২
১৯৯৯	২৩	৪১৭
২০০০	২৫	৪৫৩
২০০১	২৫	৪৯৭
২০০২	২৬	৫১০
২০০৩	২৬	৫২৩
২০০৪	২৭	৫৭৮
২০০৫	২৭	৬০১
২০০৬	২৮	৬৫১
২০০৭	৩০	৭২১

উৎসঃ বেসিক ব্যাংকের প্রতিবেদন হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে প্রস্তুতকৃত।

এছাড়াও বেসিক ব্যাংকের বর্তমানে ৩টি বিল সংগ্রহের বুথ রয়েছে ঢাকা শহরের রমনা, শের-ই-বাংলা নগর এবং বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের গুলশান এক্সচেঞ্জ অফিসে। ২০০৫ সালে বেসিক ব্যাংক সিলেটের ওসমানী আর্ন্তজাতিক বিমানবন্দরে একটি বৈদেশিক মুদ্রা বিনিময় বুথ চালু করে। এছাড়া বৈদেশিক মুদ্রার রেমিটেন্স অর্জনের জন্য বেসিক ব্যাংক যুক্তরাষ্ট্রের প্লাসিড এন.কে. কর্পোরেশন, মানিগ্রাম ইন্টারন্যাশনাল এবং মিনিয়াপোলিস এর সাথে চুক্তিবদ্ধ হয়েছে। বেসিক ব্যাংকের ১৫টি শাখা ইতোমধ্যেই অনলাইন ব্যাংকিং সুবিধার আওতায় নেয়া হয়েছে এবং বাকি শাখাসমূহও খুব দ্রুত অনলাইনে নেয়ার চেষ্টা করা হচ্ছে। বেসিক ব্যাংকে বিভাগসমূহ হচ্ছে: মানব সম্পদ, আর্থিক ও প্রশাসনিক, মনিটরিং ও ইন্সপেকশন, মার্কেটিং, ব্যক্তিগত সম্পর্ক, বাণিজ্য ও বিনিয়োগ ব্যাংকিং, ট্রেজারি, আর্ন্তজাতিক, সাধারণ সেবা, কম্পিউটার এবং তথ্য প্রযুক্তি, কার্ড, কর্পোরেট বিষয়ক এবং ঋণ বিষয়ক বিভাগ। বেসিক ব্যাংকের নিয়োগকৃত মানবসম্পদের দিকে তাকালে দেখা যায় যে, ১৯৮৯ সালে বেসিক ব্যাংক মাত্র ৪৮ জন কর্মকর্তা-কর্মচারী নিয়ে যাত্রা শুরু করে। ২০০৭ সালের শেষ নাগাদ ৩০টি শাখায় এর মোট মানবসম্পদ দাঁড়ায় ৭২১ জনে। নতুন কাজের পরিবেশের উপযোগী করার জন্য নিয়মিতভাবে এর কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করে বেসিক ব্যাংক। মানব সম্পদ যেকোন প্রতিষ্ঠানের চালিকা শক্তি এবং প্রশিক্ষিত মানবসম্পদ যেকোন প্রতিষ্ঠানের বিশেষ করে বর্তমান ব্যাংকিং ব্যবসার সাফল্যের মূল উৎস। এসব কথা মাথায় রেখে বেসিক ব্যাংক এর কাজের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের গুরুত্ব অনুধাবন করে ২০০৫ সালে নিজস্ব প্রশিক্ষণ সেল স্থাপন করে যেখানে সকল প্রকার আধুনিক সুযোগ সুবিধা আছে। ২০০৭ সালে এই সেলে ২২টি ট্রেনিং কোর্সে বেসিক ব্যাংকের ৩৬০ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়াও বাংক তার কর্মকর্তাদের বিআইবিএম(বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট) এবং অন্যান্য দেশী ও বিদেশী প্রতিষ্ঠানে প্রশিক্ষণের জন্য পাঠায়। ২০০৭ সালে বেসিক ব্যাংক ৩৭৯ জন কর্মকর্তাকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ দিয়েছে যার মধ্যে ১৬ জন বিদেশের ট্রেনিং কোর্সে অংশগ্রহণ করেছে। তথ্য ও প্রযুক্তির সঠিক প্রয়োগের জন্য বেসিক ব্যাংক অনেক বেশী সচেতন। বেসিক ব্যাংক তার প্রতিষ্ঠা থেকেই সবকিছু কম্পিউটারের মাধ্যমে করে আসছে। বেসিক ব্যাংকের শাখাসমূহে নিম্নলিখিত প্রযুক্তি সমূহ ব্যবহার করা হয় :

⇒ সম্পূর্ণ কম্পিউটার এর মাধ্যমে হিসাব নিকাশ ব্যবস্থা।

⇒ Local Area Network (LAN) এবং Wide Area Network (WAN) প্রধান কার্যালয় এবং বেশীর ভাগ শাখা কার্যালয়ে সংযুক্ত করা হয়েছে। অন্যান্য শাখা সমূহকেও সংযুক্ত করা হবে।

⇒ বেসিক ব্যাংকে নিজের ব্যাংকিং সফটওয়্যার ১৯৯১ সাল থেকেই চালু আছে।

⇒ মোবাইল ফোন, ইন্টারনেট ইত্যাদির মাধ্যমে সকল সম্ভাব্য ব্যাংকিং সেবা বেসিক ব্যাংক প্রদান করে থাকে।

⇒ দলিল ঋণ, দলিল সংগ্রহ, তহবিল স্থানান্তর, গ্যারান্টি ইত্যাদি কাজে কাম্য নিশ্চয়তার সাথে ব্যাংক অতিরিক্ত ও শাখা কার্যালয় সমূহে SWIFT দ্বারা কাজ করে।

⇒ ব্যাংক তার নিজস্ব সফটওয়্যার ডেভলপমেন্ট টিম এর সাহায্যে সময়ের সাথে সাথে এর সফটওয়্যার সমূহের উন্নয়ন করে থাকে। বেসিক ব্যাংক এসব ছাড়াও এটিএম বুথ ও ক্রেডিট কার্ডের সুবিধাও প্রদান করছে।

বেসিক ব্যাংকের সাংগঠনিক ও প্রশাসনিক কাঠামো ঃ যেকোন ব্যাংকের পরিচালনা এর সাংগঠনিক কাঠামোর উপর অনেকাংশে নির্ভর করে। যেকোন ব্যাংকের প্রতিনিধি কর্তাদের প্রতিদিনের কার্যাবলীর স্বাধীনতা অনেক গুরুত্বপূর্ণ ব্যাপার। যেকোন ব্যাংকের সাধারণ নিয়মই হল পরিচালনা বোর্ড গঠন। পরিচালনা বোর্ডের সংমিশ্রণ খুবই গুরুত্বপূর্ণ বিষয় এবং এক্ষেত্রে লক্ষ্য রাখা উচিত যে, পরিচালনা বোর্ড এ সেসব ব্যক্তি থাকবেন যারা শিল্প, ব্যবসা, অর্থায়ন ইত্যাদির ক্ষেত্রে যথেষ্ট জ্ঞানী এবং বিভিন্ন অঞ্চলের প্রতিনিধি। পরিচালনা বোর্ডে সেসব ব্যক্তি থাকা উচিত যারা প্রযুক্তিগত ও অর্থায়নের ক্ষেত্রে অভিজ্ঞ এবং লক্ষ্য রাখতে হবে যেন শুধুমাত্র সরকারী অফিশিয়ালস নয়, নন–অফিশিয়ালসেরও যদি এক্ষেত্রে প্রয়োজনীয় অভিজ্ঞতা থাকে তবে তাদের নিয়ে যেন পরিচালনা বোর্ড গঠিত হয়।বেসিক ব্যাংক এর সংগঠনিক লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে এর ব্যবসা ও প্রশাসনের সম্যক দিক নির্দেশনা পরিচালনা বোর্ড দিয়ে থাকে। বেসিক ব্যাংক এর পরিচালনা বোর্ডের মতামত অনুযায়ী এর সকল কার্যক্রম পরিচালনা করে।

বেসিক ব্যাংক এর পরিচালনা বোর্ড ঃ প্রথমেই বলা হয়েছে যে, বেসিক ব্যাংকের শতভাগ মালিকানা বাংলাদেশ সরকারের। পরিচালনা বোর্ডের সকল সদস্য বাংলাদেশ সরকার কর্তৃক নিয়োজিত হয়। শিল্প মন্ত্রনালয়ের সচিব বেসিক ব্যাংকের চেয়ারম্যান। বেসিক ব্যাংকের অন্যান্য পরিচালকবৃন্দ সরকারী উচ্চপদস্থ কর্মকর্তা ও কেন্দ্রীয়ব্যাংকের কার্যানির্বাহিগণের মধ্যে থেকে নিয়োগপ্রাপ্ত হন। বেসিক ব্যাংকের এমডি পরিচালনা বোর্ডের এক্স অফিসিও সদস্য। বেসিক ব্যাংকের ব্যবস্থাপনার সর্বোচ্চ স্তরে থাকেন এমডি এবং তাকে সহায়তা করেন ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, জেনারেল ম্যানেজারগণ এবং প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানেরা। বেসিক ব্যাংক এর গঠনগত শ্রেণীবিন্যাসের ক্ষেত্রে অন্যান্য ব্যাংক থেকে আলাদা এ কারণে যে এটা উলম্বভাবে বিস্তৃত। বেসিক ব্যাংকের প্রশাসনিক কাঠামোর চিত্র দেখলেই এটা বোঝা যায় (ছক-১)।

বেসিক ব্যাংকের অর্থায়নের নীতি ও পদ্ধতি ঃ একজন সম্ভাব্য উদ্যোক্তা যিনি বাংলাদেশের নাগরিক এবং নিম্নলিখিত শর্ত পালন করেন, তিনি বেসিক ব্যাংকে ঋণের জন্য আবেদন করতে পারেন। ঋণ পাবার জন্য একজন ক্রেতাকে প্রথমেই যে শাখায় তার অ্যাকাউন্ট আছে বা যে শাখা হতে সে সুবিধা নিতে চায় সেখানে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। সে আবেদনপত্রে নিম্নলিখিত বিষয়সমূহ থাকতে হবে: ১. ঋণ বা অগ্রীমের উদ্দেশ্য; ২. ঋণ বা অগ্রীমের পরিমাণ; ৩. ঋণ বা অগ্রীমের মেয়াদকাল; ৪. ঋণ বা অগ্রীম ব্যাংকে ফেরত দেবার উৎস ও মেয়াদ; ৫. ঋণ বা অগ্রীমের বিপরীতে নিরাপত্তা; ৬. ব্যবসার ক্ষেত্রে তার অভিজ্ঞতা (বাণিজ্য ঋণের ক্ষেত্রে প্রযোজ্য); ৭. মার্জিন বা ইকুয়িটির উৎস বা উৎসসমূহ। আবেদন পত্রের সাথে কিছু প্রয়োজনীয় কাগজ পত্র যেমন, বিগত তিন বছরের

ব্যবসায়িক প্রতিবেদন, বাণিজ্য লাইসেন্স, আয় কর ক্লিয়ারেন্স, ব্যক্তিগত সম্পদ, ব্যাংক অ্যাকাউন্টের স্টেটমেন্ট, প্রাথমিক নিশ্চয়তার কাগজপত্রের অনুলিপি, কোলেটারাল সিকিউরিটি (যদি থাকে) এর কাগজপত্রের অনুলিপি, ঋণ বা অগ্রিমের ধরণ অনুযায়ী আনুষাঙ্গিক কাগজপত্র ইত্যাদির ভিত্তিতে যেকোন প্রকল্প অনুমোদন ও ঋণদানযোগ্য কিনা তা নির্ধারণ করা হয়। বেসিক ব্যাংকে যেকোন ঋণ অনুমোদনের পূর্বশর্তই হল, উদ্যোক্তা তার প্রস্তাবিত শিল্প পরিচালনা করতে যথেষ্ট প্রতিযোগী এবং বিশ্বাসি কিনা। এরপর দেখা হয় প্রকল্পটি সার্বিকভাবে টিকে থাকতে সক্ষম কিনা। এবং এর জন্য নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করা হয় :

প্রযুক্তির দৃষ্টিকোণ ঃ ১. প্রকল্পটিকে অবশ্যই প্রযুক্তিগত দিক থেকে শক্তিশালী হতে হবে। এক্ষেত্রে দেখা হয় প্রকল্পটি সঠিক জায়গায় হচ্ছে কিনা অর্থাৎ কাঁচামাল সমৃদ্ধ এলাকা, যান চলাচল সুবিধা, পর্যাপ্ত জনবল, বাজারজাত বা রপ্তানীর সুবিধা আছে কিনা। ২. প্রকল্পটিকে অবশ্যই সুপরিকল্পিত এবং সুগঠিত হতে হবে।

বাণিজ্যিক দৃষ্টিকোণ ঃ ১. বাজারের দৃষ্টিভঙ্গি এবং প্রতিযোগিতামূলক দামে দ্রব্যটির কার্যকারিতা অবশ্যই নিশ্চিত হতে হবে। **২.** উদ্যোক্তার বাজারের অবস্থা সম্পর্কে সার্বিক জ্ঞান থাকতে হবে যেমন দাম পরিবর্তন, ভোক্তার আয় পরিবর্তন, সময়ের পরিবর্তন, বিকল্প দ্রব্য, পরিপূরক দ্রব্য, মাধ্যমিক দ্রব্য ইত্যাদি।

অর্থায়নের দৃষ্টিকোণ ঃ ১. বিভিন্ন রকমের প্রকল্পের ক্ষেত্রে ব্যাংক যে ঋণ সমতার অনুপাত নির্ধারণ করে দিয়েছে তা যৌক্তিক হতে হবে। ২. Debt Service Coverage অনুপাত উৎপাদনের কাম্যস্তরে কমপক্ষে ২.৫ গুন হতে হবে। ৩. Internal rate of return 20% এর কম হওয়া যাবে না। ৪. সঠিক অর্থায়ন কাঠামো এবং ঋণ

ছক ১
বেসিক ব্যাংকের প্রশাসনিক কাঠামো



ফেরতের যোগ্যতা থাকতে হবে।

অর্থনৈতিক দৃষ্টিকোণ ঃ ১. প্রকল্পটিকে অর্থনেতিক দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে দেখতে হবে যে, এটি যেন জাতীয় অর্থনীতিতে লাভজনক অবদান রাখতে পারে। ২. এর মাধ্যমে নিয়োগ সুবিধা বৃদ্ধি পাবে পর্যাপ্তভাবে। ৩. রপ্তানীর মাধ্যমে বৈদেশিক মুদ্রা আয় অথবা আমদানী বিকল্প পণ্য উৎপাদনের মাধ্যমে বৈদেশিক মুদ্রা ব্যয়হ্রাস করতে সক্ষম হবে।সর্বোপরি প্রকল্পটি যদি পরিবেশ বান্ধব হয় তাহলেই সে প্রকল্পটিতে ঋণ দেয়া হবে। ছক-২ এর মাধ্যমে বিষয়টি উপস্থাপন করা হয়েছে ।সাধারনতঃ সকল ঋণ প্রস্তাব শাখা কার্যালয় থেকে শুরু হয়। কোন প্রকল্প শাখা ঋণ কমিটির যথাযথ পর্যবেক্ষন এবং সুপারিশের পর শাখা কার্যালয়ের Relationship Manager (RM) প্রধান কার্যালয়ে প্রেরণের পূর্বে এর ঋণ ও ঝুঁকি নির্ণয়ের বিষয়টি নির্ধারন করবে। এরপর তা ঋণ প্রণালী প্রস্তাবসমূহে উপস্থাপন করা হবে। ঋণ প্রস্তাবটির আবেদনপত্রের নির্ভুলতা সম্পূর্ণ নির্ভর করে জগ এর উপর যা ঋণের অনুমোদন পাবার জন্য গুরুত্বপূর্ন। এজন্য সকল জগ কে ব্যাংকের ঋণ নীতি ও পদ্ধতি সম্পর্কে জ্ঞান থাকতে হবে। ছক-৪ এর মাধ্যমে ঋণ অনুমোদনের প্রক্রিয়াটি উপস্থাপন করা হয়েছে। ছক-৩ হতে দেখা যায় যে, একজন ক্রেতার আবেদন পত্র জগ এর কাছে যাবার পর, জগ সেটার সকল কাগজপত্র খুব ভালভাবে পরীক্ষা করার পর সেটা শাখা ঋণ কমিটির কাছে প্রেরণ করেন। সেখান থেকে আবেদন অনুযায়ী প্রধান কার্যালয়ে সেই বিভাগের ইনচার্জ এর কাছে প্রেরণ করা হয় এবং সেখান থেকে প্রধান কার্যালয়ের ঋণ কমিটি অর্থাৎ সংশ্লিষ্ট জিএম এর নিকট প্রেরণ করা হয়। এরপর তা পর্যায়ক্রমে ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ও ম্যানেজিং ডিরেক্টরের অনুমোদন নিয়ে পরিচালক বোর্ডে যায় এবং সেখানে পরীক্ষা নীরিক্ষা ও পরিদর্শনের পর ঋণ মঞ্জুর বা নাকচ করার চূড়ান্তসিদ্ধান্তগ্রহণ করা হয়।

উপরে আমরা বেসিক ব্যাংকের গঠন, লক্ষ্য ও উদ্দেশ্য এবং পরিচালনা ব্যবস্থা সম্পর্কে আলোচনা করলাম। প্রবন্ধের পরবর্তী অংশে আমরা এর কর্মকান্ডের একটি বস্তুনিষ্ঠ অর্থনৈতিক বিশ্লেষন উপস্থাপনের প্রচেষ্টা গ্রহন করেছি।

ছক ২

বিভিন্ন প্রকল্পে বেসিক ব্যাংকের ঋণ অনুমোদনের শর্ত



বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মকান্ডের অর্থনৈতিক বিশ্লেষণ

বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড বা সংক্ষেপে বেসিক ব্যাংক লিমিটেড এর প্রতিষ্ঠা মাত্র দুই দশক আগে হলেও এর কর্মকান্ডের অর্থনৈতিক বিশ্লেষণ অত্যন্তজরুরী। এর কারণ হল বাংলাদেশের বিশেষায়িত ব্যাংক সমূহের মধ্যে বেসিক ব্যাংকই একমাত্র বিশেষায়িত ব্যাংক যা একই সাথে উন্নয়ন ও বাণিজ্যিক ব্যাংকিং কর্মকান্ডের সংমিশ্রণে সৃষ্ট। বিশেষায়িত ব্যাংক হিসেবে বেসিক ব্যাংক আদৌ বাংলাদেশের উন্নয়নে কোন ভূমিকা পালন করতে সক্ষম হচ্ছে কিনা তা দেখার জন্য এর কর্মকান্ডের অর্থনৈতিক বিশ্লেষণ করা প্রয়োজন। আলোচ্য অধ্যায়ে আমরা বিভিন্নভাবে তা পরীক্ষা করে দেখার প্রচেষ্টা গ্রহণ করেছি। একটি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে বেসিকের লাভ অর্জন করা উচিত। শিল্পায়নের জন্য প্রয়োজনীয় তহবিল গড়ে তুলতে বেসিক কতটা সক্ষম তা নির্ভর করে ব্যাংক হিসেবে বেসিকের কার্যাবলীর দক্ষতার উপর। কারণ বেসিক একটি বিশেষায়িত ব্যাংক যা বাণিজ্যিক ও উন্নয়ন ব্যাংকের সংমিশ্রণে সৃষ্ট। বিশেষ করে ক্ষুদ্রায়তন শিল্পসমূহের উন্নয়নের জন্যই ১৯৮৯ সালে বেসিকের প্রতিষ্ঠা হয়। আবার বাণিজ্যিক ব্যাংক হিসেবে শুধুমাত্র মুনাফা অর্জনের দিকে বেসিক গুরুত্ব দিতে পারে না। কারন শুধুমাত্র লাভঅর্জন করা বা উন্নয়নই বেসিক ব্যাংকের উদ্দেশ্য নয়। কেননা বেসিক যদি শুধুমাত্র উন্নয়নকে প্রাধান্য দেয় তাহলে ব্যাংকের লাভ থাকবে না এবং উন্নয়নও হবে না, আবার শুধুমাত্র মুনাফাকে প্রাধান্য দিলে উন্নয়ন কার্যক্রম ব্যাহত হবে। কাজেই উন্নয়ন ও মুনাফা এ দুয়ের সংমিশ্রণের জন্য ব্যাংকের কার্যদক্ষতাই মূল ভূমিকা পালন করে। সুতরাং বেসিক ব্যাংকের কার্যদক্ষতার অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান হল লাভজনকতা অর্থাৎ সম্পদের আর্থিক ব্যবস্থাপনা। সুতরাং লাভজনকতা হল কর্মদক্ষতার পরিমাপক।যেকোন প্রতিষ্ঠানের কার্যদক্ষতা ও আয় ক্ষমতার কেন্দ্রীয় পরিমাপক হল লাভজনকতা। বেসিক ব্যাংকের সম্পদের বৃদ্ধি মূলত আমানত, ঋণ, মূলধনের অংশ ইত্যাদি দ্বারা হয়। সুতরাং আর্থিক নীতিসমূহ এর পাওনাদার ও শেয়ার মালিকদের ধারণা বা উপদেশ এবং প্রত্যাশ্যার উপর ভিত্তি করে গড়ে উঠে। স্বল্প বা দীর্ঘমেয়াদি পাওনাদারদের মূল উদ্দেশ্য থাকে তাদের বিনিয়োগসমূহের নিরাপত্তা। একইভাবে শেয়ার মালিকদের এবং বেসিকের নিজেরও একই নিরাপত্তার বিষয়টিতে দৃষ্টি রাখতে হয়। কেননা নিজের আর্থিক সুস্থতার বিষয়ে বেসিক আগ্রহী এবং সর্বোপরি এ আর্থিক সুস্থতা নির্ভর করে এর অর্জিত মুনাফার উপর। অর্থনৈতিক দক্ষতার রীতিগত পরীক্ষণের চেয়ে মুনাফা পরীক্ষণ বেশী গুরুত্বপূর্ণ। কেননা মুনাফা পরীক্ষণের মধ্যে সম্পদের যথাযথ ব্যবহার হচ্ছে কিনা অথবা বেসিক প্রতিযোগীতামূলক ভাবে চলছে কিনা, এসব বিষয় অন্তর্ভূক্ত থাকে। উপরোক্ত বিষয়গুলোর প্রভাব বেসিক ব্যাংকের কিছু মূল কার্যাবলী সম্পাদনের দক্ষতা এবং বাস্তবিক পক্ষে বিশেষায়িত ব্যাংক হিসেবে এর সফলতার উপর সরাসরি পড়ে। সুতরাং বাংলাদেশের শিল্পে বিনিয়োগের অন্যতম প্রতিষ্ঠান বেসিক ব্যাংক শুধুমাত্র আর্থিকভাবে আত্মনির্ভরশীল হলেই হবে না, একে উদ্বৃত্ত তৈরী করতে হবে যাতে করে ভবিষ্যতে আরও শিল্প এর দ্বারা উপকৃত হয়। বেসিকের লাভজনকতা এর লাভজনকতার অনুপাত দ্বারা পরিমাপ করা যেতে পারে, যেমন মুনাফা মার্জিন, ব্যয় অনুপাত, রিটার্নের হার ইত্যাদি। বেসিক ব্যাংক তার আয়ের সকল ক্ষেত্রে পর্যাপ্ত মুনাফা অর্জন করে। নিম্নে আমরা এ ব্যাংকের আয়-ব্যয় সংশ্লিষ্ট যাবতীয় কর্মকান্ডের অর্থনৈতিক বিশ্লেষন উপস্থাপন করবো।

বেসিক ব্যাংক লিমিটিড এর আমানত সংগ্রহের পদ্ধতি ঃ যে কোন ব্যাংকের তহবিল প্রাপ্তির প্রধান উৎস হল আমানত। বস্তুত আমানত হল সেই অর্থ যা ক্রেতাগণ ব্যাংকে গচ্ছিত রাখে। আমরা জানি যে, ব্যাংকের প্রধান ব্যবসা হল মাধ্যম হিসেবে কাজ করা। এ পদ্ধতিতে ব্যাংক মুনাফা সৃষ্টি করে। যদি ব্যাংক আমানত সংগ্রহ করতে না পারে তবে ব্যাংকের প্রধান লক্ষ্যই বিপন্ন হবে। কেননা যেকোন ব্যাংকের প্রধান লক্ষ্য হল মুনাফা অর্জন। আর ব্যাংকসমূহ আমানতকৃত অর্থ ঋণ ব্যবসার মাধ্যমে মুনাফা সৃষ্টি করে থাকে। সুতরাং বলা যায়, আমানত হল যেকোন ব্যাংকের জীবন সঞ্চারক। বেসিক ব্যাংক লিমিটেড সব ধরনের আমানত গ্রহণ করে থাকে এবং বিভিন্ন শিল্প বিশেষ করে ক্ষুদ্রশিল্প যাদের বিনিয়োগ ১০০ মিলিয়ন টাকার কম তাদেরকে মেয়াদি এবং চলতি মূলধন ঋণ সরবরাহ করে থাকে। এছাড়াও বেসিক ব্যাংক বাণিজ্য ক্ষেত্রেও অর্থায়ন করে। বেসিক ব্যাংক তার আমানত

ছক ৩

বেসিক ব্যাংকের ঋণ অনুমোদনের প্রশাসনিক প্রক্রিয়া



স্কীমের অধীনে আমানতকৃত অর্থের উপর আকর্ষণীয় সুদের হার প্রদান করে থাকে। সময়ের সাথে সাথে আমানতের অর্থের মূল্য বৃদ্ধি পেতে থাকে। বেসিক ব্যাংকে বর্তমানে পাঁচ ধরনের আমানত হিসাব চালু আছে: ১. চলতি আমানত; ২. সঞ্চয়ি আমানত; ৩. স্বল্পমেয়াদি আমানত; ৪. স্থিরমেয়াদি আমানত; ৫. অনাবাসিক বৈদেশিক মুদ্রা আমানত এবং আবাসিক বৈদেশিক মুদ্রা আমানত।

বেসিক ব্যাংকের অর্থায়নের ক্ষেত্র সমূহ ঃ বেসিক ব্যাংক নিম্নলিখিত ক্ষেত্রে বিভিন্ন মেয়াদে ঋণ প্রদান করে থাকে : ১. বাণিজ্যিক ঋণ; ২. ক্ষুদ্র ও মাঝারি শিল্পে প্রকল্প ঋণ; ৩. বৈদেশিক বাণিজ্য সংক্রান্তঋণঃ আমদানি ও রপ্তানী বাণিজ্যে অর্থায়ন সহায়তা। এছাড়াও বেসিক ব্যাংক লীজ অর্থায়ন, ভাড়া-ক্রয়, গৃহ নির্মাণ অর্থায়ন স্কীম, বেসিক ব্যাংক মাস্টার কার্ড, ক্রেডিট কার্ড, বেসিক ব্যাংক ভিসা ক্রেডিট কার্ড, চলতি মূলধন অর্থায়ন ইত্যাদি ক্ষেত্রে ঋণ সুবিধা প্রদান করে থাকে।

বেসিক ব্যাংক উন্নয়ন ও বাণিজ্যিক ব্যাংকের এক অনন্য সংমিশ্রণ। বেসিক ব্যাংকের সংঘবিধির ৪অ বিধি অনুযায়ী

তার ঋণদানযোগ্য তহবিলের ৫০% ক্ষুদ্র ও কুটির শিল্পখাতে অর্থায়ন করবে। কিন্তু ২০০৫ সালে সরকার তার শিল্পনীতিতে কিছু পরিবর্তন আনে যাতে ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্পকে নতুন করে সজ্ঞায়িত করা হয়। এরকম উল্লেখযোগ্য পরিবর্তনের কারণে বেসিক ব্যাংক তার সংঘবিধির অর্থায়ন সংক্রান্তবিধিতে সংশোধন আনে। সরকারের উদ্দেশ্যের জন্য "ক্ষুদ্র ও কুটির শিল্প খাত" কে "ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাত" এ সংশোধন করা হয়।

বেসিক ব্যাংকের ঋণ সুবিধা প্রধানত দুই ভাবে দেয়া হয়ঃ

১. তহবিল ঋণঃ যখন নগদ অর্থের আকারে ঋণ দেয় হয়;

২. অ-তহবিল ঋণঃ এক্ষেত্রে তহবিল হতে ব্যয় করতে হয় না বরং এ ধরনের ঋণ হল সেই ঋণ যেখানে ব্যাংক প্রদানের চুক্তি বা প্রতিজ্ঞা করে থাকে।

সারনী ৫ হতে দেখা যাচ্ছে যে, রাজধানী ঢাকাতে অর্থায়ন হয় সবচেয়ে বেশি এবং বরিশাল জেলাতে অর্থায়ন হয় সবচেয়ে কম, অথচ হিসেব করলে হয়ত দেখা যাবে যে ঢাকা জেলার চেয়ে বরিশাল জেলাতেই হয়ত বেসিক ব্যাংকের ক্ষুদ্রঋণের বেশী প্রয়োজন। কারণ এমন অনেক ব্যাংক আছে যেগুলোর শাখা ঢাকা জেলায় থাকলেও বরিশাল জেলায় নেই। আবার ঢাকা এবং চট্টগ্রাম জেলা বাদে বাকি জেলাসমূহে একটি বা দুটির বেশি শাখা বেসিক ব্যাংকের নেই। আমরা এখন বেসিক ব্যাংকের মেয়াদি ঋণ সম্পর্কে আলোচনা পূর্বক বেসিক ব্যাংকের অর্থায়নের বিভিন্ন ক্ষেত্র সমূহ আলোচনা করব।

বেসিক ব্যাংকের মেয়াদি ঋণ ঃ বেসিক ব্যাংকের বিভিন্ন ধরনের ঋণ সুবিধা সম্পর্কে আলোচনার পূর্বে এর ঋণের মেয়াদ সম্পর্কে জানা প্রয়োজন। যেকোন প্রকল্পের স্থায়ী সম্পদের জন্য বিভিন্ন মেয়াদের ঋণ দেয়া হয়ে থাকে।

সারণী ১ঃ বেসিক ব্যাংকের আমানত মিশ্রন, ২০০৮

মি.টাকা

আমানত সমূহ	অর্থের পরিমাণ
চলতি আমানত ও অন্যান্য হিসাব	২৫৪৪.৫১
প্রদানযোগ্য বিল সমূহ	৩২৮.৪৯
ব্যাংকের সঞ্চয় আমানত	৯৫৫.৫০
মেয়াদি আমানত	৩৪৫৩৯.৭২

উৎসঃ বেসিক ব্যাংকের বার্ষিক প্রতিবেদন হতে সংগৃহীত।



ঋণ-ইকুইটির একটা নির্দিষ্ট অনুপাতে এ ঋণ অনুমোদন করা হয়ে থাকে। ঋণ ইকুইটির ক্ষেত্রে কোন নির্দিষ্ট হার না থাকলেও নতুন প্রকল্পের ক্ষেত্রে ঋণের অংশ ইকুইটির চেয়ে কম হওয়াই ভাল। মেয়াদি ঋণে কি পরিমাণে ঋণ দেয়া হবে তা শিল্পের ধরণ, প্রকল্পের আকার ইত্যাদির উপর নির্ভর করে। আবার উদ্যোক্তার প্রকল্পের নীট সম্পদ, শিল্পের ধরণ ইত্যাদির উপর নির্ভর করে বেসিক ব্যাংক ঝুঁকি সর্বনিম্নকরণের লক্ষ্যে পর্যাপ্ত পরিমাণে Collateral security নিয়ে থাকে। কারণ প্রকল্পের সফলতার কোন নিশ্চয়তা থাকে না। মেয়াদি ঋণ একবার দেয়া হয় এবং সাধারণত ৬ মাসের মধ্যে কয়েকটি ইন্সটলমেন্ট এ ঋণশোধ করার অনুমতি দেয়া হয়। তবে সময়টা শিল্পের ধরণ, নির্মাণ কার্যের সময় এবং স্পষ্টতই প্রকল্পে কতটা আয় হচ্ছে তার উপর কমবেশী নির্ভর করে। মেয়াদি ঋণকে তিন ভাগে ভাগ করা যায়:

১. স্বল্প মেয়াদি ঋণঃ সাধারণত এক বছর মেয়াদকাল হয় এ ধরনের ঋণের। এ ঋণ দেয়া হয় বিদ্যমান

সারণী ২: বেসিক ব্যাংক লিমিটেড এর জেলা ভিত্তিক ঋণ ও অগ্রীম, ২০০৪-২০০৮ সময়ে

মি. টাকা

জেলাসমূহ	বছরসমূহ				
	২০০৪	২০০৫	২০০৬	২০০৭	২০০৮
ঢাকা জেলা	৮০৬৪.৫	১০৪৩৭.৪	১২৮১৭.২	১৫৪২৫.১	১৮৯৬৯.১
চট্টগ্রাম জেলা	১৯৫৩.৭	২৯৯৬.৬	৩১৪১.৭	৩৬৩০.৭	৪৪০৪.৯
খুলনা জেলা	৮১১.৯	৩৭৮.৭	১০৬১.৪	১০৬৪.৪	১৫৩৬.০
রাজশাহী জেলা	৭২৬.১	৯৮০.৯	১৩৬১.৯	১৬৫৬.২	১৭৭১.০
সিলেট জেলা	৪০১.৬	৫০২.৭	৫৭৩.৫	৪৩১.৫	৫০৭.২
বরিশাল জেলা	৪২.৩	৪৩.০	৪৪.২	৫৫.৫	৮০.৩
সর্বমোট	১২০০০.০০	১৫৩৩৯.৩	১৯০০০.০	২২২৬৩.৩	২৭২৬৯.০

উৎসঃ বেসিক ব্যাংকের প্রতিবেদন হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে হিসেবকৃত।

প্রকল্পে যেখানে অতিরিক্ত যন্ত্রপাতি আকস্মিক য়ের প্রয়োজন দেখা যায়। আবার এ ঋণ দেবার সময় খেয়াল রাখা হয় যেন প্রকল্পটিতে পর্যাপ্ত নগদ আন্ত:প্রবাহ থাকে যাতে করে এক বছরের মধ্যেই ঋণটির ফেরত নিশ্চিত হয়।

২. মধ্যমেয়াদি ঋণঃ এ ধরনের ঋণ এক বছরের বেশী তবে তিন বছরের কম সময়ের জন্য দেয়া হয়। কোন প্রকল্পের রিটার্নের হার অনেক বেশী আছে বলে মনে হলে ব্যাংক এ ঋণ দিয়ে থাকে।

৩. দীর্ঘমেয়াদি ঋণঃ এ ঋণ ৫ বছর মেয়াদি হয়। নতুন প্রকল্পের ক্ষেত্রে মূলধনী যন্ত্রপাতি কেনার জন্য ব্যাংক এ ধরনের মেয়াদী ঋণ দিয়ে থাকে এবং এসব ঋণ যেসব প্রকল্পে দেয়া হয় সেগুলোতে রিটার্নের হার এতটা বেশী থাকে না যে ঋণ ৫ বছরের কম সময়ে শোধ করা যাবে। বেসিক ব্যাংক এ ধরনের ঋণই বেশীর ভাগ ক্ষেত্রে দিয়ে থাকে।

বেসিক ব্যাংক বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন মেয়াদি ঋণ প্রদান করে থাকে। আমরা এখন বেসিক ব্যাংকের অর্থায়নের ক্ষেত্র সমূহ আলোচনা পূর্বক বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে এর সার্বিক ভূমিকা বিশ্লেষণ করব।

বেসিক ব্যাংকের বাণিজ্যিক উন্নয়নে ঋণ সহায়তা ঃ বেসিক ব্যাংক লিমিটেড ব্যবসা-বাণিজ্য এবং অন্যান্য বাণিজ্যিক কার্যাবলীর উন্নয়নের জন্য ঋণ প্রদান করে থাকে। আমদানী ও রপ্তানীকারকদের প্রায় সবরকমের এবং সর্বোচ্চ সেবা দিতে বেসিক ব্যাংক প্রস্তুত, যেমন নগদ ঋণ, নগদ রপ্তানী ঋণ, প্যাকিং ঋণ, স্বল্প মেয়াদি ঋণ, স্থানীয় ও বিদেশি বিল

য়ের সুবিধা ইত্যাদি। বেসিকের বাণজ্যিক ঋণ সহায়তা স্বল্পমেয়াদি হয়ে থাকে। এ ক্ষেত্রে ব্যাংক অন্যান্য অ-তহবিল সেবাও প্রদান করে থাকে। বেসিক ব্যাংকের, বাণিজ্যিক ঋণ ১৯৯২ সালে ছিল ২৭৩.৩৭ মিলিয়ন টাকা যা মোট ঋণ ও অগ্রীমের ৩৮.১৯ শতাংশ। পরের বছরেই তা ৮৩.০১ শতাংশ বৃদ্ধি পেয়ে ৫০০.৩১ মিলিয়ন টাকা হয় যা ঐ বছরের মোট ঋণ ও অগ্রীমের প্রায় ৫০ শতাংশেরও বেশী ছিল। এভাবে পর্যায়মে বৃদ্ধির সাথে সাথে ১৯৯৮ সালে ৪.৭৫ শতাংশ হ্রাস পায় এ ঋণের প্রবৃদ্ধি যা পরবর্তী বছরে ৫৯.৯৪ শতাংশ পর্যন্তবৃদ্ধি পায়। ২০০০ সালে এবং ২০০৩ সালে পুনরায় যথামে ১.৭৮ এবং ২.৮০ শতাংশ বাণিজ্যিক ঋণের প্রবৃদ্ধি হ্রাস পায়। ২০০৪ সালে আবার বেসিক তার বাণিজ্যিক ঋণের পরিমাণ ৩২.৮৪ শতাংশ বৃদ্ধি করে। পরবর্তী বছরগুলোতে বাণিজ্যিক ঋণের প্রবৃদ্ধি হলেও তা কম আকারে হয়েছে। ২০০৭ সালে বেসিক ব্যাংক ৭৬৮১.৭৪ মিলিয়ন টাকা বাণিজ্যিক ঋণ বিতরণ করে যা ২০০৬ এর তুলনায় ২০.১৯ শতাংশ বেশী এবং ঐ বছরের মোট ঋণ ও অগ্রীমের প্রায় ৩৫ শতাংশ। ১৯৮৯ সালে বেসিক ব্যাংক প্রতিষ্ঠার পর ১৯৯০ সালে যখন পর্যাপ্ত হারে ক্ষুদ্রায়তন শিল্পের উদ্যোক্তা পাওয়া যাচ্ছিল না তখন বেসিক ব্যাংক বাণিজ্যিক ঋণের মাত্রা বাড়িয়ে দেয় যাতে করে মুনাফা অর্জন করা যায়। বেসিকের মূল লক্ষ্যই ছিল শিল্প ও বাণিজ্যিক উন্নয়ন এক সাথে জুড়ে সার্বিক উন্নয়ন সাধন করা। সারণি হতে দেখা যায় ১৯৯২ সালের তুলনায় বেসিক ব্যাংক ২০০৭ সালে বাণিজ্যিক ঋণ হিসেবে প্রায় ৭৪০৮.৩৭ মিলিয়ন টাকা বেশী ঋণ দিয়েছে।

বেসিক ব্যাংকের বৃহৎ, মাঝারী ও ক্ষুদ্রায়তন শিল্পে প্রকল্প ঋণ ঃ বেসিক ব্যাংক লিমিটেড এর প্রতিষ্ঠার পেছনে মূল কারণই ছিল ক্ষুদ্রশিল্প খাতে উদ্যোক্তাদের অর্থায়নের মাধ্যমে সহযোগিতা করা। বাংলাদেশের ১৯৯৯ সালের শিল্পনীতি অনুযায়ী যে সমস্ত শিল্পের মোট বিনিয়োগ ১০০ মিলিয়ন টাকার কম সেসব শিল্পকেই ক্ষুদ্র শিল্প হিসেবে বিবেচনা করা হয়। পূর্বে অর্থাৎ বেসিক ব্যাংক যখন প্রতিষ্ঠিত হয় সে সময় ক্ষুদ্রশিল্প বলতে সে সমস্ত শিল্পকে বলা হত যেগুলোর মোট স্থির বিনিয়োগ অর্থাৎ ভূমির মূল্য, আন্ত:পরিবহন খরচ, কর ও শুল্ক এবং যন্ত্রপাতির কমিশন ইত্যাদি বাদে যে শিল্পের স্থির বিনিয়োগ ৩০ মিলিয়ন টাকার মধ্যে থাকত সেগুলোকে। সেসময় কমপক্ষে ৫০ শতাংশ ঋণযোগ্য তহবিলের অর্থ এ খাতে হস্তান্তর করতে হত। সারণী ৩ এবং ৪ হতে দেখা যায় যে, ১৯৯২ সালে বেসিক ব্যাংক ৪৪২.৩৮ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিভিন্ন প্রকল্পে বিতরণ করে যা মোট ঋণ ও অগ্রীমের ৬১.৮০ শতাংশ। বেসিক ব্যাংকের ১৯৯২ সালের বার্ষিক প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী বেসিক মেয়াদি ঋণের সহায়তা হিসেবে বাংলাদেশ ব্যাংক ও এডিবি কর্তৃক ৮১.৬০ মিলিয়ন টাকা গ্রহণ করে। ঐ বছর ক্ষুদ্রায়তন শিল্পে বেসিক ২৩০.২১ মিলিয়ন টাকা বিতরণ করে এবং ক্ষুদ্র শিল্পে ২০.৫০ মিলিয়ন টাকা অপরিশোধিত থাকে এবং প্রায় ৮৩ শতাংশ অর্থাৎ ১৬.৯৩ মিলিয়ন টাকার ঋণ পুনরুদ্ধার হয়। ১৯৯৩ সালে বেসিক ব্যাংক ৪৮৬.৩০ মিলিয়ন টাকা শিল্প ঋণের বিভিন্ন প্রকল্পে বিতরণ করে। এ বছর ব্যাংক ঋণের জন্য ৩৮টি আবেদন পায় যার মধ্যে ২৬টিতে ঋণ অনুমোদন করে। ১৯৯৩ সালে ৭৭.৭০ মিলিয়ন টাকা অপরিশোধিত এবং ৮৫ শতাংশ অর্থাৎ ৬৮.৭০ মিলিয়ন টাকা পুনরুদ্ধার করে।১৯৯৫ সালে বেসিক ব্যাংক শিল্পে মোট ৯১৫.২০ মিলিয়ন টাকা বিতরণ করে। ক্ষুদ্রায়তন শিল্পে ৪৫টি প্রকল্পে ১২৩.৯০ মিলিয়ন টাকা অনুমোদন করে। ২০০০ সালে বেসিক ব্যাংক ২৭৩৫.৫০ মিলিয়ন টাকা বিভিন্ন প্রকল্পে বিতরণ করে যা ঐ বছরের মোট ঋণ ও অগ্রীমের প্রায় ৬০ শতাংশ। সে বছর ব্যাংক ৯০টি প্রকল্পে ৬৩৬ মিলিয়ন টাকার মেয়াদী ঋণ বিতরণ করে।বেসিক ২০০০ সালে এর মোট ঋণদানযোগ্য তহবিলের ৪৪ শতাংশই ক্ষুদ্রায়তন শিল্পে বিতরণ করে যাতে করে এর প্রতিষ্ঠার মূল লক্ষ্য বাস্তবায়িত হয়। ২০০৩ সালে বেসিক ব্যাংক ৬২৫২.০০ মিলিয়ন টাকা ঋণ দেয় যা পূর্ববর্তী বছরের চেয়ে ৩৪.২২ শতাংশ বেশী এবং ঐ বছরের মোট ঋণ ও অগ্রীমের ৬৭.৩৫ শতাংশ শিল্প ক্ষেত্রে বিতরণ করে।

২০০৩ সালে ১৫৪টি মেয়াদি ঋণ বেসিক অনুমোদন করে যার মধ্যে ৭৪টি নতুন প্রকল্প এবং বাকি ৫১টি বিদ্যমান প্রকল্প যাদের প্রত্যেকটির স্থির বিনিয়োগ ছিল ৫ মিলিয়ন টাকার কম।২০০৫ সালে বেসিক ৯৯৮৭.৫০ মিলিয়ন টাকা শিল্পোন্নয়নে বিতরণ করে যা পূর্ববর্তী বছরের চেয়ে প্রায় ৩০ শতাংশ বেশী। ২০০৫ সালে বেসিক ব্যাংক ১৭৫টি প্রকল্পে মেয়াদি ঋণ অনুমোদন করে যার মধ্যে ১০৯টিই নতুন প্রকল্প। ২০০৭ সালে বেসিক ব্যাংক শিল্প

ক্ষেত্রে পূর্ববর্তী বছরের চেয়ে ১৩.৫৪ শতাংশ বেশী বিনিয়োগ করে। এ বছর ১৮৭টি প্রকল্পে ঋণ অনুমোদন করে। বেসিক ব্যাংকের ২০০৭ সালের বার্ষিক প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী মেয়াদি ঋণ ও চলতি মূলধনসহ বেসিক ২০০৭ সালে মোট ১৩৯০১.৫০ মিলিয়ন টাকার ঋণ অনুমোদন করে যার মধ্যে অনুমোদিত মেয়াদি ঋণের পরিমান ৫০৫৫.৬০ মিলিয়ন টাকা। বেসিক ব্যাংক প্রধান প্রধান যে সমস্ত খাতে শিল্প ঋণ দিয়ে থাকে তা হল খাদ্য ও খাদ্য আনুষাঙ্গিক, কেমিক্যাল, কাগজ, বোর্ড, চামড়া, পাট জাত পণ্য ইত্যাদি। টেক্সটাইল খাত জাতীয় অর্থনীতিতে বৃহৎ অবদান রাখার কারণে বেসিকের শিল্পঋণ গার্মেন্টস ও টেক্সটাইল খাতেও প্রদান করা হয়। বেসিক তার মোট ঋণ ও অগ্রীমের প্রায় অর্ধেকই ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে দিয়ে থাকে। ২০০৭ সালে বেসিক ব্যাংক তার মোট ঋণ ও অগ্রীমের প্রায় ৫৭ শতাংশ ক্ষুদ্রায়তন শিল্পে বিতরণ করে এবং ঋণ পুনরুদ্ধারের হার প্রায় ৯০ শতাংশ। বেসিক ব্যাংকের ২০০৭ সালের বার্ষিক প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী এ বছর বেসিক মোট ঋণ ও অগ্রীমের প্রায় ৬৩ শতাংশ ক্ষুদ্র ও মাঝারি শিল্পে অনুমোদন করে। যার মধ্যে টেক্সটাইল খাতেই শিল্প ঋণের ১৯.১০ শতাংশ অনুমোদন করা হয় যা মোট ঋণ ও অগ্রীমের ১১.৯৫ শতাংশ। বেসিক ব্যাংক তার নামের স্বার্থকতার লক্ষ্যেই ক্ষুদ্র ও মাঝারী শিল্পে বৃহৎ আকারে ঋণ প্রদান করে থাকে। বাংলাদেশের মত উন্নয়নশীল এবং দরিদ্র দেশে খুব তাড়াতাড়ি বৃহৎ ও ভারী শিল্প গড়ে তোলার মত সম্পদ বা মূলধন নেই। কিন্তু ক্ষুদ্রায়তন ও মাঝারী শিল্পের যথেষ্ট সম্ভাবনা আছে যা থেকে সঞ্চয়ের মাধ্যমে ভবিষ্যতে বাংলাদেশে বৃহৎ, মৌলিক ও ভারী শিল্পের বিকাশের মাধ্যমে শিল্পোন্নয়ন সম্ভব। এ লক্ষ্যকে সামনে রেখেই বেসিক ব্যাংকের প্রতিষ্ঠা এবং বেসিক ব্যাংক এখনও সেই লক্ষ্যেই কাজ করে যাচ্ছে। সারণী ৮ এ বেসিক ব্যাংকের আকার ভিত্তিক শিল্প ঋণের চিত্র হতেই বোঝা যায় যে, বেসিক ব্যাংক ক্ষুদ্রায়তন শিল্পে ব্যাপক হারে ঋণ প্রদান করেছে যাতে করে এগুলো উন্নত হতে পারে। বেসিক ব্যাংকের আকার ভিত্তিক শিল্পঋণ বিতরণের বিষয়টি এর শিল্পঋণের ত্রৈমাসিক সারণী ৯ হতে আরও স্পষ্ট হয়। সারণী ৯ এ বেসিক ব্যাংকের শিল্প ঋণের ত্রৈমাসিক বিবরণীর ২০০৭ এর অক্টোবর হতে ডিসেম্বর, ২০০৮ এর অক্টোবর হতে ডিসেম্বর এবং ২০০৯ এর জানুয়ারী হতে মার্চ সময়কালের চিত্র উপস্থাপিত হয়েছে। সারনী হতে দেখা যায় যে, ২০০৭ সালে সরকারী খাতে কোন ঋণ মঞ্জুর, বিতরণ, আদায়, বকেয়া বা মেয়াদোত্তীর্ণ নেই। ২০০৮ এ এসে সরকারী খাতের বৃহৎ শিল্পে ১১.৬৪ কোটি টাকা চলতি মূলধন মঞ্জুর এবং বিতরণ করা হয় যা আদায় হয়নি বিধায় ২০০৮ এ বৃহৎ শিল্পে বকেয়া ঋণের পরিমাণ হয় ১৭.৫৫ কোটি টাকা।২০০৯ সালের জানুয়ারী-মার্চ সময়ে সরকারী খাতের চলতি মূলধনে কোন ঋণ প্রদান হয়নি। কিন্তু এ সময় পূর্বের বকেয়াসহ মোট বকেয়া ঋণের পরিমাণ দাঁড়ায় ২২.২৪ কোটি টাকা। ২০০৭ এ বেসরকারী খাতের বৃহৎ ও মাঝারী শিল্পে ৫৩.৬২ কোটি টাকা মঞ্জুর করে ৪৭.৯০ কোটি টাকা বিতরণ করা হয়। ঐ বছর আদায় হয় ২০.৩৪ কোটি টাকা, বকেয়া থাকে ৩৬৬.৬১ কোটি টাকা এবং মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ১২.৪৭ কোটি টাকায় দাঁড়ায়। এভাবে সার্বিক তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, বেসিক ব্যাংক সরকারী খাতে খুব কম অংশগ্রহণ করে। বেসরকারী খাতের বৃহৎ শিল্পে যে পরিমাণ ঋণ মঞ্জুর করা হয় ক্ষুদ্র ও কুটির শিল্পে তার চেয়ে অনেক কম মঞ্জুর করা হয়। অথচ ক্ষুদ্র ও কুটির শিল্পখাতে আদায়ের পরিমাণ থাকে প্রায় শতভাগ। সুতরাং বেসিক ব্যাংকের উচিত হবে ক্ষুদ্রায়তন শিল্পে আরও বেশী ঋণ সুবিধা প্রদান করা।

বেসিক ব্যাংক লিমিটেড এর বৈদেশিক বাণিজ্য সম্পর্কিত ঋণ ঃ বেসিক ব্যাংক আমদানী ও রপ্তানীর ক্ষেত্রে টেকশই প্রবৃদ্ধির লক্ষ্যে কাজ করে। যেকোন দেশের উন্নয়নের জন্য আমদানী-রপ্তানী ব্যবসা অতিব গুরুত্বপূর্ণ। আমদানি রপ্তানি ব্যবসা বাংলাদেশের মত উন্নয়নশীল দেশের অর্থনীতির জন্য অতি গুরুত্বপূর্ণ খাত। বেসিক ব্যাংক রপ্তানির ক্ষেত্রে রেডিমেট, নীট এবং ওভেন পোষাক, সোয়েটার, পাট ও পাটজাত পণ্য, চামড়া এবং চামড়াজাত পণ্য এবং হস্তশিল্পে অর্থায়ন করে থাকে। আবার শিল্পজাত কাঁচামাল, গার্মেন্টস সামগ্রী, মূলধনী যন্ত্রপাতি, কাঁচা সূতা, বৈদ্যুতিক পণ্য, কেমিক্যাল, টায়ার ও টিউব, রিকন্ডিশন যানবাহন, বাই সাইকেল যন্ত্রাংশ, খাদ্য পণ্য যেমন: চাল, গম, রসুন, পেঁয়াজ, চিনি, মরিচ এবং অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যের ক্ষেত্রে আমদানী ঋণ প্রদান করে থাকে। বেসিক ব্যাংক প্রথম স্তরে অর্থাৎ ১৯৮৯-১৯৯৩ সময়ে আমদানী বাণিজ্যে অর্থায়ন করেছে রপ্তানী বাণিজ্যের চেয়ে অনেক বেশী (সারণী–৫)।

সারণী ৩ : বেসিক ব্যাংক লিমিটেড এর শিল্প ঋণের প্রবৃদ্ধির চিত্র, ১৯৮৯-২০০৭ সময়ে

বছর	অর্থের পরিমাণ (মি. টাকা)	প্রবৃদ্ধি (%)	মোট ঋণ ও অগ্রীম (মি. টাকা)	মোট ঋণ ও অগ্রীমে শিল্প ঋণের অংশ (%)
১	২	৩	৪	৫
১৯৮৯	-	-	৬৬.৪৫	-
১৯৯০	২০০.০০	-	২০০.০০	১০০.০০
১৯৯১	-	-	৪৩২.৮০	-
১৯৯২	৪৪২.৩৮	-	৭১৫.৭৫	৬১.৮০
১৯৯৩	৪৮৬.৩০	৯.৯২	৯৮৬.৬১	৪৯.২৮
১৯৯৪	৭২৪.৭০	৪৯.০২	১১১২.২৪	৬৫.১৫
১৯৯৫	৯১৫.২০	২৬.২৮	১৫৬১.২৯	৫৮.৬১
১৯৯৬	৯১৪.৪০	(০.০৪)	১৭২৪.৮১	৫৩.০১
১৯৯৭	১৪০৮.২৫	৫৪.০০	২৬৩০.৯০	৫৩.৫২
১৯৯৮	২০২৮.৫০	৪৪.০৪	৩২১৮.৯০	৬৩.০১
১৯৯৯	২০৬২.১৯	১.৬৬	৩৯৬০.১১	৫২.০৭
২০০০	২৭৩৫.৫০	৩২.৬৫	৪৬১৮.৭৩	৫৯.২২
২০০১	৩৭৬৯.০০	৩৭.৭৮	৬২৬০.৭৮	৬০.২০
২০০২	৪৬৫৮.০০	২৩.৫৮	৭৯৫৭.০৪	৫৮.৫৩
২০০৩	৬২৫২.০০	৩৪.২২	৯২৮২.২০	৬৭.৩৫
২০০৪	৭৬৯১.২০	২৩.০১	১২০০০.১৫	৬৪.০৯
২০০৫	৯৯৮৭.৫০	২৯.৮৫	১৫৩৩৯.৩৫	৬৫.১১
২০০৬	১২২৪৩.৫৬	২২.৫৮	১৯০০০.০০	৬৪.৪৩
২০০৭	১৩৯০১.৪০	১৩.৫৪	২২২৬৩.৩৫	৬২.৪৪

উৎসঃ বেসিক ব্যাংক হতে সংগৃহিত তথ্যের ভিত্তিতে হিসেবেকৃত । " ( ) " বন্ধনীর মধ্যে ঋণাত্মক প্রবৃদ্ধি নির্দেশ করা হয়েছে ।

১৯৯৩ সালে বেসিক ব্যাংক বৈদেশিক বিনিময় ব্যবসায় লিপ্ত হয় । ঐ বছর ব্যাংক শিল্পের যন্ত্রপাতি, কাঁচামাল এবং বাণিজ্যিক দ্রব্য আমদানীতে অর্থায়ন করে । এর ফলে দেশে শিল্পোন্নয়নে সাহায্য হয় । প্রথম স্তরে আমদানী ও রপ্তানী ব্যবসায় অর্থায়নের বার্ষিক গড় প্রবৃদ্ধি ছিল ৬৪.১৭ শতাংশ যদিও ১৯৯৩ সালে আমদানি প্রবৃদ্ধি প্রায় ১০৬ শতাংশ হ্রাস পেয়েছিল ।২য় স্তরে আমাদনী ও রপ্তানী ব্যবসায় অর্থায়নে প্রবৃদ্ধি পরিলক্ষিত হয় এবং বার্ষিক গড় প্রবৃদ্ধি হয় ৩৭ শতাংশ । ৩য় স্তরে আমদানী রপ্তানী উভয় ব্যবসায় অর্থায়নেই নিম্নগামীতা পরিলক্ষিত হয় । ২০০১ সালে আমদানীতে রীতিমত ৪০৫.২ শতাংশ অর্থায়ন হ্রাস পায় । এর কারণ হয়ত ঐ বছর লেটার অব ক্রেডিট এর উপর কিছু প্রতিবন্ধকতা দেয়া হয়েছিল । ৩য় স্তরে বেসিক ব্যাংক পুনরায় প্রবৃদ্ধি অর্জন করে তবে তা শুরুর দিকের তুলনায় অনেক বেশি । বেসিক ব্যাংক লেটার অব ক্রেডিট ছাড়াও আমদানী ক্ষেত্রে আমদানী পরবর্তী বিভিণ্ন ঋণ ও প্রদান করে থাকে । বেসিক ব্যাংক বর্তমানে প্রায় ২২টি বিদেশী ব্যাংকের সাথে সম্পর্কিত যাতে করে বৈদেশিক বাণিজ্যে কোন প্রতিবন্ধকতা না আসে । বেসিক ব্যাংক বিশ্বব্যাপী টেলিফোনে আন্তঃব্যাংক অর্থায়ন (SWIFT) এর সদস্য যা বৈদেশিক বিনিময় ব্যবসা এবং তহবিল স্থানান্তরের ক্ষেত্রে একে প্রতিবন্ধকতাবিহীন যোগাযোগ ব্যবস্থা গড়ে দিয়েছে ।

বেসিক ব্যাংকের মুনাফার চিত্র ঃ অর্থনৈতিক বিশ্লেষণের মাধ্যমে লাভজনকতা পরিমাপের একটি গুরুত্বপূর্ণ

সারণী ৪: শিল্পের ধরন অনুযায়ী বেসিক ব্যাংক লিমিটেডের ঋণ বিতরন ও আদায়ের চিত্র, ১৯৯২-২০০৭ সময়ে

মি. টাকা.

বছর	প্রকল্প ও ঋনের বিবরন	শিল্পের আকার		মোট	আদায়ের হার (%)
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
১	২	৩	৪	৫	৬
১৯৯২	প্রকল্প সংখ্যা	-	১৭	১৭	৮৩
	অর্থের পরিমাণ	-	২৩০.২১	২৩০.২১	
১৯৯৩	প্রকল্প সংখ্যা	-	২৬	২৬	৮৫
	অর্থের পরিমাণ	-	২৪৩.১০	২৪৩.১০	
১৯৯৪	প্রকল্প সংখ্যা	-	৩২	৩২	৮৫
	অর্থের পরিমাণ	-	১১০.১০	১১০.১০	
১৯৯৫	প্রকল্প সংখ্যা	-	৪৫	৪৫	৮৭
	অর্থের পরিমাণ	-	১২৩.৯০	১২৩.৯০	
১৯৯৬	প্রকল্প সংখ্যা	-	৪১	৪১	৮৭
	অর্থের পরিমাণ	-	১৪৪	১৪৪	
১৯৯৭	প্রকল্প সংখ্যা	-	৪৭	৪৭	৮৭
	অর্থের পরিমাণ	-	১০৩	১০৩	
১৯৯৮	প্রকল্প সংখ্যা	-	৫১	৫১	৮৬
	অর্থের পরিমাণ	-	১৮১	১৮১	
১৯৯৯	প্রকল্প সংখ্যা	৯	১৫২	১৬১	৮৬
	অর্থের পরিমাণ	২০০	৬৬৯.১৫	৮৬৯.১৫	
২০০০	প্রকল্প সংখ্যা	-	৯০	৯০	৮৫
	অর্থের পরিমাণ	-	৬৩৬	৬৩৬	
২০০১	প্রকল্প সংখ্যা	-	১০৪	১০৪	৮৭
	অর্থের পরিমাণ	-	৬৪৭	৬৪৭	
২০০২	প্রকল্প সংখ্যা	২	৯৮	১০০	৮৮
	অর্থের পরিমাণ	১৫৮	৫১০	৬৬৮	
২০০৩	প্রকল্প সংখ্যা	-	১৫৪	১৫৪	৮৮
	অর্থের পরিমাণ	-	৯৪১.১১	৯৪১.১১	
২০০৪	প্রকল্প সংখ্যা	-	১৬০	১৬০	৮৭
	অর্থের পরিমাণ	-	১১০৭	১১০৭	
২০০৫	প্রকল্প সংখ্যা	-	১৭৫	১৭৫	৮৯
	অর্থের পরিমাণ	-	৩৫১৭	৩৫১৭	
২০০৬	প্রকল্প সংখ্যা	-	১৫৯	১৫৯	৮৯
	অর্থের পরিমাণ	-	৩৮৯৭	৩৮৯৭	
২০০৭	প্রকল্প সংখ্যা	-	১৮৭	১৮৭	৮৯
	অর্থের পরিমাণ	-	৫০৫৫.৬০	৫০৫৫.৬০	

উৎসঃ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের কার্যাবলী এবং বেসিক ব্যাংকের বার্ষিক প্রতিবেদন হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে প্রস্তুতকৃত।

পরিমাপক হল মুনাফা মার্জিন। এ অনুপাত যেমনিভাবে একটি ফার্মের কার্যাবলী পরীক্ষণ করতে পারে ঠিক তেমনিভাবে ব্যাংকের ক্ষেত্রেও পরীক্ষণ করতে পারে। মুনাফা মার্জিন দুই ধরনের: ১. মোট মুনাফা মার্জিন; এবং ২. নীট মুনাফা মার্জিন।

মোট মুনাফা মার্জিন ঃ মোট মুনাফা মার্জিনকে মোট মার্জিনও বলা হয়। এটা মোট মুনাফাকে মোট আয় দ্বারা ভাগ করে হিসাব করা হয়। বেসিক ব্যাংকের আয়ের প্রধান উৎসসমূহ বিভিন্ন সম্পদ, যেমন: ঋণ, বিনিয়োগ ইত্যাদি। ঋণের ক্ষেত্রে পর্যাপ্ত মুনাফার সরবরাহ এবং ব্যাংকের বিভিন্ন ব্যয় কভার করার জন্য যথাযোগ্য স্তরে ঋণের মূল্য নির্ধারণ করা উচিত। কিন্তু ঋণের মূল্য নির্ধারণ দেশের সাধারণ আর্থিক ও ঋণশর্ত, প্রতিযোগিতামূলক শর্ত, সুদ আইন, মিশ্র ঋণ ইত্যাদি দ্বারা শর্তবদ্ধ। মোট মুনাফা মার্জিন প্রথমত বেসিকের আয় বৃদ্ধির ক্ষমতা এবং দ্বিতীয়ত ব্যয় নিয়ন্ত্রণের সামর্থ্যকে নির্দেশ করে। মোট মুনাফা মার্জিন সেই সীমাকে নির্দেশ করে যার নীচে আয়ের হ্রাস গ্রহণযোগ্য নয়। উচ্চ মুনাফা মার্জিন ব্যাংকের ব্যয় নিয়ন্ত্রণের সামর্থ্যের প্রতিফলন দেখাতে পারে। আপেক্ষিকভাবে কম মুনাফা মার্জিন স্পষ্টতই ক্ষতির সংকেত। সারণি ২২ এ বেসিক ব্যাংকের মোট মুনাফা মার্জিনের বার্ষিক গড় দেখান হয়েছে। প্রথম স্তরের চেয়ে দ্বিতীয় স্তরে মোট মুনাফা মার্জিন ২১.৯২ শতাংশ বৃদ্ধি পেয়েছে যা নি:সন্দেহে বোঝায় যে, এ সময়টাতে বেসিক যথেষ্ট ভালভাবে ব্যয় নিয়ন্ত্রণে সমর্থ হয়েছে। তৃতীয় স্তরে মোটামুটি একই অবস্থানে থাকলেও চতুর্থ স্তরে এসে মোট মুনাফা মার্জিন হ্রাস পেয়ে গড়ে ২৯ শতাংশেরও নীচে নেমে এসেছে। প্রথম দিকে ১৯৯১-৯২ সালে মোট মুনাফা মার্জিন কম থাকলেও পরবর্তী বছর সমূহে তা বৃদ্ধি পেয়েছিল। কিন্তু চতুর্থ স্তরের শুরু থেকে অর্থাৎ ২০০৪ সাল থেকে তা হ্রাস পায় এবং ২০০৫ সালে একবার বৃদ্ধি পেয়ে পুনরায় ২০০৭ সালে ২২.৭৬ মিলিয়ন টাকায় নেমে আসে, ২০০৮ সালে খানিকটা বৃদ্ধি পেলেও তা খুব একটা প্রভাব ফেলতে পারেনি (সারণী-৬)।

নীট মুনাফা মার্জিন ঃ নীট মুনাফা মার্জিনকে নীট মার্জিনও বলা হয়ে থাকে। এটা নীট মুনাফা এবং মোট আয়ের মধ্যেকার সম্পর্ক নির্দেশ করে। একটি ব্যাংকের নীট মুনাফা মার্জিন মূলত: মোট মুনাফা মার্জিন এবং প্রয়োগযোগ্য আয়কর নির্ধারকসমূহকে প্রভাবিত করে এমন সকল উপাদানের উপর নির্ভর করে। নীট মুনাফা মার্জিন করপরবর্তী আয়কে মোট আয় দ্বারা ভাগ করে হিসাব করা হয়। কোন নির্দিষ্ট সময়ে ব্যাংকের ব্যবসা চালানোর জন্য বেসিকের ব্যবস্থাপনা ব্যবস্থা ঐ সময়ে তার আয় দ্বারা কতটা সফলভাবে ব্যয় রিকভার করতে সক্ষম তা নীট মুনাফা মার্জিন নির্দেশ করে, যেমন অপারেটিং ব্যয়, ঋণকৃত তহবিলের মূল্য ইত্যাদির ব্যয় এবং একই ভাবে শেয়ার মালিকদের কতটা সফলভাবে যথাযোগ্য লভ্যাংশ প্রদান করে থাকে তাও এই নীট মুনাফা মার্জিন দ্বারা বোঝা সম্ভব। উচ্চ নীট মুনাফা মার্জিন শেয়ার মালিকদের পর্যাপ্ত রিটার্ন নিশ্চিত করতে পারে এবং একইভাবে প্রতিকূল অর্থনৈতিক অবস্থায় বেসিক ব্যাংককে শক্তভাবে দাঁড়িয়ে থাকতে সাহায্য করে।

সারণী ৫ঃ বেসিক ব্যাংকের বৈদেশিক বাণিজ্যে ঋণের বার্ষিক গড় প্রবৃদ্ধি, ১৯৮৯-২০০৭ সময়ে

বছর	আমদানীতে বার্ষিক গড় অর্থায়ন (মি. টাকা)	বার্ষিক গড় প্রবৃদ্ধি (%)	রপ্তানীতে বার্ষিক গড় অর্থায়ন (মি. টাকা)	বার্ষিক গড় প্রবৃদ্ধি (%)	মোট বৈদেশিক বাণিজ্যে ঋণের গড় প্রবৃদ্ধি (%)
১	২	৩	৪	৫	৬
১৯৮৯-১৯৯৩	১০৪০.৭৫	২২৫.১৪	২৪৭.৫০	১০৩.৭৮	৬৪.১৭
১৯৯৪-১৯৯৮	৫২৯৬.৬৪	৩৯.৪৩	২৭৫৮.৯০	৪৪.৮০	৩৭.০০
১৯৯৯-২০০৩	৮২৮১.৯৪	(৭৩.২৪)	৫৮১৩.৩৪	১২.৭২	৭.৮৭
২০০৪-২০০৭	১৬৪১৮.৪	২১.২৪	১২৮১৫.৭৪	২৫.৫৭	২২.৮১

উৎসঃ বেসিক ব্যাংক

সারণী ৭ হতে দেখা যায় যে, বেসিক ব্যাংকের প্রথম স্তরে নীট মুনাফার হার ছিল ৪.৮১ শতাংশ যা পরবর্তী স্তরে বৃদ্ধি পেয়ে ১৮.৪০ শতাংশে দাঁড়ায়। এবং ৩য় স্তরে অর্থাৎ ১৯৯৯ থেকে ২০০৩ সালে বেসিক ব্যাংক পূর্ববর্তী স্তরের চেয়ে কিছু কম নীট মুনাফা অর্জন করে, ১৮.২১ শতাংশ, কিন্তু চতুর্থ স্তরে এ নীট মুনাফা হ্রাস পেয়ে ১৩.৪৮ শতাংশে এসে দাঁড়ায়। এ সময় ২০০৬ সালের কর পরবর্তী নীট আয়ের চেয়ে ২০০৭ সালের কর পরবর্তী নীট আয় প্রায় ৫০ শতাংশ হ্রাস পেয়ে যায় যে কারণে নীট মুনাফার হার এত কম আসে। মোট মুনাফার ক্ষেত্রেও একই সময়ে একই অবস্থা পরিলক্ষিত হয়। নীট মুনাফা ২য় স্তরে অনেক বেশী অর্থাৎ এ সময়টাতে বেসিক ব্যাংক তার শেয়ার মালিকদের পর্যাপ্ত রিটার্ন দেবার পাশাপাশি নিজের অবস্থানও শক্ত করে। কিন্তু পরবর্তী স্তরে তা কিছুটা হ্রাস পায়। মোট ও নীট মুনাফা মার্জিন এর এই নিম্ন প্রবণতা হতে পারে নতুন কোন তহবিল বা পূর্ববর্তী তহবিলের সুদের হার বৃদ্ধি অথবা অপরিশোধিত ঋণের জন্য প্রভিশন বৃদ্ধি অথবা মূল্য বৃদ্ধির সাথে সঙ্গতি রেখে ব্যাংক তহবিল গঠনের জন্য যে ঋণ নেয়া হয় সে ঋণের সুদের হার বৃদ্ধির জন্য। বাংলাদেশ ব্যাংক আমানত অগ্রীমের ক্ষেত্রে সুদের হার সময়ের সাথে সাথে নির্ধারণ করে। কিন্তু বেসিককে তার অন্যান্য উৎস যেখান থেকে সে ঋণ গ্রহণ করে তাদেরকে সুদ প্রদান করতে হয়। ১৯৯০-৯১ সালে বাংলাদেশ সরকার কর্তৃক আর্থিক খাত পুনর্গঠনের নীতি নেয়া হয়েছে। ফলে বেসিক ব্যাংক প্রয়োজন হলে কেন্দ্রিয় ব্যাংক কর্তৃক নির্ধারিত সীমার মধ্যে তার সুদের হার পরিবর্তন করতে পারে। মুনাফার এ হ্রাস হয়ত ঋণের মূল্যের বৃদ্ধির ফলে হয়েছে। কারণ একই সময়ে ঋণের মূল্য তার পূর্ববর্তী স্তর থেকে খুব সামান্য হ্রাস পেয়েছে। কিন্তু ঐ একই সময়ে ঋণ ও বিনিয়োগের উপর রিটার্নের হার তার পূর্ববর্তী স্তর থেকে অনেকখানি হ্রাস পেয়েছে। তাছাড়া অন্যান্য রিটার্নের হারসমূহও হ্রাস পেয়েছে যা আমরা পূর্বেই দেখেছি। এর অর্থ হল ব্যাংক এ সময়ে খানিকটা ক্ষতির সম্মুখীন হয়েছে।

বেসিক ব্যাংক লিমিটেড এর ক্ষুদ্র ঋণ কর্মসূচী ঃ বেসিক ব্যাংক ১৯৯৪ সালে শহরে দরিদ্রদের জন্য ক্ষুদ্র ঋণ কর্মসূচীর সূচনা করে। নিম্নে কিছু কারণ দেয়া হল যে কারণগুলোই বেসিক ব্যাংককে শহরে দরিদ্রদের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচী চালু করতে উদ্বুদ্ধ করে ঃ

১. গ্রামীণ ব্যাংক এবং এর মত আরো কিছু প্রতিষ্ঠান আছে যারা গ্রাম্য এলাকায় ক্ষুদ্র ঋণ এর সেবা প্রদান করছে এবং পল্লী এলাকার মাঝেই এদের কার্য□ম সীমাবদ্ধ রেখেছে। একারনেই বেসিক শহরের দরিদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তাদের সহায়তায় ক্ষুদ্রঋণ কর্মসূচী নিয়ে এগিয়ে আসে। আবার শহুরে এলাকায় যেসমস্ত প্রতিষ্ঠান আছে তারা বেশীরভাগ সময়েই অর্থ সংকটে পরে এবং পর্যাপ্ত তহবিলসহ এরকম ক্ষুদ্র ঋণ সেবা প্রদানকারি প্রতিষ্ঠান শহুরে এলাকায় খুব কমই আছে। এসব শহুরে প্রতিষ্ঠানসমূহ, আরও স্পষ্টভাবে বললে এনজিওসমূহ তাদের নিজস্ব ক্ষুদ্র ঋণ কর্মসূচী পরিচালনার জন্য পর্যাপ্ত তহবিল প্রয়োজন এবং এদের সাহায্য করতেই বেসিক এর ক্ষুদ্র ঋণ কর্মসূচী চালু করে। ২. বাণিজ্যিক ক্ষুদ্র উদ্যোক্তাদের সরাসরি ঋণ সরবরাহ করা উচিত। কিন্তু একক বা এক দল উদ্যোক্তাকে সরাসরি ঋণ সরবরাহ করা বাণিজ্যিক ব্যাংকগুলোর জন্য ব্যয়বহুল। এনজিওগুলোর মাধ্যমে শহুরে দরিদ্রদের পরোক্ষভাবে অর্থায়ন এক্ষেত্রে ফলপ্রসু হতে পারে। ৩.বানিজ্যিক ব্যাংকগুলোর জন্য ক্ষুদ্র ঋণ কর্মসূচী ব্যবসা হিসেবে যথেষ্ট কার্যকর; কিন্তু এদের সরবরাহকৃত ঋণ বেশীরভাগ ক্ষেএেই দরিদ্ররা পায় না।

উপরোক্ত বিষয়গুলোর সাপেক্ষে বেসিক ব্যাংক ক্ষুদ্রঋণ সরবরাহ করে থাকে। তাদের এ ক্ষুদ্র ঋণ প্রকল্পের জন্য তারা এডিবি এর ক্ষুদ্র ও কুটির শিল্প প্রকল্প ঋণ এবং জার্মানীর kfw (Credit institution for reconstruction) নামক একটি জার্মান উন্নয়ন ব্যাংক এর ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্রায়তন শিল্পের জন্য ঋণ প্রকল্পসমূহ হতে ধার করে থাকে।

উদ্দেশ্যঃ এ স্কীম এর প্রধান উদ্দেশ্য হল দরিদ্র জনগণের মাঝে ঋণ সরবরাহ করা, বিশেষ করে ভূমিহীন ও সম্পদহীন দরিদ্র জনগোষ্ঠীর মাঝে ঋণ সরবরাহ করা যাতে করে তারা নিজস্ব কর্মসংস্থান তৈরীতে সক্ষম হতে

সারণী ৬ঃ বেসিক ব্যাংক লিমিটেড এর মোট মুনাফা মার্জিন এর হার, ১৯৮৯-২০০৮ সময়ে

%

বছর	মোট মুনাফা মার্জিনের বার্ষিক গড় হার
১	২
১৯৮৯-১৯৯৩	১১.৪৮
১৯৯৪-১৯৯৮	৩৩.৪০
১৯৯৯-২০০৩	৩৩.৫৪
২০০৪-২০০৮	২৮.১৪

উৎসঃ বেসিক ব্যাংক



পারে। গ্রাম্য দরিদ্রদের সমস্যা চিহ্নিত করার ক্ষেত্রে বেসিক ব্যাংকের সীমাবদ্ধতা আছে। কারণ গ্রাম্য এলাকায় এর কোন শাখা নেই। বেসিক ব্যাংক শহুরে দরিদ্রদের সীমিত আকারে ঋণ সরবরাহ করে থাকে। এ স্কীম তৈরী করা হয়েছে দরিদ্র্য জনগোষ্ঠীকে ঋণ সরবরাহে বেসিক ব্যাংকের পূর্ব অভিজ্ঞতা এবং দেশের অন্যান্য ব্যাংক ও এনজিওসমূহের অভিজ্ঞতার উপর ভিত্তি করে।

টার্গেট গ্রুপঃ এ স্কীম এর টার্গেট গ্রুপ এ বেশীর ভাগ ক্ষেত্রেই শহুরে দরিদ্রদের অন্তর্ভূক্ত করা হয়, বিশেষ করে শহরের অপ্রচলিত খাতগুলোতে কর্মরতদের, যাদের বেশির ভাগই শহরের বস্তি অঞ্চল বা যেনতেনভাবে নির্মিত বাড়িতে বসবাস করে। শহুরে দরিদ্র বিশেষ করে কারিগর শ্রেণী যারা খুব সহজেই একতাবদ্ধ হতে পারে তারাও এ স্কীম এর আওতায় পড়ে। টার্গেট গ্রুপ এর সংজ্ঞায় নিম্নোক্ত দরিদ্র জনগোষ্ঠী পড়েঃ ১. যারা নিজস্ব কর্মসংস্থানে কর্মরত থেকে উপার্জন করে এবং বাণিজ্য ও বাজার সম্পর্কে জ্ঞান রাখে।২. সেসব ব্যক্তি যাদের মেশিন, সরঞ্জাম, ঃড়ড়ষ ইত্যাদির আকারে সম্পদ নেই অথবা গৃহপালিত পশুর ব্যবসা আছে। ৩. সেসব ব্যক্তি যাদের মাসিক আয় ৫০০০ টাকা বা তার কম।

সারণী ৭ঃ বেসিক ব্যাংক লিমিটেড এর নীট মুনাফার বার্ষিক গড় হার, ১৯৮৯-২০০৮সময়ে

%

বছর	নীট মুনাফার বার্ষিক গড় হার
১	২
১৯৮৯–১৯৯৩	৪.৮১
১৯৯৪–১৯৯৮	১৮.৪০
১৯৯৯–২০০৩	১৮.২১
২০০৪–২০০৮	১৩.৪৮

উৎসঃ বেসিক ব্যাংক

যে সকল কাজে ঋণ দেয়া হয় ঃ শহরের দরিদ্ররা তাদের জীবন ধারণের জন্য অপ্রচলিত খাতের ক্ষুদ্র শিল্পে কাজ করার উপর অনেকাংশে নির্ভর করে। সাময়িক বা পরীক্ষামূলকভাবে তৈরী করা তালিকাতে অসংখ্য এ ধরণের শিল্প অন্তর্ভুক্ত করা হয়। যেমনঃ দর্জি, হস্তশিল্প, এম্ব্রয়ডারি, মিস্টির বাক্স তৈরী, চুলের ব্যান্ড ও ক্লিপ তৈরী, চটির ফিতা, চটের ব্যাগ, কাগজের ব্যাগ ও খাম তৈরী, বালা তৈরী, চুল কাটার সেলুন, জুতা তৈরী ও পালিশ করা, ঠেলাগাড়ি চালান, আখের শরবত তৈরী, চায়ের দোকান বা হকার, পান বিড়ির দোকান, চানাচুর বিক্রয় এবং অন্যান্য ক্ষুদ্র উদ্যোক্তা।

ঋণ সরবরাহের পদ্ধতি ঃ শহরের দরিদ্র ঋণগ্রহীতাদের কাছে ঋণ পৌছানোর জন্য তিনটি পরস্পর বিকল্প পদ্ধতি আছে, সেগুলো হলঃ-

১. বেসিক ব্যাংক এনজিওগুলোতে ঋণ সরবরাহ করে এবং তারা দরিদ্র ঋণগ্রহীতাদের ঋণ দিয়ে থাকে। এক্ষেত্রে ঋণের ঝুঁকি বহন করে এনজিওগুলো যারা ব্যাংককে গ্রহণকৃত ঋণের অর্থ ফেরত দিতে বাধ্য থাকে। যেসব ঋণ গ্রহীতা এনজিওর মাধ্যমে ঋণ নেয় তারা এনজিও গুলোতেই ঋণ ফেরত দেয়। ২.ব্যাংক শহুরে দরিদ্র ঋণগ্রহীতাদের কাছে হয় এনজিওগুলোর মাধ্যমে ঋণ দেয় অথবা ঋণগ্রহীতাদের কাছে সরাসরি ঋণ প্রসারিত করে। এক্ষেত্রে ঋণগ্রহীতা ঋণকৃত অর্থ সরাসরি ব্যাংক এ ফেরৎ দেয়। নিজের সাহায্য নিজেই করতে পারে এরকম দল তৈরী ও এক্ষেত্রে অনুপ্রাণিত করতে এনজিওগুলো ব্যাংককে সহযোগিতা করে থাকে। আবার ঋণ ব্যবহার ঠিকমত হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও তত্ত্বাবধানেও ব্যাংককে এনজিওগুলো সহযোগিতা করে। এ ধরণের কাজের জন্য ব্যাংক এনজিওগুলোকে পারিশ্রমিক দিয়ে থাকে। ৩.বেসিক ব্যাংক এনজিওর সাহায্য ছাড়াই শহুরে দরিদ্রদের সরাসরি ঋণ সুবিধা প্রদান করে থাকে। একাধিক ব্যক্তি মিলে দল গঠনের মাধ্যমে এ ঋন নিয়ে থাকে। এসব ঋণ ঠিকমত ব্যবহার হচেছ কিনা তার জন্য বেসিক ব্যাংকে যথাযথ পর্যবেক্ষন ও তত্ত্বাবধানের ব্যবস্থা আছে। ফলে বেসিকের ঋণ ফেরৎ পাবার নিশ্চয়তাও প্রায় শতভাগ।

অর্থায়নের জন্য এনজিও নির্ধারণ ঃ উপরে উল্লেখিত উদ্দেশ্যসমূহকে সামনে রেখে বেসিক ব্যাংক এনজিও গুলোর মাধ্যমে ব্যাপক হারে ক্ষুদ্র শিল্পে অর্থায়নে স্থির সংকল্প করে। বেসিক ব্যাংকের এ কার্যক্রমে অংশগ্রহণের জন্য জাতীয় দৈনিকের মাধ্যমে প্রতিষ্ঠিত এনজিও সমূহকে আমন্ত্রণ জানানো হয়। সকল প্রাপ্ত দরখাস্তগুলোর মধ্যে ব্যাংক সেসব এনজিওগুলোকে নির্বাচন করে যেগুলো প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে সক্ষম। এনজিও নির্ধারণে নিম্নের নীতিসমূহ অনুসরন করা হয়:

১. অন্যান্য সামাজিক উন্নয়নের কার্যাবলীর পাশাপাশি যারা শহুরে দরিদ্র বা ক্ষতিগ্রস্থ লোকেদের কর্মসংস্থান তৈরীর জন্য ঋণ কার্যে জড়িত। ২.যারা কমপক্ষে তিন বছর ধরে আয় তৈরীর কাজে নিয়োজিত এবং ঋণ

কার্যের সফল চক্রর প্রমাণিত দলিল আছে। ৩.ব্যাপকভাবে এ ধরনের প্রোগ্রাম রক্ষা, পর্যবেক্ষণ ইত্যাদির প্রাতিষ্ঠানিক যোগ্যতা যাদের আছে। ৪.এ ধরণের কাজে তত্ত্বাবধানের জন্য যাদের খুব ভাল মাঠকর্মী-অফিসার আছে।

অনুমোদন এর ক্ষেত্রে নীতি ঃ বেসিক ব্যাংকের ঋণ ও অগ্রীম এর অনুমোদন পাবার পদ্ধতিসমূহ হতে এনজিওগুলোর ঋণ অনুমোদনের নীতি আলাদা। এক্ষেত্রে অন্যতম প্রধান পার্থক্য হল, যেকোন ম্যানুফ্যাকচারিং বা অনান্য ব্যবসার ক্ষেত্রে ব্যাংক ঋণ বা অগ্রীম অনুমোদনের পূর্বে এর সমান নিরাপত্তা (collateral security) দাবি করে। অপর পক্ষে এনজিওগুলোতে ক্ষুদ্র ঋণ এর জন্য এধরণের নিরপত্তার কোন প্রয়োজন হয় না। যদিও যেকোন একটি এনজিওতে যদি বড় আকারের ঋণ থাকে তাহলে সেক্ষেত্রে ব্যাংক নিরাপত্তা দাবি করে থাকে। এসব ছাড়াও ক্ষুদ্র ঋণ এবং অন্যান্য ঋণ ও অগ্রীমসমূহের অনুমোদনের ক্ষেত্রে কিছু পার্থক্য আছে:

১. স্ব-কর্মসংস্থানে আয় তৈরীর কার্যাবলী থাকতে হবে; ২.সম্পদ ৩০০০ টাকা অতিক্রম করা যাবে না; ৩.মাসিক আয় ৫০০০ টাকার কম হতে হবে; ৪.শহর বা উপশহরের স্থায়ী বাসিন্দা হতে হবে যেখানে বেসিক ঋণ তত্ত্বাবধানে সক্ষম।

অনুমোদনপ্রাপ্ত এনজিও এবং ব্যাংকের মাঝে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ সমঝোতা স্মারক হল সকল ব্যাংকের সার্বিক কার্যক্রম পরীক্ষণ করার লক্ষ্যে বেসিক ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংক এর সাথে সমঝোতা স্মারক। সুতরাং এনজিও এবং ব্যাংকের মাঝে উক্ত সমঝোতা স্মারক সই হবার পরে, এনজিও তার উপযোগী শাখায় দরখাস্ত করে। শাখা কার্যালয় উক্ত এনজিওর তহবিলের প্রয়োজনীয়তা এবং উদ্দেশ্য বিশ্লেষণ করে এবং ব্যাংকের সংশ্লিষ্ট শাখা সন্তুষ্ট হবার পর সে নির্দিষ্ট রিকমেন্ডেশনসহ উক্ত প্রস্তাবটি প্রধান কার্যালয়ে পাঠায়। প্রধান কার্যালয়ের ঋণ কমিটি তাদের ঐ প্রস্তাবটির ভাল দিক নিয়ে আলোচনা করে এবং ঐ এনজিওকে অর্থ ঋণ দিবে কিনা তার সিদ্ধান্তনেয়। যদি কমিটি রাজি হয়, তবে ব্যাংক এর মিটিং এ ঐ প্রস্তাবটি সরাসরি পাঠানো হয় এবং সেখানে সকল প্রয়োজনীয় কাগজপত্র সই হবার পর মঞ্জুরীর সকল শর্তসহ একটা মঞ্জুরী উপদেশ সংশ্লিষ্ট শাখার কাছে পাঠান হয়। এরপর শাখাটি প্রধান কার্যালয়ের পাঠানো ঐ সমস্ত শর্তসহ আরেকটি মঞ্জুরী উপদেশ ঐ এনজিওটিকে দেয় এবং ঋণব্যয় নির্বাহ ও দলিলের সকল প্রয়োজনীয় কার্যবলীর ব্যবস্থা করে।

ঋণ মঞ্জুরীর সময় ঃ যখন কোন একটি শাখা নির্দিষ্ট এনজিও থেকে কোন আবেদন পায়, তখন ২-৬ দিনের মধ্যে তারা ঐ ঋণ প্রস্তাবের সত্যতা খুঁজে দেখে। আরো ২ বা ৩ দিনের মধ্যে প্রধান কার্যালয়ে ঐ প্রস্তাবটি পাঠিয়ে দেয়। প্রধান কার্যালয়ের ঋণ কমিটির মিটিং প্রতি সপ্তাহে অন্তত: একবার হয়। সর্বোচ্চ ১৩ দিনের মধ্যে যোগ্য এনজিওর জন্য ঋণ মঞ্জুরী ইস্যু হয়ে যায়। যেহেতু বন্ধকি বা মর্টগেজ জনিত বিভিন্ন নিয়ম পালনের প্রয়োজন হয়, সেহেতু ঋণব্যয় নির্বাহ ও সকল দলিলসংক্রান্তবিভিন্ন নিয়ম পালন করতে আরও ২ দিন লেগে যায়। সুতরাং দেখা যাচেছ যে, যোগ্য কোন এনজিওকে ব্যাংক হতে ক্ষুদ্রঋণ পেতে গড়ে সর্বোচ্চ ১৮ দিন লাগে। এটা ব্যাংকের অন্যান্য ঋণ ও অগ্রীম এর জন্য প্রয়োজনীয় সময়ের চেয়ে স্পষ্টতই অনেক কম।

ঋণের আকার ঃ এনজিওকে যেমনভাবে ঋণ অনুমোদন দেয়া হয়, তেমনভাবে পৃথক পৃথক সদস্যের একটি দলে সংগঠিত হলে সে দলকেও দেয়া হয়। মাথাপিছু ঋণের সর্বোচ্চ সীমা হল ১৫০০০.০০ টাকা এবং সর্বনিম্ন সীমা হল মাথাপিছু ২০০০.০০ টাকা।

সুদের হার ঃ ক্ষুদ্র ঋণের তত্ত্বাবধান ও পর্যবেক্ষণের খরচ অনেক বেশী। এটা দেখা গেছে যে, এনজিওসমূহের তাদের খরচ কভার করতে ১০-২০% সুদের প্রয়োজন। যত দূর সম্ভব বাজারের হার চার্জ করা উচিত। এনজিওগুলোকে ঋণ প্রদানের জন্য যে তহবিল সরবরাহ করা হয় ২০০৮ সালে তার সুদের হার ১১.৫%-১২.৫% (সারণী-৩৪) এর মধ্যে রাখা হয়। সরাসরি এনজিও সদস্যকে ঋণ দিলে ব্যাংক ১৬% সুদের হার চার্জ করে। বেসিক ব্যাংকের বিগত সাত বছরে ক্ষুদ্র শিল্পে মেয়াদি ঋণের উপর সুদের হারে হ্রাস বৃদ্ধি সারণী ৩৪ এ দেখান

হল।

পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান ঃ এনজিওগুলোর অভিজ্ঞতা নির্দেশ করে যে, ক্ষুদ্র ঋণ কার্যক্রমের পারফরম্যান্স, বিশেষ করে ঋণ পুনরুদ্ধারের গড় হার সরাসরি ব্যাংক ও এনজিও স্টাফদের নিয়মিত পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান এর সমানুপাতিক। বেসিকের শাখা কার্যালয়ের প্রস্তাবগুলো ক্রমেই অগ্রসর করা এবং সেসব স্কীম পর্যবেক্ষণ করার জন্য এর প্রধান কার্যালয়ে পৃথক পৃথক বিভাগ আছে । প্রধান বা শাখা কার্যালয় যেখানেই প্রয়োজন সেখানেই স্টাফদের সংখ্যা বৃদ্ধি করা হয়। ক্ষুদ্রঋণের পুণরাবৃত্তি যেন ঠিকমত চলে সেজন্য বেসিকে কিছু উপদেশ মালা ও তথ্য সংক্রান্তদলিল রচনা করা হয়েছে। শাখাসমূহকে মাসিক ভিত্তিতে তথ্যসমূহ প্রধান কার্যালয়ে জমা দিতে হয়।

প্রতিবন্ধকতাসমূহ ঃ ক্ষুদ্র ঋণ স্কীম এর কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে কিছু প্রতিবন্ধকতা আছে। শহুরে বস্তিগুলো আইনবলে উচেছদ করাই হল প্রধান সমস্যা। দেখা যায় যে, উচ্ছেদিত মানুষেরা অন্য এলাকায় গিয়ে বসতি গড়ে এবং এনজিও গুলোর সাথে যোগাযোগ করে তাদের কাছ থেকে বিভিন্ন সেবা গ্রহণ করে। যদিও এ স্থানান্তর অচিন্তনীয় খরচ সাপেক্ষ। অন্য আরেকটি প্রতিবন্ধকতার আভাস পূর্বেই দেয়া হয়েছে। আর তা হল ব্যাংক ও এনজিওসমূহের দৃষ্টিকোণ থেকে এ ধরনের স্কীমের অর্থায়নের মাধ্যম হল কেন্দ্রভিত্তিক। এ ধরনের স্কীম পরিচালনার জন্য ব্যাংক ও এনজিও উভয়েরই ব্যয় প্রভাবসহ পর্যাপ্ত সুদ বিস্তৃতি থাকতে হবে। এ কারণে, ব্যাংক ও এনজিওগুলোর তহবিল পরিবর্ধনের জন্য এর ফান্ডের কস্ট লেন্ডিং এবং অন লেন্ডিং এর হার বিচক্ষণতার সাথে নির্ধারণ করা প্রয়োজন। এখানে উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণের চাহিদার ক্ষেত্রে সুদ অনমনীয়তা পরিলক্ষিত হয়। দরিদ্রদের নিকট সুদের হারের চেয়ে ঋণ পাওয়াটাই বেশী গুরুত্বপূর্ণ। কার্যনির্বাহি কমিটির সদস্যরা আইনত ঋণ ফেরতের অক্ষমতার জন্য দায়ী থাকে না।

ক্ষুদ্র ঋণের প্রবৃদ্ধি ঃ ১৯৯২ সালে একটি বিশেষ চুক্তির অধীনে বেসিক ব্যাংক কয়েক মিলিয়ন টাকা টাঙ্গাইল জেলার শহর ও উপশহরে কর্মকারদের মাঝে ঋণ হিসেবে ছড়িয়ে দেয়। মূলত: ক্ষুদ্র ঋণ কর্মসূচী পুরোপুরিভাবে চালু করার জন্য এটা ছিল বলা যায় পথ প্রদর্শক প্রোগ্রাম। এরপর ১৯৯৪ সালে মাত্র তিনটি এনজিও নিয়ে এর কার্যক্রম চালু হয়। ১৯৯৫ সালে ব্যাংক ঋণ বিলির তিনটি চ্যানেল নিয়ে শহুরে দরিদ্রদের জন্য প্রচলিত নিয়মে ক্ষুদ্র ঋণ স্কীম চালু করে।বেসিক এর ক্ষুদ্র ঋণের প্রবৃদ্ধির চিত্র সারণী ৮ এ দেখান হল। বেসিক ব্যাংক লিমিটেড এর ক্ষুদ্রঋণের প্রবৃদ্ধির চিত্র হতে দেখা যায় যে, ১৯৯৫ সালে অর্থাৎ শুরুর সময়ে বেসিক ব্যাংক ৪.৫৯ মিলিয়ন টাকা বিতরণ করে যা মোট ঋণ ও অগ্রীমের ০.৩ শতাংশ। সময়ের সাথে সাথে ঋণের পরিমাণ বৃদ্ধি পেতে থাকে। ২০০০ সালে এসে প্রবৃদ্ধি কিছুটা কমে এবং পরের বছর আবার প্রায় ৫৩ শতাংশে উন্নীত হয়। কিন্তু ২০০৩ সালে এসে এ খাতে ঋণের পরিমাণ পূর্বের বছরের চেয়ে প্রায় ২.৭৯ শতাংশহ্রাস পায় এবং ২০০৪ এ এইহ্রাস পুষিয়ে নিয়ে বিগত বছরের চেয়ে ৫৩ শতাংশ বেশী ঋণ প্রদান করা হয়। পুণরায় এ খাতে ঋণের পরিমাণহ্রাস পায়; কিন্তু মোট ঋণ ও অগ্রীমে ক্ষুদ্র ঋণের অংশ ক্রমাগতভাবে বৃদ্ধি পেতে থাকে। ২০০৭ সালে ৬৮০.১৩ মিলিয়ন টাকা অর্থাৎ পূর্ববর্তী বছরের তুলনায় প্রায় ৯০ শতাংশ বেশী টাকা ক্ষুদ্র ঋণ হিসেবে প্রদান করা হয় যা মোট ঋণ ও অগ্রীমের ৩.১ শতাংশ। ২০০৩ সালে ঋণের পরিমাণহ্রাস পাবার কারণ হল ব্যাংক এ বছর অকার্যকর ক্ষুদ্র ঋণ পুনরুদ্ধারে ব্যাপক কার্যক্রম চালিয়েছিল।

এলাকা বিস্তৃতি ঃ দেশের বিভিন্ন শহরে বেসিক ব্যাংকের ৩০টি শাখা রয়েছে। যে কোন শাখা হতেই ক্ষুদ্র ঋণ নেয়া সম্ভব। যদিও সকল শাখায় ক্ষুদ্র ঋণের কাজ হয় না। ক্ষুদ্র ঋণের ভিত্তিতে হিসেব করলে বেসিক ব্যাংকের এলাকা বিস্তৃতিকে হিসেবে করতে হবে বেসিক ব্যাংক থেকে ঋণ প্রাপ্ত এনজিওগুলোর বিস্তৃতি অনুসারে।

ঋণ পুনরুদ্ধার ঃ ১৯৯৫ সালে বেসিক ব্যাংক এনজিওর মাধ্যমে ক্ষুদ্র ঋণ চালু করে। সে বছর ব্যাংক তিনটি এনজিওর তত্ত্বাবধানে ২.৬৩ মিলিয়ন টাকা শহর/উপশহরে বিতরণের জন্য অর্থায়ন করে। এনজিওগুলো হল: শক্তি ফাউন্ডেশন, এসএআরডি, এবং ডিএসকে। এ ঋণ জুতা তৈরী, সেলাই, দোকান, বাণিজ্য, নকশী কাঁথা সেলাই

ইত্যাদির জন্য প্রদান করা হয়েছিল সেসময়। ২০০৫ সালে এসে বেসিক ব্যাংক ৪১টি এনজিও এর তত্ত্বাবধানে ৩০৭.৫০ মিলিয়ন টাকা বিতরণ করে। এনজিওগুলো হতে ঋণ পুণরুদ্ধার প্রায় শতভাগ হয়ে থাকে। এর কারণ হল এনজিওগুলো ব্যাংকে ঋণের টাকা ফেরত দেবার অদ্বিতীয় বাধ্য প্রতিষ্ঠান। অপরদিকে পৃথক পৃথক ঋণ গ্রহীতাকে নির্দিষ্ট এনজিও এর তত্ত্বাবধানে সরাসরি প্রদেয় ঋণের পুনরুদ্ধারের হার খুব একটা বেশী থাকে না। ব্যাংক এর জন্য এ পদ্ধতি খুব একটা কার্যকর না। কারণ পুনরুদ্ধারকৃত অর্থে হতে এনজিওগুলোকে সার্ভিস চার্জ দিতে হয়। উপরন্তু অপুনরুদ্ধারকৃত অর্থের জন্যও এনজিওগুলো দায়ী থাকে না। এ কারণে বেসিক ব্যাংক এনজিও এর মাধ্যমে ঋণ প্রদানের পদ্ধতি অবলম্বন করে। সারণী ৯ হতে বেসিক ব্যাংকের ক্ষুদ্র ঋণের আদায়ের হার সম্পর্কে ধারণা পাওয়া যায়।

সামাজিক দায়িত্ব ঃ বেসিক ব্যাংক তার ক্ষুদ্রঋণ কর্মসূচীর মাধ্যমে তার সামাজিক দায়িত্ব পালন করে থাকে দেশের দারিদ্র্য দূরীকরণ, ভবিষ্যৎ উদ্যোক্তাদের উন্নয়ন ইত্যাদির মাধ্যমে, যাতে করে তারা সাধারণ ব্যাংকিং কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে এবং সেখান থেকে মুনাফা অর্জন করতে পারে। এ স্কীম এর প্রচেষ্টা দেশের অন্যান্য প্রচলিত ব্যাংকিং প্রতিষ্ঠান এর চেয়ে যথেষ্ট সমর্থনযোগ্য এবং পরিমিত। যেহেতু এনজিওগুলোকে, বিশেষ করে ক্ষুদ্রঋণের উপর প্রশিক্ষণ দেয়া হয় এবং এরা যথেষ্ট গতিশীল হয়, সেকারণে প্রত্যাশ্যা করা যায় যে, এ স্কীম সফল হবে। বেসিক ব্যাংকের সফলতা ও অভিজ্ঞতা অন্যান্যদেরকেও ক্ষুদ্রঋণের এ কার্যক্রমে আমন্ত্রণ জানিয়েছে দেশের সামাজিক দায়িত্ব পালনে পদক্ষেপ নেবার জন্য। সারণী ৩৬ এ উপস্থাপিত তথ্য হতে দেখা যাচ্ছে যে, বেসিক ব্যাংক তার সামাজিক দায়িত্ব পালনে সচেষ্ট। সে তার ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণসহ ক্ষুদ্রায়তন শিল্পের উন্নয়নে যথেষ্ট ভূমিকা পালন করে থাকে। ১৯৯৯ সালেই ব্যাংক ১০৩.৯০ মিলিয়ন টাকা ৩৭৪৭৬ জনের মাঝে বিতরণ করে এবং এ ঋণ আদায়ের হার ৯৮ শতাংশ। সময়ের সাথে সাথে এর সুবিধাভোগীর সংখ্যা এবং ঋণের বিতরণ বৃদ্ধি পেতে থাকে। ২০০৭ সালে এসে প্রায় ৩ লক্ষ দরিদ্র জনগণকে ৬৮০.১৩ মিলিয়ন টাকা ক্ষুদ্র ঋণ আকারে বেসিক ব্যাংক বিতরণ করে এবং এ ঋণ আদায়ের হার শতভাগ। কিন্তু ২০০৯ এর এপ্রিল পর্যন্তপ্রাপ্ত তথ্য অনুযায়ী ক্ষুদ্র ঋণে ১৯৩.১০ কোটি টাকা বিতরণ করা হয়েছে এবং এ ঋণ আদায়ের হার কমে এসেছে ৯৭.৫০% এ। যদিও সুবিধাভোগীর সংখ্যা ৩১০৫৪৬ জনে উন্নীত হয়েছে। সুতরাং ক্ষুদ্রঋণের মাধ্যমে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বেসিক ব্যাংকের ভূমিকা অনস্বীকার্য।

বেসিক ব্যাংক লিমিটেড এর সমস্যা, সম্ভাবনা ও সুপারিশমালা

বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স, সংক্ষেপে বেসিক ব্যাংক লিমিটেড বাংলাদেশের একটি বিশেষায়িত ব্যাংক যার প্রতিষ্ঠা ১৯৮৯ সালে। দুই দশকেরও বেশী সময় পূর্বে এই ব্যাংক প্রতিষ্ঠার পেছনে মূল উদ্দেশ্য ছিল ক্ষুদ্রায়তন শিল্পকে সাহায্য করা। এর কারণ ছিল ব্যাপক বিস্তৃত দারিদ্র্য। এ দারিদ্র্য বাংলাদেশসহ বিশ্বের সকল উন্নয়নশীল দেশের উন্নয়নের পথে প্রধান অন্তরায় অতীতেও ছিল বর্তমানেও আছে। যদিও বিশ্ব এখন নতুন শতাব্দীতে অবস্থান করছে যেখানে বৃহৎ সম্ভাবনার পাশাপাশি বিজ্ঞানের আধুনিক আর্শীবাদও বর্তমান। এরপরও পৃথিবীর প্রায় ৮০ শতাংশ মানুষ নিম্ন মাথাপিছু আয়ের শিকার। তৃতীয় বিশ্বের ৫০ শতাংশ মানুষ রীতিমত দারিদ্র্য সীমার নীচে বসবাস করে। আমাদের মাতৃভূমি বাংলাদেশ ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর ৯ মাস ব্যাপী এক রক্তক্ষয়ী সংগ্রামের মাধ্যমে বিশ্ব মানচিত্রে স্থান পেয়েছে এবং যুদ্ধ পরবর্তী সময়ে বাংলাদেশের অর্থনীতির উঠে দাঁড়ানো ছিল খুবই কষ্টকর। সে সময় বৃহৎ শিল্প স্থাপনের মাধ্যমে শিল্পোন্নয়ন ছিল প্রায় অসম্ভব। কিন্তু যে পরিমাণ মূলধন ছিল তার সদ্ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রায়তন শিল্পের বিকাশ ঘটিয়ে তার থেকে বৃহৎ শিল্পোন্নয়ন এর প্রচেষ্টাতেই বলা যায় বেসিক ব্যাংকের সৃষ্টি। বেসিক ব্যাংক উন্নয়ন ও বাণিজ্যিক ব্যাংক ব্যবস্থার এক অনন্য সংমিশ্রণ। সংঘবিধি ও সংঘস্মারক অনুযায়ী বেসিক ব্যাংক তার ঋণদানযোগ্য তহবিলের ৫০ শতাংশ ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নে এবং বাকি ৫০ শতাংশ ব্যবসা ও বাণিজ্যের উন্নয়নে সরবরাহ করে থাকে। ২০০৮ সালে বেসিক ব্যাংকের মোট সম্পদ দাঁড়ায়

৪৬৬৫১.৫৩ মিলিয়ন টাকা। ২০০৭ সালে বেসিক ব্যাংক শিল্পক্ষেত্রে মোট ঋণ ও অগ্রীমের প্রায় ৬৫ শতাংশ অর্থায়ন করে। বাংলাদেশের গ্রামীণ ব্যাংকসহ অন্যান্য সকল ব্যাংক যখন গ্রামীণ দরিদ্র পরিবারসমূহে ক্ষুদ্রঋণ সহায়তায় ব্যস্ত সে সময় বেসিক ব্যাংক শহরের, বিশেষ করে শহরের বস্তিবাসী দরিদ্রদের অবস্থার উন্নয়নের জন্য ক্ষুদ্রঋণ সহায়তা ১৯৯৪ সালে চালু করে। বিভিন্ন এনজিওর মাধ্যমে ব্যাংক এসব ঋণ প্রদান করে থাকে এবং এসব ক্ষেত্রে বেসিকের আদায়ের হার থাকে শতভাগ। বাংলার ইতিহাসে ব্যাংক ব্যবস্থা অনেক দূর এগিয়ে গেলেও বাংলাদেশের উন্নয়ন খুব সামান্যই হয়েছে। এবং যেহেতু আমাদের গবেষণার বিষয়বস্তুই হল বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বেসিক ব্যাংকের ভূমিকা নিরুপন, সেহেতু আমরা এর সফলতা ও ব্যর্থতা সকল বিষয় আমাদের বিশ্লেষনে তুলে ধরার চেষ্টা করেছি। এসবেরই প্রেক্ষিতে বেসিক ব্যাংকের কিছু সমস্যা আমরা চিহ্নিত করেছি যা নিম্নে তুলে ধরা হলো:

১. বেসিক ব্যাংকের সব থেকে বড় সমস্যা হিসেবে যেটিকে চিহ্নিত করা যায় তা হল পল্লী অঞ্চলে এর কোন শাখা কার্যালয় নেই। এমনকি বাংলাদেশের সকল উপজেলাতেও এর কোন শাখা খোলা সম্ভব হয়নি, অর্থাৎ বেসিক ব্যাংকের সীমিত শাখা জনিত সমস্যা রয়েছে।

২. সকল শাখায় অন-লাইন ব্যাংক ব্যবস্থা কার্যকর হয়নি।

৩. ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে সিদ্ধান্তগ্রহণ বেশ সময় সাপেক্ষ।

৪. এর ক্ষুদ্র ঋণের স্কীমে গ্রামীণ দরিদ্রদের অন্তর্ভুক্ত করা হয়নি।

৫. সকল ছোট ছোট জেলায় ঋণের বিস্তৃতি ঘটেনি।

৬. চলতি সম্পদ এবং চলতি দায়বদ্ধতার আদর্শ অনুপাত ধরা হয় ২:১ কে। বেসিক ব্যাংক যথেষ্ট সফলতার সাথে এ অনুপাতের কাছাকাছি গেলেও এখনও তা পুরোপুরি অর্জন করতে পারেনি (সারণী-২৯)।

সারণী ৮ঃ বেসিক ব্যাংক লিমিটেড এর ক্ষুদ্র ঋণের প্রবৃদ্ধির চিত্র, ১৯৯৫-২০০৭ সময়ে

বছর	অর্থের পরিমাণ (মি. টাকা)	প্রবৃদ্ধি (%)	মোট ঋণ ও অগ্রীম (মি. টাকা)	মোট ঋণ ও অগ্রীমে ক্ষুদ্র ঋণের অংশ (%)
১	২	৩	৪	৫
১৯৯৫	৪.৫৯	-	১৫৬১.২৯	০.৩
১৯৯৬	১২.৩১	১৬৮.২০	১৭২৪.৮১	০.৭
১৯৯৭	৪৫.১০	২৬৬.৩৭	২৬৩০.৯০	১.৭
১৯৯৮	৬৮.৭০	৫২.৩২	৩২১৮.৯০	২.১
১৯৯৯	১০৩.৯০	৫১.২৩	৩৯৬০.১১	২.৬
২০০০	১২০.৪০	১৫.৮৮	৪৬১৮.৭৩	২.৬
২০০১	১৮৩.৫০	৫২.৬৫	৬২৬০.৭৮	২.৯
২০০২	১৮৬.২০	১.৪৭	৭৯৫৭.০৪	২.৩
২০০৩	১৮১.০০	(২.৭৯)	৯২৮২.২০	২.০
২০০৪	২৮৪.১০	৫৩.০০	১২০০০.১৫	২.৪
২০০৫	৩৩৮.৩০	১৯.০০	১৫৩৩৯.৩৫	২.২
২০০৬	৩৫৯.২৪	৬.২০	১৯০০০.০০	২.০
২০০৭	৬৮০.১৩	৮৯.৩২	২২২৬৩.৩৫	৩.১

উৎসঃ বেসিক ব্যাংক হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে হিসেবকৃত। "()" বন্ধনীর মধ্যে ঋণাত্মক প্রবৃদ্ধি দেখানো হয়েছে।

৭. বেসিক ব্যাংকের ঋণ-পরিসম্পদ অনুপাত অনেক বেশী যা শেয়ারমালিকদের অংশের বিপজ্জনকতাকে উৎসাহিত করে।

৮. এ ব্যাংকের মোট মুনাফা মার্জিন ২০০৪-২০০৮ সময়ে বেশ খানিকটা হ্রাস পেয়েছে।

৯. উপরোক্ত একই সময়ে এ ব্যাংকের নীট মুনাফা মার্জিনও হ্রাস পেয়েছে।

১০. মোট মুনাফার বিস্তৃতি হ্রাস পেয়েছে।এখানে উল্লেখ্য যে, তহবিলের জন্য ব্যাংক কতটা ব্যয় করল এবং তহবিল ব্যবহারের মাধ্যমে ব্যাংক কতটা আয় করল এ দুটির মাঝের পার্থক্যই হল মোট মুনাফার বিস্তৃতি।সুতরাং এ বিস্তৃতি হ্রাস পাওয়া নিঃসন্দেহে ক্ষতির লক্ষণ।

বেসিক ব্যাংকের সম্ভাবনা ও সুপারিশমালা ঃ বেসিক ব্যাংক লিমিটেড এমন একটি ব্যাংক যার ব্যাপক সম্ভাবনা রয়েছে। নিম্নে বেসিক ব্যাংকের সম্ভাবনার ভিত্তিতে সুপারিশমালা তুলে ধরা হলঃ

১. বেসিক ব্যাংককে এর শাখার বিস্তার ঘটাতে হবে এবং সময়ের সাথে সাথে তা ইউনিয়ন পর্যায়ে নিয়ে যেতে হবে। তাহলে এর আয় ও বিনিয়োগ বৃদ্ধির পাশাপাশি দেশের সার্বিক উন্নয়নও হবে। কারণ বাংলাদেশ একটি কৃষি নির্ভর দেশ। এদেশের বেশীর ভাগ মানুষই কৃষি কাজের সাথে জড়িত। আর দেশের সার্বিক উন্নয়ন করতে হলে, এসব কৃষকদের উন্নয়ন করতে হবে। এদেরকে কৃষির পাশাপাশি অন্যান্য ক্ষেত্রে কাজের সুযোগ সৃষ্টি করে দিলে এদের আয়ও বাড়বে আবার সার্বিক উন্নয়নও হবে।

২. শাখার বিস্তৃতির পাশাপাশি এর সকল শাখায় অন-লাইন সেবা দ্রুততার সাথে কার্যকর করতে হবে।

৩. সকল কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে কম্পিউটার জ্ঞানে সমৃদ্ধ করে তুলতে হবে।

৪. নারীরা যাতে এগিয়ে যেতে পারে সেজন্য নারীদেরকে সব রকমের সহায়তা দানকারী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৫. ক্ষুদ্র ঋণ কার্যক্রমে গ্রামীণ দরিদ্রদেরকেও অন্তর্ভুক্ত করতে হবে, যাতে করে দেশের দারিদ্র্যতার মূলোৎপাটন সম্ভব হয় এবং ক্ষুদ্রায়তন শিল্পে ঋণ সুবিধা আরও বর্ধিত করতে হবে।

৬. ক্ষুদ্রায়তন শিল্পের উন্নয়ন ও দারিদ্র্য দূরীকরণের অন্যান্য চলক ও কৌশল পরিবর্তনের জন্য অংশগ্রহণকৃত

সারণী ৯ ঃ বেসিক ব্যাংক লিমিটেড এর ক্ষুদ্রঋণের সুবিধাভোগীর সংখ্যা ও ঋণ আদায়ের হার, ১৯৯৯-২০০৭ সময়ে

বছর	সুবিধাভোগীর সংখ্যা	বিতরণ (মি. টাকা)	আদায়ের হার (%)
১	২	৩	৪
১৯৯৯	৩৭৪৭৬	১০৩.৯০	৯৮.০০
২০০০	৩৫২২৭	১২০.৪০	৯৭.০০
২০০১	৪৫৯১৩	১৮৩.৫০	৯৮.০০
২০০২	১০৮৪৫১	১৮৬.২০	১০০.০০
২০০৩	১৫৯৫৭৬	১৮১.০	৯৮.০০
২০০৪	১৮২৮০০	২৮৪.১০	৯৮.০০
২০০৫	২১০০০০	৩৩৮.৩০	৯৮.০০
২০০৬	২৬৭৭০০	৩৫৯.২৪	১০০.০০
২০০৭	২৯৮৯১৭	৬৮০.১৩	১০০.০০

উৎসঃ অর্থনৈতিক সমীক্ষা এবং বেসিক ব্যাংকের বার্ষিক প্রতিবেদন হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে প্রস্তুতকৃত।

এনজিওগুলোর সাথে ব্যাংকের মতামত বিনিময় অনুষ্ঠানের বারংবার পুনরাবৃত্তি হওয়া উচিত।

৭. প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়ের সকল কর্মকর্তাদের ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ সকল ধরণের ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

৮. চলতি সম্পদ এবং চলতি দায়বদ্ধতা অনুপাতের ক্ষেত্রে আদর্শ অনুপাত অর্জন করতে বেসিক ব্যাংককে এর চলতি সম্পদের পরিমাণ আরও ০.৮ শতাংশ বৃদ্ধি করতে হবে।

৯. পাওনাদারেরা সবসময় নিয়ন্ত্রিত ঋণ-পরিসম্পদ অনুপাতের প্রতি আগ্রহী হয়, সুতরাং এ অনুপাত নিয়ন্ত্রণ করা একান্তপ্রয়োজন।

১০. ব্যাংকের মোট ও নীট মুনাফা হ্রাস পাবার অন্যতম কারন হয়তোবা ঋনের নতুন কোন তহবিল সৃষ্টি অথবা পুরানো তহবিলের সুদের হার বৃদ্ধি বা অপরিশোধিত ঋনের জন্য প্রভিশন বৃদ্ধি অথবা ব্যাংক তহবিল গঠনের জন্য যে সমস্ত প্রতিষ্ঠান থেকে ঋন নেয় সমসাময়িক মূল্য বৃদ্ধির সাথে সঙ্গতি রেখে সে সমস্ত প্রতিষ্ঠানের সুদের হার বৃদ্ধি এক্ষেত্রে সঠিক কারন খুঁজে বের করে সঠিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১. প্রদানযোগ্য সুদের হিসাবই হল ঋণের মূল্য। বেসিক ব্যাংকের ঋণের মূল্য বিশ্লেষনে দেখা গেছে যে, এটা ক্রমান্বয়ে হ্রাস পেয়েছে অর্থাৎ বেসিক ব্যাংকে সুদ জনিত ব্যয় বৃদ্ধি পায়নি বা কোন নতুন উৎস হতে তহবিল সংগ্রহ করা হয়নি,যদি তা হত তহলে কর পূর্ব ঋণের মূল্য বৃদ্ধি পেত। এক্ষেএে অপরিশোধিত ঋণসমূহ দ্রুত পরিশোধ এর পাশাপাশি মুনাফা যেন হ্রাস না পায় তার অনুকুল পদক্ষেপ গ্রহনের ব্যবস্থা করতে হবে।

১২. তহবিলের জন্য সুদ আকারে যা ব্যয় করা হয়, তার চেয়ে তহবিল হতে আয়ের পরিমাণ বৃদ্ধির চেষ্টা করতে হবে যেন লাভজনকতা বৃদ্ধি করা সম্ভব হয়। কেননা যদি ব্যাংককে তহবিল সংগ্রহের জন্য ক্রমাগত ভাবে বেশী বেশী সুদ প্রদান করতে হয়, তাহলে তা ব্যাংকের জন্য মুনাফা সৃষ্টির পথে অন্তরায় হয়ে দাঁড়ায়। আর ব্যাংক যদি পর্যাপ্ত উদ্বৃত্ত অর্থাৎ মুনাফা সৃষ্টি করতে না পরে, তাহলে তার উন্নয়নমূলক কার্যাবলী ব্যাহত হবে।

১৩. আর্থিক ও প্রশাসনিক খরচসমূহ এবং ঋণ থেকে সুদের মাধ্যমে ব্যাংক যা আয় করে তা এর লাভজনকতাকে প্রভাবিত করে। এছাড়া কিছু ক্ষেত্রে বিনিয়োগের উপর যে ডিভিডেন্ড আছে সেটাও লাভজনকতাকে প্রভাবিত করে থাকে। আর্থিক খরচকে খুব একটা নিয়ন্ত্রণ করা যায় না। কারণ তহবিল সরবরাহকারীরা যে সুদ নির্ধারণ করে দিবে বেসিক তা দিতে বাধ্য থাকবে। তবে প্রশাসনিক খরচ ব্যাংক পরিচালনার মাধ্যমে নিয়ন্ত্রণ সম্ভব। প্রশাসনিক খরচ এর কার্যদক্ষতার উপরই শুধু নির্ভর করে না, বরং ব্যাংক এর কার্যাবলীকে কিভাবে সংজ্ঞায়িত করছে তার উপরও নির্ভর করে। বিধিসম্মতভাবে বিভিন্ন খাত যেমন পদোন্নতি, উপদেশমূলক পদসমূহ, প্রযুক্তিগত সহকারী কার্যাবলী ইত্যাদি যেসবের কোন তাৎক্ষণিক বা দ্রুত আর্থিক রিটার্ন নেই সেসব খাতে যদি বেশী ব্যয় করা হয়, তাহলে স্পষ্টভাবেই প্রশাসনিক খরচ অনেক উচ্চ হবে।

১৪. সারণী-৫ এ প্রদেয় তথ্য হতে লক্ষণীয় যে, রাজধানী ঢাকাতে অর্থায়ন হয় সবচেয়ে বেশি এবং বরিশাল জেলাতে অর্থায়ন হয় সবচেয়ে কম, অথচ হিসেব করলে হয়ত দেখা যাবে যে, ঢাকা জেলার চেয়ে বরিশাল জেলাতেই বেসিক ব্যাংকের ক্ষুদ্র ঋণের বেশী প্রয়োজন। কারণ এমন অনেক ব্যাংক আছে, যেগুলোর শাখা ঢাকা জেলায় থাকলেও বরিশাল জেলায় নেই। আবার ঢাকা এবং চট্টগ্রাম জেলা বাদে বাকি জেলাসমূহে একটি বা দুটির বেশি শাখা বেসিক ব্যাংকের নেই। ফলে এসব এলাকার দরিদ্র এবং পাশাপাশি ব্যবসা–বাণিজ্যে ইচ্ছুক জনগণ বেসিকের মত একটি ব্যাংকের ঋণ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে।

১৫. বেসিক ব্যাংক শাখা বিস্তৃতির মাধ্যমে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি করে বাংলাদেশের বেকারত্ব হ্রাসে ভূমিকা রাখতে পারে।

১৬. বাংলাদেশে দক্ষ উদ্যোক্তা শ্রেণীর অভাব রয়েছে, কাজেই বেসিক এর ক্ষুদ্র ঋণের ক্ষেত্রে যে ঋণ তত্ত্বাবধানের কাজ করে তা এর সকল ঋণের ক্ষেত্রেই করতে হবে এবং এ ব্যবস্থা আরও উন্নত ও পর্যাপ্ত করতে হবে।

১৭. বাংলাদেশের সবচেয়ে পশ্চৎপদ এলাকাতেও যেন এর ক্ষুদ্রঋণ সুবিধা পৌছাতে পারে সেজন্য বেসিককে সচেষ্ট হতে হবে।

১৮. বেসিক ব্যাংককে সর্বদা খেয়াল রাখতে হবে যেন এর চলতি সম্পদ কখনই অলস পড়ে না থাকে।

১৯. সকল কর্মকর্তা-কর্মচারীদের প্রযুক্তিগত প্রশিক্ষণসহ সার্বিক ব্যাংকিং কার্যাবলী বিষয়ক প্রশিক্ষণ ব্যবস্থা আরও সম্প্রসারিত করতে হবে।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায় যে, বেসিক ব্যাংক লিমিটেডের সমূহ সম্ভাবনা রয়েছে, যা কাজে লাগিয়ে সে নিজের এবং সমগ্র বাংলাদেশের সার্বিক উন্নয়নে সহায়তা করতে পারে। এ গবেষণা কর্মটিতে বেসিক ব্যাংকের সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরার পাশাপাশি এর কর্মকান্ডের অর্থনৈতিক বিশ্লেষণের মাধ্যমে এর লাভজনকতা পরিমাপ করার প্রচেষ্টা গ্রহন করা হয়েছে এবং এর সম্পদ পরিচালনার চিত্রও উপস্থাপিত হয়েছে। বেসিক ব্যাংক প্রতিষ্ঠার মূল লক্ষ্যই ছিল ক্ষুদ্রায়তন শিল্পের উন্নয়ন এবং এ লক্ষ্যে সে ১৯৯৪ সালে ক্ষুদ্রঋণ কার্যম চালু করে। বেসিকের ক্ষুদ্রঋণ সম্পর্কিত সমস্ত তথ্য এ গবেষণায় সন্নিবেশিত হয়েছে এবং সবশেষে বেসিকের কিছু সমস্যা ও সমস্যার প্রেক্ষিতে সম্ভাবনা সুপারিশমালার আকারে তুলে ধরা হয়েছে। আশা করি এ গবেষণাটি বেসিক ব্যাংকের সংশ্লিষ্ট সকলের সামান্যতম হলেও উপকারে আসবে। সবশেষে বলা যায় যে, ভাল কৌশল গ্রহণ ও তা কার্যে পরিণত করতে পারলেই সেটা কোন একটি কোম্পানীকে বছরের পর বছর ধরে একই অবস্থানে থাকার নিশ্চয়তা দিতে পারে না। কখনও কখনও কোন একটি প্রতিষ্ঠানের দক্ষ কৌশল গ্রহণ ও তা কার্যে পরিণত করা এবং খুবই দক্ষ ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যবস্থাপক থাকা স্বত্ত্বেও তাকে নানা সমস্যার সম্মুখীন হতে হয়। এর কারণ হল বাজারের আকস্মিক ও অপ্রত্যাশিত পরিবর্তন অথবা অপ্রত্যাশিত খরচ অথবা অনিয়ন্ত্রিত প্রযুক্তি গ্রহণ করা। এসব সমস্যা হলে প্রতিষ্ঠানের উচিত ভাল অবস্থানে যাবার প্রচেষ্টা গ্রহণ করা। বছরের পর বছর ধরে মাঝারি পারফরম্যান্স এই অজুহাতে চালিয়ে যাওয়া যে "আমাদের সময় লাগবে" বা "অদৃষ্টের পরিহাস" এসব চলবে না। কোম্পানীর ব্যবস্থাপক দলের দায়িত্বই হল এসব প্রতিকূল অবস্থা যথাযথ কৌশল গ্রহণ করে প্রতিরোধ করা এবং এগুলোকে কাটিয়ে উঠার জন্য দক্ষ ব্যবসায়িক এ্যাপ্রোচ গ্রহণ করা। দক্ষ কৌশল তৈরী ও সেটা কাজে পরিণত করার মাধ্যমে একটি প্রতিষ্ঠানের দক্ষ ব্যবস্থাপনা হচ্ছে কি না তা বোঝা যায়। ফলে যত প্রবলভাবে প্রতিষ্ঠানটি কৌশল গ্রহণ করতে পাবে, তত প্রতিযোগীপূর্ণভাবে এর কার্য সম্পাদিত হবে যা একে শক্ত অবস্থানে দৃঢ়তার সাথে টিকে থাকতে সাহায্য করবে। আমরা আশা করব, বেসিক ব্যাংকও উপরোক্ত কৌশলসমূহ গ্রহণের মাধ্যমে দক্ষতার সাথে নিজেকে দৃঢ় অবস্থানে ধরে রাখতে সক্ষম হবে এবং ক্ষুদ্রায়তন শিল্পের উন্নয়নের মাধ্যমে আমাদের দেশের শিল্পোন্নয়নের পথ প্রসারিত করবে।

উপসংহার

বর্তমান মহাজোট সরকার দারিদ্র্য ও বেকারত্ব দূরীকরণের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেছেন। আর সেজন্য সারা দেশব্যাপী ক্ষুদ্রায়তন শিল্পের বিকাশকে ত্বরান্বিত করার কৌশল গ্রহণ করেছেন। বিশেষায়িত ব্যাংক বিশেষ

করে বেসিক ব্যাংক এক্ষেত্রে হতে পারে সরকারের সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার। জন্মলগ্ন থেকে আজ পর্যন্তপ্রায় দু'দশক অতিক্রান্তহলেও বেসিক ব্যাংক তার লক্ষ্য অর্জনে আশানুরূপ সাফল্য অর্জন করতে পারেনি। আমরা আশা করব বর্তমান সরকার বেসিক ব্যাংকের কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং যথেষ্ট মূলধন সরবরাহের মাধ্যমে এর কার্যক্রমকে সারা দেশব্যাপী সম্প্রসারিত করার উদ্যোগ গ্রহণ করবে। আর তা সম্ভব হলে এ ব্যাংকটি আমাদের দেশের শিল্পায়ন ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য দূরীকরণে তথা অর্থনৈতিক উন্নয়নে অত্যন্তগুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

সহায়ক গ্রন্থপঞ্জী

১. বেসিক ব্যাংক লিমিটেড : ১৯৯০-২০০৮ সময়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদনসমূহ।

২. অর্থ উপদেষ্টা, অনু বিভাগ, অর্থ মন্ত্রনালয়, অর্থ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার :বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, ২০০৩-২০০৯ সময়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদনসমূহ।

৩. বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিস্টিকস, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার: বাংলাদেশ পরিসংখ্যান বর্ষগ্রন্থের বিভিন্ন সংখ্যা।

৪. অর্থ উপদেষ্টা, অনু বিভাগ, অর্থ মন্ত্রনালয়, অর্থ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার: বাংলাদেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের কার্যাবলী, ২০০৩-২০০৮ সময়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদনসমূহ।

৫. রহমান আতীকুর ও শওকতুজ্জামান (১৯৯২): সমাজ গবেষণা পদ্ধতি, নিউ এজ পাবলিকেশন্স, ঢাকা।

৬. খান , মোঃ শামসুল কবির (২০০০): বাংলাদেশের অর্থনীতি, বাংলা একাডেমী ,ঢাকা।

৭. রূপা, ইসরাত জাহান (২০০৫): "বাংলাদেশে গ্রামের মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়নে গ্রামীন ব্যাংকের ভূমিকাঃ নির্বাচিত গ্রামসমূহের উপর একটি সমীক্ষা", অপ্রকাশিত পি.এইচ.ডি. থিসিস, আই.বি.এস., রাজশাহী বিশ্ববিদ্যালয়।

৮. আলী ও হোসেন (১৯৯১): ব্যবসায় অর্থ সংস্থান, দি এ্যানজেল পাবলিকেশন্স, বাংলা বাজার ঢাকা।

৯. সিদ্দিক, হাফিজ গোলাম আজম (১৯৮৫): বাংলাদেশের অর্থনীতি, বাংলা একাডেমী, ঢাকা।

১০. ইসলাম, মুহঃ নুরুল: "ব্র্যাকের ঋণ কার্যক্রমঃ শিবগঞ্জ থানার নির্বাচিত তিন গ্রামের উপর সমীক্ষা", অপ্রকাশিত থিসিস, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

১১. উদ্দিন, মো. মঈন (২০০৫): "বাংলাদেশের ব্যাংকিং ব্যবস্থা ও জাতীয় অর্থনীতিতে বাংলাদেশ কৃষি ব্যাংকের ভূমিকা, বাংলাদেশ জার্নাল অফ পলিটিক্যাল ইকনমি, ভলিউম ২২, সংখ্যা ১ ও ২, ঢাকা: বাংলাদেশ অর্থনীতি সমিতি প্রকাশনা।

১২. খান, মোঃ মোয়াজ্জেম হোসেন (২০০৬): দারিদ্র্য হ্রাস কৌশলপত্র- বাংলাদেশের দারিদ্র্য দূরীকরণের আরও একটি ব্যার্থ প্রয়াস, বাংলাদেশ জার্নাল অফ পলিটিক্যাল ইকনমি, ভলিউম ২৩, সংখ্যা ১ ও ২, ঢাকা: বাংলাদেশ অর্থনীতি সমিতি প্রকাশনা।

১৩. উদ্দিন, এম তাহের (২০০৭): বাংলাদেশের ব্যাংকিং খাতের সংস্কার: একটি রাজনৈতিক অর্থনৈতিক অভিজ্ঞতা, বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০০৭, ১ম খন্ড, ঢাকা: বাংলাদেশ অর্থনীতি সমিতি প্রকাশনা।

১৪. খান, মোঃ মোয়াজ্জেম হোসেন (২০০৬): ট্রানজিট ও অর্থনৈতিক উন্নয়ন, ভলিউম ২৩, সংখ্যা ১ ও ২, ঢাকা: বাংলাদেশ অর্থনীতি সমিতি প্রকাশনা।

১৫. আলম, ড. খুরশিদ (২০০৩): "সমাজ গবেষণা পদ্ধতি" ঢাকা: মির্নাভা পাবলিকেশন।

১৬. কামাল, ড. আবুল (১৯৯২): "সামাজিক বিজ্ঞান গবেষণা পদ্ধতি ও প্রক্রিয়া" ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১৭. Abedin, MD Zainul (1996): a hand book of Research for the fellows of M.Phil and Ph.D. programs, Dhaka: Book Syndicate.

১৮. Ahmad, Qazi kholiquzzaman (1972): A note on capacity utilisation in the manufacturing industry of Bangladesh", Bangladesh institute of development studies, Dacca-2 (Dhaka). New series no. 1.

১৯. Bhuiya, Md. Abul Bashar (1996): Bangladesh laws on banks and banking, GOB

২০. Financial Ratios (2003): copyright by the Mcgraw-Hill Companies.

২১. Ghosh, B.N. (2000): Scientific method and Social Research, New Delhi, Sterling publications, Limited.

২২. Haque, Md. Shamimul (2007): "Efficiency of Commercial Banks in Bangladesh.

২৩. Hoque, Mahfuzul (2001): "Management of Small Scale Industries in Khushtia and Jessore Districts," IBS, Rajshahi University.

২৪. Kotheri, C.R. (2005): "Research Methodology: Methods and techniques", 2nd ed.,New Delhi: New age international Pvt. Ltd.New AGE Xtra,April3,2009

২৫. Rahman, Md. Zillur (1998): "Agrobased industrial credit management: A study of Bangladesh Krishi Bank, IBS, Rajshahi University

২৬. Internet

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

Sustainable Development - A Case Study of four Villages in Bangladesh

M. Azizur Rahman*

Abstract

Environment pollution is serious problem in Bangladesh. Due to lack of sustainability in the process of economic development the country has under gone rapid change in negative direction. The massive use of chemical fertilizers and pesticides, unplanned construction of roads, building, embankments and recklessly cutting of plants have generated many problems like water pollution, air pollution, sound pollution, environment pollution, disafforestation, dissertation, deriverization, shortage of earth water, arsenic, salinity, climate change, river erosion, loss of biodiversity, ecological imbalance etc. The paper has made an enquire into social cost and benefit of the present development process in four rural villages of Bangladesh. The findings satisfied the statement that gains of the society is less that the losses. Benefits achieved were short-run and cost incurred was long-run. So the recommendation is that Bangladesh has to ensure sustainable development without any failure from now and on. Because we have already lost many of our valuable natural resources like fresh water fishes, fruits, birds, plants, rivers, pools, canals etc. due to unsustainable development. Education has a key role in understanding environment and also in popularizing and implementing sustainable development.

* Director (R&D), NAEM

This Paper was presented at the *XVII Biennial Conference titled **"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

Introduction

In the globalised world danger seems to be increasing instead of becoming less. The national and social environment at the family, community, national, regional and global levels are gradually eroding over period of time. In this situation every country whether developed or developing is trying to attain sustainable development. Lacking of sustainability is a great problem for the world today. Consequently environment pollution has became great thread.

Bangladesh is very seriously facing the problems like lost soil's original fertility, disafforestation, pollution etc. due to lack of sustainable development. The per capita income along with agricultural productivity has increased. Even though there is a common saying among the people that the amenity specially the natural one has reduced to greater extent. This belief is due to many factors responsible for unsustainable development process. The whole country has been very seriously affected by environment pollution, air pollution, sound pollution and water pollution. The existing poor are the worst than they were before and many new families are continuously joining in the poverty due to river erosion.

Definition

The process of sustainable development is related to five equilibrium namely individuals, families, social, national and natural. It brings saturation in individual family, social, national and natural levels. It can ensure fours peaces as : Inner peace, social peace, peace with nature and total peace. These are the outcome of sustainable development.



The idea of sustainability received serious attention in the so-called Brundtland Commission Report, "Our Common Future (1987)". The report define sustainable development as development that meets the needs of the present without compromising the ability of the future generations to meet their own needs. Brudtland's way of seeing the ends of sustainability has many attractive features (Sen, 2000). The sustainable development encompasses : i) help for the very poor because they are left with no other option but to destroy their own environment,

ii) people centered initiatives are needed, iii) human beings are the resources (Tolbag - 1987).

In fact it is a kind of development that is likely to achieve lasting satisfaction of human needs and improvement of the quality of human life (Allen, 1980). Sustainable development first came to prominence in World Conservation Strategy (WCS) in 1980. It achieved a new status after the publication of North and South a programme for survival and common crisis in 1983(known Brundtland Commission Report) and our common future published in 1987. The UN conference on Environment and Development (UNCED) 1992 put greater attention on it. The last World Summit 2002 further emphasized the issue. In Bangladesh the concept sustainable development is a highly discussed topic, but very little action is taken on the basis of these discussions.

The sustainable development is a process of positive change of physical and mental satisfaction, which takes place with equitable distribution of factors and output among all members without distrubing nature friendly environment and ecological balance of the earth. Sustainable development process pushes the society towards optimality. Social optimality is a condition where every creature lives with heavenly pleasures. In this stage the guiding principles are sharing, cooperation, collaboration, helping to others, living together and loves for all.

Sustainable development attempts to maximise social benefit and minimise social cost. Social benefit includes material and inner benefits. It may be called total peace consisting inner, social and natural peace. Social costs include money cost and other direct and indirect sacrifices of the individual society, environment and nature.

Assumptions

The development efforts of human being is going on with the passage of time without cessation. In ancient times people lived in the forest. In this age they were fully dependable on nature for food, health and shelter. Now in the modern world people live in buildings. Still human life is dependent on nature for fundamental inputs like air, water, food, soil, cloud, etc. But the nature of dependence has changed in modern time from that in ancient time. In ancient time the dependence on nature was friendly. But in modern time it is on hostility.

The continuous development process has increased the material well being by reducing the natural well being of the people. Many natural sources of amenities of life have been destroyed. Many sources has been reduced to the greater extent.

As the commercial activities have increased with the expansion of mechanised transport facilities life-flow has become very instrumental. Some things are achieved as benefit and many things are lost as cost. What is the net result ? The answer may be found in the general saying of the people that the days went was better than the day comes. From this statement we can say that the society is in net loss due to unsustainable development process.

Statement of Problem

Development is a on-going process in the world. Every country is on incessant process of development. Every economic unit as an entity of the national economy is on so. The rural economy has totally changed due to rapid modernization. The traditional cultivation with plough and yoke has been replaced by tractors. Dependence on rain-fall for seeding and plantation has been substituted by irrigation. The transport system of cart, palanquin, cavalcade, boat etc has been replaced by mechanised vehicles. These changes have made life artificial and commercial. The society has become machine and chemical oriented. As a result sources of natural supply of amenities have reduced. Many fruits, fishes, birds, plants etc. have been vanished.

নৈতিক শিক্ষা (মানবতা সমাজ প্রেম, দেশ প্রেম প্রভৃতি) প্রসারের ক্ষেত্রে জাতীয় বাজেটে একটি বরাদ্দ রাখলে ভালো হবে। শব্দ দূষণকারী শিল্প প্রতিষ্ঠান স্থাপন থেকে আইনানুযায়ী দূরে থাকতে হবে। দেশের সর্বত্র পয়ঃপ্রণালী সৃষ্ট বর্জ্য ও তরল বর্জ্য নির্গমন যাতে নদীতে বা অন্যান্য জলাধারে প'ড়ে পরিবেশ বিপন্ন না করে, তার জন্য সজাগ দৃষ্টি রাখতে হবে। এক্ষেত্রে বাংলাদেশের কোনো কোনো এনজিও'র ভূমিকা প্রণিধানযোগ্য।

ঢাকার হাজারীবাগ থেকে চামড়া পাকা করার কারখানাগুলো সরিয়ে নেবার উচ্চ আদালতের রায়কে মানুষ সাধুবাদ জানায়। উল্লেখ্য, দেশ ও সমাজের প্রতিটি ক্ষেত্রেই কি উচ্চ আদালত এমন অকাট্য রায় দেন? সময়ের ব্যবধানে সঠিক রায় প্রদানের গুরুত্ব কতখানি থাকে? শিল্প প্রতিষ্ঠানের বর্জ্য পরিশোধনাগার (ETP- Effluent Treatment Plant) উচ্চ আদালত কর্তৃক বাধ্যতামূলকভাবে থাকার রায় প্রশংসাযোগ্য। এটিকে চলমান রাখতে হবে।

পলিথিনের বদলে কাগজ বা পাটের তন্তু দিয়ে সহজলভ্য ব্যাগ তৈরি ও ব্যবহার করলে নালা-নর্দমা বন্ধ হওয়ার আশংকা কম থাকে। নদীর নাব্যতা রক্ষার প্র□য়াকে চলমান রাখতে হবে।

ডেনমার্কের কোপেনহেগেন আন্তর্জাতিক সম্মেলনে ঘোষিত হয় যে, ২০১২ সাল পর্যন্ত 'জলবায়ু সাহায্য তহবিল' (Climate Aid Fund) বাবদ ৩০ বিলিয়ন ডলার এবং ২০২০ সাল থেকে ১০০ বিলিয়ন ডলার □মশ উষ্ণ হয়ে ওঠা উন্নয়নশীল দেশগুলোর জন্য বরাদ্দ দেয়া হবে। উল্লেখ্য, জলবায়ু পরিবর্তনে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে বাংলাদেশ।

মেরুসাগর ও পর্বতশৃংগের বরফ তখনই গলতে শুরু করবে, যখন আবহাওয়া মন্ডলে কার্বন-ডাই-অক্সাইডের মাত্রা ৩৫০ পিপিএমের বেশি হয়। সেই সাথে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ও ভূমির লবণাক্ততা বৃদ্ধি, বন্যা, খরা, সাইক্লোন, তাপজনিত বিভিন্ন রোগ-বালাই (যেমন– ম্যালেরিয়া, পানিবাহিত রোগ) ইত্যাদির আধিক্য ঘটায়। বাংলাদেশ নদী-

মাতৃক দেশ। এদেশের আবহাওয়ায় কার্বন-ডাই-অক্সাইডের মাত্রা ইতিমধ্যে ৩৯০ পিপিএমে পৌঁছেছে। এখন আবহাওয়া মন্ডল যাতে আর উষ্ণ না হয়, অধিকন্তু যাতে শীতল হয় সেবিষয়ে সতর্ক হতে হবে।

মিথেন গ্যাসও আবহাওয়ার উষ্ণতা বৃদ্ধির কারণ। অবাধে বৃক্ষ নিধন, বিদ্যুৎ উৎপাদন, যানবাহনসহ বিভিন্ন ইঞ্জিন চালনা, শিল্পায়ন ইত্যাদির সঙ্গে গ্রিন হাউসের নিবিঢ় সম্পর্ক রয়েছে। এনার্জির চাহিদা ৪৫ শতাংশ বেড়ে যাবে ২০৩০ সাল নাগাদ। আর এ সময় পর্যন্ত জীবাশ্ম জ্বালানি থেকে ৮০ শতাংশ জ্বালানির চাহিদা মিটবে যা ভয়াবহ। কারণ এতে কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ আকাশে-বাতাসে বিপুল পরিমাণে বেড়ে যাবে।

জলবায়ুর এহেন সংকটকালে সকল অবস্থায় (যেমন– লোনা পানি, বন্যা, খরা ইত্যাদিতে) চাষোপযোগী ধান ও অন্যান্য ফসল উদ্ভাবন করা গেলে, বাসযোগ্য ঘর-বাড়ি বানাতে পারলে এ থেকে পরিত্রাণ পাওয়া যেতে পারে। শিল্পোন্নত দেশগুলোর কারণে জলবায়ুর দূষণ বেশি হচ্ছে, যা আমাদেরকে বেশি ক্ষতিগ্রস্ত করছে।

অপ্রিয় হলেও সত্য যে, জলবায়ু বিষয়ে কোপেনহেগেনে অনুষ্ঠিত আন্তর্জাতিক বিশ্ব সম্মেলন ব্যর্থ। তবে আশার কথা হল: জার্মানীর বন ও মেক্সিকো সিটিতে যথাক্রমে সামনের জুন ও ডিসেম্বরে জলবায়ু সম্মেলন আবার হবে। তখন হয়তো উন্নয়নশীল দেশসমূহের মতো বাংলাদেশও জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সম্পর্কে সুখকর কিছু শুনবে যা বাস্তবে রূপ দিতে হবে।

বিদ্যুৎ ও জ্বালানি সম্পদ

জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বরাদ্দকৃত ৬৮৩ কোটি টাকার মধ্যে প্রথম ছয় মাসে ৫০৬ কোটি টাকা খরচ হয়েছে, যা মোট বরাদ্দের ৭৪ শতাংশ। ২০০৯- '১০ অর্থবছরে বিদ্যুৎ বিভাগের জন্য মোট বরাদ্দ রয়েছে তিন হাজার ১৩৩ কোটি টাকা। এ খাতে জুলাই '০৯ - ডিসেম্বর '০৯ পর্যন্ত সময়ে ব্যয় হয়েছে মোট বরাদ্দের ২২ শতাংশ (৬৭৫ কোটি টাকা)। অর্থ খাটাতেও যে যোগ্যতা লাগে, তার-ই প্রতিধ্বনি শোনা যায় এর মাধ্যমে।

গ্যাস, তেল, কয়লা প্রভৃতি ব্যবহার ক'রে বিদ্যুৎ উৎপাদন করা যায়। এছাড়া নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক, বায়ুভিত্তিক বিদ্যুৎ এবং সৌর বিদ্যুতও উৎপাদন করা সম্ভব। তিতাস গ্যাসের সর্বোচ্চ চাহিদা ১৬৮ কোটি ঘনফুট। বর্তমানে ঘাটতি প্রায় ২৫ কোটি ঘনফুট। গ্যাসের চাহিদা মিটাতে বিকল্প হিসেবে 'রেশনিং'-এর ব্যবস্থা ক'রে বর্তমানে গ্যাসের চাহিদা মিটানো হচ্ছে। কিন্তু এ ব্যবস্থায় কতদিন চলবে? রেশনিং মানে হল, সপ্তাহের একেক দিন একেকটা অঞ্চলে গ্যাস সরবরাহ করা হবে না। আর এ ব্যবস্থা শিল্প-কারখানার ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে যেসব প্রক্রিয়াকরণ শিল্প-প্রতিষ্ঠানে ২৪ ঘন্টাই গ্যাস প্রয়োজন, সেসব প্রতিষ্ঠান রেশনিং-এর আওতার বাইরে থাকছে। এটি ভালো যে, রেশনিং প্রথা তদারকির জন্য পাঁচটি পরিদর্শক দল ঘুরে ঘুরে কাজ করছে।

বাংলাদেশে মোট জ্বালানি তেলের চাহিদার মধ্যে প্রায় ৭০ শতাংশ ডিজেল ও কোরেসিন দিয়ে মেটানো হয়। প্রতি বছর বাংলাদেশ সরকার প্রায় আড়াই হাজার কোটি টাকা আমদানি শুল্ক পায় জ্বালানি তেল থেকে।

দেশের চাহিদা মেটানোর জন্যে প্রতি মাসে প্রায় এক লাখ টন (এক জাহাজ) অপরিশোধিত তেল এবং পাঁচ-ছয় জাহাজ পরিশোধিত তেল বিপিসি (BPC- Bangladesh Petroleum Corporation)–কে আমদানি করতে হয়। কিন্তু প্রতি মাসে আরো প্রায় ৩ লাখ টন বেশি ডিজেল বোরো মৌসুমে (নভেম্বর- মার্চ পর্যন্ত) আমদানি করতে হয়।

আন্তর্জাতিক বাজারে তেলের মূল্য বৃদ্ধিতে গত অর্থবছরের তুলনায় এ বছর প্রতি এক লাখ টন (মূল্য প্রায় ৪৮০ কোটি টাকা) অপরিশোধিত তেল আমদানিতে প্রায় ১০৫ কোটি টাকা বেশি লাগছে। যার কারণে প্রতি মাসে অতিরিক্ত ২৩৭ কোটি টাকা গুনতে হচ্ছে বিপিসিকে।

এখন কথা হল: আন্তর্জাতিক বাজারে যে কোনো পণ্যের দাম যে কোনো সময় উঠা-নামা করতে পারে। এক্ষেত্রে আগে থেকেই ঝুঁকিপূর্ণ সমস্যা সমাধানের জন্য প্রস্তুত থাকতে হবে। আবার বিপিসি দেশের চারটি বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে সাড়ে তিন হাজার কোটি টাকা (৫০ কোটি মার্কিন ডলার) ঋণ সহায়তা চেয়েছে সরকারের কাছে। এর আগেও এসব ব্যাংক বিপিসিকে ৩০ কোটি মার্কিন ডলার ঋণ দিয়েছিল।

১৭৮ মেগাওয়াটসম্পন্ন সাতটি ক্ষুদ্র বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে আইপিএফএফ প্রকল্পের আওতায় ইতিমধ্যে ৩৯১ কোটি ৩৪ লাখ টাকা ঋণ দেয়া হয়েছে। এটি ভালো। সরকারি-বেসরকারি অংশীদারী (PPP- Public Private Partnership) প্রকল্পের অর্থায়ন ও কার্যম যাতে ভালোভাবে সম্পন্ন হয় সেদিকে নজর রাখতে হবে।

উন্নয়নশীল রাষ্ট্রগুলো উন্নত রাষ্ট্রগুলোর কাছে সহযোগিতা প্রত্যাশা করে। এটি খারাপ কিছু নয়। কিন্তু খেয়াল রাখতে হবে সহযোগিতা যাতে বেশিরভাগ ক্ষেত্রেই ফলপ্রসূ হয়।

অবকাঠামো

চলতি অর্থবছরের এডিপি-তে যোগাযোগ মন্ত্রণালয়ের মোট বরাদ্দ তিন হাজার ৬৯৯ কোটি টাকা। কিন্তু ছয় মাসে মন্ত্রণালয়ের একাধিক সংস্থা মিলে মাত্র ৫৯৭ কোটি টাকা খরচ করতে পেরেছে। বিদ্যুৎ, যোগাযোগ ও পানি সম্পদ মন্ত্রণালয়ের সঙ্গে দেশের অর্থনৈতিক উন্নয়নের প্রত্যক্ষ সম্পর্ক জড়িত।

পানি সম্পদ মন্ত্রণালয় তাদের মোট বরাদ্দের মাত্র ১৮ শতাংশ ব্যয় করেছে।

উল্লেখ্য, চলতি অর্থবছর এডিপি-তে মোট ৮৮৬টি উন্নয়ন প্রকল্প অন্তর্ভুক্ত করা হয়েছে। গত অর্থবছর ছিল ৯০৪টি। গেল অর্থবছর সংশোধিত এডিপির আয়তন ছিল ২৩ হাজার কোটি টাকা এবং বাস্তবায়িত হয়েছিল ১৯ হাজার ৬৬৮ কোটি টাকা (৮৬ শতাংশ)। চলতি অর্থবছরে এডিপি সাড়ে ৩০ হাজার ৫০০ কোটি টাকা থেকে কমিয়ে সাড়ে ২৮ হাজার কোটি টাকায় আনা হয়েছে।

বাংলাদেশের বিভিন্ন জেলাগুলোতে নাজুক অবস্থায় রয়েছে প্রায় ২৭৫ কিলোমিটার রাস্তা। সম্প্রতি সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তরাধীন মহাসড়ক উন্নয়ন ও ব্যবস্থাপনা (HDM- High way Development and Management) বিভাগের হিসাব অনুযায়ী এ পরিসংখ্যান। আর খুলনা ও বরিশাল অঞ্চলেই এ অবস্থা বেশি বিরাজমান। এক হাজার ২০০ কিলোমিটা রাস্তা সামান্য ভাঙাচোরা যেখানে ৫০০ কিলোমিটারের ওপরে রাস্তা-ঘাট ভাঙাচোরা। এসবই হচ্ছে জেলা পর্যায়ের রাস্তাঘাট।

আঞ্চলিক ও জাতীয় মহাসড়কের অবস্থা অতটা খারাপ না হলেও সেগুলোরও সংস্কার প্রয়োজন। সওজ সে-রকম কথাই বলেছে। অর্থনৈতিক উন্নয়নের অন্যতম পূর্বশর্ত হচ্ছে অবকাঠামোর উন্নয়ন। লক্ষ লক্ষ প্রাণের বিনিময়ে যে মুক্তি বাঙালিরা অর্জন করেছিলেন, তা কি অবকাঠামোর এই হীন দশা দেখার জন্যে? নিশ্চয়ই নয়। প্রায় দুই কোটি টাকায় মেরামত হচ্ছে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের চট্টগ্রাম অংশের রাস্তা। অর্থ বড় কঠিন জিনিস। ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের অবস্থা মোটেই ভালো না হওয়া সত্ত্বেও তার কোনো মেরামত হচ্ছে না। সেতু না থাকায় সিলেট-কোম্পানিগঞ্জ-ভোলাগঞ্জের স্থানীয় বাসিন্দাদের দুর্ভোগ পোহাতে হচ্ছে।

মুক্তিযুদ্ধের সুবর্ণ জয়ন্তীতে আমরা দেখতে চাই টেকনাফ থেকে তেতুলিয়া পর্যন্ত দেশের সর্বত্র প্রয়োজনীয় ভৌত অবকাঠামোগত উন্নয়ন যেমন– কৃষিজমির মতো হয়ে যাওয়া কুয়াকাটা-কলাপাড়ায় সুন্দর রাস্তা, বন্ধ হয়ে যাওয়া গাজীপুর, আজমতপুর ও ইটখোলা সড়কের নির্মাণ কাজের পুনরারম্ভ এবং প্রয়োজন অনুযায়ী অন্যান্য রাস্তাঘাট। যেসব সড়কে বেশি যান চলাচল করে, অগ্রাধিকার ভিত্তিতে সেগুলো মেরামতের উদ্যোগ নেয়া হয়েছে। ২০০৯-

২০১০ অর্থ বছরে ৪৪৬ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে সড়ক রক্ষণাবেক্ষণ খাতে। এইচডিএম বিভাগের তথ্যমতে, আড়াই হাজার কোটি টাকা হলে এ বছর সারাদেশের ভাঙাচোরা রাস্তা মেরামত করা যাবে। বরাদ্দকৃত অর্থ জাতীয় মহাসড়কগুলোর মেরামতেই ব্যয় হবার ফলে জেলা বা উপজেলা পর্যায়ের সড়কে হাতই দেয়া যায় না। প্রায় ১৮ হাজার কিলোমিটার পাকা রাস্তা সওজের অধীনে।

বর্তমানে সওজের অনুমোদিত নতুন প্রকল্পের সংখ্যা ১৫ এবং এজন্য এক হাজার ৭০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। অসমাপ্ত সেতু সমাপ্ত করা ও ইস্টার্ন সেতু উন্নয়ন প্রকল্প হল সবচে' বড় অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে।

অবকাঠামো বলতে আমরা বিদ্যুৎ, জ্বালানি (যেমন– গ্যাস, তেল, কয়লা, সৌরশক্তি), শিক্ষা প্রতিষ্ঠান, রাস্তাঘাট, পানিপথ ইত্যাদিকে বুঝি। আমরা স্বাধীনতা নিশ্চয়ই এজন্য অর্জন করিনি যে, একজন টাকা পয়সা নিয়ে কাজ না করে চ'লে যাবে– আবার অন্যজন এলে তার জন্য পুনরায় টাকা দেয়া হবে।

৭৭৩ কোটি টাকার প্রকল্প অনুমোদিত হয়েছে দেশের পূর্বাঞ্চলে ছোট-বড় প্রায় এক হাজার সেতু নির্মাণের লক্ষ্যে। আর এটি হয়েছে ইস্টার্ন সেতু উন্নয়ন প্রকল্পের অধীনে। চাহিদার তুলনায় বরাদ্দ কম হওয়ার কারণে জাতীয় ও আঞ্চলিক সড়কগুলো চালু রাখা হয় অগ্রাধিকার ভিত্তিতে। এরপর জেলা সড়কে বরাদ্দ দেয়া হয় যদি টাকা অবশিষ্ট থাকে। বিশ্বব্যাংকের সাথে আলোচনা চলছে বড় ধরনের মেরামতে অর্থায়ন পেতে। এক্ষেত্রে মানি ক্রিয়েশন (Money creation)-এর ভূমিকা অনস্বীকার্য।

নড়াইল জেলার নড়াগাতি থানার ডুমুরিয়া গ্রামের পাশ দিয়ে বয়ে যাওয়া মধুমতি নদীর কাছে ডুমুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়-এর নিকটে ডুমুরিয়া সোসাইটি ঘাট। এখান থেকে যদি একটি সেতু মধুমতির উপর দিয়ে নির্মাণ করা যায় তবে নড়াইল এবং গোপালগঞ্জ জেলার মধ্যে আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে সেতুটি। সুতরাং তখন এর ঢেউ সারা দেশে ছড়িয়ে পড়বে। এক সময় মধুমতি খরস্রোতা টলমল যৌবনা নদী হিসেবে পরিচিত ছিল। কিন্তু বর্তমানে তা শীর্ণকায়। কাজেই এর নাব্যতা ফিরিয়ে আনার তাগিদে মধুমতি নদীটির ড্রেজিং করা একান্ত জরুরী।

২৭-০১- '১০ তারিখ রোজ বুধবারে বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মুস্তাফা মহিউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় মন্ত্রণালয়ের চলতি অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়কালের এডিপি বাস্তবায়নে ৬২ শতাংশ অগ্রগতি সাধিত হয়েছে ব'লে দাবি করা হয়।

পরিশেষে আমরা বলতে পারি, অর্থনীতি এমন একটি বিষয় যে এটি সমাজের প্রতি ক্ষেত্রে কোন না কোন ভাবে জড়িত। অর্থনীতিকে বিক্ষিপ্তভাবে দেখার অবকাশ নেই। এটি অনেকটা চেইন রুলের মতো। এর সুতোগুলো কোন না কোন ভাবে একটা আরেকটার সঙ্গে জড়িত। সুতরাং একটাকে বাদ দিয়ে যে আমরা আরেকটা করবো তার ফুরসত নাই। ব্যাংক ব্যবস্থা যদিও অর্থের উপর প্রতিষ্ঠিত তারপরও এটি গ্রামের কোন এক ভূমিহীন কৃষকের সঙ্গে জড়িত। পররাষ্ট্র ব্যবস্থায় বিভিন্ন দেশের সঙ্গে বাণিজ্য হয় যার লেজুড় আমাদের ডুমুরিয়া ও পহরডাঙা গাঁয়ের ভাসমান মুড়ি-চানাচুর ব্যবসায়ের ভিত্তির সঙ্গে এর অংকুর লেগে আছে। সুতরাং অর্থনীতি বিশাল একটি বিষয়। বিক্ষিপ্তভাবে আমরা একে বিচার করলে চলবে না। এটিকে দেখতে হবে সামগ্রিক ভিত্তিতে, তাহলেই অর্থনীতি হবে মজবুত ও দীর্ঘস্থায়ী।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

Wholesale Market Global Experience & Bangladesh

M S Siddiqui*

Abstract

Governments have a responsibility to ensure adequate food supply for their people. This responsibility is usually undertaken in all the economies by governments putting in place the necessary infrastructure, and financial and legislative framework so that the market can operate properly. Government must create effective pricing mechanisms for wholesale markets and retail markets for fair competition and transparency.

The purpose of wholesale and retail markets cater the nation for many centuries over the establishment of cities and towns. We may recall the memory of the village Bazaar or Hat at road intersections where weekly markets took place. The wholesale market sits in Gonj or on the bank of the rivers.

The marketing of agricultural products is dominated by the traditional businesspersons. They are money lenders through 'Dadon', commission agent, brokers, wholesalers for selling own purchased goods or rent the wholesale shops. Unfortunately there is a gap between demand of services and supply from the government.

The Europe, Asia and Latin America has some common characteristics of the wholesale markets. Those are: those market are regulated by laws and rules, controlled and monitored by Government and local bodies, market managed by local body, Joint stock company and cooperatives, the laws ensured the active participation of producers, wholesalers, consumers, Government finance or give subsidy for constructing infrastructures, establishment of alternate market for direct transaction between producers and consumers.

---

* Part time Teacher, Leading University, E-mail: shah@banglachemical.com

This Paper was presented at the *XVII Biennial Conference titled* ***"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

> *The wholesale market in open market economies (including the market leader, USA) are under full control, on the other hand, the wholesale market in Bangladesh is totally free although the economy is mostly controlled by the government.*

The recent outcry due to an increase in the price of Sugar and the increase in the price of foodstuffs during Ramadan has initiated a debate. The government leaders along with business leaders talked much but without any positive result. This is not only a failure of the present government but all the recent past governments also failed to stabilize the price of essentials.

The governments have a responsibility to ensure adequate food supply for the population of the country. This responsibility is usually undertaken in all the economies through governments putting in place the necessary infrastructure, and financial and legislative framework so that the market can operate properly.

Governments have the responsibility to ensure that basic food staples of sound quality and are available in regular quantities. They should provide the necessary infrastructure for production like irrigation, supply of fertilizer and seed etc. They should have research and extension service to improve the seeds and fertilizer services. It also require the provision of storage, food security, marketing and distribution to ensure due price to farmers. Government should also set up cold storage and market facilities where private enterprises are unwilling or unable to invest. They should ensure supply of staple foods; provide criteria and guidelines for market transactions to ensure fair and transparent competition among suppliers and wholesalers; ensure compliance with standard weights and measures; provide criteria for quality or grade standards; provide controls for human health, and plant and animal pests and disease.

Government must create effective pricing mechanisms for wholesale markets and retail markets for fair competition and transparency. The food supply to be assured to ensure that food products are safe for human consumption, which they do not spread plant or animal diseases like birds' flue, swine flue and those quality standards are maintained. The compliance enforcement is therefore the responsibility of the government, local government or Bangladesh Standard and Testing institute or any other appropriate regulator.The products should have other standards like ingredients, date of manufacture, date of expiry, name of manufacturers/importers etc.

Unfortunately there is a gap between demand of services and supply from the government. The supply of seeds and fertilizers to some extent are handed to private sector and government is regulating and controlling it through regulation and fiscal measures.

The simultaneous presence of available produce, buyers and sellers in a single place helps to ensure that prices paid and received are realistic and fair at all times. The recent crisis of sugar revealed that the regulator, law enforcing agencies and consumers as a whole, don't know the process of DO (delivery order). The DO changes hands adding price to the cost of sugar. We were not aware how the wholesale markets operate in this country.

We may recall the memory of the village Bazaar or Hat at road intersections where weekly markets took place. The wholesale market sits in Gonj or on the bank of the rivers. The purpose of wholesale and retail markets cater the nation for many centuries over the establishment of cities and towns. There is a recent development in the city retail markets with the introduction of departmental stores and setting up of some food industries. The change has been the establishment of modern food packers and suppliers for a range of food commodities, together with associated pre-packaging, assembly and other food distribution activities are concentrated under one roof and marketed under brand names. There are some popular brands for traditional rice produced in rural area. The price of different branded rice is different.

There is a change of characteristics of wholesale markets during last few decades. The improvement of transport system and capacity of market at wholesale and retails levels has an impact on the price and supply situation. There will be continuous change of wholesaling and retailing in response to urban growth, the increasing role of updated wholesale market apart from Batamtoly and Mouluvi Bazar and Khtungonj and also increased consumer spending capacity. The per capita income growth for last few years is significant. These changes demands positive change in views of government regulatory body towards the markets, reform, organized and managed.

The marketing of agricultural products are dominated by the traditional businesspersons. They are money lenders through 'Dadon', commission agent, brokers, wholesalers for selling own purchased goods or rent the wholesale shops. However, in markets at production site and at wholesale market at Gonj or Upzila level market and also at entry point of cities have auction process are often carried out by the self regulatory authority or managing authority of the business community as per standard norm and practice. The beauty of the system has proven standard without any law and regulation and government intervention.

The governments now have policies of intervention in markets with very strong Mobile Court Act 2009 But the Act only made bureaucrats happy without any positive outcome. The statement of government leaders and other experts reveled that the gap between demand and supply of "service" from the government is effective management of wholesale and retail market. Some of them are looking for another alternative law to arrest culprits (businessmen!).

There is one consensus that the system is not working properly and regulators have failed to maintain the market properly. Let us evaluate the experiences of various countries around the world for effective management of the market or in the language of the Bangladesh experts "the control of the price of essentials."

Spain has introduced improvements in wholesale marketing in the 1960s. In 1966, the Empresa Nacional Mercados Centrales de Abastecimientos S.A. (MERCASA) was set up by the Ministry of Trade with the specific purpose of creating a modern network of wholesale facilities to replace the old central markets in each major city.

The government organized MERCASA as a joint stock company along with the relevant city corporation authority and some professional organizations like trade association The city corporation hold 51 percent and 26- 49 percent for MERCASA and the remainder for trade bodies.

They also form a "syndicate" comprising of MERCASA, are the producer, traders and consumer associations with the purpose of promoting and building the new markets. In this case also city corporation buy shares and became an active sponsor to create a venture in the start-up phase of the market projects In certain specific cases MERCASA's share may be higher to cover the total financing.

In this way, any city can equip itself with the legal, and to some extent economic and financial means, to set up an integrated market for essential products within the MERCASA network.

Italy has legislation for setting up wholesale market which reflects the decentralizing disposition of the state, and grants the ownership and management of wholesale markets to municipal authorities. The law was the first legal framework provided by the Italian Republic which liberalized wholesale trading. It has provision of funding for their construction, granting of financial aid for their construction, evaluation criteria for the granting of aid to wholesale markets, decree of Local Autonomy and also granting of financial aid for their construction. However, Italian wholesale markets were aging structurally, were inefficient and making losses and they are working out further investments in renovations and new plant, considering the economic and geographical importance of the wholesale market, taking over majority public shareholdings in the company, and make multipurpose market structure.

Italy has forty "syndicated companies", some of which were selected to receive funds for new wholesale markets (the syndicates of Bologna, Turin, Catania, Cosenza, San Benedetto and Verona).

Under the new wholesale management plan, Italian local authorities started to establish the services and create a joint stock company and a special company to

which the management is automatically transferred. In turn, the municipality transfers the management of services to a syndicated company as a concession by tender.

These syndicate companies granted funds to achieve a balanced national distribution of goods, eliminating all forms of duplication, through centers located in the best sites from the point of view of communication by air, sea or land, thus facilitating the movement of goods and freeing urban centers. The system was also aimed at improving warehousing, refrigeration, and providing real-time information on other markets, stocks, prices, flow of goods, foreign trade, etc.

The France wholesale markets are organized as a Network of Markets of National Interest (Reseau de Marchés d'Interêt National, MIN) by laws passed in 1953, whose objective was to simplify or reduce marketing channels so as to reduce costs and clarify market transactions, while allowing the possibility of improving the quality of products throughout the marketing process, the concentration of supply on a single site with adequate facilities: the effects on distribution channels, standardization, permitting sales by auction and, finally, the effects on prices of networking centers of production and consumption into a single unit, and introducing the concept of individual market units instead of an overall national scheme. The characteristics of the MINs are that they are closed markets with controlled entries and exits, located on main roads and/or railway lines, and equipped with cold storage facilities and other complementary services.

In Germany wholesale markets are a municipal responsibility, and the markets are owned by the different cities, directly or through companies wholly owned by the municipal authorities, save for a few exceptions which are administered by companies whose by-laws are established by the municipalities and come under public law (the employees are civil servants under public law and the tariffs are set under public law). In most cases the companies are registered as limited companies. There are no federal or state laws to regulate the activities of wholesale markets.

The wholesale market of Berlin has certain features that differ from the rest as regards the form of management. The owner of the wholesale market is a limited company founded in 1960 (Berliner Grossmarkt GmbH, BGG) whose stock capital is wholly owned by the Berlin city-state. Recently the administration and operation of both wholesale markets were transferred to the Berlin Cooperative for the Administration of the Wholesale Fruit and Vegetable Markets. They have another set of Tariff Regulations (Geb hrenordnung) issued by the cooperative. The latter has a great deal of power over market governance for approval or refusal of licenses to wholesalers, use and rental of stalls and spaces in the wholesale market, application of penalties, settlement of complaints.

Wholesale market information and statistics are issued by the BGG and the cooperative. The imposition of penalties is governed by the cooperative. Finally, the by-laws establish a system for complaints against measures taken by the cooperative, which are resolved by a Committee consisting of representatives of the BGG, the cooperative, the wholesalers' association, the chamber of commerce and senators. This Committee may modify, alter and confirm the cooperative's decisions.

UK has no network of wholesale markets but there is some wholesale market like London's Covent Garden, governed by a public authority established by an Act of Parliament in 1961. In 1966, Parliament approved the authority's decision to relocate the market to a new site, Nine Elms, inaugurated in 1974.

The operation of whole market is almost free to regulation except the food hygiene and product classification rules under unified EU rules applicable to the entire European Union.

The market like London's convent Garden are governed by authority consists of a President and a Director-General appointed by the Ministry, together with other members, no less than three and no more than six, appointed from the ranks of highly experienced and capable professionals in industry, trade, administration, transport, finance, law and labor organizations.

The Management authority must see to it that income is sufficient to cover its needs. This is its main duty. In some very special cases the Minister may grant cash advances which must be reimbursed in an appropriate manner. There is also an advisory market-management committee consisting of a chairperson, a secretary and 18 other members, both for fruit and vegetable products and for flowers. There are some more statutory committees are the Advisory Management Committee, the Advisory Traffic Committee, the Advisory Market Workers' Committee and the Advisory Market Finance Committee. There is also an advisory committee of economists.

The leader of open market economy, US have full state control over the food product market with state assembly resolution and managed by corporation created under the resolution. The decree of the State Assembly General which instituted the Food Center Authority explicitly recognized that food marketing is a matter of public interest, and also recognized that the maintenance of market structures is a public function. The Maryland Food Center in Baltimore, which dates from 1989, is the latest large wholesale markets have been built in the United States. In view of the fact that the obsolescence of installations in the State of Maryland was causing high food marketing costs, the State Assembly decreed the creation of a Market Authority as a public corporation, whose function would be to purchase the land, build and operate a new food center.

The Market Authority is a not for profit organization and earn very small profit for the service. This is a political and corporate body created as an instrument of the State of Maryland with a broad range of responsibilities which include purchasing, maintaining and disposing of property and assets, drafting all types of contracts and leases for market stalls, and fixing fees and rents for the use of the installations. The Authority owns and operates the different central markets in the region. It has an Advisory Committee with the function of advising the members of the Authority from time to time.

Let us look into Asia. Japan enacted The Wholesale Market Regulatory Law in 1971. The law classifies wholesale markets into three categories: central, local and others wholesale markets.

The Ministry of Agriculture used to give approval for central wholesale markets as the main distribution and consumer centers. They give approval to local public authorities, cities with more than 200 000 inhabitants and local traders' associations with several years experience. On the other hand the local wholesale markets are established with the approval of the Governor of local government. The members are the local public authorities that have built or are in charge of wholesale markets.

Wholesalers must obtain approval from the Ministry of Agriculture for each market and each product they trade in for two or three products. Japanese system does not have any trade body in wholesale market and there are not information networks unlike European markets, but there is an Association of Central Wholesale Markets of Japan with head-offices in Tokyo's metropolitan central wholesale market and six district offices in the six district wholesale markets. Its activities are to rationalize the markets, modernize installations, monitor the management practices of the wholesale markets and wholesalers, and modernize distribution and information.

The wholesale markets in Hongkong were setup by different government bodies. The Director of Agriculture was responsible for the administration and management of the three groups of wholesale markets in the territory during British rule. At present the Cheung Sha Wan wholesale fruit and vegetable market is operated by the traders' association established as an authority on the basis of the Hong Kong legislation. It is non-profit making and its income amounts to 10 percent of the commissions on the value of the produce. Transactions take place by negotiation.

The Director of Trade established seven units of Fish Marketing Organizations (FMO) to operate as a corporation. It has an advisory committee. An FMO make the regulations for operation of the market and work as non profit organization funded by income of 6 percent of the commission on sales made by negotiation or auction. The Director of Agriculture established for fruit, vegetables and poultry markets. Market stalls are rented on a daily basis and rents are calculated to cover costs.

South Africa has a number of laws to regulate the wholesale markets namely- the Fresh Produce Markets Act, 1970; the Agricultural Produce Agencies Act, 1975; the Marketing Act, 1968. The provincial governments use to promulgate the regulations of their provincial wholesale market.

There is a commission for Fresh and Perishable Produce under the act of 1975, whose purpose is to advise the Minister on all matters related to the market. It consists of three or four members appointed by the Minister. It also establishes the payment of market fees. The government has set policy of development and building of new national markets, and the replacement of structures considered obsolete, the country's central Government used to grant subsidies to the local authorities responsible for market services.

The Agricultural Produce Agencies Act, 1975 regulates the sale of fresh produce by brokers or other agents. It defines the broker as a person who, against a commission, sells produce on behalf of another person and exercises control over the products and/or selling procedures for the latter. The market agents or brokers are remunerated for their services with a commission that can range from 5-7 percent of the gross value of goods sold. These percentages are fixed by law.

Argentina is following, in broad terms, a system based on the French model of the MIN and the Spanish model based on MERCASA. In 1967, the Buenos Aires Central Market Corporation was created by the Ministry of Interior and Economy, in partnership with the Provincial Government of Buenos Aires and the Municipality of the City of Buenos Aires. It had a legal framework for the planning, building and administration of the Buenos Aires central market as the single wholesale market in the city.

The Law Mercados de Inter s Nacional (Markets of National Interest) 1971 and its Regulatory Decree are aimed at the creation of a MIN network, operating as a public service. The MIN is considered public services. Management may be sub-contracted to outsiders as long as the producers have an adequate participation in the marketing process.

The by-laws formulated by the Executive Council regulate the hours of business, minimum quantities, sales systems, conditions and obligations for participants, assignment by tender of market stalls, access to the market confines, level of rents, fees, deposits and guarantees, inspection of installations and internal traffic regulations.

There is an information system in order to record market arrivals and prices. Such information can contribute to the orientation of producers, the efficient distribution of food supplies in the country and inter-market collaboration.

More over the traditional central wholesale market continues to play an important role in many countries, some have expanded to become terminal wholesale markets, by large food supply complexes are located on the outskirts of key cities, combining a fruit and vegetable wholesale market for direct transaction between growers and consumers. In addition, they have facilities for processing, grading and packaging, and excellent communication facilities. The whole complex has been built by a municipality, provincial or national government, or often a combination of all three. Some of the largest new market complexes e.g. Thailand Market in Bangkok have been built by private enterprise with government-backed finance or other support.

The latest marketing strategy is marketing by-passing the wholesale market. This process is very popular and successful in developed economies. In the United Kingdom it is now estimated that up to 75 percent of all traded fruit and vegetables bypass wholesale markets. However, some of the transactions for this produce are actually arranged by wholesalers based in wholesale markets. Produce is often delivered directly from farmers or field-based packing houses to supermarkets, which have developed their own merchandising/distribution complexes. Modern wholesale markets will continue to be required in developing countries, and a large number of developed economies in the foreseeable future will get the supply, delivery system, growth of specialty retail shops, bulk handling and prepackaging for retail sale. This is improvement to cater to whole market. A rapidly expanding restaurant demand, as more and more people's preference of eating out and a growing awareness by consumers of what constitutes healthy food are also factors influencing demand for markets.

The pattern of consumers also changing very rapidly and the requirements of users, including farmers, cooperatives, packing houses, specialty and general retailers, supermarkets, secondary wholesalers, institutional buyers like government establishment, large restaurants, hotels and retail food chain outlets, importers and exporters, as well as transport operators, banks and other businesses.

In Bangladesh, The government is a big buyer of these essential products for defense, Police, BDR and Jail and in a position to arrange a wholesale by pass system to reach agreement with producers, manufacturers and importers for better price for both the parities. The can share the profit of wholesalers and happy with respective better price.

It seems that in Europe, Asia and Latin America has some common characteristics of the wholesale markets. Those are:

- Those market are regulated by laws and rules,
- Controlled and monitored by Government and local bodies.

- Market managed by local body, Joint stock company and cooperatives
- The laws ensured the active participation of producers, wholesalers, consumers.
- Regulating organization work for small commission / profit to cover costs.
- Government fix commission and discount to brokers
- Government finance or give subsidy for constructing infrastructures
- Establishment of alternate market for direct transaction between producers and consumers.
- Government has very active role to set up, management and monitor the market very closely.
- Involvement of exports of different discipline in the process.

The wholesale market mechanism in other countries in all the regions is controlled by administration of Government and local bodies but functioning very successfully. Unfortunately, the experiences of the administrators in Bangladesh are not very encouraging as they are corrupt and inefficient. The experience with Trading Corporation of Bangladesh (TCB) and Consumers Corporation of Bangladesh (COSCOR) were very frustrating. COSCOR has no existence now. The operation of markets means dealing with substantial cash transactions they can be seen as opportunities corruption.

More over, markets are places for the interaction of various interest groups and individuals seeking to optimize their revenue. Markets therefore need to be managed with an impartiality, which recognizes the importance of all users for its successful operation. There will be inevitably conflicts, and chaos and confusion which can be to the detriment of the weaker participants unless there are clear and concise market rules or regulations and strict and consistent enforcement of them.

The ownership and management of the market should be carefully select and law should be framed as per experience of present administration. The management may be given to trade bodies or mixed management of Public – Private Partnership (PPP).

The wholesale market in open market economies (including the market leader, USA) are under full control, on the other hand, the wholesale market in Bangladesh is totally free although the economy is mostly controlled by the government.

In view of the global experiences and our weaknesses, what can we do now?

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২ ০ ১ ২

অবকাঠামো ও বাংলাদেশ

মোঃ মনোহর আলী*

স্বাধীনতার প্রায় ৩৮ বছর পর আমরা অদ্যাবধি দেশের সঠিক অবকাঠামো তৈরী করতে পারিনি। অবকাঠামো সাধারণত অর্থনীতিতে রাস্তা-ঘাট, সড়ক, জনপদ, বিদ্যুৎ জ্বালানী, যোগাযোগ, তথ্যপ্রযুক্ত ও অন্যান্য গুরুত্বপূর্ণ খাতকে গুরুত্ব দেওয়া হয় যাহা ব্যতীত একটা রাষ্ট্র চালানো যায় না। তবে অবকাঠামো রাজনীতি ও সামাজিক খাতের উন্নয়ন ছাড়া কল্পনা করা হয় না। ইহা থেকে আমরা উপলব্ধি করতে পারি যে, একটা দালান বা ঘরের খুঁটী অথবা পিলার ছাড়া কল্পনা করা সুদূর পরাহত। সুতরাং, একটা দেশের সুদৃঢ় অবকাঠামো ছাড়া দেশের সার্বিক উন্নতি কল্পনা করা যায় না। আমরা এখানে শুধু অর্থনৈতিক অবকাঠামো সম্বন্ধে আলোকপাত করতে চেষ্টা করবো।

১৯৭১সালের স্বাধীনতা সংগ্রামের সময় আমাদের অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক অবকাঠামো ধ্বংস করে দেওয়া হয়। অর্থনৈতিকভাবে আমাদের রাস্তা-ঘাট, যোগাযোগ, রেলওয়ে, শিল্প কল-কারখানা, বন্দর ও অন্যান্য ব্যবস্থাকে পঙ্গু করা হয়। এর ফলে অদ্যাবধি আমরা দেশের সকল অবকাঠামোর উন্নয়ন করতে পারিনি।

১৯৭১ সালের মে মাসে আমি ঢাকা থেকে চট্টগ্রামে নারায়নগঞ্জ থেকে জাহাজে ০২ দিনে গিয়েছি। কারণ, রাস্তা, সড়ক ও রেলওয়ে চলাচল অযোগ্য ছিল। এমনকি ১৯৯৪-৯৫ সালে যমুনা ব্রীজের পাথর ভারত থেকে পরিবহনের সময় রাজশাহী শহরের বড় রাস্তা-সড়ক গুলো ভেঙ্গে পড়ে। কারণ, ভারতীয় ট্রাকের ওজন ১০-১৫ টনের ছিল। কিন্তু আমাদের রাস্তা-সড়কের ধারণ ক্ষমতা ৫-৭ টনের ট্রাকের ছিল। এভাবে রেললাইনের অবস্থা তদ্রুপ ছিল। বিমান বন্দর ও সমুদ্র বন্দরের অবস্থা তেমন ভাল ছিল না।

স্বাধীনতার পরে রাজনৈতিক পট পরিবর্তনের ফলে আমাদের অর্থনৈতিক অবকাঠামো উন্নয়নের গতি বিলম্বিত হয়। তাই, ১৯৯১ সাল থেকে আমরা মনোযোগ দিয়েছি। আমরা দেখতে পাই যে, বিমান বন্দর, স্থলবন্দর, সমুদ্রবন্দর ও রাস্তা-ঘাট এবং বিদ্যুৎ জ্বালানীসহ তথ্য-প্রযুক্তির উন্নয়নের পদক্ষেপ নেওয়া হয়। ইহা দ্রুতগতিতে চলছে। তবে ইহার গতি মনে হয় গাণিতিক হারে হচ্ছে। তাই, জ্যামিতিক হারে গতি বৃদ্ধি প্রয়োজন। অনেক ক্ষেত্রে রাজনৈতিক কারণে গতি হ্রাস হয়। সুতরাং অবকাঠামো উন্নয়নে রাজনৈতিক প্রতিহিংসা পরিহার প্রযোজ্য।

---

* উপ-ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক

This Paper was presented at the *XVII Biennial Conference titled* ***"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

রাজশাহী ও খুলনা অঞ্চলে অর্থনৈতিক উন্নয়ন স্থবির। কারণ, রাস্তা-ঘাটের কিছু উন্নয়ন হলেও জ্বালানীখাতে গ্যাস না থাকায় শিল্প কল-কারখানার উৎপাদন হ্রাস হয়েছে। তাই, জ্বালানী খাতের অবকাঠামো উন্নয়নে দৃষ্টি প্রয়োজন। বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের অবকাঠামো তৈরীতে বেশী পুঁজি প্রয়োজন। সুতরাং প্রাথমিকভাবে সরকারকে অবকাঠামো তৈরী করে বেসরকারীখাতে হস্তান্তর করা উচিত। চট্টগ্রামের ষ্টীল মিল এখন বন্ধ থাকার কারণ বোধগম্য নয়। এভাবে সার কারখানা ও বিদ্যুৎ কেন্দ্র সরকারী থেকে বেসরকারী খাতে দেওয়া উচিত। সরকারী মিল কল-কারখানায় ক্ষতি হয়। তাই, এগুলোর অবকাঠামো তৈরী করে বেসরকারী খাতে ছেড়ে দিলে সরকারের আর্থিক ক্ষতি থেকে রেহাই পাওয়া যায়। কারণ, বৃহৎ পুঁজির অবকাঠামোতে বেসরকারী খাত সহজে আসে না।

বিদ্যুৎ ও জ্বালানী খাতের অবকাঠামো উন্নয়ন ছাড়া বর্তমানের ডিজিটাল দেশ গড়া কঠিন। তাই, তথ্য প্রযুক্তির যুগে তেল-গ্যাস ও বিদ্যুৎ বিভাগের অবকাঠামো ভালো করে উন্নয়নের চেষ্টা করা উচিত। এ ব্যাপারে প্রশাসনিক পদক্ষেপ, বেসরকারী খাত ও পুঁজি বাজারে স্তানান্তর করে ইহার বিকাশ প্রয়োজন।

যোগাযোগ খাতের অবকাঠামো সঠিকভাবে অদ্যাবধি উন্নিত করা হয়নি। কিন্তু ট্রানজিট নিয়ে জোর আলোচনা হচ্ছে। জল-স্থল ও আকাশে পথের অবস্থা বেহাল। তাই, ডঃ ওয়াহিদ উদ্দিন মাহমুদের বক্তব্য ছিল যে আগে আমাদের যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে হবে। পরে ট্রানজিটের ব্যবস্থা বিবেচ্য। তাই, এশিয়ান হাইওয়ে দ্রুত বাস্তবায়ণ করা উচিত।

আমরা জানি যে, অবকাঠামো নির্মাণ অতি ব্যয় বহুল। এক কিলোমিটার রাস্তা নির্মাণ ব্যয় প্রায় কোটি টাকার উপর। তাই, এ ব্যাপারে পুঁজি বাজার, ব্যাংকের তারল্য ও দাতাদের সাহায্য প্রয়োজন। আমেরিকার নিউইয়র্কে দেখেছি মাকড়সার জালের মতো রাস্তার উপর ফ্লাইওভার/ওভারব্রীজ। কিন্তু টোল আদায় করে ব্যয় তুলে নেয়া হচ্ছে। তাই, বাংলাদেশে আমরা এ ব্যাপারে চেষ্টা করা প্রয়োজন। এছাড়া বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে বিনিয়োগ করার পরামর্শ স্বয়ং গভর্নর ইচ্ছা প্রকাশ করেছেন।

আমাদের বর্তমান অর্থমন্ত্রী সাবেক আমলা। তাই, অবকাঠামো নির্মাণ অতি ব্যয় বহুল সাপেক্ষে দৃঢ় পদক্ষেপ নিতে মনে হয় চিন্তা-ভাবনা বেশী হচ্ছে। কিন্তু বিলম্বে অনেক ক্ষতি হতে পারে।

অবকাঠামো রাজনৈতিক সমস্যা সৃষ্টি করতে পারে। এ ব্যাপারে ঢাকার রাজধানীর অবস্থা বিবেচ্য। বর্তমানে রাজধানীর যানজট ভীষণ সমস্যা সৃষ্টির কারণ। রাস্তা-ঘাট, যোগযোগ ব্যবস্থা, বাড়ী-ঘর নির্মাণ ও মিল কল-কারখানা ইত্যাদির অপরিকল্পিত ব্যবস্থাপনা ইহার জন্য দায়ী। তাই, দ্রুত কিছু ফ্লাইওভার নির্মাণ প্রয়োজন। নতুবা ইহা রাজনৈতিক ইস্যু হয়ে যাওয়ার কারণ হতে পারে।

অর্থনৈতিক গুরুত্বে অবকাঠামো নির্মাণ জরুরী। নতুবা দেশের সার্বিক উন্নয়ন স্থবির হয়ে যাবে। কিন্তু ইহার বাস্তবায়নের দায়িত্ব প্রশাসনের উপর ন্যস্ত। বাংলাদেশের রাজনীতিতে ১৯৯৬ সাল থেকে অদ্যাবধি প্রশাসন নিরপেক্ষ নয়। রাজনৈতিক দল সরকারী কর্মকর্তাকে A,B,J, A++, B++, J++, N ও O ইত্যাদি চিহ্নিত করলে কাংখিত ফল পাওয়া যায় না। তাই, বর্তমান যুগে ডিজিটাল বাংলাদেশের স্বপ্নে আমাদের অবকাঠামো দ্রুত উন্নয়ন ছাড়া বিকল্প নাই। তবে আশার কথা যে, ডঃ অর্মত্য সেন বলেছেন এখন বাংলাদেশে উন্নয়নের ছোঁয়া লেগেছে। কারণ, আগে রিকশাওয়ালা খালি গায়ে রিকশা চালাতো। কিন্তু এখন শার্ট গায়ে দিয়ে রিকশা চালায়।

স্বাধীনতা উত্তর ঃ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার অর্থনীতি ও এর বাস্তবতা

মোহাম্মদ ইমরানুর রহমান*
আবদুল মান্নান

নবাব সিরাজ উদ্দৌল্লাহর পতনের পর বাংলাদেশ দু'বার উপনিবেশে পরিণত হয়েছিল। প্রথমে ১৭৫৭ সাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত বৃটিশদের দ্বারা এবং ১৯৪৭ সাল থেকে ১৯৭১ এর ডিসেম্বর পর্যন্ত পাকিস্তানীদের দ্বারা। বৃটিশরা আমাদের দেশের কৃষকদেরকে নীল চাষ করাতে বাধ্য করত এবং উৎপাদিত দ্রব্যের বাজার হিসেবে আমাদের দেশকে ব্যবহার করত। এরপর শুরু হয় পাকিস্তানীদের উপনিবেশকাল। তখন আমাদের দেশের সকল অর্থনৈতিক কর্মকান্ডের একচেটিয়া অধিকার ছিল পশ্চিম পাকিস্তানীদের হাতে। এ সময় ষাটের দশকে পাট ও বস্ত্র খাতের কিছুটা উন্নয়ন তারা করেছিল যে গুলোর বেশির ভাগের মালিকানা ছিল পশ্চিম পাকিস্তানীদের হাতে। চাকরির সকল ক্ষেত্রে একচেটিয়া আধিপত্য ছিল পশ্চিম পাকিস্তানীদের। তখনকার সময়ে বাঙ্গালীদেরকে শোষণ ও নির্যাতন করা হত। এর ফলে শুরু হয় বঙ্গবন্ধুর নেতৃত্বে স্বাধীকার আন্দোলন। যে আন্দোলন করতে গিয়ে বঙ্গবন্ধুকেও বিভিন্ন সময় কারা বরণ করতে হয়। যার ধারাবাহিকতায় বঙ্গবন্ধু বাধ্য হয়ে তৎকালীন সাত কোটি মানুষকে একত্র করে স্বাধীনতা আন্দোলনের ডাক দেন ৭ই মার্চ ১৯৭১ সালের ঐতিহাসিক ভাষণের মাধ্যমে। যেই ভাষণে বঙ্গবন্ধু বলেছিলেন এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। তিনি ঐতিহাসিক ভাষণে শুধু এই কথা গুলোই বলেন নি। এর সাথে আরও অনেক গুলো কথা বলেছিলেন। যেমন আমি যদি হুকুম দিবার নাও পাড়ি তোমরা জীবনের তরে রাস্তাঘাট সব বন্ধ করে দিবে এবং তোমাদের যা কিছু আছে তা-ই নিয়ে শত্রুর মোকাবেলা করতে হবে। এই রকমভাবে বঙ্গবন্ধু স্বাধীনতা যুদ্ধ সম্পর্কে তাঁর ঐতিহাসিক ভাষণে অনেক কথাই বলেছিলেন। সত্যিকার অর্থে, বঙ্গবন্ধুর এই ভাষণ ছিল স্বাধীনতা যুদ্ধের একটি দিক নির্দেশনা মূলক ভাষণ। আমি মনে করি, বঙ্গবন্ধুর এই ভাষণ সাপেক্ষেই ২৫শে মার্চের কাল রাতের উৎপত্তি। যেই রাতে পাক বাহিনীরা ঢাকা শহরে নারকীয় হত্যাকান্ড চালায়। গণহত্যা চালিয়ে পাক বাহিনীরা ঐ রাতে ঢাকা শহরকে রক্তে রঞ্জিত করে। বাতাসে লাশের গন্ধ ছড়িয়ে পড়ে। ফলে ঐ রাতেই বঙ্গবন্ধু ই,পি,আর এর মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা

---

* প্রভাষক অর্থনীতি বিভাগ, সদস্য, বাংলাদেশ অর্থনীতি সমিতি।

This Paper was presented at the *XVII Biennial Conference titled* ***"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

করেন। ২৫ শে মার্চের রাতেই বঙ্গবন্ধুকে গ্রেফতার করা হয় এবং ২৬ শে মার্চ থেকে সুদীর্ঘ নয় মাস আমাদের দেশে রক্তক্ষয়ী সংগ্রাম চলে। অনেক মা বোনের ইজ্জত নষ্ট হয়। অবশেষে, ৩০ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে ১৯৭১ সালের ১৬-ই ডিসেম্বর আমাদের দেশের বিজয়ের সূর্য উদিত হয়। আমি স্বাধীনতা যুদ্ধে আত্মত্যাগকারী বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করি। দেশ স্বাধীন হওয়ার পর বঙ্গবন্ধু যখন কারামুক্ত হয়ে স্বদেশ প্রত্যাবর্তন করলেন তখন তিনি যুদ্ধ বিধ্বস্ত দেশের অর্থনৈতিক পুনর্গঠনের জন্য সোভিয়েত ধাঁচের সমাজতন্ত্রের নীতি অনুসরণ করেন। সে জন্য তিনি ক্ষমতায় এসেই সব গুলো শিল্প প্রতিষ্ঠান, ব্যাংক প্রতিষ্ঠান অর্থাৎ সব কিছুকেই তিনি রাষ্ট্রায়াত্ব করেন। এর কারণ হল বঙ্গবন্ধু সমাজতন্ত্রে বিশ্বাসী ছিলেন।

সমাজতন্ত্রের মূল বক্তব্য হল প্রত্যেক মানুষতার যোগ্যতা অনুযায়ী কাজ করবে এবং কাজ অনুযায়ী পারিশ্রমিক পাবে। একমাত্র সমাজতন্ত্রের পক্ষেই সম্ভব সামাজিক কল্যাণ সাধণ করা। অর্থাৎ সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন করা। এ সময় বঙ্গবন্ধুর সরকার সমাজতন্ত্রের বলে বলীয়ান হয়ে কিছু সুদুর প্রসারী পদক্ষেপ নিয়ে ছিলেন। এ সময়েই গড়ে উঠেছিল কয়েকটি গুরুত্বপূর্ণ মৌলিক ভারী শিল্প। যেমন চট্টগ্রাম ষ্টীল মিল, জেনারেল ইলেকট্রিক্যাল ম্যানুফেকচারিং কারখানা, খুলনা শিপ ওয়ার্ড, জয়দেবপুর মেশিন টুল ইন্ডাস্ট্রি, ঘোড়াশাল বিদ্যুৎ কারখানা প্রভৃতি। যদিও এগুলোর পরিকল্পনা ষাটের দশকে নেয়া হয়েছিল কিন্তু বাস্তবায়ন মূলতঃ বঙ্গবন্ধুর সরকারের আমলেই হয়েছিল।এ সময় বঙ্গবন্ধুর সরকার স্বাধীনতা যুদ্ধের আশা আকাঙ্খাকে ধারণ করে ১৯৭২ সালের ৪ঠা নভেম্বর জাতীয় সংসদ কর্তৃক গৃহীত প্রথম সংবিধানে বাংলাদেশের চারটি জাতীয় লক্ষ্য ঘোষণা করেন। এগুলো হচ্ছে বাঙ্গালী জাতীয়তাবাদ, ধর্ম নিরপেক্ষতা, গণতন্ত্র ও সমাজতন্ত্র। এ সময় সমাজতন্ত্রকে বাস্তবায়ন করতে গিয়ে চালু করা হয় রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থা। গঠন করা হয় ৬৪টি বিকেন্দ্রীকৃত প্রশাসনিক অঞ্চল যার প্রত্যেকটিতে একজন গভর্নর নিয়োগ দেওয়া হয়। এ জন্যই তিনি স্বপ্নের সোনার বাংলা গড়ার অঙ্গীকার করেছিলেন। এর পিছনে একটি কারণ ছিল। সেটি হল সমাজতন্ত্র থেকেই সাম্যবাদের উৎপত্তি। সাম্যবাদ হল এমন একটি অর্থ ব্যবস্থা যেখানে কোন প্রকার শ্রমিক শোষণ থাকবে না। অর্থনীতির সকল ক্ষেত্রে একটি সম্প্রীতি মূলক পরিবেশ বজায় থাকবে। দেশের অর্থ ব্যবস্থার সকল ক্ষেত্রে একটি সম্প্রীতি মূলক পরিবেশ বজায় থাকবে। দেশের অর্থ ব্যবস্থার সকল ক্ষেত্রে একটি সুষম অর্থনীতি বিরাজ করবে। যেখানে গোলাভরা ধান ও পুকুর ভরা মাছ থাকবে। যেখানে সবাই প্রয়োজন অনুযায়ী ভোগ করবে। এমন একটি সোনার বাংলা গড়ার স্বপ্নই বঙ্গবন্ধু দেখেছিলেন। কিন্তু উনার সেই স্বপ্নকে বাস্তবায়িত হতে দেয়া হয়নি;উনাকে প্রতিহত করা হয়েছে। এসময় স্বাধীনতা যুদ্ধের ক্ষয়ক্ষতি ও দক্ষ জনশক্তির অভাবে দেশে এক বৈরী পরিবেশের সৃষ্টি হয়। এ বৈরী পরিবেশের সুযোগ নিয়ে সাম্রাজ্যবাদী একচেটিয়া পুঁজিবাদী চ ও ১৯৭১ এর পরাজিত শত্রুরা ১৯৭৫ সালের ১৫ই আগষ্ট বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করে। এর মধ্যদিয়ে উত্তরণকালের অগ্রযাত্রা অস্তমিত হয় এবং অন্ধকার যুগের সুচনা হয়। কারণ ৭৫ এর পট পরিবর্তনের পর যারাই ক্ষমতায় এসেছে তারা সবাই মূলনীতি থেকে সমাজতন্ত্রকে এড়িয়ে পুঁজিবাদকে অনুসরণ করেছে। যেখানে পুঁজিবাদের মূল কথাই হল শ্রমিক শোষণ করা, নির্যাতন করা, সম্পদ কুক্ষিগত করা, মুনাফা লুণ্ঠণ করা, জাতীয় আয়ের বৈষম্য সৃষ্টি করা। অর্থাৎ ৭৫ এর পরবর্তী সময়ে যারাই ক্ষমতায় এসেছে তারা সবাই পুঁজিবাদের নাম ধরে সকল ব্যবসা-প্রতিষ্ঠানকে বেসরকারী করণ করেছে। তখন শিল্প প্রতিষ্ঠানকে বেসরকারী করণ নীতিতে অন্তর্ভূক্ত করে গভীর জ্বলের মাছের মত সুচতুর চিত্তে লাভজনক প্রতিষ্ঠানকে লুন্ঠন করেছে। এ সময় লোকসানী প্রতিষ্ঠান সমূহ হয় বন্ধ করে দিয়েছে, না হয় লোকসানী হিসেবেই চালানো হয়েছে। আর প্রচার করা হয়েছে রাষ্ট্রীয় খাতের লোকসানের কথা। অথচ ৭৫ এর পরবর্তী সরকার গুলোই লোকসানী প্রতিষ্ঠানগুলোতে বেশী বেশী নিয়োগ করে গেছে। ফলে লোকসান আরও বৃদ্ধি পেয়েছে।

উদাহরণ স্বরূপ চট্টগ্রাম স্টীল মিল, খুলনা শিপইয়ার্ড, জয়দেবপুর মেশিন টুল ইন্ডাস্ট্রি, আদমজী পাট কল প্রভৃতির নাম উল্লেখযোগ্য। এ সকল কারণে আমাদের দেশের কোন অর্থনৈতিক উন্নয়ন হয় নাই। আমাদের দেশ

উন্নয়নশীল দেশের মধ্যে একটি পশ্চাৎপদ দেশে পরিণত হয়েছে। এ জন্য আমাদের দেশের মানুষের মাথাপিছু আয় কম, জীবনযাত্রার মান অত্যন্ত নিম্ন। সেজন্যই আমাদের মধ্যে এত আয় বৈষম্য বিরাজমান। এ সকল কারণে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার স্বপ্ন বাস্তবায়িত হয়নি। কিন্তু আমাদেরকে হতাশ হলে চলবেনা। বেগম রোকেয়া এবং কবি নজরুলের মত বিদ্রোহী হয়ে আমাদেরকে সমাজতন্ত্রের নীতি অনুসরণ করতে হবে। এই ব্যবস্থায়, ব্যক্তিগত মালিকানা বাদ দিয়ে রাষ্ট্রীয় করণ নীতি অনুসরন করতে হবে এবং সকল ক্ষেত্রে আইনের শাসন বাস্তবায়ন করে জবাবদিহিতামূলক অর্থ ব্যবস্থা কায়েম করতে হবে যাতে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার অর্থনীতি বাস্তবায়িত হয়। পরিশেষে, আমি বাংলাদেশের প্রত্যেকটা নাগরিকের কাছে সাম্যবাদী সমাজ গঠনের আহবান রাখছি এবং এর মধ্য দিয়ে আমি স্বাধীন বাংলাদেশের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

প্রবন্ধের লক্ষ্য ও উদ্দেশ্য ঃ আলোচ্য প্রবন্ধের মূল লক্ষ্য হল বঙ্গবন্ধুর সোনার বাংলাকে বাস্তবায়িত করা যেখানে সংবিধানের মূলনীতিতে বঙ্গবন্ধুর সমাজতন্ত্রের নীতি পুনরুজ্জিবীত হবে।

তথ্য সংগ্রহের পদ্ধতি ঃ বাংলাদেশের ইতিহাস ভিত্তিক বিভিন্ন পুস্তক, অর্থশাস্ত্র ভিত্তিক বিভিন্ন পুস্তক ও বিভিন্ন গবেষণা প্রবন্ধের সহায়তা নেয়া হয়েছে।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

ভিশন-২০২১ বাস্তবায়নে বাংলাদেশ কৃষি ব্যাংকের ভূমিকা

পরেশ চন্দ্র সরকার*
মাহতাব আলী রাশেদী
আ,ন,ম গোলাম জিলানী
এ,আর,এম ছালারে জাহান

ভূমিকা

একবিংশ শতাব্দীতে উন্নত বিশ্বের মানুষ যখন মঙ্গল কিংবা চন্দ্র পৃষ্ঠে মনুষ্য বসবাসের সম্ভাবনা নিয়ে জটিল পরীক্ষা-নিরীক্ষায় ব্যস্ত, দক্ষিণ পূর্ব এশিয়ার ক্ষুদ্র গঙেয় ব-দ্বীপে আমরা তখন ক্ষুধা, দারিদ্র্য, অস্বাস্থ্য, অশিক্ষা, কুশিক্ষা, বিদ্যুৎ সঙ্কট, যানজট, প্রাকৃতিক দুর্যোগ, জলবায়ু সমস্যা ইত্যকার সমস্যাগুলোর সমাধান কল্পে গলদঘর্ম হচ্ছি। আমরা দীর্ঘদিন ধরে এ শ্বাসরুদ্ধকর অবস্থা থেকে পরিত্রানের উপায় খুঁজছি। কিন্তু উপযুক্ত পরিকল্পনা, উদ্যোগ ও সঠিক নেতৃত্বের অভাবে দুষ্টব্যূহ থেকে বেড়িয়ে আসতে পারিনি। বর্তমান গণতান্ত্রিক সরকার আমাদের সামনে সুদূর প্রসারী উন্নয়নের লক্ষ্যে রূপকল্প-২০২১ তুলে ধরেছেন। এ রূপকল্পে আগামী ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত মধ্য আয়ের দেশে পরিণত করার প্রত্যয় ব্যক্ত করা হয়েছে। ভিশন-২০২১ এর কল্যাণে এ দেশের মানুষ নতুন আশায় বুক বেঁধে নতুন করে বাঁচার স্বপ্ন দেখতে শুরু করেছে। দেশবাসী বিশ্বাস করে, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী আমাদের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন গণতান্ত্রিক সরকার জনগণের কাছে দেয়া অঙ্গীকার অনুযায়ী ভিশন-২০২১ বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে দেশকে অভীষ্ট লক্ষ্যের দিকে এগিয়ে নিয়ে যাবে।

সরকারের পরিকল্পনা অনুযায়ী আগামী ২০১৩ সালের মধ্যে দেশে দরিদ্রের সংখ্যা ৬.০০ কোটি থেকে ৪.৫০ কোটিতে নামিয়ে আনা হবে এবং ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে দারিদ্র্যমুক্ত মধ্য আয়ের দেশে উন্নীত করা হবে। এ লক্ষ্য অর্জন করতে হলে আমাদেরকে কতিপয় বিষয়ে সাফল্য অর্জন করতে হবে। যেমন - খাদ্যে

* লেখকগণ বাংলাদেশ কৃষি ব্যাংক এর কর্মকর্তা। প্রবন্ধে উপস্থাপিত বক্তব্য লেখকদের নিজস্ব।

This Paper was presented at the *XVII Biennial Conference titled* ***"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও খাদ্য নিরাপত্তা সৃষ্টি, ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি ও বেকার সমস্যার সমাধান, অবকাঠামো উন্নয়ন, শিল্প-কারখানা স্থাপন, বাজার ব্যবস্থাপনার উন্নয়ন, গ্যাস ও বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ ব্যবস্থার উন্নয়ন, শিক্ষা ও চিকিৎসা ব্যবস্থার উন্নয়ন ইত্যাদি। তবে এজন্য সর্বাগ্রে গুরুত্ব দিতে হবে কৃষক ও কৃষি ভিত্তিক অর্থনৈতিক কর্মকান্ডের উপর। কারণ কৃষিই আমাদের প্রাণ। জিডিপির প্রায় ২০% প্রত্যক্ষভাবে আসে কৃষি থেকে। এর সাথে সংশ্লিষ্ট অন্যান্য খাতকে সম্পৃক্ত করলে দেশের অর্থনীতিতে কৃষি খাতের অবদান প্রায় ৪০%। দেশের বিপুল সংখ্যক মানুষের খাদ্য নিরাপত্তা কৃষি খাতের উপর নির্ভরশীল। দেশের কর্মসংস্থানের সর্ববৃহৎ ক্ষেত্র কৃষি। দেশের শিল্প খাত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল। এসব কারণে কৃষিকে উপেক্ষা করে দেশের অর্থনৈতিক উন্নয়ন বা দারিদ্র বিমোচন- কোনটাই সম্ভব নয়। বলার অপেক্ষা রাখেনা, বাংলাদেশ কৃষি ব্যাংকের সৃষ্টি হয়েছে মূলতঃ কৃষি খাতে পুঁজি সরবরাহের মাধ্যমে কৃষক ও কৃষি ভিত্তিক অর্থনৈতিক কর্মকান্ডের উন্নয়ন সাধনের জন্য। কাজেই ভিশন-২০২১ বাস্তবায়নে কৃষি ব্যাংকের ভূমিকা অপরিসীম ও অনস্বীকার্য। সরকারকে এ গুরুত্ব অনুধাবন করতে হবে এবং দক্ষতা ও বিচক্ষণতার সাথে কৃষি ব্যাংকের বিপুল সম্ভাবনাকে কাজে লাগাতে হবে।

বাংলাদেশের কৃষি ব্যবস্থাপনায় ঐতিহাসিক প্রেক্ষাপট

দেশের প্রায় ৬০-৭০% মানুষ জীবিকা অর্জনের জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল হলেও অতীতে উন্নয়নের কেন্দ্র হিসেবে কৃষিকে কখনো গুরুত্ব দেয়া হয়নি। বরং উপেক্ষা, অবজ্ঞা, শোষণ ও বঞ্চনার কারণে প্রাচীনকাল হতে এ অঞ্চলের কৃষককূলকে অস্তিত্ব রক্ষার জন্য বহুবার আন্দোলন-সংগ্রামে অবতীর্ণ হতে হয়েছে। ১৭৬৩ হতে ১৮০১ সাল পর্যন্ত বাংলা ও বিহারের কৃষকদের সন্যাসী বিদ্রোহ, ১৭৬৬ সালে মেদিনীপুরের বিদ্রোহ, ঐ শতাব্দীর আশির দশকে যশোর, খুলনা এবং বীরভূমের প্রজা বিদ্রোহ, ১৮৪৪ হতে ১৮৯০ ত্রিপুরার কৃষক বিদ্রোহ, বিংশ শতাব্দীর মাঝামাঝি রংপুরের নীল বিদ্রোহ, নাচোলের রানী ইলামিত্রের নেতৃত্বে কৃষক বিদ্রোহ, কমরেড মনি সিং এর নেতৃত্বে সুসং দুর্গাপুরের বিদ্রোহ, তে-ভাগা আন্দোলন প্রভৃতি অসংখ্য আন্দোলন এ অঞ্চলের কৃষকদের অধিকার আদায়ের নিরন্তর সংগ্রামের বহিঃপ্রকাশ। অধিকার আদায়ের এ সংগ্রামের রূপ ঠিক আগের মত না থাকলেও ভিন্ন আঙ্গিকে তা এখনও বিদ্যমান। ১৯৯৪ সালে টাংগাইলে কৃষকদের সারের দাবীতে আন্দোলন ও আত্মাহুতি, ২০০৫ সালে কানসাটের কৃষকদের সেচের জন্য বিদ্যুতের দাবিতে বিক্ষোভ আর প্রাণ দেয়ার ঘটনা ইতিহাসের পুনরাবৃত্তিই তুলে ধরে। আমরা যদি বিভিন্ন সময়ে সংঘটিত এসব কৃষক আন্দোলন ও বিদ্রোহের কারণগুলো বিশ্লেষণ করি, দেখতে পাবো রাজতান্ত্রিক বা সামন্ততান্ত্রিক আমলে কৃষকরা যেভাবে শোষণ বঞ্চনার শিকার হয়েছে, একবিংশ শতাব্দীতে এসে ডব্লিউটিওর সম্মেলনের প্রাক্কালে একই কারণে কৃষকদেরকে আত্মাহুতি দিতে হয়। এ অবস্থা থেকে উত্তরণের উপায় অবশ্যই আমাদেরকে খুঁজে বের করতে হবে। কৃষি ভূমির নিরঙ্কুশ মালিকানা অকৃষক মালিকদের হাত থেকে প্রকৃত কৃষকের হাতে ন্যাস্ত করা হবে কি না, কৃষি উপকরণের সরবরাহ ও মূল্য কৃষকের নাগালের মধ্যে থাকবে কি না, কৃষি উপকরণ □য়ে কৃষক ভর্তুকী পাবে কি না, কৃষক সময়মতো পর্যাপ্ত পরিমানে ঋণ পাবে কি না, কৃষক উৎপাদিত পণ্যের ন্যায্য মুল্য পাবে কি না ইত্যাদি বিষয়গুলো কৃষকের ভাগ্যোন্নয়নের সাথে সরাসরি জড়িত। এছাড়াও কৃষকের ভাগ্য উন্নয়নের সাথে ওতোপ্রোতভাবে জড়িয়ে আছে আগামী দিনের কৃষির চ্যালেঞ্জ তথা খাদ্য নিরাপত্তা সৃষ্টি, বৈশ্বিক জলবায়ু পরিবর্তন জনিত সমস্যা ও বাজার ব্যবস্থাপনার মতো অতীব গুরুত্বপূর্ণ বিষয়গুলো। বৈশ্বিক পট পরিবর্তনের পথ ধরে মুক্ত বাজার অর্থনীতির বিকাশে অপরিকল্পিত শিল্পায়ন আর নগরায়নের ফলে কৃষি খাতে প্রবৃদ্ধি বাধাগ্রস্থ হচ্ছে। কৃষি ক্ষেত্রে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার ও আধুনিক প্রযুক্তি প্রয়োগের ফলে □মবর্ধমান জনসংখ্যার খাদ্য চাহিদা পূরণে খাদ্যশস্যের সামগ্রিক উৎপাদন বিগত এক দশকে উল্লেখযোগ্য পরিমানে বৃদ্ধি পেলেও অনিয়ন্ত্রিত বাজার ব্যাবস্থার কারণে মধ্যস্বত্বভোগী ফড়িয়াদের পকেট ভারি হয়েছে কয়েকগুন। উৎপাদিত পণ্যের মূল্য প্রাপ্তির ক্ষেত্রে কৃষকদের ভাগ্যে জোটে শুধুই

বঞ্চনা। প্রতিনিয়ত বাড়তে থাকে কৃষি উপকরণের মুল্য, একই সঙ্গে তা হয়ে উঠে দুস্প্রাপ্য। এ রকম নানা অস্বাভাবিক কারণে কৃষিতে সৃষ্টি হয়েছে এক ধরণের সংকট যা খাদ্য নিরাপত্তায় আমাদের অবস্থান ভঙ্গুর করে তুলেছে।

কৃষি ক্ষেত্রে বর্তমান চ্যালেঞ্জসমূহ

আমাদের দেশের কৃষি উন্নয়নের ক্ষেত্রে যে সব সমস্যা বিরাজ করছে তা স্বল্প পরিসরে আলোচনা করা সম্ভব নয়। এখানে কৃষিক্ষেত্রে বিরাজিত প্রধান কয়েকটি সমস্যা তুলে ধরা হলো।

১. ভূমি ব্যবস্থাপনায় দুর্বলতা

কৃষি উন্নয়নের মাধ্যমে খাদ্য নিরাপত্তা গড়ে তোলার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয় হলো ভূমির কার্যকর ব্যবহার এবং এ সংক্রান্ত যথার্থ নীতিমালা। অপরিকল্পিত নগরায়ন, অবকাঠামো নির্মাণ, বসতি স্থাপন, শিল্পায়ন, ইত্যাদি নানা কারণেই কৃষি জমির পরিমান আশংকাজনক হারে কমছে। প্রতি বছর এক শতাংশ হারে কমতে থাকা কৃষি জমির পরিমান একশ বছর পর কোথায় গিয়ে দাঁড়াবে ভাবা যায়? এখানে কৃষি জমি অকৃষকদের হাতে থাকবে কি না এবং খাস জমি ব্যবস্থাপনা ও বন্টন নীতিমালা কী হবে তা ভেবে দেখা দরকার। আমাদের দেশে বর্তমানে প্রায় তেত্রিশ লাখ একর খাস জমি আছে। সুষ্ঠু নীতিমালার আওতায় এসব খাস জমি ভূমিহীন প্রকৃত কৃষকদের মাঝে বন্টন করে উৎপাদনশীলতা বৃদ্ধি ও দারিদ্র হ্রাসে কার্যকর ভূমিকা পালন করা সম্ভব।

২. কৃষি উপকরণের উচ্চমূল্য, দুস্প্রাপ্যতা ও কৃত্রিম সংকট

রাষ্ট্র কাঠামোর দুর্বলতার সুযোগে এক শ্রেণীর মুনাফালোভী অসাধু ব্যবসায়ী ও কিছু ভ্রষ্ট রাজনীতিক পারস্পরিক যোগসাজসে অতীতে কৃষি উপকরণের উচ্চমূল্য ও কৃত্রিম সংকট সৃষ্টির মাধ্যমে অবৈধ মুনাফা অর্জন করেছে। সার বিতরণ নিয়ে প্রতি বছর আমাদের দেশে যে ন্যাক্কারজনক অবস্থার সৃষ্টি হয়, তা পৃথিবীর অন্য কোন দেশে হয় কি-না আমাদের জানা নেই। অথচ প্রতিবেশী দেশ ভারতে সার বিতরণের একটি সুন্দর ও লাগসই নীতিমালা রয়েছে- যা অনুসরণীয় হতে পারে। ভারত ইফকো (ইন্ডিয়ান ফার্মারস ফার্টিলাইজার কো-অপারেটিভ) নামের একটি সংগঠনের সাহায্যে দেশের বিভিন্ন স্থানে সার সরবরাহ করে থাকে। এ সংগঠনে কৃষি বিভাগের অবসরপ্রাপ্ত উচ্চ পদস্থ কর্মকর্তা এবং অভিজ্ঞ কৃষকদের সমন্বয়ে স্থানীয় পর্যায়ে একটি করে কমিটি গঠনের মাধ্যমে কৃষি বিভাগের মাঠ পর্যায়ের অফিস থেকে চাষ এলাকা নির্ধারণ করে সে অনুযায়ী সার বিতরণ করা হয়। বেসরকারী এ প্রতিষ্ঠানের জবাবদীহিতা রয়েছে সরকারের কাছে। ভারতের মতো বিশাল দেশে যদি ব্যবস্থাটি কার্যকর হয়, তাহলে আমাদের ক্ষুদ্র দেশে এ ব্যবস্থা কার্যকর হবে না কেন? আশা করি সরকার ও বিশেষজ্ঞগণ বিষয়টি ভেবে দেখবেন। উন্নত জাতের বীজ ও অন্যান্য কৃষি উপকরণের ক্ষেত্রেও অনুরূপ পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

৩. কৃষিতে পুঁজি তথা কৃষি ঋণের অপ্রতুলতা

প্রাচীনকাল হতেই আমাদের দেশের কৃষি উৎপাদন বন্যা, খরা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে আসছে। এসব দুর্যোগে সহায়-সম্বলহীন দরিদ্র কৃষকরা তাদের সর্বস্ব হারিয়ে পরবর্তী ফসল আবাদের আশায় পুঁজির জন্য দ্বারস্থ হয় গ্রাম্য সুদখোর মহাজন ও দাদন ব্যবসায়ীদের কাছে। এর ফলে তাদের লাভের গুড় পিঁপড়ায় খেয়ে ফেলে। এসব বেনিয়ারা কৃষকদের সর্বশ্রান্ত করেই ক্ষান্ত হয় না, তাদের রক্ত মাংস পর্যন্ত শুষে নেয়। এসব সুদখোর মহাজনদের হাত থেকে কৃষকদেরকে রক্ষা করে তাদের হাতে প্রয়োজন অনুযায়ী কৃষি ঋণ তুলে দেয়ার জন্যই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৩ সালে প্রতিষ্ঠা করেন বাংলাদেশ কৃষি ব্যাংক। কৃষি ক্ষেত্রে কৃষি ব্যাংকের ব্যাপক অবদান সত্বেও একথা বলা যায়- অপর্যাপ্ত অবকাঠামো, জনবলের স্বল্পতা ও

অন্যান্য সুযোগ-সুবিধার অভাবে কৃষি ব্যাংক এ দেশের সকল কৃষকের হাতে প্রত্যাশিত মাত্রায় কৃষি ঋণ তুলে দিতে পারেনা। ফলে এখনও কৃষকদের একটি বড় অংশকে ঋণের জন্য চড়া সুদে গ্রাম্য সুদখোর মহাজন, দাদন ব্যবসায়ী কিংবা এনজিওদের দ্বারস্থ হতে হয়। এ অবস্থার অবসান হতে হবে। এ বিষয়ে আমরা পরে বিস্তারিত আলোচনা করব।

৪. কৃষি পণ্যের দুর্বল ও অপরিকল্পিত বাজার ব্যবস্থাপনা

দুর্বল ও অপরিকল্পিত বাজার ব্যবস্থার নির্মম শিকার আমাদের কৃষক সমাজ। তারা বাজারে যখনই যা কিছু কিনতে যায়, কেনে চড়া দামে। কিন্তু তাদের উৎপাদিত শস্য বিক্রি করতে গেলেই বাধে বিপত্তি। লাভ তো দূরের কথা, অনেক ক্ষেত্রে তারা উৎপাদন খরচই ঘরে তুলতে পারেনা। কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিত করতে না পারলে কৃষির যথাযথ উন্নতি সম্ভব হবে না। শুধু দেশী বাজার নয়, আন্তর্জাতিক বাজারেও কৃষকের প্রবেশের সুযোগ করে দিতে হবে। কৃষকদেরকে আন্তর্জাতিক মানসম্পন্ন পণ্য উৎপাদনের প্রশিক্ষণ দিয়ে কৃষি পণ্য সরাসরি আন্তর্জাতিক বাজারে পাঠানোর ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে জাপানের অভিজ্ঞতা কাজে লাগানো যেতে পারে। "জেএ" (জাপান এগ্রিকালচার এসোসিয়েশন) নামের একটি বেসরকারী প্রতিষ্ঠান কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত একটি ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন উপকেন্দ্র হতে কৃষকদের পণ্য সরাসরি ক্রয় করে বিদেশে রপ্তানী করে থাকে। বিনিময়ে 'জেএ' একটি লভ্যাংশ পায় বটে, তবে তা আমাদের দেশের মতো কয়েকবার হাত বদল হয়ে আকাশ-পাতাল ব্যবধানের মতো নয়। সরকারকে একটি সমন্বিত বাজার ব্যবস্থা গড়ে তোলার প্রতি অবশ্যই মনেযোগ দিতে হবে।

৫. কৃষি পণ্যের সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থপনায় দুর্বলতা

প্রাসঙ্গিকভাবেই উঠে আসে কৃষি পণ্যের সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক শিল্প স্থাপনের প্রসঙ্গ। নিশ্চয়ই আমাদের জানা আছে, প্রতি বছর মৌসুমী শাক-সব্জি, ফলমূল ও আলু-পেয়াঁজ সংরক্ষণের চিত্র। পচনশীল মৌসুমী শাক-সব্জি ও ফল-মূলের দাম ভরা মৌসুমে অপ্রতুল সংরক্ষণ ব্যবস্থার কারণে কৃষক উৎপাদন খরচের চেয়েও কম মূল্যে বিক্রয় করতে বাধ্য হয়- যা তাদের পরবর্তী বছরের উৎপাদনে নিরুৎসাহিত করে। কোনো কোনো বছর কোনো ফসলের স্বল্পমূল্যের কারণে কৃষক উৎপাদিত ফসল বাজারে নেয়ার তাগিদও হারিয়ে ফেলে, মাঠের ফসল মাঠেই পঁচে নষ্ট হয়। গত ১০ মার্চ ২০১০ তারিখের দৈনিক প্রথম আলোয় প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী সিলেটের পাইকারী বাজারে প্রতি কেজি টমেটোর দাম মাত্র এক টাকা হওয়ায় লোকসানের মুখে পড়া হতাশ ও ক্ষুব্ধ টমেটো চাষীরা ঝাঁকাভর্তি টমেটো এনে ফেলে যান জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে। বর্তমানে আলুর ক্ষেত্রেও একই অবস্থা। এ অবস্থা থেকে কৃষকদের বাঁচাতে হলে অবশ্যই কৃষি পণ্য সংরক্ষণ, কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক লাগসই শিল্প স্থাপনের উপর গুরুত্ব দিতে হবে। কৃষি পণ্যে যথাযথ মূল্য সংযোজিত হলে দেশের অর্থনীতি আরো বেশী বেগবান ও সমৃদ্ধ হবে-এ কথা জোর দিয়ে বলা যায়। দেশে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে হলে বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।

৬. জলবায়ু সমস্যা ও বৈশ্বিক উষ্ণতা

জলবায়ু সমস্যা তথা বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির কারণে অতি খরা, অতি বৃষ্টি, ঘুর্ণিঝড়, জলোচ্ছ্বাস প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগ আমাদের কৃষি ব্যবস্থাকে নাজুক করে তুলেছে। এ অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে ও খাদ্য নিরাপত্তার স্বার্থে কৃষি গবেষণার মাধ্যমে টেকসই প্রযুক্তির উদ্ভাবন, স্থানীয় জলবায়ু উপযোগী খরা সহিষ্ণু, লবনাক্ততা সহিষ্ণু ও রোগ প্রতিরোধী জাতের শস্যবীজের যোগান, খাদ্য সম্পদের বহুমুখীকরণ এবং শস্যের কৌলিক সম্পদ অক্ষুন্ন রাখার ব্যবস্থা গ্রহণ একান্ত প্রয়োজন।

উপরে আলোচিত প্রতিটি চ্যালেঞ্জ মোকাবেলার জন্যই প্রয়োজন বিপুল পরিমান অর্থের। বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষি উপকরণ ক্রয়, কৃষি উৎপাদন, কৃষি পণ্য ও উপকরণের বাজার ব্যবস্থাপনা, কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ, কৃষি পণ্য সংরক্ষণ ইত্যাদি প্রতিটি ক্ষেত্রেই অর্থায়ন করছে এবং এ অর্থায়ন সরকারের সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে আরো ব্যাপক ও কার্যকরভাবে করা সম্ভব। এবার বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষি উন্নয়নের ক্ষেত্রে বর্তমানে কী কী খাতে কী পরিমান অবদান রাখছে সে বিষয়ে দৃষ্টি দেয়া যাক।

বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্ম বৃত্তান্ত

১৯৫২ সালে তদানীন্তন পাকিস্তান সরকার 'কৃষি উন্নয়ন ফাইনান্স কর্পোরেশন' নামে একটি আর্থিক সংস্থা প্রতিষ্ঠা করেন। ১৯৫৩ সালে এই সংস্থা কাজ শুরু করে। পরে ১৯৫৭ সালে "পাকিস্তান কৃষি ব্যাংক" নামে সরকার আর একটি সংস্থা গঠন করেন। ১৯৬১ সালে এই দুইটি রাষ্ট্রীয় ঋণ সংস্থাকে একীভূত করে "পাকিস্তান কৃষি উন্নয়ন ব্যাংক" গঠিত হয়। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয় ঘটলে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৩ সালে রাষ্ট্রপতির আদেশ নম্বর ২৭ বলে এই ব্যাংকটিকে 'বাংলাদেশ কৃষি ব্যাংক' নামে নামকরণ করেন। কৃষি উৎপাদন বৃদ্ধিসহ কৃষির সার্বিক উন্নতি, কুটির শিল্প এবং অন্যান্য কৃষি ভিত্তিক শিল্পের উন্নয়ন এবং সর্বোপরি কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন বাংলাদেশ কৃষি ব্যাংকের কার্যক্রমের মুখ্য উদ্দেশ্য। এ ব্যাংক বর্তমানে শস্য, মৎস্য, পশু সম্পদ, খামার ও সেচ যন্ত্রপাতি, কৃষি ভিত্তিক শিল্প, ক্ষুদ্র ও মাঝারী শিল্প (এসএমই) চলতি মূলধন, মাইক্রোক্রেডিটসহ অন্যান্য খাতে ঋণ প্রদান করে থাকে। এসব খাতে বিগত ৫ বছরে বিকেবি'র ঋণ বিতরণের চিত্র সারনী-১ এ দেখানো হলো।

বার্ষিক কৃষি ঋণ বিতরণে বাংলাদেশ কৃষি ব্যাংকের অবদান

কৃষি খাতে ঋণ প্রদান এবং গ্রামীণ অর্থায়নের ক্ষেত্রে বেসরকারী ব্যাংক, বিদেশী ব্যাংক এবং রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংক সমূহের অনীহার কারণে বিশেষায়িত ব্যাংক হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের বার্ষিক কর্মসূচি ভিত্তিক ঋণ কার্যক্রম দীর্ঘদিন যাবৎ কৃষি ও গ্রামীণ অর্থনীতির প্রবৃদ্ধিতে মূল ভূমিকা পালন করে আসছে। অর্থ বছর ২০০৫-০৬এ কৃষি খাতে বন্যাত্তোর শতকরা ৪.৯ ভাগ উচ্চ প্রবৃদ্ধি অর্জন সম্ভব হয়েছে অন্যান্য উপকরণের সাথে যথাসময়ে কৃষকের হাতে পর্যাপ্ত পরিমাণে কৃষি ঋণ পৌছে দেয়ার কারণে। সারণী-২ এ বিগত কয়েক বছরের বার্ষিক কৃষি ঋণ বিতরণ কর্মসূচিতে দেশের কৃষি ঋণ দাতা প্রতিষ্ঠানসমূহের তুলনামূলক চিত্র দেখানো হলো। এ সারণী হতে দেখা যায়, অর্থ বছর ০৬-এ বাংলাদেশ কৃষি ব্যাংক এককভাবে মোট কৃষি ঋণের শতকরা ৪৮.৪৭ ভাগ বিতরণ করে, যেখানে রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংকসমূহ সম্মিলিতভাবে শতকরা মাত্র ২১.৬৯ ভাগ ঋণ বিতরণ করেছে। অনুরূপভাবে অর্থ বছর ০৭, ০৮ ও ০৯ এ বিকেবি এককভাবে মোট কৃষি ঋণের যথাক্রমে শতকরা ৫১.৮৬ ভাগ, ৩৮.৪১ভাগ ও ৪১.১৮ ভাগ ঋণ বিতরণ করেছে, যেখানে রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংক সমূহের সম্মিলিত ঋণ বিতরণের হার ছিল যথাক্রমে শতকরা ১৯.৪২ ভাগ, ১৫.৯২ ভাগ ও ১৭.১১ ভাগ অর্থাৎ প্রতি বছর বিকেবি মোট কৃষি ঋণের শতকরা ৪০-৫০ ভাগ এককভাবে বিতরণ করে থাকে।

সর্বজন স্বীকৃত সত্য এই যে, আমাদের কৃষি খাত সম্পূর্ণ অনিশ্চিত ও সর্বোচ্চ ঝুঁকিপূর্ণ খাত। প্রতি বছর বন্যা, খরা, জলোচ্ছ্বাস, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, ঘুর্ণিঝড়, নদীভাঙ্গন ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের শিকার আমাদের কৃষি খাত। যে কারণে কৃষি ঋণের সুদ মওকুফ, ক্ষেত্রবিশেষে আসল ঋণ মওকুফ, ঋণ পুনঃ তফশিলীকরণ, ঋণ আদায় স্থগিতকরণ, ঋণ অবলোপন, ইত্যাদি কৃষি খাতে অর্থায়নের একটি নিয়মিত চিত্র। কৃষি ও গ্রামীণ অর্থায়নে এসব ঝুঁকি ও অনিশ্চয়তা, প্রয়োজনীয় জনবলের স্বল্পতা, তদারকী ও পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনায় অধিক ব্যয়, তথ্যের অপর্যাপ্ততা, ঋণ গ্রহীতা সম্পর্কে ভুল তথ্য, ঋণ গ্রহীতা সনাক্তকরণে জটিলতা ইত্যাদি কারণে বেসরকারী বাণিজ্যিক ব্যাংক ও বিদেশী ব্যাংকগুলো কৃষি ঋণ প্রদানে অনীহা প্রকাশ করে থাকে। পক্ষান্তরে, বাংলাদেশ কৃষি ব্যাংক প্রতি

সারনী -১ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের অর্থ বছর ২০০৪-০৫ হতে ২০০৮-২০০৯ পর্যন্ত খাত ভিত্তিক ঋণ বিতরণের বিবরণী

(মিলিয়ন টাকায়)

অর্থ বছর	শস্য	মৎস্য	পশু সম্পদ	খামার ও সেচ যন্ত্রপাতি	কৃষি ভিত্তিক শিল্প প্রকল্প	এসএমই	চলমান ঋণ	মাইক্রো ক্রেডিট	অন্যান্য	মোট
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯	১০	১১
২০০৪-০৫	১০০৯০.১	৯২৪.৮	১৭২১.২	১৫১.৯	২৫৪৮.২	০	৪৮৯৬.২	৫৮৮.৬	১৮৭৫.৪	২২৭৯৬.৪
২০০৫-০৬	১২৫৪৭.৬	১৬০৭.৪	১৯০৫.৪	২১৪.৫	৩৮৬৮.৮	০	৭২৪৭.৪	৫৭০.২	২৫৪৫.৫	৩০৪০৬.৮
২০০৬-০৭	১৪০৬৫.১	২০৭৭.৩	২০২৯.৮	৩১৭.৬	৪৬৮৮.৮	০	৭০৭৪.৩	৫৪৫.১	১৩৩৯.৯	৩২১৩৭.৯
২০০৭-০৮	১৪৩১৪.৮	২৮২৮.৫	২২৬৩.০	২৮৭.৪	১৮১৪.৫	৬৬৪.৫	৯৮৪৮.৩	৫৩৪.৩	২২২০.১	৩৪৭৭৫.৪
২০০৮-০৯	১৪৮৮৪.০	২৯৬৮.৭	২২৯৮.৩	২৮৯.৩	১৭৯৬.৪	৭৬০.৪	১৪৬২৩.৪	৪৭৮.২	১৯৩৭.৩	৪০০৩২.০

উৎস ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক বার্ষিক প্রতিবেদন।

বছর তার বার্ষিক ঋণ প্রদান কর্মসূচির শতকরা ৮৫-৯০ ভাগ ঋণ কৃষি খাতে বিতরণ করে থাকে। কৃষি খাতের মধ্যে গুরুত্ব ও প্রয়োজনীয়তা বিবেচনায় শস্য, মৎস্য ও পশু সম্পদ-এ তিনটি উপখাতকে বিশেষ অগ্রাধিকারপ্রাপ্ত উপখাত (Core sector) হিসেবে ঘোষণা করে বিকেবি তার ঋণ কার্যক্রম পরিচালনা করছে।

ক) শস্য উপখাত ঃ বাংলাদেশের কৃষিতে শস্য উৎপাদন হচ্ছে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ খাত। এককভাবে শস্য উৎপাদন খাতে নিয়োজিত রয়েছে দেশের মোট জনশক্তির শতকরা প্রায় ৫৭ ভাগ। দেশের ক্রমবর্ধমান খাদ্য চাহিদার যোগানসহ প্রয়োজনীয় খাদ্য নিরাপত্তা গড়ে তোলার লক্ষ্যে বিকেবি বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতকরা ৬০ ভাগ বা তদোর্ধ ঋণ শস্য খাতে বিতরণ করে থাকে। ফলজ, বনজ ও ভেষজ গাছের বাগান, নার্সারী স্থাপন, চা উৎপাদনসহ অন্যান্য খাতে অর্থায়নের জন্য বিকেবি বিশেষ ঋণ কর্মসুচি গ্রহণ করেছে। এছাড়া আমদানী বিকল্প শস্য যেমন-তেল, মশলা ও ডাল জাতীয় শস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিকেবি এ খাতে মাত্র ২% সুদে ঋণ বিতরণ কার্যক্রম চালু করেছে। উল্লেখ্য, গত ২০০৮-২০০৯ অর্থ বছরে বিকেবি শস্য খাতে ১৪,৮৮৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে (সারণী-১)।

খ) মৎস্য উপখাত ঃ দেশের সাধারণ মানুষের পুষ্টি চাহিদা পূরণ, বেকার জনগোষ্ঠির কর্মসংস্থান ও ব্যাপক বৈদেশিক মুদ্রা উপার্জনের সম্ভাবনা থাকায় বিকেবি দেশের পতিত পুকুর ও জলাশয়গুলোতে মৎস্য চাষ, উপকূলীয় এলাকায় চিংড়ি চাষসহ মৎস্য খাতের উন্নয়নের জন্য ব্যাপক ঋণ কার্যক্রম গ্রহণ করেছে। গত ২০০৮-২০০৯ অর্থ বছরে বিকেবি মৎস্য খাতে ২৯৬৪.৭০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে (সারণী-১)।

সারণী ২ ঃ অর্থ বছর ০৬ হতে ০৯ পর্যন্ত কৃষি ঋণদাতা প্রতিষ্ঠানসমূহের কৃষি ঋণ বিতরণের তুলনামূলক চিত্র।

(বিলিয়ন টাকা)

অর্থ বছর	মোট কৃষি ঋণ বিতরণ	এনসিবি [১]	বিকেবি	রাকাব	বিআরডিবি	বিএসবিএল	অন্যান্য [২]
অর্থ বছর-০৯	৯২.৮৫	১৫.৮৯ (১৭.১১%)	৩৮.২৪ (৪১.১৮%)	৮.৮০ (৯.৪৮%)	৬.৯৪ (৭.৪৭%)	০.০৫ (০.০৫%)	২২.৯৩ (২৪.৭০%)
অর্থ বছর ০৮	৮৫.৮১	১৩.৬৬ (১৫.৯২%)	৩২.৯৬ (৩৮.৪১%)	৭.৬৫ (৮.৯১%)	৭.৩৫ (৮.৫৭%)	০.০৫ (০.০৬%)	২৪.১৪ (২৮.১৩%)
অর্থ বছর ০৭	৫২.৯৩	১০.২৮ (১৯.৪২%)	২৭.৪৫ (৫১.৮৬%)	৭.৩৭ (১৩.৯২%)	৭.৮০ (১৪.৭৪%)	০.০৩ (০.০৬%)	-
অর্থ বছর ০৬	৫৪.৯৬	১১.৯২ (২১.৬৯%)	২৬.৬৪ (৪৮.৪৭%)	৮.৮৮ (১৬.১৬%)	৭.৪৪ (১৩.৫৪%)	০.০৮ (০.১৪%)	-

উৎস ঃ বাংলাদেশ ব্যাংক বার্ষিক প্রতিবেদন ২০০৬-২০০৯।

গ) পশু সম্পদ উপখাত ঃ চাষাবাদের জন্য শক্তির যোগান এবং ডিম, দুগ্ধ, মাংস ও চামড়ার উৎপাদন বৃদ্ধির জন্য হাঁস, মুরগীর খামার, ডেয়রী খামার, গাভী পালন, ছাগল পালন, ভেড়া পালন, গরু মোটাতাজাকরণসহ পশু সম্পদ উন্নয়ন খাতে কৃষি ব্যাংক ঋণ প্রদান করে থাকে। ২০০৮-০৯ অর্থ বছরে বিকেবি পশু সম্পদ খাতে ২২৯৮.৩০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে (সারণী-১)।

১ এনসিবি- রাষ্ট্রীয় মালিকানাধীন বানিজ্যিক ব্যাংক (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংক লিঃ)।

২ অন্যান্য - বিদেশী ব্যাংক ও বেসরকারী ব্যাংকসমূহ।

ঘ) খামার, সেচ যন্ত্রপাতি ও অন্যান্য খাত ঃ কৃষির আধুনিকীকরণ ও কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে সেচ ও খামার যন্ত্রপাতি ঋণের পাশাপাশি উন্নত হাইব্রীড বীজ উৎপাদন, শস্য প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও বাজারজাতকরণের জন্য বিকেবি ব্যাপক ঋণ কর্মসূচী গ্রহণ করেছে। কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে মূল্য সংযোজন ও প্রক্রিয়াকৃত পণ্য রপ্তানীর জন্য গ্রহণ করা হয়েছে কৃষি ভিত্তিক শিল্পে অর্থায়নের ঋণ কার্যক্রম। কৃষি ভিত্তিক বিভিন্ন খাতে অর্থায়নের পাশাপাশি বিকেবি বৈদেশিক বাণিজ্য খাতে ঋণ দিয়ে থাকে। রপ্তানীযোগ্য হিমায়িত মৎস্য, চিংড়ি, রপ্তানীমুখী কৃষিপণ্য, চা, চামড়া, তৈরী পোষাক খাতে বৈদেশিক বানিজ্য ঋণ প্রদানের মাধ্যমে বিকেবি দেশের অর্থনৈতিক উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হয়েছে।

ঙ) দারিদ্র বিমোচন ও আর্থ সামাজিক উপখাত ঃ বিশাল গ্রামীন জনগোষ্ঠির মধ্যে কর্মক্ষম বেকার জনশক্তিকে আত্ম-কর্মসংস্থানের সুযোগ করে দেয়ার জন্য বিকেবি বিভিন্ন আর্থ সামাজিক কার্যক্রমসহ আয় উৎসারি কর্মকান্ডে ঋণ প্রদানের কার্যক্রম গ্রহণ করেছে। এগুলোর মধ্যে দারিদ্র বিমোচনে গরু মোটা-তাজাকরণ ঋণদান কর্মসূচি, ভুমিহীন প্রান্তিক চাষীদের ঋণ কর্মসূচি, স্ব-নির্ভর ঋণ কর্মসূচি, ব্লাক বেঙ্গল ছাগল উৎপাদনের মাধ্যমে দারিদ্র বিমোচন কর্মসূচি, প্রতিবন্ধীদের জন্য ঋণ কর্মসূচি ইত্যাদি উল্লেখযোগ্য। উপজাতীয় জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিকেবি মনিপুরী ও রাখাইনদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি গ্রহণ করেছে। মণিপুরী তাঁত শিল্প, রাখাইন তাঁত শিল্প ও মিরপুর বেনারসী পল্লীর তাঁত শিল্পের বিকাশ ও সম্প্রসারণের জন্য বিশেষ ঋণ কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এছাড়াও পার্বত্য চট্টগ্রামে বসবাসকারী উপজাতীয় জনগোষ্ঠির অর্থনৈতিক উন্নয়নের জন্য স্বল্প সুদে কৃষি ঋণ কার্যক্রম চালু করা হয়েছে।

চ) ঘরেফেরা ঋণ কর্মসূচি

প্রতিবছর সারা দেশ হতে ছিন্নমূল সহায় সম্বলহীন মানুষ বেঁচে থাকার তাগিদে জীবিকার সন্ধানে ঢাকাসহ বড় বড় শহরের বস্তিগুলিতে এসে আশ্রয় নেয়। দারিদ্র পীড়িত এ সব ছিন্নমূল মানুষ বস্তির অস্বাস্থ্যকর পরিবেশে মানবেতর জীবন যাপনে বাধ্য হচ্ছে এবং এর ফলে শহরগুলিতে সামাজিক সমস্যা সৃষ্টি ও পরিবেশ কলুষিত হচ্ছে। বাংলাদেশ কৃষি ব্যাংক এসব ছিন্নমূল বস্তিবাসীকে স্ব-গ্রামে ফিরিয়ে নিয়ে পুঁজি সরবরাহের মাধ্যমে তাদের পুনর্বাসনের এক মহতি উদ্যোগ গ্রহণ করেছে। এ উদ্যোগটি "ঘরে ফেরা" ঋণ কর্মসূচি নামে পরিচিত। কর্মসূচিটি প্রথমে "ছিমাস্বপ" অর্থাৎ ছিন্নমূল মানুষের স্ব-গৃহে প্রত্যাবাসন শিরোনামে শুরু হয়। পরে ২০ মে ১৯৯৯ তারিখে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্মসুচিটি উদ্বোধনকালে কর্মসুচিটির মানবিক আবেদন ও সামাজিক গুরুত্ব পর্যবেক্ষণ করে মুগ্ধ হন এবং কর্মসূচিটিকে "ঘরে ফেরা" নামে অভিহিত করেন। ২০০৯-২০১০ অর্থ বছরে এ কর্মসূচিতে ১০০ মিলিয়ন টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

ছ) গ্রামাঞ্চলে শস্য গুদাম নির্মাণ ও শস্য সংরক্ষণে ঋণদান কর্মসূচি

কৃষি পণ্য বিপণনের ক্ষেত্রে মধ্যস্বত্বভোগীদের অশুভ প্রভাব, স্থানীয় পর্যায়ে শস্য সংরক্ষণের সুযোগ-সুবিধার অভাব ও কৃষকদের আর্থিক অস্বচ্ছলতার কারণে প্রতিবছর কৃষকরা তাদের উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য হতে বঞ্চিত হয়। কৃষি পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তিতে কৃষককে সহায়তা প্রদানের লক্ষ্যে বিকেবি শস্য গুদামে শস্য সংরক্ষণ ঋণদান কর্মসূচি চালু করেছে। কর্মসুচিটি আরও ব্যাপক আকারে চালু করার জন্য স্থানীয় পর্যায়ে নতুন শস্য গুদাম নির্মাণ ও বিআরডিবি'র নিয়ন্ত্রণাধীন ১৬৮টি গোডাউন সদ্ব্যবহার করে শস্য সংরক্ষণ ঋণ প্রদানের জন্য বিকেবি, বিআরডিবি ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যৌথ উদ্যোগে একটি কর্ম পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। আশা করা যায়

এ উদ্যোগের ফলে কৃষকরা লাভবান হবে এবং কৃষি উৎপাদনে এর ইতিবাচক প্রভাব পড়বে।

জ) বিশেষ সেবামূলক কর্মকান্ড

গ্যাস বিল, বিদ্যুৎ বিল, টেলিফোন বিলসহ বিভিন্ন ইউটিলিটি বিল গ্রহণ, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, অবসর প্রাপ্ত সামরিক কর্মচারীদের পেনশন প্রদান ও প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত রেমিট্যান্স স্বজনদের নিকট স্বল্পতম সময়ে পৌঁছানোসহ বিভিন্ন সেবামূলক কাজ বিকেবি করে থাকে। ১০ টাকা দিয়ে কৃষকের সঞ্চয়ী হিসাব খোলা, বিনা চার্জে কৃষককে লেনদেন বিবরণী প্রদান, ব্যাংক হিসাবের মাধ্যমে কৃষককে সার, বীজ, সেচ প্রভৃতি খাতে সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকী প্রদান ইত্যাদি ব্যাংকের অন্যতম সেবামূলক কাজ।

প্রাকৃতিক দুর্যোগে বাংলাদেশ কৃষি ব্যাংক

১৯৯৮ সনে শতাব্দীর ভায়াবহতম বন্যায় সমগ্র দেশে মাঠের ফসল সম্পূর্ণ নষ্ট হয়ে যাওয়ায় দেশে দুর্ভিক্ষ দেখা দেবে ও প্রায় ২.০০ কোটি মানুষ না খেয়ে মারা যাবে বলে বিভিন্ন মহল থেকে আশংকা করা হয়েছিল। কিন্তু বন্যার পানি নেমে যাওয়ার সাথে সাথেই সরকার কৃষি পুনর্বাসন কর্মসূচি গ্রহণ করায় এবং অন্যান্য উপকরণসহ স্বল্প সময়ের মধ্যে কৃষকের হাতে পর্যাপ্ত পরিমানে কৃষি ঋণ তুলে দেয়ায় দেশে বাম্পার ফলন সম্ভব হয় এবং দুর্ভিক্ষ রোধ হয়। যার ফলে একজন মানুষও না খেয়ে মারা যাওয়ার ঘটনা ঘটেনি। এ কৃতিত্ব তৎকালীন আওয়ামী লীগ সরকারের এবং সেই সাথে সরকারের নিয়নন্ত্রণাধীন দেশের শীর্ষ কৃষি ঋণ প্রদানকারী জাতীয় প্রতিষ্ঠান বাংলাদেশ কৃষি ব্যাংকের। কারণ ঐ বছর বন্যাত্তোর কৃষি পুনর্বাসনের জন্য মোট প্রদানকৃত ঋণের প্রায় ৮০% বাংলাদেশ কৃষি ব্যাংক এককভাবে বিতরণ করে। এছাড়াও বাংলাদেশ কৃষি ব্যাংক তখন সকল প্রকার কৃষি ঋণের (শস্য, মৎস্য, পশু সম্পদ ইত্যাদি) সুদ মওকুফ, ঋণ পুনঃ তফশীলিকরণ, ঋণ আদায় স্থগিতকরণ, ঋণ অবলোপন ইত্যাদি কার্যক্রম গ্রহণ করে। সিডর, আইলাসহ প্রতিটি প্রাকৃতিক দুর্যোগেই বাংলাদেশ কৃষি ব্যাংক তার সবটুকু সামর্থ নিয়ে এভাবেই দরদী ও অকৃত্রিম বন্ধুর মত ক্ষতিগ্রস্থ, বিপর্ষস্ত ও বিপন্ন কৃষকের পাশে গিয়ে দাঁড়ায়।

বাংলাদেশ কৃষি ব্যাংকের নেটওয়ার্ক

দেশের প্রতিটি জেলা ও উপজেলায় এবং প্রত্যন্ত অঞ্চলে ইউনিয়ন পর্যায়ে ব্যাংকের মোট ৯৫২ টি শাখা আছে (রাজশাহী ও রংপুর বিভাগ ব্যতীত)। এসব শাখার মাধ্যমে ব্যাংক দেশব্যাপী একটি সুসংহত, সুনিয়ন্ত্রিত এবং দক্ষ জনশক্তি সম্বলিত নেটওয়ার্ক স্থাপন করেছে। মাঠ পর্যায়ে ৯টি বিভাগীয় কার্যালয় ও ৫২টি আঞ্চলিক কার্যালয় আছে। এর মাধ্যমে ব্যাংক যে কোন কার্যক্রম অতি দ্রুত ও দক্ষতার সাথে সম্পাদন করতে সক্ষম। ব্যাংকের গৃহীত যে কোন কার্যক্রম ৯টি বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও ৫২টি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের মাধ্যমে নিরীক্ষণ করা হয়। যার ফলে ব্যাংকের সকল কার্যক্রমের স্বচ্ছ্বতা ও জবাবদিহীতা নিশ্চিত করা সহজ হয়।

ব্যাংকের সমস্যাবলী ও তার সমাধানে করণীয়

১. মূলধন সমস্যা

ব্যাংকটির বর্তমান আর্থিক অবস্থা আশাব্যঞ্জক নয়। বিকেবি প্রতি বছর শস্য ও কৃষি খাতে স্বল্প সুদে সিংহ ভাগ ঋণ বিনিয়োগ করে থাকে। ফি-বছর প্রাকৃতিক দুর্যোগ, ফসলহানী ইত্যাদি কারণে বিনিয়োগকৃত ঋণের সিংহভাগ ঋণ অনাদায়ী ও শ্রেণীকৃত। ব্যাংকের পুঞ্জিভূত লোকসানের পরিমান ২৪৪৫.০০ কোটি টাকা। বাসেল-২ অনুযায়ী ব্যাংকের রিস্ক ওয়েটেড সম্পদ ১১৯১০.০০ কোটি টাকার ন্যুনতম ১০% হিসাবে ১১৯১.০০ কোটি টাকা রিজার্ভ সংরক্ষণ করার বিধান থাকলেও মুলধন ঘাটতির কারণে তা সংরক্ষণ করা সম্ভব হয় না। ইতোমধ্যে বর্তমান সরকার

ব্যাংকটির অনুমোদিত মুলধনের পরিমান ৩৫০.০০ কোটি টাকা থেকে ১৫০০.০০ কোটি টাকায় উন্নীত করেছেন এবং পরিশোধিত মুলধন ৩৫০.০০ কোটি টাকা থেকে ৯০০.০০ কোটি টাকায় উন্নীত করেছেন। অনুমোদিত মুলধন সমুদয় পরিশোধিত মুলধন হিসাবে অনুমোদন দেয়া হলে অর্থাৎ পরিশোধিত মুলধন ৯০০.০০ কোটি টাকা থেকে ১৫০০.০০ কোটি টাকায় উন্নীত করা গেলে ব্যাংকটির মূলধন ঘাটতি পূরণ করা যাবে। তাছাড়া ১৯৯১ সালে প্রথম ঋণশ্রেণীবিন্যাস জনিত প্রভিশন ঘাটতির বিপরীতে সরকারের নিকট ব্যাংকের পাওনা ৪১৮.৫৭ কোটি টাকা। সরকারী নির্দেশনায় ২০০৩ থেকে ২০০৯ পর্যন্ত কৃষি ঋণের সুদের হার ১২% এর স্থলে ৮% নির্ধারণ করার ফলে ব্যাংকের আয় হ্রাস পেয়েছে ৯১৯.৭৪ কোটি টাকা। সরকারী নির্দেশনায় বিভিন্ন সময়ে কৃষি ঋণের সুদ মওকুফ করায় ব্যাংকের ক্ষতি হয়েছে ২১০৬.৩৬ কোটি টাকা। এ সব টাকা সরকারের ভর্তুকী দেয়ার কথা। সরকারের নিকট থেকে এসব ভর্তুকী পাওয়া গেলে ব্যাংকটির আর্থিক অবস্থার উন্নতি হবে।

২. জনবল স্বল্পতা

বর্তমানে ব্যাংকের অনুমোদিত জনশক্তি ১৩৬৮০ জন। তার মধ্যে বিদ্যমান জনবল- কর্মকর্তা ৪৬৫৪ জন ও কর্মচারী ৫৫৮০ জন, মোট ১০,২৩৪ জন। অর্থাৎ বর্তমানে অনুমোদিত জনশক্তির চেয়ে ৩৪৪০ জন কর্মকর্তা/কর্মচারী কম আছে। সরকারী নিষেধাজ্ঞার কারণে ১৯৮৫ থেকে ২০০০ সাল পর্যন্ত দীর্ঘ ১৬ বছর ব্যাংকে কোন কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করা হয়নি। এর ফলে ব্যাংকের বর্তমান জনশক্তির গড় বয়স প্রায় ৫০ বছরে দাঁড়িয়েছে। আগামী ২০১২ থেকে ২০১৬ সালের মধ্যে বর্তমান জনশক্তির প্রায় ৭৫-৮০ভাগ অবসরে যাবে এবং ব্যাংকে জনবল শূন্যতার সৃষ্টি হবে। এ কারণে ব্যাংকটিকে কার্যকর ও টিকিয়ে রাখার স্বার্থে জরুরী ভিত্তিতে জনবল নিয়োগ করা অত্যাবশ্যক। সরকার বিভিন্ন কৃষি উপকরণে ভর্তুকীর টাকা প্রদানের জন্য চলতি মৌসুমে ৯১ লাখ কৃষকের মধ্যে কৃষি উপকরণ কার্ড বিতরণের সিদ্ধান্ত নিয়েছেন। সে লক্ষ্যে ভর্তুকী কার্ডপ্রাপ্ত প্রত্যেক কৃষকের ১০ টাকায় ব্যাংক হিসাব খোলার নির্দেশ দিয়েছেন, যা একটি যুগান্তকারী পদক্ষেপ। এর ফলে ভর্তুকী প্রদানের ক্ষেত্রে দুর্নীতি, প্রতারণা ও অনিয়ম বহুলাংশে হ্রাস পাবে। এজন্য বাংলাদেশ কৃষি ব্যাংকে প্রায় ৬০ লাখ কৃষকের নতুন হিসাব খুলতে হবে। উল্লেখ্য বর্তমানে ব্যাংকে মোট আমানত হিসাবের সংখ্যা প্রায় ৩০ লাখ। স্বল্পতম সময়ে নতুন ৬০ লাখ হিসাব খোলা ও এসব হিসাবের মাধ্যমে ভর্তুকীর টাকা প্রদানসহ যাবতীয় লেনদেন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রতিটি শাখার জনবল কমপক্ষে দ্বিগুণ করা প্রয়োজন।

৩. কর্মকর্তা কর্মচারীদের পদোন্নতির সমস্যা

ব্যাংকের অধিকাংশ কর্মকর্তা ও কর্মচারীর উচ্চতর শিক্ষাগত যোগ্যতা, চাকুরীতে সুনাম ও দক্ষতা এবং পদোন্নতির জন্য প্রয়োজনীয় সকল যোগ্যতা থাকা সত্ত্বেও শূন্য পদের অভাবে দীর্ঘ ১৮-২০ বছর যাবৎ পদোন্নতি না পেয়ে একই পদে কাজ করছেন। এর ফলে কর্মকর্তা/কর্মচারীদের মনে হতাশা বিরাজ করছে এবং কর্মদক্ষতা হ্রাস পাচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য জরুরী ভিত্তিতে ব্যাংকের জনশক্তি কাঠামো পুনর্বিন্যাস করে যোগ্য কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির ব্যবস্থা করা প্রয়োজন।

৪. উন্নত প্রশিক্ষণের অভাব

ব্যাংকের কর্মকর্তাদের জন্য বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা নেই বললেই চলে। বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রী নিয়ে প্রথম শ্রেণীর পদে ব্যাংকে যোগদান করা সত্ত্বেও শতকরা ৯৯ ভাগ কর্মকর্তা ২৮-৩০ বছরের চাকুরী জীবনে একবারও বৈদেশিক প্রশিক্ষণের সুযোগ পাননা। এমনকি দেশের ভেতরেও তাদের উন্নত প্রশিক্ষণের তেমন সুযোগ নেই। কর্মকর্তা কর্মচারীদের মধ্যে পেশাগত দক্ষতা, সৃজনশীলতা ও কর্মে উদ্দীপনা সৃষ্টির জন্য বৈদেশিক

প্রশিক্ষণসহ দেশের অভ্যন্তরে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া প্রয়োজন।

৫. স্বতন্ত্র বেতন কাঠামো

বাংলাদেশ কৃষি ব্যাংক দেশের সর্ববৃহৎ কৃষি ঋণদানকারী জাতীয় প্রতিষ্ঠান হিসেবে দেশের কৃষি উৎপাদন ও খাদ্য নিরাপত্তায় সরাসরি জড়িত থেকে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের সাথে প্রতিযোগিতার মাধ্যমে সকল প্রকার ব্যাংকিং কর্মকান্ড পরিচালনা করছে। তা সত্ত্বেও ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য প্রস্তাবিত স্বতন্ত্র বেতন কাঠামোয় বাংলাদেশ কৃষি ব্যাংকের নাম অন্তর্ভূক্ত করা হয়নি। যা অত্যন্ত দুর্ভাগ্যজনক। এ ঘটনা ব্যাংকের কর্মকতা/কর্মচারীদের মধ্যে হতাশার সৃষ্টি করেছে। প্রস্তাবিত স্বতন্ত্র বেতন স্কেলে বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নাম অন্তর্ভূক্ত করা একান্ত প্রয়োজন।

৬. ইনসেনটিভ ও প্রণোদনার অভাব

দেশের সকল বেসরকারী ব্যাংক, বিদেশী ব্যাংক এবং রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকগুলো প্রতি বছর একাধিক ইনসেনটিভ বোনাস ও প্রণোদনা প্রদান করলেও বাংলাদেশ কৃষি ব্যাংক লাভজনক প্রতিষ্ঠান নয় এ অজুহাতে কর্মকর্তা/কর্মচারীদের কোন ইনসেনটিভ বোনাস প্রদান করা হয় না। অথচ বাংলাদেশ কৃষি ব্যাংক সরকারের নির্দেশনা অনুযায়ী অলাভজনক ও ঝুঁকিপূর্ণ খাত হওয়া সত্ত্বেও প্রতি বছর কৃষি খাতেই সিংহভাগ ঋণ বিনিয়োগ করে থাকে এবং সঙ্গত কারণেই ফি বছর লোকসানের মুখে পড়ে। তাছাড়া ১৯৯১ সনে প্রথম ঋণ শ্রেণীবিন্যাসজনিত প্রভিশন ঘাটতির বিপরীতে সরকারের নিকট ব্যাংকের প্রাপ্য ৪১৮.৫৭ কোটি টাকা। কৃষি ঋণের সুদ ভর্তূকী বাবদ সরকারের নিকট প্রাপ্য ৯১৯.৭৪ কোটি টাকা। সরকারী নির্দেশনায় মওকুফকৃত কৃষি ঋণের সুদ মওকুফ বাবদ সরকারের নিকট প্রাপ্য ২১০৬.৩৬ কোটি টাকা সর্বমোট ৩৪৪৪.৬৭ কোটি টাকা সরকার কর্তৃক পরিশোধ না করা এ ব্যাংকের লোকসানের আরো একটি অন্যতম কারণ। এতদসত্বেও ২০০৮-২০০৯ অর্থ বছরে বিকেবি ১২.১৯ কোটি টাকা মুনাফা অর্জন করেছে। কাজেই কৃষি ব্যাংককে ব্যবসায়িক বা মুনাফাভোগী প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা না করে সেবাধর্মী আর্থিক প্রতিষ্ঠান হিসেবে গণ্য করে অন্যান্য ব্যাংকের ন্যায় এ ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ইনসেনটিভ বোনাস প্রদানের ব্যবস্থা করা উচিত।

৭. কৃষি ঋণের সুদের উপর ভর্তুকী

বর্তমানে ব্যাংকের কষ্ট অব ফান্ড প্রায় ৯%। অথচ ব্যাংক শস্য খাতে ৮% সুদে ঋণ প্রদান করে থাকে। যে কারণে প্রতিবছর ব্যাংকের লোকসানের পরিমান বৃদ্ধি পাচ্ছে। সরকার বিভিন্ন কৃষি উপকরণ যেমন সার, ডিজেল, বীজ প্রভৃতিতে ভর্তুকী প্রদানের ন্যায় শস্য ঋণের সুদ খাতে কমপক্ষে ৩% সুদ ভর্তুকী দিলে ব্যাংক আর্থিক স্বচ্ছলতা ফিরে পাবে।

৮. ব্যাংকের শাখা সম্প্রসারণ

ভিশন-২০২১ বাস্তবায়নে ব্যাংকের যথাযথ ভূমিকা নিশ্চিত করার স্বার্থে ব্যাংকটির বর্তমান শাখার সংখ্যা বৃদ্ধি করে প্রতিটি ইউনিয়নে একটি করে শাখা খোলা প্রয়োজন। এর মাধ্যমে কৃষি খাতে অর্থায়ন গতিশীল হবে,ব্যাংকের দক্ষতা বৃদ্ধি পাবে এবং প্রত্যেক ঘর থেকে কমপক্ষে ১ জনের কর্মসংস্থান সৃষ্টির জন্য সরকারের দেয়া অঙ্গীকার বাস্তবায়ন সহজ হবে। উল্লেখ্য, দেশে মোট ইউনিয়নের সংখ্যা ৪৫৫৩। তন্মধ্যে রাজশাহী ও রংপুর বিভাগ বাদে বাকী ৫টি বিভাগে ইউনিয়নের সংখ্যা প্রায় ৩৪০০। বাংলাদেশ কৃষি ব্যাংকের বর্তমানে ইউনিয়ন পর্যায়ের শাখার সংখ্যা ৫৭৩ টি। প্রতিটি ইউনিয়নে ১টি করে শাখার জন্য আরো ২৮২৭ টি নতুন শাখা খুলতে হবে। এর ফলে প্রতিটি শাখায় গড়ে ৮জন কর্মকর্তা/কর্মচারী হিসাবে মোট ২২,৬১৬ জনের কর্মসংস্থান সৃষ্টি হবে। এর সাথে

ব্যাংকের বর্তমান জনবল ঘাটতি ৩৪৪০ জন যোগ করা হলে মোট ২৬,০৫৬ জন কর্মকর্তা/কর্মচারী নতুন নিয়োগের প্রয়োজন হবে।

৯. ব্যাংক আধুনিকায়ন ও ব্যাংকে তথ্য প্রযুক্তির ব্যবহার

বর্তমানে ব্যাংকের ৯৫২টি শাখার মধ্যে ১৬২টি শাখা কম্পিউটার ব্যবহারের আওতায় আনা হয়েছে। ব্যাংকের কাজে গতিশীলতা ও নির্ভুলতা আনয়নের স্বার্থে বাকী ৭৯০টি শাখা কম্পিউটার ব্যবহারের আওতায় এনে ব্যাংকে তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন।

উপসংহার

ভিশন-২০২১ অনুযায়ী আগামী ২০২১ সালে দেশের ১৭০ মিলিয়ন জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে অতিরিক্ত আরো ৬ মিলিয়ন মেট্রিক টন খাদ্য উৎপাদনের প্রয়োজন হবে। যুগোপযোগী কৃষি উন্নয়নের মাধ্যমে মানসম্পন্ন উচ্চ ফলনশীল (উফশী) ও প্রতিকূলতা সহনশীল বীজ, সুষম সার, পরিমিত সেচ, পর্যাপ্ত কৃষি ঋণ ও আধুনিক ফসল ব্যবস্থাপনার মাধ্যমে এই বাড়তি খাদ্যশস্য উৎপাদন করা সম্ভব। এজন্য সরকারকে কৃষি উৎপাদনের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানসমূহকে যেমন-কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিএডিসি, বিআরডিবি ইত্যাদি সংস্থাগুলোর মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে একটি সমন্বিত ও যৌথ পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। কোন একক প্রতিষ্ঠানের পক্ষে এ মহাকর্মযজ্ঞ সুসম্পন্ন করা সম্ভব নয়। বাংলাদেশ কৃষি ব্যাংক ভিশন-২০২১ বাস্তবায়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। কোন অবস্থাতেই কৃষি ব্যাংকের ভূমিকাকে উপেক্ষা করা বা খাটো করে দেখার অবকাশ নেই। সরকারের সুদূর প্রসারী লক্ষ্য অর্জনের স্বার্থে ব্যাংকের শাখা সম্প্রসারণ, জনবল স্বল্পতা দুরীকরণ, কৃষি ঋণের সুদের উপর ভর্তূকী প্রদান, বাংলাদেশ ব্যাংক, সোনালী, অগ্রণী ও জনতা ব্যাংকের ন্যায় কৃষি ব্যাংকের কর্মকতা/কর্মচারীদেরকে স্বতন্ত্র বেতন স্কেল প্রদানসহ ব্যাংকটির সমস্যাসমূহ সমাধান করে একটি কার্যকর ও যুগোপযোগী আধুনিক ব্যাংকে পরিণত করা দরকার। যত দ্রুত এ কাজটি করা হবে, দেশ ও জাতি তত বেশী লাভবান হবে এবং ভিশন-২০২১ বাস্তবায়ন তথা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও সরকারের খাদ্য নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন তত বেশী সহজ হবে।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

Alternative Approaches to Poverty Measurement and Trend of Development in Rural Bangladesh: Evidences from Grass-roots Level

Md. Jahangir Alam*

Abstract

Poverty as a development terminology can not be thought off only by an uni-dimentional approach of measurement rather it can be thought off from different approaches based on available resources which can be the outcome of human efforts for fulfilling basic needs of the people at the grass-roots level. Whenever someone wants to measure poverty of the people at the grassroots level, definitely there may be searching questions regarding to what extent people are secured with the availability of food at household level by their own food production as well as by their purchasing power ? To what extent people are well-off or poor by their total yearly income from the contribution of all sectoral income? To what extent people are employed or un-employed or under–employed within the active labour forces in case of poverty status? What are the limitations of the poverty stricken people that can make themselves as poor and poverty stricken? what are the assets and equities which make themselves as well-off? what are the development proceeds and ingredients which differentiate themselves from poor to non-poor or well-off ? Thus there are different outlooks and dimensions about the alternative thoughts of poverty approaches. However, the present article very thoughtfully highlights some specific and important alternative approaches

---

* *Deputy Director (Rural Economics), Rural Economics and Management Division, BARD, Kotbari, Comilla*

This Paper was presented at the *XVII Biennial Conference titled* ***"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

to poverty measurement and trend of development in Bangladesh. The important alternative approaches to poverty measurement are basically based on poverty assessment through food security at household level ; poverty assessment based on yearly income from all productive sectors ; poverty measurement approach based on human development indicators like providing health facilities at the grass-roots level, child –birth through trained dhai , vaccination or immunization facilities at the grass-roots level; providing electricity facilities at the grass-roots level; providing pure drinking water facilities at the grass-roots level etc. Poverty measurement approach based on employment, un-employment, and under-employment for the active labour forces; the article also very quantitatively evaluates the trend of development in the study village within a span of one-decade. The trend of development reflects that there is a positive sign of development in specific development parameters like household size, ownership of land under cultivation per household, comfortable residential facilities, earning members per household in the active labour forces, monthly household income, having pure drinking water facilities at household level, having sanitation facilities at household level, ownership of television at houehold level, ownership of khats and dining tables at household level; ownerships of electrified fans at household level, and also the ownerships of mobile phones at household level. Thus the findings of the article rightly has reflected the development of standard of living in the study rural households during the past one decade pragmatically remarks that the rural households in Bangladesh har been progressing gradually from poor to non-poor, from under-developed to developed; from backward to modern; from non-progressed to progressed for having with poverty free rural villages in a micro perspective as well as for having with a poverty free rural Bangladesh in a macro perspective.

1. Introduction

Although poverty can be measured through the conventional method of calorie intake and income or expenditure method, there are also alternative methods of measuring poverty. Poverty is not an one-dimensional subject to be thought off, rather it can be thought off from different viewpoints based on available resources and capability of maintaining and fulfilling basic needs, which can be the outcome of both natural resources and human efforts. As Bangladesh is an agrarian country, yearly food production is an important parameter of household food security. Again yearly food production as well as surplus food production and purchasing power are the indicators by which one can judge whether a household is falling below poverty line or the household is well off interms of his/her income level. Whenever somebody wants to measure and assess poverty, there are definitely searching questions regarding to what extent the poverty stricken people are

employed and engaged in agricultural production? Is the poverty stricken poor a cultivator or a farmer in the agricultural land through ownership of land or a sharecropper? Is the poverty stricken poor a wage earner? What is his/her purchasing power. What are the sources of income and employment opportunities throughout the whole year? Are the poverty stricken persons employed or unemployed or under-employed? What are the limitations and vulnerabilities of the poverty stricken people that make them poor? To what extent rural human resources are unemployed so that they have the insecurity and vulnerability for falling below poverty? What are the assets and equities which make themselves well off? Finally what are the development proceeds and ingredients, which differentiate them from poor to non-poor and well off. Thus there are different outlooks and dimensions about the alternative thoughts of poverty approaches (HDISA : 2005). In this article, an attempt has been made for a deeper understanding of human poverty assessment with development insights of poor to non-poor approaches of development dimensions for the rural poor of study poverty stricken village (HIES : 2005).

2. Poverty Approach: An Assessment based on all sources of income

In this approach to poverty assessment, poverty is assessed on the basis of total yearly income of the households which is the cumulative income of all sources. In rural Bangladesh, a household head may have different sources of income and by adding the income of all sources, total yearly income is calculated. A household may have yearly income from agricultural-sector, like crop agriculture sector, fisheries-sector, livestock & poultries-sector, wage earning sector and foreign remittance sector etc. A household may have alternative sources of income like salary from govt. or private organizations or income from business, or a household may be the earner of foreign remittances. All the income cumulatively will be known as the yearly income of the households. Whenever the poverty status of the rural households is assessed, the households are asked and judged about their poverty through participatory method of appraisal regarding their cumulative yearly income. In this method, a group of representatives of the household heads from the village have made their discussion with the respondent household head to know about the household status and observed the different sources of income and thus measure the status of a poor and a non poor household. Thus on the basis of total yearly income, the households are classified into three strata depending up on their income status. These are: (a) well off (b) poor and (c) very poor. Well off are above the poverty line while poor and very poor are below the poverty line. The overall assessment is that a person is said to

be poor and very poor on the judgment whether the yearly income level or monthly income level is sufficieng to meet the basic needs of the people or not. If the monthly household income or yearly household income can not meet the cost of basic five needs, the surveyed household head will be termed as poor and very poor household. The households that can meet their basic needs through monthly/yearly income will be termed as well off household. In this method, monthly income was also consulted with government document like Bangladesh. Economic review to have a clear picture of total yearly income so that one can observe one's status. According to Bangladesh economic Review 2005 if a person's or a member of a household's monthly income is TK. 594.60 per month, then this person is said to be well off or non-poor. Thus by taking 12.91% inflation for the year 2006-2007 (survey year) from the base year 2005, if a person's monthly average income is TK.671.36 then the person is said to be well off or non-poor. Now if average household size is 5, then a household needs to survive by an amount of minimum TK. 3356.8 per month for meeting his food security and other basic needs (Opcit : 2007). Thus a household with 5 members needs Tk. 40281.60 per year for his survival. Thus an approximate monthly or yearly income level was considered for assessing well off, general poor and very poor.

Based on opinions given by the study households on the basis of total yearly-income from all sources, it can bee seen in Table-1 it is observed that of the total 241 households, only 57 (23.65%) are well off or above the poverty line, while

Table 1: Poverty status of the study households interms of yearly-income from all sources of income

Poverty status	Well-off	Poor	Very poor	Total
Farmer's category				
Landless farmer (0.00-0.49 acre)	20 (11.76)	99 (58.23)	51 (30.0)	170 (100)
Marginal (0.50-0.99) farmers	16 (35.56)	27 (60.0)	02 (4.44)	45 (100.0)
Small (1.00-2.49) farmers	20 (80.0)	05 (20.0)	-	25 (100.0)
Medium (2.50-7.49) farmers	1 (100.0)	-	-	01 (100.0)
Large (7.50-Above) farmers	-	-	-	-
Total	57 (23.65)	131 (54.36)	53 (21.99)	241 (100.0)

Source : Field-survey, 2007

the rest 184(76.34%) are poor and below the poverty line. Where 54.36% are general poor and 21.99% are very poor or lies below the poverty line. Among the landless (0.00-0.49 acre) farmers only 11.76% are well off, 58.23% are general poor and 30.0% are very poor. Among the marginal farmers (0.50-0.99 acre) only 35.36% are well-off and 60.0% are general poor and only 4.44% are very poor. Among small farmers(1.00-2.49 acre) 80.0% are well-off and the rest 20.0% are general poor & in medium farmers (2.50-7.49 acre) 100% are well off.

3. Poverty Approach: An Assessment based on Demographic and Comprehensive Economic Indicators

Poverty can alternatively also be assessed by observing the development initiatives and ingredients that may be initiated in the particular poverty stricken village. In this assessment of poverty debate, an individual tries to have an observation on some of the important demographic and development parameters of any village by which the impornats of households of the poverty stricken village can be observed. As the poverty sitnalin in Bangladesh is improving day by day, one can observe the health facilities enjoyed by the households. One can also observe the limitation of electricity facilities of the poverty stricken village. One can also have a look into the important issues like child mortality and child birth which are regarded as very important demographic and development parameters for knowing the human poverty of the rural village. Thus while thinking about alternative approaches to poverty, certainly one can have a look into the intensity of these important issues of the development parameters. However, from table-2 it is observed that, of the total 241 households, 170 are landless where these facilities are not provided sufficiently. Of the total 170 households, only 1.18% has child-mortality within one year. Although higher population birth rate is discouraged by the govt. of Bangladesh but in the landless poverty stricken families, child birthrate within one year is 7.64% and still only 9.41% of the landless people have the facilities of having a child by trained Dhai because of non-availability of health facilities. In case of marginal small and medium farmers, a better picture of enjoying development facilities is observed like, child-birth through trained dhai, having electricity facilities and also the access to pure drinking water, which can also be seen from Table – 2. Although the rural villages are gradually developed through electricity facilities, only about 37.65% are enjoying the facilities. But a dramatic change has occurred in the case of getting pure drinking water and all the villagers have the opportunity of taking pure drinking water from tube-well but there is a limitation of arsenic contamination in pure drinking water in the adjacent areas of the study village.

Table 2: Human poverty of the poverty stricken households of the study

Human Poverty / Farmer's Category	Child-Mortality (1-year)	Child-birth (1-year)	Child birth through trained Dhai	Electrified household	Access to Pure Drinking water	Total households
Landless farmers (0.00-0.49 acre)	02 (1.18)	13 (7.65)	16 (9.41)	64 (37.65)	170 (100)	170(100.0)
Marginal farmers (0.05-0.99 acre)	-	06 (13.13)	06 (13.13)	19 (42.22)	45 (100)	45(100.0)
Small-farmers (1.00-2.49 acre)	-	02 (8.0)	04 (16.0)	13 (52.0)	25 (100)	25(100.0)
Medium-farmers (2.50-7.49 acre)	-	-	-	-	1 (100) -	01(100.0)
Large farmers (7.50-above	-	-	-	-	-	-
	02 (0.82)	21 (8.71)	26 (10.79)	96 (39.83)	241 (100.0)	241 (100.0)

Source: Field-Survey : 2007

However table-2 has reflected the poverty parameters from different aspects including demographic and development dimensions of the poverty stricken village.

4. Poverty Approach: An Assessment based on Yearly Food Security

In this approach, Food security is considered as the most important parameter of poverty. It indicates survival of the poverty stricken people by ensuring security in food consumption through household food production and purchasing power of the poverty-stricken household. Naturally food is the source of calorie intake, human health and survival. In rural Bangladesh, still about 59.3 % of the rural households (BBS:2007) are directly involved in agricultural production by taking the advantage of either own land cultivation or by taking the advantage of share cropping. The wage labourers also share other peoples land for their cultivation or they offer their labour by wage for raising their purchasing power. Thus in measuring poverty of the rural household, food production, availability of food and purchasing power which are betterly termed as food security is considered as the very important indicator for understanding and assessing household poverty.

In this approach, the study households are asked about to what extent they are fulfilling their needs for food or to what extent they are secured by food from their

own production. Four parameters regarding food security are considered for the rural households. For assessing poverty, study households were classified on the basis of four parameters like : (a) Surplus food production (b) Balanced food production that is no surplus no deficit (c) Occasionally or frequent deficit of food (d) Chronic deficit of food (Opcit : 2004). From the four categories of food security parameters, the households that belong to first and second parameters are termed as the non-poor or well off households while the households that belong

Table 3 : Poverty status in terms of food security

Food security/ Farmers Category	Food security (surplus)	Food security No surplus No deficit	Occasional/ frequent deficit	Chronic deficit	Total
Landless (0.00 - 0.49 acre)	-	28 (16.47)	69 (40.58)	73 (42.94)	170 (100.0)
Marginal (0.50 - 0.99 acre)	10 (22.22)	15 (33.34)	11 (24.44)	9 (20.0)	45 (100.0)
Small (1.00 - 2.49 acre)	9 (36.0)	06 (24.0)	8 (32.0)	02 (8.0)	25 (100.0)
Medium (2.50 - 7.49)	1 (100.0)	-	-	-	1 (100.0)
Large (7.50 -above)	-	-	-	-	-
Total	20 (8.29)	49 (20.34)	88 (36.51)	84 (34.85)	241 (100.0)

to third and fourth parameters are termed as poverty stricken people or poor. The assessment of poor and poverty stricken people based on food security approach can be observed from the following table-3.

From the Table-3, it is observed that according to food security approach among all categories of households about 71.36% (by adding column 3&4) are poor or, lies below poverty line, and the rest 28.64% are non poor or well-off. Among the landless farmers about 83.52% (by adding column 3 and 4) are poor while the rest 16.47% are well – off. Among the marginal farmers, 44.44% are poor while the rest 55.56% are non-poor and well-off. Among the small farmer 40% are poor while the rest 60% are non-poor and among medium farmers, 100% are well-off and non-poor.

5. Poverty-Approach: An Assessment based on Employment Generation

Unemployment problem as well as generating employment for the unemployed active labour forces (15-64 years) is an important aspect of poverty assessment for human poverty. Household poverty generally depends up on income generation and level of income of the households. It is a generalization that the households who have enough-income never fall under poverty and income is always supported by possible employment generation (Opcit : 2007). Thus in poverty-assessment, generation of employment for the rural unemployment human

Table 4 : Employment Status of the Study Households

Employment Status	Total Household	Total Household Member/ Population	Employed Household head	Un-employed household head	Under employed household members
Farmers Category					
Landless(0.00 -0.49 acre)	170 (100.0)	766 (100.0)	106 (62.35)	64 (37.65)	240 (31.33)
Marginal (0.50 -0.99 acre)	45 (100.0)	227 (100.0)	19 (42.22)	26 (57.78)	71 (31.27)
Small (1.00 -2.49)	25 (100.0)	110 (100.0)	10 (40.0)	15 (60.0)	40 (36.36)
Medium (2.50 -7.49 acre)	01 (100.0)	05 (100.0)	1 (100.0)	-	02 (40.0)
Large (7.50 -above)	-	-	-	-	-
Total	241 (100)	1108 (100.0)	136 (56.43)	105 (43.57)	353 (31.86)

resources is considered as a very important parameter for analyzing poverty of the rural households.

As poverty is the cumulative effect of income which comes from proper employment opportunities, the following table-4 gives the empirical picture of poverty in terms of employment opportunities in the poverty stricken village.

১০. যৌতুক প্রথা শক্ত ঘাঁটি গেড়ে বসেছে।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

উন্নয়নে জনসম্পৃক্ততায় সমবায়

মোঃ মাহ্‌বুবুর রহমান*

সমবায় একটি বহুল পরিচিত ধারণা। বয়স ভেদে, লিঙ্গ ভেদে, বর্ণ ভেদে, সকল অঞ্চলের মানুষেরই **সমবায়** সম্পর্কে সল্প-বিস্তর ধারণা রয়েছে। সহযোগিতা, সমবেত প্রচেষ্টা কিংবা সম্মিলিত উদ্যোগ ইত্যাদি নানা নামে সাধারণ মানুষ সমবায়কে জানে এবং অন্যকে জানায়। এভাবেই মানুষের মুখে মুখে বিস্তৃত হয়েছে সমবায়, ছড়িয়ে পড়েছে দেশ-দেশান্তরে, উত্তরণ ঘটেছে সাধারণ ধারণা থেকে আন্দোলনে। বছর ঘুরে, দশক পেরিয়ে, শত বছরেরও বেশী বয়সী **সমবায়** একটি নবীন এবং চির সবুজ উন্নয়ন কৌশল হিসেবে এখনও সমকালীন প্রাসংগিক। সময়ের বিবর্তনে সমবায় শুধু আন্দোলনেই রূপান্তরিত হয়নি বরং এর সংজ্ঞায় এসেছে পূর্ণতা এবং কার্যক্রমে এসেছে গভীরতা। একই সাথে সমবায়ের চারিত্রিক বৈশিষ্ঠেও সংযোজিত হয়েছে নতুন মাত্রা। বিশ্বব্যাপী সমবায় আন্দোলনের নেতৃত্বদানকারী সংগঠন আন্তর্জাতিক সমবায় মৈত্রী সংস্থা (International Cooperative Alliance-ICA) প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী-

“A Co-operative is an autonomous association of persons united voluntarily to meet their common economic, social and cultural needs and aspirations through a jointly-owned and democratically-controlled enterprise.”

এই সংগঠনটি সারা পৃথিবীর সমবায় সমিতি ও সমবায়ীদের জন্য যে ০৭টি মূলনীতি নির্ধারণ করেছে সেগুলো হ'ল-

স্বতঃস্ফূর্ত ও অবাধ সদস্যপদ (Voluntary and open membership). সদস্যদের গণতান্ত্রিক নিয়ন্ত্রণ(Democratic Member Control). সদস্যের আর্থিক অংশগ্রহণ (Member Economic Participation). স্বায়ত্বশাসন ও স্বাধীনতা (Autonomy and Participation). শিক্ষা, প্রশিক্ষণ ও তথ্য (Education, Training & Information). আন্তঃসমবায় সহযোগিতা (Cooperation among

---

* ডেপুটি রেজিস্ট্রার, সমবায় অধিদপ্তর, ঢাকা।

This Paper was presented at the *XVII Biennial Conference titled **"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

cooperative) ও সামাজিক অঙ্গীকার (Concern for community)।

সমবায় এমন একটি আন্দোলন যার বিশ্বজনীন সত্ত্বা রয়েছে। উন্নত, উন্নয়নশীল এবং স্বল্পোন্নত সকল দেশেই সমবায়ের বিচরণ সমানতালে। পুঁজিবাদী, সমাজতান্ত্রিক, মিশ্র কিংবা ইসলামিক যে কোন ধরনের অর্থনীতিতেই সমবায় সাবলিল ভাবে এগিয়ে চলে। পল্লী এলাকায় সমবায় যেমনি ভাবে প্রাসংগিক তেমনি ভাবে শহরের কর্পোরেট সংস্কৃতিতেও (Corporate Culture) সমবায়ের কদর কম নয়। সমবায়ের মৌলিকত্ব হচ্ছে এটি সদস্যদের মালিকানাধীন প্রতিষ্ঠান/সংগঠন (CO-operative is Own by the member), এটি সদস্যদের দ্বারা পরিচালিত প্রতিষ্ঠান/সংগঠন (CO-operative is operated by the member), এটি সদস্যদের জন্য প্রতিষ্ঠান/সংগঠন (CO-operative for the member) যা একটি দেশের প্রচলিত আইনী আবরনের মধ্য দিয়ে জন্ম নেয় এবং বিকশিত হয়। সমবায়ের এই বহুমাত্রিক নিরপেক্ষ অবস্থান এবং জনবান্ধব মৌলিকত্ব সারা পৃথিবীর বিভিন্ন দেশে এর সাফল্যকে সম্প্রসারিত ও সমৃদ্ধ করতে সহায়তা করেছে। বিশ্বের কিছু দেশের তথ্য বিশ্লেষণ করলে এর সত্যতা খুঁজে পাওয়া যায় ঃ

১.১ জন সম্পৃক্ততা এবং সমবায়

জেনেভা ভিত্তিক আন্তর্জাতিক মৈত্রী সংস্থার হিসাব অনুযায়ী প্রায় ৮০০ মিলিয়ন লোক সমবায় সমিতির সদস্যপদ গ্রহণ করে সমবায় আন্দোলনে সমবেত হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হ'ল ভারতে ২৩৯ মিলিয়ন, চীনে ১৮০ মিলিয়ন, জার্মানীতে ২০ মিলিয়ন, যুক্তরাজ্যে ৯.৮ মিলিয়ন, আর্জেন্টিনায় ৯.১ মিলিয়ন, বাংলাদেশে ৮.৫ মিলিয়ন, কোরিয়ায় ৫.৯ মিলিয়ন, মালয়েশিয়ায়৫.৪ মিলিয়ন। তাছাড়া যুক্তরাষ্ট্রে প্রতি ৪ জন মানুষের মধ্যে ০১ জন, কানাডায় প্রতি ০৩ জনে ০১ জন, জাপানে প্রতি ০৩টি পরিবারের ০১টি পরিবার সমবায়ের সদস্য। ৮০০ মিলিয়ন সমবায়ী তথা ৮০ কোটি মানুষের সমন্বয়ে গড়ে উঠা বিশ্ব সমবায় পরিবার (World Co-operative Family) নি:সন্দেহে একটি বিশাল সামাজিক শক্তি। এই শক্তি একত্রিত উদ্যোগ গ্রহণ করলে দারিদ্র্য, কর্মসংস্থান, খাদ্য নিরাপত্তা, জলবায়ূ সংক্রান্ত সংকট, সন্ত্রাসসহ সকল ধরনের চ্যালেঞ্জ অতিক্রম করা মোটেও কষ্টসাধ্য নয়।

১.২ দেশজ উৎপাদনে সমবায়

নিউজিল্যান্ডের সমবায় প্রতিষ্ঠানগুলো ২০০৭ সালে GDP তে ২২% অবদান রাখে, কেনিয়ার GDP তে সমবায়ের অবদান ৪৫%। ২০০৮ সালের তথ্য অনুযায়ী পর্তুগালের GDP তে সমবায় গুলোর অবদান ছিল ৫%, ভিয়েতনমের GDP তে সমবায় সংগঠনগুলোর অবদান ৮.৬%, স্কটল্যান্ডের GDP তে সমবায়ের অবদান ৪.২৫%, কলম্বিয়ায় ২০০৭ সালে GDP-তে সমবায়ের অবদান ছিল ৫.৬১%, ইরানের GDP তে সমবায় খাতের অবদান ৬%। এছাড়া বিশ্বের অন্যান্য দেশের GDP তেও সমবায় সেক্টরের প্রত্যক্ষ এবং পরোক্ষ অবদান রয়েছে।

১.৩ অর্থনীতির বিভিন্ন খাত এবং উপখাতে সমবায়

ব্রাজিলে কৃষি GDP এর ৪০% এবং মোট কৃষি রপ্তানির ৬% ই ব্রাজিলীয় সমবায় গুলোর অবদান ছিল। কানাডায় মোট Maple Suger উৎপাদনের ৩৫% ই করে থাকে সে দেশের সমবায়ীরা।

সাইপ্রাসে মোট ব্যাংকিং সেবার ৩০% সমবায়ের। বেলজিয়ামের ঔষধ ব্যবসার ১৯.৫%ই সমবায় সমিতির অবদান। ২০০৭ সালে ডেনমার্কে ভোক্তাদের খুচরা বাজারের ৩৬.৪%ই সমবায় সমিতির অবদান ছিল। যা ভোক্তা সমবায় সমিতির মাধ্যমে পরিচালিত হচ্ছে।

কেনিয়ার সমবায় সমিতি গুলো ৭০% কফি বাজার, ৭৬% দুধের বাজার এবং ৯৫% সূতার বাজার নিয়ন্ত্রন করে। কোরিয়ার মোট মাছ উৎপাদনের ৭১% ই পরিচালিত হয় সমবায়ের মাধ্যমে।

নিউজিল্যান্ড কো-অপারেটিভ এসোসিয়েশনের ২০০৭ সালের তথ্য অনুযায়ী মোট দুগ্ধ বাজারজাত করনের এবং রপ্তানির ৯৫% ই পরিচালিত হয় সমবায় প্রতিষ্ঠানের মাধ্যমে। অন্যদিকে একই সময়ে নরওয়ের মোট দুধ উৎপাদনের ৯৯%ই সমবায়ীরা উৎপাদন করে এবং ভোক্তা সমবায়গুলো মোট বাজারের ২৪.১% বাজারজাতকরণ করে। পোলান্ডেও দুগ্ধ সমবায়গুলো মোট দুধের ৭৫%ই উৎপাদন করে থাকে।

সিঙ্গাপুরের ভোক্তা সমবায় সমিতিগুলো দেশটির মোট সুপার মার্কেটের ৫৫%ই পরিচালিত করে থাকে।

স্লোভাকিয়ায় কৃষি সমবায় সমিতিগুলো ৭২% দুগ্ধ উৎপাদন,৭৯%পশু সম্পদ, ৪৫% গম এবং ৭৭% আলু উৎপাদন করে থাকে। যুক্তরাজ্যের সর্ববৃহৎ ট্রেভেল এজেন্সী পরিচালিত হয়ে থাকে সমবায়ের মাধ্যমে। উরুগুয়েতে মোট দুগ্ধ উৎপাদনের ৯০%, মধু উৎপাদনের ৪০% এবং গম উৎপাদনের ৬০% করে থাকে সে দেশের সমবায় প্রতিষ্ঠানগুলো। যুক্তরাষ্ট্রে ১০০টি সমবায় সমিতির বাৎসরিক আয়ের পরিমাণ ১১৭ বিলিয়ন মার্কিন ডলার।

উপরের তথ্যগুলো থেকে বিশ্বের বিভিন্ন দেশের অর্থনীতিতে এবং সেবা খাতে সমবায়ের প্রত্যক্ষ অবদানের কিছুটা আভাস পাওয়া যায়। একই সাথে কয়েকটি দেশে সমবায় সেক্টর যে কত শক্তিশালী ভাবে কার্যকর রয়েছে তারও ইঙ্গিত ফুটে উঠে।

১.৪ কর্মসংস্থানে সমবায়

সমবায় সমিতির মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশে প্রায় ১০০ মিলিয়ন লোকের কর্মসংস্থান হয়েছে। যা বিশ্বের মাল্টিন্যাশনাল কোম্পানিগুলোর মোট কর্মসংস্থান সৃষ্টির চেয়েও ২০% বেশী। ২০০৭ সালের তথ্য অনুযায়ী ফ্রান্সে ৪ মিলিয়ন, ইরানে ১.৫ মিলিয়ন, ইটালিতে ১ মিলিয়ন, আর্জেটিনায় ০.২৩ মিলিয়নসহ যুক্তরাষ্ট্র, জাপান, ভারত, চীন এবং বৃটেনেও বড় অংকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে সমবায় আন্দোলনের মাধ্যমে।

আন্তর্জাতিক মৈত্রী সংস্থা ICA ২০০৮ সালে শীর্ষ স্থানীয় ৩০০টি সমবায় প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ করেছে। এই তালিকাটি Global-300 নামে পরিচিত। এই শীর্ষ স্থানীয় সমবায় গুলোর সম্মিলিত টার্ন ওভার (Turn Over) ছিল ১.১ ট্রিলিয়ন মার্কিন ডলার। যা পৃথিবীর ১০ম বৃহৎ অর্থনীতির সমান। বিশ্বের সমবায় সমিতিগুলো ৩ বিলিয়ন মানুষের নিরাপদ জীবন যাত্রা নিশ্চিত করতে সক্ষম হয়েছে এবং পৃথিবীর মোট দুগ্ধজাত খাদ্যের ৩৩% উৎপাদন করতে সক্ষম হয়েছে। এ সকল বৃহৎ সমবায় সমিতির পাশাপাশি ক্ষুদ্র এবং মধ্যম পর্যায়ের সমবায় সমিতি গুলোও মানুষের জীবন যাত্রার ইতিবাচক পরিবর্তনে তাৎপর্যপূর্ণ অবদান রাখছে।

উল্লেখিত তথ্য থেকে এটি অনুধাবন করা যায় যে, বিশ্ব অর্থনীতিতে সমবায় একটি সুপ্রতিষ্ঠিত উন্নয়ন কৌশল, যে খানে মানুষের স্বতস্ফুর্ত সম্পৃক্ততা এবং স্থানীয় অংশগ্রহণ অন্য যে কোন পদ্ধতির চেয়ে বেশী। তাই অন্য কোন মালিকানাধীন ব্যবসায়ী প্রতিষ্ঠানের তুলনায় সমবায় অধিকতর টেকসই (Sustainable)।

সমবায়ের বাংলাদেশ প্রেক্ষিত

এই উপমহাদেশে অনানুষ্ঠানিকভাবে সমবায়ের যাত্রা অনেক আগে শুরু হলেও আনুষ্ঠানিক সূত্রপাত হয় ১৯০৪ সালে। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম, শেরে বাংলা এ কে ফজলুল হক, ডঃ আখতার হামিদ খানের মত বরেণ্য ব্যাক্তিদের উদ্যোগ এবং হৃদয়ের ছোঁয়ায় , স্বাধীনতা পূর্ব কালে এ অঞ্চলের সমবায় নানা ঘাত প্রতিঘাতের ভেতর দিয়ে কখনও এগিয়েছে দ্রুত গতিতে আবার কখনও কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে, যদিও থেমে থাকেনি। মহান মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে গৌরবময় স্বাধীনতা অর্জনের পর একটি অসাম্প্রদায়িক, প্রগতিশীল সমাজ ও রাষ্ট্র গঠনের মানসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে জাতিকে সংবিধান উপহার দেন। রাষ্ট্রের সর্বোচ্চ আইন সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সমবায়কে একটি পৃথক মালিকানার খাত হিসেবে উল্লেখ করা হয়। এটি নিঃসন্দেহে বাংলাদেশের সমবায়ীদের জন্য একটি বড় আইনী স্বীকৃতি। ১৯০৪ সালের পর ১৯১২ এবং ১৯৪০ সালে তদানিন্তন বৃটীশ সরকার সমবায় আইন জারী করলেও সেগুলো প্রকৃত গণমূখী সমবায় আন্দোলনের জন্য সহায়ক ভূমিকা রাখে নি। স্বাধীনতার পর বঙ্গবন্ধুর সরকার সত্যিকার অর্থেই গণমূখী সমবায় আন্দোলন গড়ে তুলতে চেয়েছিলেন। বঙ্গবন্ধুর ভাষায় "আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমূখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। কেননা সমবায়ের পথ- সমাজতন্ত্রের পথ, গণতন্ত্রের পথ। সমবায়ের মাধ্যমে গরীব কৃষকরা যৌথভাবে উৎপাদন যন্ত্রের মালিকানা লাভ করবে। অন্যদিকে অধিকতর উৎপাদন বৃদ্ধি ও সম্পদের সুষম বন্টন ব্যবস্থায় প্রতিটি ক্ষুদ্র চাষী গণতান্ত্রিক অংশ ও অধিকার পাবে। জোতদার ধনী চাষীদের শোষণ থেকে তারা মুক্তি লাভ করবে সমবায়ের সংহত শক্তির দ্বারা।" বঙ্গবন্ধু নিহত হওয়ার পর বাংলাদেশের সমবায় আন্দোলন নানামূখী চ্যালেঞ্জের সম্মুখিন হয়। একদিকে বেসরকারী উন্নয়ন সংস্থার (NGO) প্রসার এবং রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক ভাবে NGO দেরকে অতিমাত্রায় সমর্থন, অন্য দিকে সমবায়ের প্রতি সংকোচনমূলক রাষ্ট্রীয় নীতি ইত্যাদি কারনে সমবায় অন্যান্য দেশের সাথে তাল মিলিয়ে এগিয়ে যেতে পারেনি। তাছাড়া '৭৫ পরবর্তী সময়ে সামরিক স্বৈরতন্ত্র কার্যকর থাকায় গণতান্ত্রিক প্রতিষ্ঠান হিসেবে সমবায়ের বিকাশ স্তিমিত হয়ে যায়। সামরিক শাসনের আওতায় ১৯৮৪ সালে সমবায় অধ্যাদেশ এবং ১৯৮৭ সালে সমবায় রুলস জারি হলেও তা ছিল বেশী মাত্রায় সরকারী কর্তৃত্ব পরায়ন। অবশেষে ২০০১ সালে (সংশোধন ২০০২) বাংলায় সর্বশেষ সমবায় আইন জারী করা হলেও সমবায়ীদের জন্য উপযুক্ত সমবায় নীতিমালা প্রণীত হয়নি, ফলে এখনও বাংলাদেশের সমবায় চ্যালেঞ্জ অতিক্রম করতে সক্ষম হয় নি। এত কিছুর পরও সমবায়কে দমিয়ে রাখা যায়নি, সমবায় থেমে থাকে নি। কেননা সমবায় গড়ে উঠে স্ব-প্রনোদিতভাবে। মানুষ সমবায়ের সদস্যপদ লাভ করে স্বতস্ফুর্তভাবে । তাই সমবায়ের ঔজ্জ্বল্য কখনো কখনো মলিন হলেও অগ্রযাত্রায় ছেদ পড়েনি। বর্তমান সমবায় আইন অনুযায়ী সাধারণত ২৯ ক্যাটাগরির সমবায় সমিতি গড়ে উঠার সুযোগ রয়েছে। এই ক্যাটাগরি গুলো হ'ল ঃ ০১) কৃষি বা কৃষক সমবায় সমিতি; ২) মৎসজীবী বা মৎসচাষী সমবায় সমিতি; ৩) শ্রমজীবী সমবায় সমিতি; ৪) মৃৎ শিল্পী সমবায় সমিতি; ৫) তাঁতী সমবায় সমিতি; ৬) ভূমিহীন সমবায় সমিতি; ৭) বিত্তহীন সমবায় সমিতি; ৮) মহিলা সমবায় সমিতি; ৯) মটর যান চালক সমবায় সমিতি; ১০) হকার্স সমবায় সমিতি; ১১) পরিবহন মালিক/শ্রমিক সমবায় সমিতি; ১২) কর্মচারী সমবায় সমিতি; ১৩) দুগ্ধ সমবায় সমিতি; ১৪) মুক্তিযোদ্ধা সমবায় সমিতি; ১৫) যুব সমবায় সমিতি; ১৬) পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি; ১৭) সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি;

১৮) গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি; ১৯) ফ্লাট/ এপার্টমেন্ট মালিক সমবায় সমিতি; ২০) দোকান মালিক/ব্যবসায়ী/মার্কেট সমবায় সমিতি; ২১) ভোগ্যপণ্য সমবায় সমিতি; ২২) সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি; ২৩) কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন; ২৪) কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি; ২৫) বহুমূখী সমবায় সমিতি; ২৬) কেন্দ্রীয় সমবায় ব্যাংক; ২৭) উপজেলা/থানা কেন্দ্রীয় সমবায় সমিতি; ২৮) কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ; ২৯) বাংলাদেশ সমবায় ব্যাংক।

বর্তমানে বাংলাদেশের প্রচলিত সমবায় আইন ও বিধি অনুযায়ী কমপক্ষে ২০জন প্রাপ্ত বয়স্ক ব্যাক্তির সমন্বয়ে গড়ে উঠে এক একটি প্রাথমিক সমবায় সমিতি। একই ক্যাটাগরির কমপক্ষে ১০টি প্রাথমিক সমবায় সমিতির সমন্বয়ে একটি কেন্দ্রীয় সমবায় সমিতি গড়ে উঠতে পারে। আবার একই ক্যাটাগরির কমপক্ষে ১০টি কেন্দ্রীয় সমবায় সমিতির সমন্বয়ে গড়ে উঠে একটি জাতীয় সমবায় সমিতি। প্রাথমিক সমবায় গুলোকে কেন্দ্রীয় কিংবা কেন্দ্রীয় সমবায় গুলোকে জাতীয় সমবায় সমিতির সদস্যপদ নিতেই হবে এরকম বাধ্যবাধকতা নেই। বর্তমানে বাংলাদেশে সব ধরনের সমবায় সমিতির মোট সংখ্যা প্রায় ১ লক্ষ ৬৩ হাজার। সমবায় সমিতিগুলোর মোট সদস্যসংখ্যা প্রায় ৮৫ লক্ষ ২০ হাজার। যা নিম্নের স্মারণীতে দেখানো হ'ল ঃ

বাংলাদেশে সমবায় সমিতিগুলোর প্রায় ৩৫০ কোটি টাকার স্থাবর সম্পত্তি এবং ৫০০০ কোটি টাকার মূলধন রয়েছে। সারাদেশে সমবায় সমিতিগুলোর মাধ্যমে প্রায় ০২ লক্ষ লোকের কর্মসংস্থান হয়েছে। বাংলাদেশের মোট পাস্তুরিত তরল দুধের ৫০%-ই সরবরাহ করে থাকে সমবায় প্রতিষ্ঠান মিল্ক ভিটা। একইভাবে দেশের কৃষি উৎপাদন, কৃষকদের নিকট উন্নতজাতের বীজ, সার, কীটনাশক পরিচিত করণ, মৎস চাষ, হাঁস মুরগী পালন, হস্তজাত/ কুটির শিল্পজাত পণ্য উৎপাদন, ক্ষুদ্র ব্যবসা এবং সমবায় ভিত্তিক ক্ষুদ্র ঋণ কার্যক্রমে সমবায় সমিতিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

বাংলাদেশে উৎপাদন ও আর্থিক সেবা প্রদানকারী কতিপয় শ্রেণীর সমবায় সমিতির বর্তমান কার্যক্রম

২.১ **কৃষি সমবায় সমিতি**

কৃষিকে কেন্দ্র করেই এদেশে সমবায়ের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। দারিদ্র পীড়িত, অশিক্ষিত এবং অনভিজ্ঞ কৃষকদেরকে সমবায়ের মাধ্যমে সংগঠিত করে উন্নত বীজ, সার ও সেচ পদ্ধতি ব্যবহারে উদ্বুদ্ধকরণের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে সমবায়ের অবদান অসামান্য। এ লক্ষ্যে দেশের প্রায় প্রতিটি গ্রামে কৃষকদেরকে সংগঠিত করে সমবায় সমিতি গড়ে তোলা হয় এবং সম্প্রসারন কর্মীরা বাড়ী বাড়ী ঘুরে এবং প্রয়োজনে রাত্রি যাপন করে কৃষকদেরকে উদ্বুদ্ধ করে। যার ধারাবাহিকতায় ৮০'র দশকের মাঝামাঝি এদেশে প্রথম সবুজ বিপ্লব সূচিত হয়। বর্তমানে বাংলাদেশে কৃষি সমবায় সমিতির সংখ্যা ৬৯ হাজার।

২.২ **পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি ঃ**

জাতীয় পানি নীতিমালা এর বিধান মতে দেশে ভূ-উপরিস্থিত পানি সম্পদের টেকসই ব্যবহার নিশ্চিত কল্পে পানি ব্যবস্থাপনায় স্থানীয় উপকারভোগীদের অংশগ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। ফলে এলজিইডি ও পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বিগত কয়েক বৎসর যাবৎ সৃষ্ট পানি উন্নয়ন সংশ্লিষ্ট অবকাঠামো নির্মাণ প্রকল্পের সুবিধাভোগীদের সমন্বয়ে গঠিত হচ্ছে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি। বর্তমানে এদের সংখ্যা প্রায় ১৭০০। কৃষি উৎপাদন বৃদ্ধি, মৎস্য চাষ ও ক্ষুদ্র ঋণ পরিচালনাকারী এ সকল সমিতি সংগঠনে আইনগত সমর্থন এবং নিবন্ধন পরবর্তী যাবতীয় বিধিবদ্ধ দায়িত্ব পালনসহ প্রশিক্ষণ ও আয়বর্ধকমূলক কার্যক্রম গ্রহণে সহায়তা প্রদান করছে



	শ্রেণী	সংখ্যা
	সমবায় জমি বন্ধকী ব্যাংক	৬২
	ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি	৩৩৩৬
	কৃষি সমবায় সমিতি	১৪১০৭
	ইক্ষুচাষী সমবায় সমিতি	৫২৬
	তাঁতী সমবায় সমিতি	১০৬৪
	আনসার ও ভিডিপি সমবায় সমিতি	৪৯১
	অটো রিকসা চালক	৫৪৩
	পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি	১৭৩৮
	আশ্রয়ন ও আবাসন সমবায় সমিতি	৬৪০+৫১৩
১.	সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি	১৫৭৫
১.	কৃষক সমবায় সমিতি(বিআরডিবি)	৫৫৫১৬
২.	মহিলা সমবায় সমিতি(বিআরডিবি)	৭৮২২
১.	বিত্তহীন সমবায় সমিতি	২৯১২৪
	মোট ঃ	১১৭০৫৭

ক্রঃনং	শ্রেণী
১.	বহুমূখী সমবায় সমিতি
২.	সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি(কালব)
৩.	কর্মচারী সমবায় সমিতি
৪.	যুব সমবায় সমিতি
৫.	ব্যবসায়ী সমবায় সমিতি
৬.	ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি
৭.	মহিলা সমবায় সমিতি
৮.	দুগ্ধ সমবায় সমিতি
৯.	রিকসা চালক সমবায় সমিতি
১০.	হাউজিং সমবায় সমিতি
১১.	ক্রেডিট সমবায় সমিতি
১২.	অন্যান্য সমবায় সমিতি
	মোট ঃ

সমবায় অধিদপ্তর ।

২.৩ মৎস্যজীবি সমবায় সমিতি ঃ

দেশের পশ্চাদপদ ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবিকা উন্নয়ন প্রচেষ্টার অংশ হিসেবে সমবায় অধিদপ্তর জেলে সম্প্রদায়কে সংগঠিত করে মৎস্যজীবি সমবায় সমিতি গঠন করে থাকে। বর্তমানে এরূপ সমিতির সংখ্যা প্রায় ৩৩৪০। ভূমি মন্ত্রণালয়ের সহযোগীতায় সরকারী উন্মুক্ত জলাশয় এ সকল সমিতির নামে ইজারা দেয়ার মাধ্যমে এদের জীবিকা উন্নয়নের চেষ্টা করা হয়। তাছাড়া সমবায় অধিদপ্তর কর্তৃক এদের জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে যার আওতায় কার্যকরী মূলধনসহ বিভিন্ন উপকরণ সরবরাহ করা হয়েছে। তবে বর্তমানে প্রয়োজনীয় মূলধনের অভাব, অমৎস্যজীবিদের অনুপ্রবেশ, জলাভূমির হ্রাস এবং ক্ষেত্র বিশেষে স্থানীয় প্রশাসনের অসহযোগীতা ইত্যাদি কারনে অনেক ক্ষেত্রেই এ সকল সমিতির সদস্যগণ প্রত্যাশিত সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে এবং সমিতিগুলো অকার্যকর হয়ে পড়ছে।

২.৪ দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি ঃ

দুগ্ধ উৎপাদনে সফলতা অর্জনকারী বিশ্বের প্রায় সকল দেশের তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত সফলতার পেছনে রয়েছে সে দেশের সমবায়ের অবদান। বর্তমানে বিশ্বের সর্বোচ্চ দুগ্ধ উৎপাদনকারী দেশ ভারতের প্রায় ৮০% দুধ সে দেশের দুগ্ধ উৎপাদনকারী সমিতিগুলো উৎপাদন করে থাকে। বাংলাদেশে এ খাতে সমবায়ের অবদান প্রত্যাশিত মানের না হলেও সমীহযোগ্য বটে। অনভিজ্ঞ কৃষকদেরকে আধুনিক ব্যবস্থাপনায় গাভী পালন, গাভীর জাত উন্নয়ন এবং সংগৃহীত দুধ প্রক্রিয়াকরণের মাধ্যমে শহরাঞ্চলের অনভ্যস্থ ভোক্তাদের কাছে জনপ্রিয় করে তোলার জন্য দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি ও মিল্ক ভিটার সৃষ্টি সমবায় অধিদপ্তরের একটি অসামান্য সাফল্য হিসেবে বিবেচনা করা যেতে পারে। বর্তমানে বাংলাদেশে প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতির সংখ্যা প্রায় ১৭০০ এবং ফেডারেশনের সংখ্যা এক যা মিল্ক ভিটা নামে পরিচিত। মিল্ক ভিটার মাধ্যমে বাৎসরিক দুগ্ধ সংগ্রহের পরিমাণ প্রায় ৮.৫ কোটি লিটার এবং বাৎসরিক লেনদেন প্রায় ২৪০০ কোটি টাকা। মোট সুবিধা ভোগীর সংখ্যা প্রায় ১০(দশ) লক্ষ এবং মিল্ক ভিটায় কমরত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা প্রায় এক হাজার। বর্তমানে বাজারজাতকরণকৃত মোট পাস্তরিত তরল দুধের প্রায় ৫০% মিল্ক ভিটা কর্তৃক সরবরাহকৃত।

২.৫ আশ্রয়ণ ও আবাসন সমবায় সমিতি ঃ

বাংলাদেশের ভূমিহীন, গৃহহীন ও ছিন্নমূল পরিবারের জন্য বাসস্থান এবং প্রশিক্ষণ ও ঋণ সুবিধা, স্বাস্থ্যসেবা, বিশুদ্ধ খাবার পানি সরবরাহ, বিদ্যুৎ, যাতায়াত ব্যবস্থা, বৃক্ষরোপন ইত্যাদির মাধ্যমে দারিদ্র বিমোচনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গৃহীত ইহা একটি অনন্য প্রকল্প। এ প্রকল্পের আওতায় এ পর্যন্ত ৭৭০টি সমবায় সমিতি নিবন্ধন করে ৫৫,৫৫৬ টি পরিবারের ৯৭০১৭ জন সদস্যকে পুনর্বাসিত করা হয়েছে এবং এদেরকে বিভিন্ন আয়বর্ধকমূলক কার্যক্রমে প্রশিক্ষণ প্রদান করে প্রায় ৩৮,৮৬,৩৮০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। সমবায় অধিদপ্তর এ প্রকল্পের আওতায় সমবায় সমিতি সংগঠন, প্রশিক্ষণ, আইনগত সমর্থন এবং ঋন প্রদান ও আদায়ের মত গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছে।

২.৬ ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃষ্টিকারী সমবায় সমিতি ঃ

ক্ষুদ্র ঋণের আবিষ্কারক ও ব্যবহারকারী দেশ হিসেবে বাংলাদেশের খ্যাতি বিশ্বজোড়া। এ ক্ষেত্রে বড় বড় এনজিওগুলোর পাশাপাশি বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় বিআরডিবি কর্তৃক সংগঠিত সমবায় সমিতিগুলোও কাজ করে যাচ্ছে। তাছাড়া স্ব-উদ্যোগী সমবায় সমিতিগুলোর কার্যক্রম এ ক্ষেত্রে অসামান্য প্রশংসার দাবী রাখে। কেননা এ সকল সমিতির তহবিল নিজস্ব সঞ্চয় থেকে সৃষ্ঠ এবং অর্জিত মুনাফা সদস্যগণই লভ্যাংশ আকারে পেয়ে থাকেন। নিজস্ব মূলধন হওয়ার কারনে এ সকল সমিতির কার্যক্রম স্থায়িত্বের দিক থেকে এনজিওদের তুলনায় অনেক বেশী সম্ভাবনাময়।

উদাহরণ হিসেবে কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ(কালব) এর কার্যক্রম সংশ্লিষ্ট কিছু তথ্য দেখা যেতে পারে। কালব ভূক্ত ৪১০টি প্রাথমিক সমবায় সমিতি ১,৮০,৫৮৩ জন সদস্যকে সেবা প্রদান করছে যার আওতায় সৃষ্ট শেয়ারের পরিমাণ ৬৭ কোটি ২৯ লক্ষ ৬০ হাজার টাকা, সঞ্চয়ের পরিমাণ ১৬০ কোটি ৪৮ লক্ষ ৯৩ হাজার টাকা, সম্পদের পরিমাণ ২৮২ কোটি ১৮ লক্ষ ৬০ হাজার টাকা, বিতরণকৃত ঋণের পরিমাণ ১৯২ কোটি ৮৪ লক্ষ ১৫ হাজার টাকা এবং সংরক্ষিত তহবিলের পরিমাণ ৩৭ কোটি ২৪ লক্ষ ৭৬ হাজার টাকা। কোনরূপ সরকারী আর্থিক সহায়তা ব্যতীত সম্পূর্ণ নিজস্ব প্রচেষ্টায় পরিচালিত এ সকল সমবায় সমিতির কার্যক্রম নিঃসন্দেহে প্রশংসার দাবী রাখে।

২.৭ নতুন প্রজন্মের স্ব-উদ্যোগী বহুমূখী সমবায় সমিতি ঃ

সরকারের বেসরকারীকরণ ও উদারীকরণ নীতি, আনুষ্ঠানিক ব্যাংকিং ও এনজিওদের ক্ষুদ্র ঋণ কর্মসূচীর আওতা বহির্ভূত মধ্যবর্তী শ্রেণী ও ক্রমবর্ধমান শহরায়ন ইত্যাদির প্রেক্ষাপটে সৃষ্ট অর্থনৈতিক ও ব্যবসায়িক সুযোগ গ্রহণের জন্য স্থানীয় উদ্যোগে সংগঠিত নতুন প্রজন্মের বহুমূখী সমবায় সমিতির আবির্ভাব শুরু হয় মূলতঃ ৯০ এর দশকে যার সংখ্যা ক্রমেই বাড়ছে। বর্তমানে এদের সংখ্যা প্রায় ২০ হাজার। মার্কেটিং, ক্ষুদ্র ব্যবসা, পরিবহন ও হাউজিং সহ বিভিন্ন অর্থনৈতিক ও সেবামূলক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টি সহ বিভিন্ন প্রকার সেবা প্রদানের মাধ্যমে এ সকল সমিতি বর্তমানে দারিদ্র্য বিমোচন ও প্রবৃদ্ধি অর্জনে প্রভূত অবদান রাখছে।

২.৮ সামাজিক উন্নয়নে সমবায়

বাংলাদেশে সমবায়ের অবদান শুধুমাত্র আর্থিক সুবিধা সৃষ্টি ও প্রদানের মাপকাঠিতে বিচার করা যথার্থ হবে না। কেননা সামাজিক পরিবর্তনে এর বিরাট অবদান রয়েছে। অশিক্ষিত ও অনভিজ্ঞ কৃষকদেরকে আধুনিক প্রযুক্তির ব্যবহারে উদ্বুদ্ধ করা, দুগ্ধ খাতে আধুনিক ব্যবস্থাপনার প্রচলন, সঞ্চয় ও ঋণ ব্যবস্থাপনার অনুশীলন প্রভৃতি ক্ষেত্রে সমবায়ের অবদান অসামান্য। তাছাড়া দেশের সর্বস্তরে বিশেষ করে পল্লী এলাকায় সমবায়ের মতো আনুষ্ঠানিক প্রতিষ্ঠান গঠন ও পরিচালনায় অংশগ্রহণ সাধারন মানুষের জন্য এক বিরাট ও মহৎ অভিজ্ঞতা। প্রশিক্ষণের মাধ্যমে আইন মোতাবেক ব্যবস্থাপনা পরিচালনা, নির্বাচন ও সভা অনুষ্ঠান, হিসাব রক্ষণ, অডিট মোকাবিলা সহ আর্থিক কর্মকান্ড পরিচালনার অনুশীলনের মধ্য দিয়ে সমবায়ের সদস্যদের যে নেতৃত্ব, দায়িত্বশীলতা ও চেতনার বিকাশ ঘটে তা ঐ সকল সদস্যদেরকে সমাজ ও রাষ্ট্রের অন্যান্য কর্তব্য ও অধিকার সম্পর্কে অনেক বেশী দায়িত্বশীল করে তুলে।

সমবায়ের সংজ্ঞা, মূলনীতি, বহির্বিশ্বে এর কার্যক্রম এবং বাংলাদেশের বিভিন্ন শ্রেণী ও পেশা ভিত্তিক সমবায় সমিতির বর্তমান অবস্থান বিশ্লেষণ থেকে এটি স্পষ্ট যে, সমবায় একটি জননির্ভর উন্নয়ন কৌশল। ব্যক্তিতান্ত্রিক অর্থনীতি এবং রাষ্ট্রীয় অর্থনীতির চেয়ে সমবায়ের জনসম্পৃক্ততা বহুগুণ বেশী। শুধু আক্ষরিক সম্পৃক্ততা নয়, বরং সমবায় ভিত্তিক উৎপাদন ও বাজারজাতকরণের প্রতিটি ধাপে মানুষের স্বতঃস্ফূর্ত সক্রিয় অংশ গ্রহণ অত্যন্ত প্রবল। তাই সমবায় ভিত্তিক উৎপাদন ও বিপনন কার্যক্রমের টেকসই প্রবণতাও (Sustainability) অনেক বেশী। সম্প্রতি বিশ্ব ব্যাপী যে মহামন্দা সংগঠিত হয় তা ব্যক্তিতান্ত্রিক অর্থনীতিকে ব্যাপকভাবে পর্যুদস্থ করলেও সমবায়কে ততটা আঘাত করতে পারেনি। তাই জাতিসংঘ মন্দাকালীন ব্যাপক গবেষণা চালিয়ে সমবায়ের কার্যকারিতা এবং অর্থবহতাকে স্বীকৃতি দেয়ার জন্য সাধারন পরিষদের ৬৪তম অধিবেশনে ২০১২ সালকে আন্তর্জাতিক সমবায় বর্ষ হিসেবে ঘোষণা করেছে।

জনসম্পৃক্ততা এবং উন্নয়নে সমবায়ের অসামান্য অবদান সত্ত্বেও এর কিছু সীমাবদ্ধতা এবং দূর্বলতা রয়েছে। যেমন-

৩.১ সমবায় আইন, মূলনীতি এবং গণতান্ত্রিক ব্যবস্থাপনার যথাযথ অনুশীলনের অভাব

বাংলাদেশ সহ বিশ্বের বিভিন্ন দেশে সমবায় সমিতিগুলো প্রচলিত আইন, মূলনীতি এবং গণতান্ত্রিক ব্যবস্থাপনার প্রতিটি দিক যথাযথভাবে অনুসরন করে না, ফলে সমবায় নেতৃত্বে স্বেচ্ছাচারিতা, দ্বন্দ্ব, অবিশ্বাস ইত্যাদি প্রকট হয়ে দেখা দেয় উপযুক্ত প্রশিক্ষণের অভাব, অসহিষ্ণু মনোভাব, সামাজিক অস্থিরতা, রাজনৈতিক বিভাজন, সমিষ্টির চেয়ে ব্যক্তিকে প্রাধান্য দেয়া ইত্যাদি কারণে আইন ও মূলনীতি অনুসরনে ব্যত্যয় ঘটে থাকে। ফলে সমবায় সমিতিগুলো থেকে কাঙ্খিত ফল পাওয়া যায় না।

৩.২ স্বচ্ছতা এবং জবাবদিহিতার দুর্বলতা ঃ

সমবায় সমিতিগুলো তত্ত্বীয় দিক থেকে অত্যন্ত স্বচ্ছ এবং জবাবদিহিমূলক হলেও অনেক ক্ষেত্রে এর যথাযথ অনুশীলন লক্ষ্য করা যায় না। বাংলাদেশে সমবায় আইন অনুযায়ী ব্যবস্থাপনা কমিটি প্রতিমাসে কমপক্ষে একটি বৈঠকে মিলিত হবে এবং সমিতির সকল কার্যক্রম খোলামেলা আলোচনা করে যৌথ সিদ্ধান্ত গ্রহণ করবে। সিদ্ধান্তে কোন বিভক্তি দেখা দিলে তা ভোটের মাধ্যমে নিস্পত্তি হবে। সকল সিদ্ধান্ত এবং আলোচনা যথাযথভাবে রেকর্ড হবে এবং সমিতিতে সংরক্ষিত থাকবে। আবার বার্ষিক সাধারন সভায় এবং বিশেষ সাধারন সাভায় সকল সাধারন সদস্য অডিট প্রতিবেদন সহ সামগ্রিক বিষয়ে ব্যবস্থাপনা কমিটিকে জবাবদিহিতার আওতায় নিয়ে আসবে এবং ভোটের মাধ্যমে সকল সিদ্ধান্ত গ্রহণ করা হবে। এ বিষয়গুলো অত্যন্ত স্বচ্ছ প্রক্রিয়ায় সমবায় সমিতিতে লিপিবদ্ধ ও সংরক্ষিত হবে। কিন্তু স্বচ্ছতা ও জাবাবদিহিতার কোন পর্যায়ে ছেদ পড়লে সমবায় সমিতির ব্যবস্থাপনা পরিষদের মধ্যে আন্তঃ দ্বন্দ্ব দেখা দেয়। একইভাবে সাধারন সদস্যদের সাথে ব্যবস্থাপনা কমিটির সদস্যদের মধ্যেও দ্বন্দ্ব দেখা দেয়। ফলে সমবায় সমিতিগুলো থেকে কার্যকর ফলাফল পাওয়া যায় না।

৩.৩ সমবায় আইন ও বিধি সংক্রান্ত সমস্যা ঃ

বিশ্বের বিভিন্ন দেশের ন্যায় বাংলাদেশেও সমবায় আইন ও বিধিমালা অনেকাংশেই নিয়ন্ত্রণমূলক

অথচ জাপান, কোরিয়া সহ ইউরোপের অনেক দেশেই সমবায় আইন ও বিধি অনেক উদার ভিত্তিক যেখানে রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ যথেষ্ট শিথিল। এটি সঠিক যে, সমবায় সমিতি যেখানে সদস্য দ্বারা পরিচালিত স্বায়ত্বশাসিত সংস্থা (Member Driven Autonomous Organization) সেখানে এটিকে সাবলীলভাবে এবং প্রচলিত আইনের মধ্যে স্বাধীনভাবে কাজ করার সুযোগ দেয়া হলে দ্রুত কাঙ্খিত ভাল ফলাফল পাওয়া সম্ভব। সমবায় আইন ও বিধি যত বেশী সমবায় বান্ধব এবং বিকাশমূলক হবে সমবায়ের প্রসারও তত বেশী তরান্বিত হবে। বাংলাদেশের প্রচলিত সমবায় আইন ও বিধিকে আরো বেশী সমবায় বান্ধবরূপে প্রণয়নের মাধ্যমে এর বিকাশের পথকে মসৃন করা যেতে পারে।

৩.৪ **সমন্বিত নীতিমালার অভাব ঃ**

দারিদ্র্য বিমোচন, আয়বর্ধকমূলক এবং কর্মসংস্থান সৃষ্টিধর্মী সকল উদ্যোগ তথা এ সং্রান্ত সমবায়, সরকারী এবং বেসরকারী উদ্যোগকে সমন্বয় করে একটি জাতীয় ভিত্তিক সমন্বিত নীতিমালা না থাকায় সমধর্মী সকল কার্যক্রমকে সমন্বিতভাবে সুপরিকল্পিত লক্ষ্যে পরিচালনা করা সম্ভব হয় না। এর ফলে একদিকে কাঙ্খিত উন্নয়ন অর্জন সম্ভব হয় না এবং সমবায় সমিতিগুলো কার্যকর দিক নির্দেশনা থেকে বঞ্চিত হয়।

৩.৫ **প্রশিক্ষণের অভাব**

সমবায়ের অন্যতম মূলনীতি হচ্ছে সমবায়ীদের জন্য প্রশিক্ষণের সু-ব্যবস্থা নিশ্চিত করা। সরকারী, বেসরকারী সংস্থা, সমবায় সমিতিগুলোর ফেডারেশন কিংবা একটি সমবায় সমিতি কর্তৃক নিজস্ব উদ্যোগের মাধ্যমে ধারাবাহিকভাবে নানামূখী প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করা সম্ভব হলে এক দিকে সদস্যদের কর্মচাঞ্চল্য বৃদ্ধি পাবে অন্যদিকে সমবায় সমিতির কার্যকারিতা সম্প্রসারিত হবে। কিন্তু বাংলাদেশে সমবায়ীদের পর্যাপ্ত মানসম্পন্ন প্রশিক্ষণের সুযোগ না থাকায় এর ফলাফলের উপর নেতিবাচক প্রভাব দেখা দিয়েছে।

সমবায় যে শুধু মানুষে মানুষে গভীর মেলবন্ধনের সুযোগ করে দেয় তা-ই নয় বরং সমবায় জীবন চলার পথ দেখায়, আত্মপ্রত্যয়ী হওয়ার শক্তি জোগায় এবং জাতীয়তাবাদ ও আন্তর্জাতিকতাবাদের সেতুবন্ধ রচনা করে। বাংলাদেশের মত সমস্যা সংকুল দেশে সমবায়ের মাধ্যমে অনেক কিছু করার রয়েছে। আমরা প্রতিনিয়ত যে সকল চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছি তার প্রতিটি ক্ষেত্রে পরিত্রাতা হিসেবে সমবায়কে কাজে লাগানো যেতে পারে। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উচ্চমূল্য, খাদ্য নিরাপত্তা, বেকারত্ব সহ নানা অর্থনৈতিক চ্যালেঞ্জ কিংবা সামাজিক নিরাপত্তা, সামাজিক সৌহার্দ্য, সুশাসন প্রতিষ্ঠা, কমিউনিটিভিত্তিক সেবাসমূহ নিশ্চিত করার ক্ষেত্রে অথবা জলবায়ুর বিরূপ পরিবর্তন, প্রাকৃতিক ও মনুষ্যসৃষ্ট দুর্যোগ মোকাবেলায়, বায়ূ ও পানি দূষনের মত সমস্যা থেকে উত্তরণের হতিয়ার হিসেবে সমবায়কে ব্যবহার করা সম্ভব। সমবায় আন্দোলনকে সার্থক পথে এগিয়ে নেয়া এবং সমবায়ের মাধ্যমে দ্রুত কাংখিত ফলাফল অর্জনের জন্য নিশ্চিত ভাবেই পূর্বে বর্ণিত দূর্বলতাগুলো কাটিয়ে উঠার পদক্ষেপ নিতে হবে, যাতে সমবায় তার নিজস্ব গতিতে স্ব-মহিমায় এগিয়ে যেতে পারে। সমবায়ের অন্তর্নিহিত শক্তি জাগ্রত হলে এবং অগ্রযাত্রার বাঁধাগুলো অপসারিত হলে জনসম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে টেকসই (Sustainable) উন্নয়নের ভিত্তি রচিত হবে।

তথ্য সহায়িকা

১। সমবায় অধিদপ্তরের বার্ষিক পরিসংখ্যান-২০০৮।

২। সমবায় অধিদপ্তরের ত্রৈমাসিক পরিসংখ্যান-মার্চ,২০০৯ প্রান্তিক।

৩। www.global300.coop

৪। Association of Asian confederation of credit Unions, Annual Report 2007/2008.

৫। "Las Cooperativas Y las Mutuales en la Republica Argentina" Instituto Nacional de Asociativismo y Economia Social (INAES), 30 June 2008.

৬। http://www.taavongaran.ir/En/

৭। Monistry of Entrepreneur and co-operative development, department of co-operative development, Malaysia, December 2006.

৮। *New Zealand Co-operative Association, 2007.*

৯। *Brazil-Arab News Agency, 2 February 2007.*

১০। *Sector Cooperativo Colombiano 2007.*

১১। *Coop Norden AB Annual Report 2007.*

১২। *GNC Newsletter, No 348, June 2007.*

১৩। *Co-op 2007 Facts & Figures, Japanese Consumers' Co-operative Union.*

১৪। *New Zealand Co-operative Association, 2007.*

১৫। *Prime Minister of Portugal address to ICA Expo, 23 Oct. 2008.*

১৬। *Camere di Commercio d'Italia, "Secondo rapporto sulle imprese cooperative".*

২য়
খন্ড



বাংলাদেশ অর্থনীতি সমিতি

সাময়িকী
২০১২

বাংলাদেশ অর্থনীতি সমিতি
Bangladesh Economic Association

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

বাংলাদেশের চা শিল্প ঃ অতীত, বর্তমান ও ভবিষ্যৎ

মো. জয়নাল আবেদীন*

চা-এর উৎপত্তি ও ইতিহাস

চা বিশ্বের সর্বত্র সহজলভ্য ও জনপ্রিয় পানীয়। এর উৎপত্তি চীনে। রোগ নিরাময়ে চীনের মানুষ চায়ের ব্যবহার শুরু করে খ্রিষ্ট পুর্ব ৫০০০ অব্দে। খ্রিষ্টপুর্ব ২৭২৩ সালে চীন সম্রাট সিন নাং-এর শাসনামলে চা পানীয় হিসেবে রাজ দরবারে ব্যবহার শুরু হয়। চায়ের এই গৌরবময় ঐতিহ্যের পথ ধরে পরবর্তীতে ধ্যানমগ্ন বৌদ্ধ সন্ন্যাসীরা নিদ্রা নিবারনে চায়ের ব্যবহার শুরু করেন। ৮০০ খ্রিষ্টাব্দে ধর্মযাজক গাংজিং কর্তৃক প্লেগ রোগের অনুপান হিসেবে চায়ের জনপ্রিয়তা বৃদ্ধি পায়। তুর্কী বনিক কারওয়ার মাধ্যমে আরব রাজ্যে চা জনপ্রিয়তা লাভ করে। ১৬৩৭ খ্রিষ্টাব্দে চীনের সাথে ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর একচেটিয়া বাণিজ্যের প্রসারে সমগ্র বিশ্বে চায়ের বিস্তার ঘটে।

বাংলাদেশে চা শিল্পের গোড়াপত্তন

আসামের শিল্পোন্নয়নের সাথে বাংলাদেশের চা শিল্পের ইতিহাস সম্পৃক্ত। ইংরেজ আমলের মাঝামাঝি সময়ে ১৮৩৫ খ্রিস্টাব্দে ভারতে চা বাগান করার লক্ষ্যে আসামে চা আবাদের সম্ভাব্যতার উপর সমীক্ষা চালানো হয়। এ উদ্দেশ্যে ওয়ালেস, উদ্ভিদ বিজ্ঞানী ডাঃ গ্রীফিথ, ভু-তত্ত্ববিদ জন ম্যাকক্লেনেল্ড সমস্বয়ে বিজ্ঞানী পরিষদ গঠন করা হয়। তাঁরা বিভিন্ন পর্যবেক্ষন কাজ চালানোর সময়ে ইস্ট ইন্ডিয়া কোম্পানীর নৌ-কমান্ডার সি এ ব্রুস আসামের পুর্বাঞ্চলে সাদীয়া উপত্যকার গভীর অরণ্যে দেশীয় চা গাছের সন্ধান পেয়ে বৈজ্ঞানিক পরিষদের দৃষ্টিগোচরে আনেন। তাঁরা বিভিন্ন পরীক্ষা নিরীক্ষায় বুঝতে পারেন সাদীয়া উপত্যকায় সন্ধান পাওয়া চা চায়নীজ চায়ের চাইতে ভারতবর্ষে অধিক উপযোগী এবং সমৃদ্ধশালী। ফলে চা শিল্পে নতুন বিপ্লবের সুচনা হয়।

১৮৩৫ খ্রিস্টাব্দে আসামের কাচার ও দার্জিলিংয়ে চীন দেশীয় বীজ দিয়ে সর্বপ্রথম চা রোপন করা হয়। বর্তমানে

* মুক্তিযোদ্ধা, মুক্তিযুদ্ধ গবেষক, বাংলাদেশ কৃষি ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ অর্থনীতি সমিতির জীবন সদস্য (৭৯৫)

This Paper was presented at the *XVII Biennial Conference titled* ***"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

যেখানে চট্টগ্রাম ক্লাব আছে তার আশে পাশের টিলা ও সংলগ্ন জমিতে চায়নীজ বীজ অংকুরোদগমের মাধ্যমে পরীক্ষামুলকভাবে চা আবাদের গোড়াপত্তন হয়। উক্ত চা বাগানের এখন কোন অস্তিত্ব নেই, তবে ইংরেজ আমলে প্রতিষ্ঠিত (টি ভ্যালী ক্লাব) চট্টগ্রাম ক্লাব নাম ধারণ করে এখনো সেই ঐতিহ্যের স্বাক্ষর বহন করে চলছে।

চট্টগ্রামে পরীক্ষামুলক আবাদে সফলতা অর্জনের পর ফটিকছড়ি'র হালদাভ্যালী, রাঙ্গুনীয়ার কোদালা এবং সুরমা ভ্যালির মাল্নিছড়ায় বাণিজ্যিকভাবে চা চাষ সম্প্রসারিত হয়। ১৮৫৫ খ্রিস্টাব্দে সিলেট ও কাচারের অবিভক্ত জেলায় সুরমা ভ্যালীতে ভি আসামিকা চারা রোপন করা হয়। সে সময় খাশিয়া ও জৈন্তিয়া পাহাড়ে প্রাকৃতিকভাবে বেড়ে উঠা আরো এক প্রজাতির চায়ের সন্ধান পাওয়া যায়। সিলেট ও আসামের অরণ্যে প্রাকৃতিকভাবে বেড়ে উঠা দেশীয় চায়ের অবস্থানে প্রতীয়মান হয় যে, চট্টগ্রামের তুলনায় সিলেট অঞ্চল চায়ের জন্য বেশী উপযোগী। *

পাকিস্তান আমল

১৯৪৭ সালে ভারত বর্ষ বিভাগ কালে তৎকালীন পুর্ব বঙ্গে (পরে পূর্ব পাকিস্তান বর্তমানে বাংলাদেশ) ১৩৩ টি চা বাগানের আওতায় ৮২,০৭০ একর জমিতে চা উৎপাদিত হতো। তৎকালীন পাকিস্তানে চা আবাদ, বাজারজাতকরন ও রপ্তানি নিয়ন্ত্রনের লক্ষ্যে ১৯৫০ সালে **PAKISTAN TEA ACT**- জারি করা হয়। এই আইনের ৩ নং ধারাবলে সরকার একজন চেয়ারম্যান ও ১২ জন সদস্য নিয়ে চা বোর্ড গঠন করেন। আমাদের জাতির জনক **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান** ৪ জুন ১৯৫৭ হতে ২৩ অক্টোবর ১৯৫৮ পর্যন্ত তৎকালীন পাকিস্তান চা বোর্ডের চেয়ারম্যান ছিলেন। তাঁর সুযোগ্য নেতৃত্বে চা বোর্ডের নিজস্ব ভবন নির্মানের জন্য ১১১-১১৩ মতিঝিল বাণিজ্যিক এলাকায় জমি বরাদ্দ ও নিজস্ব ভবন নির্মানের কাজ তরান্বিত হয়। এ সময়ে সিলেটের জিন্দাবাজার এলাকায় ২৪ একর জমি হুকুম দখল করা হয় টি লাইসেন্স কমিটির অফিস করার জন্য। বঙ্গবন্ধুর সময়ে পাকিস্তানি টি-অ্যাক্ট ১৯৫০-এর গুরুত্বপুর্ণ সংশোধনী এনে টি লাইসেন্স কমিটি গঠন করা হয়। তাঁর আমলেই টি বোর্ডের ও টি লাইসেন্স কমিটির কর্মকর্তা/ কর্মচারীদের পেশাগত অনেক সুযোগ বৃদ্ধি করা হয়। শ্রীমঙ্গলের টি রিসার্চ ষ্টেশন প্রতিষ্ঠিত হয় বঙ্গবন্ধু টি বোর্ডের চেয়ারম্যান থাকাকালে। পাকিস্তান চা বোর্ডের চেয়ারম্যান হিসেবে বঙ্গবন্ধুর গতিশীল নেতৃত্বের ফলে চা শিল্পে ইতিবাচক পরিবর্তন আসে। উৎপাদন ও ব্যাপকভাবে বৃদ্ধি পায়। ১৯৫৭-১৯৫৮ এবং ১৯৫৮-১৯৫৯ সালে একর প্রতি চা উৎপাদন হয় যথা□মে ৬২১ পাউন্ড ও ৭৪৫ পাউন্ড। বার্ষিক উৎপাদন বৃদ্ধির পরিমান ৯৯,৭৮,৭৮৮ পাউন্ড বেশি। চা বিশেষজ্ঞদের মতে বঙ্গবন্ধু কর্তৃক রিসার্চ কমিটিকে সম্প্রসারন করে'প্রোডাকশন এ্যান্ড রিসার্চ কমিটি' করার ফলে চায়ের উৎপাদন বৃদ্ধি পায়। বঙ্গবন্ধুর সভাপতিত্বে ১৪ সেপ্টেম্বর ১৯৫৭ পাকিস্তান চা বোর্ডের এক সভায় উৎপাদন ব্যয় অপেক্ষা চায়ের বি□য়মুল্য কম হওয়ায় বিস্তারিত আলোচনা শেষে একটি স্পেশাল কমিটি গঠিত হয়। এই কমিটি বিষয়টি গভীরভাবে পর্যালোচনা করে কতিপয় গুরুত্বপুর্ণ সুপারিশ পেশ করে। সুপারিশ মোতাবেক যুক্তরাজ্যে চায়ের চালানের সংরক্ষিত কোটা অব্যাহত রাখা এবং যুক্তরাজ্যের ন্যায় পশ্চিম পাকিস্তানেও কোটার মাধ্যমে চা পাঠাতে মতামত ব্যক্ত করা হয়। কমিটির সুপারিশে বোর্ড কোন সিদ্ধান্ত দেয়নি। কারণ বঙ্গবন্ধু চট্টগ্রাম অকশন হাউসকে শক্তিশালী করতে বদ্ধপরিকর ছিলেন। পাকিস্তান আমলে চা বাগান গুলোর ব্যবস্থাপনা ছিল ব্রিটিশ, পশ্চিম পাকিস্তানী ও ভারতীয়দের হাতে। ১ মার্চ ১৯৫৯ তারিখে চা বাগানের ব্যবস্থাপনায় ম্যানেজার/সহকারী ম্যানেজার পদে ৮৭ জন ব্রিটিশ, ১ জন ভারতীয় ও ৫৭ জন পাকিস্তানী কর্মরত ছিলেন। এ সময়ে বাগানের ৭০,০০০ শ্রমিকদের মধ্যে ২৫০ জন ছিলেন ভারতীয়। বঙ্গবন্ধু চা শ্রমিকদের কল্যানে নানামুখী কর্মসুচী গ্রহন করেন। চা বাগান উন্নয়ন, সিলেট থেকে চা অকশনের জন্য চট্টগ্রামে আনার সুবিধার জন্য রেলওয়ের ওয়াগন বৃদ্ধি সহ চা রপ্তানি সম্প্রসারনে বঙ্গবন্ধুর অবদান অপরিসীম। এ সময়ে চা

* দু'টি পাতা একটি কুঁড়ি, আমিনুর রশীদ কাদেরী,পৃষ্ঠা-১০ ও ১২)

উৎপাদনের পরিমান ছিল নিম্নরুপ *

পাকিস্তান আমলে ইংল্যান্ড, আয়ারল্যান্ড, পশ্চিম জার্মানি, পর্তুগীজ, বাহরাইন ও আফগানিস্তানে চা রপ্তানি হতো।

বাংলাদেশ আমল

১৯৭১ সালের মুক্তিযুদ্ধকালে অনেক চা বাগান ক্ষতিগ্রস্থ হয়। ইপিআর ও মুক্তিযোদ্ধারা কৌশলগত কারনে বিভিন্ন চা বাগানে অবস্থান নেয়। চা বাগানের অনেক ম্যানেজার ও শ্রমিক পাকিস্তানী সৈন্যদের সাথে যুদ্ধ করে শহীদ হন।

মোট উৎপাদন

সময়	পরিমান (পাউন্ডে)	রপ্তানির আয়
১৯৫৭ -৫৮ (এপ্রিল-মার্চ)	৪,৭৬,১৪,৪৯২	১,৬২,৫১,৬৯০ টাকা
১৯৫৮-৫৯ (এপ্রিল-মার্চ)	৫,৭৫,৯৩,২৮০	৩,০৮,৫৪,৬৮৭ টাকা

মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি জেনালের এম,এ,জি ওসমানী হবিগঞ্জের একটি চা বাগানের বাংলোয় আশ্রয় নিয়ে ছিলেন। পরে মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য ভারত গমন করেন। ১৯৭২ সালে রাষ্ট্রপতির ৯৮ নং আদেশ বলে বাংলাদেশে চা শিল্প উন্নয়ন ও সম্প্রসারনের স্বার্থে বাঙালি মালিকদের জমির স্বত্ব ফিরিয়ে দেওয়া হয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে চা শিল্পের সুষ্ঠু ব্যবস্থাপনা ও উৎপাদন অব্যাহত রাখার স্বার্থে চা বাগানের জমির সিলিং ১০০ বিঘার আওতা বহির্ভূত করার নির্দেশ জারি হয় এবং ৯৯ বছর মেয়াদী বাগান লিজ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ চা বোর্ডের তথ্য মতে বর্তমানে বাংলাদেশে মোট চা বাগানের সংখ্যা ১৬৪ টি। জেলা ভিত্তিক চা বাগানের সংখ্যা হচ্ছে -

সরকারের থেকে দীর্ঘ মেয়াদী লিজ নিয়ে বাগান সমুহ পরিচালনা করা হয়। পুর্বে এই লিজের সময়সীমা ছিল ৯৯ বৎসর। বর্তমানে তা গ্রেডিং পদ্ধতিতে লিজ দেওয়া হচ্ছে।

মোট ১০৮ টি বাগান সরকারের সাথে লিজ ডকুমেন্ট স্বাক্ষর করেছিল এর মধ্যে ৭২ টি বাগানের লিজের সময় উত্তীর্ন হয়ে গেছে। ৫৫ টি বাগান লিজ ডক্যুমেন্ট স্বাক্ষর করেনি। ৯৯ বৎসরের জন্য লিজ দেওয়ায় পদ্ধতি পরিবর্তন করায় এসব বাগান কর্তৃপক্ষ লিজ ডক্যুমেন্ট স্বাক্ষর করেনি বলে জানা যায়। বর্তমানে ৮৮ টি বাগান বাংলাদেশী কোম্পানী কর্তৃক পরিচালিত। বিদেশী ব্যবস্থাপনায় (UK) পরিচালিত বাগান ২৫ টি ও ব্যক্তিগতভাবে পরিচালিত

জেলা	বাগানের সংখ্যা
মৌলভীবাজার	৯৩ (১৯ টি শ্রীমঙ্গলে)
হবিগঞ্জ	২২
সিলেট	২০
চট্টগ্রাম	২২
রাঙ্গামাটি (কাপ্তাই)	১
বি-বাড়িয়া	১
পঞ্চগড়/ঠাকুরগাঁও	৫
মোটঃ	১৬৪ টি

* বঙ্গবন্ধু এবং চা বোর্ড, আবুল কাসেম, সচিত্র বাংলাদেশ অক্টোবর ২০০৯

বাগান ২৭টি। এর বাহিরে আছে ২৪ টি বাগান।

গ্রেডিং পদ্ধতিতে লিজ

গ্রেড	প্রতি হেক্টরে উৎপাদন সীমা	লিজের সময়
এ	১২৫০ কেজি ও উহার উপরে	৪০ বৎসর
বি	৯৫০ কেজি হতে ১২৪৯ কেজি	৩০ "
সি	৯৫০ কেজি ও উহার নিচে	২০ "

বাংলাদেশে রপ্তানি পন্যের মধ্যে পাট, চা ও চামড়া ছিল প্রধান। বিভিন্ন কারনে পাট শিল্প আজ বিলুপ্তির পথে। চামড়ার অবস্থান একই রকম। চা শিল্পের অবস্থাও খুব ভাল বলা যাবে না। নানাবিধ কারনে দেশের চা বাগানগুলির প্রতিটিতে উৎপাদন ঠিক মতো হচ্ছে না। চা বাগানগুলির বেশির ভাগ পুরাতন। পুরাতন বাগানে উৎপাদন কম হয়। এ দিকে দেশের ভিতরে চার চাহিদা প্রতিদিন বেড়ে চলেছে। ২০ /২৫ বছর আগে উৎপাদিত চা'র ১০% অভ্যন্তরীন চাহিদা পুরন করতো এবং ৯০% রপ্তানি করা হতো। বর্তমানে এর অবস্থা সম্পুর্ণ বিপরীত। বর্তমানে অভ্যন্তরীন চাহিদায় ৯০% চা লাগে, রপ্তানি হয় মাত্র ১০%। চলতি বছরের প্রথম ৯ মাসে চা রপ্তানির যে তথ্য পাওয়া গেছে-তাতে বিচলিত না হয়ে পারা যায় না। জানা গেছে এ সময়ে উৎপাদিত চায়ের মাত্র ২.৪০% রপ্তানি হয়েছে। বাকী ৯৭.৬০% আভ্যন্তরীন বাজারে বি[illegible] হয়েছে। গত কয়েক বছর যাবৎ চা রপ্তানি কমে যাওয়ায় বাংলাদেশ দীর্ঘদিনের আন্তর্জাতিক বাজার অনেকটা হারিয়ে ফেলেছে। পাকিস্তান, আফগানিস্তান, রাশিয়াসহ সি আই এস ভুক্ত দেশ সমুহ ও পুর্ব ইউরোপীয় দেশ সমুহে বাংলাদেশী চা রপ্তানী হয়ে থাকে। চা উৎপাদন বৃদ্ধি না পাওয়ায় ও আভ্যন্তরীন চাহিদা বৃদ্ধি পাওয়ায় রপ্তানিকারক দেশের চাহিদা মতো চা রপ্তানি না করতে পারায় বিদেশের বাজার প্রতিযোগী দেশ সমুহের হাতে চলে যাচ্ছে। আমাদের বার্ষিক চা উৎপাদনের পরিমান ৫ থেকে সাড়ে ৫ কোটি কেজির মতো। এর মধ্যে মাত্র ৪০ লাখ কেজি রপ্তানি করা সম্ভব হয়। ফলে পুরানো বাজার ধরে রাখা সম্ভব নয়। বয়স্ক ও রুগ্ন বাগান চা কম উৎপাদনের অন্যতম কারন। এ ছাড়া বাগান সংস্কার ও যথাযথ পুর্নবাসনের কার্যকর উদ্যেগ না নেওয়া, চা বাগানের জমি অন্য কাজে ব্যবহার, নতুন বাগান গড়ে না উঠা, রাষ্ট্রীয়ত্ব খাতের বাগান সমুহের অদক্ষ ব্যবস্থাপনা ও সিদ্ধান্তহীনতাও চার উৎপাদন আশানুরুপ না হওয়ার কারন।*

যা থেকে দেখা যাচ্ছে যে উৎপাদন সামান্য বৃদ্ধি পেলেও অভ্যন্তরীন ভোগের পরিমান ১৯৮৮-৮৯ এর তলনায় ২০০৭-০৮ সালে প্রায় ৩ গুন বৃদ্ধি পেয়েছে। একই সাথে রপ্তানির পরিমান প্রায় অর্ধেকের নিচে নেমে এসেছে।

এতে দেখা যাচ্ছে বাগানের সংখ্যা, আয়তন ও উৎপাদন বৃদ্ধি পেয়েছে। কিন্তু আভ্যন্তরীন ভোগ বৃদ্ধি পাওয়ায় রপ্তানির পরিমান কমে যাচ্ছে।

অপর এক পরিসংখ্যানে দেখা যায়-বাংলাদেশের চা বাগানের মধ্যে ৬০ বৎসরের উপরে ১৭%, ৪১ থেকে ৬০ বৎসর বয়স ২৫% ,১১ থেকে ৪০ বৎসর বয়স ৩১% ও অবশিষ্ট ১০ বৎসর ও তার নীচে। বাগানের বয়স যত-উৎপাদন কম হবে তত। তাই চা উৎপাদন বৃদ্ধি করতে না পারলে ভবিষ্যতে দেশের অভ্যন্তরীন চাহিদা মিটানোর জন্য চা আমদানি করতে হতে পারে।

বাংলাদেশের বেশির ভাগ চা বাগান পুরাতন হওয়ায় এবং তুলনামূলকভাবে নতুন বাগান সৃষ্টি না হওয়ায় এবং অভ্যন্তরীন চাহিদা প্রতিদিন বাড়ার ফলে চা রপ্তানি হ্রাস পেয়েছে। চাহিদা বাড়ায় এবং চাহিদার সাথে সংগতি রেখে

* চা উৎপাদনের অপার সম্ভাবনা আর যেন উপেক্ষিত না থাকে, মুনশী আবদুল মান্নান, দৈনিক ইনকিলাব,তাং-০৫.১২.২০০৯

বাংলাদেশে চা উৎপাদন, অভ্যন্তরীন চাহিদা ও রপ্তানির বৎসর ভিত্তিক তথ্য -

মিলিয়ন কেজিতে

বৎসর	উৎপাদন	আভ্যন্তরীন চাহিদা	রপ্তানি যোগ্য উদ্বৃত্ত	রপ্তানি
১৯৮৮-৮৯	৪১.২৬	১৬.১৫	২৫.১১	২৫.১২
১৯৮৯-৯০	৪২.৫৫	১৯.৯৯	২২.৫৬	২২.৫৭
১৯৯০-৯১	৪৪.৫৬	১৮.১৬	২৬.৪০	২৬.৪৫
১৯৯১-৯২	৪৬.৮৪	২৩.১৫	২৩.৬৯	২৩.৬৪
১৯৯২-৯৩	৪৯.২০	১৬.২১	৩২.৯৯	৩৩.০৯
১৯৯৩-৯৪	৫১.৭৩	২৪.৩১	২৭.৪২	২৭.৪২
১৯৯৪-৯৫	৪৭.০৫	২০.৩২	২৬.৭৩	২৬.৭২
১৯৯৫-৯৬	৫২.১৩	৩০.৭১	২১.৪২	২১.৪৩
১৯৯৬-৯৭	৫৩.৬৬	২৭.৪২	২৬.২৪	২৫.৩৯
১৯৯৭-৯৮	৫১.০৮	২৪.৪৫	২৬.৬৩	২৪.৪৫
১৯৯৮-৯৯	৫০.৪৩	৩০.৭৬	১৯.৬৭	২৩.৫০
১৯৯৯-২০০০	৫০.২২	৩৫.২৮	১৪.৯৪	১২.৬২
২০০০-০১	৫৪.০৮	৩৬.৭৫	১৭.৩৩	১৬.৫৩
২০০১-০২	৫৫.২০	৪০.৪৪	১৪.৭৬	১৩.৮০
২০০২-০৩	৫৫.২৫	৩৯.৮১	১৫.৪৪	১২.১৭
২০০৩-০৪	৫৭.৩৪	৩৮.২১	১৯.১৩	১২.৪৬
২০০৪-০৫	৫৮.০৮	৪৩.২৫	১৪.৮৩	১২.৩৬
২০০৫-০৬	৫৪.৯২	৪২.৫৫	১২.৩৭	৯.০২
২০০৬-০৭	৫৬.৬৬	৪১.৭৮	১৪.৮৮	৪.৮৩
২০০৭-০৮	৫৮.৮৮	৪৮.২৭	১০.৬১	১০.৮০

সূত্র ঃ বাংলাদেশ চা বোর্ড

উৎপাদন না বাড়ায় চায়ের দাম বৃদ্ধি পেয়েছে। ২০০৭ সালে চায়ের দর ছিল প্রতি কেজি ৭৮ টাকা। ২০০৮ সালে বৃদ্ধি পেয়ে প্রতি কেজি ১৪৫ টাকা পর্যন্ত উঠেছে। চলতি বছরে প্রতি কেজি চায়ের মুল্য ২০০ থেকে ২৩৫ টাকা দরে বিি হচ্ছে।

বৎসর	চা বাগানের সংখ্যা	আয়তন(হেক্টরে)	উৎপাদন (মিলিয়ন কেজিতে)	উৎপাদন হেক্টর(কেজিতে)
১৯৪৭	১০৩	২৮,৭৩৪	১৮.৩৬	৬৩৯
১৯৬০	১২৭	৩১,৪১৮	১৯.০১	৬০৫
১৯৭০	১৫৩	৪২,৬৮৫	৩১.৩৮	৭৩৫
১৯৮০	১৫৩	৪৩,৫২৮	৪০.০৪	৯২০
১৯৯০	১৫৮	৪৭,৩৮৫	৪৫.১৬	৯৫৩
২০০০	১৬০	৫০,৪৭০,	৫৪.২১	১১৭৬
২০০৮	১৬৩	৫৪,৪০৫	৫৮.৬৬	১২৪০

সূত্র ঃ বাংলাদেশ চা বোর্ড

অভ্যন্তরীন চাহিদা ও রপ্তানি বাজার ধরে রাখার জন্য চা'র উৎপাদন বৃদ্ধি ছাড়া অন্য কোন বিকল্প নেই।

চা বাগানের সমস্যা

(ক) দেশের চা বাগানগুলোর প্রায় সবগুলোতেই কম-বেশি সেচ সমস্যা রয়েছে। ২০০৮ সালের দীর্ঘ খরায় হবিগঞ্জ জেলার লস্করপুর টি ভ্যালির ১৯ টি এবং চট্টগ্রাম ভ্যালির ২৪ টি চা বাগান সেচ সুবিধার অভাবে দারুনভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। চলতি বছরেও খরার ফলে পর্যাপ্ত সেচের অভাবে চা উৎপাদন ব্যাহত হয়েছে। শুষ্ক মৌসুমে চা বাগানের নার্সারী ও নতুন প্ল্যান্টেশন এলাকায় পানি সেচ দিতে হয়। গত এক দশকে দেশের চা বাগানগুলোর ৭টি ভ্যালিতে চা বোর্ডের তত্ত্বাবধানে ৪০ টি জলাধার নির্মান করা হয়েছে। কিন্তু এ জলাধার থেকে একটি বাগানের সামান্য অংশে সেচ দেওয়া যায়। বাগানের অভ্যন্তরের ছোট ছড়াগুলোও শুষ্ক মৌসুমে শুকিয়ে গিয়ে প্রয়োজনের সময় সেচ ব্যবস্থা অচল করে তোলে।

(খ) অধিকাংশ বাগানের পুরাতন চা গাছ তুলে সেখানে নতুন গাছ লাগাতে (রিপ্ল্যান্টেশন) সময় ক্ষেপন করা হলে চা উৎপাদন আরো হ্রাস পাবে বলে বিশেষজ্ঞগণ অভিমত ব্যক্ত করেছেন।

(গ) বাগানগুলোতে উচ্চফলনশীল চা গাছের অভাবও চা উৎপাদন হ্রাসের কারন। ২০০৫ সালে বিটিআরআই থেকে অবমুক্ত বিটি-১৭ জাতের ক্লোন চা গাছের বার্ষিক হেক্টর প্রতি ফলন ১,৮৭৩ কেজি। চা বাগানগুলোর প্রতি বছর আড়াই শতাংশ হারে উচ্চ ফলনশীল চা আবাদ বৃদ্ধির নিয়ম থাকলেও গড় আবাদ বৃদ্ধির পরিমান মাত্র ১ শতাংশের কাছাকাছি বলে জানা যায়। এই বৃদ্ধিও বিদেশী কোম্পানীর মালিকানাধীন চা বাগানগুলোর মধ্যে সীমাবদ্ধ।

(ঘ) ১৯৮৮-৮৯ সালে ৪০ লাখ পাউন্ডের একটি বৃটিশ গ্রান্ট এসেছিল-যা চা বাগান উন্নয়নের জন্য বাগান মালিকদের ঋণ হিসেবে দেওয়া হয়েছিল। এর পরে চা শিল্পের উন্নয়নে বা পুনর্বাসনে কোন সাহায্য সহযোগিতা পাওয়া যায়নি। চা বাগানের উন্নয়নে একমাত্র বাংলাদেশ কৃষি ব্যাংক ঋণ দিয়ে থাকে। গত ৫ বছরে বাংলাদেশ কৃষি ব্যাংক প্রদত্ত ঋণ বিতরন ও আদায় অবস্থা নিম্নরূপ ঃ-

(ঙ) দেশে চায়ের সর্বোচ্চ উৎপাদন ৬০ মিলিয়ন কেজি। বিরূপ আবহাওয়া, আর্থিক ও ব্যবস্থাপনা সংকটে এ উৎপাদনও ধরে রাখা যায় না। পাকিস্তানে মাথাপিছু চায়ের ব্যবহার ১ কেজি ১০০ গ্রাম, ভারতে ৭০০ গ্রাম, বাংলাদেশে ৩০০ গ্রাম। আগামী ৫ বছরে বাংলাদেশে মাথাপিছু চায়ের ব্যবহার ৫০০ গ্রামে উন্নীত হওয়ার সম্ভাবনা আছে। তখন অভ্যন্তরীন চাহিদা পূরন করতে ২০ মিলিয়ন কেজি চা আমদানীর প্রয়োজন হবে।

চ) ৩০ টির বেশি চা বাগান ইতিমধ্যে রুগ্নশিল্পে পরিনত হয়েছে। ৫০ টির বেশি বাগানের গাছের বয়স ৬০ বৎসর পেরিয়ে গেছে। স্বাধীনতার পর পরিত্যক্ত ৮টি বাগান রাষ্ট্রায়ত্ব খাতে এনে ন্যাশনাল টি কোম্পানী গঠন করা হয়। কিন্তু এ ৮টি বাগানের উৎপাদন প্রতি হেক্টরে ৮০০ কেজিতে নেমে এসে এযাবত লোকসান দিচ্ছে। বিশ্ব উৎপাদন মাত্রার গড় ২৫০০ কেজি-সেখানে বাংলাদেশে গড় উৎপাদন মাত্র ১,১৫০ কেজি।*

চা শিল্পের উন্নয়নে সরকারের পরিকল্পনা

ব্যক্তিগত উদ্যেগে তেতুলিয়ায় চা বাগানের সাফল্য দেখে ২০০২-০৩ সালে বাংলাদেশ চা বোর্ড

বিকেবি অর্থায়িত ১৩৫ টি বাগানের বছরওয়ারী ঋনের বিবরণী

কোটি টাকায়

সময়কাল	মঞ্জুরী	বিতরণ	আদায়
২০০৫ সালে	২৭০.৮৩	২৩৩.২১	২৯৩.৮৫
২০০৬ সালে	৩৯০৬৯	৩১৭.৪৮	৩৮৩.৪৯
২০০৭ সালে	৩৮৫.৬৯	৩০৯.৪৮	৩৮৮.৮৯
২০০৮ সালে	২৯৮.৮৩	২৪৮.৮৩	২৮৪.১২
২০০৯ সালে	৩২৩.৮১	২২০.২৬	১৪৩.৭২

বিকেবি অর্থায়িত বছরওযারী উন্নয়ন ঋণের বিবরণী ঃ

সময়কাল	মঞ্জুরী	বিতরণ	আদায়
২০০৫	২.২২	১.৯৮	৮.১৩
২০০৬	৩.৯৮	৮.৮৮	১৬.৩৩
২০০৭	১০.০৯	৯.৯৮	১৬.৩৫
২০০৮	১০.১০	৯.৯৯	২৮.৮০
২০০৯	৯.৭০	৮.৪৭	১০.৭৪

সূত্র ঃ ঋণ ও অগ্রিম বিভাগ-২, বিকেবি

রাঙ্গামাটি,বান্দরবান ও খাগড়াছড়ি জেলার ছোট ছোট টিলা ও উচু ভুমিতে স্থানীয় কৃষকদের মাধ্যমে চা চাষের একটি পরিকল্পনা গ্রহন করে। এ বিষয়ে ২০০৩ সালে পাবর্ত্য প্রতিটি জেলায় বাংলাদেশ টি বোর্ডের উদ্যেগে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। এই পরিকল্পনায় চাষী নির্বাচন,কারিগরি সহযোগিতা দিবে বাংলাদেশ টি বোর্ড ও ঋণ দিবে বাংলাদেশ কৃষি ব্যাংক। অভ্যন্তরীন চাহিদা পূরন ও রপ্তানি বানিজ্য ধরে রাখার জন্য চা উৎপাদন বৃদ্ধির সরকার দীর্ঘ মেয়াদি একটি পরিকল্পনা গ্রহন করেছে। পরিকল্পনাটির নাম দেওয়া হয়েছে "Crop Projection for Strategic Development Plan-Vision-2021। এই পরিকল্পনা বাস্তবায়িত হলে ২০২১ সালে বার্ষিক চা উৎপাদন বৃদ্ধি পেয়ে ১০০ মিলিয়ন কেজিতে দাঁড়াবে। ৪০ মিলিয়ন চা রপ্তানি করে বার্ষিক ৫০০ কোটি টাকা আয় করা যাবে। নিচের ছকে এই পরিকল্পনায় বছর ভিত্তিক চা উৎপাদনের তথ্য দেওয়া হলো ঃ-

বাংলাদেশে চা উন্নয়নে করণীয় ও সুপারিশ

১। বাংলাদেশে উৎপাদিত চার অতীত সুনাম ধরে রাখতে হলে- উৎপাদন বৃদ্ধি ছাড়া বিকল্প নেই। তাই তেতুলিয়ার নতুন চা বাগানের অভিজ্ঞতা কাজে লাগিয়ে তেতুলিয়া,ঠাকুরগাঁও, সিলেট, শ্রীমঙ্গল, চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম ও কক্সবাজারে নতুন বাগান সৃষ্টির পরিকল্পনা গ্রহন ও তা দ্রুত বাস্তবায়ন করতে হবে।

২। পুরাতন বাগানের যে সব চা গাছের বয়স ৪০-৬০ বৎসর সে সব গাছ অপসারন করে নতুন অধিক ফসলশীল চা গাছ লাগাতে হবে।

৩। বাগানে সেচ সুবিধা বৃদ্ধি করা ও ছায়াবৃক্ষ পর্যাপ্ত পরিমানে রোপন করতে হবে।

৪। বর্তমান বাগানের চাষ উপযোগী জমিতে চা ছাড়া অন্য কৃষি উৎপাদন/ ফলজ ও বনজ বৃক্ষের আবাদ সম্পুর্ণ

---

* কালো সোনার উৎপাদন হ্রাস ও বাজার মন্দা,এম সাইদুর রহমান, দৈনিক ইনকিলাব তাং-১০.১২.২০০৯)

বন্ধ করতে হবে।

৫। চা বাগানের ব্যবস্থাপনা কঠোরভাবে পর্যবেক্ষন করতে হবে। লিজ প্রাপ্ত মালিক কর্তৃপক্ষ যদি বাগান

মিলিয়ন কেজিতে

বছর	বর্তমান উৎপাদন	সম্প্রসারন ও রিপ্ল্যান্টিং এর ফলে সম্ভাব্য উৎপাদন	বর্তমান আয়তনের বাগানে উৎপাদন	ক্ষুদ্র বাগান থেকে উৎপাদন (পার্বত্য চট্টগ্রাম)	মোট উৎপাদন
২০০৮-২০০৯	৫৫.৮৩	-	-	-	৫৫.৮৩
২০০৯-২০১০	৫৬.৯৫	-	৫৬.৯৫	-	৫৬.৯৫
২০১০-২০১১	৫৮.০৯	-	৫৮.০৯	-	৫৮.০৯
২০১১-২০১২	৫৯.২৪	-	৫৯.২৪	-	৫৯.২৪
২০১২-২০১৩	৬০.৪২	০.৭১	৬১.১৩	০.২০	৬১.৩৩
২০১৩-২০১৪	৬১.৬৩	২.১৩	৬৩.৭৬	০.৬৫	৬৪.৪১
২০১৪-২০১৫	৬২.৮৬	৪.০৩	৬৬.৮৯	১.৩০	৬৮.১৯
২০১৫-২০১৬	৬৪.১২	৬.৮৪	৭০.৯৬	২.০০	৭২.৯৬
২০১৬-২০১৭	৬৫.০০	৯.২৬	৭৪.২৬	২.৭৫	৭৭.০১
২০১৭-২০১৮	৬৬.০০	১২.৫৪	৭৮.৫৪	৪.০০	৮২.৫৪
2018-2019	৬৭.০০	১৫.৮৬	৮২.৮৬	৫.০০	৮৭.৮৬
2019-2020	৬৮.০০	১৯.৬৬	৮৭.৬৬	৬.৫০	৯৪.১৬
২০২০-২০২১	৬৯. ০০	২৩.০০	৯২.০০	৮.০০	১০০.০০

(বাংলাদেশ টি বোর্ড)

উন্নয়নে অমনোযোগী ও সুষ্ঠভাবে বাগান পরিচালনা ও ব্যবস্থাপনায় অদক্ষতার পরিচয় দেয়-তা হলে লিজ বাতিল করার পদক্ষেপ নিতে হবে।

৬। বাংলাদেশ টি বোর্ডের তদারকী আরো জোরদার করতে হবে। টি বোর্ডের সদস্য (গবেষনা) পদটি চা গবেষকদের থেকে নেওয়া বাধ্যতামূলক করতে হবে। প্রয়োজনে চা শিল্পে অভিজ্ঞ ও গবেষনা জ্ঞান সমৃদ্ধ প্রজ্ঞাবানদের থেকে চা বোর্ডের চেয়ারম্যান মনোনয়ন করা যেতে পারে।

৭। রপ্তানি ও অরাপ্তানি যোগ্য চায়ে ভেজাল মিশ্রনকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করতে হবে।

৮। চা বাগান পরিচালনায় দক্ষ জনশক্তি গড়ার জন্য প্রশিক্ষন ও বেতন ভাতা বৃদ্ধি করতে হবে।

৯। শ্রমিকদের বাসস্থান, চিকিৎসা, চিত্তবিনোদনসহ সন্তানদের শিক্ষা ও স্বাস্থ্য সেবার মান উন্নয়ন করতে হবে।

১০। চা বাগান-চা উৎপাদন ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে বরাদ্দ দেওয়া বন্ধ করতে হবে।

১১। ব্যাংক ঋনের পরিমান বৃদ্ধি ও ঋণের যথাযথ সদ্বব্যবহার নিশ্চিত করতে হবে। ঋনের টাকা যাতে চা উৎপাদন ছাড়া অন্য খাতে ব্যবহৃত না হয়-তা কঠোরভাবে তদারকী/পর্যবেক্ষন করতে হবে। উন্নতমানের অধিক চা উৎপাদনকারী বাগানে ব্যাংক ঋনের সুদের হারে সরকার ভর্তুকি প্রথা চালু করতে পারে।

১২। জলবায়ূ পরিবর্তনের ফলে চা বাগানের উৎপাদন যাতে কমে না যায়- সে জন্য যথাযথ গবেষনা করে প্রয়োজনীয় পদক্ষেপের চিন্তা এখন থেকেই শুরু করতে হবে।

১৩। অদক্ষ মালিকদের চিহ্নিত করে লিজ বাতিল পূর্বক তা দক্ষ মালিকদের নামে বরাদ্দ দিতে হবে।

১৪। পার্বত্য জেলায় ক্ষুদ্র চাষীদের চা চাষে প্রশিক্ষন ও বাগান সৃজন কর্মসূচী বাস্তবায়ন করতে হবে। চাষী নির্বাচনে রাজনৈতিক/দলীয় দৃষ্টিভঙ্গি পরিহার করতে হবে।

১৫। **'স্ট্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান ফর টি ইন্ডাষ্ট্রি অব বাংলাদেশ ভিশন ২০২১'** পুরোপুরি বাস্তবায়ন করতে হবে।

১৬। প্রচলিত ভুমি ইজারার নীতিমালা সংশোধন পূর্বক তা ন্যুনতম ৫০ বৎসর ও সর্বোচ্চ ৯৯ বৎসরের জন্য লীজ দেয়ার বিধান প্রবর্তন করা যেতে পারে।

১৭। চা রপ্তানীকারকদের ইনসেনটিভ প্রদানের কথা বিবেচনা করা যেতে পারে।

১৮। সময়পযোগী চা শিল্প নীতিমালা প্রণয়নে যুগপযোগী পদক্ষেপ গ্রহন করতে হবে। অন্যথায় চা শিল্প বাংলার মস্‌লিন শিল্পের মত যাদুঘরে স্থান পাবে।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

বাংলাদেশের তৈরী পোশাক শিল্পের সমস্যা, সম্ভাবনা ও উত্তরণ কিছু ভাবনা

ইউ এম আশেক*

ভূমিকা

একটি সম্ভাবনাময় খাত- তৈরী পোশাক শিল্প। দেশের সামগ্রিক অর্থনৈতিক ব্যবস্থাকে সচল রাখতে গার্মেন্টস শিল্পের অবদান অপরিসীম। এই শিল্পের হাত ধরে গড়ে উঠেছে নতুন নতুন শিল্প প্রতিষ্ঠান। সৃষ্টি হয়েছে লাখো মানুষের কর্মসংস্থান। অনেকাংশে লাঘব হয়েছে দেশের বেকার সমস্যা। দারিদ্র্য বিমোচনেও রাখছে অনন্য অবদান। ভূমিকা রাখছে গ্রাম-বাংলার সুবিধা বঞ্চিত, দরিদ্র ও ক্ষমতাহীন নারীর অর্থনৈতিক সক্ষমতা তৈরীতে। কাজের সুযোগ পেয়ে নারী পেয়েছে তার ব্যক্তিস্বাধীনতা এবং জীবন চলার পাথেয়। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, জীবনযাত্রার মান বৃদ্ধি, বস্ত্রের স্বয়ংসম্পূর্নতা, আন্ত র্জাতিক বিশ্বে সাহায্যের বদলে বাণিজ্যমূখীনতার সুযোগ তৈরী হয়েছে মূলত পোশাক শিল্পের হাত ধরেই। বর্তমানে এই খাত থেকেই আসছে মোট রপ্তানী আয়ের ৭৮ শতাংশ। বর্তমান সরকারের 'ভিশন-২০২১' এর সফল বাস্তবায়ণে শিল্পের রয়েছে দৃঢ় অঙ্গীকার। এভাবে নানামুখী সম্ভাবনা নিয়েই এগিয়ে চলেছে আমাদের তৈরী পোশাক শিল্প।

গার্মেন্টস শিল্পের সম্ভাবনাই শেষ কথা নয়। তৈরী পোশাক শিল্পের সাথে যোগ হয়েছে নানা প্রতিকূলতা, সমস্যা, সঙ্কট, উৎকণ্ঠা ও উদ্বেগ। আছে আরও নানা মাত্রিক জটিলতা। যা পোশাক শিল্পের অগ্রযাত্রাকে করছে বাধাগ্রস্ত। শিল্পের সুনিশ্চিত পথচলা হয়েছে কন্টকাকীর্ণ। তাই গার্মেন্টস শিল্পকে নিয়ে শুধু 'অমিত সম্ভাবনা'র ফাঁকা বুলি ছাড়া নয়। প্রয়োজন সম্ভাবনাকে বাস্তবমুখী রুপ দেওয়া। এবং কিভাবে সম্ভবনাময় খাতকে সকল প্রকার বাধা-বিঘ্ন, উদ্বেগ-উৎকণ্ঠা, সমস্যা-সংকূলতা থেকে মুক্ত রাখা যায় তার উপায় খুঁজে বের করা।

গার্মেন্টস শিল্প নিয়ে ভাবনা ও কেন?

---

* (শিল্প উদ্যোক্তা ও গবেষক) ব্যবস্থাপনা পরিচালক অন্বেষা গ্রুপ

This Paper was presented at the *XVII Biennial Conference titled* ***"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

পোশাক শিল্প আমাদের অর্থনীতির অন্যতম প্রধান চালিকা শক্তি। কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্য বিমোচন, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি, দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখায় তৈরী পোশাক শিল্প দেশের অর্থনীতির এক অবিচ্ছেদ্য অংশ। সবমিলিয়ে পোশাক শিল্প আমাদের সামনে এগিয়ে যাবার পথ দেখায়। শুধু অর্থনৈতিক ক্ষেত্রেই নয়, দেশের সমাজ, সংস্কৃতি, রাজনীতিসহ বিভিন্ন ক্ষেত্রে গার্মেন্টস শিল্প তার শাখা-প্রশাখা সৃষ্টি করেছে। অবদান রেখে চলেছে সকল উন্নয়নমূলক কর্মকান্ডে। বর্তমান সময়ে গার্মেন্টস শিল্প কতটা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে তার কয়েকটি উদাহরণ নিম্নে তুলে ধরা হলো।

রপ্তানী আয়

বাংলাদেশ থেকে বিভিন্ন ধরণের পণ্য রপ্তানী করা হয়। রপ্তানির তালিকায় রয়েছে তৈরী পোশাক সামগ্রী, চা, কাঁচা পাট, হিমায়িত খাদ্য, কেমিক্যালস প্রোডাক্ট, চামড়া, কৃষি প্রোডাক্ট, পাটজাত দ্রব্য, সিরামিকস, ঔষধসহ আরো নানা পণ্যসামগ্রী। তবে রপ্তানি আয়ের সবচেয়ে বেশি আসে পোশাক সামগ্রী ও পোশাক পণ্য থেকে। ইপিবির তথ্য অনুযায়ী, যার বাৎসরিক মূল্য ১২৩৪৭.৭৭ মার্কিন ডলার। যা আমাদের রপ্তানী আয়ের ৭৯.৩৩ শতাংশ। ২০০৮-

	রপ্তানি পণ্য	রপ্তানীর পরিমাণ (মার্কিন ডলারে)	শতাংশ (%)
২০০৮-২০০৯	তৈরী পোশাক	১২৩৪৭.৭৭	৭৯.৩৩
	হিমায়িত খাদ্য	৪৫৪.৫৩	২.৯২
	কেমিক্যাল প্রোডাক্ট	৪২১.৫৮	২.৭১
	পাটজাত দ্রব্য	৩৭৩.১৮	২.৪০
	চামড়া	১৭৭.৩২	১.১৪
	কাঁচা পাট	১৪৮.১৭	০.৯৫
	কৃষিপণ্য	১২২.৩	০.৭৯
	চা	১২.২৯	০.০৮
	অন্যান্য	১৫০৮.০৬	
	মোট	১৫৫৬৫.১৯	১০০.০০

চিত্র: প্রধান রপ্তানি পণ্যের তালিকা (উৎস: রপ্তানী উন্নয়ন ব্যুরো)



চিত্র : বাংলাদেশের প্রধান রপ্তানি পণ্যের তালিকা

০৯ অর্থবছরে তৈরি পোশাক রফতানি করে ১২ দশমিক ৩৫ বিলিয়ন ডলার বৈদেশিক মুদ্রা আয় হয়েছে। যা মোট রফতানি আয়ের ৭৯ শতাংশ। নিম্নে পোশাকসহ অন্যান্য প্রোডাক্টের রপ্তানি পরিমানের একটি তুলনামূলক বর্ণনা টেবিলের মাধ্যমে উপস্থাপন করা হলোঃ

আর্থ-সামাজিক উন্নয়ন

সমকালীন অর্থনীতিতে একচেটিয়া প্রাধান্য বিস্তার করেছে তৈরী পোশাক শিল্প। দেশের আর্থ-সামাজিক উন্নয়নের বিভিন্ন খাতে অপরিসীম অবদান রাখছে এ শিল্প। এ শিল্পকে কেন্দ্র করেই দেশের অর্থনৈতিক চাকা আরও বেশি গতিশীল হচ্ছে। পোশাক শিল্পে ৩০ থেকে ৩৫ লক্ষ মানুষের কর্মের সংস্থান হয়েছে। সামাজিক অস্থিরতা দূরীকরন, বিশৃঙ্খলা আর অবক্ষয় থেকে মুক্ত হতেও সহায়ক ভূমিকা পালন করছে গার্মেন্টস শিল্প। বাংলাদেশে যেভাবে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে সেই অনুপাতে মানুষের কর্মসংস্থানের বাড়তি কোন সুযোগ ছিল না। কিন্তু পোশাক সেক্টর সে অভাব অনেকাংশেই পূরণ করেছে। ফলে বেকার সমস্যা, নারীর অনগ্রসরতা, চরম দারিদ্র্যতা থেকে মুক্তির পথ দেখিয়েছে পোশাক শিল্প।

কর্মসংস্থানের সুযোগ তৈরী

পোশাক শিল্প দেশের অর্থনীতি, বৈদেশিক বাণিজ্য ও নারী পোশাককর্মীদের কর্মসংস্থানের সর্ববৃহৎ খাতে পরিণত হয়েছে। বর্তমানে দেশের মোট জনসংখ্যা ১৫ কোটিরও উপরে। যাদের ৪০ শতাংশ বাস করে দারিদ্র্য সীমার নিচে। অর্থাৎ যাদের দৈনিক আয় এক মার্কিন ডলার বা তারও নিচে। গত দু দশক আগেও এদের কর্মসংস্থানের তেমন কোন সুযোগ ছিল না। কিন্তু সত্তোর দশকের প্রথম দিকে এদেশে গার্মেন্টস সেক্টরের পথচলা শুরু হয়। বেকার, দরিদ্র জনগোষ্ঠি নিজেদের ভাগ্য পরিবর্তনের সুযোগ পায়। ধীরে ধীরে দেশের বৃহত্তম উৎপাদনশীল শিল্প খাতে পরিণত হতে থাকে এই শিল্প। এখন সর্বোচ্চ সংখ্যক লোকের কর্মসংস্থানের সুযোগ তৈরী করেছে এই গার্মেস্টস খাত। এ খাতে প্রায় ৩৫ লাখের বেশি লোক কাজ করছে। যার মধ্যে ৮০ শতাংশের অধিক হলো নারী। ১৯৮৩-৮৪ অর্থবছরে নারী পোশাককর্মীর সংখ্যা ছিল সাড়ে ৮ শতাংশ। ১৯৯৫-৯৬ অর্থবছরে তা ১৮.১ শতাংশে দাঁড়িয়েছে। ২০০৫ সালে তা দাঁড়ায় ২৯.২ শতাংশে (সূত্রঃ বিবিএস)।

প্রাথমিক পর্যায়ে গার্মেন্টস সেক্টরে প্রতিষ্ঠানের সংখ্যা ছিল মাত্র ৪ টি এবং কর্মচারী-কর্মকর্তার সংখ্যা ছিল মাত্র ১৪৩ জন। ১৯৮৩ সালের দিকে এ সংখ্যা দাঁড়ায় ৫০ টির মতো। ২০০১ সালের শেষের দিকে ওভেন, নীট ও সোয়েটারসহ পোশাক শিল্পের সর্বমোট কারখানা ছিল ৩০৬৭ টি এবং কর্মজীবী মহিলা পোশাককর্মীর সংখ্যা দাঁড়ায় ১৫ লাখের মতো। ২০০৯ সালে এ শিল্পে কর্মসংস্থানের সংখ্যা ৩০ থেকে ৩৫ লাখে উন্নীত হয়েছে। যা উৎপাদন খাতে নিয়োজিত মোট কর্মীর ৪০ শতাংশের অধিক।

গার্মেন্টস শিল্পের উপর ভিত্তি করে সুযোগ সৃষ্টি হয়েছে আরো নানা ধরণের কর্মসংস্থানমুখী খাত। টেক্সটাইল শিল্প, ব্যাংক, ইন্সুরেন্স, ভোগ্যপণ্য, স্থানীয়ভাবে গড়ে উঠা আইটি, পরিবহন, আবর্জনা রিসাইক্লিং, সিএ ফার্ম, লিগ্যাল, হাউজিং, কসমেটিকস, বন্দর ব্যবস্থাপনা, সিনেমাহল এবং অন্যান্য খাত। পাশাপাশি গার্মেন্টস শিল্প বিভিন্ন পেশাধারীদের জন্য কর্মসংস্থানের সুযোগ তৈরী করেছে। সবমিলিয়ে বর্তমানে প্রায় ২০ মিলিয়ন বা ২ কোটি লোকের জীবন নির্বাহ নির্ভর করছে গার্মেন্টস শিল্পের উপর।

নিম্নে ১৯৮৪ সাল থেকে ২০০৯ সাল পর্যন্ত পোশাক শিল্পে কারখানা ও কর্মসংস্থান যেভাবে বেড়েছে তার একটি চিত্র তুলে ধরা হলোঃ

গার্মেন্টস শিল্পে বছর বছর পোশাককর্মীদের সংখ্যা যে হারে বেড়েছে তার একটি চিত্র নিম্নে তুলে ধরা হলো:



চিত্র : পোশাক শিল্পে কারখানার সংখ্যা বৃদ্ধি

বৈদেশিক সাহায্য নির্ভরতা কমিয়ে বাণিজ্যমুখীকরণ



চিত্র: পোশাক কর্মীর সংখ্যার ঊর্ধ্বগতি

দেশের বর্তমান জিডিপি প্রায় ৬ শতাংশ। সরকারের টার্গেট হলো সাড়ে ছয় শতাংশ অর্জন করা। কিন্তু বিশ্বব্যাংক, আইএমএফ, এডিবি থেকে শুরু করে আন্তর্জাতিক সংস্থাগুলি বলছে, এই মাত্রা ৫.৫ থেকে ৫.৭ শতাংশ অর্জিত হবে। একটা দেশের (জিডিপি) প্রবৃদ্ধি প্রধানত নির্ভর করে কৃষি, শিল্প ও সেবাখাতের উপর। আমাদের দেশে জিডিপির ৫০ শতাংশের অবদান হলো সেবা খাতের । এছাড়া ২০০৮-২০০৯ সালে কৃষি ও শিল্প যথাক্রমে অবদান রেখেছে ১৪.৪১ শতাংশ ও ২৯.৭৩ শতাংশ। গত দশকে শিল্প খাতের তাৎপর্যপূর্ণ বিকাশ লাভ করে, যার মধ্যে তৈরী পোশাক খাতের অবদান অপরিহার্যভাবে বেড়েছে।

গার্মেন্টস খাত দেশকে সাহায্য নির্ভরতা থেকে রক্ষা করে বাণিজ্য নির্ভরতার দিকে ফিরাচ্ছে। আন্তর্জাতিক সাহায্য পাওয়ার প্রবণতা থেকে বেরিয়ে এসে বৈশ্বিক বাণিজ্যে প্রবেশ করার মতো সক্ষমতা তৈরীতে গার্মেন্টস শিল্প তাৎপর্যপূর্ণ অবদান রাখছে। বাংলাদেশের রপ্তানী পণ্যের তালিকায় পোশাক পণ্য ছাড়াও আরো যেসব পণ্য রপ্তানী করা হয়ে থাকে তা একটি তালিকার মাধ্যমে উপস্থাপন করা হলো:

নারীর ক্ষমতায়ন

দেশের অর্ধেক জনগোষ্ঠী নারী। কিন্তু নারী সমাজের বিশাল অংশই ক্ষমতাহীন। অভাব, অশিক্ষা আর দারিদ্র্যের বেড়াজালে বন্দি নারী সমাজ। পুরুষশাষিত পিতৃতান্ত্রিক সমাজব্যবস্থায় নারী সবসময়ই পুরুষের নিয়ন্ত্রনে থাকে। স্বামী, পিতা, ছেলের অধীনেই কাটে নারীর জীবন। নিজেদের অধিকার পুনঃপ্রতিষ্ঠায় নারী সমাজ আজও কঠিন জীবন সংগ্রামে লিপ্ত। এমনকি ডিভোর্স, স্বামী মৃত্যু বা পঙ্গুত্ব হয়ে পড়ার মতো জীবনের কঠিন সময়গুলোতে নারীর প্রয়োজন অর্থনৈতিক সক্ষমতা, মানসিক শক্তি এবং দৃঢ় প্রত্যয়। আর এসব কিছুর পেছনে নিয়ামক হিসেবে কাজ করে অর্থ ও অর্থনৈতিক স্বাবলম্বিতা। নারী সমাজের সেই অর্থের সংস্থান ও জীবন পরিচালনার সুব্যবস্থা তৈরী করেছে পোশাক শিল্প। সমাজের অবহেলিত, বঞ্চিত, হতদারিদ্র্য নারী জনগোষ্ঠীর ভাগ্য ফিরেছে গার্মেন্টস শিল্পের হাত ধরে। গ্রাম-বাংলার সুবিধাবঞ্চিত নারীরা পোশাক শিল্পে কাজ পেয়ে নিজেদের স্বাবলম্বী করে তুলছে। নারী পোশাককর্মীরা তাদের নিজেদের পরিবারে গুরুত্বপূর্ণ আয়ের উৎস হয়ে উঠেছে। গার্মেন্টস শিল্পে কাজ করে নারীরা:

- অর্থনৈতিকভাবে স্বাবলম্বী ও স্বচ্ছল হয়েছে।
- পরিবারে সার্বিক দিক থেকে নিজের অধিকার প্রতিষ্ঠা করতে পেরেছে।
- নিজেদের ক্ষমতায়নের ব্যাপারে সচেতন হয়েছে।
- পরিবারে নিজস্ব ভাবনা, চিন্তা ও মত প্রকাশের স্বাধীনতা পাচ্ছে।
- নিজেদের মধ্যে বাল্য বিবাহ, শিশুশিক্ষা, স্বাস্থ্য সুরক্ষা, জনসংখ্যা নিয়ন্ত্রণ, দুর্যোগ ব্যবস্থাপনাসহ নানা বিষয়ে সচেতনতা তৈরী হয়েছে।
- সামাজিক মর্যাদা প্রতিষ্ঠিত হয়েছে।

এবং সর্বোপরি অর্থনৈতিক উৎপাদন ব্যবস্থায় অংশ নিয়ে দেশ ও সমাজকে এগিয়ে নিতে ভূমিকা রাখছে।

দারিদ্র্য বিমোচন

গত কয়েক বছরে দেশে জাতীয় পর্যায়ে দারিদ্র্য বিমোচনহ্রাস পেয়েছে তাৎপর্যপূণ্য হারে। ২০০০ সালে দারিদ্র্যের হার ছিল ৪৯.৮ শতাংশ। ২০০৯ সালে সেটা ৪০ শতাংশে নেমে এসেছে। গত ৯ বছরে দারিদ্র্যের হার কমেছে ৯.৮ শতাংশ। তৈরী পোশাক শিল্প দেশের দারিদ্র্য কমাতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। বর্তমানে গার্মেন্টস সেক্টরে নিয়োজিত পোশাককর্মীদের অধিকাংশই হলো গ্রামের দরিদ্র জনগোষ্ঠী। যাদের সম্পদ বলতে কিছুই নেই।

প্রাতিষ্ঠানিক শিক্ষা ও দক্ষতার অভাবে এসব কর্মীরা কোন জায়গায় কাজ করতেও পারতো না। কিন্তু পোশাক শিল্প প্রতিষ্ঠানগুলো তাদের কাজ করার সুযোগ করে দিয়েছে। যার মধ্য দিয়ে আর্থিকভাবে স্বাবলম্বী পোশাককর্মীরা। কমছে দেশের দারিদ্র্য। পোশাক কারখানায় নিয়োজিত লাখো কর্মীদের চেষ্টায় উৎপাদন করা হচ্ছে বিলিয়ন ডলারের রপ্তানী সম্পদ। যা দেশের একক বৃহত্তম রপ্তানী সেক্টরে পরিণত হয়েছে।

বস্ত্রে স্বয়ংসম্পন্নতা

বস্ত্র মানুষের অন্যতম মৌলিক চাহিদা। গার্মেন্টস শিল্পের কল্যাণে দেশ আজ এই বস্ত্র শিল্পে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। দেশের আপামর জনসাধারণের বস্ত্রে চাহিদা পূরণ করছে। সাধারন মানুষ অতি কম দামে নিত্য ব্যবহার্য পোশাক ও শীত বস্ত্র কিনতে পারছে। বস্ত্রকে কেন্দ্র করে দেশে গড়ে উঠেছে এক শক্তিশালী স্থানীয় বাজার। আমাদের শ্রমজীবী, পেশাজীবী মানুষ সহজেই অভ্যন্তরীণ বাজার থেকে অতি অল্প দামে সোয়েটার, টি-শার্ট, জিন্স প্যান্ট, গেঞ্জি ইত্যাদি কিনতে পারছে।

নতুন বাজারের হাতছানি

পৃথিবীর বিভিন্ন দেশে আমাদের পোশাক পণ্য রপ্তানি করা হয়। বর্তমানে আরও নতুন নতুন বাজারের সন্ধান পাওয়া যাচ্ছে। রাশিয়া, ল্যাটিন আমেরিকার দেশ, দক্ষিণ আফ্রিকা, জাপান, তাইওয়ান প্রমুখ দেশের বাজারে প্রবেশের ব্যাপারেও যথেষ্ট সম্ভাবনা রয়েছে। এসব দেশে বাংলাদেশী গার্মেন্টস প্রোডাক্টের প্রচুর চাহিদা তৈরী করতে পারবে বলে ধারনা করা হচ্ছে। বাংলাদেশের গার্মেন্টস শিল্প ব্যবসায়িদের সংগঠন এ ব্যাপারে সরকারের সহায়তা চাচ্ছে। এক্ষেত্রে সরকার তার বিদেশী কূটনৈতিক মিশন ও বাণিজ্যিক উইংগুলিকে ব্যবহার করে উল্লেখিত দেশের সরকারের সাথে আলাপ-আলোচনা করতে পারে। বাংলাদেশ থেকে বর্তমানে যেসব দেশে রপ্তানি করা হয় তার একটি তালিকা নিচে দেখানো হলো।

দেশের শিল্পকে টিকিয়ে রাখতে হলে তার বর্তমান বাজার ধরে রাখার পাশাপাশি আরও নতুন নতুন বাজার ধরার চেষ্টা করতে হবে। এক্ষেত্রে সরকার, ব্যবসায়িক সংগঠনগুলির কার্য মে গতি আনতে হবে। বর্তমান নতুন বাজারের যেসব সম্ভাবনা তৈরী হয়েছে তার একটি তালিকা দেয়া হলো:

ভিশন-২০২১ বাস্তবায়নে পোশাক শিল্প

দারিদ্র্য বিমোচন কৌশলপত্র–২ অনুযায়ী ২০০৯-২০১১ সালের মধ্যে প্রতি বছর ১.৮ মিলিয়ন লোক কর্মক্ষেত্রে

বছর	দেশ	রপ্তানি	শতকরা %
	ইউরোপিয়ান ইউনিয়ন	৭২১৮.২৩	৫৮.৪৬
	মার্কিন যুক্তরাষ্ট্র	৩৬৯৩.৪০	২৯.৯১
	কানাডা	৫৮৭.০৫	৪.৭৫
২০০৮-২০০৯	জাপান	৭৪.৩৮	০.৬০
	অস্ট্রেলিয়া	৪৯.২৯	০.৪০
	অন্যান্য	৭২৫.৪২	৫.৮৭
	মোট	১২৩৪৭.৭৭	১০০.০০

চিত্র: পোশাক পণ্যের রপ্তানি বাজার (উৎস: বিজিএমইএ)



চিত্র: বাংলাদেশী গার্মেন্টস পণ্যের আন্তর্জাতিক রপ্তানী বাজার

যোগ করা হবে। সরকারের ভাষ্য অনুযায়ী, ২০২১ সালে বাংলাদেশের শ্রমশক্তি হবে ১০৫ মিলিয়ন। সরকার বাড়তি শ্রমশক্তির কর্মসংস্থানের সুযোগ তৈরীতে নানামুখী উদ্যোগ নিচ্ছে। নতুন এই কর্মসংস্থান সৃষ্টিতে শ্রমঘন পোশাক শিল্প কারখানা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। পাশাপাশি দেশের জিডিপির হার বাড়াতেও শিল্পের অবদান অত্যন্ত তাৎপর্যপূর্ণ হতে পারে। উল্লেখ্য, ২০০৮-২০০৯ অর্থবছরে জিডিপির হার ধরা হয়েছিল ৫.৮৮ শতাংশ, ২০১৩ সালে এই হার ধরা হয়েছে ৮ শতাংশ এবং ২০২১ সালে তা নির্ধারণ করা হয়েছে ১০ শতাংশ।

অপার সম্ভাবনার হাতছানি

গার্মেন্টস শিল্প দেশের অর্থনীতি, সমাজ, সংস্কৃতিতে নানাভাবে অবদান রেখে চলেছে। শুধু তাই নয়। গার্মেন্টস শিল্পের রয়েছে অমিত সম্ভাবনা। এ শিল্প যেভাবে সম্ভাবনার নতুন পথ দেখিয়ে চলেছে তার কিছু বয়ান তুলে ধরা হলো।

স্বস্তা শ্রমের সহজলভ্যতা

ক্রমিক নং	দেশের নাম
০১.	রাশিয়া
০২.	সাউথ আফ্রিকা
০৩.	জাপান
০৪.	দক্ষিণ আমেরিকার দেশ
০৫.	তাইওয়ান
০৬.	কানাডা
০৭.	অন্যান্য

অধিক জনসংখ্যার দেশ বাংলাদেশ। এতবেশি সংখ্যক লোকের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করা স্বল্পোন্নত একটি দেশের জন্য সহজ কাজ নয়। কিন্তু দেশের তৈরী পোশাক শিল্প বিশাল জনগোষ্ঠির কাজ করার অপার সুযোগ তৈরী করেছে। পাশাপাশি, সহজলভ্য জনশক্তি আর স্বস্তা শ্রম-এই দুইয়ের উপর ভিত্তি করে দেশের পোশাক শিল্প দাঁড়িয়ে গেছে এবং এগিয়ে চলেছে আলোক উজ্জ্বল এক ভবিষ্যতের দিকে। ইতিবাচক পরিবর্তন এসেছে দেশের সামগ্রিক অর্থনৈতিক অবস্থায়।

স্বস্তা শ্রমশক্তি যে অর্থনৈতিক উন্নয়নের অন্যতম চাবিকাঠি, চীন তার প্রকৃষ্ট উদাহরন। স্বস্তা শ্রমের কারণেই চীন পোশাক শিল্পসহ অন্যান্য শিল্পেও অভাবনীয় উন্নতি করছে পেরেছে। বাংলাদেশের শিল্প বিকাশের মূলেও সস্তা শ্রম একটি গুরুত্বপূর্ন সূচক।

উন্নয়নের চেহারা পরিবর্তনের নিয়ামক শক্তি

বিশ্বের অনেক দেশ পোশাক পণ্য উৎপাদনের মাধ্যমে আন্তর্জাতিক বাজারে নিজেদের একটি শক্ত অবস্থান তৈরী করে নিয়েছে। সেই সাথে দেশকে পৌঁছে দিয়েছে মর্যাদার আসনে। যা বর্তমানে অনেক অনুন্নত ও উন্নয়নশীল দেশের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত হতে পারে। উদাহরণ হিসেবে আমরা জাপান ও চীনের নাম উল্লেখ করতে পারি। জাপান একসময় বাহির থেকে পোশাক শিল্পের সব কাঁচামাল কিনে এনে পোশাক তৈরী করে বিদেশে রপ্তানী করতো। এভাবেই তারা আজ শিল্পোন্নয়নের উদাহরণে পরিনত হয়েছে। চীন তার স্বস্তা শ্রম ব্যবহার করে পোশাক শিল্পসহ ইলেকট্রনিক দ্রব্যাদিতে বিশ্বে নিজেদের ভাল অবস্থান তৈরী করেছে। আধিপত্য বিস্তার করেছে সারা বিশ্বে। চীন, জাপানের উদাহরণ অনুসরণ করে আমাদের মতো উন্নয়নশীল দেশগুলো নিজেদের অবস্থান পরিবর্তন করতে পারে। পোশাক শিল্পের মাধ্যমে এগিয়ে যাওয়া দেশগুলোর উপর গবেষণা করতে হবে। চীন, জাপান, দক্ষিণ কোরিয়ার উন্নয়নের পেছনে পোশাক শিল্পের ভূমিকা ও অবদানের চিত্র সামনে আনতে হবে।

অর্থনৈতিক স্বচ্ছলতা

গার্মেন্টস সেক্টর তৈরী হওয়ার ফলে দেশের বিশাল বেকার জনগোষ্ঠীর কাজের সুযোগ হয়েছে। গার্মেন্টস শিল্পকে কেন্দ্র করে আবর্তিত হচ্ছে দেশের ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠান, বন্দর, মার্কেট, হাট-বাজার, দোকান-পাটসহ নানামুখী ব্যবসা ও শিল্প প্রতিষ্ঠান। যার বদৌলতে অর্থনীতি গতিশীল হয়েছে। মানুষের অর্থনৈতিক স্বচ্ছলতা বৃদ্ধি পেয়েছে। সমাজের অবহেলিত, নিগৃহীত ও সুবিধাবঞ্চিত মানুষ অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়েছে।

জীবনযাত্রার মান উন্নয়ন

গার্মেন্টস সেক্টরে নিয়োজিত রয়েছে দেশের প্রায় ৩০-৩৫ লক্ষ মানুষ। যাদের অধিকাংশই হলো দেশের গ্রামীণ জনগোষ্ঠীর এক বিরাট অংশ। যাদের ছিল না পর্যাপ্ত শিক্ষার সুযোগ, কাজের সংস্থান। ছিল না সুনিশ্চিত কোন ভবিষ্যৎ। এমনকি মাথা গোঁজার একটু ঠাঁই। কিন্তু তৈরী পোশাক শিল্প তাদের দিয়েছে কাজের অপার সুযোগ, একটি নিশ্চিত ভবিষ্যতের ঠিকানা। বেড়েছে পোশাককর্মীদের জীবনযাত্রার মান। সমাজের অবহেলিত নারীরা পোশাক শিল্পের কারণে আজ অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়েছে। তাদের জীবনযাত্রার মান উন্নত হয়েছে। পোশাককর্মীরা স্বপ্নের জাল বুনার সুযোগ পেয়েছে গার্মেন্টস কারখানায় কাজ পেয়ে। মৌলিক চাহিদা পূরণ করার পাশাপাশি পোশাককর্মীরা অন্যান্য চাহিদাও পূরণ করার সক্ষমতা অর্জন করেছে।

পাটসুতার ব্যবহারের নতুন সম্ভাবনা

বাংলাদেশের তৈরী পোশাক শিল্পের জন্য ব্যাকওয়ার্ড শিল্প তেমনভাবে গড়ে না উঠার কারণে বিদেশ থেকে আমদানী করা কাঁচামাল থেকে প্রস্তুত করা হয়ে থাকে। যার জন্যে উৎপাদন খরচ বেশি পড়ে যায়। প্রতিযোগীদের সাথে এই জন্যে আন্তর্জাতিক বাজারে চরম প্রতিদ্বন্দ্বিতা করতে হয়। কিন্তু আমরা যদি দেশের তৈরী পাটসুতা ব্যবহার করে পোশাক প্রস্তুত করে বিদেশের বাজারে বিক্রি করা গেলে রপ্তানীর পরিমাণ বাড়ানো যাবে।

বর্তমানে গ্লোবাল ওয়ার্মিং এর ফলে মানুষ পরিবেশ বান্ধব পোশাক থেকে শুরু করে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের ব্যবহারের উপর পরিবেশ বান্ধব কী-না তা ভাবতে শুরু করেছে। পাটসুতার তৈরী পোশাক পরিবেশবান্ধব। এছাড়া এসুতা দিয়ে নানা ধরণের পোশাক তৈরী করা যায়। উদাহরণ হিসেবে বলা যায়, ফ্যাশনাবল জুতা, গাড়ির আসনের উপর ব্যবহারের জন্য কাপড়, কাঠের বাড়ির দেয়ালে সেঁটে দিয়ে অধিক শীত ও গরম থেকে বাড়ির ভেতরের পরিবেশকে স্বস্তিদায়ক করার জন্য পাটসুতার তৈরী কাপড় প্রভৃতির নাম উল্লেখ্যযোগ্য। দেশের অভ্যন্তরে ইতোমধ্যে পাটসুতা ব্যবহার করে শাল চাদর ও সাধারণ চাদর তৈরি করা হচ্ছে। ভারতে এবং ইউরোপ-আমেরিকায় পাটসুতা ব্যবহার করে তৈরী হচ্ছে বিভিন্ন ধরণের পোশাক। আর এসবের কারণেই বাড়ছে পাটসুতার চাহিদা। পাট ছিল একসময়ের সোনালী আঁশ। বর্তমান যুগে পরিবেশ বান্ধব পোশাক সামগ্রী ব্যবহারে বাংলাদেশের পাট শিল্পকে নতুনভাবে কাজে লাগানোর সুবর্ণ সুযোগ সৃষ্টি হয়েছে।

নতুন আরো কর্মসংস্থানের সম্ভাবনা

অনেক আগে থেকেই প্রচেষ্টা চলানো হচ্ছে পোশাক শিল্পে কিছু বৈচিত্র্য আনার জন্য। বাংলাদেশের সেই প্রচেষ্টা সফল হয়েছে। বাংলাদেশ আজ পাট থেকে তৈরী পাটসুতা দিয়ে পোশাক তৈরী করছে এবং সেগুলি তুরস্ক থেকে শুরু করে আমেরিকা, ইউরোপীয় ইউনিয়ন ডেলিগেশনের অনেক দেশে রপ্তানী হচ্ছে। আন্তর্জাতিক বাজারে যখন পাটসুতার তৈরী পোশাক শিল্প একটি ভাল অবস্থান তৈরী করবে তখন নতুন নতুন শিল্প উদ্যোক্তা এই খাতে বিনিয়োগ করা জন্য চলে আসবে। বর্তমান তৈরী পোশাকে নিয়োজিত কর্মসংস্থানের পাশাপাশি নতুন নতুন আরো কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। এভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি বেকার সমস্যা সমাধানেও এই শিল্প বিশেষ ভুমিকা পালন করবে। সাম্প্রতিক বছরগুলিতে পোশাক শিল্প উৎপাদন বাড়ানোর মাধ্যমে তার রপ্তানীর পরিমাণ বেশ বাড়িয়েছে। আর এই রপ্তানী বাড়ানোর মাধ্যমে আরো বেশি বৈদেশিক মুদ্রা আহরোণ করে চলেছে। শিল্প উদ্যোক্তাদের এখন টার্গেট কিভাবে সারা বছর উৎপাদনে থাকা যায়। সেই সাথে আরো নতুন নতুন বেকার মানুষ কাজ করার সুযোগ পাবে। এতে দেশের সব দিকেরই উন্নয়ন ঘটবে। নিম্নে ১৯৮৩-১৯৮৪ অর্থবছর থেকে ২০০৮-২০০৯ অর্থবছরের পোশাক রপ্তানীর পরিমাণ, মোট রপ্তানীর পরিমাণ এবং মোট রপ্তানীতে তৈরী পোশাক শিল্পের পরিমাণের একটি তালিকা উপস্থাপন করা হলো:

রপ্তানি বৃদ্ধি ও পোশাক পণ্যের অবদান

পোশাক শিল্প দেশের অর্থনীতিতে যেভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে তার একটি ছক নিম্নে তুলে ধরা হলো:

পোশাককর্মীদের সামাজিক মর্যাদা বৃদ্ধি

দেশের তৈরী পোশাক শিল্পখাতে নিয়োজিত অধিকাংশ পোশাককর্মীরা একসময় ছিল ভূমিহীন, বেকার, দরিদ্র এবং

ক্ষমতাহীন। নিরক্ষরতা, অদক্ষতা আর একাডেমিক শিক্ষার অভাব আছে এমন পোশাককর্মীদের সংখ্যাও কম নয়। যারা সমাজের অবহেলিত ও নিগৃহিত জনগোষ্ঠীর অংশ। তারা ছিল সামাজিক হেয়-প্রতিপন্নের চরম শিকার। এমনই লক্ষ লক্ষ শ্রমিক কর্মসংস্থানের সুযোগ পেয়েছে তৈরী পোশাক শিল্পে। গার্মেন্টস শিল্পের কাজ তাদের সেই অপবাদ ঘুচিয়েছে দিয়েছে। তাদেরকে কাজ করার সুযোগের পাশাপাশি দিয়েছে ভাগ্য পরিবর্তনের অমিত সুযোগ। সেই অমিত সুযোগ কাজে লাগিয়ে নিজের ভাগ্য নিজেই বদলাতে শিখেছে লাখো পোশাককর্মীরা।

গার্মেন্টস শিল্পের একটি বড় অংশ হলো নারীকর্মী। যাদের অধিকাংশই এসেছে অনুন্নত ও অনগ্রসর গ্রামীণ এলাকা থেকে। এক সময় যারা ছিল সমাজের নানা বিধিনিষেধের বেড়াজালে আবদ্ধ। আগে যেখানে কাজ করা তো দূরের কথা নারীর বাহিরে যাওয়াই ছিল এক ধরণের সামাজিক অপরাধ। সেই নারী আজ সকল সামাজিক প্রতিবন্ধকতা, বাঁধা-নিষেধ, লোকচক্ষুর ভয় উপেক্ষা করে দেশের গার্মেন্টস শিল্পে পুরুষের পাশাপাশি কাজ করে চলেছে। দেশের সামগ্রিক অর্থনীতিতে বিরাট অবদান রেখে চলেছে। সেই নারীকে আজ কেউ সামাজিকভাবে হেয়-প্রতিপন্ন করতে

বছর	পোশাক রপ্তানি (মিলিয়ন ডলার)	মোট রপ্তানির পরিমান (মিলিয়ন ডলার)	মোট রপ্তানিতে পোশাক শিল্পের পরিমান (%)
১৯৮৩-৮৪	৩১.৫৭	৮১১.০০	৩.৮৯
১৯৮৪-৮৫	১১৬.২	৯৩৪.৪৩	১২.৪৪
১৯৮৫-৮৬	১৩১.৪৮	৮১৯.২১	১৬.০৫
১৯৮৬-৮৭	২৯৮.৬৭	১০৭৬.৬১	২৭.৭৪
১৯৮৭-৮৮	৪৩৩.৯২	১২৩১.২	৩৫.২৪
১৯৮৮-১৯৮৯	৪৭১.০৯	১২৯১.৫৬	৩৬.৪৭
১৯৮৯-৯০	৬২৪.১৬	১৯২৩.৭০	৩২.৪৫
১৯৯০-৯১	৮৬৬.৮২	১৭১৭.৫৫	৫০.৪৭
১৯৯১-১৯৯২	১১৮২.৫৭	১৯৯৩.৯০	৫৯.৩১
১৯৯২-৯৩	১৪৪৫.০২	২৩৮২.৮৯	৬০.৬৪
১৯৯৩-৯৪	১৫৫৫.৭৯	২৫৩৩.৯০	৬১.৪০
১৯৯৪-৯৫	২২২৮.৩৫	৩৪৭২.৫৬	৬৪.১৭
১৯৯৫-৯৬	২৫৪৭.১৩	৩৮৮২.৪২	৬৫.৬১
১৯৯৬-৯৭	৩০০১.২৫	৪৪১৮.২৮	৬৭.৯৩
১৯৯৭-৯৮	৩৭৮১.৯৪	৫১৬১.২০	৭৩.২৮
১৯৯৮-১৯৯৯	৪০১৯.৯৮	৫৩১২.৮৬	৭৫.৬৭
১৯৯৯-২০০০	৪৩৪৯.৪১	৫৭৫২.২০	৭৫.৬১
২০০০-২০০১	৪৮৫৯.৮৩	৬৪৬৭.৩০	৭৫.১৪
২০০১-২০০২	৪৫৮৩.৭৫	৫৯৮৬.০৯	৭৬.৫৭
২০০২-২০০৩	৪৯১২.০৯	৬৫৪৮.৪৪	৭৫.০১
২০০৩-২০০৪	৫৬৮৬.০৯	৭৬০২.৯৯	৭৪.৭৯
২০০৪-২০০৫	৬৪১৭.৬৭	৮৬৫৪.৫২	৭৪.১৫
২০০৫-২০০৬	৭৯০০.৮০	১০৫২৬.১৬	৭৫.০৬
২০০৬-২০০৭	৯২১১.২৩	১২১৭৭.৮৬	৭৫.৬৪
২০০৭-২০০৮	১০৬৯৯.৮০	১৪১১০.৮০	৭৫.৮৩
২০০৮-২০০৯	১২৩৪৭.৭৭	১৫৫৬৫.১৯	৭৯.৩৩

উৎস: রপ্তানী উন্নয়ন ব্যুরো (বিজিএমইএ কর্তৃক সম্পাদিত)



চিত্র ৪: তৈরী পোশাক খাতের রপ্তানী এবং বাংলাদেশের মোট রপ্তানীর পরিমাণ (মিলিয়ন মার্কিন ডলারে)

পারছে না। আর্থিকভাবে স্বাবলম্বী নারী আজ সংসারে এমনকি দেশের বিভিন্ন পর্যায়ে ডিসিঝন মেকিং বা সিদ্ধান্ত তৈরীর কাজ করছে। নারীর অবস্থার এই পরিবর্তন সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রভাব ফেলেছে। যেখানে আগে নারীর কাজ করার কথা কল্পনাতেও ভাবা সম্ভব হতো না সেখানে আজ নারীরা নির্বিঘ্নে কাজ করে যাচ্ছে। গার্মেন্টস সেক্টরের মাধ্যমে নারীর এই পরিবর্তন সমাজের, দেশের সামগ্রিক নারীর অবস্থানকে বদলে দিয়েছে। কাজেই আমাদের সমাজে নারীর সামাজিক অবস্থান যদি আরো পরিবর্তন ও সুদৃঢ় করতে চাই তাহলে এই পোশাক শিল্পের উন্নয়নের অন্য কোন বিকল্প শিল্প নাই।

দিন বদলের স্বপ্ন দেখায় শ্রমঘন এই শিল্প

গার্মেন্টস শিল্প দেশের সবচেয়ে বেশি শ্রমঘন শিল্প। এই শিল্পের দ্বারা অনেক সংখ্যক বেকার, অদক্ষ ও অশিক্ষিত-অর্ধশিক্ষিত মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হয়েছে। এছাড়াও দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, বৈদেশিক মুদ্রা অর্জন, দেশের মুদ্রার রিজার্ভ, নারীর আর্থিকভাবে স্বাবলম্বী হওয়া, দারিদ্র্য বিমোচনসহ আরো অনেক বিষয় সম্ভব সম্ভব হয়েছে। আমরা যদি "দিন বদলের কথা" বলি, "ভিশন-২০২০" লক্ষ্য অর্জনের দিকে যেতে চাই, কিংবা মিলিনিয়াম ডেভেলাপমেন্ট গোল (এমডিজি)-এর অর্জনে সফলতা চাই, গার্মেন্টস শিল্পের উন্নয়ন ও বিকাশ উপরোক্ত লক্ষ্য অর্জনে এক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা রাখতে পারে।

সম্ভাবনা যেখানে বাধাগ্রস্থ

দেশের অন্যতম গুরুত্বপূর্ন রপ্তানি খাত তৈরী পোশাক শিল্প। সবচেয়ে শ্রমঘন খাতও এটি। হাটিহাটি পা-পা করে শিল্পের বয়স আজ প্রায় তিন দশক। দেশের রপ্তানী খাতের সিংহভাগ যোগান দিচ্ছে এই গার্মেন্টস খাত। ব্যাপক সংখ্যক লোকের কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও অর্থনৈতিক সক্ষমতা তৈরী, দারিদ্র্য বিমোচন, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি, দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখাসহ নানা ক্ষেত্রে গার্মেন্টস শিল্পের অবদান

অনস্বীকার্য। কিন্তু এত অবদান থাকা সত্ত্বেও তৈরী পোশাক শিল্প কি নিজ পায়ে দাঁড়াতে পেরেছে? দেশের অর্থনীতি ও সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে যে শিল্প, সেটি কি আজ সমস্যা-সংকট মুক্ত? শিল্প বিকাশের পথ কি উন্মুক্ত? এ সকল প্রশ্নের উত্তর একই। না।

অসংখ্য সমস্যা, সংকট, উৎকণ্ঠ, উদ্বেগ নিয়েই বছরের পর বছর অতিক্রম করে চলেছে আমাদের অতি প্রয়াজনীয় পোশাক শিল্প। বছর বছর রুগ্ন শিল্পের তালিকায় যোগ হচ্ছে নতুন পোশাক কারখানা । কিছু কিছু প্রতিষ্ঠানে চলছে শ্রমিকদের দাবি-দাওয়া নিয়ে সংগ্রাম-আন্দোলন। থাকছে আরো নানামুখী অন্তরায়। রাজনৈতিক অস্থিতিশীলতা, শিল্পের উন্নয়নে সরকারের উদাসীনতা, অবকাঠামোগত অনুন্নয়ন, বন্দরে শ্রমিকদের অনাকাঙ্ক্ষিত ধর্মঘট, উচ্চ হারে ব্যাংক সুদ, ব্যাংক ঋণের স্বল্পতা, নতুন বাজার অনুসন্ধানে ব্যর্থতা, সারা বছর উৎপাদন না হওয়া, অদক্ষ শ্রমশক্তি, শ্রমিক নেতাদের উসকানিমূলক আচরণসহ অনেক অসুবিধা যোগ হচ্ছে সমস্যার তালিকায়। এতসব সমস্যা আর সংকটের মধ্য দিয়েই চলছে গার্মেন্টস শিল্প। তিন দশক সময়ের ব্যবধানে যে শিল্প একটি সুসংহত অবস্থায় পৌঁছে যাবার কথা ছিল, আজ সেটি নানাভাবে হোচট খাচ্ছে। পাশাপাশি, এতো বাধা-বিপত্তির মাঝেও উদ্যোক্তা গোষ্ঠী যেভাবে শিল্পের উন্নয়নে কাজ করে যাচ্ছেন, তা কোন অংশেও কম প্রশংসনীয় নয়। সবমিলিয়ে তৈরী পোশাক শিল্পের আজ অস্তিত্বের সংকট। কিন্তু এভাবে কি একটি শিল্প এগুতে পারে? শিল্পের সুষ্ঠু বিকাশে চাই এর যাবতীয় সমস্যা ও সংকটের অবসান। আমাদের আলোচ্য নিবন্ধে তুলে ধরা হবে তৈরী পোশাক শিল্পের সকল সংকট-সমস্যা-উৎকণ্ঠার সরেজমিন ময়না তদন্ত। নিম্নে সেসব সমস্যারই কিছু তুলে ধরা হলো।

- শিল্প কারখানায় বিদ্যুৎ ও গ্যাসের তীব্র সঙ্কট
- ব্যাংক ঋণের উচ্চ সুদের হার
- ব্যাংক ঋণের সহজলভ্যতা নেই
- রাজনৈতিক অস্থিতিশীলতা
- অবকাঠামো অনুন্নোয়ন
- নতুন বাজার সম্প্রসারণে দেশের বিদেশী কূটনৈতিক ও বাণিজ্যিক উইংগুলির ব্যর্থতা
- বন্দরে কাস্টমসহ নানা অসুবিধা ও হয়রানি
- শিল্প সংক্রান্ত বিভিন্ন সমস্যায় সরকারের যথাযথ মনোযোগের অভাব
- বিভিন্ন দেশের সাথে ট্যারিফ ও নন-ট্যারিফ সমস্যা
- বিশাল এই সেক্টরের তত্ত্বাবধান করার সরকারী প্রতিনিধিত্বের অভাব
- ক্ষুদ্র সমস্যায় মিডিয়ার নৈতিক কাভারেজ
- আন্তর্জাতিক আর্থিক বিপর্যয়ে সরকারের সহায়তা না থাকা
- ফ্যাশান ও ডিজাইন বিষয়ক ইন্সটিটিউশনের অপর্যাপ্ততা
- দক্ষ ও নিপুণ পোশাককর্মীর অভাব
- পোশাককর্মীদের অদক্ষতা ও প্রশিক্ষণের অভাব
- নতুন শিল্প উদ্যোক্তা তৈরী না হওয়া
- রুগ্ন শিল্পে শ্রমিক অসন্তোষ ও সমগ্র শিল্পখাতে এর নেতিবাচক প্রভাব ইত্যাদি।

বিশ্ব মন্দা ও বাংলাদেশের গার্মেন্টস শিল্প

তৈরী পোশাক দেশের রপ্তানি খাতের শীর্ষে অবস্থান করলেও বৈশ্বিক মন্দার কারনে এ শিল্প আজ নানামুখি

চ্যালেঞ্জের মুখোমুখি। ২০০৭ সাল থেকে শুরু হওয়া বৈশ্বিক অর্থনৈতিক মন্দা আমাদের গার্মেন্টস শিল্পে সরাসরি প্রভাব না ফেললেও ধীরে ধীরে কিছুটা হলেও তা অনুভব করা যাচ্ছে। নানামুখী চ্যালেঞ্জও আমাদের সামনে উপস্থিত হচ্ছে। যেমন:-

- পোশাক পণ্যের অর্ডার কমছে
- পণ্য মূল্য কমে যাচ্ছে
- পরিমানমত অর্ডার না পাওয়ায় অনেক কারখানা বন্ধ হয়ে যাচ্ছে
- কারখানা বন্ধ হওয়ায় বেকার সমস্যা সৃষ্টি হচ্ছে
- ওভার টাইমের পরিমান কমছে
- পোশাককর্মীদের সার্বিক মজুরি কমে যাচ্ছে
- রপ্তানির পরিমাণ কমেছে
- বৈদেশিক আয় কমেছে
- প্রবৃদ্ধির লক্ষমাত্রা অর্জন করা সম্ভব হচ্ছে না
- পোশাক রপ্তানিতে পাশ্ববর্তী দেশের সাথে প্রতিযোগিতায় টিকে থাকা দুরুহ হচ্ছে।
- দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হচ্ছে না

কমছে রপ্তানি আয়, বন্ধ হচ্ছে কারখানা

নানা চ্যালেঞ্জ মোকাবেলা করে চলছে তৈরী পোশাক শিল্প। বিশ্ব মন্দার সূত্র ধরে এ খাত থেকে অব্যাহতভাবে রফতানি আয় কমছে। অর্ডার না থাকাসহ নানা কারণে চলতি বছর ১৪৮টি তৈরি পোশাক কারখানা বন্ধ হয়ে গেছে। চালু কারখানাগুলো যে দামে অর্ডার নিচ্ছে তা দিয়ে প্রতিযোগী দেশগুলোর সঙ্গে টিকে থাকা কষ্টকর হয়ে পড়েছে। বড়দিন উপলক্ষে প্রতিবছর পোশাক রফতানির পরিমাণ উল্লেখযোগ্য বাড়লেও এবার তেমন সুখবর নেই।

রফতানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, চলতি অর্থবছরের (২০০৯৩২০১০) প্রথম চার মাসে (জুনওঅক্টোবর) রফতানি আয় লক্ষ্যমাত্রার চেয়ে ১২ শতাংশ কমেছে। আগের অর্থবছরের একই সময়ের তুলনায়ও রফতানি কমেছে পৌনে ৭ শতাংশ। রফতানিকারকরা বলছেন, মূলতঃ অর্ডার এবং পণ্যমূল্য কমে যাবার কারণেই রফতানি কমেছে। আবার প্রতিযোগী দেশগুলো কম মূল্যে পণ্য রফতানি করার কারণে বাংলাদেশেরও রফতানি মূল্য কমেছে।

ইপিবির হিসাবে দেখা যায়, অর্থবছরের প্রথম ৪ মাসে নীটওয়্যার পোশাক রফতানির পরিমাণ লক্ষ্যমাত্রার তুলনায় প্রায় ১০ শতাংশ কম হয়েছে। আর একই সময়ে ওভেন পোশাক লক্ষ্যমাত্রার চাইতে ২১ শতাংশ কম হয়েছে।

শিল্পের সমস্যা ও সংকটের বিষয়গুলো খতিয়ে দেখতেই আলোচ্য সরেজমিন তদন্তের উদ্যোগ নেওয়া হয়েছে। নিম্নে তারই কিছু বয়ান তুলে ধরা হলো।

পোশাক খাতের সমস্যা অগনিত। ভিন্ন ভিন্ন স্থান, ব্যক্তি, অবস্থান, প্রতিষ্ঠান-সংস্থা, সংগঠন এসকল সমস্যার সাথে জড়িত। আলোচনার সুবিধার্তে সমস্যাগুলো বিভিন্ন ভাগে দেখানো হলো।

সরকারের নীতি ও পলিসির অভাব

একটি দেশের উন্নয়ন অনেকাংশে নির্ভর করে সে দেশের সরকারের নীতি ও পলিসির উপর। সরকার শিল্পের অনুকূলে তাদের নীতি ও পলিসি তৈরী করলে সে দেশে অর্থনৈতিক উন্নয়ন আশাব্যাঞ্জক। একইসাথে সরকারের

শিল্প বিরোধী নীতির কারণে দেশের শিল্পের পরিবেশ ধ্বংস হওয়াও অসম্ভব নয়। তাই শিল্পকে বাঁচাতে সরকারের সময়োপযোগী নানা ধরণের নীতি পলিসি গ্রহন করতে হয়। প্রণীত পলিসি প্রয়োজনে সংশোধন, সংযোজন, বিয়োজন করতে হয়। আমাদের তৈরী পোশাক শিল্প দেশের রপ্তানীমুখী শিল্পের তালিকায় প্রথম স্থানে রয়েছে। এ শিল্পের উন্নয়নেও সরকারের নানা দায়িত্ব ও কর্তব্য থেকে যায়। কিন্তু সরকার তার সে দায়িত্ব ভালভাবে পালন করছে কি-না তাও খতিয়ে দেখার বিষয়। সরকারের সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহন, উদ্যোগ কিংবা সহযোগিতা না দেয়ার ফলে অনেক সময় পোশাক শিল্পে জটিলতার সৃষ্টি হয়।

সুনির্দিষ্ট নীতিমালার অভাব

পোশাক শিল্প বাংলাদেশের মোট রপ্তানী আয়ের সিংহ অবদান রাখলেও এই শিল্প খাতের ব্যাপারে সরকারের কোন সুনির্দিষ্ট নীতিমালা নেই। যার জন্যে অনেক সময় এ শিল্পে নানা ঝামেলার সৃষ্টি হয়েছে। সাম্প্রতিককালে নিপ্পন গার্মেন্টসে সংঘটিত সহিংসতার কথা আমাদের সকলেরই জানা।

উচ্চ সুদের হার

ব্যাংক ঋণের সুদ উচ্চ হওয়ার কারণে আমাদের দেশে পোশাক শিল্প যেমন বিকশিত হওয়ার কথা কিন্তু তেমন হচ্ছে না। ব্যবসায়ী ও শিল্প উদ্যোক্তারা সরকারকে বারবার এ বিষয়ে অবহিত করলেও তাতে সরকারের কোন ইতিবাচক সাড়া নেই। আমাদের পাশের দেশগুলিতে ব্যাংক ঋণের সুদ অনেক কম। সেখানে শিল্পকে টিকিয়ে রাখার জন্য এবং প্রতিযোগীদের সাথে টিকে থেকে আন্তর্জাতিক বাজার ধরার জন্য সুদের হার সব সময় কম রাখার নীতি গ্রহন করেছে। ফলে আন্তর্জাতিক বাজারে তারা আমাদের দেশের চেয়ে ভাল অবস্থান তৈরী করতে পেরেছে।

সরকারের মনোযোগের অভাব

যে শিল্পে দেশের সিংহ ভাগ অদক্ষ বেকার জনগোষ্ঠী নিয়োজিত, যে শিল্প থেকে রপ্তানী আয়ের ৭৬ শতাংশ আসে, যে শিল্প দেশের দারিদ্র্য বিমোচনে বিরাট ভূমিকা পালন করছে, নারীর ক্ষমতায়নে ভূমিকা রাখছে সেই শিল্পের প্রতি সরকার যে খুব বেশী মনোযোগ তা আমরা বলতে পারছি না। সরকার যেসব বিষয়ে অমনোযোগী তা হলো:-

- সরকার পোশাক শিল্পের জন্য বিভিন্ন দেশের সাথে যে ট্যারিফ সমস্যা আছে তা কমিয়ে আনার চেষ্টা করছে না
- নতুন নতুন বাজার ধরার জন্য কূটনৈতিক তৎপরতা জোরদার করছে না
- ভোক্তার চাহিদা অনুযায়ী পোশাক তৈরীর জন্য কোন গবেষণা করছে না।

উপরের কয়েকটি বিষয় বিশ্লেষণ করলে বোঝা যায়, এগুলি সরকারের অমনোযোগী মনোভাবেরই প্রতিফলন।

নতুন বাজার অনুসন্ধানের অভাব

সত্তোরের দশকে শুরু হওয়া আমাদের গার্মেন্টস শিল্পের রপ্তানী বাজারর সংখ্যা যা ছিল বর্তমানে কম-বেশি তা-ই রয়েছে। নতুন বাজার অনুসন্ধানে, পোশাক পণ্যেও শুল্কমুক্ত প্রবেশাধিকার অর্জনের জন্য লবিস্ট নিয়োগ করা হয়েছে। প্রচুর অর্থ খরচ করা হয়েছে লবিস্টদের পেছনে। কিন্তু লাভের লাভ কিছুই হয়নি। অথচ একটি দেশের শিল্পকে টিকিয়ে রাখতে হলে তার বর্তমান বাজার ধরে রাখার পাশাপাশি আরো নতুন নতুন বাজার ধরার চেষ্টা করতে হবে।

বন্দর সংকট

আমাদের দেশে দুটি সমুদ্র বন্দর থাকলেও একটিকে অকেজো করে রাখা হয়েছে। দেশের সব মালামাল একটা বন্দরের মাধ্যমে দেশে ও বিদেশে আনা-নেওয়া করা হয়। যার জন্যে একটি বন্দরের উপর এত বেশি চাপ পড়েছে যে, পণ্য জাহাজিকরণ, জাহাজ থেকে নামানো, পরিবহণে পণ্য উঠানো-নামানো অত্যন্ত কঠিন হয়ে পড়ে। এসব কাজে সময় বেশি লাগে। এছাড়া আধুনিক পদ্ধতির উপস্থিতি বন্দরে নেই বললেই চলে। ফলে নানা ধরণের সমস্যা থেকেই যাচ্ছে। ট্রেড ইউনিয়নের কারণে মাঝে মাঝে বন্দর এলাকা একেবারে অচল হয়ে পড়ে। বন্দরের ফিডার ভেসেল অপারেটরগণ ব্যবসায়িদের কাছ থেকে কনজেশন সারচার্জ আদায় করছে, জাহাজ মালিকদের সংগঠন (সিএফটিসি) কর্তৃক পণ্য পরিবহণে শিল্প উদ্যোক্তাদের নানা মাত্রিক সমস্যায় ফেলে দিচ্ছে।

কাস্টমসের দীর্ঘসূত্রিতা

বাংলাদেশের পণ্য রপ্তানীর ক্ষেত্রে কাস্টমসের দীর্ঘসূত্রিতা একটি প্রধান সমস্যা। সেখানে অন্যান্য দেশের মতো এত সহজ উপায়ে, কম সময়ে এবং অন্য কোন ঝামেলা ছাড়াই রপ্তানী করা যায় না। আধুনিক যন্ত্রপাতির অভাবের কারণে পরিবহনে ভর্তিকরণ ও পণ্য স্থানান্তরকরণ এবং জাহাজীকরণ সময় সাপেক্ষ ব্যাপার হয়ে দাঁড়ায়। ফলে পণ্যের শিপম্যান্টে বিলম্ব ঘটে। অনেক বিদেশী বাইয়া এ কারণে বাংলাদেশ থেকে পণ্য আমদানী করতে চায় না।

ব্যাকওয়ার্ড ও ফরওয়ার্ড লিংকেজ না থাকা

একটি শিল্পকে সহায়তা করার জন্য আনুষাঙ্গিক অনেক প্রতিষ্ঠান থাকে। কিন্তু আমাদের দেশের বৃহত্তর শিল্পকে সহায়তা করার মতো যথেষ্ট ব্যাকওয়ার্ড লিংকেজ প্রতিষ্ঠিত হয় নি। ফলে যে সমস্ত সাপোর্ট এরা দেয় তা আমাদের পোশাক শিল্প দেশ থেকে পায় না। বিদেশের উপর নির্ভর করতে হয়। যার ফলশ্রুতিতে আমাদের শিল্পের অবস্থান যা হওয়ার কথা তা থেকে আমরা অনেক পিছিয়ে আছি। এই অসুবিধা দুর করার জন্য সরকার কোন ব্যবস্থা নিতে চায় না। এমনকি এই ধরণের ব্যাকওয়ার্ড লিংকেজ কেউ প্রতিষ্ঠা করতে চাইলেও তাকে সরকার, ব্যাংক কোন সুবিধা দিয়ে সাহায্য করে না। উদ্যোক্তা পক্ষ, ব্যবসায়িক সংগঠন বিভিন্ন ভাবে বিভিন্ন সময়ে সরকারের কাছে প্রস্তাব করলেও সরকার তাতে ইতিবাচক সাড়া দেয় নাই। ফলে আমাদের পোশাক শিল্প প্রতিষ্ঠান সব সময় এর সহায়ক শিল্প প্রতিষ্ঠানের অভাবে আরো সামনের দিকে এগিয়ে যেতে পারে নাই।

অবকাঠামোগত সমস্যা

প্রতিটি দেশের উন্নয়নের জন্য তার অবকাঠামোগত উন্নয়ন অত্যন্ত জরুরি। কিন্তু আমাদের দেশে অবকাঠামোর তেমন কোন উন্নয়ন নেই। ভাল রাস্তা নেই, নেই কোন উন্নত পরিবহন। আমরা উদাহরণ হিসেবে রেলপথের কথা যদি বলি, তাহলে দেখা যাবে এ পর্যন্ত ১ হাজার ৬০০ কিলোমিটার রেলপথ আছে। কিন্তু এতটুকু রেলপথ কি আমাদের অগ্রগতির জন্য দরকার? আর সড়কপথে যেটুকু রাস্তা রয়েছে তার অনুপাতে পরিবহণের সংখ্যা অনেক বেশি। যার কারণে যানজট থেকে আমরা রেহাই পাচ্ছি না। ফলে কোন কিছু সময় মতো শেষ করা যাচ্ছে না। সরকার নানাভাবে দেশের যনজট কমানো উদ্যোগ নিচ্ছে কিন্তু কোন ফরমূলা-ই কাজে আসছে না। তার উপর রাস্তা গুলিতে সংস্কারের কাজ চলে সারা বছর ধরেই। এটাও যনজটের একটি প্রধান কারণ।

পানি, গ্যাস ও বিদ্যুতের অভাব

একটি দেশের শিল্প কারখানা পানি, বিদ্যুৎ ও গ্যাসের নিরুবচ্ছিন্ন সরবরাহের উপর নির্ভর করে। কিন্তু আমাদের দেশে পানি, বিদ্যুৎ ও গ্যাসের যথেষ্ট অভাব রয়েছে। যার কারণে নতুন নতুন শিল্প কারখানা সহজে গড়ে উঠতে পারছে না। যে গুলি চালু হয়েছে সেগুলির বেশ কিছু ইতোমধ্যে বন্ধ হয়েছে এবং আরো অনেকগুলি বন্ধ হয়ে যাওয়ার উপক্রমে উপনিত হয়েছে। ১৯ ডিসেম্বরের দৈনিক ইত্তেফাক পত্রিকার প্রকাশিত হয়েছে যে, দেশের ১৪৮ টি পোশাক শিল্প কারখানা বন্ধ হয়েছে। তার অন্যতম কারণের একটি হলো পানি, গ্যাস ও বিদ্যুতের পর্যাপ্ত সরবরাহ না থাকা।

তৈরী পোশাক শিল্প কারখানায় চাহিদামত বিদ্যুৎ না থাকায় কারখানা চালু রাখতে জেনারেটরের ব্যবস্থা করতে হয়। ফলে পণ্যের উৎপাদন খরচ বেড়ে যায়। পণ্যের বিক্রয় মূল্যও বেড়ে যায়। বিদেশী বাইয়াররা বেশি দামে কিনতে চায় না। অনেকে আবার দামের কারণে অর্ডার কম দেয় বা অর্ডারই দিতে চায় না।

পোশাকের নিম্নমান

পোশাক শিল্পের জন্য ব্যাকওয়ার্ড লিংকেজ গড়ে না উঠার কারণে এসবের জন্য আমাদের বিদেশের উপর নির্ভর করতে হয়। কিন্তু বিদেশ থেকে এসমস্ত জিনিস আমদানি করতে প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যয় করতে হয়। কিন্তু কিছু অসৎ ব্যবসায়ী কম মূল্যের দ্রব্য আমদানি করে। যার দ্বারা উৎপাদিত পণ্য গুণে-মানে নিম্ন মানের হয়ে থাকে। যার কারণে রপ্তানীকারকরা চুক্তি অনুযায়ী পোশাক সরবরাহ করতে পারে না। ফলস্বরুপ বিদেশে আমাদের তৈরী পোশাকের চাহিদা ও মূল্য দুই-ই কমে যায়। এভাবে আমরা প্রচুর বৈদেশিক মুদ্রা উপার্জন থেকে বঞ্চিত হচ্ছি।

অর্ডার কম পাচ্ছে

বাংলাদেশের পোশাক শিল্পের বাজার হলো স্বল্পকালীন সময়ের জন্য। এ কারণেই অনেক পোশাক শিল্প প্রতিষ্ঠান কয়েক মাস চলার পর বন্ধ হয়ে যায় কিংবা কোন কাজ না থাকায় শিল্প উদ্যোক্তারা বন্ধ করে দিতে বাধ্য হন। ফলশ্রুতিতে এ খাতে নানা সময় অস্থিতিশীলতা দেখা যায়।

বাজারের স্থায়িত্ব

বাংলাদেশের তৈরী পোশাক শিল্পের বাজার বছরের অধিকাংশ সময়ের জন্য নয়। এটা ছয় থেকে আট মাসের। যার জন্য চার থেকে ছয় মাস অধিকাংশ গার্মেন্টস কারখানায় কোন কাজ থাকে না। শিল্প উদ্যোক্তারা কারখানা বন্ধ করে দিতে বাধ্য হন। ফলে এসব কারখানায় নিয়োজিত কর্মীরা বেকার হয়ে পড়ে। যে কারণে কারখানা বন্ধ করা নিয়ে কর্মীদের সাথে উদ্যোক্তা পক্ষের মধ্যে অসন্তোষ থেকে সহিংস ঘটনার জন্ম হয়।

সময়মত অর্ডার সরবরাহ না করা

বিদ্যুৎ ও গ্যাসের নিরবিচ্ছিন্ন সরবরাহের অভাব, শ্রমিক অসন্তোষ, দেশের রাজনৈতিক অস্থিতিশীলতা, বন্দর সমস্যা, অবকাঠামোগত সমস্যা প্রভৃতি নানাবিধ কারণে রপ্তানীকারকগণ তাদের পণ্যের সরবরাহ সময়মত দিতে পারেন না। যার দরুণ পোশাক শিল্পে অর্থনৈতিক বিপর্যয় দেখা যায়।

গবেষণার অভাব

তৈরী পোশাক দেশের সবচেয়ে বড় বৈদেশিক মুদ্রা অর্জনকারী একটি শিল্প। আর এর উন্নয়নে সরকারের কার্যকর কোন গবেষণা সেল নেই। নতুন বাজার খোজা, রপ্তানি প্রতিযোগিতায় টিকে থাকা, সৃজনশীলতা ইত্যাদি বিষয়ে গবেষনা না থাকায় বাংলাদেশ আশির দশকে যেসব পণ্য উৎপাদিত হতো এবং যে সব দেশে রপ্তানী করা হতো তার মধ্যেই এখনো আবদ্ধ রয়েছে। কিন্তু মানুষের মন বড়ই বৈচিত্র্যময়। সময়ের সাথে সাথে তার চাহিদা, পছন্দ, রুচি-অভিরুচির পরিবর্তন ঘটে। তার পছন্দের সাথে মিল রেখেই আমাদের পোশাক তৈরী করতে হবে। কিন্তু এর জন্য প্রয়োজন গবেষণার। কোন দেশে কোন রঙ্গের, কোন ডিজাইনের পণ্যের চাহিদা বাড়ছে, বর্তমান ক্রেতাকে ধরে রাখা, নতুন ক্রেতা জোগার করা, নতুন অর্ডার সরবরাহ করা সেসব বিষয়ে যথাযথ গবেষনা অতি প্রয়োজন।

উপরোক্ত সমস্যা ছাড়াও তৈরী পোশাক খাতে আরো নানমুখী সমস্যা রয়েছে। নিম্নে আরো কিছু সমস্যার আদ্যো-পান্ত তুলে ধরছি।

দক্ষ শ্রমিকের অভাব

বাংলাদেশে বিপুল জনগোষ্ঠী বেকার থাকলেও এদের অধিকাংশ অদক্ষ। এরাই আমাদের তৈরী পোশাক শিল্পে কাজ করছে। ফলে বিদেশী ক্রেতাদের চাহিদা অনুযায়ী পোশাক উৎপাদন করার কর্মদক্ষতা এদের নেই। এতে তৈরী পোশাকের মান আশানুরুপ হয় না। যার জন্যে কখনো কখনো রপ্তানীকারকদের বিদেশী বাইয়ার (ক্রেতা) হারাতে হয়। যার ফলশ্রুতিতে শিল্প উদ্যোক্তাগণ বিদেশ থেকে উচ্চ বেতন দিয়ে দক্ষ ও অভিজ্ঞ কর্মী নিয়ে আসছেন। আমরা যদি লক্ষ্য করি তাহলে দেখতে পাব শ্রীলংকা থেকে ৩০ হাজার, পাঁচ হাজার চীন থেকে, দুই হাজার মালয়েশিয়া থেকে, এক হাজার পাকিস্তান থেকে, দুই হাজর ভারত থেকে, ১২শত ফিলিপাইন্স থেকে এবং সাতশত থাইল্যান্ড থেকে অনেক এ ধরণের দক্ষ ও প্রশিক্ষিত কর্মী বাংলাদেশের তৈরী পোশাক শিল্পে নিয়োজিত রয়েছে।

সমন্বয়হীনতা

গার্মেন্টস শিল্পের আরো এগিয়ে না যাওয়ার পেছনে অন্যতম প্রধান প্রতিবন্ধকতা হলো সরকার, শিল্প উদ্যোক্তা এবং বিভিন্ন ব্যবসায়িক বডির মধ্যে কোন সমন্বয়হীনতা। যার কারণে অনেক বিষয়ই আজও তারা একমত হতে পারে নি। মতৈক্যে না পৌছা বিষয়গুলির মধ্যে রয়েছে এশিল্পের জন্য সুনির্ধারিত পলিসি প্রনয়ণ, ন্যূনতম মজুরি নির্ধারণ, কর্মী ছাঁটাইসহ আরো নানা বিষয়।

মান নিয়ন্ত্রণ

দেশী ও বিদেশী বাজারে প্রতিযোগিতায় টিকে থাকার জন্য উৎপাদিত পণ্যের একটি গ্রহনযোগ্য মান অবশ্যই থাকতে হবে। এ জন্য সকল শিল্পপণ্য উৎপাদনকারীকে মান নিয়ন্ত্রণ ব্যবস্থা কঠোরভাবে মেনে চলতে হবে। কিন্তু প্রায় ৪ হাজারের মতো পোশাক শিল্প-কারখানায় বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই)সহ দু তিনটি প্রতিষ্ঠান এ ব্যাপারে দায়িত্ব পালন করে যাচ্ছে। কিন্তু তারপরও বিদেশী বাইয়ারদের অর্ডার অনুযায়ী আমাদের পোশাক শিল্প উদ্যোক্তারা তাদের তৈরী পোশাকের মান উন্নত করতে পারছে না। আসলে এত পোশাক শিল্পে গুটি কয়েক প্রতিষ্ঠানের তদারকী কাজ ভালভাবে করতে পারে না। এজন্য ব্যবসায়িক সংগঠনকেই দায়িত্ব নিতে হবে।

দক্ষতা উন্নয়ন

আমাদের দেশের পোশাক শিল্পে নিয়োজিত কর্মীদের কোন প্রাতিষ্ঠানিক দক্ষতা নেই। যার কারণে পোশাকের মান তাদের দ্বারা তেমন ভাল করা যায় না। এ কারণেই শিল্প উদ্যোক্তাদের বিদেশ থেকে বেশি বেতন দিয়ে দক্ষ কর্মী বাহিনী নিয়ে আসতে হচ্ছে। এতে প্রতি বছর প্রচুর বৈদেশিক মুদ্রা তাদের পেছনে ব্যয় করতে হচ্ছে। কিন্তু আমাদের অদক্ষ কর্মীদের প্রশিক্ষণ দেয়ার জন্য আগে কোন প্রশিক্ষণ ইন্সটিটিউট ছিল না। বর্তমানে কিছু চালু করা হলে এত সংখ্যক কর্মীর জন্য তা যথেষ্ট নয়। ফলে আমাদের অদক্ষ কর্মীরা অদক্ষই রয়ে গেছে। শিল্পনীতিতে বলা হয়েছে যে, সরকারী ও বেসরকারী খাতে শ্রমিক, কারিগর ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রচেষ্টা চালানোর কথা। এ উদ্দেশ্যে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন নামে একটি সরকারী প্রতিষ্ঠান কাজ করে যাচ্ছে। কিন্তু প্রশ্ন হলো একটি প্রতিষ্ঠানই কী এই বিপুল সংখ্যক অদক্ষ কর্মীকে দক্ষ করে তুলতে পারবে?

কাঁচামালের স্বল্পতা

দেশের পোশাক শিল্পের জন্য প্রয়োজনীয় ও উন্নত মান সম্পন্ন কাপড়ের যথেষ্ট অভাব রয়েছে। এমনিতেই বাংলাদেশের কাপড় উৎপাদনে স্বয়ংসম্পন্ন নয়। তার ওপর আবার উৎপাদিত কাপড়ের একটি বড় অংশের গুণগত মান নিম্ন হওয়ায় পোশাক শিল্পে ব্যবহার করা যায় না। এজন্য প্রয়োজনীয় কাপড় বিদেশ থেকে আমদানি করতে গিয়ে বৈদেশিক মুদ্রা ও সময়ের অপচয় ঘটে।

ব্যাংকিং খাতের অব্যবস্থাপনা

এ খাতের অব্যবস্থাপনার কারণে প্রায়শই লেটার অব ক্রেডিট (এলসি) খোলাসহ ঋণ পেতে বিলম্ব হয়। এর ফলে উদ্যোক্তারা সময়মত কাঁচামাল আমদানি ও তৈরী পোশাক সরবরাহ করতে ব্যর্থ হয়। এ কারণে তাদেরকে অনেকসময় বিদেশী ক্রেতা হারাতে হয়। আবার পোশাক কর্মীদের নিয়মিত বেতন-ভাতা, ঈদের বোনাস সময় মত দিতে পারে না। যা অনেক সময় অপ্রীতিকর ঘটনার জন্ম দেয়। সম্প্রতি ঘটে যাওয়া নিপ্পন গার্মেন্টস এর প্রকৃষ্ট উদাহরণ হতে পারে।

রাজনৈতিক অস্থিতিশীলতা

রাজনৈতিক অস্থিতিশীলতা বাংলাদেশে একটি স্থায়ী ঘটনায় পরিণত হয়েছে। রাজনৈতিক দলগুলো বিভিন্ন দাবিতে প্রায়শই হরতাল, অবরোধসহ বিভিন্ন কমসূচির ডাক দিয়ে থাকে। এর ফলে মালামাল সময় মত শিপমেন্ট করা যায় না। সময় মত সরবরাহ না পেয়ে আমদানিকারকগণ তাদের অর্ডার বাতিল করে দেয়। ফলে পোশাক শিল্পকে কোটি কোটি টাকা লোকসান দিতে হয়।

পরিবহন সমস্যা

পরিবহনের সমস্যা বাংলাদেশের পোশাক শিল্পের বিকাশের পথে একটি অন্যতম প্রধান সমস্যা। বিশ্বের অন্যান্য দেশে যখন ২৪ ঘন্টার মধ্যে বন্দর থেকে মালামাল খালাস করা যায় সেখানে আমাদের দেশে এ কাজে সময় লাগে কয়েক সপ্তাহ। ফলে কাঁচামাল খালাস ও শিপমেন্ট করতে যে অতিরিক্ত সময় লাগে তাতে করে বিদেশী ক্রয়কারী সংস্থাগুলো বাংলাদেশ থেকে পোশাক আমদানিতে নিরুৎসাহিত হয়।

ঋণের অভাব

তৈরী পোশাক শিল্পের উদ্যোক্তাগণ অনেক সময় প্রয়োজনীয় ব্যাংক ঋণ পান না। যার কারণে তারা নতুন কল-কারখানা স্থাপনসহ বিদ্যমান কারখানার উন্নয়ন ও সম্প্রসারণ, নতুন যন্ত্রপাতি আমদানি, কর্মীদের বেতন-ভাতা, বোনাস ইত্যাদি কাজকর্ম সম্পাদন করতে পারে না। প্রয়োজনীয় ক্যাপিটালের অভাবের কারণে তাই তৈরী পোশাক শিল্পের উন্নয়ন ব্যাহত হয়।

আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি

দেশে আইন-শৃঙ্খলার উদ্বেগজনক পরিস্থিতি এ শিল্প খাতের বিকাশে আরো একটি প্রধান প্রতিবন্ধক। সন্ত্রাসী, চাঁদাবাজি, মারামারি প্রভৃতি কারণে অনেকে নতুন শিল্প স্থাপনে আগ্রহ হারিয়ে ফেলে। যার ফলে অনেক সময় কল-কারখানায় স্বাভাবিক উৎপাদন কর্মকান্ড ব্যাহত হয়।

অনুন্নত অবকাঠামো

পোশাক শিল্পের জন্য দরকারী অবকাঠামো বিশেষ করে গ্যাস, বিদ্যুৎ নিরবিচ্ছিন্ন সরবরাহের অভাবের কারণে অনেক শিল্প কারখানা স্থাপনে দেরি হচ্ছে। সময় মত গ্যাস ও বিদ্যুত না পাওয়া, নতুন সংযোগ না পাওয়া উৎপাদন শুরুতে অযথা বিলম্ব ঘটে। যার কারণে বিপুল অঙ্কের ক্ষতি হয়। অনেক শিল্প উদ্যোক্তা তাই শিল্প স্থাপনে তার অমিত আগ্রহ হারিয়ে ফেলে।

মিডিয়ার নেতিবাচক কাভারেজ

যেখানে ৩০ থেকে ৩৫ লাখ মানুষের ব্যাপার সেখানে কিছু একটা অপ্রীতিকর ঘটনা ঘটেতেই পারে। আর মিডিয়া তাতে আবেগে আপ্লুত হয়ে সেই ঘটনার খবর নানা ভাবে পরিবেশন করে থাকে। এতে নানা ধরণের গুজব তৈরী হয়। গুজব থেকে বড় ধরণের ঘটনা ঘটে থাকে। সড়ক অবরোধ করে মূল্যবান গাড়ী ভাংচুর, শিল্প কারখানায় ভাংচুরসহ মানুষের প্রাণ পর্যন্ত সংহারের ঘটনা ঘটে। এটা অনেক সময় এই শিল্পের উন্নয়নকে বাঁধাগ্রস্ত করে।

কূটনৈতিক মিশন ও বাণিজ্যিক উইং

বিদেশে বাংলাদেশের যে সমস্ত কূটনৈতিক মিশন ও বাণিজ্যিক উইং আছে তাদের অনেক গুলি কাজের মধ্যে একটি হলো কিভাবে দেশের রপ্তানী বাড়ানো যাবে তার জন্যে কাজ করা। কিন্তু বিদেশের কিছূ মিশন ও উইং ছাড়া সবাই তাদের টার্গেট অনুযায়ী কোন কাজ করতে পারছে না। চলতি ২০০৯-২০১০ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বরে ৪৪ টি কূটনৈতিক মিশনের মধ্যে ২৮ টি রপ্তানী আয়ের টার্গেট পূরণ করতে পারেনি। মিশনগুলির মধ্যে নয়াদিল্লি, ব্রাসেলস, বার্লিন, লন্ডন, রোম, মাদ্রিদ, তাসখন্দ, মরক্কো, প্যারিস, আম্মান, ব্রুনাই প্রভৃতি। অন্যদিকে রপ্তানীর নতুন বাজার তৈরি ও বাংলাদেশী পণ্য বিদেশে ব্যাপকভাবে পরিচিতির জন্য নিয়োজিত বাণিজ্যিক উইংগুলোর অবস্থাও একই রকমের। বিদেশে ১৬ টি বাণিজ্যিক মিশনের ১০ টিই অর্থবছরের প্রথম প্রান্তিকে রপ্তানী আয়ের টার্গেট অর্জনে ব্যর্থ হয়েছে। উইংগুলির মধ্যে বেইজিং, তেহরান, টোকিও, কুয়ালালামপুর, দুবাই, ইয়াঙ্গুন প্রভৃতি উল্লেখযোগ্য।

রপ্তানী আয়ের টার্গেট অর্জনে ব্যর্থতার কারণ হলো বিদেশে বাংলাদেশের মিশন ও উইংগুলোর কর্মকর্তারা রাজনৈতিক নেতাদের প্রটোকল নিয়েই ব্যস্ত থাকে। সেই সঙ্গে রয়েছে তাদের ভোগ-

বিলাসী জীবনযাপনের অভিযোগও। ফলে রপ্তানীকারকরা এসব মিশন ও উইং থেকে বাজার সম্প্রসারণে ও পণ্য রপ্তানির বেলায় নূন্যতম সহযোগিতাও পান না।

লবিস্ট নিয়োগ

কোন দেশের রপ্তানী বাজার ধরতে কখনো কখনো দেশের পক্ষ থেকে লবিস্ট নিয়োগ করতে হয়। লবিস্টরা উদ্দিষ্ট দেশে আলাপ-আলোচনা, নেগোশিয়েশন করে বাজার ধরতে সাহায্য করে থাকে। এদের পিছনে কোটি কোটি টাকা খরচ করতে হয়। কিন্তু সব সময় এই লবিস্টদের মাধ্যমে বাজার ধরা সম্ভব হয় না। ফলে কোটি কোটি টাকা বিফলে যায়। যেমন বাংলাদেশের কথাই ধরা যাক। আমেরিকার বিশাল বাজারে প্রবেশ করার জন্য কোটি কোটি টাকা খরচ করে লবিস্ট নিয়োগ করার পরও তেমন কাজ হয় নি। ফলে অনেক বিশেষজ্ঞ এই অভিমত ব্যক্ত করেছেন যে, এত কোটি টাকা লবিস্টদের পেছনে খরচ না করে সেই টাকা নতুন কোন দেশের বাজার তৈরীর পেছনে ব্যয় করলেই বেশি লাভবান হতো। তাই লবিস্টদের পেছনে কোটি কোটি টাকা খরচ করার যথার্থতা যাচাই প্রয়োজন হয়ে পড়েছে।

প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছে দেশ

বস্ত্রশিল্প মালিকরা বলছেন, প্রতিযোগী দেশ ভারত মন্দা কাটাতে সেখানকার উদ্যোক্তাদের সুবিধা দেয়ার কারণে তারা অসম প্রতিযোগিতায় পড়েছেন। ভারত, পাকিস্তান এবং অন্যান্য দেশ কম মূল্যে সূতা বিক্রি করা শুরু করেছে। এতে বাংলাদেশের কারখানাগুলো চ্যালেঞ্জের মুখে পড়েছে। কারখানা বন্ধ হবার কারণে শ্রমিকরা বেকার হচ্ছে।

বাংলাদেশের তৈরি পোশাকের প্রতিযোগী দেশগুলো নিজেদের শিল্পের সুরক্ষার জন্য নানা ধরনের সুবিধা ঘোষণা করেছে। ভারত সরকার তাদের দেশের মুদ্রা ২৭ শতাংশ অবমূল্যায়ন করেছে। এর ওপর তারা রপ্তানিকারকদের ৬ শতাংশ হারে গবেষণা ও উন্নয়ন তহবিল সরবরাহ করছে। চীন সরকার তাদের রপ্তানিকারকদের জন্য ১৭ শতাংশ কর মওকুফ করেছে। তারা ১৫ শতাংশ নগদ আর্থিক সহায়তাও দিচ্ছে রপ্তানিকারকদের। পাকিস্তান তাদের মুদ্রার ২০ শতাংশ অবমূল্যায়ন করেছে। এছাড়া তারা ৮ শতাংশ তহবিলও সরবরাহ করছে।

পোশাক শিল্পে ট্রেড ইউনিয়ন চালু (!)

তৈরী পোশাক শিল্পে শ্রমিক ইউনিয়ন গঠন নিয়ে নানা সময়ে আলোচনা-সমালোচনা-বিতর্ক হয়েছে। তবে এ খাতে ইতোমধ্যে ১৭ থেকে ১৮টি ফেডারেশন গড়ে উঠেছে। ২০০৬ সালে তৈরী পোশাক শিল্প খাতে পোশাককর্মীদের ব্যাপক অসন্তোষের প্রেক্ষাপটে সরকার, শিল্প উদ্যোক্তা ও শ্রমিক নেতাদের ত্রিপক্ষীয় বৈঠকে শ্রমিক ইউনিয়ন গঠনের সিদ্ধান্ত হয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত গার্মেন্টস শিল্পের বাস্তবিক নানা দিক বিবেচনা করে শ্রমিক ইউনিয়ন চালু করা সম্ভব হয়ে ওঠেনি। পাশাপাশি শিল্পের সাথে সম্পৃক্ত বিভিন্ন পক্ষ পোশাক শিল্পে শ্রমিক সংগঠন গড়ে তোলার বিপক্ষে নানা মতামত ও যুক্তি তুলে ধরেন।

দলবাজি ও রাজনৈতিকীকরণের সুযোগ সৃষ্টি

ট্রেড ইউনিয়ন করার সুযোগ দেয়া হলে বিভিন্ন রাজনৈতিক দল নিজেদেরে স্বার্থে পোশাককর্মীদের ব্যবহার করবে। কর্মীদের নিয়ে দলবাজি করা, রাজনৈতিকীকরণ করার সুযোগ তৈরী হবে। সুযোগ সন্ধানী ব্যক্তি নিজ স্বার্থ বা

রাজনৈতিক স্বার্থ হাসিলে সরলমনা পোশাককর্মীদের ব্যবহার করতে পারে। যার মধ্য দিয়ে দলাদলির সৃষ্টি হবে, দাঙ্গা-হাঙ্গামা সৃষ্টি হবে। বিরোধি দল সরকার পতনের আন্দোলনে শ্রমিক নেতাদের সাথে যোগসাজসে পোশাকর্মীদের ব্যবহার করতে পারে। ফলে সম্ভাবনাময় এই খাত ধ্বংস হয়ে যাবার আশংকা তৈরী হয়।

শ্রমিক নেতাদের স্বার্থে ব্যবহার

পোশাক শিল্পে যেখানে ৩০ লাখের অধিক পোশাককর্মী নিয়োজিত, সেখানে ভোটের একটা ব্যাপার কাজ করবে। আর ইউনিয়ন চালুর সুযোগে রাজনীতিবিদরা ইউনিয়ন নেতাদের নিয়ন্ত্রণের মাধ্যমে গার্মেন্টস কর্মী নিজেদের স্বার্থে ব্যবহার করতে পারে। ফলে কারখানায় বিশৃঙ্খলা সৃষ্টি হবে, উৎপাদন কমে যাবে। পাশাপাশি আমাদের দেশের পোশাক শিল্পের সম্ভাবনা দেখে দেশী-বিদেশী যে সব বিনিয়োগকারীরা বিনিয়োগ করেছেন বর্তমানের এই পরিস্থিতিতে তারা আর বিনিয়োগের আগ্রহ দেখাবেন না।

মাস্তান ও সন্ত্রাসী তৈরী

তৈরী পোশাক শিল্পে শ্রমিক ইউনিয়নের সুযোগ দেওয়া হলে বিভিন্ন গ্রুপিং সৃষ্টি ও দলের নেতৃত্ব দেওয়াকে কেন্দ্র করে কারণে নতুন করে স্থানীয় চাঁদাবাজ, সন্ত্রাসী ও মাসলম্যানের জন্ম হবে। ফলে এই শিল্প আরো অরাজক পরিস্থিতির মধ্যে নিপতিত হয়ে পড়বে।

গ্রুপিংয়ের সৃষ্টি

ট্রেড ইউনিয়নের ক্ষমতা দখল করা নিয়ে গ্রুপিংয়ের সৃষ্টি হবে। এ জন্য সব সময় শিল্প-কারখানায় সহিংস ঘটনা ঘটার সম্ভাবনা থাকবে। ফলে দেশের এক সময়ের গোল্ডেন খাত হিসেবে পরিচিত পাট শিল্পের মতো তৈরী পোশাক শিল্পও ধ্বংস হওয়ার আশংকা তৈরী হবে।

সম্পর্কে টানাপোড়ন

ইউনিয়ন চালুর মধ্য দিয়ে পোশাক শিল্পে উদ্যোক্তা ও কর্মীদের মাঝে যোগাযোগ বাড়ানোর যে কথা বলা হয় তা ভিত্তিহীন। ট্রেড ইউনিয়ন চালু হলে বরং তাদের মধ্যে সম্পর্কের অবনতি হবে। নিজেদের স্বার্থে ইউনিয়ন নেতারা শ্রমিকদের বিপথগামী করতে পারে। প্রায় ৩০ বছর ধরে চলা প্রতিষ্ঠিত একটি শিল্পের মধ্যে হঠাৎ করে একটি নতুন পদ্ধতি চালু হলে উদ্যোক্তা-পোশাককর্মীদের সম্পর্কে টানাপোড়েন সৃষ্টির মতো নানা ধরণের সমস্যা ও বিপর্যয় সৃষ্টি হওয়ার আশঙ্কাকে উড়িয়ে দেয়া যায় না। যার মধ্য দিয়ে উৎপাদন ব্যহত হওয়া থেকে শুরু করে দেশের সার্বিক অর্থনীতি ক্ষতিগ্রস্থ হতে পারে।

নতুন ভীতির কারণ

সরকারের ইউনিয়ন চালুর সিদ্ধান্তের প্রেক্ষিতে এই শিল্পে বিনিয়োগকারী ব্যক্তি, প্রতিষ্ঠান, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠানসহ সকল পক্ষ এক ধরনের ভীতির মধ্যে রয়েছে। যা শিল্প বিকাশে একটি বড় বাঁধা। একইসাথে দেশের অর্থনীতি বিপর্যয়ের দিকে যাবে।

প্রতিযোগিতায় পিছিয়ে পড়ার আশঙ্কা বৃদ্ধি

রপ্তানি বাজারে পার্শ্ববতী দেশ চীন, ভারত, শ্রীলংকা, ভিয়েতনাম, কম্বোডিয়া, পাকিস্তান ইত্যাদি দেশের সাথে আমাদের পোশাক শিল্পকে প্রতিনিয়ত তীব্র প্রতিযোগিতা করতে হচ্ছে। সেখানে যদি আমাদের পোশাক শিল্পে ট্রেড ইউনিয়ন চালু ও এর সম্ভাব্য নেতিবাচক প্রভাবের কথা চিন্তায় হয়, তাহলে পার্শ্ববর্তী দেশের সাথে প্রতিযোগিতায় পিছিয়ে পড়ার আশঙ্কা থাকে। এবং রপ্তানি আয় উল্লেখযোগ্য হারে কমে যাবার আশঙ্কা থাকে।

বিনিয়োগ কমে যাওয়ার সম্ভাবনা

ট্রেড ইউনিয়ন চালুর প্রেক্ষিতে ইউনিয়ন নেতাদের মধ্যে দলাদলি হলে, শিল্পে যে কোন ধরনের সহিংসতা সৃষ্টি হতে পারে। ফলে বিদেশী বায়ার এবং বিনিয়োগকারীদের কাছেও দেশের ইমেজ নষ্ট হবে। এমনকি অন্যান্য শিল্পেও বিদেশীদের বিনিয়োগের আগ্রহ কমে যাবে। এভাবে দেশের সামগ্রিক অর্থনীতি ক্ষতিগ্রস্থ হবে।

অন্যায্য দাবি আদায়ে চাপ সৃষ্টি

ট্রেড ইউনিয়ন চালু হলে ইউনিয়ন নেতারা শিল্পে নিয়োজিত পোশাককর্মীদের মাধ্যমে অনেক অন্যায্য দাবি আদায়ে উদ্যোক্তাদের উপর চাপ সৃষ্টি করবে। যার মধ্য দিয়ে দু-পক্ষের সম্পর্কের অবনতি হবে। ফলস্বরূপ, শিল্পে উৎপাদন হ্রাস পাবে, অসংখ্য মানুষ চাকুরীচ্যুত হবে, বেকার সমস্যা তীব্র হবে, এবং সর্বোপরি, আমাদের স্বয়ং-সম্পুর্ন বস্ত্রখাত শিল্প ধ্বংসের মুখে পতিত হবে।

আপামোর জনসাধারণের সুযোগ নষ্ট

এ শিল্পে বিপর্যয়ের কারণে আর্ন্তজাতিক বাজারের পাশাপাশি দেশের অভ্যন্তরীণ বস্ত্র বাজারে সস্তায় পাওয়া পোশাক পণ্যের বাজারও বিপর্যয়ের সম্মুখীন হবে। এবং আপামোর জনসাধারণ অতি অল্প দামে ও সস্তায় যেভাবে কাপড় কিনতে পারছে, শিল্পে কোন ধরনের সমস্যা হলে সে সুযোগটিও হারাবে বাংলাদেশ।

বাড়তি ঝামেলা সৃষ্টি

তৈরী পোশাক শিল্প বর্তমানে যে ধরণের অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে সেখানে পণ্যের গুণগতমান, শিপমেন্ট টাইম যথাযথভাবে পুরণ করা অনেকাংশে সম্ভব হয় না। তার উপর ইউনিয়ন চালু হলে এ শিল্পের অবনতি ছাড়া উন্নতি আশা করা যায় না।

শিল্প উদ্যোক্তরা নিরুৎসাহিত

সরকার, ব্যবসায়িক সংগঠন, শ্রমিক নেতা ও ইউনিয়ন এবং বেসরকারী সংস্থাগুলোর ভূমিকার কারণে পোশাক শিল্পে ট্রেড ইউনিয়ন চালুর মধ্য দিয়ে এ শিল্পে যে কোন ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি তৈরী হলে শিল্প উদ্যোক্তরা পোশাক শিল্পে আসতে, বিনিয়োগ করতে নিরুৎসাহিত হবেন। অনেকে বিনিয়োগকৃত মূলধন ধীরে ধীরে অন্য খাতে সরিয়ে নেবে।

সামাজিক সন্ত্রাসের পরিমাণ বৃদ্ধি

ট্রেড ইউনিয়ন চালু ও পোশাক শিল্পে অস্থিরতা দেখা দিলে সামাজিক সন্ত্রাস বহুলাংশে বেড়ে যাবে।

প্যারালাল প্রশাসনের সৃষ্টি

ট্রেড ইউনিয়নের ফলে শিল্প প্রতিষ্ঠানে একটি প্যারালাল ব্যবস্থাপনা সৃষ্টি হবে, যাতে প্রাতিষ্ঠানিক প্রশাসন ব্যবস্থা ভেঙ্গে পড়বে। যার ফলশ্রুতিতে উৎপাদন হ্রাসের পাশাপাশি সার্বিক রপ্তানির পরিমান কমে যাবে।

সৃজনশীলতা ও মনোযোগ নষ্ট

আন্তর্জাতিক বাজারে টিকে থাকার জন্য পন্যের গুনগতমান বৃদ্ধি ও ক্রেতাদের নানা মাত্রিক চাহিদা পূরণে উদ্যোক্তারা পোশাকের নানা মাত্রিক সৃজনশীলতার বিষয়ে মগ্ন থাকতে হয়। এমনকি সৃজনশীলতা নিয়ে প্রতিনিয়ত প্রতিযোগিতাও করতে হচ্ছে। শিল্পে শ্রমিক ইউনিয়ন এর মতো আনপ্রোডাকটিভ একটি বিষয় চালু নিয়ে মাতামাতি করা শিল্পকে ধ্বংস করারই নামান্তর হিসেবে বিবেচিত হয়। এবং যারা ট্রেড ইউনিয়ন চালুর ব্যাপারে সাফাই গাইছেন তারা শিল্পের বাস্তবিক অবস্থা সম্পর্কে সম্পূর্নরূপে অবগত কী-না তা নিয়ে সংশয় রয়েছে।

দস্যুপনার ঘটনা

যেখানে শ্রমিক ইউনিয়ন থাকবে, যেখানে নেতা-কর্মীরা থাকবে, সেখানে চাঁদাবাজির মতো দস্যুপনার ঘটনা ঘটবেই। আমাদের সমাজ বাস্তবতা তা-ই প্রমান করে। ফলশ্রুতিতে দেশে গার্মেন্টস শিল্পের মতো সম্ভাবনাময় নতুন কোন শিল্পের বিকাশ লাভ করবে না।

নতুন প্রজন্মের উদ্যোক্তা তৈরী না হওয়া

শিল্পে কোন ধরনের অশান্তি, বিশৃঙ্খলা দেখা দিলে নতুন প্রজন্মের উদ্যোক্তরা এ শিল্পে বিনিয়োগে আগ্রহ হারাবে। ফলে সমস্যা আরো ঘনিভূত হবে। গার্মেন্টস শিল্প অনাকাঙ্খিত যে কোন ঘটনার প্রেক্ষিতে:

- বেকারত্ব বেড়ে যাবে
- জাতীয় অর্থনীতি মুখ থুবরে পড়বে
- নারী শ্রমিকরা কোন কারণে চাকুরি হারালে তারা অবৈধ পেশায় জড়াবে
- সমাজে সহিংসতা বাড়বে
- আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটবে
- সামাজিক অশান্তি সৃষ্টি হবে
- রাজনৈতিক অস্থিরতা তৈরী হবে
- পোশাককর্মীরা কাজ বাদ দিয়ে মিছিল, মিটিং, সমাবেশ, আন্দোলনে যোগ দেবে।

যেসব যুক্তি ও ব্যাখ্যা দাঁড় করিয়ে গার্মেন্টস শিল্পে শ্রমিক ইউনিয়ন চালুর কথা বলা হয় এবং পোশাককর্মীদের যেসব স্বার্থ রক্ষার জন্য ইউনিয়ন চালুর প্রস্তাব করা হয় সেগুলোর বাস্তবতা যাচাই এবং পুর্ননিরীক্ষন আবশ্যক। পাশাপাশি তেরী পোশাক শিল্পে পোশাককর্মীদের বর্তমান সময়ে দেওয়া নানা মাত্রিক সুযোগ সুবিধা, শিল্পের সমকালীন পরিবেশ পর্যবেক্ষন এবং শিল্পের সামগ্রিক অবস্থা বিবেচনায় আনতে হবে। পোশাক শিল্পে শ্রমিক ইউনিয়ন চালু শিল্পের জন্য প্রয়োজনীয় কী-না কিংবা শিল্পের উন্নয়নে ট্রেড ইউনিয়নের ভূমিকা কতটা গুরুত্বপূর্ন তা ভেবে দেখার সময় এসেছে।

গার্মেন্টস শিল্পে পোশাককর্মীদের বেতনের পাশাপাশি আরো যেসব সুযোগ-সুবিধা দেওয়া হয়ে থাকে। রয়েছে **প্রোডাকশন বোনাস, সাপ্তাহিক ছুটি, শ্রমিক কল্যাণ কেন্দ্র, টেকনিক্যাল ট্রেইনিং সেন্টার, রেশনিং ব্যবস্থা, সার্ভিস বুক, শিক্ষা বৃত্তি, গ্রুপ বীমা, মাতৃত্বকালীন ছুটিসহ আরও অনেক সুযোগ-সুবিধা।**

শিল্প বিকাশে আমাদের যা করনীয়

ইতোমধ্যে পোশাক শিল্পের সম্ভাবনা তুলে ধরার পাশাপাশি এই শিল্পের নানামাত্রিক সমস্যাকে দেখানো হয়েছে। শিল্পখাতকে বাঁচাতে, শিল্পের সম্ভাবনাকে বাস্তবে রুপ দিতে এবং উত্তরোত্তর উন্নয়নের জন্য জরুরি ভিত্তিতে কিছু পদক্ষেপ নিতে হবে। নিম্নে তারই কিছু সুপারিশ তুলে ধরা হলো:

এক নজরে করনীয়

বর্তমান বাজারকে ধরে রাখা ও তা আরও উন্নত করা

আমাদের পোশাক পণ্য যে সব দেশে রপ্তানী করা হয়, সেখানে যেন যেন অন্যান্য দেশের সাথে প্রতিযোগিতায় টিকে থাকতে সদা প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। মুক্তবাজার অর্থনীতিতে বাংলাদেশের অবস্থানটা দৃঢ় করতে হবে। বর্তমান বাজারকে ধরে রাখার পাশাপাশি তা আরও সম্প্রসারণ করতে হবে। এজন্য প্রয়োজন ও চাহিদা অনুযায়ী আমাদের পণ্যের মান, ডিজাইন, রঙ, সাইজ, ফ্যাশনের দিক দিয়ে উন্নত করতে হবে।

নতুন বাজার অনুসন্ধান

তিন দশক ধরে বাংলাদেশের গার্মেন্টস সেক্টর গুটিকয়েক বাজারের উপর নির্ভর করে চলেছে। ইউরোপের কয়েকটি দেশের বাজার ব্যতিত নতুন কোন বাজার অনুসন্ধানের দেখা নেই। এসব দেশের সাথে শুল্ক, ট্যারিফ, বাণিজ্যিক চুক্তি, আইনসহ নানা ঝামেলা সত্ত্বেও বিকল্প বাজার অনুসন্ধানে কোন তৎপরতা নেই। এই অবস্থা থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। আমাদেরকে বিশ্বের বিভিন্ন প্রান্তের বাজার অনুসন্ধান করতে হবে সেসব দেশের সাথে আমাদের বাণিজ্যিক সম্পর্ক বাড়ালে আমাদের লাভবান হওয়ার সুযোগ বেশি হবে। সব দেশের সাথে আমাদের ভাল বাণিজ্যিক এবং কূটনৈতিক সম্পর্ক গড়ে তুলতে হবে। রাশিয়া, জাপান, তাইওয়ান, দক্ষিণ আমেরিকার দেশ, আফ্রিকার বাজারের দিকে আমাদের নজর দিতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট দেশগুলিতে আমাদের মিশন ও উইংগুলিকে এ বিষয়ে বিস্তারিত তথ্য জানানোর জন্য তৎপর হতে হবে।

বিশ্ব বাণিজ্য সংস্থার দোহা রাউন্ড আলোচনায় উন্নত এবং অধিক উন্নয়নশীল দেশগুলো স্বল্পোন্নত দেশগুলোর মোট রফতানি পণ্যের প্রোডাক্ট লাইনের ৯৭ শতাংশ পণ্য শুল্কমুক্ত ও কোটামুক্ত প্রবেশাধিকার দিতে সম্মত হয়েছে। দোহা রাউন্ড সম্পন্ন হলেই এ প্রতিশ্রুতির বাস্তবায়ন শুরু হবে। এ সুবিধার পূর্ণ সদ্ব্যবহার করার লক্ষ্যে বাংলাদেশকে এখনই উন্নত ও অধিক উন্নয়নশীল দেশগুলোর বাজার যাচাই করতে হবে। বাজার চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন ব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে। এতে বর্তমান বাজারগুলোতে রফতানি বাড়ানোর সুযোগ সৃষ্টি হবে। (দৈনিক ইত্তেফাক, ১৬ ফেব্রুয়ারী, ২০১০)

অবকাঠামোগত উন্নয়ন

প্রতিটি দেশের উন্নয়নের জন্য তার অবকাঠামোগত উন্নয়ন অত্যন্ত জরুরি। কিন্তু আমাদের দেশে অবকাঠামোর তেমন কোন উন্নয়ন নেই। ভাল রাস্তা নেই। নেই কোন উন্নত পরিবহন। রাস্তার ধারণ ক্ষমতার চেয়ে বেশি সংখ্যক

পরিবহন। যার জন্যে যানজট লেগেই থাকছে। বন্দর ব্যবস্থার আধুনিকীকরণ করতে হবে। ইন্টারনেট ব্যবস্থা চালুকরণসহ বিকল্প রাস্তা তৈরী করতে হবে। ট্রেন ব্যবস্থাকে আধুনিকীকরণ ও যুগোপযুগী করতে হবে।

সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ

শিল্পের উন্নয়ন ও তার বিকাশের জন্য বিদ্যুতের সরবরাহ আবশ্যক। আর পোশাক শিল্পের জন্য বিদ্যুৎ হলো প্রধান চালিকাশক্তি বা ড্রাইভিং ফোর্স। আমাদের দেশে দিন দিন নানা ধরণের শিল্পের সম্প্রসারণ ঘটছে কিন্তু সে অনুযায়ী বিদ্যুতের উৎপাদন বাড়ছে না। যার কারণে শিল্প কারখানায় উৎপাদন বাড়ার বদলে তা শ্লোথ হয়েছে। সার্বক্ষণিক বিদ্যুৎ না থাকায় উৎপাদন প্রক্রিয়া ব্যাহত হচ্ছে। শিপম্যান্ট দিতে দেরি হচ্ছে। জাহাজে পণ্য পৌছাতে দেরি হওয়ায় শেষ বেলায় উড়োজাহাজে পাঠাতে হচ্ছে। বেড়ে যাচ্ছে উৎপাদন খরচ। ক্ষতিগ্রস্থ হচ্ছে উদ্যোক্তা। সামগ্রিক অর্থে ক্ষতিগ্রস্থ হচ্ছে আমাদের শিল্পব্যবস্থা। আমাদের প্রতিদিন বিদ্যুতের চাহিদা হলো ৫ হাজার ৫শত মেগাওয়াট কিন্তু উৎপাদন হচ্ছে ৪ হাজার বা ৪ হাজারের সামান্য বেশি (দু-এক সময়ে)। সব সময় ঘাটতি থাকে ১ হাজার ৬শত মেগাওয়াট। পোশাক শিল্প খাতে বিদ্যুতের সমস্যা মেটানোর জন্য সরকার বিদ্যুতের রেশনিং ব্যবস্থা করলেও তাতে কোন কাজ হচ্ছে না। বিদ্যুৎ উৎপাদন বাড়ানোর কোন বিকল্প নেই। যে করেই হোক বিদ্যুতের উৎপাদন বাড়াতে হবে।

নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ

কলকারখানায় চাহিদা অনুযায়ী গ্যাসের সরবরাহ নেই। গ্যাসের অভাবে উৎপাদনে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। গ্যাস বিদ্যুৎ সংকটের কারণে শিল্প উৎপাদনের সক্ষমতাকে পূর্ণভাবে কাজে লাগানো যাচ্ছে না। অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক বাজারে চাহিদা বাড়লেও সে অনুযায়ী উৎপাদন অব্যাহত রাখা সম্ভব হচ্ছে না। ফলে এক ধরনের অনিশ্চয়তা ও সংশয়ের মধ্যে রয়েছে পোশাকশিল্প উদ্যোক্তারা।

অনিয়মিত গ্যাস সরবরাহ এবং গ্যাসের প্রেসার কমে যাওয়ায় তৈরি পোশাক রপ্তানি শিল্পসহ টেক্সটাইল মিলস্ ও নীটওয়্যার শিল্পসহ দেশের রফতানি খাতের উৎপাদন ব্যাহত হচ্ছে। চলমান এ সংকট যদি দ্রুত সমাধান করা না যায় তবে:

- কয়েকশ কারখানা খুব শিগগিরই বন্ধ হয়ে যাবে
- গ্যাসের প্রেসার না থাকায় জেনারেটর চালানো যাচ্ছে না
- সূতা ও কাপড়ের মিলে মানসম্মত সূতা এবং কাপড় উৎপাদন করা যাচ্ছে না
- গ্যাসের প্রেসার কম থাকায় ডাইং ও আয়রণ করা যাচ্ছে না
- নির্ধারিত সময়ে রপ্তানি করা যাচ্ছে না
- অনেক রফতানিকারক প্রতিষ্ঠানকে নির্ধারিত সময়ে রফতানি চুক্তি ঠিক রাখার জন্য বাড়তি টাকা ব্যয়ে বিমানে রপ্তানি পণ্য পাঠাতে হচ্ছে
- গ্যাসের প্রেসার কম থাকায় রফতানিমুখী শিল্পের উৎপাদন কার্যক্রম বন্ধ হওয়ার উপক্রম হয়েছে
- উৎপাদন বন্ধের পাশাপাশি বিপুল পরিমাণ আর্থিক ক্ষতির মুখে পড়তে হচ্ছে উদ্যোক্তারা
- অপ্রতুল গ্যাস সরবরাহের কারণে ব্যাংক ঋণ, সঠিক সময়ে পণ্য জাহাজীকরণ তথা বিদেশী ক্রেতাকে সময়মত পণ্য সরবরাহেও বিঘ্ন ঘটছে।
- এ পরিস্থিতি অব্যাহত থাকলে রফতানি বাজার হারানোর আশংকাও করছেন উদ্যোক্তারা।

দেশে দৈনিক গ্যাসের চাহিদা হচ্ছে ২৩০ কোটি ঘনফুটের বেশি। উৎপাদন হচ্ছে দৈনিক ১৯৮ কোটি

পোশাক শিল্পের উন্নয়নে যা করণীয়

- পোশাক শিল্পের বর্তমান বাজার ধরে রাখা
- নতুন বাজার অনুসন্ধান
- অবকাঠামোগত উন্নয়ন
- ব্যাংক ঋণের সুদের হার কমানো
- পোশাক পণ্যে বৈচিত্র্য আনায়ন
- পশ্চাৎ সংযোগ শিল্পের উন্নয়ন
- সরকারী ব্যাংক ব্যবস্থার আধুনিকায়ন
- শিল্পকে রাজনৈতিক সংকটের আও তামুক্ত রাখা
- ফ্যাশন ইন্সটিটিউট ও ফ্যাশন হাউজ গড়ে তোলা
- বন্দরকে আধুনিক ইকুইভমেন্টে সাজানো
- বাণিজ্যিক মিশন ও উইংগুলিকে কার্যকর করা
- লবিস্ট নিয়োগে কৃচ্ছতা সাধন
- বছর জুড়ে উৎপাদন নিশ্চয়তা
- জিএসপি সুবিধা গ্রহন
- কর মওকুফ
- কনজেশন সারচার্জ বন্ধকরণ
- কাস্টমস ব্যবস্থার সহজিকরণ
- শিল্প বিষয়ক গবেষণা সেল তৈরী
- পোশাককর্মীদের দক্ষতা বাড়ানো
- মানসিকতার পরিবর্তন
- উদ্যোক্তাদের সামাজিক দায়বদ্ধতা
- রুগ্ন শিল্পের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন
- মিডিয়াকে ইতিবাচক অর্থে ব্যবহার করা
- মনিটরিং সেল গঠন করা

ঘনফুটের মতো। বর্তমানে গ্যাসের প্রমাণিত মজুদ ৭ দশমিক ৫ টিসিএফ এবং সম্ভাব্য মজুদ ৫ দশমিক ৫ টিসিএফ। বাণিজ্যিক জ্বালানি চাহিদার প্রায় ৭৩ শতাংশ প্রাকৃতিক গ্যাস দিয়ে মেটানো হচ্ছে। উৎপাদিত গ্যাসের ৪২ শতাংশ বিদ্যুৎ ও ১৫ শতাংশ সার উৎপাদনে ব্যবহৃত হচ্ছে। দেশের প্রায় ৮৫ শতাংশ বিদ্যুৎ উৎপাদন গ্যাসের উপর নির্ভরশীল। সবমিলিয়ে এই সংকটের কারণে কখনো কখনো কর্মীদের বসিয়ে রেখে বেতন দিতে হয় কিংবা ছুটি দিতে হয়। শ্রম ঘণ্টার অপচয় হওয়ায় উৎপাদনশীলতা নিশ্চিত করা যাচ্ছে না। উপরন্তু শ্রমিকদের বেতনাদি পরিশোধেও হিমশিম খেতে হচ্ছে। বিলম্বে বেতন পরিশোধ কখনো কখনো শ্রমিক অসন্তোষের কারণ হয়ে দাঁড়াচ্ছে।

ব্যাংক ঋণের সুদের হার কমানো

যে কোন শিল্পের জন্যে ব্যাংক ঋণ একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে কাজ করে। আর তৈরী পোশাক শিল্পের জন্য ব্যাংক ঋণ একটি অপরিহার্য নিয়ামক। সব কাজের জন্য শিল্প উদ্যোক্তাদের কাছে সব সময় নগদ মূলধন থাকে না। তাই তাদেরকে ব্যাংক ঋণের উপর নির্ভর করতে হয়। কিন্তু বেসরকারী ব্যাংক ঋণের সুদের হার অনেক বেশি। যা পোশাক শিল্পের বিকাশের পথে অনেক বাধার সৃষ্টি করছে। ব্যবসায়ী ও শিল্প উদ্যোক্তারা সরকারকে

বারবার এ বিষয়ে অবহিত করলেও তাতে সরকারের কোন ইতিবাচক সাড়া নেই। পাশের দেশগুলিতে ব্যাংক ঋনের সুদের হার আমাদের চেয়ে অনেক কম। সেখানে শিল্পকে টিকিয়ে রাখার জন্য এবং প্রতিযোগীদের সাথে টিকে থেকে আন্তর্জাতিক বাজার ধরার জন্য সুদের হার সব সময় কম রাখার নীতি গ্রহন করেছে। ফলে আন্তর্জাতিক বাজারে তারা আমাদের দেশের চেয়ে ভাল অবস্থান তৈরী করতে পেরেছে।

পোশাক পণ্যে বৈচিত্র্য আনয়ন

বর্তমানে নিজেদের তৈরী সুতা ব্যবহার করে এবং সুতা আমদানী করে পোশাক ও পোশাক জাত পণ্য তৈরী করা হচ্ছে। এর মধ্যে বৈচিত্র্যের ঘাটতি রয়েছে। দেশে সাম্প্রতিক উদ্ভাবিত পাটসুতা দিয়ে পোশাক তৈরী করে আমরা অন্যদের চেয়ে এগিয়ে যেতে পারি। পাট দিয়ে সুতা তৈরী করে অন্যদের চেয়ে ভাল এবং দামের দিক দিয়েও অনেক সুলভ মুল্যে বি□ করতে পারি। বর্তমানে গ্লোবাল ওয়ার্মিং নিয়ে নানা কথা হচ্ছে। যার প্রেক্ষিতে উন্নত দেশের মানুষ পরিবেশবান্ধব জিনিসপত্র ব্যবহারের উপর জোর দিচ্ছে। তাই আমাদের জন্যে একটি প্লাস পয়েন্ট হলো পাটসুতা দিয়ে তৈরী পোশাক পরিবেশবান্ধব। বিদেশীদের কাছে এর কদর অত্যন্ত বেশি। ইতোমধ্যে বিদেশী □তারা এদেশের প্রচুর অর্ডার দিচ্ছেন পাটসুতার তৈরী পোশাক নেয়ার জন্য।

এর পাশাপাশি আমাদের ভাবতে হবে মানুষ সব সময় একই জিনিস পছন্দ করে না। সময়ের সাথে সাথে তাদের মন-মানসিকতা, রুচিবোধের পরিবর্তন হয়। সেই দিক খেয়াল রেখে আমাদের পোশাক তৈরী করতে হবে। যেমন বর্তমানে বাচ্চা-শিশুদের পোশাকের বেশ কদর। সেজন্য গতানুগতিক পোশাক তৈরী না করে বিচিত্র্য ধরণের পোশাক উৎপাদনের দিকে নজর দিতে হবে। যুগের সাথে, সময়ের সাথে তাল মিলিয়ে পোশাকে ডিজাইন, ফ্যাশনেবল পোশাক তৈরীর দিকে মনোযোগ দিতে হবে। এভাবে নানা দিক থেকে গার্মেন্টস প্রোডাক্টের বৈচিত্র্য আনায়নের চেষ্টা করতে হবে।

ব্যাকওয়ার্ড ও ফরওয়ার্ড লিংকেজ শিল্পের উন্নয়ন

একটি শিল্পকে সহায়তা করার জন্য আনুষাঙ্গিক অনেক শিল্প প্রতিষ্ঠান, কাঁচামাল, উপকরন ইত্যাদি নানা বিষয় জড়িত থাকে। কিন্তু আমাদের দেশের বৃহত্তর শিল্পকে সহায়তা করার মতো যথেষ্ট ব্যাকওয়ার্ড লিংকেজ প্রতিষ্ঠিত হয় নি। গার্মেন্টস খাতে বেকওয়ার্ড ও ফরোয়ার্ড লিংকেজ শিল্প স্থাপন করতে হবে। টেক্সটাইল, প্যাকেজিং, গার্মেন্টস এক্সেসরিস ইত্যাদি শিল্প গড়ে তুলার উদ্যোগ নিতে হবে। যার মধ্য দিয়ে বিদেশের উপর কাঁচামাল আমদানি নির্ভরতা কমে আসবে।

ব্যাকওয়ার্ড ও ফরওয়ার্ড লিংকেজ না থাকার অসুবিধা দুর করার জন্য সরকার কোন ব্যবস্থা নিতে চায় না। এমনকি এই ধরণের ব্যাকওয়ার্ড লিংকেজ কেউ প্রতিষ্ঠা করতে চাইলেও তাকে সরকার, ব্যাংক কোন সুবিধা দিয়ে সাহায্য করে না। উদ্যোক্তা পক্ষ, ব্যবসায়িক সংগঠন বিভিন্ন ভাবে বিভিন্ন সময়ে সরকারের কাছে প্রস্তাব করলেও সরকার তাতে ইতিবাচক সাড়া দেয় নাই। ফলে আমাদের পোশাক শিল্প প্রতিষ্ঠান সব সময় এর সহায়ক শিল্প প্রতিষ্ঠানের অভাবে আরো সামনের দিকে এগিয়ে যেতে পারে নাই।

কাঁচামালের স্বল্পতা দূরীকরণ

দেশের পোশাক শিল্পের জন্য প্রয়োজনীয় ও উন্নত মান সম্পন্ন কাপড়ের যথেষ্ট অভাব রয়েছে। এমনিতেই বাংলাদেশের কাপড় উৎপাদনে স্বয়ংসম্পন্ন নয়। তার ওপর আবার উৎপাদিত কাপড়ের একটি বড় অংশের

গুণগত মান নিম্ন হওয়ায় পোশাক শিল্পে ব্যবহার করা যায় না। এজন্য প্রয়োজনীয় কাপড় বিদেশ থেকে আমদানি করতে গিয়ে বৈদেশিক মুদ্রা ও সময়ের অপচয় ঘটে।

ব্যাংকের ভূমিকা ও সরকারী ব্যাংক ব্যবস্থার আধুনিকায়ন

বাংলাদেশ স্বাধীন হওয়ার পর শিল্পখাতকে উজ্জীবিত করতে সরকার ৫ টি ব্যাংকসহ কয়েকটি বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং দেশী ও বিদেশী এনজিওকে কাজ করার জন্য অনুমতি প্রদান করেছিল। শিল্পখাতকে চাঙ্গা করতে তখন সরকারী ব্যাংকগুলো বেশি ভূমিকা পালন করতো। কিন্তু সরকারী ব্যাংকগুলোর বেশির ভাগই নানা কারনে লোকসানী প্রতিষ্ঠানে পরিণত হয়ে পড়ে। সরকারী ব্যাংকগুলোর এই দুর্বলতার সুযোগে ও সময়ের দাবিতে ব্যাংকিং সেক্টরে আবির্ভাব ঘটে বেসরকারী ব্যাংকের। বর্তমানে বাংলাদেশে ৫১ টি বেসরকারী ব্যাংক রয়েছে। আর সরকারী ব্যাংক রয়েছে ৪ টি। এত সংখ্যক ব্যাংক বাংলাদেশে ব্যাংকিং খাতের ব্লুমিং অবস্থা তৈরী করলেও প্রাইভেট ব্যাংকগুলোর অতি চড়া হারে সুদ নেওয়া, শিল্প প্রতিষ্ঠানকে সময়মত ঋন প্রদানে ব্যর্থতা, নতুন উদ্যোক্তা তৈরীতে অসহযোগিতাসহ নানাভাবে সমালোচিত হচ্ছে।

প্রাইভেট ব্যাংকগুলো প্রাথমিক পর্যায়ে শিল্প উদ্যোক্তা তৈরীতে ভূমিকা রাখলেও বর্তমানে তাদের সেই উদ্যোগ এখন গতি চোখে পড়ে না। তারা এখন শেয়ার ব্যবসার মতো এক জুয়াখেলায় মত্ত হয়ে পড়েছে। সেই সাথে রয়েছে ব্যাংকগুলির ঋণের অতি উচ্চ সুদের হার। যা বর্তমানে ১৩ থেকে ১৮ শতাংশ। এত বেশি সুদে টাকা নিয়ে ব্যবসায়ী, শিল্প উদ্যোক্তাদের ব্যবসা চালানো অনেক কঠিন হয়ে পড়েছে। ফলস্বরুপ নতুন করে দেশে শিল্প উদ্যোক্তা তৈরী হচ্ছে না। সরকার নানাভাবে ব্যাংকগুলিকে ব্যাংক সুদের হার কমাতে বললেও তারা সেদিকে খেয়াল কমই রাখছে। তাই সময় এসছে সরকারী ব্যাংকগুলোকে পুনঃজ্জীবিত করার। যাদের কাজ হবে:

- নতুন নতুন শিল্প তৈরীতে সহায়তা করা,
- নতুন নতুন শিল্প উদ্যোক্তা সৃষ্টিতে আর্থিক সহায়তা দেওয়া,
- রুগ্ন শিল্পগুলিকে আর্থিক সহায়তা দিয়ে শক্তিশালী করার চেষ্টা করা,
- দেশের কৃষি ও পাট খাতকে তাদের হারানো ঐতিহ্য ফিরিয়ে দিতে পরিকল্পনা করা,
- পণ্যের বৈচিত্র্য আনায়নে উদ্যোক্তাগোষ্ঠীকে আর্থিক সাহায্য করা
- স্বল্প সুদে উদ্যোক্তাদের ঋন প্রদান
- সামগ্রিক সুদের হার কমানো
- আধুনিক ব্যাংকিং ব্যবস্থা চালু করা
- ব্যাংক চার্জ কমানো

মনিটরিং সেল গঠন করা

দেশের প্রায় চার হাজারের অধিক গার্মেন্টস শিল্পে ৩০ থেকে ৩৫ লাখ মানুষ কাজ করে। কিন্তু কিছু রুগ্ন শিল্প কারখানায় পোশাককর্মীদের বেতন-ভাতা পরিশোধ নিয়ে সৃষ্ট জটিলতার জের ধরে কখনো কখনো অস্থিরতা দেখা দেয়। এর সূত্র ধরে কারখানায় হামলা, ভাংচুর, রক্তপাত দেখা যায়। যা পুরো শিল্পের উপর নেতিবাচক প্রভাব ফেলে। কারখানায় এসব সমস্যা পরোক্ষ করা, সমস্যা মোকাবেলা করা এবং তা নিয়ন্ত্রনে প্রতিটি পোশাক শিল্প-প্রতিষ্ঠানে একটি মনিটরিং সেল গঠন করতে হবে। সেগুলিকে একটি কেন্দ্রিয় সেল (সরকারী প্রতিষ্ঠানের অধিনে-'অ্যাপারেল কমিশন' এর অধিনে) পরিচালনা করবে। বিভিন্ন কারখানার মনিটরিং সেলের মধ্যে সমন্বয়ের কাজ করবে কেন্দ্রিয় সেল। এভাবে গার্মেন্টস শিল্প কারখানাকে একটি নিয়ন্ত্রিত ব্যবস্থার মধ্যে রাখতে হবে। যাতে কেউ

এই বিরাট সম্ভাবনাময় শিল্পের অগ্রগতিকে বাধাগ্রস্থ করতে না পারে। মনিটরিং সেল আরও যেসব বিষয় নজরদারিতে আনবে:

- পোশাক কর্মীদের বেতন-বোনাস ঠিক মতো দেওয়া হচ্ছে কী-না
- শিল্পে অসন্তোষ সৃষ্টি হওয়ার কারণ অনুসন্ধান
- গার্মেন্টস কারখানাগুলো নিয়মিত অর্ডার পাচ্ছে কী-না
- পোশাকের ডিজাইন, রং সহ বিভিন্ন ক্ষেত্রে বৈচিত্র্য আনতে গবেষণা
- বিদেশে বাংলাদেশের প্রাপ্ত সুবিধা (যেমন-জিএসপি) পাওয়ার ক্ষেত্রে নজরদারি বাড়ানো
- বিশ্বে গার্মেন্টস শিল্পে উন্নত দেশের অবস্থা পর্যবেক্ষণ
- রুগ্ন শিল্পকে চিহ্নিত করা
- চলমান কোন শিল্প কারখানা রুগ্ন শিল্পে পরিণত হচ্ছে কী-না তা খতিয়ে দেখা ইত্যাদি।

ফ্যাশন ইন্সটিটিউট ও ফ্যাশন হাউজ গড়ে তোলা

বর্তমান যুগ ফ্যাশনের যুগ। নিত্য নতুন ডিজাইন, স্টাইল, রং-বেরঙ্গের ফ্যাশনাবল পোশাকের বৈচিত্র্যের উপরই নির্ভর করে গার্মেন্টস শিল্পের অগ্রগতি। বৈচিত্র্যময় ফ্যাশন সমাহার নতুন বাজারে প্রবেশ কিংবা পোশাক পণ্যের রপ্তানি পরিমান বৃদ্ধিতেও মূখ্য ভূমিকা পালন করে। তাই পোশাক পণ্যে বৈচিত্র্য আনা, সৃষ্টিশীল ডিজাইন তৈরী করা গার্মেন্টস শিল্পের জন্য অতি অপরিহার্য একটি বিষয়। কিন্তু দেশে তৈরী পোশাকের জন্য এখনও উল্লেখযোগ্য কোন ফ্যাশন ইন্সটিটিউট ও ফ্যাশন হাউজ গড়ে উঠেনি।

অনেক দিন ধরেই আমাদের গার্মেন্টস শিল্পের সাথে সংশ্লিষ্ট কর্তা-ব্যক্তিরা, উদ্যোক্তা, ব্যবসায়ী সংগঠনের নেতারা এই বিষয়ে সরকার, ডোনার, এনজিওদের মনোযোগ আকর্ষণ করলেও কেউ তাতে সাড়া দেয়নি। অথচ উন্নত বিশ্বে আধুনিক মানের অনেক ফ্যাশন শিল্প গড়ে উঠেছে। যারা ভোক্তাদের সময়োপযোগী চাহিদার কথা চিন্তা করে নিত্য নতুন ফ্যাশনের ডিজাইন তৈরী করছে। বাংলাদেশে পোশাক শিল্পের উত্তরোত্তর উন্নয়নে আধুনিক মানের কয়েকটি ফ্যাশন ইন্সটিটিউট এবং ফ্যাশন হাউজ গড়ে তোলার কোন বিকল্প নেই।

শিল্পকে রাজনৈতিক সংকটের আওতামুক্ত রাখা

পোশাক শিল্প বাংলাদেশের একক বৃহত্তম রপ্তানী খাত। সরাসরি ৩০-৩৫ লক্ষ কর্মীসহ প্রায় দুই কোটি লোক নিয়োজিত। দেশের অর্থনীতিতে এর অবদানও ১০ শতাংশের মতো। এদেশে রাজনৈতিক সংকট প্রায়ই লেগে থাকে। এর জের ধরে হরতাল, অবরোধ, ঘেরাওসহ ব্যাংক, বীমা, বন্দর, আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকে। তাই পোশাক সেক্টর রাজনৈতিক সংকটের আওতামুক্ত হবে এই বিষয়ে দল-মত-নির্বিশেষে সকলকে ঐক্যমতে পৌঁছাতে হবে।

বন্দরকে আধুনিক ইকুইভমেন্টে সাজানো

দেশে সামদ্রিক বন্দর দুটি থাকলেও চট্টগ্রাম বন্দর দিয়েই সামগ্রিক আমদানি-রফতানি বাণিজ্যের ৮০ শতাংশ সম্পন্ন হয়ে থাকে। ৪ হাজারের অধিক পোশাক ফ্যাক্টরীতে উৎপন্ন পণ্যের পাশাপাশি বিদেশ থেকে আমদানী করা পণ্যের জন্য মাত্র একটি সমুদ্র বন্দর। ফলে সব সময় কাজে চাপ থাকে অনেক বেশি। এছাড়া বন্দরকেন্দ্রিক ব্যবসা-বাণিজ্যকে পুঁজি করে এখানে বিশাল বাণিজ্যিক কর্মকা চালিয়ে যাচ্ছে জাহাজ মালিক, মেইন লাইন অপারেটর (এমএলও) প্রতিনিধি, শিপিং এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার, সিঅ্যান্ডএফ এজেন্ট, স্টিভিডোর (বার্থ ও

শিপিং অপারেটর), প্রাইভেট আইসিডি, পরিবহন এজেন্টসহ নানাবিধ প্রতিষ্ঠান। এসব নানামুখী বিভিন্ন প্রতিষ্ঠানের কারণে বন্দর কর্মকা অনেক সময়ই ব্যাহত হয়। তাই বন্দরকে আধুনিক যন্ত্রপাতিতে সাজাতে হবে। যাতে কম সময়ে ও সহজে পণ্য পরিবহন ও জাহাজে উঠানো-নামানো, পণ্য এক স্থান থেকে অন্য স্থানে স্থানান্তর করা যায়। এতে করে দেশের অর্থনীতির চেহারা পাল্টে যাবে, রাজস্ব আদায় বাড়বে, খুলে যাবে আঞ্চলিক বাণিজ্যের দুয়ার। বন্দরকে সম্পূর্ণ ডিজিটালাইজ করতে হবে।

বাণিজ্যিক মিশন ও উইংগুলিকে কার্যকর করা

দেশের পোশাক পণ্য আন্তর্জাতিক যেসব বাজারে রপ্তানি করা হয় তার পরিধি আরও বাড়াতে হবে। পাশাপাশি নতুন নতুন দেশে আমাদের গার্মেন্টস প্রোডাক্টের চাহিদা তৈরী করতে হবে। আমাদের পোশাক পণ্য রপ্তানির সম্ভাব্য যেসব বাজার রয়েছে সেদিকে নজর দিতে হবে। এ বিষয়ে বিদেশে বাংলাদেশের যে সমস্ত কূটনৈতিক মিশন ও বাণিজ্যিক উইং রয়েছে তাদের এগিয়ে আসতে হবে। দেশের পণ্যের বাজার সৃষ্টি এবং বিদেশী কোন পণ্যের চাহিদা বাংলাদেশের জন্য দরকার তা চিহ্নিত করা। এছাড়া কোন কার্য□মে বিদেশে যাতে বাংলাদেশের সুনাম নষ্ট না হয় সেদিকে নজর দিতে হবে। বর্তমানে বিদেশে মোট ৪৭ টি কূটনৈতিক মিশন রয়েছে। এছাড়া আরো ৭ টি নতুন মিশন খোলা হচ্ছে।

বিদেশে বাংলাদেশের ১৬ টি বাণিজ্যিক উইং রয়েছে। বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্ব বাজারে টিকে থাকা এবং নতুন নতুন বাজার ধরার জন্য বাণিজ্যিক উইংগুলিও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। যেমন আমাদের দেশের পোশাক কারখানাগুলি সারা বছর ধরে তাদের কাজ চালাতে পারে না। কারণ সারা বছর রপ্তানী করা যায় এরুপ বাজার তাদের নেই। কিন্তু বর্তমান সময়ে রাশিয়ার বাজারকে টার্গেট করে আমরা এগিয়ে যেতে পারে। বিশ্বে রাশিয়া এখনও সবচেয়ে বড় দেশ। বর্তমানে তাদের অর্থনৈতিক অবস্থা ও আগের তুলনায় অনেক ভাল। সেখানে আমাদের দেশে উপন্ন পণ্যের যথেষ্ট চাহিদা রয়েছে। কিন্তু তাদের সাথে আমাদের ব্যবসায়িক কোন লেনদেন নেই। রাশিয়ার বাজার ধরতে হলে আমাদেরকে মিশনগুলির মাধ্যমে, সরকার পর্যায়ে যোগাযোগ বৃদ্ধি করতে হবে।

লবিস্ট নিয়োগে কৃচ্ছতা সাধন

পোশাকের বিদেশী বাজার ধরার জন্য বাংলাদেশ অনেক আগে থেকেই লবিস্ট নিয়োগ করেছে। তাদের পেছনে কোটি কোটি টাকা খরচ করেছে। কিন্তু তাদের দ্বারা পোশাকের বাজারে তেমন কিছু উন্নয়নই হয় নি। তাই পোশাক শিল্প উদ্যোক্তা থেকে শুরু করে সরকার, বুদ্ধিজীবী, পোশাক শিল্পের কর্মী ফেডারেশন্ু পরামর্শ দিচ্ছেন লবিস্টদের পেচনে খরচ না করে সরকারের বৈদেশিক কূটনৈতিক মিশন এবং তাদের বাণিজ্যিক উইংগুলিকে মূল ভূমিকা পালন করা।

যুক্তরাষ্ট্রের বাজারে ডিউটি এবং কোটামুক্ত প্রবেশাধিকারে লবিষ্ট নিয়োগে প্রচুর অর্থ খরচ করে আসছে সরকার ও ব্যবসায়িক সংগঠনগুলো। তবে এখনো পর্যন্ত কোন ধরনের সফলতা চোখে পড়েনি। এবং এ ধরনের উদ্যোগ সামনের দিনগুলোতে কোন ধরনের সুফল বয়ে আনবে কী-না সে ব্যাপারেও যথেষ্ট সন্দেহ রয়েছে। বিশেজ্ঞরা মনে করেন যুক্তরাষ্ট্রের বাজারে ডিউটি ফ্রি সুবিধা পাওয়া অত্যন্ত কঠিন। তার জন্য একটি নির্দিষ্ট সেল গঠন করা যেতে পারে। এক্ষেত্রে ওয়াশিংটনে অবস্থিত বাংলাদেশী দূতাবাস শক্তিশালী ভূমিকা রাখতে পারে। এছাড়া সকল সংস্থার

অংশগ্রহণের মাধ্যমে টাস্কফোর্স গঠনের উদ্যোগও নেওয়া যেতে পারে। এক্ষেত্রে কূটনৈতিক লবির এর কাজ করতে হবে।

তবে কেবল যুক্তরাষ্ট্রের বাজার ধরতে শুধু লবিং করার পেছনে কোটি কোটি টাকা খরচ করা কতটা যৌক্তিক তা ভেবে দেখার সময় এসেছে। তার বিপরীতে লবিষ্ট নিয়োগের পেছনে খরচ করা ব্যায়িত যদি নতুন বাজার অনুন্ধান ও পোশাক পণ্যের মার্কেটিং এর পেছনে খরচ করা যেতে পারে। আফ্রিকা, ইউরোপ, রাশিয়া এবং লাতিন আমেরিকার পোশাক শিল্পের বাজার খুঁজতে হবে। এবং লবিষ্টদের পেছনে মিলিয়ন ডলার ব্যয় করার চেয়ে দেশের দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে এর সফল বাস্তবায়ন করতে হবে।

পণ্যের ওপর শুল্কমুক্ত ও কোটামুক্ত প্রবেশাধিকার পাওয়া, পণ্যের নতুন বাজার অনুসন্ধানে কূটনৈতিক আলোচনার মাধ্যমে এ পর্যন্ত তেমন কোন সফলতা আসেনি এবং আসার সম্ভাবনাও তেমন একটা দেখা যাচ্ছে না। লবিস্ট নিয়োগ করে এতে তেমন সাফল্য আসবে না তা ইতোমধ্যেই প্রমাণিত হয়েছে। এজন্য প্রয়োজন উচ্চ পর্যায়ের দ্বিপাক্ষিক আলোচনা। রাজনৈতিক নেতৃত্বকেই এ দায়িত্ব পালন করতে হবে। বিজিএমইএসহ ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলোরও তৎপরতা বাড়ানো প্রয়োজন যাতে যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশ বাংলাদেশকে শতভাগ শুল্কমুক্ত প্রবেশাধিকার দেয়। (১৬ ফেব্রুয়ারী, ২০১০ দৈনিক ইত্তেফাক)

গার্মেন্টস বিষয়ক বিশ্ববিদ্যালয় চালু

বর্তমান যুগ হলো প্রতিযোগিতার যুগ। এই যুগে যারা মানুষের পছন্দ, চাহিদা, রুচি-অভিরুচি অনুযায়ী পোশাক তৈরী করতে পারবে - তাদের পোশাক দেশে-বিদেশে ভাল ব্যবসা করতে পারবে। কিন্তু আমাদের দেশে গার্মেন্টস বিষয়ক কোন বিশ্ববিদ্যালয় নেই। যাতে সেখান থেকে মানুষ আধুনিক উন্নত বিশ্বের মানুষদের রঙ, ডিজাইন, সাইজ, ফ্যাশন অনুযায়ী পোশাক বানানোর কলা-কৌশল শিখতে পারবে। গার্মেন্টস সেক্টরের উন্নতি করতে হলে দেশে বিশেষায়িত কয়েকটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে। যাতে আমাদের দেশের মানুষ সেখানে পড়ে শিখতে পারে। সে অনুযায়ী বাস্তব জীবনে প্রয়োগ ঘটাতে পারে। বিদেশী ডিজাইনার এনে প্রশিক্ষণ দেওয়া যেতে পারে। দীর্ঘমেয়াদী কার্যম হাতে নিয়ে এগিয়ে আসতে হবে।

বছর জুড়ে উৎপাদন নিশ্চয়তা

আমাদের দেশের তৈরী পোশাক শিল্প কারখানাগুলি বছরের কয়েক মাস কর্মবিমুখ থাকে। পর্যাপ্ত কাজের অর্ডার না থাকায় অনেক শিল্প উদ্যোক্তা তাদের প্রতিষ্ঠান বন্ধ করে দিতে বাধ্য হন। বিপুল সংখ্যক পোশাক কর্মী এসময় বেকার হয়ে যায়। এমনকি বেকার এসব পোশাককর্মী মিল-কারখানাগুলোতে উচ্ছৃঙ্খল পরিবেশ সৃষ্টি করে। সংঘর্ষ বাঁধে। পুরো গার্মেন্টস সেক্টরে তার প্রভাব পড়ে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য শিল্প কারখানায় সারা বছর উপাদনের ব্যবস্থা করতে হবে। সেক্ষেত্রে আমাদেরকে নতুন নতুন বাজার ধরতে হবে। নতুন নতুন অর্ডার পেতে হবে। যাতে আমাদের উৎপাদন কার্যম সারা বছর ধরে চলতে পারে।

কনজেশন সারচার্জ বন্ধকরণ

গার্মেন্টস পণ্য রপ্তানীতে বন্দর সমস্যা অন্যতম। এর মধ্যে কনজেশন সারচার্জ প্রকট আকার ধারণ করেছে।

কনজেশন সারচার্জ ছাড়া শিল্প উদ্যোক্তারা তাদের পণ্য বন্দর থেকে খালাস করতে পারে না। আবার দেশ থেকে বিদেশে পণ্য পাঠাতেও কনজেশন সারচার্জ প্রয়োজন হয়। যা রপ্তানীকারক, শিল্প উদ্যোক্তাদের জন্য একটি নতুন সমস্যা হিসেবে দেখা দিয়েছে। বেড়ে যাচ্ছে আমদানী-রপ্তানী খরচ। বিজিএমইএ, বিকেএমইএ থেকে শুরু করে সব ব্যবসায়িক সংগঠনের পক্ষ থেকে সরকারের কাছে কনজেশন সারচার্জ বন্ধ করার জন্য দাবি জানানো হয়েছে। শিল্প বিকাশের পথকে উন্মুক্ত করতে অতি সত্ত্বর তা বন্ধ করতে হবে।

কাস্টমস ব্যবস্থার সহজিকরণ

বাংলাদেশের পণ্য বিদেশে রপ্তানীর ক্ষেত্রে কাস্টমসের দীর্ঘসূত্রিতা একটি প্রধান সমস্যা। পোশাক শিল্প উদ্যোক্তাদের নানামুখী বিড়ম্বনার মধ্যে পড়তে হয়। এ কারণে রপ্তানী প্রক্রিয়ায় জটিলতা তৈরী হয়, অনেক সময় ব্যয় হয়। অনেক সময় শিপম্যান্ট সময় মতো পাঠানো সম্ভব হয় না। এই সমস্যা আবার পরিবহনে ভর্তিকরণ ও পণ্য স্থানান্তরকরণ এবং জাহাজীকরণের উপর প্রভাব ফেলে। ফলে পণ্যের শিপম্যান্টেও বিলম্ব ঘটে। অনেক বিদেশী ক্রেতা এ কারণে বাংলাদেশ থেকে পণ্য আমদানী করতে চায় না। যা পণ্যের নতুন অর্ডার পেতে সমস্যা হয়।

কাস্টমস জটিলতায় ব্যয়িত সময় সেভ করে পোশাক পণ্য উৎপাদন, শিপম্যান্ট তৈরীর কাজে লাগাতে পারতো। শিল্প উদ্যোক্তা, ব্যবসায়িক সংগঠন থেকে শুরু করে এই শিল্পের সাথে জড়িতরা সরকারের কাছে দাবি জানালেও কাস্টমস ব্যবস্থার আজও কোন উন্নতি হয়নি। কাস্টমসে নানামুখী চার্জের কারণে অবস্থা আরো বেগতিক হয়ে পড়েছে।

শিল্প বিষয়ক গবেষণা সেল তৈরী

তৈরী পোশাক দেশের সবচেয়ে বড় বৈদেশিক মুদ্রা অর্জনকারী একটি শিল্প। কিন্তু এর উন্নয়নের জন্য কোন কার্যকর গবেষণা সেল নেই। সেই আশির দশকে যেসব পণ্য উৎপাদিত হতো এবং যে সব দেশে রপ্তানী করা হতো তার মধ্যেই আবদ্ধ রয়েছে। কিন্তু মানুষের মন বড়ই বৈচিত্র্যময়। সময়ের সাথে সাথে তার চাহিদা, পছন্দ, রুচি-অভিরুচির পরিবর্তন ঘটে। তার পছন্দের সাথে মিল রেখেই আমাদের পোশাক তৈরী করতে হবে। কিন্তু এর জন্যও গবেষণার প্রয়োজন। আবার কোন দেশে কোন রঙ্গের, কোন ডিজাইনের পণ্যের চাহিদা বেড়ে যাচ্ছে সে অনুযায়ী পন্য উৎপাদন করতে হবে। গবেষণা সেল এসব বিষয় নিয়ে কাজ করবে।

পোশাককর্মীদের দক্ষতা বাড়ানো

বাংলাদেশের তৈরী পোশাক শিল্পে নিয়োজিত পোশাককর্মীদের অধিকাংশই অদক্ষ। আমাদের এই শ্রমঘন পরিবেশে এই শিল্প খাত যেভাবে এগিয়ে চলেছে তা আরো এগিয়ে যেতে পারত যদি পোশাককর্মীরা দক্ষ হতো। দেশীয় বিশেষজ্ঞ ও দক্ষ কর্মীর অভাবের কারণে এশিয়াসহ ইউরোপের অনেক দেশের লোক বাংলাদেশে কাজ করছে। বিজিএমই-এর তথ্য অনুযায়ী, এই সংখ্যা ৩০ হাজারেরও উপরে। পোশাক পণ্য রপ্তানী করে আমরা যে বৈদেশিক মুদ্রা উপার্জন করছি তার বেশ কিছু অংশ এদেশ থেকে নিয়ে যাচ্ছে বিদেশী শ্রমিকরা। কাজেই আমাদের দেশের লোকদেরকে আরো প্রশিক্ষণ দিতে হবে। তার জন্য বেশি করে প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করতে হবে। গার্মেন্টস বিষয়ক বিশ্ববিদ্যালয় তৈরী করতে হবে যা আমাদের দেশে পোশাক বিষয়ক বিশেষজ্ঞ তৈরী হয়।

পোশাককর্মীদের কর্মমুখী শিক্ষা প্রদান

দেশের তৈরী পোশাক শিল্প কারখানায় নিয়োজিত কর্মীদের বেশির ভাগই নিরক্ষর। কাজের পাশাপাশি তাদের সপ্তাহে একটি নিদিষ্ট সময় সুযোগ দেয়ার ব্যবস্থা করতে হবে। এব্যাপারে শিল্প উদ্যোক্তাদের পাশাপাশি সরকারকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। সচেতন হয়ে জীবন যাপন করতে পারা, অধিকার সচেতন হয়ে উঠা, উৎপাদন দক্ষতা বৃদ্ধিসহ নানা ক্ষেত্রে অবদান রাখবে।

পোশাককর্মীদের প্রশিক্ষনের ব্যবস্থাকরণ

অদক্ষতা ও নিরক্ষরতার জন্য উৎপাদন ব্যাহত হয়। মিল-কারখানার যন্ত্রপাতিসহ নানা জিনিসের সাথে তাদের কোন পরিচিতি নেই। কোনটা কি, তা দিয়ে কি হয় সে সম্পর্কে অবগত নয়। এমনকি কারখানায় ব্যবহারিত আধুনিক মেশিনারি সম্পর্কে সম্পন্নভাবে অপরিচিত। তাদের কাছ থেকে ভাল কাজ পেতে হলে তাদেরকে কারখানার নতুন, পুরাতন সব ধরণের যন্ত্রপাতি সম্পর্কে ভাল ধারণা দিতে হবে। যাতে তারা আত্মবিশ্বাসের সাথে কাজ করতে পারে। যেন কোন সংশয় কাজ না করে।

মানসিকতার পরিবর্তন

শিল্প সংশ্লিষ্ট সবাইকে দেশের উন্নয়ন করার মানসিকতায় উদ্বুদ্ধ হয়ে কাজ করতে হবে। শিল্পখাতে 'শ্রমিক' -'মালিক' পক্ষ না ভেবে, সবাই যার যার অবস্থান থেকে কাজ করে যাচ্ছেন-এমন মানসিকতা তৈরী করতে হবে। অধিকাংশ উদ্যোক্তাই এদেশেরই সন্তান। যাদের প্রায় সবাই দেশপ্রেম নিয়ে কাজ করেন। দেশের উন্নয়ন চান। এবং এটি ভেবেই উদ্যোক্তারা এদেশে বিনিয়োগ করেছেন। তাই পোশাককর্মী, শ্রমিক সংগঠনের নেতা-নেত্রী, ব্যবসায়িক সংগঠনের নেতা এবং উদ্যোক্তাসহ সকল পক্ষকেই পরস্পরের প্রতি ইতিবাচক মনোভাব নিয়ে শিল্প বিকাশে কাজ করতে হবে। যা শিল্প উন্নয়নের দিকপাল হিসেবে কাজ করবে।

পোশাককর্মী ও উদ্যোক্তাদের সামাজিক দায়বদ্ধতা

পোশাককর্মীরা হলো শিল্পের ড্রাইভিং ফোর্স বা চালিকাশক্তি। পোশাক শিল্প লাখো মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করে দিয়েছে এটি যেমন সত্য, তেমনি এই শিল্পের উন্নয়ন, অগ্রগতি ও এগিয়ে চলার পথ সুগম করার পেছনে পোশাককর্মীদের ভূমিকা অনস্বীকার্য। তাই দেশের পোশাক শিল্পে শ্রমিক কল্যাণে বিষয়টিকে গুরুত্বের সঙ্গে দেখতে হবে শিল্প উদ্যোক্তাদের। কর্মরত পোশাককর্মীদের স্বাস্থ্য, শিক্ষা ও মাতৃত্বকালীন সুবিধাসহ নানা সামাজিক দায়বদ্ধতা পালনে এগিয়ে আসতে হবে। আশা করা যায়, সুযোগ-সুবিধা বাড়লে শ্রমিকের উৎপাদনশীলতা যেমন বাড়বে তেমনি বাড়বে তাদের দায়িত্বশীলতাও। উদ্যোক্তাদের সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে পোশাকশিল্পে শ্রমিক কল্যানের বিষয়গুলো বাস্তবায়নে মনোযোগী হতে হবে।

রুগ্ন শিল্পের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন

বিশ্ব মন্দার পরিপ্রেক্ষিতে দেশে ইতোমধ্যে ২৭০ টির মতো কারখানা রুগ্ন শিল্পের তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। এসব শিল্প চালুর ব্যাপারে সরকারকে যথেষ্ট মনোযোগী ও সাবধানতা অবলম্বন করতে হবে। কিছু প্রতিষ্ঠানকে নিজেদের টিকে থাকার সক্ষমতা যাছাই করতে কিছু সময় বেধে দেওয়া যেতে পারে। তবে বাস্তবতার নিরিখে যা বলা যায়, রুগ্ন শিল্প প্রতিষ্ঠানকে ভর্তুকি দিয়ে চালানোর চেয়ে এগুলোর ব্যাপারে সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহনের সময় এসেছে।

মিডিয়ার ইতিবাচক অংশগ্রহন

শিল্পের অগ্রগতি ও উন্নয়নে মিডিয়ার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তবে এর জন্য শুধু ভাসাভাসা (সারফেস লেভেল) রিপোর্টিংই যথেষ্ট নয়। বরং কখনো কখনো এই ধরণের রিপোর্টিং শিল্পের জন্য ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়। মুদ্রণ ও ইলেকট্রনিক মিডিয়া গার্মেন্টস শিল্পকে নিয়ে উন্নয়নমূলক প্রতিবেদন প্রচার ও প্রকাশ করে শিল্প বিকাশে সহায়তা করতে পারে। শুধু শিল্পের অনাকাঙ্খিত দুর্ঘটনা, সহিংসতা এমনকি শিল্প সমস্যা নিয়ে সাদামাটা সংবাদ পরিবেশনই যথেষ্ট নয়। প্রয়োজন ঘটনার গভীরে প্রবেশ করে প্রতিবেদন তৈরী করা। সমস্যার অন্তর্নিহিত কারণ তুলে আনা। শিল্পের সমস্যা, সম্ভাবনা, এবং দেশের সামগ্রিক ক্ষেত্রে এর অবদানসহ শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন ইস্যুতে অনুসন্ধানমূলক প্রতিবেদন তৈরী করতে পারে।

তবে যে কোন প্রতিবেদন তৈরী, প্রচার ও প্রকাশের ক্ষেত্রে সময় ও দেশের সামগ্রিক প্রেক্ষাপট বিবেচনায় আনতে হবে। এবং শিল্পকে নিয়ে অসতর্কতামূলক ও অসচেতনামূলক প্রতিবেদন প্রকাশের মধ্যে দিয়ে অমিত সম্ভাবনার এই শিল্প খাতে কতটুকু যে বিরুপ প্রভাব ফেলতে পারে তাও মাথায় রাখতে হবে।

ন্যায্য বেতন কাঠামো তৈরী

পোশাককর্মীদের বেতন নির্ধারণের সাথে তাদের দক্ষতার বিষয়টি ভাবনায় রাখাও অত্যন্ত গুরুত্বপূর্ন। এ শিল্পে যারা নতুন যোগ দেয়, তাদের না থাকে প্রাতিষ্ঠানিক শিক্ষা, না থাকে কর্মমুখী জ্ঞান এবং পূর্ব অভিজ্ঞতা। কর্মস্থলে যোগ দেওয়া নতুন এসব কর্মীদের দক্ষতা আনয়নে গার্মেন্টস উদ্যোক্তাদের প্রথমদিকে বেশ কয়েক মাস তাদেরকে কাজ শিখাতে হয়। অনেক সময় নবীন শ্রমিকদের অদক্ষতার কারনে উদ্যোক্তা পক্ষকে বেশ ক্ষতির মুখোমুখিও হতে হয়। তাই এসব কর্মীদের নূন্যতম মজুরি নির্ধারন একটি অতি সংবেদনশীল ও নানামাত্রিক বিষয়ের সাথে সংশ্লিষ্ট। এবং পোশাককর্মীদের নূন্যতম বেতন নির্ধারনে লক্ষ্য রাখতে হবে, যারা সবেমাত্র কর্মস্থলে যোগ দিয়েছে তাদের নূন্যতম বেতন প্রথমদিকে কম হলেও কয়েকমাস পরেই তা অনেকাংশে বেড়ে যায়।

পাশ্ববর্তী দেশে গার্মেন্টস শিল্পে নূন্যতম বেতন কিছুটা বেশি হলেও মনে রাখতে হবে, আমাদের এখানে পোশাক খাত অগ্রগতির মুখ দেখেছে সস্তা শ্রমের উপর ভিত্তি করেই। এছাড়া, ঐসব দেশের পোশাককর্মীরা অনেকদিক দিক থেকে আমাদের চেয়ে তুলনামূলকভাবে দক্ষ এবং শিক্ষিত। তাই আমাদের দেশের সামগ্রিক আর্থ-সামাজিক অবস্থার কথা বিবেচনায় নিয়ে একটি ন্যায্য নূন্যতম বেতন কাঠামো তৈরী করতে হবে। এক্ষেত্রে বর্তমান বাজার দর, মূল্যস্ফীতি ও দ্রব্যমূল্য বৃদ্ধি তথা অর্থনীতির সামগ্রিক অবস্থার সাথে সামঞ্জস্যতা বজায় রাখাও জরুরি।

জিএসপি সুবিধা গ্রহন

জিএসপির পূর্ণ অভিব্যক্তি হলো জেনারালাইজড সিস্টেম অব প্রেফারেন্সেস। উন্নয়নশীল দেশগুলির অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়ানোর জন্য ১৩১ টি দেশ ও টেরিটোরিকে ৪,৮০০ টি পণ্যের ডিউটি ফ্রি প্রবেশাধিকার দিয়ে থাকে। ট্রেড অ্যাক্ট-১৯৭৪” অনুযায়ী ১৯৭৬ সালের ১ জানুয়ারী থেকে জিএসপি সুবিধা চালু হয়েছে। মার্কিন কংগ্রেস জিএসপিকে অনুমোদন দিয়েছে ২০০৯ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত।

জিএসপির অধীনে উন্নয়নশীল দেশগুলি নির্বাচিত পণ্যগুলিতে কম ট্যারিফ বা শূণ্য ট্যারিফ সুবিধায় তাদের পোশাক পণ্য রপ্তানী করতে পারে। এলডিসিভূক্ত দেশগুলি আরো বিশেষ সুবিধায় এবং কম ট্যারিফে রপ্তানী সুবিধা পেয়ে থাকে।

উন্নয়নশীল দেশগুলিকে এই ধরণের সুবিধা দেওয়ার কথা প্রথম উপস্থাপন করা হয় আঙ্কটাডের প্রথম সম্মলনে ইউএনসিটিএডি'র (আঙ্কটাড) প্রথম মহাসচিব রাউল প্রিবিসিচ ১৯৬৪ সালে এবং আঙ্কটাডের দ্বিতীয় দিল্লি সম্মেলন ১৯৬৮ সালে এটি গৃহীত হয়। এ পর্যন্ত ১৩ টি দেশ জিএসপি স্কিম অনুমোদন করেছে। দেশগুলি হলো অস্ট্রেলিয়া, বেলারুশ, বুলগেরিয়া, কানাডা, এস্তোনিয়া, ইউরোপীয় ইউনিয়ন ডেলিগেশন, জাপান, নিউজিল্যান্ড, নরওয়ে, রাশিয়ান ফেডারেশন, সুইজারল্যান্ড, তুরস্ক এবং আমেরিকা।

বাংলাদেশ ১২.৫ শতাংশ হারে জিএসপি সুবিধা পেয়ে থাকে। বর্তমানে ইউরোপীয় ইউনিয়ন ১৭৮ টি উন্নয়নশীল দেশকে শুল্কমুক্ত বা কম শুল্কে পণ্য রপ্তানীর সুবিধা দিয়ে আসছে।

সম্প্রতি কিছু কোম্পানী বাংলাদেশের জিএসপি স্কিমের বিশেষ সুবিধা কোটাকে অন্যায়ভাবে ব্যবহার করে নিজেরা সুবিধা নিচ্ছে। দৈনিক পত্রিকাগুলিতে এ সম্পর্কে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। এরপরই সরকার ইউরোপীয় ইউনিয়নের সহায়তায় তাদের চিহ্নিতকরণের কাজ করে যাচ্ছে। ইউরোপীয় ইউনিয়ন ঘোষণাও দিয়েছে যে, অন্যায়ভাবে সুবিধা গ্রহনকারী কোম্পানীগুলিকে তাদের মুনাফা ফেরত দিতে হবে এবং এর পাশাপাশি তাদের আরো শাস্তি দেওয়া হবে।

উপরোক্ত ঘটনা থেকে সরকারকে আরো সতর্ক হতে হবে। যাতে বাংলাদেশের সুবিধা অন্যায়ভাবে কোন কোম্পানী বা অন্য কোন দেশ নিতে না পারে। ইউরোপীয় ইউনিয়নের জিএসপি স্কিমের সুবিধা বাংলাদেশ যতখানি পাওয়ার বাংলাদেশ পাবে। এতে অন্য কোন দেশ চাইলেও পাবে না। এ সমস্যা থেকে আমাদের উত্তোরণ পেতে হলে ভালভাবে জিএসপি স্কিমের সুবিধা নিতে হলে সব সময় সতর্ক থাকতে হবে। বাংলাদেশের পাওনা সুবিধা বাংলাদেশকেই নিতে হবে।

অ্যাপারেল কমিশন

একটি খাত যখন সমাজ, দেশ এবং সর্বোপরি একটি বিশাল জনগোষ্ঠীর জন্য গুরুত্বপূর্ণ হয়ে উঠে, তখন এই খাতকে নিয়ে বিশেষভাবে না ভাবলেই নয়। শিল্পকে বাচাঁতে, শিল্পের সম্ভাবনাকে সামনে এগিয়ে নিয়ে যেতে প্রয়োজন বিশেষ মনোযোগের। শিল্পকে তত্ত্বাবধান করবার জন্য কখনোবা প্রয়োজন দেখা দেয় বিশেষ প্রতিষ্ঠানের।

বাংলাদেশের তৈরী পোশাক শিল্প খাতের অমিত সম্ভাবনা, অগনিত সমস্যা-সঙ্কট-উৎকন্ঠা, এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এই শিল্পের অবদান ও ভূমিকার কথা বিবেচনায় রেখে শিল্প-উন্নয়নে প্রয়োজন একটি শক্তিশালী স্বাধীন প্রতিষ্ঠানের। একটি বিশেষ কমিশন গঠন করে শিল্প সংশিষ্ট বিভিন্ন সমস্যা সমাধান করা যেতে পারে। হতে পারে একটি- "অ্যাপারেল কমিশন"।

অর্থনীতিবিদ, প্রাক্তন বিচারপতি, শিল্প উদ্যোক্তা, গবেষক, শিক্ষক, নাগরিক সমাজের সদস্য, মানবাধিকার কর্মীর সমন্বয়ে গঠিত হতে পারে অ্যাপারেল কমিশন। কমিশন হবে একটি সরকারী কমিশন এবং এটি প্রধানমন্ত্রির সচিবালয়ের অধীনে থাকবে। কমিশনের সদস্যগন যে কোন ধরণের রাজনৈতিক সংশিষ্টতা থেকে মুক্ত থেকে কমিশনের সদস্যগন দেশপ্রেমে উদ্ধুদ্ধ হয়ে দেশের উন্নয়ন ও অগ্রগতিকে সবার উপরে প্রাধান্য দিয়ে কাজ করবেন। কমিশন পোশাক শিল্প সংশিষ্ট সব পক্ষের স্বার্থ দেখবেন। এবং যে কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহন, নীতি প্রণয়নে জাতীয় স্বার্থকে সমুন্নত রাখবে। কোন পক্ষের চাপে কিংবা ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থকে রক্ষা করে এমন কোন নীতি বা পরিকল্পনা গ্রহন বা বাস্তবায়ন করতে প্ররোচিত হবেন না। একটি স্বাধীন কমিশন হিসেবে শিল্পের অভিভাবক হিসেবে কাজ করবে।

- কমিশনের আওতায় সম্ভাব্য যেসব কাজ হবে:

- শিল্পের যাবতীয় সমস্যা অনুসন্ধান ও কার্যকর সমাধানের পথ খুঁজে বের করা
- শিল্পের সম্ভাবনার দিকগুলো যাচাই ও তার বাস্তবায়ন
- শিল্প বিকাশে ও এর উন্নয়নে কাজ করা
- পোশাককর্মী ও উদ্যোক্তাদের মধ্যে যোগাযোগ বৃদ্ধি করার উপায় খুঁজে বের করা
- শিল্প সংশিষ্ট আইন প্রনোয়ন, বাস্তবায়ন, আইনের সংশোধন, পরিমার্জন করবে
- ট্রেড ইউনিয়ন চালুর মধ্য দিয়ে যেসব সুবিধা পাওয়ার কথা বলা হয়, সেগুলো কমিশন নিজেই করতে পারবে। যার মধ্য দিয়ে পোশাককর্মী ও উদ্যোক্তার বাইরে তৃতীয় আরেকটি মাধ্যম গড়ে ওঠার সুযোগ বন্ধ হবে
- পোশাককর্মীদের যৌক্তিক দাবী-দাওয়া, বেতন, বোনাস, ছুটি, কর্ম পরিবেশ, স্বাস্থ্য সেবা ইত্যাদি বিষয় নিশ্চিত করা হচ্ছে কী-না তা খতিয়ে দেখবে
- বিশেষ 'মনিটরিং সেল' গঠন করে বিভিন্ন বিষয় খতিয়ে দেখবে
- সরকার, শিল্প উদ্যোক্তা এবং বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের মধ্যে সমন্বয়হীনতা দূরীকরণে উদ্যোগ নেবে
- সর্বোপরি একটি সময়োপযোগী পোশাক শিল্পনীতি তৈরীতে সহায়তা করবে

শেষকথা

আমরা দেশের উন্নয়ন চাই। ক্ষুধা, শোষণ ও দারিদ্র্যমুক্ত একটি স্বপ্নের দেশ চাই। বর্তমান বাংলাদেশকে উন্নত বিশ্বের কাতারে নিয়ে যেতে চাই। এসব স্বপ্ন আর লক্ষ্য পূরণে গার্মেন্টস শিল্প পালন করতে পারে অগ্রণী ভূমিকা। পোশাক শিল্পের অমীত সম্ভাবনাই আমাদের সামনে এগিয়ে যাবার পথ দেখায়। স্বপ্ন দেখায়, উন্নয়নের দিকে এগিয়ে যাবার। বর্তমান সরকারের 'ভিশন ২০২১' পুরনেও কাঙ্খিত ভূমিকা রাখতে পারবে পোশাক শিল্প। এবং হয়তো তৈরী পোশাক খাতের হাত ধরেই বাংলাদেশ একদিন সত্যিকার অর্থে সোনার বাংলায় রুপ নিবে।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

Exploration of Spatial Attributes of Knitwear Manufacturing in Narayanganj Cluster Belt

Tareq Muhammad Shamsul Arefin*
Mohammad Yunus**

Abstract

The RMG business was initiated first by the export of knitwear consignment during 1973. Eventually the RMG sector accelerated exports by the dominance of woven garments. In FY 2003-04, knitwear sub-sector for the first time exceeded woven sub-sector. Knitwear is still leading in terms of quantity exported and the gap with woven garments is widening over time. Bangladesh knitwear is performing well in terms of expanding production and exports. Knitwear industry is mainly bounded in Narayanganj district. This industry emerged in Narayanganj at the early stage of the 19th century and expanded and peaked up from the decade of 1920s to 1990s. The core strength of the knitwear sector is its backward linkage. the present study explores how and what factors drive the evolve of knitware manufacturing cluster belt in Narayanganj. Study findings show historical background and geographical location provides a competetive edge for the whole industry but still there exists a substantial ineficiency within the sub sector of

* Lecturer, Department of Economics, Jagannath University, Dhaka.
** Research Fellow, Bangladesh Institute of Development Studies.
The authors would like thank to Institute of Human Development, Delhi for their financial support over the study phase. All helpful comments and suggestions on the draft manuscript are duly acknowledged. However the usual disclaimer applies.

This Paper was presented at the *XVII Biennial Conference titled* ***"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

industry. Mainly less co ordination among the organised and informal subsector splited the production capacity and hamper to achieve optimize scale effect within the industry. Flow of investment and particularly smooth chanelize credit towards small enterprenuers definitely enhance the market productivity, employment and value addition within the economy. Further effective aplication of present policy is required to check the existing heterogenity over the growth and composition of intra firms organisational structure.

Introduction

Bangladesh has historically been strong in textiles. Fabrics from Bengal have been found in ancient Egyptian tombs, and were actively traded with both the Roman and Chinese empires over 2,000 years ago. The legendary fashion icon, the French Queen Marie Antoinette, was famously painted in the 18th century wearing Dhaka Muslin (a hand spun and woven fabric made from 500+ count cotton yarn weighing an incredible 500 grams for 60 meters), making the fabric extremely sought after across Europe. There exists in the collective knowledge base of Bengal a great expertise with regard to textiles as well as a great reverence towards the trade. Traditionally, girls are taught to sew intricate patterns from early childhood, and in rural communities both men and women are apprenticed in weaving (it is estimated that there are over one million traditional weavers producing over 650 million meters of fabric annually). These skills and disciplines in sewing and weaving are passed down through generations and are quickly transferred to production lines in today’s modern factories.

In the early 1980s, small-scale independent investment started in the ready-made garments sector. At that time, it was not considered viable and received very little government attention. However, within a decade, the Bangladesh garments industry flourished and by the early 1990s emerged as a major employer. Under the dynamic leadership of the private sector, with policy support from the Government, the export oriented RMG industry has shown a spectacular growth during the last two and a half decades, although the primary textile sector initially could not keep pace with the supply of yarn and fabrics required, particularly by the woven RMG sector. Thus the structure of the textile and clothing industry is also very different from that of many other countries, controlled as it is by a fairly small and reasonably tight-knit community of local entrepreneurs. The country currently exports over US$11 billion in textiles and garments, with a projected target of US$24 billion by 2020.

Three independent associations are responsible for the textile sector: the BTMA (Bangladesh Textile Manufacturers Association), which represents spinners, woven fabric manufacturers and dyeing units; the BGMEA (Bangladesh Garment Manufacturers and Exporters Association), which represents the ready made garments sector, primarily the cut and sew units; and the BKMEA (Bangladesh Knitwear Manufacturer and Exporters Association), which represents the knitwear fabric manufacturers, the fabric dyeing units and the knit garment cut and sew units. These three associations work either in collaboration, or independently from each other, subject to the agenda they may be forwarding. However, it should be borne in mind that the bulk of the yarn manufactured by BTMA members is consumed by members of the BKMEA, which at times leave the two associations at opposing sides of an industry issue. The three main government departments that in turn work with these associations are the Ministry of Textile and Jute, the Ministry of Finance and the Ministry of Commerce.

Knitwear industry is mainly bounded in Narayanganj district. Only a limited number of firms operate in Uttara, Gazipur and Mirpur areas. This industry emerged in Narayanganj in the early stage of the 19th century. At the very beginning clothes were knitted from thread processed by wood made spindle wheel. Later handlooms were brought in from India which transformed the local cloth industry into a specialized hosiery sector, which in course of time made the narayanganj district famous all over Bangladesh. The hosiery industry expanded and peaked between the decades of 1920s and 1990s. After 1990, the knitting industry started to expand within the district. Basically the expansion of ready made garments industry creates demand for fabrics. To meet the growing fabric demand this knitting industry repanded significantly within a few years. Besides production of sweaters and socks, the major output of the knitwear industry involves two processes, namely, the knitting of fabric and the making of knitwear using the fabric thus knitted.

The present study attempts to explore the following questions by focusing on Bangladesh's knitwear industry. The questions are how the industry evolves and sustains the successful performance over the three decades in Bangladesh? What are the sources of the industry's competitive strength? How is the structure of the industry linked to productivity differentials within the intra industry performance? What's it spatial nature within cluster belt, specifically in Narayanganj?

Historical Genesis of Knitwear Production in Narayanganj

That knitwear manufacturing activities in Bangladesh have spatiality is evident from the unevenly distribution of these activities over several pockets in the

country. However, there is a large concentration of these activities in Narayanganj. Economic history can shed lights behind this geographic concentration of interconnected businesses emerged in the area. Narayanganj is a town in central Bangladesh, 20 km southeast from Dhaka. The town was founded on the motive of being a centre for trade and commerce by Mr. Bicon Lal Pandey, a Hindu religious leader. He leased the area from the British East India Company in 1766 following the Battle of Plassey to form a market place. He later donated the market and other land on the banks of the river as *Devottor*.

In its early stages geographical location of Narayanganj posed a competitive attraction in terms of communications for entrepreneurs as it was flanked by the Shitalakshya River on the east and the Buriganga River on the south and southwest. Gradually it became the most prominent river port of Bangladesh with regular steam communication with Kolkata, Sylhet, Assam and Kachar. The port used to handle an extensive trade with Kolkata, importing cloth, and salt, etc., and exporting agricultural produce of all kinds, especially jute and seeds. The port had also substantial trade with Chittagong, importing cotton, timber, oil, hides, etc., and exporting tobacco, pottery, and country produce, etc. The trade of Narayanganj with Yangon and Akyab comprised import of timber, cotton, catechu, etc, and export of tobacco, betel nut, etc.

Historically this region has very renowned heritage regarding cloth manufacturing. One of the important places of Narayanganj is Sonargaon, which was place "where there is the best and finest cloth made of cotton that is in all India". Sonargaon is historically famous for manufacturing a species of very fine muslin. John Crawford, who was for a long time in the service of the East India Company, stated to a Committee of the British House of Commons in 1830-31 that the fine variety of cotton in the neighborhood of Dhaka, from which the fine muslins were produced, was cultivated by the natives alone and was not at all known in the English market, or even in Calcutta.

The Dhakeshwari Cotton Mill at Narayanganj, established by Mr. Surya Kumar Bose on the bank of the Shitalakshya in 1927, was the first textile mill in the whole of the British district of Dhaka. The Chittaranjan Cotton Mill was established in 1929. Mr. Ramesh Chandra Roy Chowdhury, a professor of chemistry at the Jagannath College established the Laxmi Narayan Cotton Mill in 1932. The Dhakeshwari opened a second Mill in 1937. Narayanganj is also the principal hosiery manufacturing centre of Bangladesh. The first hosiery factory was established in 1921 by Mr. Shatish Chandra Pal in 1921. The factory named as Hangsha Hosiery at Tanbazar started its operations with four hand-driven ribbon machines. A major factor that promoted the expansion of hosiery industry

at Narayanganj is its location on the bank of the Shitalakshya, which facilitated transportation of raw materials and the finished products and supplied good water to wash knitted clothes. At present, Narayanganj is one of the main centers for the knitwear garments industries.

Sample and Data

A primary survey was conducted to capture the evolution and growth of the firms and their different value chain links in Narayanganj manufacturing belt. The survey included 15 firms. While choosing firms, it was ensured that the sample includes diverse categories of firms. The firms were divided into three categories based on their labor force employment. From those categories 15 firms have been chosen deliberately to ensure the representativeness. From them 4 firms were chosen from large enterprise category, 5 firms from medium size enterprises and 6 firms from small firms' category. Both quantitative and qualitative data collection techniques were introduced. A structured questionnaire was administered to collect the relevant quantitative informations. Before administering the questionnaire it was pretested in two firms situated in Dhaka. Key informant interview checklist was also administered with firm key informants' person to capture the qualitative aspects of firms evolving growth pattern.

Production and Marketing Process

Knitwear manufacturers at Narayanganj evolved with different dimensions of market segments. Gradually these dimensions introduced by specific firms within the industry were sustained as new channels for vertical and horizontal integration. So, the overall production and marketing structure is a complex juncture of overlapping dimensions. As expected production and marketing channels increase with complexities with the size of the firm. Generally three common patterns are available with the firms' structure. The most straight forward pattern consists of firms that attempt to control every conduit in the production and marketing process. Basically large firms are able to maintain such a complex and capital intensive process. Below is the pattern in details.

One variation that appears to differentiate this pattern is the process of the procurement of raw materials depending of the nature of the buyers' orders. At times orders are placed by the buyers with specific raw materials requisition and make it a binding constraint for the firm to collect such items from international markets. For other orders firms procure raw materials from local market. As large firms have capacity to handle more than one order at a time they execute this order variation simultaneously and thus procure raw materials from the both sources. In

Fig. 1: Production and Marketing Process of Large Firms



a sense this straight forward production pattern indicates profit maximization motive of the firm. As there is no middleman profit margin is higher than any other patterns. This pattern also exhibits scale-effect. This pattern is prevailing only in firms that operate at the top echelon of the market.

The most common pattern prevailing in the sub-sector is a complex juncture of several market segments and production processes. Some production relations are informal in nature and have been continuing for long time on the basis of verbal agreement and trust.

Fig. 2: Production and Marketing Process of Medium Firms



The most interesting phenomenon of this pattern is that some firms are established or transformed into formal entities just acting on the basis of trust mentioned above. Apparently it is hard to analyze the process or how the firms involved assess the risk just on the basis of such informal contract but obviously the role of social network, personal communication, and in some cases kinship status plays vital role for engagement is repeated game type interactions. This informal contract and the ensuing repeated game type behavior is more pronounced in the sub-contract portion of the market segment.

This generalized pattern is common among medium and large firms. The sub-contract portion is driven by demand factors. But in some cases the firm that receives the contract, which is most of the cases smaller in size, only operates seasonally and effectively run as a de factor wing of the large firm. Generally these are partnership firms where prime motivation is to earn profits at least risk. From the perspective of large firms the arrangement is in a sense cost minimizing option to make higher profits. And this production channel plays an important role in the industry as an out-sourcing unit for large firms' evolution.

Receipts of orders are another important feature that triggers full capacity running. In this channel buying house plays a substantial role. But it is common even within the medium size enterprises to receive orders directly from brand international retailers if the firm has 'requisite experiences'. Firms that have initiated operation very recently have to depend on the buying house or social relationship to get the sub-contract for production initiation. Within the sample it is evident that some firms were actually able to receive orders beyond their production capacity and some had excess capacity. Eventually firms with excess contracts out-source the excess orders to similar firms of similar size. From the view point of risk minimization hardly any contract is transferred to a less capacity firm. However, the lower valued part of the output is commonly contract out to lower sized enterprises. In most cases of sub-contract raw materials are supplied by the supplier to ensure quality. Tailoring houses are involved in this process where they just earn value equivalent to the making charge. In very few cases when contracts are transferred to similar sized firms, raw materials are procured by the contract receiving firm.

The production pattern that is common at the bottom of the market channel mainly consists of smaller firms in the industry. The relationship between agents within the market channel and different market segments are fully informal in nature. Local market coordination also falls within this pattern. But most of the cases the local market orientation started from distress sell. Somehow if the contract in product fails to satisfy buyers' desirable quality firm directly operates in local market for cost recovery. Based on these experiences firms confronted with slack of desired level contract in a year starts operation in the local market targeting the seasonal demand. Eventually firms do not make their operations on the basis of local market demand except for firms that have setup for hosiery products.

Sub-contracting within this pattern involves middleman. Actually firms with smaller capacity sometimes form a collective group with one firm playing lead role in contracting process with the other (larger) firms. The lead firm distributes the contracts among members with some margin for sourcing. Dyeing, bleaching

Fig. 3: Production and Marketing Process of Small Firms



and fabrics works are mainly conducted within this pattern virtually making themselves as a job unit. Some these firms have cyclical employment pattern and therefore have to lay off workers for 3/4 months in a year depending on the workload in the existing contracts and the ones, if any, in the pipeline. Procurement of raw materials within this pattern is tied with the contracts. Workloads are substantially higher in these firms compared to other production patterns within the industry. That is how these firms add to cost competitiveness and risk neutralization for the total industry. Mainly this production pattern maintains linkages between informal and formal manufacturing within the industry.

Enterprise Formation and Entrepreneurial Growth History

Most of the large firms were established at the beginning of the millennium and hence are in business for 8/9 years with sizeable investment. Within two years of operations majority of large firms reach the milestone and become profitable and sustainable. The history for medium size enterprises are little bit different. Most of the middle size enterprises established within the early 90s. On average most of them operate within the industry for the last 15 years. Comparable to large firms the initial fixed capital for these firms is substantially lower.

Small size enterprises revealed a mix trend. 40% of our sample firms are operating in this business for more than 15 years long. Other firms are just initiate there business and just operating for last 2 or three years. The business initiation cost which we try to capture through the indicator of fixed cost at the start of business is minimal for small size enterprise category over the three enterprise size.

Large, medium, and small firms on average start business with fixed asset worth about Tk.14 million, Tk. 6 million, and Tk. 3 million respectively. The late entrants of large firms have higher amount of fixed assets while the converse is true of the smaller firms. It was noted that irrespective of size, firms had to run lower at capacity in their production operations. The lower utilization rate was higher for the medium type enterprises. However, the lower utilization rates reported have transformed into overshooting rate after firms cross the milestone year. Some of the small firms established within last 2/3 years are yet to reap the benefit of milestone year.

It is evident that scale has a positive impact on production as some crude indicators show. Though these ratios are not perfect measures of magnitude of the growing process but they show the direction. Ratios of initial to milestone year

Table 1: Firms Status at the Initial and milestone Year of Business

Status at the initial year of business				
Enterprise size	Fixed Assets (Tk.)	Planned Capacity (Tk.)	Actual Production (Tk.)	Rate of Capacity Utilization
Large	3,750,000	8,000,000	7,266,667	90.83%
Medium	5,900,000	5,200,000	3,780,000	72.69%
Small	2,775,000	1,000,000	850,000	85.00%
Status at the Milestone Year of Business				
Large	45,833,334	23,250,000	159,500,000	586%
Medium	22,500,000	33,375,000	84,000,000	151%
Small	Na	Na	Na	Na

Source: Field survey October 2009

reveal that large firms grow at a faster rate. This might be large firms' resource base effect. The ratio for fixed asset and actual production shows the same trend but for planned capacity the medium enterprise has faster growth rate.

Table 2: Incremental Status of Firms between Initial and Milestone Years

Enterprise size	Average time of achieving milestone year	Increment of Average fixed asset	Increment of planned capacity	Increment of actual production
Large	3.5 years	3.34	2.90	21.95
Medium	6.5 years	3.81	6.42	22.22
Small	12.5 years	Na	Na	Na

Source: estimated on information from Field survey October 2009

The higher rates in all of the indicators for medium enterprise might be indicative of their absorptive capacity because scope for further expansion is limited for large firms as they are already overshot and there is tendency in medium firms to keep up with Joneses. Marketing procedure or obtaining the order issue plays crucial role in their quest for expansion as most of the entrepreneurs reported that experience and order collection were key factors for initiation of the business. As one owner of the medium size entrepreneur says: “When I was employed in garments business I observed that an upsurge of orders of knit garments in the international market. I collected some order just for experiment and found that is very profitable. Eventually I converted my factory setup into a knit garment factory”.

Change of occupation or shifts are common for medium size enterprises. As one entrepreneur mentioned he initially entered the garments business as an agent of a buying house and later he himself started the knitwear production by accruing contract for himself. This type of change has also variations. One factory owner was involved in the business by supplying raw materials to other firms and learned the knowhow of the business. Later he developed a relationship with buyers and started his own business. So, business acumen, knowledge about the industry and its intriguing process were all prerequisites for successful transition from related trades into factory ownership for the medium size firms. Owners of small firms have the same sorts of initiation to the business. Many of them started their business as suppliers of raw materials and then become sub-contracting firms. Help from foreign buyers are also common. One of the medium size entrepreneurs reported that a foreign buyer initially gave him credit to start a knit section in his woven garment factory. Later he shifted his business from woven garments to knit garments production. But there are two common factors: (a) prior experience from working in the garment business and (b) managing new order and investing on basis of those orders.

The most common reason for achieving success in milestone years reported by the owners are obtaining orders from the EU. The opportunity to get market access in the EU triggers success for the firm in the business. This is consistent as the milestone years of most of the firms were between 2002 and 2007. The second reason is bank loan. Another important factor for achieving milestone performance reported by large and medium size enterprises is the availability of modern machinery because the later vintage of machinery results in long uninterrupted production and help meet buyers’ deadline.

Financial constraint and non-cooperation from the concerned bodies of the government are two important constraints for the owners. This is particularly severe for the medium and small size entrepreneurs. Small firm owners complained that the current payment procedure in regards of subcontract is not beneficial for their growth. The contractors defer as high as 60% to 70% of money of the contractual payment. This makes them dependent on the financial intermediaries for working capital. The financial intermediaries are reluctant to advance loan to them.

Uninterrupted power supply is crucial factor for the knitwear manufacturing sector. Interruption in power supply implies that firms are either unable to use necessary tools and implements, or can do so only by bearing substantial cost for small generators. This has prevented mechanization and up-gradation of technique to a considerable extent and hinders their improvement. It was found that medium and large firms are operating with 45% power shortage. About three-fourth of these shortages are met through diesel operated generators and firms are closed for about 2 hours per working day.

Asset Categories

Large firms have assets worth about Tk. 114 million with 51.7% in capital machinery and 38.5% in other tangible assets including factory premises. Most of these firms are sole proprietorship with 100% equity capital. The average value of asset holding of the medium sized firms is over one hundred million taka which is closer to the large firms' assets holding. But when ownership of assets is considered, average value of asset holdings declines to less than a million taka, which implies presence of debt capital. On average medium size enterprises keeps 70.33% of total assets in capital machinery, 14% hired assets and approximately 15% assets in other tangible forms. For small size enterprise the asset holding pattern is quite different. On average asset portfolio of the smaller firms contains 38.25% in capital machinery, and 59.42% in other tangible forms. About 61.28% of the all assets are hired which is quite different from the other two groups' asset portfolio. On average firms have to pay about Tk.136 thousand for rental assets.

Sources of Finance

বাংলাদেশের জনসংখ্যার প্রায় ২৯% উপকূলীয় অঞ্চলে বসবাস করে। উপকূলীয় অঞ্চলের জনসংখ্যা ৩ কোটি ৫৩ লক্ষ। আয়তন ৪৭,৫৫১ বর্গকিলোমিটার যা দেশের মোট আয়তনের ৩২%। (পরিশিষ্ট-১-টেবিল-১) উপকূলীয় উপজেলার সংখ্যা ১৪৭ টি এবং গ্রামের সংখ্যা ১৭,৬৯৭ টি। (পরিশিষ্ট-১-টেবিল-২) সাগর ও উপকূলে রয়েছে অফুরন্ত সম্পদ ভান্ডার। বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বন সুন্দরবন উপকূলে অবস্থিত। সুন্দরবনের মোট আয়তন ৬০৯৭ বর্গকিলোমিটার যা বাংলাদেশের মোট আয়তনের শতকরা ৫.৬০ ভাগ। (পরিশিষ্ট-১-টেবিল-৮)। দেশের মোট বনভূমির ৪৪% এবং মোট রিজার্ভ ফরেষ্টের ৫১% ভাগ নিয়ে এ বনাঞ্চল গঠিত। বনজ খাতের ৪১ ভাগ রেভিনিউ এ বন থেকে আসে। ইহা দেশের মোট উৎপাদিত টিম্বার ও জ্বালানী কাঠ শক্তির ৪৫% ভাগ যোগান দেয় (বিল্লাহ-২০০৩) নিউজপ্রিন্ট মিল, হার্ডবোর্ড মিল, মৎস্য এবং মৎস্য প্রক্রিয়াকরণ শিল্পের কাঁচামালের যোগানদাতা এ সুন্দরবন। এ সুন্দরবনে ৬ লক্ষ লোক মধু সংগ্রহ, মাছ ধরা এবং কাঠ সংগ্রহের কাজে নিয়োজিত আছে। (খুদা-২০০১) অসংখ্য নদী-নালা, পুকুর-দীঘি সমৃদ্ধ উপকূলীয় অঞ্চল। এ সমস্ত জলাশয়ে প্রচুর মাছ পাওয়া যায়। নদী থেকে ধৃত মৎস্যের অধিকাংশ মেঘনা এবং নিম্ন মেঘনায় পাওয়া যায় (বিবিএস-২০০১)। বঙ্গোপসাগরে রয়েছে ৭৯ হাজার বর্গকিলোমিটার আয়তনের মাছ ধরার উপযুক্ত ক্ষেত্র (খুদা-২০০১)। দেশের মোট ধৃত মৎস্যের প্রায়

---

* সাধারণ সম্পাদক, বাংলাদেশ অর্থনীতি শিক্ষক সমিতি

This Paper was presented at the *XVII Biennial Conference titled* ***"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

২০% সমুদ্র থেকে ধৃত হয়। (বিবিএস-২০০৮) মৎস্য ধরার কাজে নিয়োজিত রয়েছে প্রায় ১০ লক্ষ লোক। (মন্টু-২০০৮) উপকূল অঞ্চলে লোনা পানিতে চিংড়ি মাছের চাষ হয়। চিংড়ি মাছ বাংলাদেশের অন্যতম রপ্তানী পণ্য। কক্সবাজার সমুদ্র সৈকত এবং পটুয়াখালীর হিরণ পয়েন্ট পর্যটকদের জন্য আকর্ষণীয় স্থান। এ সকল পর্যটন কেন্দ্র জাতীয় অর্থনীতিতে অবদান রেখে চলেছে। উপকূল অঞ্চল দেশের লবণ চাহিদা মিটানোর জন্য লবন শিল্পেও সমৃদ্ধ। উপকূল অঞ্চলে বেশ কয়েকটি গ্যাস ক্ষেত্র আবিস্কৃত হয়েছে। সমুদ্রে প্রচুর তেল-গ্যাস প্রাপ্তির সম্ভাবনা রয়েছে। সমুদ্রের পানিতে নানারকম পদার্থ বিদ্যমান। সমুদ্রের পানি শোধন করলে স্বর্ণ-রৌপ্য সহ বহু মূল্যবান ধাতব পদার্থ পাওয়া যাবে (ইসলাম-২০০৬)। দেশের ২টি সামুদ্রিক বন্দর উপকূলেই অবস্থিত। দেশের বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে এ দুটো সামুদ্রিক বন্দরের গুরুত্ব অপরিসীম। এ দুটি বন্দর থেকে সরকারের বাৎসরিক আয়ের পরিমাণ প্রায় ৮০০ কোটি টাকা (সমীক্ষা-২০০৯)। চট্টগ্রামে গভীর সমুদ্র বন্দর স্থাপিত হলে আন্তর্জাতিক ক্ষেত্রে এর গুরুত্ব আরো বৃদ্ধি পাবে। সমুদ্রের তরঙ্গ দিয়ে বিদ্যুৎ উৎপাদনের সুযোগও আমাদের রয়েছে। যা একটি অফুরন্ত নবায়নযোগ্য শক্তি। সমুদ্রে রয়েছে উদ্ভিদ ও শৈবাল জাতীয় খাদ্যের অফুরন্ত ভান্ডার। সমুদ্র ও সমুদ্র উপকূলের সম্পদের যথাযথ ব্যবহার করতে পারলে এদেশ হতে পারবে একটি সমৃদ্ধশালী দেশ। উপকূলীয় জেলা সমূহে বহু সংখ্যক শিল্প কারখানা গড়ে উঠেছে। রপ্তানী প্রক্রিয়াকরণ ৮টি অঞ্চলের মধ্যে উপকূলীয় ৩টি তে মোট শিল্প কারখানার ৫০% ভাগের বেশী অবস্থিত।এ সকল ইপিজেড সমূহ থেকে ৯৯৫৮.৯৬ মিলিয়ন ডলার পরিমাণ রপ্তানী করা হয়। যা মোট ইপিজেড থেকে রপ্তানীর ৫৫% ভাগ। ইপিজেড সমূহে নিয়োজিত শ্রমিক সংখ্যা ১ লক্ষ ৪১ হাজার যার ৬২% ভাগ এসব এলাকার ইপিজেডে নিয়োজিত (সমীক্ষা-২০০৯)।

ঘূর্নিঝড় সিডর ও ক্ষত-বিক্ষত উপকূল ঃ- ক্ষয়-ক্ষতির হিসাব

ঘূর্নিঝড়ের ইংরেজী Cyclone. Cyclone শব্দটি গ্রীক শব্দ Kyklon থেকে উদ্ধৃত হয়েছে। যার অর্থ হলো সাপের কুন্ডলী। (Coil of Snakes) গ্রীষ্মমন্ডলীয় সাইক্লোন ধ্বংসাত্মক প্রকৃতির। বাংলাদেশ অন্যতম সাইক্লোন প্রবণ অঞ্চল। গ্রীষ্মমন্ডলীয় ঘূর্নি ঝড়কে আমেরিকা মহাদেশে হারিকেন, পূর্ব এশিয়া ও দূরপ্রাচ্যের দেশ সমূহে টাইফুন, দক্ষিণ এশিয়ায় সাইক্লোন বলা হয় এবং অষ্ট্রেলিয়ায় তাকে উইলি-উইলি বলা হয়। সিডর বাংলাদেশের তৃতীয় সুপার সাইক্লোন। সিডর একটি ঘূর্ণিঝড়ের নাম। এটি উত্তর ভারতীয় সাগরের স্বনামযুক্ত গ্রীষ্মমন্ডলীয় ঝড়গুলোর মধ্যে চতুর্থতম। যুক্তরাষ্ট্রের হাওয়াই বিশ্ববিদ্যালয়ের প্যাসিফিক এনসো এ্যাপলিকেশন সেন্টারের গবেষক জনাব রাশেদ চৌধুরীর মতে সিডর নামটি এসেছে উপসাগরীয় রাষ্ট্র ওমান থেকে। এটা একটি আরবী গাছের নাম। ঝড়টি গঠিত হয়েছিল মধ্য বঙ্গোপসাগরে এবং দ্রুতই তা শক্তিশালী হয়ে ঘন্টায় সর্বোচ্চ ২১৫ কিলোমিটার বেগে পৌঁছায়। ২০০৭ সালের নভেম্বরের ১২ তারিখে ভারতীয় আবহাওয়া বিভাগ (আইএমডি) একে ঘূর্ণিঝড় সিডর বলে চিহ্নিত করে এবং ১৫ নভেম্বর সকালে ঝড়টি তার সর্বোচ্চ গতি বেগ ২১৫ কিলোমিটারে উঠে। Joint Typhoon Working Center (JTWC) এর মতে ঘন্টায় ২৫০ কিলোমিটারে উঠে (অক্সফাম-২০০৭)। এ বেগের ঝড়কে সাফির-সিম্পসন মানদন্ডে চতুর্থ মাত্রার ঝড় বলা হয়। ২০০৭ সালের নভেম্বর মাসের ১৫ তারিখে ঝড়টি হঠাৎ বাংলাদেশের উপর আছড়ে পড়ে।

বাংলাদেশের ৩০টি জেলা এ ঝড়ে ক্ষতিগ্রস্থ হয়েছে। জেলা গুলো হলো খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, ভোলা, পটুয়াখালী, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, যশোর, কুমিল্লা, ফরিদপুর, ঢাকা, মুন্সীগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, রাজবাড়ী, নড়াইল, মৌলভীবাজার, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী ও নারায়ণগঞ্জ। সিডরে সমুদ্রের নিকটবর্তী উপকূল এলাকা সমূহ বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে। বেশি ক্ষতিগ্রস্ত জেলাগুলো ছিল পটুয়াখালী, বাগেরহাট, পিরোজপুর, বরিশাল, বরগুনা,

ঝালকাঠি, ভোলা, মাদারীপুর, শরিয়তপুর, খুলনা ও সাতক্ষীরা। সর্বাধিক ক্ষতিগ্রস্ত জেলা হচ্ছে বরগুনা, পটুয়াখালী, বাগেরহাট, পিরোজপুর।

২০০৭ সালের ১৫ নভেম্বর উপকূলে সিডর মহাপ্রলয় সৃষ্টি করে। গোটা উপকূল ধ্বংসস্তুপে পরিণত করে। গাছ-পালা, রাস্তাঘাট, বাড়ীঘর, বেড়ী বাঁধ ভেঙ্গে নিশ্চিহ্ন করে দেয়। লক্ষ লক্ষ মানুষ ঠিকানা হারিয়ে নিঃস্ব হয়ে পড়ে। স্বজন হারাদের আহাজারিতে ভারী হয়ে উঠে উপকূলের আকাশ বাতাস। জেলে পরিবারের কান্না এখনও থামেনি। সিডরের আঘাতে সুন্দরবনের ১/৩ অংশ ধ্বংস হয়েছে। যে সুন্দরবন প্রাকৃতিক নিরাপত্তা হিসাবে এ দেশকে এতদিন দূর্যোগের হাত থেকে রক্ষা করে এসেছিল সে সুন্দরবন নিজেই সিডরে মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়। উপকূল রক্ষার জন্য বেড়ীবাঁধে সৃষ্ট বনেরও ব্যাপক ক্ষতি হয়।

সরকারি হিসাবে যে পরিমাণ ক্ষয়-ক্ষতি ধরা হয়েছে তা অত্যন্ত কম বলে বিশেষজ্ঞরা মনে করছেন। সরকারি হিসাবে ক্ষতিগ্রস্ত লোকের সংখ্যা ৮৯ লক্ষ ২৩ হাজার ২৫৯ জন ধরা হয়েছে। এ সংখ্যা আরও অনেক বেশী বলে অনেক সূত্র দাবি করে। অন্যান্য ক্ষয়-ক্ষতির পূর্ণাঙ্গ হিসাব পাওয়া যায় নাই। ধ্বংসপ্রাপ্ত বাড়ী ঘরের ভিতরে মানুষের ব্যবহার্য জিনিসপত্র, কাপড় চোপড় ও মজুদ খাদ্য দ্রব্য এবং অংস্কাদির হিসাব বের করা যায়নি। গ্রাম এলাকায় সর্বত্রই গাছপালা ধ্বংস হয়েছে। এসকল গাছ-পালার প্রকৃত ক্ষয়ক্ষতির হিসাব বের করা হয় নাই। নিম্নে প্রাপ্ত ক্ষয়-ক্ষতির একটি বিবরণ প্রদান করা হল ঃ

সিডর সংগঠিত হবার সময়ের ফসলের আনুমানিক ক্ষতির হিসাব করা হলেও জলোচ্ছ্বাসের ফলে জমিতে জলাবদ্ধতা ও লবণাক্ততা বৃদ্ধিতে উৎপাদনযোগ্য ফসল হারানোর পরিমাণ হিসাব করা হয়নি। সরকারি হিসাবে সিডরে মানুষের প্রাণহানীর সংখ্যা ৪ হাজারের কম বলা হলেও এ সংখ্যা ১০ হাজার হতে পারে বলে বিভিন্ন সূত্রে দাবি করা হয়। (অক্সফাম-০৭) বন বিভাগ সূত্রে জানা যায় যে, সিডরে সুন্দরবনের ২৫-৩০ হাজার হেক্টর এলাকার

টেবিল ১ : সিডরের ক্ষয়-ক্ষতির বিবরণ

ক্রমিক নং	খাত	পরিমাণ/সংখ্যা/আয়তন
০১।	ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা	৮৯,২৩,২৫৯ জন
০২।	ক্ষতিগ্রস্ত পরিবার	২০,৬৪,০২৬ পরিবার
০৩।	ফসলের ক্ষতি সম্পূর্ণ	৭,৪২,৮২৭ একর
০৪।	ফসলের ক্ষতি আংশিক	১৭,৩০,১১৭ একর
০৫।	বাড়ী-ঘরের ক্ষতি সম্পূর্ণ	৫,৬৩,৮৭৭ টি
০৬।	বাড়ী-ঘরের ক্ষতি আংশিক	৯,৫৫,০৬৫ টি
০৭।	মানুষের প্রাণহানী	৩,৩৪৭ জন
০৮।	নিখোঁজ মানুষ	৮৭১ জন
০৯।	গবাদি পশুর প্রাণহানী	১৭,৭৮,৫০৭টি
১০।	শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষতি সম্পূর্ণ	৪২৩১টি
১১।	শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষতি আংশিক	১২,৭২৩টি
১২।	ক্ষতিগ্রস্ত রাস্তা সম্পূর্ণ	১,৭১৪ কিঃ মিঃ
১৩।	ক্ষতিগ্রস্ত রাস্তা আংশিক	৬৩৬১ কিঃ মিঃ
১৪।	বেড়ী বাঁধের ক্ষতি সম্পূর্ণ / আংশিক	২৩৪১ কিঃ মিঃ

উৎস ঃ রফিকুল ইসলাম, মন্টু, সিডর, বিপন্ন উপকূলের বিবর্ণ রূপ, ঢাকা ২০০৮।
বিক্ষিপ্ত তথ্য সমূহ একত্রিত করা হয়েছে।

গাছ-গাছালি সম্পূর্ণ এবং ৭০-৮০ হেক্টরের গাছপালা আংশিক ক্ষতিগ্রস্ত করেছে। সামগ্রিকভাবে সুন্দরবনের ২৭% গাছ সম্পূর্ণ ও আংশিক নষ্ট হয়েছে। সিডর কেবল গাছই নষ্ট করেনি বনের অধিবাসী হরিণ, বাঘ ও অন্যান্য প্রজাতির বণ্য প্রাণীর জীবন কেড়ে নিয়েছে। সুন্দরবনের আর্থিক ক্ষতির পরিমাণ ৮০০ থেকে ১০০০ কোটি টাকা (মন্টু-২০০৮)। বিশেষজ্ঞদের মতে ম্যানগ্রোভ বনাঞ্চল ঝড়ের শক্তি ৩০ থেকে ৪০ শতাংশ কমিয়ে দিতে পারে। সুন্দরবন না থাকলে সিডরের আঘাত আরো বেশি হত এবং ক্ষয়-ক্ষতির পরিমাণ হত আরো বেশি। সুন্দরবনের ব্যাপক ক্ষয়-ক্ষতি হওয়াতে ভবিষ্যতের দুর্যোগ থেকে রক্ষা না পাওয়ার ক্ষতির পরিমাণ হবে অকল্পনীয়। সিডরের ধ্বংসযজ্ঞে (বর্তমান এবং ভবিষ্যৎ) পরিবেশ জনিত খরচ অপরিমেয়।

এতবড় ধ্বংসযজ্ঞে মাত্র ৪ হাজার লোকের প্রাণহানী ঘটেছে এবং মাত্র ৮৭১ জন লোক নিখোঁজ হয়েছে- এসব তথ্য অবিশ্বাস্য। উপকূলীয় জেলাসমূহে সমুদ্রগামী জেলের সংখ্যা মৎস্য অধিদপ্তরের হিসাব মতে ৪ লক্ষ ৫০ হাজার এবং অন্যান্য সূত্রে এ সংখ্যা ১০ লক্ষেরও বেশি বলে জানা যায়। সিডরের দিন শত শত ট্রলার এবং ৪০-৪৫ হাজার জেলে নৌকা নিখোঁজ হয়েছে। (মন্টু-২০০৮)। নৌকা নিখোঁজ হলে জেলেরা কি বেঁচে আছে? নিশ্চয়ই না। সিডরে হাজার হাজার মৎস্য খামারের মাছ নদী-সাগরে চলে গেছে। এসব ক্ষতির হিসাব করার কোন উদ্যোগ ছিল বলে মনে হয় না। ক্ষয়-ক্ষতির হিসাব নিরুপনের জন্য ব্যাপক জরিপের প্রয়োজন ছিল। গ্রামের মেম্বার-চেয়ারম্যানগণ আনুমানিক ভিত্তিতে যে তথ্য প্রদান করেছে তা যোগ করে হিসাব নিরুপন করা হয়েছে। সিডরের ক্ষয়-ক্ষতির যে হিসাব পাওয়া গেছে তা প্রকৃত ক্ষতির একটি সামান্য অংশ মাত্র। প্রত্যেক খাতের সকল ক্ষতির সঠিক হিসাব বের করতে পারলে ভবিষ্যতে ঝড় নিয়ন্ত্রণ কর্মসূচী ও দুর্যোগের সঙ্গে বসবাস রীতি গড়ে তোলার কৌশল গ্রহণে সহায়ক হত। কার্বন নিঃসরণকারী ধনী দেশ সমূহকে ক্ষতিপূরনের ক্ষেত্রে চাপ প্রয়োগ করা যেত।

দুর্যোগের সঙ্গে বসবাসঃ- ঐতিহাসিক প্রেক্ষাপট ও জলবায়ুর পরিবর্তন

সাগর উপকূলের মানুষদেরকে অস্তিত্বের জন্য প্রকৃতির সঙ্গে সংগ্রাম করে জীবন ধারন করতে হয়। উপকূল অঞ্চলে দুর্যোগ থাকবে এটা স্বাভাবিক। পৃথিবীতে ৬টি ঘূর্ণিঝড় প্রবল অঞ্চল রয়েছে তার মধ্যে বাংলাদেশও একটি। বাংলাদেশের দক্ষিণ, দক্ষিণ-পূর্ব ও দক্ষিণ-পশ্চিম অঞ্চল জুড়ে সমুদ্র উপকূল রয়েছে। সমুদ্র তট রেখার দৈর্ঘ্য ৭১০ কিলোমিটার। ভৌগোলিক অবস্থানের কারণেই এখানে ঘূর্ণিঝড়, সামুদ্রিক ঝড় এবং জলোচ্ছ্বাস হয়ে থাকে। এ অঞ্চলে ঘূর্ণিঝড় নতুন কিছু নয়। এ পর্যন্ত সমুদ্র উপকূল অঞ্চলে বহুবার মারাত্মক ঘূর্ণিঝড় হয়েছে এবং সর্বোচ্চ ৪৫ ফুট পর্যন্ত জলোচ্ছ্বাস হয়েছে। কিন্তু অতীত থেকে আমরা শিক্ষা গ্রহণ করিনি। ঘূর্ণিঝড় নিয়ন্ত্রণ করার কৌশল এখনো আবিস্কৃত না হলেও জলোচ্ছ্বাস প্রতিরোধ করা কঠিন কাজ নয়। ঘূর্ণিঝড় বাড়ী-ঘর, বৃক্ষাদি এবং ফসলের ক্ষতি করলেও মানুষের জীবন তেমন বেশী বিনাশ করতে পারে না। জলোচ্ছ্বাসের কারণেই বেশী মানুষ মারা যায়। সচেতনতা বৃদ্ধি এবং উপকূলে বাঁধ নির্মাণের ফলে ২০০৭ সালের সিডরে মানুষের প্রাণহানীর সংখ্যা আগেকার তুলনায় কম হয়েছে।

দক্ষিণাঞ্চলের সন্তান হিসাবে সে ষাট দশক থেকেই বহু ঘূর্ণিঝড় প্রত্যক্ষ করার দুর্ভাগ্য হয়েছে। ১৯৭০ সালের প্রলংকরী ঘূর্ণিঝড়ে লাশের মিছিল দেখেছি। মান্দার গাছের ডালে জড়ানো লাশের কান্না দেখেছি। মরক খাবার মত শৃগাল-কুকুর এবং এমন কি কোন শুকুনও ছিল না, সবাই নিজেই ভাগার। একই সঙ্গে একই সময়ে লক্ষ লক্ষ মানুষ, জীব জানোয়ারের সলিল সমাধি পৃথিবীর ইতিহাসে আর কখনও ঘটেনি। ১৯৭০ সালের এ ঘূর্ণিঝড়টি সমগ্র উপকূলের উপর দিয়ে ২২৫ কিলোমিটার বেগে প্রবাহিত হয় এবং ২০ থেকে ৩০ ফুট জলোচ্ছ্বাসে প্লাবিত হয়। সরকারিভাবে মৃতের সংখ্যা ৫ লক্ষ (চৌধুরী-২০০১) বলে দাবী করা হলেও এ সংখ্যা ১২ লাখের বেশী বলে বিভিন্ন সূত্র থেকে জানা যায় (অক্সফার্ম-২০০৭)।

উপকূল এলাকা বন্যা, জলোচ্ছ্বাস ও ঝড়-তুফানে আক্রান্ত হয় আজ নতুন নয়। সম্রাট আকবরের সভাকবি আবুল ফজলের 'আইন-ই-আকবরী' গ্রন্থে ১৫৮৪ সালের এক ভয়াবহ ঘূর্ণিঝড়ের বিবরণ পাওয়া যায়। ৫ ঘন্টা ধরে বজ্রপাতসহ হ্যারিকেন জাতীয় ঝড় প্রবাহিত হয়েছিল যা মহাপ্লাবন আকারে ছড়িয়ে পড়ে এবং মন্দিরের উঁচু চূঁড়া ব্যতীত সকল ঘরবাড়ি জলে নিমজ্জিত হয়েছিল। এ ভয়াবহ দূর্যোগে বাকালার ২ লক্ষ মানুষ ও অগনিত জীব-জন্তু প্রাণ হারায়। (জেলা গেজেটিয়ার ১৯৮৪)।

বাংলাদেশের সমগ্র উপকূলভাগ প্রচন্ড ঝড় ও ক্রান্তীয় সাইক্লোন প্রবণ। সারা বিশ্বে সৃষ্ট ট্রপিক্যাল সাইক্লোনের মাত্র ১০ ভাগ দক্ষিণ ভারত মহাসাগরে সংগঠিত হলেও এগুলো হচ্ছে সবচেয়ে মারাত্মক প্রাণঘাতি। এগুলো বিশ্বের মোট সাইক্লোনে ক্ষতির ৮৫ শতাংশ এখানে করে থাকে। বাংলাদেশের উপকূলীয় অঞ্চল মৌসুমী বায়ু দ্বারা বিশেষভাবে প্রভাবিত। সরু ও উন্মুক্ত উপকূল, প্রচন্ড ঢেউ ও বায়ু প্রবাহ, নদী ভাঙন ও পলি সঞ্চায়নের গতিময়তা ও বৈচিত্র্য, সমুদ্রের স্বাভাবিক ঢালুময়তা ইত্যাদি বিশেষ বৈশিষ্ট্যই প্রাকৃতিক দুর্যোগ প্রবণতার প্রধান প্রধান কারণ হিসাবে মনে করা হয়। (মন্টু-২০০৮)।

ইউএমজিপি'র প্রাকৃতিক দূর্যোগের ঝুঁকি কমানো, উন্নয়নের জন্য চ্যালেঞ্জ শীর্ষক রিপোর্টে বলা হয়েছে এশিয়ার সবচেয়ে বেশী ঘূর্ণিঝড়ের ঝুঁকির মুখে রয়েছে বাংলাদেশ। ১৯৮০ থেকে ২০০০ সাল পর্যন্ত বিশ বছর ঘূর্ণিঝড়ে মারা গেছে আড়াই লাখ মানুষ। যার ৬০ শতাংশই বাংলাদেশের। ঘূর্ণিঝড়ে ক্ষতি বাংলাদেশে সবচেয়ে বেশী। ফিলিপাইন তিনগুণ বেশী ঝূঁকিতে থাকলেও ঘূর্ণিঝড়ে মৃত্যুর সংখ্যা ফিলিপাইন থেকে বাংলাদেশে ১০ গুণ বেশী (অক্সফাম-২০০৭) আফ্রিকা ও এশিয়া মহাদেশে প্রাকৃতিক দুর্যোগে বেশী মানুষ মারা যায়। ১৯৯২-২০০১ সাল পর্যন্ত সারা বিশ্বের ৬,২৮,৩৬৩ জন মানুষ জীবন হারায়। এর ৭৫% ভাগই ছিল এশিয়া মহাদেশের, ১৯৯১ সালেই বাংলাদেশে সাইক্লোনে মৃত্যুর সংখ্যা ছিল ১,৪০,০০০ জন। (রহমান-২০০৫)।

উপকূল অঞ্চলের অধিকাংশ মানুষ সংগ্রাম করে টিকে আছে। তাদের জীবন ধারা প্রকৃতির দয়ার উপর নির্ভরশীল। জীবন ধারণ কিংবা জীবিকা অর্জনের অফুরন্ত সম্পদের ভান্ডার যে প্রকৃতি, সে প্রকৃতিই আবার তাদেরকে নিমিষেই শেষ করে দেয়। ১৭৯৫ সাল থেকে ১৯৯৮ পর্যন্ত বড় ধরনের ২৮টি ঘূর্ণিঝড় হয়েছে। এগুলোর বেশি ভাগই দক্ষিণ উপকূলে আঘাত হানে। ১৭৯৭ সালে ঘূর্ণিঝড়ে চট্টগ্রাম শহরের ৫টি পাকা বাড়ী বাদে সকল বাড়ী ঘর মাটির সাথে মিশে যায়। (মন্টু-২০০৮)।

আঠারশত শতকে ৬টি বড় ধরণের ঝড় উপকূলে আঘাত হানে। ১৮২২ সালের জুনের প্লাবন হাতিয়া দ্বীপকে নিমজ্জিত করে এবং প্রায় সমগ্র জনপ্রাণী ধ্বংস করে। তৎকালীন জেলা প্রশাসক মিঃ কার্ডির প্রদত্ত বিবরণ থেকে জানা যায় যে, অফিস আদালত কয়েক ফুট পানির নিচে ডুবে যায়। ঝড়ে লক্ষাধিক লোক মারা যায় এবং প্রায় সকল গবাদি পশু মারা যায় এবং ফসল নষ্ট হয়। ১৮৬৯ সালে বরিশালের উপর দিয়ে প্রচন্ড সামুদ্রিক ঝড় ও জলোচ্ছ্বাস বয়ে যায়। ১৮৭৬ সালে হাতিয়া ও নোয়াখালী অঞ্চলে ও ভোলা দ্বীপে সামুদ্রিক ঝড় ভয়ংকর প্রলয়ের সৃষ্টি করে এবং একই বৎসরে ১ মাসের মধ্যে ভোলা দ্বীপে প্লাবন সৃষ্টি হয়েছিল। প্লাবনে পানি দূষনের কারণে মহামারী দেখা দেয়। মহামারিতে ভোলার ১/৫ ভাগ লোক মারা যায়। উক্ত সামুদ্রিক ঝড়ে উপকূল এলাকাতে ১০ থেকে ৪৫ ফুট জলে প্লাবিত করে। এ দূর্যোগে ২ লক্ষ লোক প্রাণ হারায়। (জেলা গেজেটিয়ার ১৯৮৪)

উন্নত দেশগুলোর শিল্প বিপ্লবের কারণে অধিক পরিমাণ কার্বণ-ডাই-অক্সাইড এবং অন্যান্য সিএফসি গ্যাস নিঃসরনের ফলে বিশ্ব উষ্ণ হওয়াতে জলবায়ুর পরিবর্তন লক্ষ্য করা যায়। বিভিন্ন সূত্রে জানা যায় যে, কয়েক বছরে দেশের উপকূলীয় এলাকায় ঘূর্ণিঝড়ের প্রবণতা বেড়েছে এবং ঘূর্ণিঝড়ের ব্যবধান কমে এসেছে। পুর্বে ১০, ১৫ কিংবা ২০ বছর পরপর ঘূর্ণিঝড় আঘাত হানলেও এ সময়টা এখন ৪-৫ বছরে নেমে এসেছে। ১৮৯১ থেকে ১৯৯০

সাল পর্যন্ত ১০০ বছরে ছোট বড় ৭০০টি ঘূর্ণিঝড় উপকূলে আঘাত হেনেছে। এরমধ্যে ৬২টি ছিল মৌসুমী পূর্ব এবং ১৯২টি মৌসুমী উত্তর ঋতুতে সংঘটিত হয়েছিল। ১৭৯৩ সাল থেকে ১৯৯৭ সাল পর্যন্ত সময়কালে ব্যাপক ক্ষতি করেছে এমন ঘূর্ণিঝড়ের সংখ্যা ৪৫টি। এ প্রবণতা থেকেই ঘূর্ণিঝড়ের মাত্রা বৃদ্ধির প্রমাণ মেলে। (অক্সফ্যাম-০৭)। উনিশ শতকে ঝড়ের তান্ডব মারাত্মক আকার ধারণ করেছে। ১৯৬৫ সালে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসটি স্মরণীয়। এ ঝড়ে ১১ ফুট উঁচু তরঙ্গের সৃষ্টি হয় এবং ফসলের ব্যাপক ক্ষতি হয়। এ সময় প্রায় ১৭ হাজার লোক প্রাণ হারায়। (জেলা গেজেটিয়ার ১৯৮৪) ১৯৮৫ সালের ঘূর্ণিঝড়ে উড়ির চর ধ্বংস হয়ে যায়। ১৯৯১ সালের ঘূর্ণিঝড়ে ১ লক্ষ ৩৮ হাজার লোকের প্রাণহানী ঘটে। (বিইউপি-২০০৭)। সম্পদের ক্ষয়-ক্ষতির পরিমাণ ছিল ৬ হাজার কোটি টাকা (চৌধুরী-২০০১)। সিডর ছিল সুপার সাইক্লোন এবং ক্ষতিগ্রস্ত এলাকা ছিল সর্বকালের চেয়ে বেশী। উপকূলীয় ১৯টি জেলা ছাড়াও সর্বমোট ৩০টি জেলায় প্রচন্ড আঘাত হানে। ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা ১ কোটিরও বেশী।

উপকূল এলাকায় প্রাকৃতিক দূর্যোগ চ[illegible]াকারে সংঘটিত হয়। একটার কারণে অন্যটা কিংবা অন্যগুলি সৃষ্টি হয়। ঘূর্ণিঝড় একা আসে না সঙ্গী হিসেবে জলোচ্ছ্বাসকেও সঙ্গে নিয়ে আসে। জলোচ্ছ্বাস আবার একা আসে না লবণকে সঙ্গে নিয়ে আসে। লবণ পানি মাটির সঙ্গে দুস্তি করে মাটির উর্বরতা নষ্ট করে। উপকূল এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে এবং নদী ভাঙ্গন বেড়ে চলেছে। বিগত ৪০ বছরে ভোলা জেলার ৩ হাজার বর্গ কিলোমিটার নদীগর্ভে বিলীন হয়ে গেছে। বর্তমান হারে ভাঙ্গন অব্যাহত থাকলে থাকলে আগামী ৪০ বছরে ভোলা সম্পূর্ণ নদীগর্ভে বিলীন হয়ে যাবে। (মন্টু-২০০৮) উপকূলের সবগুলো জেলাতেই প্রতিবছর বিপুল সংখ্যক মানুষ নদী ভাঙ্গনে নিঃস্ব হচ্ছে। উপকূলীয় জেলাগুলোতে জলাবদ্ধতা ও লবণাক্ততা বৃদ্ধি পাচ্ছে। যশোর, খুলনা এবং সাতক্ষীরার বিস্তৃর্ণ এলাকার মানুষ জলাবদ্ধ হয়ে পড়েছে। হাজার হাজার মানুষ পানিতে বসবাস করছে। ধানক্ষেতে ধানের বদলে হাঁসেরা সাঁতার কাটছে।

সিডর পরবর্তী বিষন্ন অর্থনীতি

১৯০১ সালের উপকূলীয় জেলা সমূহের লোকসংখ্যা ছিল ৭২ লক্ষ। ১৯৯১ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২ কোটি ৮০ লক্ষ। ১৯৯৮ সালে তা আরও বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৩ কোটি ২০ লক্ষে। ২০০১ সালে জনসংখ্যা দাড়ায় ৩ কোটি ৫৩ লক্ষ্যে এবং বর্তমান জনসংখ্যার প্রায় ৪ কোটি। গড় বার্ষিক বৃদ্ধির হার শতকরা ১.২৯ শতাংশ। এ হারে জনসংখ্যা বৃদ্ধি অব্যাহত থাকলে ২০৬০ সাল নাগাদ উপকূলের লোকসংখ্যা দাঁড়ায় ৫ কোটি। (মন্টু-২০০৮)

উপকূলের জেলা সমূহের আয়তন ৩২ লক্ষ হেক্টর যার ৬২.৫% অর্থাৎ ২০ লক্ষ হেক্টর চাষযোগ্য উপকূলের ১০ লক্ষ হেক্টর জমিতে এপ্রিল থেকে নভেম্বর পর্যন্ত দৈনিক জোয়ার ভাটা সংগঠিত হয়। শুষ্ক মৌসুমে জমিতে লবণাক্ততা বৃদ্ধি পায় এবং ফসল উৎপাদনের তীব্রতা হ্রাস পায়। বাংলাদেশের অন্যান্য অঞ্চলের মত এ অঞ্চলের মানুষের মূল পেশা কৃষি। অক্সফার্ম এর এক রিপোর্ট মোতাবেক দেশের অন্যান্য এলাকার তূলনায় উপকূলীয় অঞ্চলের জনসাধারনের মাথাপিছু ভূমির প্রাপ্যতা কম। ১৯৯৬ সালে ৫৪% থানা কার্যকরভাবে ভূমিহীন ছিল এবং মাথাপিছু জমি ছিল ৫০ শতাংশেরও কম। এসব পরিবারের মালিকানায় আছে মাত্র ১৭ ভাগ ভূমি। আবার ১২ ভাগ পরিবারের মালিকানায় রয়েছে ৪৭ ভাগ ভূমি। (অক্সফাম-২০০৭)।

উপকূলের জেলা সমূহের মধ্যে বৃহত্তর বরিশালকে এককালে বাংলার শস্য ভান্ডার বলা হতো। উপকূলীয় অন্যান্য অঞ্চলেও খাদ্য ঘাটতি ছিল না। উনবিংশ শতাব্দীতে W.W. Hunter তাঁর বিবরণীতে লিখে যে, "এখানকার প্রায় প্রত্যেক অধিবাসী এমনকি গৃহভৃত্যগণ ও অল্প স্বল্প জমির মালিক। তারা তাদের পরিবার পরিজনের ভরণ পোষনের জন্য ধান এবং অন্যান্য প্রয়োজনীয় খাদ্যশস্য প্রচুর পরিমাণে উৎপাদন করে থাকে। জনগণের অর্থনৈতিক অবস্থা

স্বচ্ছল ছিল"। (জেলা গেজেটিয়ার ১৯৮৪)। বন্যা, ঝড়, নদী ভাঙ্গন, লবণাক্ততা ইত্যাদি বৃদ্ধির ফলে এসব জেলার লোকেরা দারিদ্রের চ□ পতিত হয়েছে বিবিএস এর হিসাবে বরিশাল বিভাগে দারিদ্রের হার বেশী। ১৮৭৬ সালে তৎকালীন বাকেরগঞ্জ জেলা ম্যাজিস্ট্রেটের বিবরণ থেকে অর্থনৈতিক অবস্থা সম্পর্কে একটা ধারণা পাওয়া যায় "বাংলার অপরাপর অংশের তুলনায় বাখেরগঞ্জের অভাব অনটন কম। এ জেলার ভূমি উর্বর। এখানকার রায়তগন প্রচুর স্বচ্ছলতার মধ্যে বাস করেন। তাদের প্রচুর পরিমাণ ধান-চাল আছে। প্রত্যেক খানার পুকুর ডোবায় যথেষ্ট মাছ আছে এবং বাগানে নারিকেল সুপারী, কলা ইত্যাদির প্রাচুর্য আছে। লবণ, কাপড়-চোপড় এবং তামাক ছাড়া অন্য কিছু কিনতে হয় না" (গেজেটিয়ার-১৯৮৪)। উপকূলীয় চন্দ্রদ্বীপ বা বাকলা খুবই সমৃদ্ধ ছিল। বাকলা বলতে তখন বাখরগঞ্জ, ফরিদপুর, নোয়াখালী, খুলনা জেলার বিস্তীর্ন অঞ্চলকে বুঝত। রালফ ফিচ নামক একজন ইংরেজ পর্যটক, ১৫৮৬ সালে বাকলার পরিদর্শনে আসেন এবং বলেন, "দেশে প্রচুর খাদ্য, সূতী বস্ত্র এবং রেশমী বস্ত্র ছিল। ঘর-বাড়িগুলো ছিল অত্যন্ত সুন্দর এবং উঁচু, রাস্তাগুলো ছিল বেশ চওড়া। লজ্জা নিবারনের জন্য সামান্য কাপড় ছাড়া লোকজন আর কিছু পরিধান করত না। মহিলারা গলায় এবং বাহুতে রূপার অলঙ্কার এবং পায়ে রূপা ও তামার খাড় পরত এবং আঙ্গুলে হাতির দাঁতের তৈরী অঙ্গুরী পরত"। (গেজেটিয়ার-১৯৮৪)।

উপকূলীয় অঞ্চলের অর্থনৈতিক জীবন এখনও কৃষি নির্ভর । বাগেরহাট, লক্ষীপুর, নড়াইল, শরীয়তপুর এবং বরিশাল বিভাগের সবগুলো জেলাতে কৃষির উপর নির্ভর পরিবারের সংখ্যা এখনও ৭০% ভাগের উপরে (পরিশিষ্ট-১- টেবিল-৪) উপকূলীয় অঞ্চলের জেলাসমূহে অকৃষিখাতের বিকাশ তেমন ঘটেনি। কৃষি শ্রমিকের সংখ্যা ও বেশী। ফলে দারিদ্র্যের সংখ্যাও বিপুল। (পরিশিষ্ট-১-টেবিল) উপকূলীয় জেলা সমূহে বোরো ধানের আবাদ দেশের অন্যান্য জেলাসমূহের তুলনায় অনেক কম (পরিশিষ্ট-১, টেবিল-৫)। গমের আবাদও কম। বোরা এবং গমের আবাদ কম বিধায় উপকূল অঞ্চলের গ্রামের অর্থনীতি আমন ফসল নির্ভর। বরগুনা, ভোলা, ঝলকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, নোয়াখালী, লক্ষীপুর, খুলনা, বাগেরহাট জেলায় বোরো ধানের আবাদ খুবই কম। (টেবিল-১)

সিডর সংঘটিত হবার সময়টা ছিল আমন ধান উঠা মৌসুম। সিডর কৃষকের পাকা ধানে মই দিয়েছিল। পুরো উপকূলীয় এলাকাতে খাদ্যের তীব্র সংকট সৃষ্টি হয়েছিল। আমন ফসলই উপকূলীয় অঞ্চলের প্রধান ফসল। কৃষি শ্রমিকেরা ধান কাটতে পারেনি বলে রোজগার হারায়। কৃষক ফসল হারিয়ে তীব্র খাদ্য সংকট ও আর্থিক সংকটে পতিত হয়। উপকূলীয় জেলাগুলিতে ২০ লক্ষ একর জমির আমন ফসল ক্ষতিগ্রস্ত হয়। এতে ১২ লক্ষ টন ফসল নষ্ট হয়। টাকার অংকে আমনের ক্ষতির পরিমাণ ২ হাজার ১শ' কোটি টাকা। (মন্টু- ২০০৮) কৃষকদের ঘরবাড়ী ধ্বংস হওয়াতে পারিবারিক খাদ্য মজুদ একদম ছিল না। ব্যবসায়ীরা চালের মজুদ তেমন করেনি কারণ ফসল কাটার মৌসুম ঘনিয়ে আসছিল। পুরো অঞ্চলের মানুষ খাদ্য নিরাপত্তা হীনতায় পতিত হয়। এলাকায় চালের দাম বৃদ্ধি পায়। ২২ টাকার চাল তাদেরকে ৩০ টাকা কেজিতে কিনতে হয়েছে।

মঙ্গাঁ এলাকায় দেখেছিলাম মানুষ খাদ্যে কষ্ট পায় তবে সবাই নয়। কেবলমাত্র কৃষি শ্রমিকরাই মঙ্গার সময় অনাহারে থাকে। কিন্তু সিডর পরবর্তীকালে দেখা গেল ধনী-গরীব সবাই খাদ্য সংকটে পতিত হয়েছে। খাদ্য সংকট এতো তীব্র ছিল যে, মানুষ খাদ্যের জন্য জুতা মিছিল করেছে, বিক্ষোভ সমাবেশ করেছে এবং এমনকি সংঘর্ষেও লিপ্ত হয়েছে। ধনী গরীব সকলে রিলিফের লাইনে দাঁড়িয়ে রিলিফের চাল দিয়ে জীবন বাঁচিয়েছে। মানুষ অভাবে পড়লে গরু ছাগল বি□ করে অথবা গাছপালা বি□ করে অভাব মোচন করে। কিন্তু বাড়ীতে গরু-ছাগল নেই, গাছপালা, তাও নেই। সিডরে গ্রামাঞ্চলের গাছপালা মাটির সঙ্গে মিশিয়ে দিয়েছে। গরু-ছাগল জলোচ্ছ্বাসে ভাসিয়ে নিয়ে গেছে। ৩২ হাজার কোটি টাকার পশু সম্পদ নষ্ট হয়েছে। (মন্টু-২০০৮) গ্রামাঞ্চলের গাছপালার ক্ষয়ক্ষতির হিসাব জানা যায়নি। তাল-খেজুর, নারিকেল ও সুপারি গাছ উপকূলীয় গ্রামীন অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। উপকূলীয় জেলা সমূহে প্রত্যেক গ্রামে বাড়িতে বাড়িতে গাছের বাগান আছে। এ সমস্ত বাগানের বৃক্ষাদি ঘর নিমার্ণের কাঁচামাল যোগান

দেয়। গৃহস্থালী জ্বালানির উৎস ও এ সকল বাগান। এ সমস্ত গাছ ফলফলাদি অভাবও মোচন করে থাকে। তাল খেজুর গাছ দুধ দেয়া গাভীর মত প্রতিবছরই রস ও গুড় সরবরাহ করে কৃষকের বাড়তি রোজগারের সুযোগ করে দেয়। এ অঞ্চল সুপারি ও নারিকেল গাছের জন্য বিখ্যাত। এ সমস্ত গাছের পাতা নবায়নযোগ্য জ্বালানি হিসাবে কাজ করে। নারিকেলের তৈল ও ছোবড়া শিল্প ধ্বংস হয়ে গেছে। নারিকেল- সুপারি গাছ ধ্বংস হওয়াতে এলাকার লোকেরা স্থায়ীভাবে রান্নার জ্বালানীর সংকটে পতিত হয়েছে। নারিকেল সুপারি, খেজুর, তাল গাছ নষ্ট হওয়াতে এলাকার মানুষ দীর্ঘ মেয়াদী অর্থনৈতিক সংকটে পতিত হয়েছে। বৈশাখ- জৈষ্ঠ এবং আর্শ্বিন-কার্তিক মাসের অভাবের সময় এ সমস্ত গাছ বেকারত্ব লাঘব করে এবং কিছু নগদ অর্থ কৃষকের হাতে তুলে দেয় বলে রংপুরের মত মঙ্গা আক্রান্ত হয় না। উপকূল অঞ্চলে নারিকেল গরীব মানুষের বিপদের বন্ধু। ক্ষুধা-তৃষ্ণা মেটাতে নারিকেল গাছের ভূমিকা অতূলনীয়। সিডর এ সকল উপকারী বৃক্ষাদি ধ্বংস করে উপকূল অঞ্চলের খাদ্য নিরাপত্তা ভীষণভাবে বিঘ্নিত করেছে। উপকূলীয় জেলা সমূহে পুকুর ডোবা এবং পারিবারিক বাগান অনেকটা কমন সম্পত্তির মতন। একজনের বাগানের গাছের ডালপালা, পাতা ও লতাগুল্ম অন্যেরা ব্যবহার করতে পারে। একজনের গাছের ফল অন্যেরাও খেতে পারে। ব্যক্তিগত সম্পত্তিতে এ রকম গণ দ্রব্যের (Public Goods) মত ভোগের সুযোগ দেশের অন্যান্য অঞ্চলে নেই। গাছ-পালা বিক্রি করে ভবিষ্যতে যে পরিমাণ অর্থ পাওয়া যেত তাও চিরতরে নষ্ট হয়ে গেছে। বৃক্ষাদি ধ্বংসের ফলে সারের সংকট সৃষ্টি হয়েছে এবং মাটির ক্ষয় বৃদ্ধি পেয়েছে।

সিডরে ১৭ লক্ষ গবাদী পশু মারা যায় এবং পরবর্তীতে ঘাসের অভাবে এবং পরিবেশ দূষণজনিত কারণে রোগাক্রান্ত হয়ে ১৪ লক্ষ গবাদী পশু মারা যায়। (মন্টু-২০০৮) ফলে দুধ ও মাংসের সংকট দেখা দেয়। এছাড়া হালচাষের জন্য মারাত্মক সমস্যা সৃষ্টি হয়। গবাদী পশুর সংখ্যা হ্রাস পাওয়াতে গো-সারের যোগান ভীষণভাবে হ্রাস পায়। আমিষ ও দুধের অভাবের কারণে মানুষেরা দীর্ঘমেয়াদী অপুষ্টির শিকারে পরিণত হয়। আটঘর, কুড়িয়ানার পেয়ারা বাগান সিডর সাফ করে ফেলেছে। উপকূলের উঁচু ভূমির রবি শস্যের ব্যাপক ক্ষতি হয়েছে। পানের বরজ ব্যাপকহারে ক্ষতিগ্রস্ত হয়েছে। উপকূলীয় ১৫টি জেলায় ৩৮৩টি পানের বরজের মধ্যে ২৯৮ টির ৭০% শতাংশ ক্ষতিগ্রস্থ হয়েছে এবং বাকী গুলোর ৫০% শতাংশ ক্ষতি হয়েছে (মন্টু-২০০৮)

দক্ষিণ ও দক্ষিণ পশ্চিম অঞ্চলের জেলা সমূহে মৎস্যজীবি পরিবারের সংখ্যা ১০ লক্ষ। দক্ষিণ ও দক্ষিণ পশ্চিম উপকূলের চর এলাকায় মাছ ব্যবসায়ী এবং শুঁটকি মাছ ও মাছ প্রক্রিয়াজাতকরণের শিল্পে বহু সংখ্যক লোক নিয়োজিত থাকে। এছাড়া উপকূলীয় অঞ্চলে ব্যাপকভাবে চিংড়ি চাষ হচ্ছে । ১৯৭৯-৮০ সালে মাত্র ২০ হাজার হেক্টর জমিতে চিংড়ি চাষ করা হতো তা ১৯৯৬-৯৭ সালে ৪ লক্ষ ১০ হাজার হেক্টরে দাঁড়িয়েছে। (বারকাত-২০০৭) কক্সবাজার এবং খুলনা অঞ্চলে চিংড়ি চাষ বেশি হয়। সিডরে মৎস্য খাতের ক্ষতি করেছে আড়াই হাজার কোটি টাকার (মন্টু ২০০৮)। এই হিসাবে ব্যক্তিগত পুকুরের মাছের ক্ষতি ধরা হয়েছিল কিনা সন্দেহ আছে।

রফিকুল ইসলাম মন্টুর নিম্নোক্ত বর্ণনা থেকে সিডর পরবর্তী অর্থনীতির একটি চিত্র ফুটে উঠেছে। তিনি বলেছেন, "যে সময় নবান্নের উৎসব পালনের কথা, ঠিক তখনি উপকূলের কৃষক পরিবারে ঘরে ঘরে নেমে এসেছিল আকালের ছোবল। আমন মৌসুমে কৃষি মজুররা কর্মহীন হয়ে পড়ে। ক্ষেতের ফসল, কৃষি উপকরন, গবাদিপশু কিছুই ছিল না। সব হারানো কৃষকরা লাইনে দাঁড়িয়ে ত্রাণের আশায় অপেক্ষা করছিল ঘন্টার পর ঘন্টা। প্রতিবছর আমন ফসল থেকে খাদ্য সংরক্ষণ করলেও ঘূর্ণিঝড় কৃষকদের সে সুযোগ কেড়ে নিয়েছিল। অথচ ঋণের বোঝা রয়েই গেছে। কৃষকদের ক্ষতি পুষিয়ে নিতে সরকারি সহায়তা যথাসময়ে মাঠে পৌঁছেনি। ব্যবস্থা নেওয়া হয়নি বিকল্প ফসলের। সহজ শর্তে কৃষিঋণ, বীজ, সার প্রান্তিক কৃষকদের কাছে পৌঁছেনি। হিসাব নিকাশ আর পরিকল্পনা তৈরি করতেই ব্যস্ত সময় কাটিয়েছে কৃষি মন্ত্রণালয়"।

জেলেদের নৌকা ও জাল না থাকাতে জেলেরা বেকার হয়ে পড়ে। মাছ ব্যবসা ও প্রক্রিয়ার সঙ্গে জড়িত শিল্পের

লক্ষ লক্ষ শ্রমিক বেকারত্বে ও দারিদ্রে নিপতিত হয়। ব্যাপক হারে গ্রাম থেকে শহরে মাইগ্রেশন বাড়তে থাকে। শিল্প নগরী খুলনায় শিল্প-কারখানা বিশেষ করে কয়েকটি চটকল বন্ধ হওয়াতে বেকারত্ব ও দারিদ্র ব্যাপক আকার ধারণ করে। উপকূল অঞ্চলে শিল্প কারখানা সিডর ক্ষতিগ্রস্ত হওয়াতে শিল্প মালিকগণও ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়। এর ফলে শিল্প বিনিয়োগ স্থবির হয়ে পড়ে। কৃষি শ্রমিক, জেলে ও শিল্প শ্রমিকরা শহরে রিক্সা চালানো, মাটি কাটা এবং নির্মাণ শ্রমিক ও নানা রকম ফেরীওয়ালার কাজে নিয়োজিত হতে থাকে। শহরে ভাসমান মানুয়ের সংখ্যা ও ভিক্ষুকের সংখ্যা ব্যাপক আকারে বৃদ্ধি পায়। হকারদের উচ্ছেদ করাতে গরীব মানুষদের বেঁচে থাকার সকল পথ বন্ধ হয়ে যায়। অন্যদিকে দ্রব্যমূল্য ব্যাপক ভাবে বৃদ্ধি পায়। চাল, ডাল, আটা, পিঁয়াজ, রসুনের দাম আকাশচুম্বী হয়ে পড়ে। সব মিলে সিডর পরবর্তী সময় গোটা দেশের অর্থনীতি ধ্বংসের মুখে পতিত হয়। দেশের অর্থনীতির চাকা স্তিমিত হয়ে পড়ে।

সিডর পরবর্তী পুনর্বাসন

সিডরের পর জনগণকে পুর্ণবাসনের জন্য ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়। মাননীয় প্রধান উপদেষ্ট, উপকূলীয় এলাকায় দীর্ঘমেয়াদী উন্নয়ন ও পুনর্বাসনে ৫ টি বিষয়ের উপর গুরুত্ব আরোপ করেন। এসব খাতে ১শ' কোটি মার্কিন ডলারের প্রয়োজনীয়তার কথা বলেন। বাঁধ পুনর্বাসনে ২৫ কোটি ডলার, সুন্দরবনসহ উপকূল এলাকায় বনায়নে ১৫ কোটি ডলার, ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র নির্মাণে ২০ কোটি ডলার, শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো র্নিমানে ১০ কোটি ডলার এবং সড়ক, যোগাযোগ ও অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন কাজে ৩০ কোটি ডলার প্রয়োজন হবে উল্লেখ করেন। (মন্টু-২০০৮)

ঘূর্ণিঝড়ের পরের দিন থেকেই সরকারের তরফ থেকে ব্যাপক ত্রাণ সামগ্রী নিয়ে মাঠে নামে প্রশাসন। ক্ষতিগ্রস্ত এলাকায় ১৭২৪০ মেট্রিক টন ডিআর চাল, ২,৪৯,৫৮,০০০/- টাকার জিআর ক্যাশ, ৫১৪৬,২৫,০০০/- টাকার গৃহ নিমার্ণ মজুরী, এবং প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিল থেকে ১১৮১৪৯০০০০/- টাকা, টন খাদ্য, ১৬৯০৪ পিস তাবু, ৬৬৭০০ পিস কম্বল এবং ১৩০০০ পিস ঢেউটিন বিতরণ করা হয়েছে (খাদ্য ও দুযোর্গ মন্ত্রণালয়- মন্টু-২০০৮ পৃ-২৪৩) (পরিশিষ্ট-১, টেবিল-১০)

সিডর পরবর্তী সময় উপকূলের ১০ লক্ষ লোকের হাতের কোন কাজ ছিল না কৃষি, শ্রমিক, জেলে, দিনমজুর, সবাই বেকার হয়ে পড়ে। জেলেদের নৌকা ছিলনা, নৌকায় জাল ছিল না। কৃষি শ্রমিকরা ধান কাটার কাজ না থাকাতে কর্মহীন যার পড়ে ছিল। কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে সরকারের তেমন কোন কর্মসূচী ছিল না। টেষ্ট রিলিফের কাজও অনেক বিলম্বে শুরু হয়েছিল। বেঁচে থাকার জন্য রিলিফের লাইনে দাঁড়ানো ছাড়া কোন বিকল্প ছিল না মানুষের।

উপকূল এলাকার সিডরে বিধ্বস্ত বাড়ী ঘরের সংখ্যা ১৫ লক্ষ ১৮ হাজার। (টেবিল-১) এ বিপুল সংখ্যক মানুষ খোলা আকাশের নীচে আশ্রয় নিয়েছিল। সিডরের পরের দিনগুলো শীতকাল ছিল বলে লোকজনেরা শীত বস্ত্রের অভাবে শীতের কষ্ট ভোগ করেছে। পানীয় জলের তীব্র সংকট ও শীতের কারণে নানারকম রোগব্যাধি দেখা দেয়। খাদ্য, পানি ও ঔষধের ভয়াবহ সংকট বিরাজ করছিল। বিদ্যুৎ ও যোগাযোগ বিচ্ছিন্ন থাকাতে মানুষের জীবন অচল হয়ে পড়েছিল। রিলিফের চাল, ডাল, কিছু পেলেও রান্নার ব্যবস্থা না থাকাতে মানুষ সীমাহীন দুর্ভোগের শিকার হয়েছিল।

গৃহ নির্মাণের জন্য যে ঋণ দেয়া হয়েছে তা যথেষ্ট নয়। যে সমস্ত ঘর নির্মিত হয়েছে পুনরায় ঘূর্ণিঝড় আইলা সংগঠিত হলে তা মাটির সঙ্গে মিশে যায়। কারণ গৃহ সমূহ মানসম্মতভাবে তৈরি করা হয়নি। কোন রকম আস্তানা হয়েছে। মানুষের গৃহ নির্মাণের সহায়তার অর্থ খাদ্য □য়ে ব্যয় করেছে। গৃহ নির্মাণের জন্য মাথা পিছু সহায়তা

মোটেই পর্যাপ্ত ছিল না। গৃহ নির্মাণের জন্য ঝড় প্রতিরোধী কৌশল গ্রহণ করা সম্ভব হয় নাই। ২০০৯ সালের ২৫ মে খুলনা, বাগেরহাট সাতক্ষীরা জেলার উপর দিয়ে ঘূর্ণিঝড় আইলা বয়ে যায়। আইলায় বহু ঘর-বাড়ী পুনরায় ধ্বংস প্রাপ্ত হয়।

লক্ষ লক্ষ জেলে সমুদ্রে মাছ ধরতে যায়। জীবন জীবিকার তাগিদে জীবন বাজি রেখে তার সমুদ্রে যায়। সমুদ্রগামী জেলেরা বহাদ্দরের ঋণজালে আবদ্ধ, আবার প্রকৃতিও তাদের উপর থাকে রুষ্ট। যে কোন সময় ঝড় আসতে পারে জেনেও অসহায় জেলে সমুদ্রে পাড়ি জমায়। সিডরে হাজার হাজার নৌকা ও ট্রলার নিখোঁজ হয়েছে। অনেক জেলে যারা ভাগ্যগুণে জীবিত থাকতে পেরেছে তারাও নৌকা, এবং জাল হারিয়ে নিঃস্ব। সিডরের পরে ক্ষতিগ্রস্তদের জরুরী খাদ্য সহায়তা দেয়া হয়েছে এবং পুনর্বাসনে নানামুখী প্রকল্প হাতে নেয়া হলেও তাদের জীবনের নিরাপত্তার জন্য বিশেষ কোন কর্মসূচী গৃহীত হয়নি।

উপকূলের বিচ্ছিন্ন দ্বীপ সমূহে মাছ প্রক্রিয়াকরণ কাজে বহাদ্দর বা মাছ ব্যবসায়ীরা শিশুদের কঠোর পরিশ্রমে বাধ্য করে। যুগ যুগ ধরে তারা চরগুলোতে জিয়িয়ে রেখেছে দাস প্রথা। শিশুদেরকে নানা প্রলোভন দেখিয়ে বিচ্ছিন্ন দ্বীপে নিয়ে যাওয়া হয় এবং তাদেরকে দিয়ে মাছ বাছাই, মাছ কাটা এবং মাছ শুকানো ইত্যাদি কাজ করানো হয়। শিশুদেরকে মাসের পর মাস বন্দি করে রাখা হয়। এসব শিশু শ্রমিকদের বিষয়ে কোন ব্যবস্থা গৃহীত হয়নি।

গ্রামীণ অর্থনীতির পুনর্গঠনে বহুমুখী উদ্যোগ গৃহীত হয়। কৃষি ঋণ বিতরণ দ্রুততর করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে বিশেষ নির্দেশ জারী করা হয়। কিন্তু বাস্তবে তা খুব একটা ফলপ্রসূ হয়নি। ক্ষতিগ্রস্ত কৃষকদের হয়রানিমূলক চিরাচরিত প্রথা মোতাবেক কৃষি ঋণ পেতে হয়েছে। এর ফলে কৃষকরা সময়মত কৃষিতে বিনিয়োগ করতে ব্যর্থ হয়েছে। ক্ষতিগ্রস্ত তালিকায় ছিল অনেক সমস্যা। অনেক ক্ষেত্রে প্রকৃত ক্ষতিগ্রস্ত কৃষকরা তালিকাভুক্ত না হওয়াতে রিলিফ পায় নাই আবার উপকরণ বাবদ সহায়তাও পায়নি।

সিডরের পরে এনজিও গুলোর কর্মকান্ড ছিল অমানবিক। অনেক এনজিও চরম দুর্যোগেও কিস্তি আদায় বন্ধ করতে চায়নি। এনজিওরা রংপুরের মঙ্গার সময়ও একই ধরনের ভূমিকা পালন করেছিল বলে আমি মঙ্গা গবেষনায় দেখেছি। তারা দরিদ্রের নামে ব্যবসা করছে এ কথা মিথ্যা প্রমাণের কোন সুযোগ নেই। সরকারের চাপে এনজিওগুলো কয়েক মাস ঋণ আদায় বন্ধ রেখেছিল। অবশ্য কিছু কিছু এনজিও আবার সহায়তাও করেছে।

সিডর উপকূলীয় অঞ্চলের জীবন আরো ঝুঁকিপূর্ণ করেছে। আশ্রয় কেন্দ্রগুলো দুর্বল করেছে, বেড়ী বাঁধ দুর্বল করেছে, ২৫০০ কিলোমিটার বেড়ি বাঁধ সম্পূর্ণ কিংবা আংশিক ভেঙে ফেলেছে। সিডর সংগঠিত হবার দুই বছর পরেও অনেক স্থানে বেড়ি বাঁধ এখনও মেরামত করা হয়নি।

সুন্দরবন রক্ষায় উদ্যোগ নিয়েছে সরকার। সিডরের আঘাতের পর এক বছর গাছকাটা নিষিদ্ধ ছিল। বনের পরিবেশ ও জীবন প্রবাহ ঠিক রাখার জন্য ভেঙে যাওয়া গাছপালা না কেটে ফেলে রাখার ঘোষণা দেয়া হয়। বনের উপর নির্ভরশীল বাওয়ালী, মৌয়ালি, জেলে ও কাঠুরিয়াদের কথা চিন্তা করে মধু ও মাছ আহরণে নিষেধাজ্ঞা আরোপ করা হয়নি।

উপকূলীয় আরো কিছু বিষন্ন বিষয়

বিগত ৪ দশকের ব্যবধানে উপকূলের নানামুখী পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। জলবায়ুর পরিবর্তনের সঙ্গে সঙ্গে নানারকম সমস্যা দেখা দিয়েছে। ফারাক্কার কারণে নদী-খাল ভরাট হওয়াতে বিপুল এলাকায় লোনা পানি প্রবেশ করায় উন্মুক্ত জলাশয় ও ভূগর্ভস্থ পানি লবণাক্ত হয়ে পড়েছে। পানিতে লবণাক্ততা বৃদ্ধি মাটির উর্বরতা শক্তি হ্রাস

করে এবং ফসলও হ্রাস পায়। যা সামগ্রিকভাবে কৃষিকে ক্ষতিগ্রস্ত করে চলছে। লবণাক্ততা এখন দক্ষিণ পশ্চিম অঞ্চলের মারাত্মক সমস্যা হিসেবে দেখা দিয়েছে। দেশের সর্বত্রই আর্সেনিক দূষণ পানীয় জলের অন্যতম সমস্যাতো আছেই। তার সঙ্গে উপকূল অঞ্চলে নতুন সমস্যা লবণাক্ততা বৃদ্ধি। এ অঞ্চলের খাবার পানির সমস্যা দেশের অন্যান্য স্থানের তূলনায় অনেকগুণ বেশী। এসব এলাকায় খাবার পানির প্রধান উৎস ছিল পুকুর। চিংড়ী চাষ ও জলবায়ুর পরিবর্তনের প্রভাবে পুকুরের জল ও লবণাক্ততায় আক্রান্ত। দক্ষিণ-পশ্চিম অঞ্চলের অনেক কৃষি জমি চিংড়ী চাষের অধীনে চলে গেছে এবং নদী ভরাটের কারণে জোয়ারের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। জলাবদ্ধতা বেড়েছে এবং লবণাক্ততা চরম আকার ধারণ করেছে। এ অঞ্চলের ১৫ শতাংশ কৃষি জমি জলাবদ্ধতার শিকার।

উপকূলীয় অঞ্চল কেবল মৎস্য সম্পদের সমৃদ্ধ নয়, গো-সম্পদের ও সমৃদ্ধ। দেশে বর্তমানে ১.২৬ মিলিয়ন মহিষ আছে। যার ৮০% ভাগই উপকূলে পালন করা হয়। (ডেসটিনি ২৩.১২.২০০৯) লবণাক্ততা বৃদ্ধি পাওয়াতে এবং চিংড়ী ঘেরের কারণে গো–মহিষের চারণক্ষেত্র মারাত্মকভাবে সংকুচিত হয়েছে। মাটিতে লবণাক্ততা বৃদ্ধির ফলে ফসল যেমন ক্ষতিগ্রস্ত হচ্ছে তেমনি ঘাস উৎপাদন না হওয়াতে গো-খাদ্যের সংকট ও তীব্র হচ্ছে। অতিরিক্ত লবণাক্ততা এবং বিশুদ্ধ খাবার পানির অভাবে অধিকাংশ গবাদী পশুর ডায়রিয়া জনিত রোগে ভোগেছে। কয়েক দশকে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলে লবণাক্ততার প্রভাব বেড়েছে। ১৯৭৩ সালে সারা দেশে লবণাক্ত জমির পরিমাণ ছিল ৭.৫০ শতাংশ, ২০০০ সালে তা বেড়ে দাঁড়ায় ৯.০০ শতাংশ। তিন দশকে খুলনা জেলার লবণক্ততা ২১ শতাংশ বেড়েছে এবং বাগেরহাটে প্রায় ১৬ শতাংশ বেড়েছে। লবণাক্ততা বৃদ্ধির প্রভাব পড়েছে কৃষির উপর। অনেক ফসলের চাষাবাদ একদমই বন্ধ হয়ে গেছে।

লবণাক্ততা বেড়ে যাওয়াতে সুন্দরবন মারাত্নকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সিডরের আঘাতে প্রায় ১/৩ অংশ মারাত্নক ক্ষতিগ্রস্ত হয়েছে। সিডরের পূর্ব থেকেই কাঠ, জ্বালানী কাঠের মজুদ ও গোলাপাতা উৎপাদন হ্রাস পেয়েছিল। উপকূলের গ্রামীণ জনগণের বাড়ীর বাগানও মারাত্নকভাবেও ক্ষতিগ্রস্ত হয়েছে। গ্রামীণ এলাকায় রান্নার কাজে যে জ্বালানী ব্যবহার করা হয় তা নিজ বাগান থেকে অথবা রাস্তার গাছ থেকে সংগ্রহ করত। এ সকল খাদ্যের সঙ্গে রান্নার জ্বালানীও কিনতে হবে। আবার জ্বালানী সংগ্রহ করার জন্য শ্রম ও সময় নষ্ট হবে। এসব কারণে দারিদ্র আরও বৃদ্ধি পাবে। ভবিষ্যৎ আয় নষ্ট হওয়া ছাড়াও পরিবেশ ভারসাম্যহীন হয়ে পড়েছে। প্রাকৃতিক দুর্যোগে গরীব দেশ এবং গরীব দেশের গরীব নাগরিকরাই বেশী ক্ষতিগ্রস্ত হয়। ধনীদের বহুবিধ আয়ের উৎস আছে। তাই তাদের ঝুঁকিহ্রাসের সুযোগ অনেক বেশী। কিন্তু গরীবদেরকে অনেক ঝুঁকিতে বেঁচে থাকতে হচ্ছে। ঝুঁকি হ্রাসের জন্য সরকারী নীতি-কর্মসূচী পযাপ্ত নয়। আর্থিক বাজারে প্রবেশের সুবিধা গরীবের জন্য বন্ধ। এসব কারণে উপকূলের দারিদ্র্য ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। উপকূলের নির্কট বর্তীর অঞ্চলের উপজাতীয় লোকেরাই দুর্যোগে বেশী ক্ষতি গ্রস্থ হয়। বৃক্ষাদি ধ্বংস হওয়াতে প্রাকৃতিক সবুজ সারহ্রাস পেয়েছে। গবাদী পশুর গোবর জ্বালানী হিসাবে ব্যবহৃত হয় বলে সার সংকটও বেড়ে গেছে ফলে দীর্ঘ মেয়াদে জমির উর্বরতাহ্রাসের কারণে কৃষি উৎপাদনহ্রাস পাবে।

প্রাকৃতিক দুর্যোগ হলে কমন প্রপার্টি (Common Property) ক্ষতিগ্রস্ত হয় বলে দরিদ্র লোকদের জীবিকার সুযোগহ্রাস পায়। আবার পরিবেশ বিপর্যয়ের ফলে তারাই বেশী ক্ষতিগ্রস্ত হয়। দুঃখ দারিদ্র এ অঞ্চলের চিরস্থায়ী আসন গেড়ে বসেছে। বৃক্ষ ধ্বংস, গবাদী- পশু, হাঁস- মুরগী মারা যাওয়াতে দারিদ্রের কড়াল গ্রাসে পতিত হয়েছে অগণিত মানুষ। অথচ সিডর হওয়ার পূর্বে উপকূলীয় জেলা সমূহ এসব সম্পদে ছিল ভরপুর। প্রত্যেক বাড়ির বাগান ছিল জ্বালানীর উৎস এবং ফলবান বৃক্ষ ছিল খাদ্যের যোগানদার। গবাদী পশু পুষ্টির অভাব পুরণ করত এবং পারিবারিক আয় বৃদ্ধির সুযোগও করে দিত। জীবিকা অর্জনের সুযোগ সুবিধা এত বেশী সংকুচিত হয়েছে যে, তারা পূর্বের অবস্থায় ফিরে যেতে হলে কমপক্ষে দু'যুগ সময় লাগবে।

বিষন্ন অর্থনীতিকে আর বিষন্ন করে তুলেছে আইলা

২৫ মে ২০০৯ তারিখে উপকূলীয় জেলা সমূহের উপর দিয়ে ঘূর্ণিঝড় আইলা বয়ে যায়। দক্ষিণ এবং দক্ষিণ-পশ্চিম উপকূলীয় জেলা সমূহ আইলায় ক্ষতিগ্রস্থ হয়। খুলনা, বাগেরহাট, সাতক্ষীয়া জেলা বেশি ক্ষতিগ্রস্থ হয়। আইলার ক্ষয় ক্ষতি নিয়ে প্রচার মাধ্যমে প্রচারনা খুবই কম হয়েছে। আইলার ক্ষয়-ক্ষতিকে তেমন গুরুত্ব দেয়া হয়নি। আশানারূপ বৈদেশীক সাহায্য পাওয়া যায়নি। ২১/০১/২০১০ ইং তারিখে প্রথম আলো পত্রিকায় উন্নয়ন সংস্থার কাছে আইলা ভুলে যাওয়া দুর্যোগ শীর্ষক এক সংবাদ ছাপা হয়েছে। প্রথম আলো পত্রিকায় উক্ত প্রতিবেদন মোতাবেক আইলায় সরাসরি ক্ষতিগ্রস্থ মানুষের সংখ্যা ৫০ লক্ষ। ৩ লক্ষ ২৩ হাজার একর জমির ফসল নষ্ট হয়েছে। গবাদি পশু মারা গেছে ১ লক্ষ ৫০ হাজার এবং ৭০ শংতাশ চিংড়ি ঘের ক্ষতিগ্রস্থ হয়েছে। বাঁধ নিমার্ণ এখনো শেষে হয়নি বলে সাতক্ষীরা জেলার ৬৬ হাজার ৭৯১ জন ও আশাসুনিতে ৫৭ হাজার ৯ শত জন এবং খুলনার কয়রা উপজেলার ৮৯ হাজার ৭ শত জন মানুষ ঝুঁকির মুখে রয়েছে। আইলার ছোবলের ৮ মাস পরেও আইলার বিধস্ত লোক জন ঘরে ফিরতে পারেনি। খুলনা জেলার কয়রাা উপজেলার ৪০ হাজার মানুষ এখনো বেড়ি বাঁধে বসবাস করছে। (প্রথম আলো-১৯/০১/২০১০ইং)। ২০/০১/২০১০ তারিখের প্রথম আলোর রিপোর্ট মোতাবেক আইলার দুর্গত এলাকায় প্রতিটি পরিবারের আয় ৪৪% কমে গেছে। ক্ষতিগ্রস্থ এলাকা থেকে প্রায় ৬০ হাজার লোক কাজের খোঁজে অন্যত্র চলে গেছে। ভাঙ্গা বেড়ি বাঁধ মেরামত না হওয়াতে দুর্গত এলাকায় চাষাবাদ অনিশ্চিত হয়ে পড়েছে। সামগ্রিক ভাবে এলাকার অর্থনৈতিক অবস্থা স্থাবির হয়ে পরেছে।

০৯/০২/২০১০ তারিখের দৈনিক ইত্তেফাকের রিপোর্টে বলা হয়েছে, "নয় মাস অতিক্রান্ত হলেও খুলনা উপকূলীয় এলাকায় আইলা দুর্গত মানুষের দুর্গতি শেষ হচ্ছে না। মাথা গোঁজার মত একটু ছাউনি তুলতে পারেনি অনেকেই। দুমুঠো খাবার যোগাড় করতেই যাদের প্রাণান্ত অবস্থা তাদের পক্ষে ঘরের ছাউনি তোলা পুরোপুরি দুঃসাধ্য। এর সঙ্গে রয়েছে পানীয় জলের তীব্র সংকট। আইলার সময় জলোচ্ছ্বাসে পুকুর, খাল, বিলের পানির এত নোনা হয়েছে যে, তা মুখে দেয়া যায় না। এর সঙ্গে রয়েছে সেনিটেশন ও চিকিৎসা সংকট। খোলা আকাশের নীচে মানবেতর জীবন যাপন করছে হাজার হাজার মানুষ। বিশেষ করে নারী ও শিশুদের দুর্গতি সবচেয়ে বেশি। সব মিলিয়ে বিস্তীর্ণ এলাকায় দেখা দিয়েছে মারাত্মক মানবিক বিপর্যয়। ঘূর্ণিঝড় আইলায় খুলনা জেলার ক্ষতিগ্রস্থ পাঁচটি উপজেলা ও দুইটি পৌরসভার ৪ লক্ষাধিক অসহায় মানুষ এক অনিশ্চিত ভবিষ্যাতের দিকে তাকিয়ে আছে।" উক্ত রিপোর্টে বলা হয় যে, গত ২৫ মে ঘূর্ণিঝড় আইলা উপকূলীয় এলাকায় আঘাত হানে। এতে ক্ষতিগ্রস্ত হয় খুলনার জেলার কয়রা, দাকোপ, পাইকগাছা, বটিয়াঘাটা ও ডুমুরিয়া উপজেলার ৪৫টি ইউনিয়ন এবং চালনা পৌরসভা। ১ লাখ ২২ হাজার পরিবার ক্ষতিগ্রস্ত হয়। সর্বস্বান্ত হয়ে যায় সাড়ে পাঁচ লাখ মানুষ। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় পাইকগাছা উপজেলা। এ উপজেলায় ১০ টি ইউনিয়ন ও একটি পৌরসভায় ৯ হাজার ৩৬০ টি পরিবারের এক লাখ ৭৯ হাজার ২৫৪ জন ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া কয়রা উপজেলায় ৭টি ইউনিয়নের ৩৭ হাজার পরিবারের দেড় লাখ, দাকোপের ৯টি ইউনিয়ন ও একটি পৌরসভায় ৩০ হাজার ৫৩০ টি পরিবারের দেড় লাখ, বটিয়াঘাটার ৭টি ইউনিয়নের ৯০৯ পরিবারের অর্ধ লক্ষ এবং ডুমুরিয়ার ৭টি ইউনিয়নের ৩ হাজার ৩৭৯ টি পরিবারের ১৬ হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হয়।

খুলনার এই পাঁচ উপজেলার ১০ হাজার ১৪২ একর জমির ফসলের ক্ষতি হয়। দুইটি উপজেলায় ৫৭ জন মারা যায়। ১ লক্ষ ১৩ হাজার ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়। ৬শ শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হওয়ার কারণে এলাকায় অধিকাংশ শিশুর লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। ৯৯৯ কিলোমিটার রাস্তার ক্ষতি হয়। পাঁচটি ব্রিজ ও ৫৯৭ কিলোমিটার বাঁধ পানির তোড়ে ভেসে যায়। ঘূর্ণিঝড় আইলায় ক্ষতিগ্রস্ত খুলনার কয়রা, দাকোপ ও সাতক্ষীরার শ্যামনগরের হাজার হাজার মানুষ রুটি-রুজির খোঁজে শহরে এসেও কাজ পাচ্ছেন না। অধিকাংশ মিল-কলকারখানায় কাজ-কর্ম না থাকায় খুলনা শহরে আসা

অনেককেই রিকশা চালাতে হচ্ছে। তবে যাদের সে সামর্থ্য নেই তাদের অনেকেই লিপ্ত হয়েছেন ভিক্ষাবৃত্তিতে। দুর্গত এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হওয়ায় ভিটায় ঘর তোলার মতো সাধ্য নেই কারো। ভাঙ্গা বাঁধের ওপর ছাপড়া তুলে আশ্রয় নিলেও বেঁচে থাকার মতো খাদ্য যোগাড় করতে না পেরে হাজার হাজার মানুষ শহরে পাড়ি জমিয়েছে।

৮/২/২০১০ তারিখের দৈনিক প্রথম আলো পত্রিকা মারফত জানা যায় যে খুলনা জেলায় দাকোপ, কয়রা এবং সাতক্ষীরার শ্যামনগর উপজেলার লক্ষাধিক মানুষ বেড়ি বাঁধ আবার তলিয়ে যাওয়ার আশংক্ষায় আছে। আইলার আঘাতে বিধ্বস্ত ৬৪৯ কিলোমিটার বেড়ি বাঁধের মাত্র ১০০ কিলোমিটার পানি উন্নয়ন বোর্ড মেরামত করেছে। মেরামত কৃত অংশে ভাঙ্গন দেখা দিয়েছে। ৬৩৯টি সুইস গেটের মধ্যে ১০৯ টি অকেজো ও নষ্ট হয়ে গেছে। ৩৮টি পোল্ডারের সবগুলোই কম বেশি ক্ষতিগ্রস্থ হয়েছে। বিগত নয় মাসে ৩৩ টি পোল্ডারের ১০০ কিলোমিটার অংশ মেরামত হয়েছে। আর ও ১০০ কিলোমিটার বেড়ি বাঁধ মেরামত প্রিয়া চালু আছে। বাকি ৪৮৪ কিলোমিটার মেরামত চলতি বছরে হবেকিনা সন্দেহ আছে। বেড়ি বাঁধ গুলোর ভাঙ্গা অংশ দিয়ে জোয়ারের পানি ঢোকায় প্রতিদিন ই বাধেঁর ভাঙ্গন আরও সম্প্রসারিত ও গাভীর হচ্ছে। কয়রা, দাকোপ ও শ্যামনগরের বেশ কিছু এলাকায় থেকে বেশীর ভাগ মানুষ বসত ভিটা ছেড়ে চলে গেছে।

জলাবদ্বতার কারণে বাগেরহাট জেলার ৬২,০০০ বিঘা জমি এ বছর চাষাবাদ করা যায়নি। এ ব্যপক পরিমান জমিতে ধানের আবাদ করা গেলে বাড়তি ২০,০০০ টন ধান পাওয়া যেত। আবাদ করতে না পাড়ায় কৃষকরা বছরে ২০ কোটি টাকার ক্ষতি সমূখীন হচ্ছে। (ডেইলী ষ্টার ১৯/০১/২০১০) খুলনা জেলার কয় একটি উপজেলার বির্স্তীন এলাকায় জোয়ারের পানির কারণে চাষাবাদ করা যায়নি। এছাড়া খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা জেলার বির্স্তীন এলাকায় মাটিতে লবণাক্ততার কারণে ফসলের উৎপাদন ব্যহত হবে। বেড়ি বাঁধ মেরামত ও সংস্কার না হলে আগামী বছরও ফসল ফলানো যাবে না।

প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধ ও উপকূলের উন্নয়নের উপায়

উপকূলীয় অঞ্চল প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। দেশের অর্থনৈতিক উন্নয়নে উপকূলের অবদান অনেক। অথচ উপকূলীয় জনগণ শোষণ-বঞ্চনা ও বৈষম্যের শিকার। আবার প্রকৃতির হাতের খেলার পুতুল। তাদের জন্য মৃত্যু একটা মামুলী বিষয়। মৃত্যুর পরোয়ানা হাতে নিয়ে মানুষ জীবন সংগ্রাম ব্যস্ত। এ সংগ্রাম নিরন্তর। উপকূলীয় অঞ্চলে প্রাকৃতিক দুযোর্গ নতুন নয়। উপকূল সৃষ্টির মতই বহু পুরাতন। ১৫৮৪, ১৮৮৭, ১৯৬৫, ১৯৯১, ১৯৭০ সালের মহাবিপর্যয় থেকে আমরা শিক্ষা গ্রহণ করি নাই। মানুষের বেঁচে থাকার মত মৌলিক অধিকার রক্ষার ব্যর্থতা উপকূলীয় জনগণকে ব্যথাতুর করেছে। বিজ্ঞানের চরম উন্নতি ও বিকাশের দিনে প্রকৃতির সঙ্গে বসবাস রীতি গড়ে তোলা কঠিন নয়, প্রয়োজন প্রকৃতিকে বশ করার কলাকৌশল আবিস্কার। প্রয়োজন রাষ্ট্রীয় উদ্যোগ ও আন্তরিকতা। জীবনের ঝুঁকি ও সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাস এবং বিশেষ ক্ষেত্রে বিশেষ বিশেষ পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন। উপকূলের উন্নয়নের লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে ঃ

১। **সতর্কতামূলক সিগন্যাল প্রচার বোধগম্য করাঃ** ঘূর্ণিঝড় সতর্কীকরণ সিগন্যাল ব্যবহার হয় জাহাজের ক্যাপ্টেন ও লঞ্চের সারেংদের জন্য। সাধারণ মানুষের বোধগম্য সহজ সিগনাল ব্যবস্থা না থাকাতে সিডরের সময় সমস্যা সৃষ্টি হয়েছে। সিডর যে এত বড় মহাবিপর্যয় সৃষ্টি করবে তা সাধারণ মানুষ বুঝতে পারেনি। ড. আইনুন নিশাত বলেছেন, বাতাসের গতিবেগ ও গতিপথের উপর নির্ভর করে সিগন্যালগুলো দেওয়া হয়। কাজেই ২০০7 সালের ঘূর্ণিঝড়ে যে সিগন্যাল ৪ থেকে একবারে ১০ নম্বরে চলে যাওয়াতে কিন্তু ভুল হয়নি। সমস্যা ছিল বিষয়টি সাধারণ মানুষ বুঝে নাই। প্রচলিত সিগন্যাল ব্যবস্থার সঙ্গে সঙ্গে সাধারণ

মানুষের জন্য বিশেষ সিগন্যাল ব্যবস্থা চালু করা যেতে পারে। (মন্টু-২০০৮ পৃষ্ঠা-১১১)

২। **পর্যাপ্ত আশ্রয়কেন্দ্র নির্মাণ করা ঃ** উপকূলীয় অঞ্চলে বর্তমানে মাত্র ২ হাজার ৫ শত আশ্রয়কেন্দ্র আছে। এ অঞ্চলে ১ কোটি লোক চরম ঝুঁকির মধ্যে বসবাস করে। পরিকল্পিত উপায়ে যথেষ্ট সংখ্যক আশ্রয় কেন্দ্র গড়ে তুলতে হবে। আশ্রয় কেন্দ্র জনসংখ্যার ঘনত্বের ভিত্তিতে এবং সুবিধাজনক স্থানে নিমার্ণ করতে হবে। আশ্রয় কেন্দ্রের বহুমুখী ব্যবহার নিশ্চিত করতে হবে। উপকূলের স্কুল কলেজ এবং মসজিদ মন্দির সমূহ এমনভাবে নিমার্ণ করতে হবে যাতে এগুলিও প্রয়োজনে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার করা যায়। সিডরের সময় দেখা গেছে অনেক আশ্রয়কেন্দ্র তালাবদ্ধ থাকায় লোকজন আশ্রয় নিতে গিয়ে দুর্ভোগের শিকার হয়েছে। আশ্রয়কেন্দ্র রক্ষণাবেক্ষণ করার জন্য এবং দুর্যোগ সংক্রান্ত প্রশিক্ষণ ও তথ্য আদান প্রদানের জন্য উপজেলা ভিত্তিক লোক নিয়োগের প্রয়োজন রয়েছে।

৩। **বেড়ীবাঁধ শক্ত করে নিমার্ণঃ** সিডরে ২৫০০ কিলোমিটার বেড়ীবাঁধ ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেক এলাকায় বেড়ী বাঁধ আংশিক বা সম্পূর্ণ ধ্বংস হয়েছে। পরবর্তীতে আইলায় কয়েশত কিলোমিটার বেড়ি বাঁধ পুনরায় ক্ষতিগ্রস্থ করে। বাঁধ আরো উঁচু এবং যথেষ্ট ঢালু করে বানাতে হবে। ঢালে বালুর বস্তা না ফেলে পাকা করার ব্যবস্থা করতে হবে। ঝড়ে মানুষ মারা যায় গাছের তলে পড়ে অথবা ঘরের নিচে পড়ে। কিন্তু ঝড়ের সঙ্গে যে জলোচ্ছ্বাস আসে তাহাই অধিক সংখ্যক মানুষের মৃত্যুর প্রধান কারণ। কাজেই বেড়ীবাঁধ নির্মাণের ক্ষেত্রে সুপরিকল্পনা গ্রহণ করা উচিত।

৪। **জেলেদের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণঃ** উপকূলের লক্ষ লক্ষ জেলেদের জীবন বহাদ্দরের ঋণ জালে আবদ্ধ। কিন্তু বহাদ্দর তাদেরকে খারাপ আবহাওয়াতেও সাগরে থাকতে বাধ্য করে। ট্রলারে কোন রেডিও, জীবন রক্ষাকারী জ্যাকেট ও বয়া থাকে না। অনেক ট্রলারে রেডিও রাখতে দেয়া হয় না। ট্রলার রেজিস্ট্রেশনের বাধ্যবাধকতা মূল্যক হলেও বর্তমানে ৫০ হাজার রেজিস্ট্রেশনবিহীন ট্রলার আছে বলে বিভিন্ন সূত্রে জানা যায়। ট্রলার এবং নৌকার রেজিস্ট্রেশনের ব্যবস্থা থাকলে নিখোঁজ হওয়ার সংখ্যা বা দুর্যোগে মৃত্যুর সংখ্যা জানা সহজ হয়। রেজিস্ট্রেশন কঠোরভাবে বাধ্যতামূলক করতে হবে। উপকূলের নিকটবর্তী স্থানে জেলেদের জন্য নিরাপদ আশ্রয় কেন্দ্রে গড়ে তোলা উচিত। পুরাতনকালের পতুর্গীজ ও আরাকানী জলদস্যুদের মত এখনও বিদেশী জলদস্যুরা জেলেদেরকে আক্রমণ করে এবং সর্বস্ব লুট করে নিয়ে যায়। জেলেদেরকে জলদস্যুদের হাত থেকে রক্ষার জন্য কোস্ট গার্ডের টহল দল বাড়ানো প্রয়োজন।

৫। **ঋণ থেকে মুক্তিঃ** সিডর ও আইলায় ক্ষতিগ্রস্ত সকল কৃষক ও জেলেদেরকে সব ধরনের ঋন থেকে মুক্ত করার ব্যবস্থা করা জরুরী। সরকারি ও বেসরকারি ব্যাংক, এনজিওদের ঋণ মওকুফের জন্য এবং গ্রাম্য মহাজন ও বহাদ্দরের কবল থেকে জেলেদেরকে রক্ষা করার জন্য একটি ঋণ কমিশন গঠন করা যেতে পারে।

৬। **গৃহ নির্মাণে বিশেষ কৌশল গ্রহণ ঃ** পূর্বে উপকূলীয় জেলা সমূহে কাঠের পাটাতন ওয়ালা দোতলা ঘর নির্মাণ করা হতো। শক্ত কাঠের অভাবে দোতলা ঘর হ্রাস পেয়েছে। গৃহ নির্মাণে নতুন কৌশল গ্রহণ করা অপরিহার্য হয়ে পড়েছে। সমুদ্র উপকূলের নিকটবর্তী এলাকায় বহুতল পাকাবাড়ী নিমার্ণ করা উচিত। কাঠের ঘরের ভিটি রাখাইনদের মত ৭/৮ ফুট উঁচু করা উচিত। টিনের ছাউনী বেশ ঢালু করা উচিত। খুঁটিগুলো কাঠের বা বাঁশের না দিয়ে কংক্রিট ঢালাই হওয়া উচিত। এ ধরনের গৃহে প্রচুর অর্থের প্রয়োজন। এ অঞ্চলের গৃহ নির্মাণের জন্য আলাদা একটি সংস্থা গড়ে তোলা উচিত এবং গৃহ নির্মাণের জন্য স্বল্প সুদে অর্থ যোগানের ব্যবস্থা করা উচিত।

৭। **দূর্যোগ সহনীয় ধানের আবাদ ঃ** ঘূর্ণিঝড় সাধারণত এপ্রিল থেকে মে এবং নভেম্বর মাসে হয়ে থামে। কাজেই উপকূলের ধান বপনের সময় এগিয়ে আনার জন্য জনগণকে উৎসাহিত করতে হবে অথবা ঝড়ে ধানের গাছ শুয়ে পড়েলেও ধানের ক্ষতি হবেনা এমন ধরনের ধানের আবাদের ব্যবস্থা করতে হবে। ৩০/৪০ বছর আগেও এ ধরনের ধানের আবাদ এ সকল অঞ্চলে হতো। সে ধানের পুনঃপ্রচলন করতে হবে। সবুজ বিপ্লবের ধাক্কায় সে সব ধান বিলুপ্ত হয়ে গেছে। লবনাক্ত মাটিতে উৎপাদিত হতে পারে এমন ফসল আবাদ করতে হবে।

৮। **আলাদা উন্নয়ন পরিকল্পনা গ্রহন ঃ** উপকূলীয় অঞ্চল সমূহে আগেরকার দিনে মানুষ সুখ-শান্তিতে ছিল। অভাব অনটন তেমন ছিল না। এককালের শস্য ভান্ডার বাকেরগঞ্জ (সিটি অব ব্যাঙ্গালোর) প্রাচ্যের ভেনিশ নামে খ্যাত, এবং প্রাচ্যের রানী নামে খ্যাত, বন্দরনগরী চট্টগ্রাম উপকূলীয় অঞ্চলেই অন্তর্গত। শিল্পনগরী খুলনা উপকূলেই অবস্থিত। জাতীয় অর্থনীতিতে উপকূলের অনেক অবদান। অথচ উপকূলের অধিবাসীদের জীবন তাসের ঘর। এ জনগোষ্ঠীর নিরাপদ জীবন যাপনের ব্যবস্থা করা রাষ্ট্রীয় দায়িত্ব। উাপকূলীয় মানুষের জন্য প্রয়োজন সুষ্ঠু উন্নয়ন পরিকল্পনার। উপকূল নানা প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। এগুলোর যথাযথ ব্যবহারের জন্য পরিকল্পনার বিকল্প নেই।

৯। **চিংড়ী চাষ সীমিত করা ঃ** উপকূল তীরবর্তী ১৪ হাজার বর্গকিলোমিটার এলাকায় লবণাক্ততা দেখা দিয়েছে। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বেড়ে যাওয়ায়, ফারাক্কা বাঁধের কারণে স্বাদু পানির স্রোত কমে যাওয়ায় ও অপিরিকল্পিতভাবে বাঁধ নির্মাণের ফলে এবং চিংড়ি ঘেরের বিস্তারের কারণে দিন দিন লবণাক্ত জমির পরিমাণ বাড়ছে। উপকূল এলাকায় বর্তমানে ব্যাপকহারে চিংড়ি চাষ হয়ে থাকে। চিংড়ি চাষের জন্য বন ধ্বংসের প্রক্রিয়া অব্যাহত রয়েছে। চকোরিয়ার ২২ হাজার একর সুন্দরবন ধ্বংস হয়েছে। (মন্টু-২০০৮) ড. আবুল বারকাতের মতে বাণিজ্যিক চিংড়ি চাষ একটা ব্যাড ইকোনোমিক্স এবং পরিবেশগতভাবে আত্মঘাতি। সামাজিক নিঃস্বায়ন প্রক্রিয়ার অনুঘটক এবং অর্থনৈতিকভাবে অন্যায়। কাজেই চিংড়ি চাষ সীমিত করা উচিত। (বারকাত-২০০৭)।

১০। **বনাঞ্চল রক্ষা করা ঃ** বনাঞ্চল ঝড়ের শক্তি ৩০-৪০ ভাগ কমিয়ে দিতে পারে। কাজেই সুন্দরবনকে রক্ষা করার জন্য ব্যাপক পরিকল্পনা গ্রহন করা উচিত। বাওয়ালি, মৌয়ালী ও জেলেসহ ৫-৬ লক্ষ লোকের জীবিকা সুন্দরবন থেকে আসে। সুন্দরবনের উন্নয়নের স্বার্থে এ ব্যাপক জনগোষ্ঠীর জন্য আলাদা কর্মসংস্থান সৃষ্টি করে সুন্দরবনের উপর তাদের নির্ভরতা কমাতে হবে।

কক্সবাজারের দ্বীপ উপজেলা কুতুবদিয়ার কৃত্রিম ম্যানগ্রোভ ফরেষ্ট প্যারাবন ধ্বংস করে চিংড়ী চাষ করা হচ্ছে। প্রকৃতিক দুর্যোগের হাত থেকে উপকূলীবাসীকে বাঁচাতে প্যারাবন রক্ষা করতে হবে। সুন্দরবনের মোহনা থেকে তেতুলিয়ার মোহনা পর্যন্ত সবুজ বেষ্টনী তৈরী করতে হবে।

১১। **দেশীয় জাতের বৃক্ষরোপন ঃ** দেশীয় ফলজ ও রস উৎপাদক জাতীয় গাছের অর্থনৈতিক মূল্য অনেক বেশি এবং এগুলোর শিকর মাটির গভীরে প্রবেশ করে বলে ঝড়ে এ সব গাছের তেমন ক্ষতি করতে পারেনা। মাটির ক্ষয় রোধের ক্ষেত্রে ও এসকল গাছ বেশী সহায়ক। পৃথিবীর অনেক দেশে রান্নায় নারিকেল তৈল ব্যবহার করে থাকে। তাল খেজুরের রস জুস হিসাবে আমেরিকায় ভাল বাজার পেয়েছে। দেশে চিনির চাহিদা উৎপাদনের চেয়ে কম। তাল-খেজুরের রস থেকে গুড় উৎপাদন বাড়াতে পারলে চিনির চাহিদা হ্রাস পাবে। কাজেই উপকূলীয় অঞ্চলে বেড়ি বাঁধে গুচ্ছ গুচ্ছ নারিকেল গাছ, তাল গাছ, খেজুর গাছ, ইত্যাদি গাছের বাগান তৈরি করলে ঝড় ও জলোচ্ছাস ঝুঁকি থেকে রক্ষা পাওয়া যাবে এবং প্রাপ্ত কাঁচা মালের

ভিত্তিতে শিল্প-কারখানা গড়ে উঠতে পারবে।

১২। **বাঁধ ও সুইস গেট রক্ষনাবেক্ষন ঃ** ষাটের দশক থেকেই পানি উন্নয়ন বোর্ড বন্যা নিয়ন্ত্রন, পানি নিস্কাষণ, লবণাক্ততা প্রতিরোধ ও সেচ সম্প্রসারনের জন্য বেড়ি বাঁধ ও সুইস গেট নির্মাণ করেছে। সুইস গেট খোলা ও বন্ধ করার জন্য খালাশী না থাকাতে সুইস গেটের নিয়ন্ত্রন চলে গেছে এলাকার প্রভাবশালীদের হাতে। প্রভাবশালী মহল নিজেদের স্বার্থে সুইস গেট নিয়ন্ত্রন করে থাকে। তারা অসময় লবণাক্ত পানি প্রবেশ করিয়ে চিংড়ি চাষ করেছে। অনেক ক্ষেত্রে খালে নিজেরা মাছ চাষ করছে। ফলে কৃষকদের স্বার্থ উপেক্ষিত হচ্ছে। সুতরাং সুইস গেট রক্ষনা বেক্ষনের জন্য সুষ্ঠ ব্যবস্থাপনা গড়ে তোলা উচিত।

১৩। **যোগাযোগ পরিবহন ব্যবস্থার উন্নয়নঃ** উপকূল এলাকায় বাঁধ নির্মিত হয়েছে। সে বাঁধের মাধ্যমে ফসলের ক্ষেত, ঘরবাড়ী,মানুষও গবাদী পশুর জীবনই রক্ষা হবে না, মহাসড়ক হিসেবে ব্যবহৃত হতে পারে। উপকূলের বিভিন্ন এলাকার মধ্যে সহজ যাতায়াতের সুযোগ সৃষ্টি হলে উপকূলের অর্থনৈতিক উন্নয়নে বাধঁ/ মহাসড়ক গুরুত্বপূর্ন ভুমিকা পালন করতে পারে।

১৪। **নদী ভাঙ্গনের বাস্তুহারাদের পুর্নবাসনঃ** উপকূল এলাকায় নদী ভাংগন তীব্র হচ্ছে। জোয়ারের সময় প্রতিদিন ৩০,৮৬৮ ঘন মিটার জোয়রের পানি বঙ্গোপসাগর থেকে উঠে আসে। আবার একই মোহনাগুলো দিয়েই নিম্ন উপকূলীয় ও মধ্য অঞ্চলের ৩৮,৮৯৬ বর্গ কিলোমিটার অঞ্চলের উজান প্রবাহ নেমে যায়। এ ব্যাপক পরিমাণ জল প্রবাহের কারনে নদী ভাঙ্গন সৃষ্টি হয়। নদী ভাঙ্গন প্রতিনিয়তই হচ্ছে এবং এর ফলে প্রতি বৎসর এক মিলিয়ন মানুষ ছিন্নমূলে পরিনত হচ্ছে। (রহমান ২০০2) বাংলাদেশে বর্তমানে ৪০ লক্ষ মানুষ রয়েছে যারা নদী ভাঙ্গনের শিকার হয়ে ভাসমান মানুষ হিসাবে জীবন অতিবাহিত করছে। পটুয়াখালি জেলার সাড়ে পাঁচ লক্ষ মানুষ ভূমিহীন, নদী ভাঙ্গনই এর মূল কারন। (সানা -২০০১) নদী ভাঙ্গনে বাস্তহারাদের পূর্নবাসনের জন্য ব্যাপক কর্মসূচি গ্রহন করা উচিত।

১৫। **জলাবদ্ধ এলাকার জন্য আলাদা কর্মসূচী গ্রহনঃ** অপরিকল্পিত বাঁধ তেরী, পোল্ডার ও সুইস গেট নির্মাণের ফলে দক্ষিণও দক্ষিণ-পশ্চিম অঞ্চলে ব্যাপক এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। ভবদহ এলাকায় মাঠে বুক সমান পানি সারা বছরই থাকে। খুলনা, যশোর, সাতক্ষীর ও ঝিনাইদহের ১০ লক্ষ লোক কপোতাক্ষ নদ ভরাটের কারনে কয়েক মাস পানি বন্দী হয়ে থাকে। নোয়াখালীর দুঃখ নোয়াখালী খাল ভরাট হওয়ার কারনে বৃহত্তর নোয়াখালীর ৪০লক্ষ লোক জলাবদ্ধতার শিকার। লক্ষ্মীপুরের কড়ই বালা পয়েন্টে বাঁধ দেওয়ার ফলে লক্ষ্মীপুরের রামগতি ও নোয়াখালির সুধারামের প্রায় পাঁচ হাজার বর্গ কিলোমিটার এলাকায় চর পড়ে যায়। (সানা-২০০১) পানি নিষ্কাশনের পথ বন্ধ হওয়াতে এবং চিংড়ী খামারের কারনে এ অঞ্চলে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। জলাবদ্ধতা দূরীকরনের উদ্যোগ গ্রহন করা জরুরী।

১৬। **নদ - নদী -খাল সংস্কার ঃ** □টিপূর্ণ জল কাঠামো নির্মাণের ফলে, দেশের দক্ষিণও দক্ষিন পশ্চিম অঞ্চলে নদী-খালসমুহ ভরাট হয়ে গেছে। এই অঞ্চলের ১২টি নদী শুকিয়ে খালে পরিণত হযেছে। অসংখ্য অপরিকল্পিত ব্রীজ, □স ড্যাম এবং সুইসগেট নির্মান করে পানি নিয়ন্ত্রনের ফলে নদীর তলদেশ ভরাট হয়ে গেছে। পানি স্বল্পতার কারণে এসব এলাকার কৃষি ও জীবন ধারা পাল্টে যাচ্ছে। আমার নিজ এলাকার সন্ধা নদীর সুইস গেটের কারনে শিকারপুর - গৌরনদী খাল এবং জয়শ্রী-ডাবের কূল পর্যন্ত ঠান্ডা বিবির খালটি পুরাপুরি ভরাট হয়ে গেছে। ফলে গৌরনদী, উজিরপুর উপজেলার বিস্তীর্ন এলাকার সেচ কাজ তথা কৃষি মারাত্নকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। ঢাকা-বরিশাল মহাসড়কের কারণে মহাসড়কের পশ্চিম দিকের এলাকা বন্যায় প্লাবিত হয়। রাস্তা তৈরীর সময় খালের উপর পুল না দিয়ে খরচ বাঁচানোর জন্য অসংখ্য কালবাট তৈরী করা হয়েছে। ফলে

পানি প্রবাহিত হওয়ার সুযোগ না থাকতে রাস্তার পশ্চিম পাশ বন্যায় তলিয়ে যায়। বাংলাদেশের সর্বত্রই অপরিকল্পিত জল কাঠামো এবং সড়ক- মহাসড়ক তৈরী করা হয়েছে। রাস্তা তৈরীর সময় পরিবেশের প্রভাব বিবেচনায় আনা হয়নি এবং নৌ- পথের বিকল্প সস্তা যাতায়াত ও পরিবহনের কথাও মনে করা হয়নি। কাজেই খাল-নদীসমূহ খনন করার মহাপরিকল্পনা গ্রহণ করতে হবে।

১৭। **অবকাঠামো নির্মাণে পরিবেশের প্রভাবের উপর গুরুত্ব প্রদানঃ** দেশের নদীর সংখ্যা ৪২০টি এবং সেন্টার ফর এনভারনমেন্টাল এন্ড জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সার্ভিসেস এর হিসেবে বাংলাদেশে নদ-নদীর সংখ্যা ১২ শত। বাংলাদেশ ও ভারতে অভিন্ন নদীর সংখ্যা ৫৪টি । পানি উন্নয়ন বোর্ডের হিসেবে উত্তর ও দক্ষিন অঞ্চলের ২৭টি নদী মরে গেছে এবং আরও ৮টি মরার পথে। বাংলাদেশের নদীগুলো বছরে প্রায় ৩০০ বিলিয়ন টন পলি বহন করে। ফারাক্কার প্রভাবে বিগত ৩ দশকে দেশে ৮০ টি নদীর মারাত্নক ক্ষতি হয়েছে। (অক্সফাম ২০০৭)ফারাক্কার বাধের ফলে গঙ্গা থেকে পানি প্রবাহ কমে যাওয়ায় নদীগুলো নাব্যতা হারিয়ে ফেলেছে। বিশষজ্ঞদের মতে গঙ্গা, ব্রক্ষপুত্র এবং মেঘনা বেসিনে ফারাক্কা বাঁধের প্রভাব পড়েছে। বিশ্ব ব্যাংক, আই, এমফও এডিবি সকলেই সাময়িক লাভ দেখিয়ে প্রকল্প গ্রহনে আমাদেরকে প্ররোচিত করে আসছে। এ দেশে যে কোন অবকাঠামো নির্মানের সময় পরিবেশগত প্রভাব বিশ্লেষণই হওয়া উচিত প্রকল্প বাছাইয়ের ভিত্তি।

১৮। **মৃত্তিকার ক্ষয়রোধঃ** উপকূল অঞ্চলের নদীগুলো খরস্রোত বিধায় মৃত্তিকায় ক্ষয় বেশী হয়। ডব্লিউ, এ, আর, পি- এর এক সমীক্ষায় দেখা গেছে যে, ১৯৭৩ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত ভূমি ক্ষযের পরিমান ছিল ৭৩৪৫২ হেক্টর এবং একই সময়ে চর গঠনের পরিমাণ ছিল ১০,৬২৮ হেক্টর। কৃষি গবেষনা কাউন্সিলের একটি সমীক্ষায় দেখা গেছে যে, ভূমি ক্ষয়ের সামগ্রিক অর্থনৈতিক ক্ষতির পরিমান প্রতি বছর ২০ কোটি মার্কিন ডলার। (সমীক্ষা ২০০৪) প্রতি বছর ২৫০০০ একর জমি ক্ষয় প্রাপ্ত হয়। ১৯৯৯ সালে ৪১টি জেলার ৪ লক্ষ পরিবার নদী ভাঙ্গনে ক্ষতি গ্রস্থ হয়েছিল। নদী ভাঙ্গনকে Slow Silent disaster বলা হলেও গরীব মানুষের উপর এর প্রভাব দীর্ঘ মেয়াদী। (Rahman -2002)

নদী ভাঙ্গন মৃত্তিকা ক্ষয়ের প্রধান কারণ, প্রতি বছর ৩৮ বিলিয়ন টন পলি ও অন্যান্য পদার্থ নদী এবং সাগর মোহনায় সঞ্চিত হচ্ছে। বর্ষা মৌসুমে পানি প্রবাহ বেশী হওয়াতে চর পড়া নদীগুলো তা বহন করতে পারে না। ফলে নদীসমূহ দিন দিন আরও ভরাট হয়ে যাচ্ছে। দেশের নদীসমূহে প্রবাহিত পানির মোট পরিমাণ ১০৭৪ বিলিয়ন ঘন মিটার। অথচ নদীগুলোর নাব্যতার জন্য পানির প্রয়োজন ১৫০ বিলিয়ন ঘন মিটার (খান-২০০৭)বর্ষা মৌসুমে পানির চাপে নদীকূল পানিতে ডুবে যায় এবং বন্যার সৃষ্টি করে এবং তীরবর্তী মাটির ক্ষয় সৃষ্টি করে। নদী খাল সংস্কারের সময় প্রসস্ততার চেয়ে গভীরতার দিকে নজর দেয়া প্রয়োজন।

উপসংহার

ঘূর্ণিঝড় বাংলাদেশে বহু পুরাতন বিষয় হলেও সিডর জলবায়ু পরিবর্তনের ক্ষতি ও খেসারত বলে বিশেষজ্ঞগণ মনে করছেন। বিগত কয়েক দশক ধরে বিশ্ব উষ্ণায়নের কারণে প্রাকৃতিক দুর্যোগ বেড়েছে। প্রাকৃতিক দুর্যোগে বেশী ক্ষতিগ্রস্ত হচ্ছে গরীব দেশের গরীব জনগোষ্ঠী। বাংলাদেশের উপকূল অঞ্চল ঘূর্ণিঝড়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়। নিকটতম উপকূলীয় অঞ্চল বেশী ক্ষতিগ্রস্ত হয়। সমূদ্র নিকটবর্তী এলাকার অধিবাসীরা ক্ষুদ্র কৃষক ও জেলে। দারিদ্র্য এসব পেশার লোকদের নিত্য দিনের সঙ্গী। জীবিকার তাগিদেই তারা জীবনের ঝুঁকি নিয়ে সমুদ্র তীরে বসবাস করছে। ঝুঁকির মধ্যে বসবাস করে এ রকম লোক সংখ্যাও প্রায় ১ কোটি। এ ব্যাপক জনগণের জীবন ও

সম্পদের নিরাপত্তা দান করা রাষ্ট্রীয় দায়িত্ব। শত শত বছর ধরে উপকূলীয় জনগন নিরাপত্তাহীনতার মধ্যে জীবন যাপন করে আসছে। উপকূলের লোকেরা নিজেদের জীবন বাজী রেখে মাতাল সমুদ্র বক্ষে বিচরণ করে সমূদ্র সম্পদ আহরণ করে অর্থনীতির চাকা সচল করে রাখছে। জাতীয় অর্থনীতিতে উপকূলীয় অবদান প্রচুর। দূর্যোগ দেখা দিলে ভাল কিছু কথা শুনা গেলেও শেষ পর্যন্ত কার্যকর কোন ব্যবস্থা গৃহীত হয়না। দূর্যোগ অনেক মানুষের জন্য সুযোগ ও বয়ে আনে। দারিদ্র ও দূর্যোগ বাণিজ্য আর না হোক এটাই সবার কামনা।

উপকূলীয় জনগন সাহসী, কর্মঠ, পরিশ্রমী। নিজেদের পায়ে নিজেরা দাঁড়াতে চায়। অর্থনৈতিক উন্নয়নের জন্য জনগণের মধ্যে এ ধরনের দৃষ্টিভঙ্গী খুবই গুরুত্ব বহন করে। সিডরের পরে ধ্বংসযজ্ঞের ভিতর থেকে মাথা তুলে দাঁড়িয়ে আবার জীবন সংগ্রামে অবতীর্ন হতে তারা একটুও বিলম্ব করেনি। পত্র পত্রিকায় জনগণের এসব গুণাবলীর কথা ছাপা হয়েছে। বিদেশী পরিদর্শকেরা সিডর আ□ান্ত জনগনের কর্ম উদ্যেগের অনেক প্রশংসা করেছেন। প্রকৃতির রুদ্ররোষ সাজানো গুছানো সোনার সংসার বারবার লন্ডভন্ড করে দিচ্ছে। এ অবস্থা থেকে পরিত্রানের জন্য পথ খুঁজতে হবে। বায়ু প্রবাহ এবং মেঘ মালাকে নিয়ন্ত্রনে আনার মত প্রযুক্তির আবিস্কার প্রয়োজন। দুর্যোগের সঙ্গে বসবাস রীতি গড়ে তোলার কোন বিকল্প নেই। এ সব কিছুর জন্য প্রয়োজন দীর্ঘ মেয়াদীও সুচিন্তিত পরিকল্পনার। উপকূলের ক্ষুদ্র কৃষক ও জেলেদের জন্য বিশেষ অর্থনৈতিক কর্মসূচী গৃহীত হওয়া উচিত। এ সমস্ত দারিদ্র জনগনকে, মহাজন, বহাদ্দর এবং এনজিওদের শোষণ, জুলুম ও অত্যাচারের হাত থেকে বাঁচানোর জন্য জরুরী পদক্ষেপ গ্রহন করা উচিত। সিডর বিধ্বস্ত দরিদ্র জনগণকে ঋণের দায় থেকে মুক্তি দেয়ার লক্ষ্যে একটি বিশেষ ঋণ কমিশন গঠন করে ঋন মওকুফের ব্যবস্থা গ্রহন করা উচিত। উপকূলের বাসগৃহ নিমান, দুর্যোগের সঙ্গে অভিযোজনের লাগসই প্রযুক্তির ব্যবহার খুবই জরুরী বিষয়। সিডর পরবর্তী সময় এবং আইলার পর বাসগৃহ নির্মাণের জন্য পরিবার প্রতি যে পরিমান টাকা প্রদান করা হয় তা দিয়ে দূর্যোগ মোকাবেলার মত গৃহ নির্মান করা সম্ভব নয়।

সিডরের পর উপকূলের লোকজন চরম অর্থনৈতিক সংকটে পতিত হয়। জনগন দারিদ্রের করাল গ্রাসে নিপতিত হয়েছে। জীবনের সর্বস্ব হারিয়ে দরিদ্র শ্রেনীর মানুষেরা অথৈই অভাবের সাগরে হাবুডুবু খাচ্ছে। লক্ষ লক্ষ লোক কর্মহীন হয়ে পড়াতে দুঃখ - দারিদ্র্য স্থায়ী আসন গেড়ে বসেছে। ঘূর্ণিঝড় সিডরের পরে আবার আইলার আ□মন উপকূলের মানুষের উপর মরার উপর খাঁড়ার ঘা সৃষ্টি করেছে। উপকূল অঞ্চলের ৭০ ভাগ গাছপালা ধ্বংস হওয়াতে প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পেয়েছে। যা উপকূলের জীবনকে আরও ঝুঁকির মধ্যে ফেলে দিয়েছে। সুন্দরবনের উন্নয়ন এবং সামাজিক বনায়ন কর্মসূচী জোরদার করা উচিত। ব্যপক ভাবে শস্য বীমা ব্যবস্থা চালুকরার পদক্ষেপ গ্রহন করা খুবই জরুরী। উপকূলের অধিবাসীদের আর যেন মৃত্যুর খাজনা দেয়া না লাগে-এটাই সবার কাম্য।

রেফারেন্স

১। অর্থ মন্ত্রনালয়-বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা- ২০০৪—২০০৯

২। Billah Dr. AHM Mustain – Green Accounting, Tropical Experience – polok Publishers – Dhaka, 2003

৩। বারকাত আবুল- বাংলাদেশের কৃষি, ভূমি, জলা সংস্কার- উন্নয়নের বিকল্প নেই-২০০৭, বি,ই,এ সম্মেলনে উপস্থাপিত।

৪. B.B.S- Statitistical Pocket Book Bangladesh -2008

৫. B.B.S- Statitistical Year Book Bangladesh -2001

৬। Choudhury AM – Cyclones in Bangladesh. Disaster in Bangladesh. Department of Geography and Environment , Dhaka University 2002.

৭। Field C. Barry – Environmental Eeconomics- An Introduction- Magraw Hill-1997.

৮। Gain A.K- et.al. – Effects of Environmental degradation on national security of Bangladesh. Asia Pacific journal on Environmental development vol-14 No-2 December 2007-BUP.

৯। ইসলাম মুহাম্মদ আনোরুল- সমুদ্র সম্পদে চট্টগ্রাম- অর্থনৈতিক ব্যবহারে সমস্যাও সম্ভাবনা- বিইএ জার্নাল-২০০৬

১০। খান হোসেন মোয়জ্জেম মোঃ- বাংলাদেশের পরিবহন কাঠামো উন্নয়নে নৌ- পরিবহনের ভূমিকা- বিইএ-২০০৭

১১। Khuda R.MM Zinatunnessa – Environmental Degradation challenges of the 21st Century –Dhaka-2001

১২। Kolstad D. Charles- Environmental Eeconomics- Oxford- University Press-2000.

১৩। পাল গৌতম-পরিবেশ ও দূষন- তৃতীয় সংস্করন কলকাতা-২০০৪

১৪। সমকাল ও অক্সফাম- বাংলাদেশের জলবায়ু- পরিবর্তনের ক্ষতি ও খেসারত- সংকলন-২০০৭ সালে

১৫। সানা জগদীস - আমাদের পরিবেশ, আমাদের জীবন-ম্যাস লাইন মিডিয়া সেন্টার - ২০০১

১৬। সংস্থাপন মন্ত্রণালয়-জেলাগেজেটিয়ার বাখরগঞ্জ -১৯৮৪

১৭। মন্টু রফিকুল ইসলাম-সিডর বিপন্ন উপকূলের বিবর্ণরূপ্ বারসিক-ঢাকা-২০০৮

১৮। ইত্তেফাক-, আমাদের সময়, প্রথম আলো, আমাদের অর্থনীতি, ডেইলী ষ্টার বিভিন্ন সংখ্যা।

১৯। Rahaman Atiur and etal – Peoples Report – 2004-05, Bangladesh Environment .

২০। Rahaman Atiur and etal- Environment- Poverty Linkages in Bangladesh Perspective, Need for Sustainable Development - BEA Jounal- 2002.

পরিশিষ্ট ১

টেবিল ১ : উপকূল অঞ্চলের আয়তন, লোক সংখ্যা

জেলা	উপজেলা	আয়তন	লোকসংখ্যা ০০০	পরিবারসংখ্য ০০০
বাগের হাট	মংলা শরনখোলা, মোড়েলগঞ্জ, বাগেরহাট সদর, চিতলমারী, ফকিরহাট, মোল-াহাট, রামপালও কচুয়া	৩৯৫৯	১৫৪৯	৩২৩
বরগুনা	আমতলী, পাথরঘাট,বামনা,বেতাগীও বরগুনা সদর	১৮৩১	৮৪৮	১৮০
বরিশাল	আগৈলঝড়া, বাবুগঞ্জ, বাকেরগঞ্জ, গৌরনদী, হিজলা, মেহেদিগঞ্জ, মুলাদী, উজিরপুর, বানরীপাড়াও বরিশাল সদর	২৭৯০	২৩৫৬	৪৭৪
ভোলা	ভোলা সদর, বোরহানউদ্দিন, চরফ্যাশন, দৌলতখান,লালমোহন,মনপুরাও তজ মুদ্দিন	৩৭৩৭	১৭০৩	৩২৯
চাঁদপুর	চাঁদপুর সদর, ফরিদগঞ্জ,কচুয়া, মতলব শাহরাস্তি, হাইমচর ও হাজী গঞ্জ ।	১৭০৪	২২৭১	৪৩৪
চট্রগ্রাম	আনোয়ারা, বাঁশখালী, চট্রগ্রাম বন্দর, ডবলমুরিং,মীরেশ্বরাই পাহাড়তলী, পাঁচশাইল, সন্ধীপ,সীতাকুন্ডু, পতেঙ্গা, হালিশহর, কোতয়ালী, বায়েজিদ বো স্তামি, বোয়ালখালী, চন্দনাইশ, লোহাগড়া, রাঙ্গুরিয়া, চাঁদগাও, ফটিকছড়ি, হাটহাজারী, পাটিয়া, রাউজান, সাতকানিয়া, বাকুলিয়া, কর্নফুলী, খুলশী	৫২৮৩	৬৬১২	১২৪১
কক্সবাজার	চকোরিয়া, কক্সবাজার সদর, কুতুবদিয়া, উখিয়া, মহেশখালী, রামু ও টেকনাফ	২৪৯২	১৭৭৩	২৯৬
ফেনী	সোনাগাজী, ছাগলনাইয়া, ফেনী সদর, পরশুরামও দাঁগনভূইয়া	৯২৮	১২৪০	২২৩
গোপলগঞ্জ	গোপালগঞ্জ সদর, কাশিয়ানী কোটলিপাড়া, মুকসুদপুর ও টঙ্গিপাড়া	১৪৯০	১১৬৬	২২২
যশোর	বাঘারপাড়া,চৌগাছা,ঝিকরগাছা,মনিরামপুর, অবয়নগর, কেশবপুর, যশোর সদরও শার্শা	২৫৭০	২৪৭২	৫২৪
ঝালকাঠি	ঝালকাঠি সদর, কাঠালিয়া নলছিটিও রাজাপুর	৭৫৮	৬৯৫	১৪৫
খুলনা	দাকোপ, কয়রা, বটিয়াঘাটা, দৌলতপুর, ডুমুরিয়া, দিঘলিয়া, খালিশপুর, খানজাহান আলী, খুলনা সদর, পাইকগাছা, ফুলতলা, রূপসা, সেনাডাঙ্গাঁ ও তেরোখাদা	৪৩৯৫	২৩৭৯	৪৯৯
লক্ষীপুর	রামগতি, লক্ষীপুর সাদর, রায়পুরও রামগঞ্জ	১৪৫৬	১৪৯০	২৮৯
নড়াইল	লোপাহড়া,নড়াইল সদর, কালিয়া, নাড়িগাতি	৯৯০	৬৯৮	১৪১
নোয়াখালী	কোম্পানীগঞ্জ, হাতিয়া, নোয়াখালী সদর, চাটখিল, সেনবাগও বেগমগঞ্জ	৩৬০১	২৫৭৭	৪৬০
পটুয়াখালী	দশমিনা, রাঙ্গাবালি, গলচিপা, কালাপাড়া, বাউফল, মির্জাগঞ্জও পটুয়াখালী সদর	৩২২০	১৪৬১	২৮৭
পিরোজপুর	মঠবাড়িয়া,ভান্ডারিয়া, কাউখালী, নাজিরপুর, পিরোজপুর সদরও নেছারবাদ (স্বরূপকাঠি)	১৩০৮	১১১১	২৩৩
সাতক্ষিরা	আশাশুনি,শ্যামনগর , দেবহাটা, কলারোয়া, কালিগঞ্জ, সাতক্ষীর সদরও তালা	৩৮৫৮	১৮৬৫	৩৯১

সূত্র: আইসিজেডএমপি-(মন্টু-২০০৮) এবং বি বি, এস পকেট বুক ২০০৮

টেবিল ২ : উপকূল অঞ্চলের উপজেলা ও গ্রামের সংখ্যা এবং শিক্ষার হার

বিভাগ	জেলা	মিউনিসিপাটিলির সংখ্যা	উপজাতি (লোক সংখ্যা)	উপজেলার সংখ্যা	গ্রামের সংখ্য	শিক্ষার হার শতকরা৭+
বরিশাল	১। বরিশাল	৫	৫৩২১	১০	১২৯০	৫৫.২৮
	২। ভোলা	৫	১২৯৮৯	৭	৪৬১	৩৬.৮৮
	৩। বরগুনা	৪	৯৭২৮	৫	৫৬১	৫৩.৫৯
	৪। পিরোজপুর	৩	২৩৫৪	৬	৬৪৫	৬৪.৩১
	৫। পটুয়াখালী	৩	১৫২০৩	৭	৮৬৫	৫১.৬৮
	৬। ঝালকাঠি	২	৮৭৭	৪	৪৫২	৬৫.৩৪
চট্টগ্রাম	১। চট্রগ্রাম	৭	৫৭৩৯৭	২৬	১৩১০	৪৫.৫৪
	২। কক্সবাজার	৩	২৫৪৯৩	৭	৯৮৪	৩০.১৭
	৩। চাঁদপুর	৬	২৫৯১	৮	১২৩৭	৫০.২৯
	৪। ফেনী	২	১৯৭	৫	৫৭০	৫৪.২৬
	৫। নোয়াখালী	৫	১৬৫৩২	৬	৯৭৭	৫১.৬৯
	৬। লক্ষীপুর	৩	১৮৫	৪	৫৩৯	৪২.৯৩
ঢাকা	১। গোপালগঞ্জ	৪	১৮০৪	৫	৮৮০	৫১.৩৭
	২। শরীয়তপুর	৫	৬৯৮	৬	১২৩৫	৩৮.৯৫
খুলনা	১। নড়াইল	২	১৬৭৯	৩	৬৫১	৪৮.৫৫
	২। খুলনা	২	১৬১১১	১৪	১১৪১	৫৭.৮০
	৩। সাতক্ষীরা	২	৪৮৬৩	৭	১৪৩৫	৪৫.৫০
	৪। বাগেরহাট	৩	১১২৯৭	৯	১০৩১	৫৮.৭৩
	৫। যশোর	৪	২৭৫২	৮	১৪৩৪	৫১.২৮
	মোট	**৭০**	**১৮৮০৭১**	**১৪৭**	**১৭৬৯৮**	**৯৫৪.১৪**

উৎস্য *statistical pocket Book Bangladesh , B,B,S-2008.*

টেবিল ৩ : বিভিন্ন সাইক্লোনে বাতাসের সর্বোচ্চ গতিবেগ এবং ঢেউয়ের উচ্চতা

ক্রমিক নং	সাল	সাইক্লোনর গতিবেগ (কিলোমিটার)	সামুদ্রিক জোয়ারের উচ্চতা (ফুট)	মৃতের সংখ্যা	মন্তব্য
১	১৫৫৮	-	১০-২৫	২০,০০০০	মন্দিরের চূড়া পর্যন্ত
২	১৮২২	১২০ মাইল	-	১,০০০০০	
৩	১৮৭৬	-	১০-৪৫	২,০০০০০	
৪	১৯৬০	২১০	১৫-২০	৫,১৪৯	
৫	১৯৬৫	১৬২	২০-২৫	১৯,২৭১	
৬	১৯৭০	২২৩	২০-৩০	৫,০০০০	অনেক সূত্র মৃতের সংখ্যা ১২,০০,০০০
৭	১৯৮৫	১৫৪	১০-১৫	১১,০৬৯	
৮	১৯৮৮	১৬২	৫-১০	২,০০০	
৯	১৯৯১	১২৫	২০-২৫	১,৪০০০০	
১০	২০০৭	২৪০	১৫-২০	৩.৩৮৭	অনেক সূত্র মৃতের সংখ্যা ১০,০০০

উৎসঃ জেলা গেজেটিয়ার, ১৯৮৪,বাখেরগঞ্জ, ডি আর টি এম সি -২০০১, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রফিকুল ইসলাম মন্টু ২০০৮ ।

টেবিল ৪ : কৃষি ও অকৃষিখানা এবং কৃষি শ্রমিক খানার চিত্র

জেলা	মোট খানা	মোট কৃষিখানা	শতকরা	অকৃষি খানা	শতকরা	কৃষি শ্রমিক খানা	মোট কৃষি খানার শতকরা
বরগুনা	১৯৪৯৩২	১৫২৭৪৬	৭৮.৩৬	৪২১৮৬	২১.৬৮	৪৬৯১৫	৪০.২০
বরিশাল	৫০১২৫৪	৩৭১১৩৮	৭৪.০৪	১৩০১১৮	২৫.৯৬	১২২২০৭	৪২.৩৬
ভোলা	৩৫৭৩৫৮	২৩৮১৭৪	৬৬.৬৮	১১৯১৮৪	৩৩.৩৬	২২৭২৭০	৭১.৪৩
ঝালকাঠি	১৫৪০৫০	১১৮৪২৩	৭৬.৮৭	৩৫৬২৭	২৩.১৩	২৯০৩০	৩৪.৮৩
পটুয়াখালী	৩০৬৭৩০	২১০৪৭১	৬৮৬২	৯৬২৫৯	৩১.৩৮	৭৪৩৬০	৪০.৪১
পিরোজপুর	২৪৫৭৯৫	১৯৬২৩৩	৭৯.৩৪	৪৯৫৬২	২০.১৭	৬৯৩৪৮	৩৯.৪৪
চাঁদপুর	৪৪৮৭০১	২৬১২৫৯	৫৮.২০	১৮৭৫৪২	৪১.৮	১১৬৩৫৮	৪৫.৮১
চট্রগ্রাম	১৩৭৬৫৩৬	৪০১৬৯৬	২৯.১৮	৯৭৪৮৪০	৭০.৮২	১২৬৮৮০	৪২.৫৫
কক্সবাজার	৩৩২৩০৪	১৪৯৩৯১	৪৭.৯৬	১৭২৯১৩	৫২.০৪	৭৮৩৭৫	৫৭.৫২
ফেনী	২২৫৪০২	১৩৫১৪২	৫৯.৯৫	৯০২৬০	৪০.০৫	৩৬৯৪৪	২৯.৯
নোয়াখালী	৪৮৯৯২৭	৩০৮৩০৪	৬২.৯৩	১৮১৬১৯	৩৭.৭	১২৩৬৩৮	৪৪.০৩
গোপালগঞ্জ	২২৬৩৬৬	১৫০৫৯৮	৬৬.৫৩	৭৫৭৬৮	৩৩.৪৭	৫৯৩৩২	৪৩.১৪
শরীয়তপুর	২২৭১৮৭	১৬৩৯৫৭	৭২.১৬	৬৩২৩০	২৭.৮৪	৫৭৯৪৩	৩৯.৫৩
যশোর	৫৯০৬০৮	৩৬১৩০৮	৬১.১৭	২২৯৩০০	৩৮.৮৩	১৫৯৩৭০	৫৭.১৮
নড়াইল	১৪৯১৭৮	১১৬৩১৯	৭৭.৯৭	১১৬০১৯	২২.০৩	৩২৪৭০	৪১.৪৪
খুলনা	৫৪৭২৪১	১৯৭৮৪২	৩৬.১৫	৩৪৯৩৯৯	৬৩.৮৫	৪৩৬৭১	৫৭.৭৭
সাতক্ষীরা	৪৩৮৭৬৬	২৩৯২৯৮	৪৫.৫৪	১৯৯৪৬৮	৫৪.৪৫	১৪২৫১১	৭০.২৮
লক্ষীপুর	৩০৮৩৫৪	২১৪০২১	৬৯.৪১	৯৪৩৩৩	৩০.৫৯	৪২৪৬৮	৪৫.০৩
বাগেরহাট	৩৪২৪১০	২৪৫২৯০	৭১.৬৪	৯৭১২০	১৮.৩৬	৮৯৮৬৭	৪৬.৬৮
মোট	**৭৪৬৩০৯৯**	**৪২৩১৬১০**		**৩৩০৪৭৪৭**		**১৬৭৮৯৫৭**	

উৎসঃ *Agriculture Sample Survey of Bangladesh 2005, বিদ্রঃ শেষ দুই কলম ১৯৯৬ বিবিএস কৃষি শুমারী*

টেবিল ৫ : গবাদি পশু ও হাস মুরগীর সংখ্যা এবং বোরো ধানের অধীন জমির পরিমান

জেলা	গরু মহিষ	ছাগল-ভেড়া	হাসও মুরগি	নিট আবাদ যোগ্য জমি (একর)	বোরা চাষের অধিন জমি(একর)	শতকরা
বরগুনা	২৭৬২৭৬	১০৩০৩০	২২৯০২৩৯	১৯৯০৫০	৬৭০৮	৩.৩৭
বরিশাল	৪৩৯৩৮৫	১৪৬৮৯৫	৪০০৮২০২	১২২২৩৪	৩১৬২৭৬	৩৮.৬৮
ভোলা	২৬৭২৩৪	১৯৩২০৫	৪০২৬৭৭০	৪৭৬৩৫	২৩২০২০	২০.৫৩
ঝালকাঠি	১৫১৪৬৪	৫১২৩০	১৩৯০৯৯২	১১২৩৫	৯৫১৩৪	১১.৮১
পটুয়াখালী	৫১৪১৭২	১৭৯৮৯০	৩৬৭৫৮৯৯	১১৯৯৭	৩৪৩৫১১	৩.৪৯
পিরোজপুর	২০১৪৮৯	৭৭৯৮২	২৪৮১৭৮	৩৫১৭৭	১৬৩২০২	২১.৫৫
চাঁদপুর	২৭৩১৩৪৫	১২৫৬২৪	৬১৮৬২১৮	১০৪৫৩৭	১৬০৯২২	৬৪.৯৬
চট্রগ্রাম	৮৩০৪৭৭	৩৫৭৮১১	৭৭৪২৮৮২	১৪৩৮৩২	৩৩৬০৭৮	৪২.৭৯
কক্স বাজার	২৮৯৭৯৪	১৬৪৭০০	২৫০১১০২	৮০২২৯	১৩৬৭১৮	৫৮.৬৮
ফেনী	১৫৪৫৪৭	৪৪৮৫৯	২০৮৩২৯৮	৪৯৪০২	১১০৪২৩	৪৪.৭৪
নোয়াখালী	১৭৮০৮৫	৯৭৪৪২	২৩৯৮২০৫	৭৮৪০৭	৩১৪৭৭৩	২৪.৯০
গোপালগঞ্জ	২২৬৪৮৭	৭৪৫৩৫	১৩৮৩৯৪৫	১২৭৫৪৯	২১৮৬৬২	৫৮.৩৩
শরীয়তপুর	১৬৬৩৯৫	১১৯০১৪	১৭৭১৭১০	৫৩১৮৬	১৫১০২১	৩৫.২২
যশোর	৬৫৪৫৮৭৯	৫৮২১১০	৪৪৪৩৯২৫	২১৯৩৩৮	৩১৬২৮	৬৯.৩৪
নড়াইল	১৮৮৫৬৬	৯৫৭৯৯	৯৮৬৬৪৯	৭২৬২৩	১৪৪৮৩২	৫০.১৫
খুলনা	৩২৪৪২১	২২০৬৬৯	২৯০০১৯৮	৬৭৩৪৯	২৩৯৭৭৫	২৮.০৮
সাতক্ষীরা	৪৩৯৫৭৫	৪১৮৮৪৮	২৫৩৩০০২	১০৬২২৩	২০৯৭০০	৫০.৬৫
লক্ষীপুর	৩৫৯৫২৬	২১৭৪৯২	৪৫৭১৪৬২	৩৬৭৫৪	১৩৯৪৭২	২৬.৩৫
বাগের হাট	২৯২৩৫১	১৩৯২১৮	২৩৩৬৯৭	৭৯৩৫৪	২৭৫১০৫	২৮.৮৫
মোট	**১৪৫৭৭৪৬৮**	**৩৪১০৩৫৩**	**৫৫৩৭৬৫৭৩**	**১৬৪৬১১১**	**৩৬২৫৯৬০**	

উৎস ঃ *statistical pocket Book Bangladesh , B,B,S-2008.*

টেবিল ৬ : দূর্যোগ সম্পর্কে অবগত হওয়ার মতামত (আইলার পরে)

ক্রমিক নং	মাধ্যম	শতকরা
১	রেডিও	৫০
২	আত্মীয় সজন/ প্রতিবেশী	২৯
৩	স্বেচ্ছাস্বেবক	১৭
৪	টেলিভিশন	৪
	মোট=	১০০

উৎস- *Bishanijit Mallick and etal,World Habitat Day- 2009, CUS. Souvenir.*

টেবিল ৭ : সমুদ্রগামী জেলেদের কিছু মতামত

ক্রমিক	মতামতের ধরন	উত্তার দাতার শতকরা
১	পেশাগত বিপদের সম্মুখীন হয়েছে এমন ে জেলের সংখ্যা	৯৩.৯৮
২	জীবন রক্ষাকারী বয়া নেই এমন ট্রলারের সংখ্যা	৭৩.৯৫
৩	ট্রলারের ফিটনেস সার্টিফিকেট লাগে তা না জানা জেলের সংখ্যা	৮৮.০০
৪	বেতার যন্ত্র আছে এমন জেলের সংখ্যা	৭৩.৩৩
৫	নিয়মিত আবহওয়া বার্তা শোনেনা এমন জেলে সংখ্যা	৫৮.৩৩
৬	রেডিওতে প্রচারিত আবহাওয়া বা র্তা সঠিক নয় বলে এমন জেলে সংখ্যা	২৫.৮৪
৭	রেডিও নেই এমন ট্রলারের সংখ্যা সম্পর্কে জানায়	৫৬.৯৯
৮	গভীর সমূদ্রে মাছ ধরার স্থানে বেতার বার্তা পৌছায়না বলে জানায় এমন জেলের সংখ্যা	৬৮.৩৩
৯	বিপদে ট্রলারে আত্মরক্ষার ব্যবস্থা নেই এমন উত্তরদাতার সংখ্যা	৯৫.৬৫

উৎসঃ রফিকুল ইসলাম মন্টু ২০০৮ইং বিক্ষিপ্ত আলোচনা থেকে স্মারনী বদ্ধ করা হয়েছে।

টেবিল ৮ : বাংলাদেশের বন অঞ্চলের বিবরন

ক্রমিক নং	বনের প্রকার	বনের আয়তন (মিলিয়ন হেকটর)	দেশের মোট আয়তনের শতকরা
১	পার্বত্য বন	১.৪০	৯.৭২
২	ম্যান গ্রোভ বন	০.৭৪	৫.০৬
৩	শাল বন	০.১২	০.৮৩
৪	গ্রামিন বন	০.২৭	১.৮৮
	মোট	**২.৫৩**	**১৭.৪৯**

উৎসঃ *Tree planting for a Green Bangladesh . 2005*

টেবিল ৯ : চিংড়ি খামারের খারাপ প্রভাব সম্পর্কে মতামত

ক্রমিক নং	মতামতের ধরণ	উত্তর দাতার শতকরা
১	গোচারন ক্ষেত্র সংকোচন	৮২
২	চাষ যোগ্য জমির দুস্প্রাপ্যতা	৫৮
৩	বেকারত্ব বৃদ্ধির কারনে কৃষি উৎপাদন কমতি	৭০
৪	পানীয় জলের গুনাগুন নষ্ট	২১
৫	আয় বৈশম্য বৃদ্ধি ও সামাজিক টেনশন বৃদ্ধি	৪২
৬	জলাবদ্ধতা সৃষ্টি করে	৯৪
৭	ভাইরাস জনিত রোগ ব্যধির আ মন বাড়ায় ।	৮৮

উৎসঃ *peoples Report – 2004/05,Compiled .*

টেবিল ১০ : ত্রান বিতরনের চিত্র

জেলা	জিআর চাল (মেট্রিক টন)	জিআর ক্যাশ (টাকা)	গৃহনির্মান মঞ্জুরি (টাকা)	প্রধান উপদেষ্টা ত্রান তহবিল থেকে (টাকা)	খাদ্য (কার্টন)	তাবু (পিস)	কম্বল (পিস)	ডেউটিন (পিস)
পটুয়াখালী	২৭৪০	৩৮০০০০০	১৮৪৫০০০০০	৮০০০০০০০	৬৫০০	২৬৭৬	৯২৩০	২০০০
বাগেরহাট	২৪৫০	৪২৯৭০০০	৩৪৫০০০০০	৩৮৮৮৩০০০০	৮০০০	২৭৭৫	৯২৩০	২০০০
বরগুনা	২৮০০	৩৫৫০০০০	৩১৯২৫০০০	৩৮৯৬৬০০০০	৬৫০০	২৬৭৭	৯১২০	১৫০০
ঝালকাঠি	১১৯০	২২৮৯০০০	১৬০০০০০০	৪৫০০০০০০	৬০০০	২০০	৪২২০	১০০০
পিরোজপুর	২৫৩৫	৪১২০০০০	১৮১৯০০০০০	৮০০০০০০০	--	২৩৬৬	৮৯০০	১৫
সাতক্ষীরা	৮৭৫	১৩৬৯০০০	১০৫০০০০০	৪০০০০০০০	--	৭০০	৫০০০	৫০০
বরিশাল	১৫০০	১২৮৩০০০	১৫৩০০০০০	৩৫০০০০০০	--	৭১০	৪০০০	----
ভোলা	৩৫০	১০৫০০০০	১৬০০০০০০	৩৫০০০০০০	--	৭০০	২০০০	৫০০
লক্ষীপুর	২০০	৩৭৫০০০	--	১০০০০০০০	--	৩০০	১০০০	--
খূলনা	৮৫০	১৬৫০০০০	৬০০০০০০	৩২৫০০০০০	--	৩৫০	৩০০০	৫০০
গেপালগঞ্জ	৪০০	২৫০০০০	৬০০০০০০	১২৫০০০০০	--	৩০০	২০০০	৫০০
শরীয়তপুর	২৫০	২৫০০০০	৬০০০০০০	১২৫০০০০০	--	৩০০	২০০০	৫০০
মাদারীপুর	৩৫০	২৫০০০০	৬০০০০০০	১৭৫০০০০০	--	৩০০	২০০০	৫০০
ফরিদপুর	১০০	--	--	৩০০০০০০	--	--	১০০০	--
মুন্সীগঞ্জ	১০০	--	--	--	--	--	--	--
ঢাকা	--	--	--	--	--	--	--	--
কাক্সবাজার	--	--	--	--	--	৬০০	১০০০	--
চট্রগ্রাম	--	--	--	--	--	৭০০	১০০০	--
চাঁদপুর	২০০	৪২৫০০	--	--	--	৩৫০	১০০০	--
নোয়াখালী	--	--	--	--	--	৪৫০	১০০০	--
নরসিংদি	৫০	--	--	--	২০০০	--	--	--
নারানগঞ্জ	৫০	--	--	--	২০০০	--	--	--
রাজবাড়ী	৫০	--	--	--	৪০০০	--	--	--
ফেনী	৫০	--	--	--	--	৪৫০	--	--
কুমিল-া	--	--	--	--	--	--	--	--
যশোর	৫০	--	--	--	২০০০	--	--	--
নড়াইল	--	--	--	--	১০০০	--	--	--
মৌলভীবাজার	৫০	--	--	--	--	--	--	--
কিশোরগঞ্জ	--	--	--	--	২০০০	--	--	--
মানিক গঞ্জ	৫০	--	--	--	৩০০০	--	--	--
মোট	১৭২৪০	২৪৯৫৮০০০	৫১৪৬২৫০০০	১১৮১৪৯০০০০	৪৩০০০	১৬৯০৪	৬৬৭০০	১৩০০০

উৎসঃ খাদ্য ও দূর্যোগ মন্ত্রনালয় (রফিকুল ইসলাম মন্টু ২০০৮) ১৩ ডিসেম্বর ২০০৭ তারিখ পর্যন্ত

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

জলবায়ু পরিবর্তন ও পরিবেশ

ফেরদৌস আরা কবির*

ভূমিকা

জলবায়ু পরিবর্তনের বিষয়টি একসময় মানুষের চিন্তার পরিধিতেই ছিল না। প্রায় ৪.৬ বিলিয়ন বছর আগে পৃথিবীর সৃষ্টির পর থেকে আজ পর্যন্ত এর জলবায়ু বরাবরই বদলেছে। এই বদলের অন্যতম কারণ হলো প্রচুর কার্বন ডাই অক্সাইডসহ বড় বড় আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, সূর্যের আলো ও তাপ নির্গমনের তারতম্য এবং সূর্যের সাপেক্ষে পৃথিবীর অবস্থান পরিবর্তন। বিজ্ঞানীদের ধারণামতে প্রতি এক লাখ বছর অন্তর পৃথিবীতে একই ধরনের জলবায়ু ফিরে আসে। সর্বশেষ বরফগুলো শেষ হয়েছে এক লাখ ২৫ হাজার বছর আগে। তাই পৃথিবীর তাপমাত্রা কমার কথা। অথচ সপ্তদশ শতকের শুরু থেকে যে শিল্পবিপ্লব শুরু হয় মুলতঃ তাই পৃথিবীর তাপমাত্রা অস্বাভাবিকভাবে বাড়তেই থাকে। মানুষ যখন ইঞ্জিন আবিস্কার করল তারপর আজ থেকে প্রায় সোয়াশ বছর আগে এক বিজ্ঞানী সাবধান করে দিয়েছিলেন জলবায়ুর উপর শিল্পায়নের প্রভাব পড়তে পারে। এটা এখন সারা পৃথিবী দলিল বলে স্বীকার করে নিয়েছে যে জলবায়ু বদলে যাচ্ছে। বিপন্ন হচ্ছে মানুষ। তাপমাত্রা যেভাবে বাড়ছে তাতে বিশ্বের বিরাট অঞ্চল ডুবে যাওয়ার আশংকা এর প্রভাব পড়ছে বাংলাদেশে প্রায় প্রতিটি ক্ষেত্রে। এর প্রভাবে বাংলাদেশের কৃষি, পরিবেশ, অর্থনীতি জলবায়ু, জনস্বাস্থ্য জনজীবনসহ সামগ্রিক বিপর্যয় ঘটছে। তাই তো বিশ্বব্যাপী শ্লোগান উঠছে “বাংলাদেশ বাঁচলে বাঁচবে বিশ্ব”।

জলবায়ুর পরিবর্তন কিভাবে বুঝেছি

প্রায় একশত বছর আগে জলবায়ু পরিবর্তনের বিষয়টি জানা গেছে। অন্তত চার দশক ধরে সচেতন বিশ্ব এটি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে। তা সত্বেও এতে অবিশ্বাসীদের পক্ষ ও প্রবল ছিল। আর এ অবিশ্বাসীদের মধ্যে

---

* এডভোকেট বাংলাদেশ সুপ্রীম কোর্ট ও প্রাক্তন ব্যাংকার

This Paper was presented at the *XVII Biennial Conference titled **"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

মার্কিনযুক্তরাষ্ট্রের ভূমিকা ছিল অগ্রগণ্য। তাই ১৯৯২ সালের ধরত্রী সম্মেলন রিওডি জেনিরোর গ্লোরিয়া সমুদ্র সৈকতে প্রতিবাদী এন.জি.ও দের শ্লোগান ছিল "জজ বুশের মুন্ডপাত"।

বাতাসে কার্বনডাই অক্সাইডের নির্গমন কমাতেই হবে। পৃথিবীর সব দেশেরই ধনীদের বিলাসী জীবনযাত্রার ধরন দায়ী। এই জীবন যাপনের সব মাধ্যম জ্বালানী নির্ভর। যার মধ্যে কার্বন নির্গমনের সব উপকরণ রয়ে গেছে।

গ্রীণ হাউজ প্রতিক্রিয়ার মূল কথা হচ্ছে বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইড ও আরও দুটি গ্যাস বাড়ার সঙ্গে সঙ্গে এর কারণ ভূ-পৃষ্টের গড় উত্তাপ বাড়ছে। গড় উত্তাপ বহুদিন ধরে মাত্রা গেলে ও বাতাসে কার্বন ডাই অক্সাইডের পরিমান সরাসরি সুক্ষভাবে মাপা যাচ্ছে মাত্র ১৯৫০ সাল থেকে। উত্তাপের সঙ্গে এর সরাসরি সম্পর্ক দেখাতে হলে আরও প্রাচীন উপাত্ত দরকার। সেটি সম্প্রতি পাওয়া যাচ্ছে লাইব্রেরিতে তবে বইয়ের লাইব্রেরিতে নয় বরফের লাইব্রেরিতে। চির বরফের অঞ্চলে নলকূপ খোড়ার মত প্রক্রিয়ায় বহু মিটার লম্বা নিরেট। নলাকৃতি বরফ আস্ত তুলে আনা হয়, যাকে বলা হয় আইসকোর। প্রতিবছরের তুষার পাতে নতুন একস্তর বরফ জমে জমে এই আইসকোরে রয়েছে হাজার বছরের বরফ। গত বছরটি বসার উপরে আর প্রাচীনতমটি সবার নিচে। স্তরের অবস্থান থেকে বলা কোন বরফ কোন বছরের। আর তাতে আটকা পড়া বুদবুদের মধ্যে জমা বাতাস বিশ্লেষণ করে জানা যায় সে বছর বাতাসে কার্বন ডাই অক্সাইডের পরিমান কত ছিল। তা ছাড়া সাধারণ পানির সঙ্গে সব সময় খুব সামান্য পরিমানে ভারী আইসোটোপ গঠিত ভারী পানি থাকে। এই স্তরের বরফে ভারী পানির আনুপাতটি তখনকার গড় উত্তাপটি ও নিখুত ভাবে বলে দিতে পারে।

এতে দেখা যাচ্ছে এক হাজার বছর আগে থেকে ১৮০০ সাল পর্যন্ত কার্বন ডাই অক্সাইডের পরিমান প্রায় সমান থেকেছে ২৮০ পিপিএম (পার্ট পার মিলিয়ন)। এই সময় গড় উত্তাপ ও প্রায় সমান থেকেছে ১৩ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস এর পর থেকে হঠাৎ আর্শ্চয্যজনকভাবে দুইটিই সমানে বেড়েছে ক্রমবর্ধমান হারে। স্পষ্টত শিল্পবিপ্লবই এর কারণ। অতি সম্প্রতিকালে এসে বাড়ার হার অত্যান্ত দ্রুত হয়েছে।

২০০৭ সালে হয়েছে ৩.৫০ পিপিএম আর ১৪ দশমিক ৪ ডিগ্রি। এই শূন্য দশমিক ৬ ডিগ্রি উত্তাপ বৃদ্ধি সামান্য মনে হতে পারে কিন্তু এর তাৎপর্য অনেক।

উত্তাপ বৃদ্ধির প্রথম ফল হয়েছে উত্তর ও দক্ষিণ মেরুর চারিদিক অনেক খানি জায়গায় বহু যুগ ধরে সঞ্চিত বরফ গলতে থাকে। সম্প্রতি উপগৃহ থেকে পর পর বছরগুলোতে ছবি নিয়ে স্পষ্ট দেখা গেছে এই বরফ এলাকা দ্রুত সংকুচিত হয়ে পড়েছে। বরফগলা পানি সমুদ্রপৃষ্টের উচ্চতা বাড়াচ্ছে যার বড়ভুক্তভোগী বাংলাদেশ। অকুস্থলে জিপিএস গ্লোবাল পজিশনিং সিষ্টেম স্থাপন করে ক্রমে দ্রুততর বরফ গলার অকট্য প্রমান পাওয়া যাচ্ছে। উত্তাপ বাড়ছে বলে বরফ গলছে, বরফ গলছে বলে চকচকে বরফ থেকে আগে সূর্যকিরণ প্রতিফলিত করে উত্তাপ যেটুকু কমতো এখন তা আর হচ্ছে না ফলে উত্তাপ আরও দ্রুত বাড়ছে। তাই বরফ আরও দ্রুত গলে প্রতিফলন আরও দ্রুত কমছে। এভাবে একটি আর একটিকে ক্রমাগত উসকে চলছে। এরকম চক্রবৃদ্ধি আরও কয়েকটি রয়েছে। সমূদ্রের পানি আরো যত কার্বনডাই অক্সাইড দুরীভুত করে আটকে রাখতে পারত উত্তপ্ত হলে তা পারে না। বাতাসে ছেড়ে দেয়। তাতে উত্তাপ আরও বাড়ে। ফলে বাতাসে ছেড়ে দেওয়া কার্বনডাই অক্সাইডও বাড়ে। এভাবে উত্তরের বিস্তীর্ণ জায়গায় একটু তলার মাটি রয়েছে বরফ শীতল হয়ে পার্মাফ্রষ্ট রুপে। উত্তাপ বাড়াতে এর সঙ্গে জমে থাকা কার্বনডাই অক্সাইড ও মিথেন গ্যাস উভয়ই গ্রীন হাউজ গ্যাস বাতাসে যাচ্ছে। উত্তাপ আরও বাড়ছে পার্মাফ্রষ্ট আরও দ্রুত গ্যাস ছাড়ছে।

জোয়ার মাপার টাইড গেজ থেকে সমুদ্র পৃষ্ঠের গড় উচ্চতা অনেকদিন ধরে মাপা হচ্ছে এখন উপগ্রহের সাহায্যেও মাপা হচ্ছে। ১৯৯২ সাল থেকে এটি ২.৮ মিমি হারে বেড়েছে। বর্তমানে বার্ষিক বৃদ্ধি ৪ মিমিতে দাড়িয়েছে।

খুলনায় ৫.১৮ মিমি পাওয়া গেছে। এর পুরোটা বরফ গলার ফল নয়। এর বেশীর ভাগ অধিক তাপে পানি আয়তনে সম্প্রসারিত হওয়ার ফল। সমুদ্রে উষ্ণতার পানির আরেকটি ফল হলো অধিক বাস্পীয়ভবন যা আবার জমে পানি হওয়ার সময় প্রচুর সুপ্ততাপ বের হয়ে আসে। এটিই ঘুর্ণিঝড়ের শক্তি জোগায়। তাই ১৯৭০ সাল থেকে ২০০৪ সাল পর্যন্ত জরীপে দেখা গেছে এ সময় তীব্রতর ঘুর্নিঝড়গুলোর সংখ্যা ১৬ থেকে বেড়ে ৩৫ শতাংশ হয়েছে। আমাদের সিডর বা আই জাতীয় ঘুর্নিঝড়েরর সংখ্যা মে যে বাড়বে এ তার স্পষ্ট প্রমান। এ থেকে আমাদের কম্পিউটার মডেলিং বলে দিতে পারে ভবিষ্যতে আমাদের অবস্থা কি হবে। মডেল দেখাচ্ছে যে শূন্য ৬ ডিগ্রি উত্তাপ বৃদ্ধি এ শতাব্দীর শেষ নাগাদ বেড়ে ১০ গুন হবে সমুদ্র পৃষ্টের উচ্চতা বাড়বে অন্তত: এক মিটার। বাংলাদেশের অন্তত: ১৭ শতাংশ সমুদ্রে চলে যাবে। উষ্ণতা ২.৪ ডিগ্রি বাড়বে ফলে এক সময় মেরু অঞ্চলের সব বরফ গলে সমুদ্র পৃষ্ঠ কয়েক মিটার বাড়বে। এ রকম পরিস্থিতি কল্পনা করতেই শিউরে উঠতে হয়। সেই সঙ্গে ঘুর্নিঝড়, অতিবৃষ্টি, বন্যা, খরা, কৃষি ও খাদ্য ধ্বংশ ইত্যাদি যোগ করলে তো ভয়াবহ অবস্থাই। এর পর পৃথিবী আর কতদিন মানুষ বা অন্যপ্রাণীর বসবাসের যোগ্য থাকবে। বাংলাদেশের সিডর আইলা জলাবদ্ধতা, লবনাক্ততা ও খরার বাস্তবতার এটি আর ভবিষ্যতের ভয় নয়, বিপদ এখন দোরগোড়ায়।

জলবায়ুর পরিবর্তনের প্রভাব

জলবায়ু পরিবর্তনের সাথে সাথে তাপমাত্রা বৃষ্টিপাত সহ বিভিন্ন রকম প্রাকৃতিক অসংগতি সৃষ্টি হচ্ছে। বাংলাদেশের অধিকাংশ চাষাবাদ প্রাকৃতিক পদ্ধতিতে হওয়ায় তা মূলত বৃষ্টিপাতের উপর নির্ভরশীল। দেশের মধ্যভাগের কিছু অঞ্চল জুড়ে কেবল তিন ফসলের চাষ হয়। বাদ বাকী জমিগুলি হয় এক ফসলে বা দু'ফসলি। উত্তর বঙ্গের চাষাবাদ এখন প্রতিনিয়তই খরার কারনে বাধাগ্রস্থ হচ্ছে। তাপমাত্রার পরিবর্তনের ফলে ফসলের গুনাগুন ও উৎপাদন ক্ষমতা কমে আসছে এবং নতুন নতুন রোগ জীবনু দেখা দিচ্ছে। শুস্ক মৌসুমে পানির অভাবে উর্বরতা হারাচ্ছে চাষের জমি। তা ছাড়া একই জমিতে মাত্রাতিরিক্ত চাষ ও রাসয়নিক সার ও কীটনাশক ব্যবহারের ফলে মাটির উর্বরতা হ্রাস সহ সামগ্রিক ভাবে পরিবেশ দুষিত হচ্ছে। মোট কথা কৃষির উপর জলবায়ুর প্রভাব পড়েছে মারাত্মকভাবে।

পানির উপর প্রভাব

বাংলাদেশ এক অর্থে একটি জলবেষ্টিত ভূ-ভাগ। যার মধ্যদিয়ে এশিয়ার তিনটি বৃহত্তর নদী (গঙ্গা, ব্রক্ষ্মপুত্র ও মেঘনা) নানা শাখা প্রশাখা বেয়ে বঙ্গোপসাগরে পড়েছে। এই নদী পথে প্রবাহিত হয় হিমালয়ের বরফ গলা পানিসহ ভারত নেপাল ও বাংলাদেশের বিস্তীর্ণ অঞ্চলে বৃষ্টিপাতের পানি। জলবায়ু পরিবর্তনের ফলে অনিয়মিত বৃষ্টিপাতও অতিবৃষ্টিও অনাবৃষ্টি ঘটছে। হিমালয়ের বরফ আরও দ্রুত গতিতে গলে যাচ্ছে। পাশাপাশি বাস্পীয়ভবনসহ খরাও বেড়েছে। সব থেকে ভয়াবহ হল সমুদ্র পৃষ্টের উচ্চতা ও বায়ুমন্ডলের তাপমাত্রা বৃদ্ধি হচ্ছে। ফলে ঋতুচ বেঙ্গে পড়ছে। বাংলাদেশের জনগোষ্টীর জীবন নান প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল। পানি সম্পদের এমন বিপর্যয় তাদের সমগ্র জীবন-যাপন তথা দেশের সামাজিক অর্থনীতি ও আজ সংকটাপন্ন।

জলবায়ু পরিবর্তনের ফলে শুস্ক মৌসুমে যেমন দেখা দিচ্ছে তাপ ও শৈত্যপ্রবাহ শিলাবৃষ্টি ও কুয়াশার প্রকোপ, বর্ষায় বেড়ে যাচ্ছে বন্যা ও বন্যা পরবর্তী জলাবদ্ধতা অতিবৃষ্টি। এ ছাড়া মুর্হুমুহু টর্নেডো, সাইক্লোন ও নানা সামুদ্রিক ঝড়ের পরিমানও উল্লেখযোগ্য হারে বেড়েছে।

জলবায়ুর পরিবর্তনের ফলে স্বাস্থ্যঝুঁকি

বিশ্বস্বাস্থ্য সংস্থা বলেছিল জলবায়ু পরিবর্তনের ফলে ২০০০ সালে বিশ্বব্যাপী ২.৪ শতাংশ ডায়রিয়ার হার বৃদ্ধি পেয়েছে। গবেষনায় দেখা গেছে যে, ডায়রিয়ার জীবানু নীলাভ সবুজ শ্যাওলা আকড়ে পানিতে ভাসে, তাপমাত্রার সঙ্গে স্যাওলার বৃদ্ধির সম্পর্ক রয়েছে।

জলবায়ুর পরিবর্তনের ফলে মাতৃস্বাস্থের ঝুঁকি বাড়ছে

আন্তর্জাতিক এনজিও এ্যাকশন এইড বাংলাদেশ সহ পৃথিবীর বেশ কয়েকটি দেশ জলবায়ুর প্রভাব নিয়ে কাজ করছে। তাদের মতে প্রাকৃতিক দুর্যোগে নারীর দায়িত্ব বাড়ছে। একই সঙ্গে তার অসহায়ত্ব বাড়ে। পানীয় জলের উৎস নষ্ট হয়ে তাকে দুর থেকে পানি আনতে হয়। ফলে নারী বিশ্রাম কম পায়। এর প্রভাব পরে তার স্বাস্থের উপর।

জলবায়ুর পরিবর্তনের ফলে পরিবেশের উপর প্রভাব

জলবায়ুর পরিবর্তনের ফলে ব্যাপকভাবে গাছ-পালা ধবংশ হচ্ছে। হাওড়ে দু'ধরনের জলজ উদ্ভীদ থাকে, একটি শেকড়ধারী, অন্যটি ভাসমান। পানি কম হলে শেকড়ধারী উদ্ভিদের পরিমান বেড়ে যায়। একটি বেশি হলে অন্যটি ক্ষতিগ্রস্থ হয়। বনাঞ্চলের বড় বড় গাছপালা যেমন: হিজল, বরুন, জারুল, ইত্যাদি গাছ বৃষ্টির সঙ্গে সম্পর্কিত। এ রকম কিছু উদ্ভিদ আছে যেগুলোর ফল গাছে থাকতেই শেকড় ছেড়ে দিতে পারে। এগুলো পানির সঙ্গে ভেসে যায়। এবং পানি নেমে গেলে মাটিতে আটকে গিয়ে গাছ হয়। কিন্তু প্রয়োজনীয় পানি না পাওয়ায় গাছের নিচে এক এক জায়গায় ফল ঝড়ে পড়ে। তা তখন কোন কাজে আসে না। ফলে বনাঞ্চলে নতুন গাছ জন্ম নিচ্ছে না। পরিবেশ হচ্ছে বিপন্ন। বিশেষজ্ঞরা বলছেন-বনাঞ্চলে উজাড় হওয়ার বিরূপ প্রভাব শুধু এলাকার উপর পড়ে না দেশের সামগ্রিক ভারসাম্য নষ্ট হয়। বনাঞ্চলে থাকা প্রাণীরাও ক্ষতিগ্রস্থ হয়। বাংলাদেশ ইতিমধ্যে জনসংখ্যার ভারে জর্জরিত একটি দেশ। জলবায়ু স্বরনার্থীরা নতুন করে দেশে গৃহায়ন ও আবাসন সমস্যার সৃষ্টি করে এবং দেশের সীমাবদ্ধ সম্পদের ক্ষেত্রে প্রতিযোগীতা বৃদ্ধি করে এবং সৃষ্টি করে সংকট ও বিবাদ।

জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে মৎস্য সম্পদ

বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক অগ্রযাত্রায় মৎস্য উপখাতে গুরুত্ব অপরিসীম। আভ্যন্তরীন মৎস্য আহরনে বাংলাদেশ বিশ্বের তৃতীয় স্থান দখলকারী দেশ। মাছ চাষের ক্ষেত্রেও এদেশের অবস্থান পঞ্চম। বাংলাদেশ বছরে তিন হাজার কোটি টাকার মাছ রপ্তানী করে। আমাদের জাতীয় আয়ের ৩.৭% এবং রপ্তানী আয়ের ৪.৪% আসে মৎস্য খাত থেকে। বর্তমানে আমাদের মাথাপিছু মাছ গ্রহনের পরিমান ১৩.৫ কেজি। আমাদের খাদ্যে প্রাণীজ ও আমিষের ৬০% আসে মাছ থেকে। বর্তমানে জলবায়ূ পরিবর্তনের ফলে মৎস্য খাতের উপর নেতিবাচক প্রভাব পড়বে বলে সুস্পষ্ট ইঙ্গিত রয়েছে।

খাদ্য নিরাপত্তা

জলবায়ু পরিবর্তনের মুখে খাদ্য নিরাপত্তার দিকে লক্ষ্য রাখা গণবসতিপূর্ণ দেশ হিসাবে আমাদের প্রধান কর্তব্য। বর্তমান বিশ্বে ১০০ কোটিরও বেশি লোক চরম খাদ্য অনিরাপত্তা ও সীমাহীন অপুষ্টিতে ভুগছে। তাদের প্রায় ৯৫% উন্নয়নশীল দেশগুলোতে খাদ্য প্রাপ্তি ও অসম সুযোগ ও অধিকাংশই এর মূল কারণ।

অবকাঠামোর উপর প্রভাব

বাংলাদেশ ইনষ্টিটিউট অব ওয়াটার মডেলিং পরিচালিত সমীক্ষায় দেখা গেছে ২০৫০ সালের মধ্যে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা ২ মিটার বেড়ে যাবে। এতে বাংলাদেশের তিন কোটি মানুষ উদ্বাস্তুতে পরিণত হবে।

বাংলাদেশের সীমানা

জলবায়ু পরিবর্তনের ফলে বাংলাদেশের সীমানা পরিবর্তিত হচ্ছে। □মাগত নদী ভাঙ্গনের ফলে বাংলাদেশের বিশাল ভুখন্ড নদীতে বিলীন হয়ে যাচ্ছে। বাংলাদেশের অনেক গ্রাম শহর তলিয়ে যাচ্ছে, বিপন্ন হচ্ছে জনজীবন, ভিটে-মাটি হারা হচ্ছে মানুষ।

জলবায়ু পরিবর্তনের সমাধান

জলবায়ু পরিবর্তনের মত বিপর্যয়কারী সমস্যা সমাধানের জন্য ডেনমার্কের রাজধানী কোপেনহেগেনে জমা হয়েছে বিশ্বের ১৯২ টি দেশের সরকারী প্রতিনিধিরা। জলবায়ু সম্মেলন চলছে ৭-১৮ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত। দ্বীপ রাষ্ট্র, আফ্রিকা ও ল্যাটিন আমেরিকার দেশগুলো চায় তাপমাত্রার বৃদ্ধি ১.৫ ডিগ্রি সেলসিয়াসে রাখার লক্ষ্য ঠিক করা হোক। কিন্তু জি-৮ ও শিল্পোন্নত দেশগুলো এটাকে রাখতে চায় ২ ডিগ্রি সেলসিয়াসে। উন্নয়নশীল ও সম্ভাব্য ক্ষতির স্বীকার দেশগুলো চায় জলবায়ু পরিবর্তন রোধে আইনগত বাধ্যবাধকতা সহ বিশ্বের সব রাষ্ট্রের মধ্যে একটি চুক্তি ও রাজনৈতিক মতৈক্যে আসুক। জলবায়ু ক্ষতিগ্রস্থ চাইছে কেয়োটো প্রটোকলে স্বাক্ষর না করা চুক্তিতে যুক্তরাষ্ট্রও চুক্তিতে স্বাক্ষর করুক। সম্মেলন স্থল হচ্ছে কোপেনহেগেনের বেলা সেন্টার। যা গ্রীন টেকনোলজি দিয়ে বানানো। এখানে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা করা হয়েছে বায়ু বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র থেকে। রয়েছে রয়েছে সৌরবিদ্যুতের ব্যবস্থা। কোপেনহেগেনের মেয়র বলেছেন ২০৫০ সালে ডেনমার্কে কার্বন নিঃস্বরনের পরিমান শুন্যের কোটায় নামিয়ে আনা হবে। সারা দেশে সবুজ প্রযুক্তি ব্যবহার করা হবে। কোপেনহেগেন শহর বিবেচিত হবে মডেল শহর হিসেবে। বিজ্ঞানিরা বলেছে-একসঙ্গে বিশ্বের সব দেশে কার্বন নি:স্বরনের পরিমান শুন্যে নামিয়ে সম্ভব হবে না। হলেও তাতে জলবায়ুর পরিবর্তন বন্ধ হবে না। কারণ এর মধ্যে বিশ্বের জলবায়ুতে কার্বন ডাই অক্সাইড সহ বিষাক্ত গ্যাস ব্যাপক হারে ছড়িয়ে পড়েছে। তাতে গরীব দেশগুলোর যে ব্যাপক ক্ষতি হবে তার ক্ষতিপুরণ আদায় করে দরিদ্র দেশগুলোকে টিকে থাকতে সহায়তা দিতে একটি অভিযোজন তহবিল বা এডাফটেশন ফান্ড তৈরি করতে হবে। ইউরোপিয়ান ইউনিয়ন জলবায়ু পরিবর্তনের সঙ্গে মানিয়ে চলার ব্যয় হিসাবে বাংলাদেশের মত উন্নয়নশীল দেশগুলোর জন্য বছরে ৭.২ বিলিয়ন ইউরোর একটি তহবিল গঠন করেছে। এ সম্মেলনে বাংলাদেশের কথা বলেছে স্বল্পোন্নত দেশগুলোর একটিও জি-৭৭ এর সদস্য হিসাবে।

আমাদের জরুরী করণীয়

ধনী দেশের অসম উন্নয়ন ও ভোগের ফলে জলবায়ু পরিবর্তন হচ্ছে। যা পৃথিবী ব্যাপী বৈষম্য সৃষ্টি করছে। বিপদাপন্ন জনগোষ্ঠীর উপর জলবায়ু পবিরর্তনের অভিঘাতও অসমভাবে পরিলক্ষিত হচ্ছে। উন্নয়নশীল দেশগুলোর দরিদ্র জনগোষ্ঠীই এ ক্ষেত্রে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হচ্ছে। তাই মানবাধিকার ও নিরাপত্তা সংশ্লিষ্ট ইস্যুগুলি জরুরী ভিত্তিতে মোকাবেলার জন্য নিম্মোক্ত কর্মসূচী গ্রহণ করা প্রয়োজন।

১। বিপদাপন্ন জনগোষ্ঠীকে খাদ্য, আশ্রয় নিরাপদ পানি স্বাস্থ্য সেবা সহযোগীতা প্রদান করা।

২। বাস্তুচ্যুত জনগোষ্ঠীর জন্য পরিকল্পিত অভিবাসনের ব্যবস্থা করা।

৩। জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট স্বরনার্থীদের প্রধান প্রধান কারণ নির্গমনকারী দেশগুলোয় বসবাস করার অধিকার দেওয়া এবং তাদের অভিবাসীদের দায়িত্ব নেওয়া।

৪। বিশেষ করে ক্ষুদ্র ও দ্বীপ রাষ্ট্রগুলো নিম্ন প্লাবন ভূমির দেশগুলো ও উপকূলীয় সব এলাকা এ ক্ষেত্রে আর্ন্তজাতিক সম্প্রদায়ের কাছ থেকে বিশেষ মনোযোগ সহযোগীতা প্রাপ্তির দাবী রাখে।

৫। উন্নয়নশীল দেশগুলোকে অবশ্যই যথাযথ কৌশল ও পরিকল্পনা প্রণয়ন করা যাতে □মবর্ধমান জলবায়ূ ও শরনার্থীদের অধিকারগুলো রক্ষা ও বাস্তবায়ন করা যায়।

৬। নিকট ভবিষ্যতে অতি দ্রুত জলবায়ূ পরিবর্তনজনিত কারনে স্থানান্তরিত জলবায়ু শরনার্থীদের মৌলিক অধিকারগুলো রক্ষায় একটি আলাদা প্রটোকল তৈরি করা।

৭। বিপদাপন্ন জনগোষ্ঠীর সংখ্যা কমিয়া আনা এবং তাদের মৌলিক অধিকারগুলো রক্ষার স্বার্থে জলবায়ুর পরিবর্তন বন্ধ করা। পরিবর্তিত পরিস্থিতিতে অভিযোজন অর্থায়ন ও প্রযুক্তির হস্তান্তরের জন্য কার্যকর কর্মসূচী গ্রহণ করা।

উপসংহার

তাই একজন মানুষকে কেবল একটি নির্দিষ্ট ভু-খন্ডের অংশীদার হিসাবে বিবেচনাধীন হয়তো সত্যি ফুরিয়েছে। ব্যক্তি মানুষও বিশ্বের একজন এবং প্রতিটি মানুষকেই মানবতার ভবিষ্যতের স্বার্থে একযোগে ভাবতে হবে। মা পৃথিবীকে কিভাবে বাঁচানো যায়। সবচেয়ে আগে সত্য “বাংলাদেশ বাঁচলে বিশ্ব বাঁচবে”।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

Sixth Five Year Plan (2011-2015): Framework, Targets, Strategies, Financing and Challenges

Qazi Kholiquzzaman Ahmad*

Talking Points

❖ WELCOME THE RETURN TO MEDIUM TERM PLANNING—SIXTH FIVE YEAR PLAN - i**ndicative planning**

❖ BANGLADESH HAS REGISTERED SIGNIFICANT ACHIEVEMENTS IN VARIOUS RESPECTS UP TO NOW. LET US REMIND OURSELVES ABOUT SOME OF THE MAJOR ONES

- **Certain Key Achievements**
  - ☞ **Average GDP growth rate**

1973-1995	:	around 4%
Fifth FYP 1997-2002	:	5.1%
FY02-FY06	:	5.5%
FY06-FY10	:	6.3%

Focus on
agriculture (production up from to million tonnes in 1973 to 92 million toones in 2020)

RMG exports
remittances

---

* Chairman, Dhaka School of Economic.

Presentation was made by the author in the seminar on "***Sixth Five year Plan (2011-2015)",*** Organised by BEA on 21-22 October, 2011 at the auditorium of Institute of Engineers, Bangladesh, Dhaka.

- **Poverty**

  <u>Headcount Poverty Rate</u>

FY1992	: 58.8%
FY2000	: 48.9%
FY2005	: 40.0%
FY2010	: 31.5%

  Number of people poor?

- **Education**

  <u>Enrolment</u>

Primary 1991: 61%	2006: 91%
Secondary 1991: 28%	2006: 41%

  <u>Gender parity</u>

  Achieved at both primary and secondary levels. BUT at tertiary Level, female share is 34% only

- **Health**

  TFR: down from 7 live births per woman in 1970s to 2.7 in 2007
  Life expectancy: up from 46 years 1974 to 67 years 2007

	1990-95	2005-2010
Under 5 mortality rate	146	54
Infant mortality rate	92	41
Maternal mortality rate	574	194

Access to safe drinking water		
Urban	98.8%	99.9%
Rural	93.1%	79.0%
	(ARSENIC contamination)	

❖ LET US NOW CONSIDER FUTURE TARGETS AND PROSPECTS

- **Sixth Plan Targets**

  Targets in respect of many variables have been specified in the Plan. Let us consider the following overall two:
  - GDP growth
  - Poverty reduction: target by 2014-15: 22.5%
  - **Vision 2021**
  - Prosperous, democratic, non-communal, equitable and digital Bangladesh by 2021
- **Challenges**

  The challenges discussed below have been recognized in the Plan and strategies outlined to address them

- ☞ Population growth
- ☞ Disparity

  Worsening income distribution

  GINI

  National: 2000—0.451, 2005—0.467, 2010—slightly low 0.452

  Rural: 2000—0.393, 2005—0.428
- ☞ Regional disparity

  Barisal, Khulna and Rajshahi—higher poverty. But, there are certain upazilas and unions which are particularly lagging behind in these and other divisions
- ☞ Unemployment/underemployment

  low income/low productivity
- ☞ Quality of education—National Education Policy 2010
- ☞ Primary healthcare

  The poor, women
- ☞ Poverty & food insecurity
  - ✔ Number of poor people
  - ✔ Hunger
  - ✔ Human dignity
- ☞ Accelerating economic growth
  - ✔ Investment acceleration

    S-I gap: national savings: 29% & national investment: 25% of GDP; FDI: foreign grants and loans
  - ✔ Resource mobilization
  - \- The Plan proposes that most of the resources required will come from domestic public and private savings including remittances. This is a challenging prospect
  - \- Domestic and foreign borrowing
  - \- Inflation
  - ✔ Low productivity

    Particularly in all informal sectors including agriculture
- ☞ Infrastructural issues
  - ✔ Gas
  - ✔ Electricity
  - ✔ Port facilities
  - ✔ Marketing and transport facilities
  - ✔ Telecommunication
- ☞ Governance
  - ✔ Local governance
  - ✔ Corruption
  - ✔ Inefficiencies and wastages

- ☞ Managing externally originated risks
  e.g., oil price rise, global recession
- ☞ Climate Change: A huge threat to the country's future socio-economic prospects

❖ AS INDICATED EARLIER, IN SETTING STRATEGIES THE SIXTH FIVE YEAR PLAN HAS TAKEN THE ABOVE MENTIONED CHALLENGES INTO CONSIDERATION. IN FACT, STRATEGIES HAVE BEEN OUTLINED SEEKING TO ADDRESS ALL THESE CHALLENGES

❖ WHAT SEEMS TO BE MISSING IS AN OVERALL FRAMEWORK TO GLUE THE VARIOUS STRATEGIES TOGETHER FOR GENERATING A SUSTAINED PEOPLE-CENTRIC PROCESS OF DEVELOPMENT TOWARDS ACHIEVING VISION 2021.

THE ELEMENTS OF A PROPOSED OVERALL FRAMEWORK MAY BE:

- ☞ Freedom from all kinds of unfreedoms
- ☞ Empowerment of people: education, training, health
- ☞ Reorientation of the socio-economic policy regime—paradigm shift*
- ☞ Inclusiveness
- ☞ Good governance—all levels of society

* A little elaboration: The kind of market economy being pursued won't produce the results for realizing the people-centred Vision 2021. The paradigm shift must be based on the primacy of peoples agency and needs.

Should the implications of reintroduction of socialism in the Constitution find expression in the planning and development process? They don't in the present planning exercises.

In this context, one may take note of: Wall Street and global protests against, greed & corporate exploitation and reduction of public expenditure for the disadvantaged.

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা : জেন্ডার ইস্যু পর্যালোচনা

হান্নানা বেগম*

সারকথা

বাংলাদেশের দীর্ঘকালীন সমস্যা উত্তরণের লক্ষ্যে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় উন্নয়নের গতিধারা পর্যবেক্ষণের জন্য যে উল্লেখযোগ্য সংখ্যক টার্গেট নির্ধারণ করা হয়েছে তন্মধ্যে জেন্ডার সমতা এবং ক্ষমতায়ন অন্যতম। এই পরিকল্পনার বিশেষ ইতিবাচক দিক হলো দলিলের প্রায় সর্বত্রই এখানে নারীকে খুঁজে পাওয়া যায়। পরিকল্পনা মতে নারী উন্নয়নে বর্তমানের চ্যালেঞ্জ হলো নারী প্রধান পরিবারের নিম্নমানের আয় তাদের জন্য বড় সমস্যা যদিও নারীদের অর্থনৈতিক অংশগ্রহণ চলছে তবে তাদের আয় কম দেশে নারী নির্যাতন, নারী পাচার কঠোর রূপ ধারণ করেছে। বাল্য বিবাহের জন্য নারীদের উপর চাপ প্রয়োগ করা হচ্ছে। প্রাকৃতিক বিপর্যয়ের সময় নারী অধিকতর ক্ষতিগ্রস্ত হচ্ছে। সবচেয়ে বড় সমস্যা হলো, প্রচলিত আইনের যথার্থ প্রয়োগ হয়না।

পরিকল্পনা অনুসারে জেন্ডার ইস্যু বাস্তবায়নের গুরুত্বপূর্ণ কৌশলসমূহ হলো, সংবিধানকে ভিত্তি করে সরকার আন্তর্জাতিক ফোরাম- যেমন সিডও, বেইজিং প্ল্যাটফরম ফর অ্যাকশনে নারীর জন্য যেসব প্রতিশ্রুতি দেওয়া হয়েছ তা বাস্তবায়ন করা হবে।

পূর্বকথা

বাংলাদেশ সরকার দেশের অর্থনৈতিক উন্নয়নের স্বপ্নের সিড়িতে উত্তরণের জন্য একটি মেয়াদকাল ধরে নিয়েছে। আর তা হলো বিজয়ের সুবর্ণ জয়ন্তী। আশাবাদ ব্যক্ত করা হয়েছে, এই সময়কালে দেশ স্বল্প আয়ের দেশ থেকে মধ্যম আয়ের দেশে পরিণত হবে। দেশের মাথাপিছু আয় বেড়ে চলবে। সার্বিক উন্নয়ন ঘটবে দেশের। দেশ হবে মুক্তবাজার অর্থনীতির দেশ। তবে একইসাথে সেবার সুযোগ নিশ্চিত করতে মুক্তবাজার অর্থনীতিতে সরকারের নিয়ন্ত্রণ থাকবে। ভিশন একুশ অর্জন করতে দুটি পঞ্চবার্ষিক পরিকল্পনার সময় প্রয়োজন হবে। ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা। এ লক্ষ্যে দেশের অর্জন আর বিফলতার মূল্যায়নের আলোকে সম্প্রতি গৃহীত হয়েছে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১১-২০১৫)। পরিকল্পনায় বাংলাদেশের অর্থনৈতিক অর্জনকে এভাবে উপস্থাপন করা হয়েছে - • গত চল্লিশ বছরে বাংলাদেশের মাথাপিছু আয় বেড়েছে ১৩০ গুণ। • দেশটি

---

* প্রবন্ধকার পরিচিতি: বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক ও বাংলাদেশ অর্থনীতি সমিতির সহ-সভাপতি, সাবেক অধ্যক্ষ, ইডেন গালর্স কলেজ ঢাকা।

The paper was presented at a regional seminar on ***"Sixth Five Year Plan (FY2011-FY2015)"*** organised by Bangladesh Economic Association on March 10, 2012 at Rajshahi University, Rajshahi.

সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যের প্রায় সব লক্ষ্যই অর্জন করতে শুরু করেছে। • প্রত্যাশিত গড় আয়ু ৪৬.২ বছর থেকে বেড়ে ৬৬.৬ বছর হয়েছে। • ১৯৭১ সালের ৪ শতাংশ প্রবৃদ্ধি ২০০০ সালে ৬% হয়েছে। • শিক্ষায় প্রাথমিক ও মাধ্যমিক স্তরে পিছিয়ে থাকা কন্যাশিশুগণ ছেলে শিশুদের পড়া-লেখায় সম পর্যায়ে পৌঁছেছে। • ১৯৭০ সালে খাদ্য উৎপাদন ছিল ১০ মিলিয়ন টন। এখন ২০১১ সালে এটি হয়েছে ৩২ মিলিয়ন টন। • বাংলাদেশ এখন (২০১১) প্রায় খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হওয়ার দোরগোড়ায়। • দেশের মানুষ নিজেরা প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার ক্ষমতা রাখে।

এতোসব অগ্রগতির পরও পরিকল্পনা দলিল বলছে - • বাংলাদেশ এখনও একটি স্বল্প আয়ের দেশ। দারিদ্র, অসমতা ও বঞ্চনার দেশ। প্রায় ৪৭ মিলিয়ন জনগণ দারিদ্র সীমার নিচে বসবাস করছে। এদের মধ্যে বড় রকম আনুপাতিক হারে নারী প্রধান পরিবার রয়েছে। • শ্রমশক্তির অধিকাংশ ইনফরমাল খাতে কম আয়ের, কম উৎপাদনের কাজ করছে। মাধ্যমিক এবং উচ্চশিক্ষার হার সীমাবদ্ধ এবং শিক্ষার মান নিম্নস্তরের। দরিদ্র জনগণ শিক্ষা, স্বাস্থ্য, পানি, পয় নিষ্কাশন অসুবিধায় ভুগছে। • এসব জনগণের সাথে শিশু এবং নারী জলবায়ু পরিবর্তন জনিত সমস্যায় দিনানিপাত করছে। এদের জন্য নিরাপত্তা বেষ্টনীর ব্যবস্থা নেওয়া হয়েছে তবে তা যথেষ্ঠ নয়।

এধরণের দীর্ঘকালীন সমস্যা উত্তরণের লক্ষ্যে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় উন্নয়নের গতিধারা পর্যবেক্ষণের জন্য পরিকল্পনায় উল্লেখযোগ্য সংখ্যক টার্গেট নির্ধারণ করা হয়েছে। এগুলো ভিশন ২০২১ এবং মিলেনিয়াম ডেভেলপমেন্টের লক্ষ্য অর্জনের জন্যও কার্যকরী হবে। ৭টি বড় বিভাজনে বিভক্ত এইসব টার্গেটসমূহ হলো- (ক) আয় এবং দারিদ্র (খ) মানব সম্পদ উন্নয়ন (গ) পানি এবং পয় নিষ্কাশন (ঘ) এনার্জি এবং অবকাঠামো (ঙ) তথ্য এবং যোগাযোগ টেকনোলজি (চ) জলবায়ু (ছ) জেন্ডার সমতা এবং ক্ষমতায়ন। প্রবন্ধের আলোচনার বিষয় উপরোক্ত ৭টি কর্মযজ্ঞের অন্যতম **জেন্ডার সমতা এবং ক্ষমতায়ন**।

১. ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় জেন্ডার ইস্যু

তিন খন্ডে উপস্থাপিত এই দলিলের প্রথম খন্ডে রয়েছে সামষ্টিক অর্থনীতির আলোচনা। দ্বিতীয় খন্ড ধারণ করেছে খাত ভিত্তিক উপস্থাপনা। তৃতীয় খন্ডে রয়েছে পরিসংখ্যানগত বর্ণনা ও টেকনিক্যাল ফ্রেমওয়ার্ক। প্রবন্ধের জেন্ডার ইস্যু বিষয়ক আলোচনা উপরোক্ত দুই খন্ডে সীমাবদ্ধ থাকবে।

এই পরিকল্পনা দলিলের বিশেষ ইতিবাচক দিক- দলিলের প্রায় সর্বত্রই নারীকে খুঁজে পাওয়া যায়। নারী আবদ্ধ নয় অল্প কয়েক পাতায়। অতএব জেন্ডার সমতার ইস্যু আলোচনা করতে হলে কমবেশী পরিকল্পনার সব পাতা উল্টাতে হবে। জানা যাবে, পরিকল্পনাবিদগণ জেন্ডার সমতাকে কোন, লক্ষ্যে এগিয়ে নিয়ে যেতে চান।

কি আছে পরিকল্পনা দলিলে? অত্যন্ত সংক্ষেপে বলতে গেলে বলা যায়- সামষ্টিক পরিকল্পনায় (প্রথম খন্ডে) প্রথম অধ্যায়ে তুলে আনা হয়েছে সহস্রাব্দের লক্ষ্যমাত্রায় বাংলাদেশের নারীর পরিসংখ্যানগত অবস্থান। বলা হয়েছে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার উন্নয়ন কৌশল হলো- জেন্ডার সমতা যা ২০১১ এর নারী নীতির বাস্তবায়নের মাধ্যমে সম্ভব। দ্বিতীয় অধ্যায়ের কর্মসংস্থানে (Employment) রয়েছে ১৯৭৪ থেকে ২০০৬ পর্যন্ত নারীর □ম অগ্রসরমান বিষয়ক পরিসংখ্যান চিত্র। পঞ্চম অধ্যায়- শিক্ষা ও স্বাস্থ্য। রয়েছে এক্ষেত্রের ভবিষ্যতের কর্মকৌশল- বিষয় মাতৃস্বাস্থ্য, সদ্যজাত শিশু, রিপ্রোডাকটিভ হেলথ। সার্বিকভাবে শিক্ষা ও স্বাস্থ্যে জেন্ডার সমতা অর্জন। ষষ্ঠ অধ্যায়ের শিরোনাম Poverty Inclusion and Social Protection. এখানে রয়েছে জেন্ডার সমতা অর্জন বিষয়ক নীতি, নীতির লক্ষ্য, বাস্তবায়ন কৌশল, বর্তমান চ্যালেঞ্জ, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ক পথনির্দেশনা।

খাতভিত্তিক পরিকল্পনায় (দ্বিতীয় খন্ড) জেন্ডার বিষয়ক আলোচনা পূর্ণতা পেয়েছে ৯ম অধ্যায়ে। জেন্ডার সমতাকে দারিদ্র নিরসনের কৌশল হিসেবে চিহ্নিত করা হয়েছে। পরিকল্পনার দুর্লভ দলিলগুলো যাদের হাতের কাছে নেই তাদের অনুধাবনের জন্য জেন্ডার সমতার এই অংশের উপস্থাপনার কিছু অংশ তুলে ধরা হলো (ইংরেজী অংশ)।

Chapter 9: Reaching Out The Poor And The Vulnerable Population

Strategies For Poverty Alleviation In Sfyp

Ensuring Social Protection For The Under-Privileged Population

Ensuring gender parity: Despite solid progress in improving gender balance in education and steps towards empowering them in areas of employment and political space, the gender gap between men and women remains large in Bangladesh. The women and girl child in the poor households tend to be worse off compared to male members, labor force participation of female still remains low, and wage differential between male and female still remains substantial. The National Policy for Women's Advancement 2011 provides for the elimination of all forms of discrimination against women, equal rights of inheritance to property and equal partnership in development.

Participation, Social Inclusion And Empowerment

Women's Advancement and Rights

Women frequently experience poverty differently, have different poverty reduction priorities and are affected differently by development interventions. In addressing gender based discrimination, the SFYP will follow a two-pronged approach. Firstly, gender will be integrated into all sectoral interventions. Secondly, attention will be given to remove all policy and social biases against women with a view to ensuring gender equality as enshrined in the National Constitution.

জেন্ডার সমতার লক্ষ্যে পরিকল্পনায় প্রস্তাবিত নীতির লক্ষ্য ও উদ্দেশ্য:

• নারীর অধিকার রক্ষা করা • নারীর চিরায়ত দারিদ্র দূর করা • নারীর প্রতি বৈষম্য দূর করা • অর্থনীতির মূল স্রোতধারায় নারীকে নিয়োগ দেওয়া • শিক্ষা ও বাজারযোগ্য শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়া • খাত ভিত্তিক পরিকল্পনায় নারীকে অংশীদারী করা • নারীর কর্মক্ষেত্রে সহায়ক সেবা দেওয়া • সিদ্ধান্ত গ্রহণ ও রাজনীতিতে নারীর অংশীদারীত্ব বাড়ানো • নারীর সামাজিক ও অর্থনৈতিক কাজের স্বীকৃতি দেওয়া • নারীর সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা • নারীর স্বাস্থ্য ও পুষ্টি নিশ্চিত করা • জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নারীকে নিয়োগ দেয়া • নারীর জন্য প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক কাঠামো উন্নয়ন করা ব নারীর জন্য অ্যাডভোকেসি করা • রপ্তানিযোগ্য দ্রব্যের উৎপাদনকারী নারীদের প্রশিক্ষণ দেওয়া • স্থানীয় ভিত্তিতে নারীদের প্রতি জেন্ডার সংবেদনশীল হওয়া • পরিবেশ

জনিত বিপর্যয় থেকে নারীদের রক্ষা করা।

পরিকল্পনা মতে নারী উন্নয়নে বর্তমানের চ্যালেঞ্জ

- নারী প্রধান পরিবারের নিম্ন মানের আয় তাদের জন্য বড় সমস্যা • যদিও নারীদের অর্থনৈতিক অংশগ্রহণ হয়েছে তবে তাদের আয় কম • দেশে নারী নির্যাতন, নারী পাচার কঠোর রূপ ধারণ করেছে •বাল্য বিবাহের জন্য নারীদের উপর চাপ প্রয়োগ করা হচ্ছে • প্রাকৃতিক বিপর্যয়ের সময় নারী অধিকতর ক্ষতিগ্রস্ত হয় • সবচেয়ে বড় সমস্যা হলো প্রচলিত আইনের যথার্থ প্রয়োগ হয় না। এক্ষেত্রে নীতি নির্ধারকদের জেন্ডার সচেতন হতে হবে।

পরিকল্পনা অনুসারে জেন্ডার ইস্যু বাস্তবায়ন কৌশল

নীতি, আইনগত ও কাঠামোগত কৌশল

- সংবিধানকে ভিত্তি করে সরকার আন্তর্জাতিক ফোরাম- যেমন সিডও, বেইজিং প্ল্যাটফরম ফর অ্যাকশনে নারীর জন্য যেসব প্রতিশ্রুতি দিয়েছে তা বাস্তবায়ন করা হবে।

- **কর্মসংস্থান কৌশল**

    - ফরমাল এবং ইনফরমাল সেক্টরে সম পরিমাণ কাজের জন্য সবাইকে সম পরিমাণ মজুরি দেওয়া হবে। শিশুদের জন্য দিবা যত্ন কেন্দ্রের ব্যবস্থা নেওয়া হবে। কর্মরত নারীদের অসুস্থতার ইনসুরেন্স থাকবে। এইসব ক্ষেত্রে চাকরির নিরাপত্তা থাকবে।

- **জেন্ডার সংবেদনশীল পরিবেশ সৃষ্টি করা**

    - কন্যা শিশু এবং পুত্র শিশুকে একই নজরে দেখার জন্য অ্যাডভোকেসি করা হবে এবং পারিবারিক কাজে সম অংশগ্রহনের পরিবেশ তৈরী করা হবে। নিরাপদ কর্মস্থল, যাতায়াত সুবিধা এবং অবকাঠামোগত সুবিধা যেমন টয়লেট, খাবার রুম, খাবার সময় ইত্যাদির ব্যবস্থা রাখা হবে।

- **শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে নারী পুরুষের সুবিধাগত বৈষম্য দূর করা**

    - নারী পুরুষের স্বাস্থ্য ও শিক্ষা সম্পর্কিত সুবিধাগত পার্থক্য দূর করার জন্য সর্বপ্রকার ব্যবস্থা নেওয়া হবে। এক্ষেত্রে খাত ভিত্তিক পরিকল্পনা গ্রহণ করা হবে।

- **সামাজিক নিরাপত্তা কর্মসূচীতে মেয়েদের অগ্রাধিকার দেওয়া হবে**

    - দুর্দশাগ্রস্ত নারীদের জন্য চলমান কর্মসূচী অব্যাহত থাকবে। প্রাকৃতিক দুর্যোগ জনিত কারণে অর্থনৈতিক ভাবে বিপর্যস্ত নারীদের জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হবে। জলবায়ু পরিবর্তনের কারণে নারী যেভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে তা নিরসনের জন্য ব্যবস্থা নেওয়া হবে। ক্ষুদ্র ঋণ দাতাদের এক্ষেত্রে ঋণ দেওয়ার জন্য উৎসাহিত করা হবে।

- **রাজনৈতিক ক্ষমতায়ন ও অংশগ্রহণ**

    - এক্ষেত্রে নারী যাতে জাতীয় সংসদে সংরক্ষিত আসনে সরাসরি নির্বাচিত হতে পারে তার পরিবেশ

সৃষ্টি করা হবে। উদ্দেশ্য হচ্ছে সর্বস্তরের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা।

- **নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ**
  - এসবের প্রতিবিধানে বিভাগীয় পর্যায়ে মেডিকেল কলেজ হাসপাতালে প্রথমত ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার স্থাপন করা হবে। এখানে নারীর শারীরিক চিকিৎসা এবং মানসিক কাউন্সিলিং দেওয়া হবে। এছাড়া পুলিশ, প্রশাসন এবং বিচার বিভাগের কর্মকর্তাদের জেন্ডার সচেতনতা বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়া হবে।
- **মূল ধারা জেন্ডার**
  - যেসব নিয়ম, আইন, ধারা জেন্ডার সংবেদনশীল নয়, সেক্ষেত্রে এসবের সংস্কার করা হবে। প্রাতিষ্ঠানিকভাবে জেন্ডার সমতার ইস্যুসমূহ বাস্তবায়নের জন্য সমন্বয় এবং মনিটরিং করা হবে।
- **প্রাতিষ্ঠানিক শক্তি**
  - এক্ষেত্রে ন্যাশনাল কাউন্সিল ফর ওমেন ডেভেলপমেন্ট এবং এ ধরণের যেসব তত্ত্বাবধায়ক কমিটি আছে তা কার্যকর করা হবে। ওমেন ইন ডেভেলপমেন্ট (উইড) ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবে।
- **জেন্ডার ইস্যুকে পরিকল্পনা ও বাজেট প্রক্রিয়ার অন্তর্ভুক্ত করা হবে।**
  - বাজেট এবং পরিকল্পনা গ্রহণের জন্য সরকারী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা করা হবে।
- **অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণে নারীর ক্ষমতা বৃদ্ধি করা হবে।**
  - নারী যাতে উৎপাদন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে, উদ্যোক্তার ভূমিকা নিতে পারে, ট্রেড ইউনিয়ন করতে পারে এবং বাণিজ্য মন্ত্রণালয়ের বাণিজ্য চুক্তিতে অংশগ্রহণ করতে পারে তার জন্য তাদের উৎসাহিত করা হবে এবং সার্বিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- **নৃ-গোষ্ঠী নারীদের উন্নয়ন ঘটানো হবে**
  - বিশেষ কর্মসূচী নেওয়া হবে দরিদ্র নারীদের জন্য, বয়স্ক নারীদের জন্য এবং ক্ষতিগ্রস্থ নারীদের জন্য। এক্ষেত্রে তাদের স্বাস্থ্য, শিক্ষা এবং সেবা প্রদানের পদ্ধতি উন্নয়নের ব্যবস্থা নেওয়া হবে।
- **নারীর প্রতি সামাজিক দৃষ্টিভঙ্গি উন্নত করা**
- এক্ষেত্রে গণমাধ্যম কর্মীদের জেন্ডার সংবেদনশীল করে গড়ে তোলা হবে।
- **অক্ষম/অসুস্থ নারীদের পক্ষে জেন্ডার সচেতনতা বৃদ্ধি করা**

২. গৃহীত পরিকল্পনায় জেন্ডার ইস্যু বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন

ইতোমধ্যে পরিকল্পনা বাস্তবায়নে সরকারের গৃহীত উদ্যোগ

- ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা দলিলের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর

নেতৃত্বে ইতোমধ্যে একটি জাতীয় স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে। কমিটির সভাপতি মাননীয় পরিকল্পনা মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়। সদস্য সচিব- সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন এর প্রধান। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবগণ কমিটির সদস্য।

- কমিটির কর্মপরিধিতে বলা হয়েছে- জাতীয় স্টিয়ারিং কমিটি ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন কল্পে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগে সংশ্লিষ্ট সচিবের সভাপতিত্বে গঠিতব্য ওয়ার্কিং গ্রুপ গঠনের রূপরেখা প্রদান এবং কর্মপরিধি নির্ধারণ করবে।

- নির্দেশনা অনুসারে ওয়ার্কিং কমিটির গঠন এরূপ

১. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব- সভাপতি
২. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অতিরিক্ত সচিব/বিভাগীয় প্রধান/যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান-সদস্য
৩. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সংস্থাসমূহের প্রধানগণ- সদস্য
৪. পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-ডিভিশনের প্রতিনিধি- সদস্য
৫. পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের প্রতিনিধি- সদস্য
৬. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের উপ-প্রধান/সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান-সদস্য সচিব।

সরকারের উদ্যোগকে আরও সমৃদ্ধ করার জন্য কয়েকটি সুপারিশ

ওয়ার্কিং কমিটিতে জেন্ডার রেসপনসিভ প্রতিনিধি নেওয়া

কমিটি গঠনের ক্ষেত্রে সুপারিশ হলো- কমিটিতে পিছিয়ে পরা নারীদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কোন জেন্ডার রেসপনসিভ প্রতিনিধিত্ব এখানে নেই। এক্ষেত্রে এই সংশ্লিষ্ট ৩ জন পূর্ব অভিজ্ঞ সদস্যকে যুক্ত করার জন্য আমি প্রস্তাব দিতে চাই। এরা হলেন- • সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উইড ফোকাল পয়েন্ট, • একজন জেন্ডার সচেতন প্রতিনিধি, যিনি বেসরকারীভাবে জেন্ডার সংবেদনশীল উন্নয়নের সাথে ঐ সেক্টরে দীর্ঘদিন যুক্ত আছেন, • এবং উক্ত মন্ত্রণালয় এর জেন্ডার রেসপনসিভ বাজেট প্রণয়নকারী।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নেতৃত্বে মনিটরিং কমিটি গঠন

কার্যপত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের জেন্ডার বিষয়ক কর্মপরিকল্পনা সার্বিকভাবে মনিটরিং করার জন্য কোন কমিটির প্রস্তাব করা হয়নি। এক্ষেত্রে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর ওমেন ডেভেলপমেন্ট ইমপ্লিমেনটেশন অ্যান্ড ইভালুয়েশন কমিটিকে মনিটরিং এর দায়িত্ব দেওয়া যায়। এই কমিটির জবাবদিহিতা রয়েছে ন্যাশনাল কাউন্সিল ফর ওমেন অ্যান্ড চিলড্রেন (এন সি ডব্লিউ সি ডি) এর নিকট। যার প্রধান মাননীয় প্রধানমন্ত্রী। মহিলা মন্ত্রণালয়-এর উক্ত কমিটির দায়বদ্ধতা রয়েছে পার্লামেন্টারি স্ট্যান্ডিং কমিটি অন ওমেন অ্যান্ড চিলড্রেন অ্যাফেয়ার্স এর নিকট। এখানে পারস্পরিক সম্পর্ক রয়েছে উইড ফোকাল পয়েন্ট/নেটওয়ার্ক কমিটি/উইড এসোসিয়েট ফোকাল পয়েন্টদের সাথে। এদের সাথে যুক্ত থাকবেন ফোকাল পয়েন্ট লাইন মিনিস্ট্রি, উইড ফোকাল পয়েন্ট সার্ভিসিং মিনিস্ট্রি। অতএব বহুল সম্পর্কিত এই কমিটির পূনর্জাগরণ ঘটালে এবং সার্বিকভাবে উপরি কাঠামো থেকে জবাবদিহিতার সংস্কৃতি সৃষ্টি করলে আমরা জেন্ডার সমতা অর্জনে দ্রুত এগিয়ে যেতে পারব। এ জায়গায় আমাদের মনোযোগ দেওয়া প্রয়োজন।

পরিবীক্ষণ

নীতিগতভাবে আমরা একমত হব যে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার কর্মসূচী হবে পরিমাপ যোগ্য । যার জবাব দিহিতা হবে স্বচ্ছ । জি ই ডি ইতোমধ্যে যে ৩৫টি ইন্ডিকেটর দিয়েছে তার মধ্যে সরাসরি জেন্ডার রেসপনসিভ ইন্ডিকেটর রয়েছে একটি । আর অপ্রত্যক্ষভাবে রয়েছে দুইটি । এই দুটি হলো এডুকেশন এবং হেলথ । যদিওবা প্রতিটি ইন্ডিকেটর বিশ্লেষণ করলে কিছুটা জেন্ডার রেসপনসিভনেস পাওয়া যাবে তারপরও বলতে হয় জেন্ডার রেসপনসিভ ইন্ডিকেটরের সংখ্যা এখানে কম । নারীর অর্থনৈতিক অগ্রগতির উপর বাংলাদেশের মধ্যম আয়ের দেশ হওয়া



অনেকাংশে নির্ভর করে । ৩৫টি ইন্ডিকেটরের মধ্যে তুলনামূলকভাবে জেন্ডার সেনসিটিভ ইন্ডিকেটরের সংখ্যা খুব কম মনে হচ্ছে । আমরা কেন প্রতিটি গোল-এর বিপরীতে অথবা প্রতিটি মন্ত্রণালয় এর জন্য একটি ইন্ডিকেটর নির্ধারণ করিনা? নারী নির্যাতন একটি ভয়ংকর সমস্যা । এই সমস্যা দূর করাকে আউট কাম ধরে কেন আগামী ৫ বছরের জন্য ইন্ডিকেটর সেট করিনা, ওমেনস পলিটিক্যাল এমপাওয়ারমেন্ট এনহেনস্ড । এটিকে আউটকাম ধরে কেন আমরা ইন্ডিকেটর সেট করিনা?

প্রচার, প্রশিক্ষণ, জবাবদিহিতা ও কর্মমূল্যায়ন

- ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার জেন্ডার সমতা বিষয়ক কর্মসূচী যথাযথ বাস্তবায়নের মূল শর্ত হলো যারা এই পরিকল্পনার কেন্দ্রবিন্দুতে রয়েছেন, কর্মসূচী পরিচালনা করছেন তারা আদতে জেন্ডার সমতায় বিশ্বাস করেন কিনা? এটি একটি মৌলিক প্রশ্ন । এসব কর্মকর্তাদের অংশগ্রহণমূলক পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয়তা রয়েছে ।

- সরকারী কর্মকর্তাদের বাৎসরিক গোপনীয় প্রতিবেদনে কোন একটি কলামে চলতি বছরে তিনি জেন্ডার সংবেদনশীল কি কাজ করেছেন তা জানতে চাওয়া যায় । এতে একইসাথে একজন নাগরিক হিসেবে

জেন্ডার সংবেদনশীলতা সম্পর্কে তার ধারণা হবে।

- গৃহীত জেন্ডার সংবেদনশীল কার্যক্রমে গণমাধ্যমে নিয়মিত প্রচার প্রয়োজন। এই প্রচার জনগণের মধ্যে কর্মসূচী সম্পর্কে আগ্রহ ও সচেতনতা বাড়াবে। এছাড়া এধরণের প্রচার জনগণের কাছে প্রশাসনের একধরণের জবাবদিহিতা তৈরী হবে।

Monitoring and Evaluation Framework for the Sixth Five Year Plan (Annex Table 9.1)

DRF		Ouncomes	Indicators	Baseline	Target 2011	Target 2015	Source	#
Human Resource Development	Education	Quality Education for all to reduce poverty and increase economic growth	Grade V completion rate by Gender.	Total: 60.2% (2010) Girls: 57% Boys: 53%	59% (gender parity)	75% (gender parity)	BANBEIS	11
			Net enrollment rate in secondary education by Gender|	Total: 44.8% (2009) Girls: 50.8 Boys: 39.5	59% (gender parity)	75% (gender parity)	BANBEIS	12
	Health	Sustainable improvements in health, including family planning particularly of vulnerable groups	% of births attended by skilled health personnel	26% (2010)	31%	50%	MMHS (BMMS)	13
			% of people using modern contracep tives in HPNSDP low performing areas by Gender.	Women: Sylhet: 35.7%/Chitt: 46.8% Male: Sylhet: 4.7/Chitt: 3.1% (2010)	Women: Sylhet: 38%/Chitt: 48% Male: n/a Sylhet: n/a (2010)	Women: Sylhet & Chitt: 65% Men Sylhet and Chitt. n/a	USED	14
Gender		Women and Men enjoy eqal opportunities	% of Women employed in the formal sector	24% (2009)	29%	49%	BBS (LFS)	21

মূল্যায়ন

গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি মন্ত্রণালয়ে নিজস্ব পদ্ধতিতে বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের ব্যবস্থা রয়েছে। এছাড়া আই এম ই ডি-এর নিজস্ব মূল্যায়ন ফরমেট রয়েছে। মনে রাখার বিষয় বাংলাদেশের অর্থনীতিতে নারীর অংশগ্রহণ দ্রুত বেড়ে চলেছে। এই পরিপ্রেক্ষিতে কয়েক বছর আগে করা মূল্যায়নের ইন্ডিকেটরগুলো সংস্কার করতে হবে। এক্ষেত্রে ইতোপূর্বে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত **জেন্ডার সংবেদনশীল উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও পর্যালোচনা নির্দেশিকা** ব্যবহার করা যেতে পারে।

- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ব্যতীত অন্যান্য মন্ত্রণালয়-এর এলোকেশন অফ বিজনেসে জেন্ডার সমতার অর্জনের বিষয়টি যথাযথভাবে অন্তর্ভূক্ত করা প্রয়োজন।

শেষের কথা

এটি দিবা সত্য যে বাংলাদেশের নারী অর্থনৈতিক উন্নয়নের এজেন্ট। অতএব বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ করতে হলে নারীকে সত্যিকার অর্থে আত্মনিয়ন্ত্রিত, আত্মবিশ্বাসী, অর্থনৈতিক এজেন্ট হতে হবে। নিওক্লাসিক্যাল অর্থনীতির ধারণা অনুযায়ী- 'প্রত্যেক অর্থনৈতিক এজেন্ট যৌক্তিক হবে' (Individual Rational Agent)| কিন্তু আমাদের আর্থ-সামাজিক অবস্থার কারণে নারীদের সিদ্ধান্ত অধিকাংশ ক্ষেত্রে সমঝোতা ভিত্তিক, নিয়ন্ত্রিত ও নির্ভরশীল। চিন্তার দিক থেকে এই নির্ভরশীল নারীকে আমরা যদি যৌক্তিক সিদ্ধান্তকারী হিসেবে পেতে চাই,

তাহলে যেসব কারণ অজান্তে নারীকে এমনকি সমাজকে প্রভাবান্বিত করে সেসব ক্ষেত্রে পরিবর্তন আনতে হবে- এক্ষেত্রে বলা যায় নারী অধিকতর বঞ্চনার শিকার হয় তার পরিবারে, পারিবারিক আইনে উত্তরাধিকারে এবং দৈনন্দিন জীবন-যাপনে। বাস্তব জীবনে নারীকে যৌক্তিক, নির্মোহ সিদ্ধান্তকারী করতে হলে নারী-পুরুষ, হিন্দু-মুসলমান, বৌদ্ধ-খ্রিষ্টান সবার জন্য একই পারিবারিক আইন করতে হবে। এই প্রকৃত সত্যটি অর্থনীতিবিদ, পরিকল্পনাবিদ তথা রাজনীতিবিদদের আন্তরিকভাবে উপলব্ধি করতে হবে।

এছাড়া নারীর গৃহস্থালী কাজের আর্থিক স্বীকৃতি প্রদান অত্যন্ত জরুরি। এটি করা সম্ভব হলে নারীর আত্মবিশ্বাস বাড়বে, নারীর প্রতি সামাজিক নির্যাতন কমে আসবে। পরিকল্পনা দলিলের বিভিন্ন অধ্যায়ে ২০১১ সালের নারী নীতিকে নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপের নীতি হিসেবে বর্ণনা দেওয়া হয়েছে। যা যথার্থ নয়। এই নারী নীতিতে নারীর সম উত্তরাধিকার ঘোষিত হয়নি। অতএব এটিকে নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপের নীতি বলে গ্রহণ করা যায় না। সাধারণত সিডও দলিলের ক্ষেত্রে আমরা এই বিশেষণ ব্যবহার করে থাকি। বাংলাদেশের নারী পুরুষের সমঅধিকার প্রদানের যে ওয়াদা আমাদের সংবিধানে রয়েছে তা বাস্তবায়নের জন্য পরিকল্পনাবিদদের যথার্থ অর্থে মনোযোগী হওয়া প্রয়োজন।

পরিশেষে বলতে চাই, ৬ষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে পরিকল্পনাবিদগণ নির্মোহভাবে দেশে নারীর অবস্থান তুলে ধরেছেন, আমরা তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। এক্ষেত্রে আরও বলতে চাই ৬ষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার যথার্থতা নির্ভর করবে এর বাস্তবায়নের দক্ষতার উপর। পরিকল্পনার সারাংশে একটি গুরুত্বপূর্ণ ওয়াদা রয়েছে- Being indicative in nature, the Sixth Plan should be considered as a living document. The implementation of the Plan will be reviewed on an annual basis. Development spending priorities and allocations will be reassessed on an annual cycle to ensure the consistency of these allocations in light of actual resources that are available, effectiveness of implementation and changing priorities in the context of a changing global environment.”। আমরা এ আশাবাদকে সাধুবাদ জানাই।

তথ্যসূত্র

১. Sixth Five Year Plan FY2011-FY2015—Planning Commission Ministry of Planning, Government of the People’s Republic of Bangladesh.

২. ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১১-১৫) বাস্তবায়ন-পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কিত জাতীয় স্টিয়ারিং কমিটি’র সভার কার্যপত্র।

৩. Annex Table 9.1: Monitoring and Evaluation Framework for the Sixth Five Year Plan

৪. জেন্ডার ইস্যু বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন- ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা- পরিকল্পনা কমিশন অর্থনীতি বিভাগের মতবিনিময় সভায় হান্নানা বেগমের লিখিত বক্তব্য।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২ ০ ১ ২

স্বাধীনতার চার দশক : বাংলাদেশের অর্থনীতিতে নারী

হান্নানা বেগম*

পূর্বকথা

আজ ২৪ মার্চ। বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার মাস। এ ঘোষণার মূলমন্ত্র- "বৈষম্য ভয়াবহ অন্যায়। এর প্রতিবাদ অপরিহার্য।" আর এ বিশ্বাসের গর্ভেই বাংলাদেশের জন্ম। এ বিশ্বাসের ভিত, এ আত্মপ্রত্যয় এতই দৃঢ় ছিল যে অকাতরে জীবন দিয়েছে দেশপ্রেমিক জনগণ। অগণিত নারী নিজের জীবন, স্বামী-সন্তানের জীবন বিপদগ্রস্ত জেনেও আশ্রয় দিয়েছে, খাবার দিয়েছে গোপনে রেখেছে গেরিলা যুদ্ধাস্ত্র ও মুক্তিযোদ্ধাদের। ছদ্মবেশে যুদ্ধ করেছে নারী। আর আহত হয়েছে লক্ষ লক্ষ। কথা সাহিত্যিক সেলিনা হোসেন তার 'যুদ্ধ' উপন্যাসে একাত্তরে নারীর মুক্তিযোদ্ধার পরিচয় এভাবে তুলে ধরেছেন- 'যুদ্ধাহত বিষণ্ন মাখন বলছে- যুদ্ধ? যুদ্ধে আমি একটি পা হারিয়েছি। তাতে কি হয়েছে, যুদ্ধ এমনই। মেয়েরাতো যুদ্ধ ক্ষেত্রে না যেয়েও অঙ্গ হারায়, সেটি জরায়ুর জখম।' সে যুদ্ধাহত বোনদের প্রতি, ভাইদের প্রতি, শহীদ ও পঙ্গু মুক্তিযোদ্ধাদের প্রতি পরম ভালোবাসা জানিয়ে আজকের আলোচনা শুরু করছি।

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস। ৮ মার্চ বিশ্ব নারীর বিজয়ের মাস। ১৮৫৭ সালে এ দিবস উদযাপনের মধ্যে বস্ত্রশিল্প কারখানায় মালিক পক্ষের আ□মনে নারী শ্রমিকদের জীবন দিতে হয়েছে। রক্ত দিতে হয়েছে। আন্দোলনের ইস্যু ছিল শ্রমিক হিসেবে নারী-পুরুষের সমঅধিকার। সম্মান জানাতে চাই এ আন্দোলনের পুরোধা জার্মান স্যোশাল পার্টির অন্যতম নেত্রী ক্লারা জেটকিনকে। যিনি বলতেন "মানব সভ্যতার মূল্যবান ঐতিহ্যের উত্তরাধিকারী মেয়েরা পারে সন্তানদের মধ্যে উপনিবেশ বিরোধী চেতনার উন্মেষ ঘটাতে।" আমি সম্মান করি তার প্রতিবাদী চেতনাকে, উচ্চ কণ্ঠে বলতে চাই 'ক্লারা জেটকিন আমরা তোমায় ভালোবাসি।'

প্রবন্ধের শিরোনাম স্বাধীনতার চার দশক : বাংলাদেশের অর্থনীতিতে নারী। সময়কাল '৭১ এর বিজয় থেকে ২০১১ এর স্বাধীনতা দিবস। প্রবন্ধের প্রধান উদ্দেশ্য স্বাধীনতার চার দশকে নারীর অর্জন তুলে ধরা এবং একই সাথে আগামীর জন্য আলোর পথ সন্ধান।

প্রবন্ধের ভূমিকা অংশে আমি দুটি বিষয় তুলে আনতে চাই এর প্রথমটি বাংলাদেশের অভ্যুদয়কালে জাতীয়

---

* পরিচালনা পর্ষদের পরিচালক, বাংলাদেশ ব্যাংক ও সহ-সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি।

বাংলাদেশ অর্থনীতি সমিতি কর্তৃক আয়োজিত **"স্বাধীনতার চার দশক : বাংলাদেশের অর্থনীতিতে নারী"** শীর্ষক সেমিনারে প্রবন্ধটি পঠিত হয়। সেমিনার স্থান : অর্থনীতি সমিতি মিলনায়তন, ঢাকা। তারিখ : ২৪ মার্চ ২০১২

আন্তর্জাতিক পটভূমিকা, দ্বিতীয়টি স্বাধীনতার চার দশকে বাংলাদেশের নারীর অনন্য অর্জন যা বাংলাদেশের অর্থনীতিতে নারীর অবস্থা ও অবস্থান বিনির্মাণে ব্যাপক ভূমিকা রেখেছে।

বাংলাদেশের অভ্যুদয়কালে দেশীয় ও আন্তর্জাতিক পটভূমিকা- স্বাধীনতা পূর্বকালে ষাটের দশক থেকে বাংলাদেশের এ ভূখন্ডে কৃষিতে ভূমিহীন পরিবারের সংখ্যা বাড়তে থাকে। ছিন্নমূল হয় পরিবার। প্রতিবেলার ক্ষুধা থেকে স্বামী-সন্তানকে বাঁচানোর জন্য নারী সামনে যে কাজটি পায়, সমুদ্রেপরা মানুষের খড়কুটা অবলম্বনের মতো তাই অবলম্বন করে। মজুরির বৈষম্য, কাজের ধরণ, প্রয়োজনের নিকট সবই উপেক্ষিত হয়। ছিন্নমূল নারী হয়ে উঠে শ্রমজীবী মানুষ।

সত্তরের দশক থেকে দেশীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি মধ্যবিত্ত পরিবারের মানানসইভাবে বেঁচে থাকা অসম্ভব করে তোলে। প্রয়োজনের পীড়ন ও নারী শিক্ষার হার বৃদ্ধি পরিবারের রক্ষণশীল দৃষ্টিভঙ্গিতে ভাঙ্গন ধরায়। বিভিন্ন পেশায় নারী নিয়োজিত হতে উদ্যোগী হয়। স্বাধীনতা পরবর্তীকালে আন্তর্জাতিক যোগাযোগ বৃদ্ধি, উচ্চবিত্ত পরিবারের রক্ষণশীলতার বাধাকেও কিছুটা শ্লথ করে তোলে। অর্থনীতির প্রতিটি স্তর থেকে খুব নিম্নহারে হলেও স্বাধীনতার পরবর্তীকালে নারী নানা পেশায় মান্বয়ে নিয়োজিত হতে থাকে।

আন্তর্জাতিক বিশ্বে ৬০ এর দশকে ইউরোপ ও যুক্তরাষ্ট্রে নারীবাদী আন্দোলনের যে স্ফুরণ ঘটে তা প্রবল চাপ সৃষ্টি করে উন্নয়ন চিন্তার ওপর। এর ফলে উন্নয়নে নারী চিন্তাধারার বিকাশ ঘটে। বিশ্ব শ্রমবাজারে নারীর অংশগ্রহণও বৃদ্ধি পায়।

১৯৭৪ সালে পৃথিবীব্যাপী জনসংখ্যা নিয়ন্ত্রণের বিষয়টি ভাবনাচিন্তার বিষয় হয়ে দাঁড়ায়। লক্ষ্যবস্তু হিসেবে তত্ত্ব বেরিয়ে আসে যে, মহিলাদের অর্থনৈতিক কাজে অংশীদার করতে পারলে তারা জন্ম নিয়ন্ত্রণে উদ্বুদ্ধ হবেন। এ সময়ে আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার পুঁজিপ্রবাহে নারী উন্নয়ন বিষয়টি অন্তর্ভূক্ত হয়। কোনো কোনো বিদেশী সাহায্য সংস্থা নারীশিক্ষা ও নারী কর্মসংস্থানকে সাহায্যের শর্ত হিসেবে অন্তর্ভুক্ত করে। আমাদের স্বাধীনতা যুদ্ধের মাত্র ৪ বছরের মধ্যে জাতিসংঘ ১৯৭৫ সালকে নারীবর্ষ ও ১৯৭৬-১৯৮৫ সালকে নারীদশক ঘোষণা করে।

সত্তরের দশকের শুরু থেকে টার্গেট গ্রুপ অ্যাপ্রোচের ফলাফল হিসেবে শিল্পোন্নত দেশগুলোতে বিভিন্ন সংস্থাসমূহের কর্মতৎপরতা বৃদ্ধি পায় এবং তারই সংযোগ প্রভাবে বাংলাদেশে বেসরকারী উন্নয়ন সংস্থা বা এন.জি.ও. কার্যমের সম্প্রসারণ ঘটে ৭০ দশকের মাঝামাঝি থেকে। এই এন.জি.ও. সমূহ যে তহবিল যোগান দেয় সেখানে নারী বিষয়ক কর্মসূচি ছিল উল্লেখযোগ্য। নারী শিক্ষা, নারীকে ঋণদান, নারীর সচেতনায়ন, জন্মনিয়ন্ত্রণ ইত্যাদি কর্মসূচির জন্য যে তহবিল যোগান হতে থাকে তা এন.জি.ও.- গুলোর কর্মতৎপরতা নির্ধারণ করে অনেকখানি। এর ফলে বাংলাদেশে ৮০'র দশকে এনজিও এর মাধ্যমে গ্রামাঞ্চলে ২০ লক্ষাধিক নারী ঋণ কর্মসূচীর আওতায় আসে।

অন্যদিকে বিশ্বের অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশে তুলনামূলকভাবে শ্রম খুব সস্তা হওয়ায় সত্তরের দশক থেকেই এদেশে শ্রমনির্ভর শিল্প গড়ে ওঠে। অধিকতর দরিদ্র হওয়ায় এবং দরকষাকষির ক্ষমতা না থাকায় এ শ্রমবাজারে শ্রমিক হিসাবে নারী প্রথম সারিতে চলে আসে। একই দশক থেকে শিল্পোন্নত দেশগুলোতে, এন. জি. ও সংস্থার কার্যকলাপ বৃদ্ধি পায়। এ সমস্ত দেশীয় ও আন্তর্জাতিক প্রভাব নারীকে শ্রমশক্তিরূপে আত্মপ্রকাশে সহায়তা করে। ত্বরান্বিত ও প্রভাবান্বিত করে সরকারের নীতি নির্ধারণ ও পারিবারিক সিদ্ধান্তকে।

স্বাধীনতার চার দশকে বাংলাদেশে নারীর ব্যতিমধর্মী অর্জন- বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির হার বৃদ্ধির অন্যতম কারণ দেশের দ্রুত জন্ম হার হ্রাস। প্রজনন বয়সের নারীগণ বিপুলভাবে গর্ভনিরোধক ব্যবহার করায় এটি সম্ভব হয়েছে। • জনসংখা বৃদ্ধির হার ২০ বছরে ৩.৩ শতাংশ থেকে ২০০৩ সালে ১.৪৮ শতাংশে নেমে এসেছে। এ হারে জনসংখ্যা হ্রাস পেতে ইউরোপে প্রায় ২০০ বছর লেগে ছিল। • সম্প্রতি শিশু মৃত্যুর হার উল্লেখযোগ্যভাবে

হ্রাস পাওয়ায় আমাদের প্রধানমন্ত্রী পুরস্কৃত হয়েছেন। এই অর্জন - নারীর, এ পরিশ্রম, এই নিষ্ঠা নারীর। • প্রাথমিক বিদ্যালয়ে ছেলে শিশুর সমহারে মেয়ে শিশুর উপস্থিতি, মাধ্যমিকস্তরের মেয়েদের গৌরবময় ফলাফল নারীর দূরদৃষ্টি প্রমাণ করে। • সর্বোপরি ক্ষুদ্র ঋণ পরিশোধে অনন্যভাবে নিয়মিত থেকে নোবেল বিজয়ের অর্ধেক সম্মাননা পাওয়ার বিরল সম্মান অর্জন করেছে বাংলাদেশের নারী। তারা নিজেরাও সম্মানিত হয়েছেন, জাতিকে সম্মানিত করেছেন। আস্থা অর্জন করেছেন ঘরে বাইরে। গতিশীল করেছেন বাংলাদেশের অর্থনীতির চাকা।

স্বাধীনতার চার দশকে বাংলাদেশের অর্থনীতে নারীর অবস্থানের মূল্যায়ণের জন্য আমি কয়েকটি সূচকের ব্যবহার করেছি সূচক সমূহ হলো-

(১) শ্রমশক্তিতে নারীর অর্জন ও সম্ভাবনা,
(২) বাংলাদেশে নারীর ক্ষমতায়ন : পরিবার, নারী সংগঠনসমূহ, বেসরকারী সংস্থাসমূহ।
(৩) বাংলাদেশের পঞ্চবার্ষিক পরিকল্পনাসমূহে নারীর জন্য বরাদ্দ ও কর্মসূচী বিশ্লেষণ।
(৪) জাতীয় বাজেটে জেন্ডার সংবেদনশীলতা।
(৫) বাংলাদেশের নারী অর্থনীতিতে আন্তর্জাতিক সম্মেলন ও সনদের প্রভাব।

১. শ্রমশক্তিতে নারীর অর্জন ও সম্ভাবনা

বিজয়ের চার দশকে বাংলাদেশে নারীর পরিসংখ্যান ভিত্তিক শ্রমচিত্র (%)

যা স্বাধীনতার চার দশকে নারীর অর্জনকে তুলে ধরে।

সারণি-১ বিশ্লেষণে দেখা যায় নারী শ্রমশক্তির শতকরা হার ক্রমান্বয়ে বেড়ে চলেছে। যা ১৯৭৪ সালে ছিল শতকরা ৪.১ শতাংশ। ২০০৬ সালে হয়েছে ২৯.২ %।

সারণি-২ এ দেখা যাচ্ছে ১৯৯৯-২০০০ থেকে ২০০২-০৩ সময়ের মধ্যে তুলনামূলক পরিসংখ্যান আমাদের বলছে বাংলাদেশে শহর/গ্রাম নারী/পুরুষ নির্বিশেষে শ্রমশক্তি বেড়ে চলেছে। সারণির ২য় অংশে যৌগিক প্রবৃদ্ধির হার দেখানো হয়েছে ২০০২-০৩ সালে। এখানে দেখা যাচ্ছে, প্রবৃদ্ধির হার নারী পুরুষ নির্বিশেষে শতকরা ৪.৪%। এটি বাংলাদেশে একধরণের উন্নয়নের ঘোষণা দিচ্ছে। পুরুষের ক্ষেত্রে এটি ৩.৮% এবং নারীর ক্ষেত্রে ৬.৫%,

সারণি ১

সময়	জাতীয়	পুরুষ	মহিলা
১৯৭৪	৪৩.৮	৮০.৪	৪.১
১৯৮১	৪৪.৩	-	৪.৩
১৯৮৪	৪৩.৯	৭৮.৫	৮.০
১৯৮৫	৪৩.৯	৭৮.২	৮.২
১৯৮৬	৪৬.৫	৮১.৪	৯.৯
১৯৮৯	৪৭.০	-	-
১৯৯১	৪৮.৮	-	-
১৯৯৬	৫২.০	৮৭.০	১৫.৮
২০০০	৫৪.৯	৮৪.০	২৩.৯
২০০১	-	-	-
২০০৩	৫৭.৩	৮৭.৪	২৬.১
২০০৬	৫৮.৫	৮৬.৮	২৯.২

সূত্রঃ বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিকস্, লেবার ফোর্স সার্ভে।

আবার শহর এলাকায় এ প্রবৃদ্ধির হার নারীর চেয়ে পুরুষের ক্ষেত্রে বেশী। গ্রামে পুরুষ শ্রম শক্তির প্রবৃদ্ধির হার ২.৯%, নারীর ৬.২। যা পুরুষের চেয়ে নারী শ্রমশক্তি বৃদ্ধির হারের ঘোষণা দেয়। শ্রম শক্তি প্রবৃদ্ধির এই চিত্র

সারণি ২

বার্ষিক গড় শ্রমশক্তি প্রবৃদ্ধির হার শ্রমশক্তি (হাজার)

সময় এবং উৎস	বাংলাদেশ			শহর			গ্রাম		
	উভয়	পুরুষ	মহিলা	উভয়	পুরুষ	মহিলা	উভয়	পুরুষ	মহিলা
১৯৯৯-২০০০ LFS	৪০৭২৮	৩২১৭১	৮৫৫৭	৯২২৮	৭০৮৫	২১৪৩	৩১৫০০	২৫০৮৬	৬১৪১
২০০২-২০০৩ LFS	৪৬৩২৪	৩৫৯৭৮	১০৩৪৬	১১২৮৫	৮৬১৪	২৬৭১	৩৫০৩৯	২৭৩৬৪	৭৬৭৫
Annual compound growth rate (শতাংশ)									
২০০২-২০০৩ LFS	৪.৪	৩.৮	৬.৫	৬.৯	৬.৭	৭.৬	৩.৬	২.৯	৬.২

Annual compound growth rate (শতাংশ)
Note: LFS-Labour Force Survey Conducted by BBS
Source: Labour Force Survey 2002-2003, Bangladesh Bureau of Statistics, December-2004.

প্রমাণ করে, সুযোগ ও সম্ভাবনার দ্বার খোলা থাকলে অর্থনৈতিক ক্ষেত্রে নারী অবদান রাখতে পারে।

সারণি-৩ থেকে আমরা যে তথ্য পাচ্ছি তাতে দেখা যাচ্ছে ১৯৯৫-৯৬ সালে নারী নিয়োগ কর্তা ছিলেন শতকরা ০.১ জন আবার এটি -২০০২-০৩ সালে হয়েছে শতকরা ০.২ জন। স্বনিয়োজিত নারী ৯৫-৯৬ সালে ছিল শতকরা ৮.৩ জন। ২০০২-০৩ সালে এটি দাঁড়িয়েছে শতকরা ২৫.৬ জনে। অর্থাৎ ৭ বছরে নারী আত্মকর্মসংস্থানের সংখ্যা শতকরা তিনগুণের বেশী বৃদ্ধি পেয়েছে। আবার নারী যে বাইরের কাজ করছে তা দিন দিন বাড়ছে, দিন মজুরের পরিসংখ্যান তাই বলে। ৯৫-৯৬ সালে এটি ছিল শতকরা ৫.৭ জন এবং ২০০২-০৩ সালে এটি হয়েছে ১০.১ যা

সারণি ৩

বাংলাদেশে ১৫ বছর এবং তার বেশী বয়সী যারা কর্মে নিয়োজিত আছেন,
তাদের নিয়োগের অবস্থা অনুযায়ী শতকরা বিভাজন

নিয়োগের অবস্থা	জনশক্তি জরিপ ১৯৯৫-৯৬জনশক্তি জরিপ ২০০২-০৩					
	পুরুষ	মহিলা	উভয়	পুরুষ	মহিলা	উভয়
নিয়োগকর্তা	০.৪	০.১	০.৩	০.৫	০.২	০.৪
স্বনিয়োজিত	৪৬.৮	৮.৩	৩২.২	৫১.৮	২৫.৬	৪৬.১
কর্মচারী	১৪.৬	৭.৬	১১.৯	১৪.২	১৪.০	১৪.১
অবৈতনিক পারিবারিক শ্রমিক	১২.৭	৭৮.৩	৩৭.৭	১০.১	৩৬.২	১৮.৯
দিনমজুর	২৫.৫	৫.৭	১৭.৯	২৩.৫	১০.১	২০.৫
মোট	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০

Source: Various issues of LFS Conducted by BBs.

প্রায় দ্বিগুণ।

সারণী -৪ ব্যাখ্যা করলে এক কথায় বলা যায়, ১৯৯৯ সালে বিসিএস প্রশাসনে নারী কর্মকর্তার মোট শতকরা হার ৮.৫৪%, আর ২০০৬ সালে এটি হয়েছে ১৫.০৫% যা একদিকে নারীর অগ্রগতি বোঝাচ্ছে কিন্তু অন্যদিকে মোট নারী নিয়োগের হার শতকরা মাত্র ১৫.০৫%। যা সরকারী সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে নারীর স্বল্প প্রতিনিধিত্বের চিত্র বহন করে।

নারীর পেশাভিত্তিক শ্রমচিত্র

গৃহিনী

সন্তান ধারণ এবং সংসারের পুনরুৎপাদনমূলক কাজ একজন গৃহিনীর স্বীকৃত কাজ। কিন্তু সন্তান ধারণের যে

সারণী-৪
বিসিএস প্রশাসনে কর্মকর্তাদের লিঙ্গভিত্তিক বিভাজন

পদ	১৯৯৯				২০০৬			
	মোট	পুরুষ	মহিলা				মহিলা	
			সংখ্যা	শতকরা	মোট	পুরুষ	সংখ্যা	শতকরা
মোট	৪৩৬৯	৩৯৯৬	৩৭৩	৮.৫৪	৪৪৯২	৩৮১৬	৬৭৬	১৫.০৫

সূত্র ঃ সংস্থাপন মন্ত্রণালয় (Database on women and children Issues,May 2008,Ministry of women and children Affairs)

অসামান্য ক্ষমতা এবং দৈনন্দির পূনরুৎপাদনমূলক কাজের যে শ্রমশক্তি কোনটির উপরে তার অধিকার থাকে না। স্বীকৃতি থাকে না। সন্তান যেমন তার নয়, সংসারের যে কাজ তারও কোন স্বীকৃতি নেই। অর্থনীতির জেন্ডার অন্ধত্বের কারণে একই কাজ বাইরে করে পুরুষ যে আয় করে, পরিবার পোষণ করে, পরিবারের কর্তা হয়, নারী তা ঘরে করে পরনির্ভরশীলরূপে পরিচিতি লাভ করে। পুরুষ ভাত দেয় বলে সাধারণের ভাষায় নারীর ভাতার হয়। শ্রেনী, ধর্ম, সম্প্রদায় ভেদে সামাজিক অবস্থানের বেশ খানিকটা হের ফের হলেও নারীর অধস্তনতার মুল সুরটি একই থেকে যায়। এটি বিশ্বচিত্র, এটি বিশ্বআয়না। বাংলাদেশ তার মতই একটি দেশ।

জাতিসংঘ বলছে- যেহেতু নারীর সাংসারিক কাজকে উৎপাদনমূলক বা অর্থনৈতিক কাজ হিসেবে গণ্য করা হয়না- তাই প্রতি বছর বিশ্ব অর্থনীতি থেকে Invisible Contribution হিসেবে ১১ ট্রিলিয়ন ডলার হারিয়ে যায়, অর্থাৎ তা পরিমাপ করা হয়না।

১৯৯৪ সালে অর্থনীতিবিদ শামীম বলছেন ঘরের ভেতরে এবং বাইরে নারীর কাজগুলোর অর্থনৈতিক মূল্যায়ন করলে বাংলাদেশে জিডিপিতে নারীর অবদান দ্বিগুণ হয়ে যাবে। আর সাম্প্রতিক কালে (২০০০) বাংলাদেশের প্রখ্যাত অর্থনীতিবিদ আবুল বারকাত বলছেন- হিসেব অনুযায়ী গৃহস্থালী কর্মকান্ডে নারীর অবদানের অর্থনৈতিক মূল্য পরিমাপ করলে বাংলাদেশের জিডিপিতে নারীর অবদান হবে ৪৮ শতাংশ। এখানে অর্থনীতির ইতিহাস হলো ১৯৫৩ সালে জাতিসংঘ যখন প্রথম সিস্টেমস অফ ন্যাশনাল একাউন্টস (SNNA) পদ্ধতি প্রকাশ করে তখন তাতে যে সমস্ত পণ্য এবং সেবা ঘরের ভেতরে ভোগের জন্য উৎপাদিত হয়, এবং যা বাজার জাত করা হয় না তাকে জিডিপির বাইরে রাখা হয়। পরে ১৯৯৩ সালে ইউনাইটেড ন্যশন কিছুটা সংশোধন করে তাতে পারিবারিক ভোগের জন্য উৎপাদিত দ্রব্যের সেবাকে অর্থনৈতিক কর্মকান্ড বলে স্বীকৃতি দেয়। বর্তমানে ৮২টির বেশী দেশ গৃহস্থালী কাজে ব্যয়িত সময়ের জরিপ পরিচালনা করছে। বাংলাদেশের অর্থনীতিবিদদের এ বিষয়ে উদ্যোগ নিতে হবে। আমাদের সরকারকে এদিকে মনোযোগী হতে হবে। নারীর অর্থনৈতিক পরিচিতির জন্য এটি একান্ত প্রয়োজন। এটির অভাবে নারীর পরিচিতির সংকট হয়। আত্মবিশ্বাস ক্ষতিগ্রস্ত হয়। নারী গরীব বলে তার গায়ে সবাই হাত তুলতে সাহস পায়।

কৃষক নারী

কৃষক মানেই পুরুষ। আমাদের বইগুলোতে কৃষকের জায়গায় একজন পুরুষের ছবি আছে। অথচ কৃষিজ উৎপাদন

বপনের প্রথম দিককার কাজ এবং শেষের কাজগুলো নারীরা করে থাকে। তবে এসব অর্থনৈতিক কাজ বলে সমাজে স্বীকৃত নয়। যেজন্য নারীকে সাধারণভাবে কৃষক বলা হয় না। তবে নারী যে কৃষক এবং কৃষি কাজ করে এটি প্রমানিত হয়েছে বাংলাদেশের ১৯৯৫-৯৬ সালের শ্রম জরিপে। দেখা গেছে, ১৯৮৫-৮৬ সালে শ্রম শক্তি ছিল ৩০.৯ মিলিয়ন এবং ১৯৯৫-৯৬ সালে তা হয় ৫৬.০ মিলিয়ন। এই শ্রম জরিপে নারীর অংশগ্রহণ যথাযথভাবে বিবেচনা করায় শ্রমশক্তির পরিমাণ বেড়ে যায়। শেষোক্ত শ্রম জরিপে গৃহপালিত পশু, হাঁস-মুরগী খামার, ধান ভানা, সিদ্ধ করা, শুকানো, ঝাড়া, প্রক্রিয়াজাতকরণ, খাদ্য সংরক্ষণ ইত্যাদি কাজকে অর্থনৈতিক কাজ হিসেবে বিবেচনা করা হয়। আর গ্রামাঞ্চলে নারীরাই এ কাজ গুলো করে থাকে। কিন্তু এগুলোর বাইরে আরো অনেক কাজ আছে যা অর্থনৈতিক কর্মকান্ড হিসেবে বিবেচিত হয় না। এই স্বীকৃতি হীনতার কারণে রাষ্ট্রীয় সকল কৃষি পরিকল্পনার টার্গেট হয় পুরুষ। নারী নয়। যদিও বিশ্ব খাদ্য দিবস '৯৮ উদযাপনের জন্য জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা প্রতিপাদ্য বিষয় হিসেবে বেছে নিয়েছে 'অন্ন যোগায় নারী', এই প্রতিপাদ্য বিষয়টিকে। মূলতঃ কৃষিতে নারীর অবদানের স্বীকৃতি প্রদানই ছিল ঐ বছরের বিশ্ব খাদ্য দিবসের প্রতিপাদ্য কিন্তু বিশ্ব পরিসরে এধরনের চিন্তা ভাবনার সূচনা হলেও সাধারণত কৃষিতে নারীর অবদানের স্বীকৃতি এখনও সুদূর পরাহত।

বাংলাদেশ সরকার ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় ২০১১ এর নারী নীতিকে সরকারের অনুসরণীয় নীতি বলে ঘোষণা দিয়েছে। এই নীতিতে রয়েছে- ক্রমিক নং-৩১.১ জাতীয় অর্থনীতিতে নারী কৃষি শ্রমিকের শ্রমের স্বীকৃতি প্রদান করা হবে। ক্রমিক নং-৩১.২ জলবায়ু পরিবর্তন ও দুর্যোগের কারণে সৃষ্ট প্রতিবন্ধকতা দূরীকরণে নারী কৃষি শ্রমিকদের সকল প্রকার সহায়তা প্রদান করা হবে, কৃষিতে নারী শ্রমিকদের মজুরী বৈষম্য দূরীকরণ এবং সমকাজে সম মজুরীর নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করা হবে। ক্রমিক নং-৩১.৪ কৃষি উপকরণ, সার, বীজ, কৃষক কার্ড, ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে নারী কৃষি শ্রমিকদের সমান সুযোগ নিশ্চিত করা হবে।

বাংলাদেশের নারীদের নামে জমি নেই। এজন্য নারীগণ কৃষক কার্ড পায়না। অথচ তারা কৃষি কাজ করে থাকে। অতএব এক্ষেত্রে তাদের কৃষক স্বীকৃতি দেওয়া প্রয়োজন। সামনে কৃষি বীমা দেওয়ার প্রস্তুতি চলছে। কৃষক হিসেবে স্বীকৃতি না পেলে নারী কৃষক এই সুবিধা সমূহ পাবে না। যার পরিণামে কৃষির উৎপাদন কম হবে।

পরিসংখ্যানে দেখা যায় মৌসুম বহির্ভূত সময়ে একজন নারীর সাপ্তাহিক আয় পুরুষের ৪২%। নারীর মজুরির হার পুরুষের প্রায় অর্ধেক। কৃষক নারীর সামাজিক অজ্ঞতা কমবেশী আমাদের জানা। ঘরের বাইরে পারিশ্রমিকের বিনিময়ে শ্রম দেওয়া অনেক সময় তাদের পক্ষে সম্ভব হয় না। এ কারণে জীবন নির্বাহ করার জন্য ও গৃহকাজে নারীর শ্রম অস্বীকৃত, যে নারীকে আমরা গৃহবধূ বলে থাকি তারা আসলে কৃষি শ্রমিক এবং ক্ষুদ্রায়তন বাজারে উৎপাদক।

চা শিল্পে নারী

এ শিল্পে নিয়োজিত শ্রমিকদের ৬০ শতাংশেরও বেশি নারী। বছরে প্রায় বারো মাসই এই নারী গোষ্ঠি সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত কাজ করেন। কাজ করতে হয় বৃষ্টিতে ভিজে না হয় সূর্যতাপে পুড়ে। তবে এই পরিশ্রমের বিনিময়ে তারা অতি সামান্য মজুরি পেয়ে থাকে। দেখা গেছে তাদের কাজের পরিবেশ ও কাজের শর্ত অধিকাংশ ক্ষেত্রেই অমানবিক। (khan 1991, BPMI 1997, Saha2001, Paul-Mazumder 2001) এ অমানবিক শ্রম পরিবেশ তাদেরকে Declaration on Fundamental Principles and Rights at Work অনুযায়ী শ্রমিকগণ যে কর্ম পরিবেশ পাওয়ার অধিকার রাখে তা থেকে দারুনভাবে বঞ্চিত হচ্ছে। এ ক্ষেত্রটির জন্য বহু ক্ষেত্রেই আলাদা শ্রমআইন রয়েছে। দেশের মূল স্রোতধারার অনেক উন্নয়ন এবং কল্যাণ এ ক্ষেত্রটিতে পৌছায় না। এর ব্যবস্থা নিতে হবে।

কিন্তু চা বাগানে পদোন্নতির ক্ষেত্রে নারী-পুরুষ ভিত্তিক বৈষম্য লক্ষণীয়। পাতা উত্তোলনকারীরা পদোন্নতি পেয়ে সর্দার হন। কিন্তু চা উৎপাদনে নিয়োজিত নারী শ্রমিকদের মধ্যে সর্দার শ্রেণীর শ্রমিকের সংখ্যা পাওয়াই যায়নি। অথচ চা উৎপাদনে নিয়োজিত শ্রমিকের অধিকাংশই নারী। ব্যবস্থাপনা পর্যায়েও নারীদের উপস্থিতি নেই বললেই চলে। কিন্তু আশার বিষয় হলো এসব নারী শ্রমিকের মধ্যে যারা পঞ্চায়েত কমিটিতে অর্ন্তভূক্ত তাদের অধিকাংশই এসব বৈষম্য সম্পর্কে জানেন। নারী ও পুরুষের মধ্যে পার্থক্যের ব্যাপারে তারা নিজেরা মনে করেন যে, পুরুষদের তুলনায় নারীরা কম শিক্ষিত হওয়ায় বিভিন্ন ক্ষেত্রে তাদের মতামত প্রদানের অধিকার কিছুটা কম। গবেষণায় দেখা গেছে প্রায় ৮৭ শতাংশ মহিলা চা শ্রমিক অশিক্ষিত। ব্যাপকহারে এসব অশিক্ষিত মহিলা চা শ্রমিকরা বিভিন্নভাবে পুরুষ সর্দার এবং টিলা বাবুদের দ্বারা প্রতারিত হন। সারাদিনের উত্তোলিত চা পাতার পরিমাণের/ওজনের উপর শ্রমিকদের পারিশ্রমিক নির্ভর করে। কেননা একটি নির্দিষ্ট পরিমাণের নিচে চা পাতা উত্তোলন করলে তাদের পারিশ্রমিক কাটা হয়। আবার নির্দিষ্ট পরিমাণের চেয়ে বেশি চা পাতা উত্তোলন করলে তারা মজুরি বেশি পায়। অশিক্ষিত হবার কারণে ওজনের মাপ সম্পর্কে তাদের ধারণা খুবই কম। এক্ষেত্রে সর্দার ও টিলাবাবু শ্রমিকদের উত্তোলিত চা পাতার ওজন কম বললেও এ বিষয়ে প্রতিবাদ করার যোগ্যতা ও সাহস কোনটাই তাদের নেই। গবেষণায় দেখা গেছে, পুরুষ চা শ্রমিকেরা গড়ে সপ্তাহে যেখানে ১৮০ টাকা আয় করেন সেখানে মহিলা চা শ্রমিকরা আয় করে ১৫০ টাকা। নারী ও পুরুষের আয়ের এই ৩০ টাকা ব্যবধান এটিই প্রমাণ করে যে, অশিক্ষিত হওয়ার কারণে মূলত নারী চা শ্রমিকরা কাজে উপস্থিত থেকেও অনুপস্থিত এবং বেশি পরিমাণ চা পাতা উত্তোলন করেও ওজন/মাপের ক্ষেত্রে প্রবঞ্চনার শিকার হয়ে থাকে।

নারী শ্রমিকদের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং তাদের কর্মকে Decent করার জন্য বাল্য বিবাহ এবং বাল্য মাতৃত্ব রোধ করা অতি জরুরি। এই দুই কারণের জন্য নারী শ্রমিকের উৎপাদিকা শক্তি দারুণভাবে খর্ব হয়। বাল্য বিবাহ এবং মাতৃত্ব দূর করার জন্য জরুরি প্রয়োজন হচ্ছে কিশোরীদের অধিকার সম্পর্কে চা বাগানের নারী গোষ্ঠিকে সচেতন করা। এক্ষেত্রে এনজিও এবং নারী সংগঠনগুলোকে এগিয়ে আসতে হবে। প্রতিটি বাগানে মহিলা শ্রমিকদের এ ব্যাপারে সচেতন করার জন্য প্রশিক্ষণ প্রদান করতে পারে। তাছাড়া প্রাথমিক স্বাস্থ্য যত্ন, প্রজনন স্বাস্থ্য, জন্মনিয়ন্ত্রণ, পুষ্টি ইত্যাদি বিষয়ে সচেতন প্রশিক্ষণ প্রদানও একই সঙ্গে করতে পারে।

নির্মাণ কাজে নারী শ্রমিক

নির্মাণ কাজে নিয়োজিত নারীদের প্রতি শোষণের দুটি পর্যায় রয়েছে। প্রথম পর্যায় হলো: এরা গ্রামে থাকার সময়ে জোতদার-মহাজনের দ্বারা প্রতারিত-শোষিত হয়ে জমি হারিয়ে শহরে আসে। বিদ্যমান রাষ্ট্র ব্যবস্থা এসব জোতদার মহাজনের পেছনে খুঁটি হিসেবে রয়েছে। দ্বিতীয় পর্যায় হলো: নির্মাণ কাজে নিয়োজিত নারী শ্রমিককে পুরুষ শ্রমিকের তুলনায় কম পারিশ্রমিক দেওয়া হয়। যদিও প্রায়ই নারী শ্রমিককে নির্ধারিত সময়ের চেয়ে আরো বেশি শ্রম দিতে হয় কিন্তু কোন অতিরিক্ত পারিশ্রমিক তাকে দেয়া হয় না।

গৃহশ্রমিক হিসেবে নারী

প্রাচীন ভারতে আদি কাল থেকেই গৃহ শ্রমিকেরা গৃহশ্রমে নিয়োজিত। আর এই পেশার উৎপত্তি প্রাচীন ও মধ্যযুগে প্রচলিত দাসবৃত্তি থেকে। দাস বা দাসীবৃত্তি ছিল প্রাচীন ভারতের একটি অনুমোদিত সামাজিক, ধর্মীয় ও আইনানুগ ব্যবস্থা। বাংলাদেশে যদিওবা এ ব্যবস্থার প্রচলন নেই তবে এর রেশটুকু রয়ে গেছে। গৃহশ্রমিক যারা বাসায় কাজ করে তাদের জন্য সরকারী কোন আদেশ না থাকায় এদের প্রতি ব্যবহার খুব কমই মানবেতর হয়। আবার এদের পাওনার পরিমাণ অত্যন্ত কম। বর্তমান সরকার (২০০৮ এ নির্বাচিত) এ বিষয়ে উদ্যেগে নেবে বলে পত্রিকান্তরে জানা গেছে। বিষয়টি অত্যন্ত জরুরি।

পোশাক শিল্পে নারী

পোশাক শিল্পে শ্রমিকদের ৩৬ লাখের মধ্যে ৩০ লাখ নারী। (বি.জি.এম.ই এর উদ্যোগে অনুষ্ঠিত সেমিনারের মূল প্রবন্ধ-দেশের বার্তা-মার্চ ১৯, ২০১২)। এ শিল্প দেশের ৭৫ শতাংশ বৈদেশিক মুদ্রা অর্জন করে। তাই প্রকারান্তরে দেশের সিংহভাগ বৈদেশিক মুদ্রা অর্জনও নারীর শ্রমের ওপর নির্ভরশীল। তবে পোশাক শিল্পে যারা কাজ করে তাদের জীবিকার জন্য কাজ করতে হয় শৈশব থেকেই, অন্যের বাড়িতে। গার্মেন্টস তাদের জন্য একটি তুলনামূলক সম্মানজনক জায়গা। কিন্তু সেটি কিরূপ মজুরি? মজুরি খুব কম। সেটাও সাপ্তাহিক ছুটি ছাড়া। দিনে রাতে ১২/১৪ ঘন্টা কাজ করতে হয়। বেতন ওভারটাইম নিয়মিত পরিশোধ করে এরকম গার্মেন্টস কারখানা খুঁজে পাওয়া যেমন দায়, আবার বকেয়া মজুরির অভিজ্ঞতা নেই, এরকম শ্রমিকও খুঁজে পাওয়া ভার। কারখানার ভিতরে ও বাইরে অনিরাপত্তার ভয়ে এরা তটস্থ থাকে। এটি আমাদের চোখে পড়ে যখন শিফট্ পরিবর্তনের পর দলে দলে দ্রুত পায়ে তারা ছুটে চলে। দলের ভিতর দ্রুত হাঁটার প্রধান কারণ পথে-ঘাটে অজস্র লোভী চোখ, কটূক্তি ও সরাসরি আক্রমণের হাত থেকে নিজেকে রক্ষা করা। ছিটকে পড়া কিশোরী শিকার হয় দুর্বৃত্ত ও দানবদের। উঠিয়ে নিয়ে যায়, নির্যাতনের উৎসব হয়। তারপর কোথাও আগুনে পুড়িয়ে, কোথাও এসিড মেরে, কোথাও ছুরি মেরে খুন করা হয়, প্রমাণ শেষ করে দেবার জন্য। এসব টুকরো খবর কখনও পত্রিকার পাতায় আসে, কখনও আসেনা। গার্মেন্টস শ্রমিক মেয়েদের প্রতি সমাজের এক ধরনের অসম্মানজনক দৃষ্টিভঙ্গি রয়েছে, যা দুর্বৃত্তদের দুর্বৃত্তায়নকে সহজতর করে। শুধু পথেঘাটেই নয় গার্মেন্টস কারখানার ভেতরেও নারী শ্রমিক অব্যাহত ঝুঁকির মধ্যে থাকে। সমাজ এগুলোকে স্বাভাবিক হিসেবেই ধরে নেয়। কারখানার ভেতরে কি ঘটে এ সম্পর্কে শ্রমিকেরা খুব একটা মুখ খুলতে চায় না। কারণ নিয়োগপত্র নেই, ট্রেড ইউনিয়ন নেই, যে কোনো কথায় অপরাধ বিবেচিত হলে এক কথায় চাকুরি চলে যায়। এ বিষয়ে প্রতিমা পাল মজুমদারের গবেষণা রয়েছে, দীনা সিদ্দিকী যৌন হয়রানির বিষয়টিও দেখাতে চেয়েছেন। দেখা গেছে- গার্মেন্টস কারখানাগুলোতে ধর্ষণ খুব সাধারণ ঘটনা। গার্ড থেকে এম. ডি. এমন কি বায়ারদেরও যেন সহজলভ্য সব নারী শ্রমিক।

এরপর আছে পুড়ে, পিষ্ট হয়ে, ত্রুটিযুক্ত ভবন ধসে পড়ে মরার ঘটনা। তারপর শুরু হয় সরকার ও মালিক যৌথ চেষ্টায় মৃত্যুর সংখ্যা কম দেখানোর এক নিষ্ঠুর পরিকল্পিত আয়োজন। মৃতের সংখ্যা বাড়লে ক্ষতিপূরণ দিতে হবে যদিও তার পরিমাণ খুব অল্প।

ক্ষুদ্র ঋণ প্রক্রিয়া ও আত্ম কর্মসংস্থানে নারী

মানুষের ভেতরে যে বিপুল সম্ভাবনা ও সৃজনশীলতা রয়েছে তাকে উন্মুক্ত করাই যথার্থ কাজ। এ তত্ত্বকে সামনে নিয়ে বাংলাদেশের জামানত বিহীন ক্ষুদ্র ঋণের মডেলটি এখন বিশ্ব স্বীকৃত। ড. ইউনুস ও তাঁর তৈরি গ্রামীণ ব্যাংককে ২০০৬ সালে শান্তিতে নোবেল পুরস্কার দেয়া হয়েছে। ৬৩ লক্ষ নারীসহ ৬৬ লক্ষ সদস্য রয়েছে এই ব্যাংকের অধীনে। ড. ইউনুসের গ্রামীণ ব্যাংক ও অন্যান্য ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর বড় সাফল্য হচ্ছে গ্রামীণ গরীব নারীকে আত্মবিশ্বাসী করে তোলা। গ্রামীণ ব্যাংকের আপাতত সাফল্যের কারণে এর সাথে সরকারী সহায়তা যুক্ত হয়েছে। কিন্তু গ্রামীণ ব্যাংকসহ দেশে সক্রিয় এনজিও তৎপরতা সম্বন্ধে দু' ধরনের প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়। বি আই ডি এস পরিচালিত গ্রামীণ ব্যাংকের ক্ষুদ্র ঋণ কার্যক্রমের ফলাফল (২০০২) বা প্রভাব শীর্ষক গবেষণায় দেখা যায়, ঋণ গ্রহীতা নারীগণ পরিবার ও সমাজের খাদ্য, পুষ্টি, স্বাস্থ্যের অবস্থা, পারিবারিক আয়, শিল্প ইত্যাদি বহুমুখী খাতে উন্নয়ন ঘটিয়ে, সমাজ তথা দেশের উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করছেন। অন্যদিকে ক্ষুদ্র ঋণের ঋণ ব্যবস্থাপনা সুদের উচ্চহার, ইত্যাদি বিষয়ে সমাজে গুরুতর আপত্তি রয়েছে। আপত্তির মধ্যে রয়েছে সুদের হার, ঋণ দেওয়ার নীতি এবং একই এলাকাতে একাধিক ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের কার্যক্রম। সুদের হারের মধ্যে অর্ন্তভূক্ত হচ্ছে কার্যক্রম ব্যয়নির্বাহের জন্য অর্থ আদায়, ঋণ দেওয়া ছাড়াও অধিকাংশ ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান সচেতনতা বৃদ্ধি, প্রশিক্ষণ প্রদান, স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান ইত্যাদি কার্যক্রমের ব্যয় নির্বাহ করে থাকে। এজন্য এটিকে সুদের হার না বলে সার্ভিস চার্জ বলা হয়। প্রশ্ন হচ্ছে এ হার যাকে সার্ভিস চার্জ অথবা সুদের হার বলা হয়

তা কত হওয়া উচিত।

অতি সম্প্রতি বাংলাদেশ ব্যাংক বলছে আগামী ৩০ জুনের মধ্যে ক্ষুদ্রঋণের কার্যকর সুদের হার সর্বোচ্চ ২৭ শতাংশে নামিয়ে আনতে হবে। যেসব ক্ষুদ্রঋণ বিতরণকারী প্রতিষ্ঠান এ সিদ্ধান্ত বাস্তবায়নে ব্যর্থ হবে তাদের বিরূদ্ধে ১লা জুলাই থেকে ব্যবস্থা নেয়া হবে। অনেকের কাছে 'সুদের হার ২৭ শতাংশ নির্ধারণ করায় মনে হতে পারে সুদের হার বাড়িয়ে দেওয়া হচ্ছে। কিন্তু বাস্তব সত্য হলো সুদের হার ১৫ শতাংশ হলে কার্যকরী সুদের হার দাঁড়ায় ৩৪-৩৫ শতাংশ। বাংলাদেশ ব্যাংক কার্যকরী সুদের হার ২৭ শতাংশে নামিয়ে আনতে বলেছে। ক্ষুদ্রঋণ দেওয়া প্রতিষ্ঠানগুলোকে বাণিজ্যিক প্রবণতা রোধ করতে হবে।

সম্প্রতি ২০০১ জন ঋণ গ্রহীতার উপর গবেষণা পরিচালনায় দেখা গেছে ৪৮% বলেছেন কিস্তি পরিশোধের জন্য তাদের অনেক সময় অধিকতর সুদের হারে মহাজনদের কাছ থেকে ধার নিতে হয়, ঘরের ছাগল ও তৈজসপত্র বি[illegible] করতে হয়। শতকরা ৫২ জন বলেছেন কিস্তি পরিশোধের জন্য ঐ নির্দিষ্ট ঋণের আয় ছাড়াও অন্যান্য সূত্রে অর্থ ব্যবহার করতে হয়। অনেক সময় খাবার ও অন্যান্য প্রয়োজনীয় ব্যয়ও হতে পরে। ৯৬% বলেছেন সপ্তাহান্তে কিস্তি পরিশোধের জন্য তাদের সব সময় দুশ্চিন্তায় থাকতে হয়। (Dr.Qazi Kholiquzzan Ahmad- 'Socio Economics and Indebtedness-Related Impact of Micro-Credit in Bangladesh'-2007)।

শেষোক্ত প্রশ্ন হলো একই এলাকায় একাধিক ঋণ প্রতিষ্ঠানের অবস্থান যা অনেক সময় নিরক্ষর নারীদের প্রয়োজনের কাছে দিকহারা করে দেয়। অনেক সময় পরিবারের প্রয়োজনে তারা কয়েকটি সংস্থা থেকে ঋণ নিয়ে থাকে। পরবর্তীতে অবস্থাটি এরূপ দাঁড়ায় যে, ঋণ গ্রহীতা নিজের বসবাসের এলাকা ছেড়ে নিরুদ্দেশ হয়। যা কখনও মানবিক নয়। যথাযথ কর্তৃপক্ষের এ বিষয়ে মনোযোগী হওয়া প্রয়োজন।

প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত নারী

সাংবাদিকতা নারী -পুরুষ উভয়ের জন্যই একটি চ্যালেঞ্জিং পেশা। নারীর জন্য আরও কঠিন। কারণ গণমাধ্যম কাঠামো পুরুষতান্ত্রিক কাঠামো। তারপরও এ দেশের সাহসী তরুণীগণ শুধু শহর নয়, গ্রামেও প্রবল উদ্যমে কাজ করে চলেছেন। চ্যালেঞ্জের মোকবিলা করছেন। নারী সাংবাদিকগণ জেলা থেকে প্রাকশিত দৈনিকে/সপ্তাহিক পত্রিকায় নিয়োগ পত্র পাচ্ছেননা। কন্ট্রিবিউটর হিসেবে অনেকে দায়িত্ব পালন করে যাচ্ছেন বছরের পর বছর। নিরাপত্তার দিকটি বিবেচনায় নিতে হবে এ জন্য রিপোটিং এ নারীর সংখ্যা কম। অধিকাংশ নারী সাংবাদিক ডেস্কে কাজ করছেন। ডিপ্লোমেটিক, অপরাধ বিটে বর্তমানে কয়েক জন নারী সাংবাদিক কাজ করছেন। কিন্তু রাজনৈতিক বিটে এখনো নারী রিপোর্টার নেই বললেই চলে। বিশ্লেষণে দেখা যায় কর্মক্ষেত্রে মিডিয়ায় কর্মরত নারী সাংবাদিকদের মূল্যায়নে কাজের মানের চেয়ে সীমানা ছাড়িয়ে তাদের আচার ব্যবহার, পোশাক আশাক ইত্যাদি নিয়ে সমালোচনা করা হয়। এই সম্পর্কে হাউজগুলোর নির্দিষ্ট নীতি মালা নেই। নীতিমালা না থাকার কারণে নারী সংবাদিকদের নিরাপত্তা, দক্ষতা ক্ষতিগ্রস্ত হচ্ছে।

বাংলাদেশে জাতীয় ভিত্তিক কোন গণমাধ্যম নীতি মালা নেই। প্রতিটি সংবাদপত্রের আলাদা নীতিমালা আছে। বাংলাদেশ সংবাদপত্র মুদ্রণ/প্রকাশনার ক্ষেত্রে প্রেস কাউনসিল প্রবর্তিত আচরণ বিধি নীতিমালা ছাড়া এ পর্যন্ত জেন্ডার প্রেক্ষিত কোন নীতিমালা নেই। কমিউনিটি রেডিও সম্প্রচার বিষয়ক নীতিমালা আছে। কিন্তু এর কোনাটাতেই জেন্ডার প্রেক্ষিত যুক্ত করা হয় নি। জানা মতে প্রথম আলোতে শব্দচয়ন ও আচরণ বিষয়ে নীতিমালা আছে।

মনে রাখার বিষয় বাংলাদেশের সংবিধান, স্বাক্ষরিত সিডও সনদ, বিশেষত প্ল্যাটফরম ফর একশানে গণ মাধ্যম ১২ টি কর্ম এজেন্ডার অন্যতম কর্ম এজেন্ডা। নারী নীতি ১৯৯৭, নারী নীতি ২০১১তে এ বিষয়ক নীতি মালার নির্দেশনা

আছে। এক্ষেত্রে দক্ষিণ এশিয়ার দেশ সমূহের মধ্যে ভারত, নেপাল, শ্রীলঙ্কা গণমাধ্যমের নারীদের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। ভারতে ইউরোপীয় ইউনিয়ন ও ভারতের যৌথ উদ্যোগে পরিচালিত প্রকল্প 'বিল্ডিং পাথ টু ইকুয়ালিটি জার্নালিজম এর আওতায় মেনিফেস্টো ফর জেন্ডার ইকুয়ালিটি ইন ইন্ডিয়া' প্রণয়ন করা হয়। শ্রীলঙ্কার সাংবাদিক এসোসিয়েশন ২০০৬ সালের মে মাসে 'চার্টার অব জেন্ডার ইকুয়ালিটি ইন মিডিয়া এন্ড জার্নালিজম' শীর্ষক একটি সনদ গ্রহণ করে। নেপালেও এ ধরণের একটি সনদ গৃহীত হয়েছে নেপালী সাংবাদিক ফেডারেশনের উদ্যোগে।

এ সনদগুলো উল্লেখ করার কারণ হলো বাংলাদেশের গণমাধ্যমে কর্মরত সাংবাদিকগণ নিজ নিজ সমস্যা সমাধানের ক্ষেত্রে এ ধরণের চার্টার করে নিতে পারেন। গণমাধ্যমে নারীর অধিকার প্রতিষ্ঠা জোরদার করণে এবং জেন্ডার বৈষম্য নিরসনে ও নারীর প্রতি সামাজিক দৃষ্টিভঙ্গি পরিবর্তনে গণমাধ্যম অকল্পনীয় ভূমিকা রাখতে পারে।

২. বাংলাদেশে নারীর ক্ষমতায়ন : পরিবার, নারী সংগঠনসমূহ, বেসরকারী সংস্থাসমূহ

টেকসই উন্নয়নের অন্যতম লক্ষ্য হচ্ছে নারীর ক্ষমতায়নের মাধ্যমে জেন্ডার সমতা প্রতিষ্ঠা করা। আর জেন্ডার সমতা প্রতিষ্ঠা করতে হলে নারীর ক্ষমতায়ন অন্যতম জরুরী অনুষঙ্গ। এখানে আমাদের মনোযোগ দেওয়ার প্রয়োজন আছে।

জেন্ডার একটি প্র□িয়া যার মাধ্যমে শারীরিক নারী-পুরুষ সামাজিক নারী-পুরুষে পরিণত হয়। জেন্ডার এবং সেক্সকে কেন্দ্র করে সমাজে একধরণের দ্বিধা রয়েছে। যার ফলে অনেক মানুষ এ দুটিকে সমার্থক হিসেবে ব্যবহার করে। কখনও কখনও একটির পরিবর্তে আরেকটি ব্যবহার করে। যদিও দুটি ভিন্ন অর্থবোধক শব্দ। সেক্স হচ্ছে প্রাকৃতিক লিঙ্গ। জন্মগতভাবে প্রাপ্ত লিঙ্গ। আর জেন্ডার সামাজিকভাবে গঠিত লিঙ্গ। সমাজ এটি তৈরী করে। পিতা, মাতা, শিক্ষক, সমবয়সী, ধর্মীয় সাংস্কৃতিক প্রতিষ্ঠান সমূহ, প্রচার মাধ্যম এখানে এজেন্ট হিসেবে কাজ করে। এজন্য দেখা যায় সমাজে গেড়ে বসা পিতৃতন্ত্রে দীক্ষিত মায়েরা শিক্ষায় অনগ্রসর হওয়ায়, পুরাতন চিন্তা ধারণ করায়- নিজেরাই এক একজন পিতৃতন্ত্রের এজেন্ট হয়ে থাকেন। মা তার কন্যাশিশুটিকে জন্ম থেকেই আলাদা করে গড়ে তুলেন।

নারীর ক্ষমতায়ন : পরিবার

বাংলাদেশ রাষ্ট্র সাংবিধানিকভাবে নারী ও পুরুষকে সমান অধিকার দিয়েছে। তা সত্ত্বেও জীবনের সকল ক্ষেত্রে নারী ও পুরুষের সমান অধিকার প্রতিষ্ঠিত হয়নি। ব্যক্তি জীবনে শিক্ষা, অর্থ, বুদ্ধি যা ক্ষমতাকে ধারণ করে তা রয়েছে পুরুষের নিয়ন্ত্রণে। ব্যক্তির এই ক্ষমতা যখন একই লক্ষ্যে সমাজের অন্যান্য ক্ষমতার সাথে মিলিত হয় তখন তা হয় সামাজিক ক্ষমতা। বর্তমানে সমাজে বিরাজমান পিতৃতন্ত্র একধরণের সামাজিক ক্ষমতা। এই ক্ষমতার আধিপত্যে বংশ নির্ধারিত হয় পিতার দিক থেকে। সম্পদের মালিকানা নিয়ন্ত্রণ, উত্তরাধিকারে বিষয়টি ন্যস্ত থাকে পুরুষের হাতে, এই ব্যবস্থায় পুরুষ পরিবারের বড় সিদ্ধান্ত গ্রহণ করে। এবং পরিবারের উপর ক্ষমতা বজায় রাখে। বাংলাদেশের পরিবার কাঠামোকে বিশ্লেষণ করলে দেখা যায় নারী কোথায় শ্রম দেবে তা নিয়ন্ত্রণ করে পুরুষ। কয়জন সন্তান নেবে তার সিদ্ধান্ত দেয় পুরুষ। সম্পত্তি ও অন্যান্য সম্পদ কাকে কিভাবে দেওয়া হবে তার সিদ্ধান্ত নেয় পুরুষ, নারীর যৌন সিদ্ধান্ত নেয় পুরুষ, নারী কোথায় যাবে আর যাবে না তা নির্ধারণ করে পুরুষ। নারীর পেশা নিয়ন্ত্রণ করে পুরুষ।

অর্থনীতি বলছে নিয়ন্ত্রিত মানুষ আর স্বাধীন মানুষের চিন্তা কখনও এক হয়না। ফলত টেকসই উন্নয়নের অন্যতম প্রধান শর্ত যে জেন্ডার সমতা বাংলাদেশে তা খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। ক্ষতিগ্রস্ত হচ্ছে প্রথমে নারী আর শেষ পর্যন্ত রাষ্ট্রের টেকসই অর্থনৈতিক উন্নয়ন। অপ্রচলিত পেশায় নারীদের নিয়োগ দিয়েছে। ইউনিয়ন পরিষদের তিনভাগের

একভাগ আসন মহিলাদের জন্য সংরক্ষণ করেছে।

নারীর ক্ষমতায়ন : নারী সংগঠন

বাংলাদেশের নারী সমাজের অর্থনীতি সহ সার্বিক ক্ষমতায়নে নারী সংগঠন সমূহ অত্যন্ত সক্রিয় ভুমিকা পালন করছে। নারী সমাজকে সচেতন ও সংগঠিত করা, নারীর প্রতি বৈষম্যমূলক আইন পরিবর্তনে সরকারকে চাপ প্রয়োগ, সুপারিশ প্রদান ও জনমত গঠনে নারী সংগঠনগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উত্তাল আন্দোলন গড়ে তুলেছে ১৯৯৭ সালের নারী নীতি বাস্তবায়ন, ২০০৪ সালের নারী নীতি রহিতকরণ, ২০০৮ সালের ঘোষিত নারী নীতি কার্যকরী করণ, ২০১১ সালের নারী নীতিতে উত্তরাধিকারে সম অংশিদারিত্ব প্রদানের জন্য। নারীর প্রতি সংহিসতা প্রতিরোধে তারা এখন অসহায় নারীর অভিভাবকের ভুমিকা পালন করছে। তবে প্রসংগক্রমে এটিও বলতে হয় যে স্বাধীনতা পূর্ব '৬৯ এর গণ আন্দোলন পরবর্তী নারী সংগঠন, এমনকি ৭০, ৮০, ৯০ এর দশকের নারী সংগঠনগুলোর মধ্যে যে গণ ভিত্তি ছিল সংগঠন ও সাধারণ কর্মীদের মধ্যে যে নীতিগত সম্পর্ক ছিল এখন তেমনটি নয়। ভিত্তিটা এখন আদর্শের নয়, অফিশিয়াল। অধিকাংশ সংগঠন বিদেশী সাহায্য সংস্থার অর্থে পরিচালিত হচ্ছে। জনমত গঠনের চেয়ে সরকারের সাথে অ্যাডভোকেসিতে তাদের অধিকতর উদ্যোগ পরিলক্ষিত হয়।

নারীর ক্ষমতায়ন : বেসরকারী সংস্থা

স্বাধীনতা পরবর্তীতে বাংলাদেশে বেসরকারী উন্নয়ন সংস্থা সমূহ সামাজিক উন্নয়ন বিশেষত নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে কাজ করে আসছে। জাতীয় সংসদে সংরক্ষিত আসনে সরাসরি নির্বাচন ও আসন সংখ্যা বৃদ্ধির জন্য বাংলাদেশের নারী সংগঠনগুলোর সাথে বেসরকারী উন্নয়ন সংস্থাগুলো একটি আন্দোলন প্রক্রিয়া গড়ে তুলেছে। যৌথ উদ্যোগ গ্রহণ করেছে সিডও সনদের সংরক্ষিত ধারা প্রত্যাহারের জন্য। প্রতিবাদী হচ্ছে মৌলবাদীদের দেওয়া ফতোয়ার বিরুদ্ধে। বাংলাদেশে বেসরকারী সংস্থাসমূহের পরিচালিত কর্মসূচীর মধ্য রয়েছে- আয় ও কর্মসংস্থান কর্মসূচী, পরিবার পরিকল্পনা, এডভোকেসি, পরিবেশ সংরক্ষণ, গণসংস্কৃতি কিশোর কিশোরিদের শিক্ষা কার্যক্রম। এনজিও পরিচালিত এসব কর্মসূচীর ফলে দরিদ্র নারীদের একটি অংশের ভিতর দলীয় শক্তি, ঐক্যের সৃষ্টি হয়েছে। প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধির কর্মসূচীর ফলে গ্রাম পর্যায়ে নারী নেতৃত্বের বিকাশ ঘটেছে। যার প্রভাব প্রতিফলিত হয়েছে স্থানীয় সরকার নির্বাচনে। তবে তাদের ব্যয়বহুল জীবন যাত্রা জনমনে কিছুটা প্রশ্নের উদ্রেক করে।

নারীর জন্য বেসরকারী সংস্থার কার্যক্রম

৩. বাংলাদেশের পঞ্চবার্ষিক পরিকল্পনাসমূহে নারীর জন্য বরাদ্দ ও কর্মসূচী বিশ্লেষণ

সাধারণত সরকারের ইচ্ছা ও কর্মসূচীর প্রকৃত প্রতিফলন হচ্ছে পঞ্চবার্ষিক পরিকল্পনাসমূহ। সূতরাং পঞ্চবার্ষিক পরিকল্পনায় নারীর জন্য গৃহীত কর্মসূচী এবং বাস্তবায়ন ব্যাখ্যা করলেই এসময় আমরা পরিকল্পনায় জেন্ডার সমতার অবস্থার চিত্রটি খুঁজে পাব।

প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৭৩-১৯৭৮) নারীদের উন্নয়নের বিষয়টি আলাদাভাবে অনুসৃত হয়নি, শুধু যুদ্ধকালীন সময়ে যারা নির্যাতীত এবং নিঃস্ব হয়েছিল তাদের কল্যাণ এবং পূণবার্সনকল্পে ৫টি কর্মসূচী চিহ্নিত করা হয়েছিল। কিন্তু প্রথম পরিকল্পনাকালে কর্মসূচীগুলো বাস্তবায়িত না হওয়ায় ১৯৭৮-১৯৮০ কালীন সময়ে আরো দুটি কর্মসূচী সহ মোট সাতটি প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা করা হয়। ১৯৮০ সাল নাগাদ ৭টি প্রকল্পের মধ্যে মাত্র দুটি সমাপ্ত করা সম্ভব হয়েছিল। এবং এই কর্মসূচীগুলো বাস্তবায়নে মোট সম্পদের শতকরা ১ ভাগেরও কম বরাদ্দ দেওয়া হয়েছিল।

দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৮০-৮৫) নারীদের আলাদা সত্তার স্বীকৃতিস্বরূপ মহিলা মন্ত্রণালয় গঠন করা হয়। উন্নয়ন কর্মকাণ্ডে নারী শিক্ষার প্রসার, দক্ষ কারিগর সৃষ্টির লক্ষ্যে ট্রেনিং দেওয়া, শিশু ও মায়ের স্বাস্থ্য সচেতনতা

বৃদ্ধি ইত্যাদি ছিল দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মুখ্য উদ্দেশ্য। এই উদ্দেশ্য সাধনের নিমিত্তে ২৫টি প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রায় ৯০০ মিলিয়ন টাকা বরাদ্দ দেওয়া হয়েছিল। এই টাকার পরিমাণ ছিল মোট বরাদ্দের শতকরা ০.৫৬ অংশ।

তৃতীয় পঞ্চবার্ষিকীতে নারীদের জন্য চাকুরিতে শতকরা দশভাগ কোটা নির্ধারণ করা হয়। স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনার ক্ষেত্রে নারীদের অংশগ্রহণ ব্যাপকভাবে বৃদ্ধির (৬০%) প্রস্তাব করা হয়। নারী উন্নয়নে দক্ষতা অর্জনের লক্ষ্যে সাতটি ক্ষেত্র চিহ্নিত করা হয়। ক্ষেত্রগুলো হচ্ছে হাঁস-মুরগি এবং ডেইরি খামার গড়ে তোলার লক্ষ্যে দক্ষতা অর্জন, কুটিরশিল্প এবং পোশাক শিল্পে শ্রমিক হিসাবে দক্ষতা লাভ। মোট ৫০০ মিলিয়ন টাকা নারী উন্নয়নের জন্য বরাদ্দ করা হয়েছিল। দ্বিতীয় পঞ্চবার্ষিকীর তুলনায় এর পরিমাণ ৪০০ মিলিয়ন টাকা কম এবং শতকরা হারে মোট বরাদ্দের মাত্র ০.১৩ ভাগ। এই সময় দাতা দেশগুলোর অনুদানের একটি অংশ নারী উন্নয়নের ক্ষেত্রে ব্যয়িত হয়।

দাতা দেশগুলোর অনুদানের অর্থের প্রায় শতকরা ৫৬ ভাগ ব্যয় হয়েছিল পরিবার পরিকল্পনার ক্ষেত্রে। অর্থাৎ নারীর প্রজনন ক্ষমতা রোধই হচ্ছে দাতা দেশগুলোর মুখ্য উদ্দেশ্য। সামাজিক এবং অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে দাতা দেশগুলোর ভূমিকা তুলনামূলকভাবে কম।

চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (১৯৯০-৯৫) নারীদের জাতীয় উন্নয়ন কার্যমের মূলধারায় নিয়ে আসাকে কেন্দ্র করে নারী সংগঠন, পেশাজীবি সংগঠন ও সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠানের মধ্যে প্রচুর আলোচনার জন্ম দেয়। দাতা সংস্থার আর্থিক সহায়তায় নারী সম্পর্কিত ব্যাপক সমীক্ষা, বাংলাদেশের নারী ইস্যুর সপক্ষে একটি শক্তিশালী ভিত তৈরী করে এবং সরকারকেও এ বিষয়ে মনোযোগী করে তোলে। এছাড়া এসময়ে বিশ্ব নারী সম্মেলনসমূহের প্রভাবও এই পরিকল্পনায় লক্ষ্য করা যায়। এই পরিকল্পনায় প্রধানমন্ত্রীকে সভা প্রধান করে নারী উন্নয়ন বিষয়ক জাতীয় পরিষদ গঠন করা হয়। এই পরিষদের বিভিন্ন মন্ত্রণালয়ের অধীন নারী বিষয়ক কর্মসূচীসমূহের দিক নির্দেশনা এবং এসব কর্মসূচীর তত্ত্বাবধান করার কথা। তবে এত কিছুর পরও পরিকল্পনার কর্মসূচী গতানুগতিক ছিল। সরকার বিষয়টিকে গুরুত্বসহকারে বিবেচনা করেছে এটি বলা যায়না।

পঞ্চম পঞ্চবার্ষিকী (১৯৯৭-২০০০)– পরিকল্পনার অন্যতম প্রধান লক্ষ্য নারী-পুরুষের ক্ষমতার ভারসাম্য আনয়ন। দৃষ্টিভঙ্গিগত পরিবর্তন সাধনের জন্য আইন, সমাজকাঠামো এবং নীতিগত ব্যবস্থাপনার পুনর্বিন্যাসের ঘোষণা রয়েছে এ পরিকল্পনায়। কৌশল হিসেবে অবলম্বন করা হয়েছে দারিদ্র্য নিরসন, নারীর কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্য, আইনি সাহায্য, ও নিরাপত্তা দানের মতো বিষয়সমূহ। এছাড়া নারীকে কর্মে সহায়তা দানের জন্য শিশুদিবাযত্ন কেন্দ্র, যাতায়াতের সুগম ব্যবস্থা দেয়ার মতো পদক্ষেপ গ্রহণ করা, নারীর অগ্রযাত্রাকে উন্নীত করার জন্য একটি পরিসংখ্যানগত ভিত তৈরি করা, যা নারীর জন্য যথার্থ পরিকল্পনা গ্রহণে প্রধান ভিত হিসেবে ভূমিকা রাখে।

ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা

(২০১১-২০১৫)-এই পরিকল্পনায় নারীকে সত্যিকার অর্থে মূল ধারায় গ্রহণ করা হয়েছে। পরিকল্পনার প্রতিটি ক্ষেত্রে



সারণি-৫

পঞ্চবার্ষিক পরিকল্পনায় নারী সেকটরের জন্য বরাদ্দ

(টাকা মিলিয়নে)

পরিকল্পনার বৎসর	মোট বরাদ্দ	নারী সেকটরের বরাদ্দ	মোট বরাদ্দের শতকরা হার
১৯৭৩-৮০	৮৪১৬০	২৯৮	০.৩৫
১৯৮০-৮৫	১৬০৬০০	৯০০	০.৫৬
১৯৮৫-৯০	৩৮৬০০০	৫০০	০.১৩
১৯৯০-৯৫	৬৭২৩০০	৮৮০	০.১৩

উৎস: পঞ্চবার্ষিকী পরিকল্পনাসমূহ: ১৯৮০, ১৯৮৫ ও ১৯৯০ (খসড়া)

নারীর অবস্থা তুলে ধরা হয়েছে, বিশ্লেষণ করা হয়েছে এবং নারী নীতি '১১ এর আলোকে সমাধানের পথ খোঁজা হয়েছে। তবে এই পরিকল্পনায় নারীনীতি ২০১১ সম্পর্কে বলা হয়েছে এ নীতি নারীর প্রতি সকল প্রকার বৈষম্যের অবসান ঘটাবে কিন্তু অর্থনৈতিক দিক থেকে বিচার করলে দেখা যায়, যেহেতু নীতিতে নারীর সম উত্তরাধিকারের ঘোষণা নেই অতএব এটি কখনও নারীর প্রতি সকল প্রকার বৈষম্য নিরসনের নীতি হতে পারে না। এছাড়া এ পরিকল্পনায় বেইজিং কর্মপরিকল্পনা এবং সিডও সনদের পূর্ণ বাস্তবায়নের কথা বলা হয়েছে। কিন্তু পরিকল্পনা প্রণয়নকালে জাতিসংঘের সিডও কমিটিতে বাংলাদেশের সরকারের পক্ষে যে রিপোর্ট প্রদান করা হয় তাতে সিডওর দুই নম্বর ধারা অনুমোদনের জন্য আরও সময় চেয়ে নেওয়া হয়। তবে এটিকে একটি আশার আলো হিসেবেও গ্রহণ করা যায়।

ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গ -এ পরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে কিছু বক্তব্য রাখতে চাই- যেমন, ইতিমধ্যে এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য পরিকল্পনা মন্ত্রণালয় একটি জাতীয় স্টিয়ারিং কমিটি গঠন করেছে। কমিটির কর্মপরিধিতে বলা হয়েছে জাতীয় স্টিয়ারিং কমিটি ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন কল্পে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগে সংশ্লিষ্ট সচিবের সভাপতিত্বে ওয়ার্কিং গ্রুপ গঠন করবে। কমিটিতে পিছিয়ে পড়া নারীদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কোন জেন্ডার রেসপনসিভ প্রতিনিধিত্ব এখানে নেই। এক্ষেত্রে এ সংশ্লিষ্ট পূর্ব অভিজ্ঞ সদস্যকে যুক্ত করা যায়। এরা হলেন- • সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উইড ফোকাল পয়েন্ট, • একজন জেন্ডার সচেতন প্রতিনিধি, যিনি বেসরকারীভাবে জেন্ডার সংবেদনশীল উন্নয়নের সাথে ঐ সেক্টরে দীর্ঘদিন যুক্ত আছেন, • এবং উক্ত মন্ত্রণালয় এর জেন্ডার রেসপনসিভ বাজেট প্রণয়নকারী।

কার্যপত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সমূহের জেন্ডার বিষয়ক কর্মপরিকল্পনা সার্বিকভাবে মনিটরিং করার জন্য কোন কমিটির প্রস্তাব করা হয়নি। এক্ষেত্রে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর ওমেন ডেভেলপমেন্ট ইমপ্লিমেনটেশন অ্যান্ড ইভালুয়েশন কমিটিকে মনিটরিং এর দায়িত্ব দেওয়া যায়। এই কমিটির জবাবদিহিতা রয়েছে ন্যাশনাল কাউন্সিল ফর ওমেন অ্যান্ড চিলড্রেন (এন সি ডব্লিউ সি ডি) এর নিকট। যার প্রধান মাননীয় প্রধানমন্ত্রী। মহিলা মন্ত্রণালয় এর উক্ত কমিটির দায়বদ্ধতা রয়েছে পার্লামেন্টারি স্ট্যান্ডিং কমিটি অন ওমেন অ্যান্ড চিলড্রেন অ্যাফেয়ার্স এর নিকট। এখানে পারস্পারিক সম্পর্ক রয়েছে উইড ফোকাল পয়েন্ট/নেটওয়ার্ক কমিটি/উইড এসোসিয়েট ফোকাল পয়েন্টদের সাথে। এদের সাথে যুক্ত থাকবেন ফোকাল পয়েন্ট লাইন মিনিস্ট্রি, উইড ফোকাল পয়েন্ট সার্ভিসিং মিনিস্ট্রি। অতএব বহুল সম্পর্কিত এই কমিটির পূনর্জাগরণ ঘটালে এবং সার্বিকভাবে উপরি কাঠামো থেকে জবাবদিহিতার সংস্কৃতি সৃষ্টি করলে আমরা জেন্ডার সমতা অর্জনে দ্রুত এগিয়ে যেতে পারব। এ জায়গায় আমাদের মনোযোগ দেওয়া প্রয়োজন।

পরিবীক্ষণ-নীতিগতভাবে আমরা একমত হব যে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার কর্মসূচী হবে পরিমাপ যোগ্য। যার জবাব দিহিতা হবে স্বচ্ছ। জি ই ডি ইতোমধ্যে যে ৩৫টি ইন্ডিকেটর দিয়েছে তার মধ্যে সরাসরি জেন্ডার রেসপনসিভ

সারণি-৬

নারী বিষয়ক প্রকল্পের জন্য দাতা দেশের সাহায্য, ১৯৮০-৮৬ (ডলার)

প্রকল্পের ধরণ	মোট বরাদ্দ অর্থ	শতকরা হারে বরাদ্দ
স্বনির্ভর কর্মসূচি	২১৮৩১৯	২৫.৭
স্বাস্’্য	২০০৯১	২.৩
পরিবার পরিকল্পনা	৪৬০৬৭৩	৫৫.৭
শিা	৬৫৯২৯	৭.৮
কৃষি	২৪৭৮	০.৩
গণপূর্ত কাজ	২৯৯৭৬	৩.৫
ট্রেনিং	৩৮৯৩৯	৪.৬
গবেষণা	১২৫৩	০.১

উৎস: T.C shaffer: Survey of Development Projects and Activities for Women in Bangladesh (Dhaka, 1986) Human Development in Bangladesh, Empowerment of Women Dhaka, UNDP. 1994.

ইন্ডিকেটর রয়েছে একটি। আর অপ্রত্যক্ষভাবে রয়েছে দুইটি। এই দুটি হলো এডুকেশন এবং হেলথ। যদিওবা প্রতিটি ইন্ডিকেটর বিশ্লেষণ করলে কিছুটা জেন্ডার রেসপনসিভনেস পাওয়া যাবে তারপরও বলতে হয় জেন্ডার রেসপনসিভ ইন্ডিকেটরের সংখ্যা এখানে কম। নারীর অর্থনৈতিক অগ্রগতির উপর বাংলাদেশের মধ্যম আয়ের দেশ হওয়া অনেকাংশে নির্ভর করে। ৩৫টি ইন্ডিকেটরের মধ্যে এখানে জেন্ডার সেনসিটিভ ইন্ডিকেটরের সংখ্যা খুব কম মনে হচ্ছে। আমরা কেন প্রতিটি গোল এর বিপরীতে অথবা প্রতিটি মন্ত্রণালয় এর জন্য একটি ইন্ডিকেটর নির্ধারণ করিনা? নারী নির্যাতন একটি ভয়ংকর সমস্যা। এই সমস্যা দূর করাকে আউটকাম ধরে কেন আগামী ৫ বছরের জন্য ইন্ডিকেটর সেট করিনা? ওমেনস পলিটিক্যাল এমপাওয়ারমেন্ট এনহেনস্ড। এটিকে আউটকাম ধরে কেন আমরা ইন্ডিকেটর সেট করিনা?

- ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার জেন্ডার সমতা বিষয়ক কর্মসূচী যথাযথ বাস্তবায়নের মূল শর্ত হলো যারা এই পরিকল্পনার কেন্দ্রবিন্দুতে রয়েছেন, কর্মসূচী পরিচালনা করছেন তারা আদতে জেন্ডার সমতায় বিশ্বাস করেন কিনা? এটি একটি মৌলিক প্রশ্ন। এসব কর্মকর্তাদের অংশগ্রহণমূলক পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয়তা রয়েছে।
- সরকারী কর্মকর্তাদের বাৎসরিক গোপনীয় প্রতিবেদনে কোন একটি কলামে চলতি বছরে তিনি জেন্ডার সংবেদনশীল কি কাজ করেছেন তা জানতে চাওয়া যায়। এতে একইসাথে একজন নাগরিক হিসেবে জেন্ডার সংবেদনশীলতা সম্পর্কে তার ধারণা হবে।
- গৃহীত জেন্ডার সংবেদনশীল কার্যমে গণমাধ্যমে নিয়মিত প্রচার রাখা প্রয়োজন। এই প্রচার জনগণের মধ্যে কর্মসূচী সম্পর্কে আগ্রহ ও সচেতনতা বাড়াবে, এছাড়া এধরণের প্রচার জনগণের কাছে প্রশাসনের একধরণের জবাবদিহিতা তৈরী হবে।

মূল্যায়ন-গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি মন্ত্রণালয়ে নিজস্ব পদ্ধতিতে বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের ব্যবস্থা রয়েছে। এছাড়া আই এম ই ডি এর নিজস্ব মূল্যায়ন ফরমেট রয়েছে। মনে রাখার বিষয় বাংলাদেশের উন্নয়নে নারীর অংশগ্রহণ দ্রুত বেড়ে চলেছে। এই পরিপ্রেক্ষিতে কয়েক বছর আগে করা মূল্যায়নের ইন্ডিকেটরগুলো সংস্কার করতে হবে।

বাংলাদেশে দারিদ্র নিরসন কৌশল দলিলে জেন্ডার সমতা

প্রসংগক্রমে বলতে হয় ১৯৯১ সালে সেপ্টেম্বর মাসে বিশ্ব ব্যাংক ও আই এম এফ দরিদ্র দেশগুলোর ঋণ গ্রহণের জন্য একটি নির্দেশনা প্রণয়ন করে। নির্দেশনায় বলা হয় দরিদ্র দেশ যারা ঋণ পেতে চায় তাদের দারিদ্র নিরসন কৌশল প্রণয়ন করতে হবে। তদনুসারে বাংলাদেশ দারিদ্র নিরসন কৌশল প্রণয়ন করে। ঐ কৌশলসমূহে নারীর জন্য দারিদ্র নিরসন কৌশল প্রণয়ন করা হয়।

৪. জাতীয় বাজেটে জেন্ডার সংবেদনশীলতা

গত এক দশক ধরে বাংলাদেশের জেন্ডার সংবেদনশীল বাজেট প্রণয়নের বিষয়টি আলোচনায় গুরুত্ব পাচ্ছে। নারী সংগঠনগুলো এ বিষয়ে গবেষণার উদ্যোগ নিয়েছে। জেন্ডার সংবেদনশীল বাজেটের লক্ষ্য হলো-

- জেন্ডার বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং নারীর ওপর বাজেট ও নীতিমালার প্রভাব বোঝানো।
- জেন্ডার বাজেট এবং নীতিমালার ক্ষেত্রে প্রতিশ্রুতির ব্যাপারে সরকারী জবাবদিহিতা বাড়ানো।
- জেন্ডার সমতা প্রতিষ্ঠার জন্য সরকারী বাজেট এবং নীতিমালায় পরিবর্তন এবং পরিবর্ধন আনা।

তবে গুরুত্বপূর্ণ বিষয় হলো আলোচনার সব কেন্দ্রবিন্দু কেন্দ্রীভূত হচ্ছে উন্নয়ন বাজেট নিয়ে। দাবি করা হচ্ছে কেবল নারীর জন্য গৃহীত উন্নয়ন প্রকল্প এবং উন্নয়ন বরাদ্দ বৃদ্ধি করতে হবে। নারী সংগঠনগুলো বলছে এই প্রকল্পগুলো সনাতনী কর্মকান্ডের নয়, নারীর দক্ষতা ও সৃজনশীলতা বৃদ্ধি করতে পারে এরূপ হতে হবে। এ দাবি, এ আশা কিছুটা পূরণ হতে চলেছে বলা যায়। বাংলাদেশ ২০০৬-০৭ সালের বাজেটে জেন্ডার বাজেটিং শিরোনামে ৭ লাইনের একটি অনুচ্ছেদ অন্তর্ভূক্ত করা হয়। বর্তমান সরকার ২০০৯-১০, ২০১০-১১ এবং ২০১১-১২ সালের উন্নয়ন প্রকল্পগুলোতে নারীর অংশ সুনির্দিষ্ট করে দিয়েছে। এছাড়া বাজেট ঘোষণা কালে নারীর অর্থনৈতিক অবস্থানের একটি খাতভিত্তিক চিত্র তুলে ধরা হয়েছে-প্রথম দফায় চারটি, তার পরের বছর দশটি এবং ২০১১-১২ সালে বিশটি মন্ত্রণালয়ের জেন্ডার প্রতিবেদন। বাজেটের সাথে উপস্থাপন করা হয়েছে। যদিওবা বছরের এ বরাদ্দ শেষতক কতখানি কার্যকর হয়েছে তার কোন রিপোর্ট এ প্রতিবেদন ধারণ করে না যা একান্তই অপরিহার্য বিষয়। বাজেটের সাথে প্রদত্ত 'জেন্ডার বাজেট প্রতিবেদন' উন্নয়ন বাজেটে নারীর জন্য উন্নয়নের কত অংশ বরাদ্দ করা হয়েছে শুধু সে তথ্যই দিচ্ছেনা, এ প্রতিবেদনে প্রতিটি মন্ত্রণালয়ের জেন্ডার সমতা চিত্রের অবস্থা ও অবস্থানগত তথ্য জনগণের অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে। এটি নিঃসন্দেহে একটি জেন্ডার সংবেদনশীল পদক্ষেপ। ২০১১-১২ সালে প্রদত্ত বাজেটের প্রতিবেদন চিত্রটি এরূপ যা একইসাথে বিভিন্ন মন্ত্রণালয়ের সিদ্ধান্ত গ্রহণ পর্যায়ে নারীচিত্রকেও উপস্থাপন করেছে।

বাজেটে নারী উদ্যোক্তাদের জন্য প্রদত্ত সহায়তা

- ২০০৯-১০ অর্থবছরের বাজেটে ক্ষুদ্র এবং মাঝারি নারী উদ্যোক্তাদের জন্য ব্যাংক ঋণের সুদের হার ১০ শতাংশে কমিয়ে আনা এবং এই খাতে বরাদ্দের ন্যূনতম শতকরা ১৫ ভাগ নারী উদ্যোক্তাদের জন্য রাখার প্রস্তাব করা হয়।
- ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানকে সহায়তার জন্য বর্তমান বার্ষিক ৪০ লক্ষ টাকা টার্নওভারের সর্বোচ্চ সীমা ৬০ লক্ষ টাকা করা হয়েছে। এতে নারী উদ্যোক্তাদের জন্য সুবিধা হবে।

বাংলাদেশের বাজেটীয় সম্পদের কাঠামো বিশেষ করে কর রাজস্ব আয়ের কাঠামো জেন্ডার সংবেদনশীলতা অর্জনের পথে অন্তরায়। কারণ অধিকাংশ বছর আয়ের সিংহভাগ আসে পরোক্ষ কর হতে। প্রকৃতিগতভাবে পরোক্ষ কর পশ্চাৎ মুখী (Regressive) কেননা প্রত্যক্ষ করের বোঝা যেখানে আয় উপার্জনকারীর উপর পরে, সেখানে পরোক্ষ করের বোঝা পরে ভোক্তার উপর। এই ভোক্তা অতি দরিদ্রও হতে পারেন। অথবা অতি উচ্চবিত্তও হতে পারেন। বিভিন্ন গবেষণা প্রকাশ করছে পরোক্ষ করের বোঝা দরিদ্রের উপর বেশী পরে। গবেষণা আরও বলছে

দরিদ্রদের মধ্যে নারীর অংশ পুরুষের তুলনায় বেশী, তাই পরোক্ষ করের বোঝা নারীদের উপরই গড়িয়ে পরে।

আমরা যদি রাজস্ব বাজেটে নারীদের অংশ দেখতে চাই, দেখা যাবে নারীর তুলনায় এ বাজেটের অনেক বেশী অংশের উপর পুরুষের অধিকার রয়েছে। বাজেটের বিরাট অংশ খরচ হয় সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, বিভিন্ন ভাতা, এবং পেনশন প্রদান করতে। এ খরচে পুরুষের অংশ ব্যাপক, মোট সরকারী কর্মকর্তাদের মাত্র ১৫ শতাংশ হচ্ছেন মহিলা। এছাড়া ভর্তুকি, দান, অনুদান প্রদানে যে বিপুল খরচ হয় তার বিশেষ কিছু নারী পায়না। কারণ ভর্তুকির জায়গাগুলো পুরুষের একক অংশীদারিত্বে রয়েছে।

নারীর উপর বিনিয়োগ অত্যন্ত উৎপাদনশীল, এটি প্রমানিত সত্য। গবেষণায় দেখা যায়, নারীর শিক্ষা ও স্বাস্থ্যের উপর বিনিয়োগ করলে তা কয়েকগুণ বৃদ্ধি পায়। এছাড়া ক্ষুদ্র উদ্যোক্তা যাদের মধ্যে অধিকাংশই মহিলা তাদের ব্যবসায়ের লাভ বিনিয়োগের তুলনায় বেশী। এখানে নিশ্চিতভাবে বলা যায় যে নানা রাজস্ব নীতির মাধ্যমে নারীর দিকে সম্পদ প্রবাহ বৃদ্ধি করলে তা রাজস্ব খাতের ইতিবাচক অর্জন হবে। তাই জেন্ডার সংবেদনশীল কর ও শুল্ক ব্যবস্থা কেবল নারীর কল্যাণের জন্যই জরুরী নয় পুরো দেশের কল্যাণের জন্যই জরুরী। অতএব নারী উদ্যোগী কর্মকান্ডকে শক্তিশালী করার জন্য বেশ কিছু রাজস্ব পদক্ষেপ নেওয়া যায়। নারী পরিচালিত শিল্পকে কিছুদিন পর্যন্ত ভ্যাটের আওতার বাহিরে রাখা, নারী পরিচালিত যেসব ব্যবসা বিদেশী কাঁচামালের উপর নির্ভর করে তাদের আমদানীর উপর শুল্ক রেয়াতদ দেওয়া, নারী উদ্যোক্তগণ যেসব পণ্য উৎপাদন করে বিদেশ থেকে তার আমদানি বন্ধ করা, অথবা উচ্চহারে শুল্ক বসানো। নারী উদ্যোক্তাগণ যাতে সহজেই গ্যাস বিদ্যুৎ সংযোগ পান, সেজন্য রাজস্ব বাজেটে কিছু Affirmative Action নেওয়া। নারীদের তথ্য সরবরাহের জন্য কল সেন্টারগুলোকে বিশেষ ছাড় দেওয়া। এক্ষেত্রে প্রয়োজন কল সেন্টারগুলোকে ভর্তুকি দেওয়া। নারী উদ্যোক্তাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রশাসনে রাজস্ব ব্যবস্থা রাখা।

৫. বাংলাদেশের নারী উন্নয়নে অথবা জেন্ডার সমতা আনয়নে আন্তর্জাতিক সনদ ও সম্মেলনের ভূমিকা

ষাটের দশকে অতীত কর্ম মূল্যায়ণের পর জাতিসংঘ এ সিদ্ধান্তে পৌছায় যে বিশ্ব খাদ্য সংকট ও জনসংখ্যা সমস্যা নিরসনের জন্য নারীকে অর্থনীতিতে উপকারভোগী নয় অংশীদারিত্ব দিতে হবে।

বিজয়ের মাত্র চার বছরের মধ্যে জাতিসংঘ আহুত ১৯৭৫ সালে বিশ্ব সম্মেলন এবং ১৯৭৬-৮৫ পর্যন্ত নারী দশক উদযাপনের কর্ম পরিকল্পনায় বাংলাদেশ অত্যন্ত উদ্দীপ্তভাবে অংশগ্রহণ করে। ধীরে ধীরে দেশে নারী উন্নয়ন বিষয়ক আলোচনা গুরুত্ব পেতে থাকে।

জাতিসংঘ ১৯৪৮ সালে সর্বস্তরের জনগণের জন্য মানবাধিকার সনদ অনুমোদনের পর বাস্তবায়ন ক্ষেত্রে প্রত্যক্ষ করে- নারী এর সুফল পাচ্ছেনা। তখন ধারণা করা হয় যে, প্রথমত এ সুফল গ্রহণ করার মত নারীর সক্ষমতা নেই, দ্বিতীয়ত- সন্তান ধারণ ক্ষমতার জন্য নারীর আরও অতিরিক্ত কিছু পাওনা আছে। এ উপলদ্ধি থেকে ১৯৭৯ সালে জাতিসংঘ সাধারণ পরিষদে নারীর জন্য বিশেষভাবে সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ CEDAW অনুমোদন করা হয়। ১৯৮৪ সালে প্রেসিডেন্ট এরশাদের সময়কালে বাংলাদেশ সিডও এর ২টি ধারা সংরক্ষণ রেখে সনদে স্বাক্ষর করে।

সংরক্ষিত ধারাসমূহ হলো- ধারা ২- রাষ্ট্র কর্তৃক নারীর প্রতি সকল প্রকার বৈষম্য নিরসন করে সমতা স্থাপনের নীতিমালা গ্রহণ। ধারা ১৬-১(গ) বিবাহ ও বিবাহ বিচ্ছেদ কালে নারী-পুরুষের একই অধিকার। ধারা ১৬-১(চ) অভিভাবকত্ব প্রতিপালকত্ব, ট্রাস্টিশীপ ও পোষ্যসন্তান বিষয়ক।

পর্যবেক্ষণে দেখা গেছে বাংলাদেশের সংবিধানের সাথে এ সনদের কোন গড়মিল নেই। এ সনদের বৈশিষ্ট হলো

প্রতি চার বছরান্তে স্বাক্ষরকারী দেশকে জাতিসংঘ সিডও কমিটির নিকট রিপোর্ট পেশ করতে হয় এবং পরবর্তী রিপোর্টের বিষয় নির্ধারণ করতে হয়। বাংলাদেশ ১৯৯৭ সালে সম্মিলিত ৩য় ও ৪র্থ প্রতিবেদন উপস্থাপনের সময় ধারা ১৩(ক) ও ১৬ এর আংশিক অংশ প্রত্যাহার করে।

ইতোমধ্যে বাংলাদেশ সিডও সনদের বিভিন্ন ধারা অনুসারে বাল্যবিবাহ রোধে সহায়তার জন্য রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করণ, বিয়েতে ছেলের বয়স ২১ এবং মেয়ের বয়স ১৮ নির্ধারণ করেছে। কর্মক্ষেত্রে গেজেটেড পদে ১৫% চাকুরী নারীর জন্য নির্দিষ্ট করেছে। প্রাথমিক শিক্ষকদের শূন্যপদে শতকরা ৬০ ভাগ নারী শিক্ষক নেওয়ার কার্য□ম চলছে,

২০১১-১২ সলের বাজেটের জেন্ডার প্রতিবেদন অবলম্বনে নারী বিষয়ক পরিসংখ্যান চিত্র

সারণী ৭

মন্ত্রণালয়ের নাম ২০১১-১২	কর্মকর্তার শতকরা হার ২০১০-১১		অংশ (%)		প্রকল্পে নারী উন্নয়নের
	পুরুষ	নারী	পুরুষ	নারী	
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	৮১.৭০	১৮.৩০	৯১.৬০	০৮.৩৯	২৩
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	৮২.৫০	১৭.৫০	৭৪.০০	২৬.০০	৩৪
নৌ পরিবহন মন্ত্রণালয়	-	-	৯২.৫৯	০৭.৪১	১৪
সড়ক ও রেলপথ বিভাগ	-	-	৯৪.০	০৬.০০	১৯
দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ বিভাগ	-	-	৯৪.০৪	০৫.৯৬	৭৮
পানি সম্পদ মন্ত্রণালয়	৯৫.২৯	০৪.৭১	৯৫.৫২	০৪.৪৮	৩৮
ভূমি মন্ত্রণালয়	-	-	৯২.৪০	০৭.৬০	১৩
পরিবেশ ও বন মন্ত্রণালয়	৯৩.২১	০৬.৭৯	৯৫.০০	০৫.০০	৪৪
এৎস ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়	৯০.৩০	০৯.৭০	৯০.১৪	০৯.৮৬	৩১
কৃষি মন্ত্রণালয়	৯১.৩৫	০৮.৬৫	৯২.৩৩	০৭.৬৭	৩৫
তথ্য মন্ত্রণালয়	৮৪.৩৩	১৫.৬৭	৮৫.৩৯	১৪.৬১	১০
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	-	-	৮৮.০০	১২.০০	৬৭
স্থানীয় সরকার বিভাগ	-	-	৯৬.৬০	০৩.৪০	৫২
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	-	-	৮৫.৫৫	১৪.৪৫	২০
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	-	-	২৮.০৮	৭১.৯২	৮০
সমাজ কল্যাণ মন্ত্রণালয়	-	-	৬৮.৮২	৩১.১৮	৪০
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	-	-	৭৮.০০	২১.৯০	৪০
বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়	-	-	৭৬.৬১	২৪.২৮	২০
শিা মন্ত্রণালয়	-	-	৭৪.০৭ (২০০৯-১০)	২৫.৩০ (২০০৯-১০)	২৮
প্রাথমিক ও গণশিা মন্ত্রণালয়	৮১.৭৩	১৮.২৭	-	-	

তথ্যসূত্র: জেন্ডার বাজেট প্রতিবেদন বাজেট ২০১১-১২।

স্থানীয় সরকারের ৪টি স্তরের কাঠামোতে এক তৃতীয়াংশ আসন নারীর জন্য সংরক্ষণ ও সরাসরি নির্বাচনের বিধান কার্যকরী হয়েছে, ছাত্রীদের উপবৃত্তি দেওয়া হচ্ছে। অপ্রচলিত কর্মক্ষেত্রে নারীদের নিয়োগ দেওয়া হচ্ছে। তবে এসব ধারা বাস্তবায়নে চ্যালেঞ্জও রয়েছে। চ্যালেঞ্জ রয়েছে সংরক্ষিত ধারা প্রত্যাহারের ক্ষেত্রে। ২০১১ সালে সিডও কমিটির নিকট ষষ্ঠ ও সপ্তম পিরিয়ডিক রিপোর্ট উপস্থাপন কালে জেন্ডার বিষয়ক অন্যান্য ধারার কার্য□মের অগ্রগতির সাথে সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্য অর্জনে সিডও সনদের পূর্ণ কার্য□ম বাস্তবায়ন অপরিহার্য এ মন্তব্য করেছে।

বাংলাদেশ সিডও সনদ ছাড়াও ১৯৯৫ সালে চীনের বেইজিং এ অনুষ্ঠিত "বেইজিং প্ল্যাটফরম ফর একশনের" ১২টি জেন্ডার সমতা বিষয়ক কর্মসূচী বাস্তবায়নের নিঃশর্ত স্বাক্ষর দান করেছে। এ সম্মেলনে স্বাক্ষর দিয়েছে বেগম খালেদা জিয়ার সরকার। সম্মেলনে ১২টি বিষয়ের প্রত্যেকটিতে বাংলাদেশ কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এবং এসব ক্ষেত্রে নারী উন্নয়ন চলছে। তবে চ্যালেঞ্জও রয়েছে প্রতিটি ক্ষেত্রে। বিশেষত নারী নীতি গ্রহণকালে 'নারীর সম উত্তরাধিকার বিষয়টি' রাজনৈতিক গুটি হিসেবে ব্যবহৃত হচ্ছে। তবে আশা করা যায়- অদূর ভবিষ্যতে বাংলাদেশ, অন্যান্য মুসলিম দেশ ও পার্শ্ববর্তী দেশসমূহে গৃহীত উদ্যোগ গ্রহণ করবে এবং সিডও এর সংরক্ষিত ধারা তুলে নেবে।

শেষের কথা

অর্থনীতিবিদদের মতামত দিয়ে প্রবন্ধের শেষের কথা বলতে চাচ্ছি-

উন্নয়ন অর্থনীতিবিদদের মতে- অর্থনীতির প্রবৃদ্ধি ও এর সুফল নারী-পুরুষ সমভাবে পায় না।

- নিউক্ল্যাসিক্যাল অর্থনীতির ধারণা অনুযায়ী-অর্থনৈতিক এজেন্ট যৌক্তিক (Individual Rational Agent) হবে। কিন্তু নারী-পুরুষের সামাজিক দায়বদ্ধতার ধরণের পার্থক্য এবং প্রচলিত সামাজিক সম্পর্কের কারণেই নারী ও পুরুষের পছন্দক্রম ও আচরণ ভিন্ন হয় এবং সবসময় স্বাধীনভাবে সিদ্ধান্ত নিতে পারে না, বিশেষত মেয়েদের ক্ষেত্রে সামাজিক শৃঙ্খলা ও দায়বদ্ধতার পার্থক্যের কারণে একজন Individual Rational Agent হিসেবে নারীর সিদ্ধান্ত প্রায় বেশীর ভাগ ক্ষেত্রেই সমঝোতা ভিত্তিক, নিয়ন্ত্রিত, নির্ভরশীল ও পরিবর্তিত হয়ে থাকে।
- আমাদের সমাজে যে সুযোগগুলো অর্থনীতিতে রয়েছে সেগুলো ব্যবহার করার জন্য নারীর উপায় বা ক্ষমতা থাকে না। যেমন, শিক্ষা এবং দক্ষতার অভাবে নারীরা অনেক কাজ করতে পারেনা কিংবা শুধুমাত্র স্বল্প আয়ের এবং নীচু পর্যায়ের কাজগুলোতে অংশ নিতে পারে। এটি এমনকি বাংলাদেশের তৈরী পোশাক শিল্পে নিয়োগের ক্ষেত্রেও সত্য। যেখানে শতকরা ৭৫ ভাগ শ্রমিকই নারী। প্রশাসনিক, ব্যবস্থাপনা, কর্পোরেট খাত ইত্যাদির বেলায়ও এটি বিদ্যমান। আর এ কারণেই দেখা দেয় আয় বৈষম্য।
- অর্থনীতিবিদ এবং তাত্ত্বিকগণ যেমন- জন স্টুয়ার্ট মিল, অ্যাডাম স্মিথ এবং কার্ল মার্কস যুক্তি দিয়েছিলেন মানুষের সহজাত ক্ষমতা নয়, বরং শিক্ষা এবং প্রশিক্ষণের মাধ্যমেই উৎপাদনশীলতা বাড়ানো যায়। সমাজের আয় বৈষম্য এই তত্ত্ব দিয়ে ব্যাখ্যা করা যায়।
- গ্যারি বেকার, থিওডোর শুলজ এবং অ্যাডাম স্মিথের মতো অর্থনীতিবিদগণ তাদের বিখ্যাত 'মানব মূলধন' তত্ত্বের মাধ্যমে মানব মূলধনের ওপর বিনিয়োগ করতে বলেছেন। তার সুফল যদিও ব্যয়সাপেক্ষ, কিন্তু সুদূর প্রসারী।
- বাংলাদেশ সহ পৃথিবীর প্রায় সব দেশেই বর্তমানে যে উন্নয়ন প্রক্রিয়া এবং ধারা চলছে তা অসম এবং অঅন্তর্ভূক্তিমূলক। আর তার পেছনে কারণ হলো এই উন্নয়ন প্রক্রিয়ায় সবাইকে অন্তর্ভূক্ত করা হয়না। নারীরা মূলত দুভাবে উন্নয়ন প্রক্রিয়ায় পুরোপুরি অন্তর্ভূক্ত হতে পারে না।
- সুযোগের অভাব অর্থাৎ বিদ্যমান অর্থনীতি নারীর জন্য কাজের এবং আয়ের পর্যাপ্ত সুযোগ করে দিতে পারেনা।
- সুযোগ সৃষ্টি করে দেয়াটাই যথেষ্ট নয়। সুযোগ কোন কাজেই লাগবে না যদি না তার ব্যবহার করা যায়। তাই দ্বিতীয় প্রয়োজনটি হলো সক্ষমতার, যেটির অভাব রয়েছে নারীর।
- কাউকে কোন পণ্য দিলেই তার জীবনযাত্রার মান বদলে যায়না। বদলানোটা নির্ভর করে ওই পণ্যটির ব্যবহার করার সক্ষমতা ওই ব্যক্তিটির রয়েছে কিনা তার ওপর (অমর্ত সেন ১৯৮৫)।
- অর্থনীতিবিদদের মতামতকে আমরা যথার্থ মনে করি। বাংলাদেশের নারী অর্থনীতিকে আমরা এভাবেই

দেখতে চাই ।

তথ্যপঞ্জি

১. সাহা, তপতি, *নারীর ক্ষমতায়ন : ধারণাগত কাঠামো ও বাংলাদেশ প্রেক্ষিত*, বাংলাদেশ উন্নয়ন সমীক্ষা, বিংশতিতম খন্ড, বার্ষিক সংখ্যা, ১৪০৯ ।

২. বেগম, হান্নানা, *বেইজিং কর্মপরিকল্পনার পরবর্তীতে বাংলাদেশের অর্থনীতিতে নারী*, সেমিনার প্রবন্ধ, ঢাকা স্কুল অফ ইকোনোমিক্স, ২৩-২৮ এপ্রিল, ২০১১ ।

৩. আখ্‌তার, কাজী সুফিয়া, (২০০৬), *মৌলবাদ মানবাধিকারের অন্তরায়*, বাংলাদেশ মহিলা পরিষদ, সেমিনার প্রাবন্ধ ।

৪. বেগম, হান্নানা, *সিডও ও বাংলাদেশ*, সেমিনার প্রবন্ধ, বাংলাদেশ অর্থনীতি সমিতি, সেপ্টেম্বর, ২০০৮ ।

৫. মজুমদার, প্রতিমা পাল, *জাতীয় বাজেটের জেন্ডার সংবেদনশীলতা অর্জনে রাজস্ব নীতি এবং রাজস্ব বাজেটের ভূমিকা*, বালাদেশ উন্নয়ন সমীক্ষা, সপ্তবিংশতিতম খন্ড, বার্ষিক সংখ্যা, ১৪১৬ ।

৬. বেগম, হান্নানা, *নারী ও বাংলাদেশের অর্থনীতি*, আয়শা প্রকাশনা, ঢাকা ।

৭. বেগম, হান্নানা, *নারীর মানুষ হওয়ার সংগ্রাম : জাতিসংঘের উদ্যোগ ও বাংলাদেশের চালচিত্র*, উন্নয়ন কথা, ঢাকা ।

৮. খাতুন ফাহমিদা, *জেন্ডার সংবেদনশীল অর্থনীতি ও জাতীয় বাজেট ।*

৯. শাহমদন, *জাতিসংঘে নারীর প্রতি বৈষম্যদূরীকরণ কমিটির সমাপনী অভিমত* (অনুবাদ) উন্নয়ন পদক্ষেপ সপ্তদশ বর্ষ, প্রথম সংখ্যা জুন ২০১১ ।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

ট্রানজিট বনাম ট্রান্সশীপমেন্ট : কোন্‌টি বাংলাদেশের জন্য শ্রেয়

মায়মুন আলী*

ট্রানজিট বা ট্রান্সশীপমেন্ট বর্তমানে বহুল আলোচিত একটি বিষয়। সম্প্রতি বাংলাদেশ সরকার বাংলাদেশের উপর দিয়ে ভারতের উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যে ট্রানজিট বা ট্রান্সশীপমেন্টের মাধ্যমে ভারতীয় পণ্য পরিবহনের সুযোগ দিতে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং এ ব্যাপারে কিছু পদক্ষেপও গ্রহণ করেছেন। বিশ্বময় কানেকটিভিটির বরাত এবং বাংলাদেশের আর্থিক লাভালাভের বিষয়ে সরকারেরর জোর প্রচারণা এবং অর্থনীতিবিদদের কৌশলী উপস্থাপনা জনগণের ট্রানজিট বিরোধী মনোভাবকে আস্তে আস্তে সহজতর করে তুলেছে।

ট্রানজিট কি- কোন দেশের পণ্য দ্রব্য ঐ দেশের পরিবহনের মাধ্যমে অন্যদেশের উপর দিয়ে চলাচল করার পদ্ধতিকে ট্রানজিট (Transit) বলে। যেমন- ভারতীয় পণ্য ভারতীয় পরিবহনের মাধ্যমে বাংলাদেশের উপর দিয়ে চলাচল করার ব্যবস্থা করা হলে বাংলাদেশ-ভারতকে ট্রানজিট দিয়েছে বলা হয়। [Hornsby's oxford advanced learner's Dictionary of Current English]

ট্রান্সশীপমেন্ট কি- কোন দেশের পন্য অন্যদেশের পরিবহনের মাধ্যমে ঐ দেশের উপর দিয়ে চলাচলের ব্যবস্থাকে ট্রান্সশীপমেন্ট (Trans-Shipment) বলে। যেমন- ভারতীয় পণ্য দ্রব্য বাংলাদেশী পরিবহনের মাধ্যমে বাংলাদেশের উপর দিয়ে চলাচলের ব্যবস্থা করা হলে বাংলাদেশ ভারতকে ট্রান্সশীপমেন্ট দিয়েছে বলা হয়। [H.W. Fowler's A dictionary of Modern English Usage.]

গোড়ার কথা- পাকিস্তান আমলে জলপথে ভারত ট্রানজিট সুবিধা ভোগ করত। প্রফেসর রেহমান সোবহান প্রণীত ট্রান্সফরমিং ইষ্টার্ণ সাউথ এশিয়া/Transforming Eastern South Asia থেকে জানা যায়, ১৯৬৩ সালে ভারত জলপথে ট্রানজিট সুবিধা ব্যবহার করে প্রায় ১৭ লক্ষ টন পণ্য আসামে প্রেরণ করে। কিন্তু ১৯৬৫ সনের পাক-ভারত যুদ্ধের পর এই সুবিধা প্রত্যাহার করা হয়। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালে বাংলাদেশ-ভারতের মধ্যে বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হয়। সে সময় শেখ মুজিবুর রহমানের সরকার ভারতকে ট্রানজিট প্রদানে আগ্রহী হয়। ১৯৮০ সালে তৎকালীন জিয়াউর রহমান সরকারের বাণিজ্য প্রতিমন্ত্রী চৌধুরী তানভীর আহমদ

---

* প্রভাষক, অর্থনীতি বিভাগ, হাটহাজারী কলেজ, হাটহাজারী, চট্টগ্রাম।

প্রবন্ধটি বাংলাদেশ অর্থনীতি সমিতি, চট্টগ্রাম চ্যাপ্টার আয়োজিত দ্বি-বার্ষিক সম্মেলন, ২০১১-তে উপস্থাপিত হয়েছিল। সম্মেলন স্থান: থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম। তারিখ: ৫ ফেব্রুয়ারি, ২০১১।

ছিদ্দিকী এবং ভারতীয় বাণিজ্যমন্ত্রী প্রণব মুখার্জীর সাথে এ বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিটি ১৯৮০ সালের ৪ঠা জানুয়ারি হতে কার্যকর হওয়ার কথা থাকলেও তা বাস্তবায়িত হয়নি। পরবর্তী সময়ে ১৯৮৩ ও ১৯৮৬ সালে এটিকে দু'বার নবায়ন করা হয়। ১৯৯৩ সালে বেগম খালেদা জিয়া সরকারের আমলে ঢাকায় অনুষ্ঠিত সার্ক সম্মেলনে SAPTA চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির ১২ নং ধারায় বলা হয়, অত্র অঞ্চলের বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে প্রতিবেশি দেশগুলো যোগাযোগ, পরিবহণ, অবকাঠামো এবং ট্রানজিট সুবিধা গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। ১৯৯৬ সালে শেখ হাসিনার নেতৃত্বে সরকার গঠনের পর ১৯৯৯ সালের জুলাই মাসে তৎকালীন সরকারের মন্ত্রী পরিষদ ভারতকে ট্রানজিট দিতে সম্মত হয়।

সাম্প্রতিক অগ্রগতি- ২৯শে ডিসেম্বর, ২০০৮ এর সাধারণ নির্বাচনে জয়লাভ করে সরকার গঠন করার পর ১০-১৩ জানুয়ারী, ২০১০ইং বাংলাদেশের প্রধানমন্ত্রী ভারত সফর করেন। এই সফরেই ভারতকে ট্রানজিট সুবিধা দানের কথা চুড়ান্ত হয়। আগামী ডিসেম্বর মাসের মধ্যেই এ বিষয়ে খসড়া চুড়ান্ত করার কথা বলা হয়।

ট্রানজিট/ট্রান্সশীপমেন্টের লাভ-ক্ষতি বিশ্লেষণ- অন্যান্য বিষয়ের মত ট্রানজিট/ ট্রান্সশীপমেন্ট বিষয়ে দুই ধরণের জনমত দেখা যায়। একপক্ষ মনে করেন, ভারতকে ট্রানজিট/ট্রান্সশীপমেন্ট দিলে বাংলাদেশ আর্থিক দিক দিয়ে বিপুল ভাবে লাভবান হবে; বাংলাদেশের সামনে উন্নয়নের দ্বার খুলে যাবে। আরেক পক্ষ মনে করেন, ভারতকে ট্রানজিট বা ট্রান্সশীপমেন্ট দিলে বাংলাদেশের প্রতিরক্ষা ব্যবস্থা ও সার্বভৌমত্ব হুমকির সম্মুখীন হবে। মনে রাখতে হবে যে, অতি ভারত প্রীতি বা অন্ধ ভারত বিরোধীতা কোনটিই দেশের জন্য কাম্য নয়। বরং এবিষয়ে চুলচেরা বিশ্লেষণ করে ট্রানজিটের লাভ-ক্ষতির বিষয়টি নিরুপণ করে এ বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে।

ট্রানজিট হতে সম্ভাব্য লাভ- বাংলাদেশ-ভারতকে ট্রানজিট দিলে বাংলাদেশ কি কি সুবিধা পাবে বা বাংলাদেশের কি লাভ হবে তা নিয়ে বিভিন্ন গবেষণা হয়েছে। নিচে এর কিছু তুলে ধরা হল ঃ

BIDS (Bangladesh Institute of Development Studies) এর PRP (Policy Research Program) এর আওতায় পরিচালিত India, Bangladesh and the North East: Transit and Trans-Shipment Consideration Working paper- 06 শীর্ষক একটি গবেষণায় ভারতকে ট্রানজিট দেওয়ার বিষয়ে চারটি বিষয় বিবেচনার কথা বলা হয়েছে। এগুলো হল- (i) ট্রানজিট যোগ্য পণ্যের চাহিদা নিরূপণ, (ii) ট্রানজিটের পণ্য পরিবহনের সবচেয়ে ভাল পথ নির্ধারণ, (iii) সময় ও ব্যয় সাশ্রয় এবং বাংলাদেশ ও ভারতের মধ্যে এর লাভ ভাগাভাগি এবং (iv) ট্রানজিট পরিচালনা।

এ গবেষণায় দেখা যায় যে, ভারতের প্রধান অংশের সাথে উত্তর পূর্ব ৭টি রাজ্যের পণ্য বহন মূলতঃ রেলপথ নির্ভর ও আসাম ভিত্তিক। সড়ক ও রেলপথ মিলিয়ে বছরে সাড়ে পাঁচকোটি টন পণ্য এ অঞ্চলগুলোতে পরিবহন হয়ে থাকে, যার অধিকাংশ আসামের উপর দিয়ে হয়ে থাকে। এমতাবস্থায় বাংলাদেশ ট্রানজিট সুবিধা দিলে এ পণ্যের কতখানি বাংলাদেশের উপর দিয়ে পরিবহন করা হবে তা গুরুত্বপূর্ণ বিষয়। এ গবেষণায় আরও বলা হয় যে, বছরে সমন্বিতভাবে ৩৩ লাখ টন পণ্য ট্রানজিট পরিবহন হতে পারে যা বর্তমানের এই বাজারের অতিক্ষুদ্র অংশ। সুতরাং আসাম ভিত্তিক বাণিজ্যের কতখানি বাংলাদেশের উপর দিয়ে নিয়ে আসা যাবে তার উপর নির্ভর করছে ট্রানজিট দেওয়া থেকে বাংলাদেশের প্রাপ্তির বিষয়টি। জেনে রাখা দরকার যে, রাজনৈতিক ও অর্থনৈতিক কারণে আসামের বাণিজ্য কেন্দ্রীয় সরকারের ভর্তুকী পেয়ে আসছে। আসামের আগ্রহ ও সম্পৃক্ততা ছাড়া বাংলাদেশ যদি এককভাবে ট্রানজিট অবকাঠামো গড়ে তুলতে ব্যয় শুরু করে তাহলে তা বাংলাদেশের জন্য ভুল পদক্ষেপ হবে বলেও গবেষণায় উল্লেখ করা হয়।

BIDS এর এই গবেষণায় রেলপথ ভিত্তিক ট্রানজিটকে বাংলাদেশের জন্য সবচেয়ে লাভজনক বলে উল্লেখ করা হয়েছে। তবে যমুনার উপর বঙ্গঁবন্ধু সেতুর উপর দিয়ে পণ্যবাহী ট্রেন চলাচলের বিষয়টি অনিশ্চিত থাকায় ট্রেনের

বিরতিহীন যাত্রা সম্ভব হবে না। সেক্ষেত্রে যমুনার এপারে ওপারে পণ্য উঠা নামা করার এবং দুই পারের জন্য পণ্যবাহী ফেরি চালু করতে হবে যা আবার ব্যয়বহুল ও সময়ক্ষেপণকারী হবে। এছাড়া রেলওয়ের অবকাঠামো ও পরিচালনা উন্নয়নে অন্ততঃ ১০ কোটি ডলার বিনিয়োগ করতে হবে বলেও এতে উল্লেখ করা হয়।

গবেষণায় আরও দেখানো হয় যে, মধ্যমেয়াদে বাংলাদেশের ভিতর দিয়ে বছরে ৪০ লাখ টন পণ্য আনা-নেওয়ার ফলে টন প্রতি ১,০০০/- টাকা ট্রানজিট মাসুল নিলে বাংলাদেশ ৫ কোটি ৭০ লাখ ডলারের রাজস্ব পাবে। এ থেকে যদি বাংলাদেশ রেলওয়ের উপর দেওয়া ভর্তুকী বাদ দেওয়া হয় তাহলে প্রকৃত রাজস্ব আয় প্রায় দেড় কোটি টাকা হতে পারে বলে প্রাক্কলন করা হয়েছে। যদি দর কষাকষি করে মাসুল দ্বিগুণও করা হয় তবুও এই আয় ৩ কোটি ডলারের বেশি হবে না। ১০ কোটি ডলার বিনিয়োগের বিপরীতে দেড় কোটি থেকে ৩ কোটি ডলার পর্যন্ত আয় খুব বেশি নয়।

Asia Pacific Research and Training Network on Trade কর্তৃক ২০০৮ সালে প্রণীত ৫৬ নং Working Paper সিরিজে বর্ণিত সমীক্ষায় দেখা যায়, সীমান্তে যদি পরিবহণ এবং আনুষঙ্গিক খরচ বাবদ ১০% ব্যয় কম হয় তবে রপ্তানীর পরিমাণ ৩% হারে বৃদ্ধি প্রাপ্ত হয়। ট্রানজিট সুবিধা প্রাপ্তির ফলে ভারতের পরিবহণ ব্যয় ৭০% কমে যাবে। সেই হিসাবে বর্তমানের ১ কোটি ৩০ লক্ষ টন (২০০২ সালের তথ্য মতে) পণ্যের স্থলে ১ কোটি ৫৭ লক্ষ ৩০ হাজার টন উভয় দিকে পরিবাহিত হবে। বাংলাদেশের অভ্যন্তরে চোরাকারবারি প্রতিরোধের জন্য এই পণ্য অবশ্যই কন্টেইনারে পরিবাহিত হতে হবে। প্রতিটি ৪০ ফুট কন্টেইনারে যদি ৩০ টন মাল পরিবহণ করা হয় তবে ১ কোটি ৫৭ লক্ষ টন পণ্যের জন্য দরকার হবে ৫ লক্ষ ২৪ হাজার কন্টেইনার। জুলাই ২০১০ থেকে NBR কর্তৃক প্রতি কন্টেইনারের উপর আরোপিত ১০,০০০/- টাকা যদি ট্রানজিট ফি আদায় করা হয় তবে বছরে ৫২৪ কোটি টাকা রাজস্ব আদায় হবে। টোল চার্জ, লোড-আনলোডিং চার্জ, ডকুমেন্টেশন করার জন্য এজেন্সি ফি, স্থল ও জলপথের রক্ষণাবেক্ষণ খরচ, কাস্টম্‌স ক্লিয়ারেন্স স্টাফদের বেতন ভাতা ইত্যাদি বাদ দিলে ৫২৪ কোটি টাকার রাজস্বও পুরোপুরি সরকারী কোষাগারে জমা হবে না।

বিশ্ব ব্যাংক (WB) ও এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর এক পরিসংখ্যানে দেখা যায়, বাংলাদেশ ভারতকে ট্রান্সশীপমেন্ট দিলে বাংলাদেশ বছরে ২০০ কোটি টাকা আয় করতে পারে এবং ২.৫ লাখ লোকের কর্মসংস্থান হবে।

উপর্যুক্ত গবেষণাগুলোর সামগ্রিক বিশ্লেষণে এটাই প্রতীয়মান হয় যে, ট্রানজিট হতে বাংলাদেশের প্রত্যক্ষ লাভ বা প্রাপ্তি যোগ আসলে সীমিত।

ট্রানজিটের সম্ভাব্য অসুবিধা- ট্রানজিটের সমালোচকগণ ট্রানজিট দিলে বাংলাদেশ যে সব অসুবিধায় পড়তে পারে তার কতিপয় দিক উল্লেখ করেছেন।

প্রথমতঃ ভারতকে ট্রানজিট দিলে বাংলাদেশ ও ভারতের মধ্যকার বাণিজ্য বৈষম্য আরও প্রকট হবে। দ্বি-পক্ষীয় বাণিজ্যে বাংলাদেশ বর্তমানে প্রায় ৩০০ কোটি ডলারের ঘাটতি মোকাবিলা করছে। FBBCI এর সংকলিত পরিসংখ্যান অনুসারে ২০০৯-২০১০ অর্থবছরে ভারত থেকে ৩২১ কোটি ৪৬ লাখ ডলারের পণ্য আমদানির বিপরীতে সে দেশে মাত্র ৩০ কোটি ৪৬ লাখ ডলারের পণ্য রপ্তানী করা হয়েছে। বাংলাদেশ ট্রানজিট দিলে পণ্য পরিবহণ খরচ প্রায় অর্ধেকে নেমে যাবে। আর এর ফলে ভারতীয় পণ্য সস্তা হওয়ায় ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যে বাংলাদেশের রপ্তানী কমে গিয়ে এই বাণিজ্য ঘাটতি আরও প্রকট হতে পারে।

দ্বিতীয়তঃ ট্রানজিটের ফলে বাংলাদেশে ভারতীয় পণ্যের কালোবাজার সৃষ্টি হতে পারে এবং অবৈধ ডাম্পিং এর সৃষ্টি

হতে পারে।

তৃতীয়তঃ ট্রানজিট দিলে নেপাল ও ভুটানকেও ট্রানজিট সুবিধা দেওয়ার কথা বলা হয়। কিন্তু ভারত নেপাল ও ভুটানকে ভারতীয় ভূ-খন্ড ব্যবহার করে শুধু মাত্র বাংলাদেশের সাথে আমদানী রপ্তানীর অনুমতি দিলেও চট্টগ্রাম ও মংলা বন্দর ব্যবহার করে তৃতীয় দেশের সাথে বাণিজ্য করার অনুমতি দেয়নি। এটা নিয়েও ভারতের বিরুদ্ধে অভিযোগ করা হয়।

চতুর্থতঃ প্রস্তাবিত ট্রানজিট বা ট্রান্সশীপমেন্ট বাংলাদেশের নিরাপত্তা ও শান্তির জন্য হুমকি স্বরূপও মনে করা হয়। এর ফলে বাংলাদেশ ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোর বিদ্রোহীদের টার্গেটে পরিণত হতে পারে বলেও অনেকে মনে করেন।

পঞ্চমতঃ ভারতের বিরুদ্ধে আরও অভিযোগ করা হয় যে, ভারত বাংলাদেশের সাথে স্বাক্ষরিত চুক্তির প্রতি সম্মান দেখায় না বা বাস্তবায়নে গড়িমসি করে। যেমন- ১৯৭৪ সালের ইন্দিরা-মুজিব চুক্তির শর্তানুসারে বাংলাদেশ ভারতকে বেরুবাড়ি হস্তান্তর করলেও বিনিময়ে ভারত এখনও তিনবিঘা বাংলাদেশকে হস্তান্তর করেনি।

সম্প্রতি ভারতীয় দুটি জাহাজ বাংলাদেশের ভিতর দিয়ে কলকাতা থেকে ত্রিপুরা যাওয়ার সময় বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত শুল্ক বা ফি আদায় করতে অস্বীকৃতি জ্ঞাপন করে। ভারত ট্রানজিট মাসুল প্রত্যাহার করতে সরকারকে চিঠি লিখে। তাতে সাড়া দিয়ে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টার নির্দেশে NBR মাসুলের পরিবর্তে ব্যাংক গ্যারান্টি দিয়ে জাহাজ দুটি ছেড়ে দিতে বাধ্য হয়। এ ঘটনা ভারতের বিরুদ্ধে আনীত অভিযোগ গুলোকে আরও দৃঢ় করে।

উপরের আলোচনার প্রেক্ষিতে বলা যায়, স্বল্পমেয়াদী পদক্ষেপ হিসাবে ট্রানজিটের চেয়ে ট্রান্সশীপমেন্ট সুবিধা দেয়া অধিক যৌক্তিক হবে। এর মাধ্যমে ভারতের আচরণ সম্বন্ধে সম্যক ধারণা লাভ করার পাশাপাশি ট্রানজিট দেওয়ার ফলে আসলে বাংলাদেশের কি লাভ হবে তাও পরিস্কার হবে। এছাড়া ট্রানজিটের চেয়ে ট্রান্সশীপমেন্ট অনেকটা ঝামেলাবিহীন, প্রতিরক্ষার দিক হতে ঝুঁকিমুক্ত, দেশে শিল্পায়ন, কর্মসংস্থান ও ব্যবসা-বাণিজ্যের জন্য বেশী সহায়ক। এতে বিনিয়োগও কম লাগবে।

তথ্যসূত্র

1. UNCTAD (1995): The Establishment of Trans-Shipment Facilities in Developing Countries.
2. Review of Maritime Transport- 2007.
3. Carlos M. Gallegos: Trend in Maritime Transport and port Development in the Context of world Trade.
4. Azad, A.K. “Converting Services trade between Bangladesh and India into Commodity trade: A Mutually beneficial Alternative,” Bangladesh journal of Political Economy, Vol. xvi, No. 1, 2002.

5. BIDS-PRP: India, Bangladesh and the North East: Transit and Trans-Shipment Strategic Consideration, working paper. 06.

6. Asia Pacific Research and training Network on Trade, 2008, Working Paper- 56.

7. Rehman Sobhan: Transforming Eastern South Asia.

8. প্রথম আলো ও দৈনিক আজাদী পত্রিকা, ২০১০ সালের বিভিন্ন সংখ্যা।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

আঞ্চলিক ট্রানজিট এবং ট্রান্সশিপমেন্ট ঃ প্রেক্ষাপট চট্টগ্রাম বন্দর

নাসির উদ্দিন চৌধুরী*

চট্টগ্রাম বন্দর, বাংলাদেশের অর্থনীতির নাভী মূলে যার অবস্থান শত সমস্যা সত্ত্বেও এর কর্মকান্ডের বিস্তৃতি আমাদেরকে আশান্বিত করে। শুধু বাংলাদেশের অর্থনীতি নয়, চট্টগ্রাম বন্দরের অবস্থান গত সুবিধা থেকে ভারত, নেপাল, ভুটান প্রভৃতি দেশের অর্থনীতি লাভবান হতে পারে। বিশ্ব বাণিজ্য এবং আন্তঃ রাষ্ট্রীয় সম্পর্কের গুরুত্ব বিবেচনায় এনে প্রতিবেশী দেশ সমূহকে চট্টগ্রাম বন্দর ব্যবহারে সুযোগ দেওয়া উচিত বলেই মনে হয়। তবে যে প্রশ্নটি সবাইকে উদ্বেগাকূল করে তা হলো, চট্টগ্রামবন্দর বর্তমান সীমাবদ্ধতা নিয়ে আগামীর চ্যালেঞ্জ মোকাবেলায় কতটুকু প্রস্তুত?

চট্টগ্রাম বন্দর আমাদের আশা আকাংখার পোতাশ্রয়। জাতীয় রাজস্ব আয়ের এক বিশাল উৎস। ট্রান্সশিপমেন্ট প্রদানের মাধ্যমে এ আয় আরো কয়েক গুন বাড়তে পারে। ট্রান্সশিপমেন্ট বা ট্রানজিট, ভৌগলিক অবস্থানের কারণে এক রাষ্ট্রের মধ্যদিয়ে পার্শ্ববর্তী রাষ্ট্র সমূহের জন্য মালামাল ও যাতায়াতের জন্য পরিবহন সুবিধা প্রদানকে বুঝায়। তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট রাষ্ট্র সমূহের পারস্পরিক সম্পর্ক, বাণিজ্যিক স্বার্থ, জাতীয় নিরাপত্তা প্রভৃতি বিষয়ে বিবেচনায় আনতে হয়। জাতীয় স্বার্থ ও নিরাপত্তাকে অগ্রাধিকার দিয়েই তবে ট্রানজিট বা ট্রানশিপমেন্ট চুক্তি হয়ে থাকে। চট্টগ্রাম বন্দরের সুবিধা নিয়ে পাশ্ববর্তী দেশ গুলো অপেক্ষাকৃত স্বল্প সময়ে, স্বল্প ব্যয়ে বাংলাদেশের ভূ-ভাগ ব্যবহার করে তাদের আমদানী ও রপ্তানী কার্য□ম পরিচালনা করতে আগ্রহী। ভারতের সেভেন সিষ্টার রাজ্য হিসাবে পরিচিত অঞ্চল, নেপাল এবং ভুটান পাহাড় পর্বত বেষ্টিত। সমুদ্র পথে সরাসরি যোগাযোগ সুবিধা তাদের নেই। স্বাভাবিক ভাবেই তারা বাংলাদেশের ভূ-খন্ড ব্যবহার করে চট্টগ্রাম বন্দর দিয়ে তাদের পন্য আনা নেওয়ার ব্যাপারে আগ্রহী। দীর্ঘদিন ধরেই এ নিয়ে আলাপ আলোচনা চল্লেও রাজনৈতিক সিদ্ধান্ত এবং ভারতের অতি সুবিধাবাদী নীতির কারণে এর বাস্তবায়নের কোন অগ্রগতি হয়নি। পাশাপাশি বাংলাদেশ নেপাল ও ভুটানের সাথে সরাসরি স্থল পথে বাণিজ্য সম্পর্কে আগ্রহী হলেও ভারতের নেতিবাচক ভূমিকার কারণে বিষয়টি ঝুলে থাকে।

সম্প্রতি বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পাদিত এক চুক্তি অনুযায়ী বাংলাদেশ, ভারতকে চট্টগ্রাম বন্দর ব্যবহার

---

* প্রথম সহ-সভাপতি বিজিএমইএ

প্রবন্ধটি বাংলাদেশ অর্থনীতি সমিতি, চট্টগ্রাম চ্যাপ্টার আয়োজিত দ্বি-বার্ষিক সম্মেলন, ২০১১-তে উপস্থাপিত হয়েছিল। সম্মেলন স্থান: থিয়েটার ইনষ্টিটিউট, চট্টগ্রাম। তারিখ: ৫ ফেব্রুয়ারি, ২০১১।

সুবিধা সহ ট্রানজিট সুবিধা প্রদান করবে, পাশাপাশি নেপাল ও ভুটানের সাথে সরাসরি সড়ক যোগাযোগে ভারত তার ভূ-খন্ড বাংলাদেশকে ব্যবহারের অনুমতি দিয়েছে। ফলে নেপাল ও ভুটান চট্টগ্রাম বন্দরের সুবিধা গ্রহণ করতে পারবে।

এপ্রেক্ষাপটে চট্টগ্রাম বন্দরের গুরুত্ব আরো অনেক বেড়ে গেলো। চট্টগ্রাম বন্দর অতঃপর শুধু বাংলাদেশের গেটওয়ে নয়। পূরো দক্ষিণ পূর্ব অঞ্চলের জন্য গেটওয়ে হবে। সঙ্গত কারণেই চট্টগ্রাম বন্দরের দক্ষতা ও ক্ষমতার প্রশ্নটি সামনের চলে আসে।

ট্রানজিট এবং ট্রানশিপমেন্ট তখনি লাভ জনক হবে যখন চট্টগ্রাম বন্দরের সার্বিক ব্যবহার নিশ্চিত করা সম্ভব হবে। ট্রানজিট/ট্রানশিপমেন্ট প্রদানকারী দেশ হিসাবে আমাদের দায়বদ্ধতা বাড়লো। পন্য পরিবহন ব্যবস্থায় যুগান্তকারী পরিবর্তন ও উন্নয়ন ঘটাতে হবে। সামগ্রিক ভাবে বন্দরের অবকাঠামো আরো বিস্তৃত এবং উন্নত করতে হবে।

বিগত বৎসরে আমরা চট্টগ্রাম বন্দরে অনেক অনিয়ম ও বিশৃংখলা দেখেছি ক্ষতিগ্রস্ত হয়েছেন বন্দর ব্যবহারকারীগণ এবং ভোক্তা জনগণ। জাহাজ জট, শ্রমিক অসন্তোষ, পণ্য খালাসের বাধা। পণ্য খালাসের দীর্ঘ প্রক্রিয়ার ভোগ্য পণ্যের দাম বেড়েছে। সম-সাময়িক পত্র পত্রিকার এতদসংক্রান্ত দু-একটি সংবাদই এর প্রমাণ দিবে।

১লা অক্টোবর ২০১০ দৈনিক কালের কণ্ঠে লীড নিউজ ছিল "২০ জাহাজের চাল খালাসে ধীরগতি, বাড়ছে দাম"। দৈনিক পুর্বকোণের ০২ নভেম্বর ২০১০ এর সংখ্যায় বলা হয় "নিত্যপণ্যের দাম বৃদ্ধির বড় কারণ জাহাজ জট, যে কারণে গত দু'মাসে চাল আমদানীতে দর বেড়েছে কেজিতে আড়াই টাকা।

যথা সময়ে বার্থিং বা জেটিতে ভীড়ার অনুমতি না পাওয়ায় আমদানীকৃত পণ্যবাহী জাহাজ গুলিকে ১১-১৫ দিন বর্হিনোঙ্গরে বসে থাকতে হয়। প্রতিদিন অতিরিক্ত চার্জ হিসাবে ১৫০০ মার্কিন ডলার গুনতে হয় প্রতিটি জাহাজকে। ব্যবসায়ীদের সূত্র মতে কম দামে চাল আনার পরও দীর্ঘ সময় বন্দরে অবস্থানের কারণে অতিরিক্ত চার্জ দিতে গিয়ে দাম বেড়ে যায় ভোগ্য পণ্যের।

এরজন্য মূলতঃ দায়ী শ্রমিক অব্যস্থাপনা, শ্রমিক অসন্তোষ, হরতাল, অবরোধ, বার্থ অপারেটর নিয়োগে দীর্ঘ সূত্রিতা, বন্দর অপারেশন কার্যক্রমে অদক্ষতা ও অব্যবস্থাপনা। বিশেষ করে ৬টি কন্টেইনার জেটিতে বার্থ অপারেটর নিয়োগে জটিলতার কারণে বন্দর কর্তৃপক্ষ নিজস্ব ব্যবস্থাপনায় গত মে-২০১০ থেকে অক্টোবর পর্যন্ত কার্গো হ্যান্ডেল করতে গিয়ে অদক্ষতার সাথে শ্রমিকদের ধীরে চলা নীতি যুক্ত হয়ে তীব্র জাহাজ জটের সৃষ্টি হয়।

বার্থ অপারেটর নিয়োগের জন্য ৩ বার দরপত্র আহব্বান করা হয়। প্রক্রিয়া শেষ করতে করতে বন্দর ব্যবহারকারীগণের নাভিশ্বাস উঠে। অন্যদিকে বার্থ অপারেটর নিয়োগের বিরোধিতা করে শ্রমিকরা কাজ বন্ধ করে দেয় ৮ অক্টোবর ২০১০। এক পর্যায়ে বন্দর প্রশাসন, বার্থ অপারেটর ও শ্রমিকদের অনড় অবস্থানের কারণে বন্দর কার্যক্রম স্থবির হয়ে পড়ে। উদ্বিগ্ন হয়ে পড়েন বন্দর ব্যবহারকারীগণ। দৈনিক পূর্বকোণের লীড নিউজ ছিল "বন্দর পরিস্থিতি ঃ তিন পক্ষই অনড়, ব্যবহারকারীরা উদ্বিগ্ন"। ১২ অক্টোবর ২০১০ প্রধানমন্ত্রীর উদ্যোগও ব্যার্থ হলে শেষ পর্যন্ত বন্দরে সেনাবাহিনী নিয়োগ করতে হয় ১২ অক্টোবর। কিন্তু সেনাবাহিনী নিয়োগ কোন স্থায়ী সমাধান নয়। বলা যায় বন্দরে কোন কারণে পণ্য খালাসে বিঘ্ন হলে ভোক্ত পণ্যের মূল্যের উপর এর প্রভাব পড়তে বাধ্য। অন্যদিকে একই কারণে রপ্তানীকৃত পন্যবাহী জাহাজ সময় মতো বন্দরে ত্যাগ করতে না পারায় ক্ষতিগ্রস্থ হন রপ্তানীকারকগণ। বিজিএমইএ সূত্রে জানা যায় চলতি অর্থ বৎসরে তৈরী পোশাক রপ্তানী লক্ষ্য মাত্রা ধরা হয় ১৩.৭ বিলিয়ন ডলার। কিন্তু বন্দরে পণ্য উঠানামায় অতিরিক্ত সময় ক্ষেপন এর ফলে লক্ষ্যমাত্র অর্জন সম্ভব হবে না বলে মনে হয়। ক্ষেত্র বিশেষে উড়োজাহাজে করে রপ্তানী পণ্য পাঠাতে গিয়ে পোশাক রপ্তানীকারদের গত মে ২০১০ ইং

থেকে অক্টোবর ২০১০ ইং পযর্ন্ত অতিরিক্ত ৯০০ কোটি টাকা ব্যয় করতে হয়েছে।

বন্দর কর্তৃপক্ষের বেশ কিছু অব্যবস্থাপনা আমরা বিগত বৎসর গুলিতে দেখেছি। ২০০৭ সালে তদানীন্তন তত্ত্বাবধায়ক সরকার সেনাবাহিনীর সহায়তায় বন্দরে শৃংখলা ফিরিয়ে আনার পাশাপাশি এর উৎপাদনশীলতা বৃদ্ধি করেন। পরবর্তীতে ২০০৯ সালে বন্দরের এ ধারাবাহিকতা বজায় থাকলেও ২০১০ সালের প্রথমার্ধে পুনরায় শুরু হয় বন্দরের অব্যবস্থাপনা। এখানে বিশেষ করে বার্থ অপারেটর নিয়োগ নিয়ে যে পরিস্থিতি সৃষ্টি হয় তা ছিল অকল্পনীয়। এরজন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বন্দর কর্তৃপক্ষ এবং বার্থ অপারেটরা দায়ী। এমন অবস্থার পুনরাবৃত্তি কখনই বন্দরের জন্য শুভ নয়।

ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক পরিবহনের বিশাল স্রোত ধারণ করার মত প্রশস্ত নয়। তদুপরী স্থানে স্থানে ভাঙ্গাচুরা, রাস্তার উপর স্থায়ী অস্থায়ী বাজার, যত্রতত্র গাড়ী পার্কি ইত্যাদি। ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবশ্যই ভবিষ্যৎ প্রেক্ষাপটে ছয় লেন করা প্রয়োজন। অভ্যন্তরীন পণ্য পরিবহনকারী ট্রাক, কার্ভাড ভ্যান, যাত্রীবাহী বাস গুলো স্বাভাবিক গতিতে চলতে পারেনা। ৭ থেকে ৮ ঘন্টা সময় লেগে যায়। কখনো তা ড়ে ১০-১২ ঘন্টায় পৌঁছায়। মহাসড়কের অপ্রশস্ততাই এর জন্য দায়ী পাশাপাশি সীতাকুন্ড, মীরসরাই সহ বেশ কিছু এলাকায় রাস্তার অবস্থা খুবই করুণ। মহাসড়কের পার্শ্বে বাজার থাকায় স্থানে স্থানে শুরু হয় জট। বিশেষ করে চট্টগ্রাম থেকে ঢাকা যাওয়ার পথে বারৈয়াহাট পর্যন্ত বেশ কিছু বাজার অবস্থিত হওয়ার কারণে চট্টগ্রাম থেকে সড়ক পথে হতে কিংবা চট্টগ্রামে প্রবেশ করতে যানজটের সৃষ্টি হয়। অন্যদিকে ফেনী, চৌদ্দগ্রাম, মিয়া বাজার, গৌরিপুর ইত্যাদি স্থানে বাজার থাকার কারণে প্রায় যানজটের সৃষ্টি হয়। এ সমস্থ বাজার গুলোকে সম্ভাব্য ক্ষেত্রে সরিয়ে দেওয়া গেলে অথবা আরো পিছিয়ে দেওয়া গেলে যানজট কিছুটা কম হতো। অন্ততঃ পরিবহন গুলি পণ্য ও যাত্রী নিয়ে সময়মতো গন্তব্যে পৌঁছাতে পারতো। এমতাবস্থায় ট্রানজিট / ট্রান্সশিপম্যান্ট চালূ হলে আর গত্যন্তর থাকবে না। তখন চট্টগ্রাম বন্দর থেকে মালামাল পরিবহন কঠিন হয়ে উঠবে।

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে পণ্যবাহী কাভার্ড ভ্যান ট্রাকের নিরাপত্তার অভাব সবাইকে ভাবিয়ে তুলছে। প্রায়ই কাভার্ড ভ্যান ও ট্রাক থেকে পণ্য চুরি হচ্ছে, ডাকাতি হচ্ছে। কখনোও গোটা কাভার্ড ভ্যান, ট্রাক ইত্যাদি গায়েব করে মাল লুট-পাট করা হচ্ছে। দৈনিক নয়া দিগন্তের ৭ নভেম্বর ২০১০ সালের সংখ্যায় ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক সমিতি জানান যে, জানুয়ারী ২০১০ থেকে অক্টোবর ২০১০ পর্যন্ত দশ মাসের ১৫০টি কাভার্ড ভ্যান ও ট্রাক ছিনতাই করে মালামাল গায়েব করা হয়েছে। এসবের কয়েকটি তথ্য এখানে দেওয়া হলো।

সূত্র ঃ (দৈনিক আজাদী) ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক এর মীরসরাই, সীতাকুন্ড, ফেনী ও কুমিল্লার ২৩টি স্পটে ১১টি চ� পণ্য লুট-পাটে জড়িত। ২৯ শে সেপ্টেম্বর ২০১০ তারিখে, এক কোটি টাকা মূল্যের ১৭০ বেল কাপড় কাভার্ড ভ্যান ছিনতাই হয়। ১৩ অক্টোবর ২০১০ তারিখে বন্দর এলাকা থেকে তুলাবাহী ১টি ট্রাক ছিনতাই। ১৮ অক্টোবর ২০১০ তারিখে সাভারের স্টাইল গার্মেন্টস্ এর ৩২ লক্ষ টাকার তৈরী পোশাক চট্টগ্রাম আসার পথে চুরি হয়। ০১ লা নভেম্বর ২০১০ পরিবহন কালে ছিতাই বাড়ছে, লাগাম টানতে পারছেনা পুলিশ।

২৭ অক্টোবর ২০১০ (ইত্তেফাক) জাহাজী করণের আগে পণ্য লুটপাট, চট্টগ্রামে গ্যাং লিডার গ্রেফতার।

মহাসড়কের নিরাপত্তা হীনতার চিত্রটি এখানে ফুটে উঠেছে।

উপরে বর্ণিত অবস্থায় ট্রানজিট / ট্রান্সশিপমেন্ট পরিচালনায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কতটুকু সফল হবেন তা অবশ্যই ভেবে দেখতে হয়। অবকাঠামো উন্নয়নের পাশাপাশি ব্যবস্থাপনার আধুনিকায়ন জরুরী। বন্দর ব্যবস্থাপনাকে আরো শক্তিশালী ও গতিশীল করার লক্ষ্যে আর্ন্তজাতিক মানের বন্দর বিশেষজ্ঞদের নিয়োগ করা যেতে পারে। পাশাপাশি বর্তমান লোকবল স্বল্পতা পূর্ণ করে বন্দরে অপারেশনাল কার্য�মে গলিশীলতা আনতে হবে। একই সাথে

বন্দর কর্তৃপক্ষের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বাড়াতে হবে যাতে কোটারী স্বার্থ ও রাজনৈতিক প্রভাব অতিক্রম করার যোগ্যতা অর্জন করতে পারেন। পাশাপাশি সিঙ্গাপুর, পেনাং এবং কলম্বো বন্দরের অবকাঠামো ও কার্যক্রম পর্যবেক্ষণ ও পর্যালোচনা করে তাদের অভিজ্ঞতা চট্টগ্রাম বন্দরের কার্যক্রম পরিচালনায় গতি আনতে পারে। এমন প্রেক্ষাপটে কিছু সুপারিশমালা নিম্নে উপস্থাপন করা হলো ঃ-

১। চট্টগ্রাম বন্দর কর্ণফুলী নদীর মোহনায় অবস্থিত প্রাকৃতিক বন্দর। মোহনার অনতিদূরে বহির্নোঙ্গরে অপেক্ষায় থাকা বাণিজ্য তরী গুলো পর্যায়ক্রমে চ্যানেল হয়ে জেটিতে আসে। চ্যানেলের স্বাভাবিক নাব্যতা জাহাজ চলাচলের উপযোগী রাখতে অব্যাহত ড্রেজিং, নেভিগেশন সুবিধা বাড়াতে হবে। বিশেষ করে চ্যানেলের যত্রতত্র লাইটারেজ জাহাজ গুলোর নোঙ্গর করে থাকার কারণে র্দুঘটনার আশংকা থেকেই যায়। অর্থাৎ চ্যানেলকে বাধামুক্ত ও সুনাব্য রাখার প্রয়োজনীয় ব্যবস্থা অবশ্যই নিতে হবে।

২। ভবিষ্যত কর্মপন্থা মাথায় রেখে এখন থেকেই প্রয়োজনীয় আধুনিক ইকুইপম্যান্ট ও যন্ত্রপাতি সংগ্রহ করতে হবে। বর্তমানে চট্টগ্রাম বন্দরে ব্যবহৃত ইকুইপম্যান্ট ও যন্ত্রপাতি বহুল ব্যবহৃত। এগুলোর মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য দক্ষ জনবলের প্রয়োজন। যথাযথ রক্ষণাবেক্ষণ থাকলে যে কোন যন্ত্রপাতির ব্যবহার যোগ্যতা বাড়ে। আধুনিক যন্ত্রপাতি ক্রয় ও ব্যবহারের ক্ষেত্রে প্রাইভেট সেক্টরকে অনুমতি দিলে এক্ষেত্রে গতি আসবে।

৩। বন্দরের ইয়ার্ড সম্প্রসারণ করতে হবে। এলক্ষ্যে কর্ণফুলি নদীর নীচ দিয়ে টানেল নির্মাণ করে আনোয়ারা থানায় বন্দর কার্যক্রম বিস্তৃতির পাশাপাশি চট্টগ্রাম শহর সম্প্রসারণ করা যেতে পারে। এতে করে নদী ওপারে শিল্প কারখনা গুলির জন্য বন্দর থেকে মালামাল খালাস ও গুদামজাত করা সহজ হবে।

৪। শ্রমিক ব্যবস্থাপনায় আধুনিক ও বাস্তব ভিত্তিক পদক্ষেপ নিতে হবে। বিশেষ করে শ্রমিকদের যথোপযুক্ত মজুরী প্রদানসহ বিভিন্ন কল্যাণ কর্মসূচীর বাস্তবায়ন জরুরী। দক্ষ শ্রমিকদের মূল্যায়ন বিশেষ ভাবে করতে হবে।

৫। আমদানী রপ্তানী কার্যক্রম দ্রুততার সাথে পরিচালনার স্বার্থে কার্যকর ব্যবস্থা করা জরুরি। বন্দরের অপারেশনাল কার্যক্রমকে "অত্যাবশ্যকীয় সেবা" হিসাবে এবং স্পেশাল এ্যাকট্ এর মাধ্যমে ধর্মঘট, মিছিল, মিটিং, হ্যান্ডলিং কার্যক্রমে বাধা প্রদান ইত্যাদি বে আইনী ঘোষণা করতে হবে। যে কোন অজুহাতে বন্দর বন্ধের মতো ধ্বংসাত্মক ও ক্ষতিকর কর্মসূচী আবশ্যই বন্ধ করতে হবে। এসব কারণে জাতীয় অর্থনীতি এবং বর্হিবিশ্বে দেশের ভাবমূর্ত্তি ক্ষতিগ্রস্ত হয়। যে মূহুর্তে আমরা প্রতিবেশী দেশ সমূহকে বন্দর সুবিধা দেওয়ার ইতিবাচক চিন্তা করছি, তখন আমাদের দক্ষতা ও ক্ষমতা নিয়ে প্রশ্ন উঠুক এমনটি কাম্য হতে পারে না।

৬। ঢাকা চট্টগ্রাম রেল যোগাযোগ ও সড়ক যোগাযোগ আরো উন্নয়ন করতে হবে। বিশেষ করে ঢাকা চট্টগ্রাম সর্ম্পূন রেলপথ ডাবল ট্রেক করতে হবে। মালবাহী বগী ও ইঞ্জিনের সংখ্যা বাড়াতে হবে। সড়ক পথে চার বা ততোধিক লেনের রাস্তা দ্রুত সম্পাদন করতে হবে। মহাসড়কের পাশে সুযোগ ও অবকাঠামো সৃষ্টি করে পার্শ্বস্থ সকল স্থায়ী ও আস্থায়ী বাজার হাট স্থানান্তর করতে হবে।

৭। চট্টগ্রাম বন্দরের অন্যতম সমস্যা লোকবল স্বল্পতা ও দক্ষতার অভাব যে কারণে বিভিন্ন দপ্তর ও শাখার কাজে বিঘ্ন ও বিলম্ব হয়। দ্রুত প্রয়োজনীয় লোকবল সংগ্রহ করে কার্যক্রমে গতিশীলতা ও দক্ষতা আনতে হবে। অটোমেশন কার্যক্রম দ্রুত সম্পাদন করা অত্যবশক।

৮। বন্দরের শ্রমিক সংগঠন গুলো বন্দরের গুরুত্ব অনুধাবন করে যাতে দায়িত্বশীল আচরণ করে যে বিষয়ে তাদের সঙ্গে বন্দর কর্তৃপক্ষের এবং বন্দর ব্যবহারকারী ফোরামের সু-সম্পর্ক থাকা উচিত। জাতীয় স্বার্থ ক্ষুন্ন করে এমন ধরেনের কর্মসূচী যাতে শ্রমিক সংগঠন গুলি পরিহার করে চলে সে বিষয়ে কর্তৃপক্ষকেই সচেতন হতে হবে।

৯। বন্দর কর্তৃপক্ষের প্রশাসনিক দক্ষতা, দ্রুত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বাড়াতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রনালয়ের অযাচিত হস্তক্ষেপ ও অনাবশ্যক রাজনৈতিক হস্তপেক্ষ থেকে বন্দর ও বন্দর কর্তৃপক্ষকে মুক্ত রাখতে হবে।

১০। বন্দর পরিচালনায় বন্দর ব্যবহারকারী ফোরাম সমুহের প্রতিনিধি রাখা যেতে পারে।

১১। বন্দর কর্তৃপক্ষের অনেক উন্নয়ন পরিকল্পনা আমলাতন্ত্রিক জটিলতার কারণে বিলম্বিত হচ্ছে। দ্রুত ঐ সব পরিকল্পনা অনুমোদন, অর্থায়ন বাস্তবায়ন করে বন্দরের গতিশীলতা ও ক্ষমতা বাড়াতে হবে।

১২। বন্দরের সাবির্ক নিরাপত্তা ব্যবস্থা আর্ন্তজাতিক মান সম্পন্ন করতে হবে। একই সঙ্গে মহাসড়কে পন্যবাহী পরিবহনের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে।

আমরা সকলেই দেশের সার্বিক উন্নয়ন চাই। যে কোন সুযোগ কাজে লাগিয়ে অর্থনৈতিক, সামাজিক অন্যান্য সকল ক্ষেত্রে সামগ্রিক উন্নয়নের জন্য জাতীয় ঐক্যমতের প্রয়োজন। ঐক্যমতের অভাবে আমরা সম্ভাব্য উৎসগুলো থেকে কাংখিত ফলাফল সময় মত অর্জন করতে পারি না। এ' ধরনের ব্যর্থতা থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। ট্রানজিট / ট্রানশিপম্যান্টের প্রেক্ষাপটে চট্টগ্রাম বন্দর ব্যবহারের সুযোগ যথাযত কাজে লাগানো গেলে আমাদের জাতীয় রাজস্ব আয় বাড়বে, কর্মসংস্থান বাড়বে, অবকাঠামোগত উন্নয়ন হবে। পার্শ্ববর্তী দেশগুলোর সাথে ব্যবসা বাণিজ্য বৃদ্ধি পাবে। বাড়বে শিল্প কল-কারখানা। এ'ব্যপারে সরকারের দৃঢ় পদক্ষেপ এবং জনগণের সমর্থন ও অংশগ্রহন একান্ত জরুরী।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২ ০ ১ ২

The Curse of being Landlocked, Importance of Port Service and Prospect of Regional Connectivity between Bangladesh and her Landlocked Neighborhood

NITAI C. NAG *

1. Introduction

It is quite reasonably that Regional Economic Cooperation (REC) is increasingly gaining popularity in the present world. Rising population pressure on the world's given or depleting resource base in combination with a virtual absence of any matching technological bust as well as planned method of economic development are supposed to be mostly responsible for this development. Nations now are desperate to find ways out of respective woes. RECs are considered to be one such way. Originally RECs were concerned with trade cooperation only (Viner,1950). Over time its jurisdiction grew wider to cover, at places, almost all economic issues of a nation. An example is the European Union. Thus one will find RECs now to be busy in addition to trade cooperation with regional economic growth, inflation, unemployment, finance, cross-border movement of productive agents, and regional connectivity. Although it is difficult in general to rank the issues on the basis of importance, certain issues turn out to be more crucial than others depending on time and place. For instance, free trade in goods appeared to be the panacea in the hard post war days for the founding members of the European

* Professor, Department of Economic, University of Chittagong, Chittagong.

প্রবন্ধটি বাংলাদেশ অর্থনীতি সমিতি, চট্টগ্রাম চ্যাপ্টার আয়োজিত দ্বি-বার্ষিক সম্মেলন, ২০১১-তে উপস্থাপিত হয়েছিল। সম্মেলন স্থান: থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম। তারিখ: ৫ ফেব্রুয়ারি, ২০১১।

Community, although matters related to exchange rate movement or agricultural prices posed to be no less difficult challenges for them at other times. Similarly, the issue of connectivity is more crucial than tariff for geographically disfavored landlocked countries. Being land locked as such means lower economic growth and prosperity.

This paper attempts, first, to point out how landlocked condition of a state or region proves to be a curse upon its residents. In this context the paper uses examples of landlocked regions whose otherwise abundant resource base due only to lack of access to sea proves insufficient to mitigate economic hardship of the residents. In section three the paper narrates how a strategic sea port by helping to create regional connectivity, could, both improve the economic condition of the landlocked states and generate dividends for the coastal participants. In section four the case of Chittagong port has been used as an example. The relative feat of Chittagong as likely host to regional connectivity in Eastern South Asia as well as South West China has been examined. In section five, the paper argues that there already exist remnants of a prospective regional cooperation in the said region and it is a matter of patching up those remnants into a complete entity through concerted regional approach. It may be remembered that today's EU was but an initiative among six countries about cooperation on steel and coal titled European Steel and Coal Community. Concluding remarks appear in the last section.

2. Plight of a Landlocked State

According to 2006 statistics among the 188 countries in the world, 43 are landlocked.

Among continents, only North America and Australia do not have a landlocked country inside their respective continents.The United Nations Convention on the Law of the Sea now gives a landlocked country a right of access to and from the sea without taxation of traffic through transit states.

How transport costs are determined by a country's location can be seen from the following examples. The shipping cost for a standard container from Baltimore to the Ivory Coast amounts to around US$ 3,000. Sending the same container to the landlocked Central African Republic will cost up to US$ 13,000.[1] **It is estimated on the basis of 1990 data that seven billion Rupees are being spent as additional costs to transport goods and services to and from northeast India (Rahman et al., 2007).** The shipment of Assam tea to Europe is required to travel

1 While the distance between Baltimore to Abidjan is 4993 miles, between Abidjan and Bangui (Central African Republic) it is 1558 miles.

1400 km to reach Kolkata port along Shiliguri although an alternative route through Chittagong is shorter by 60%. (Rahmatullah, 2006)

MacKellar *et al.* (2000) shows that states that had no direct access to sea outlets had a 1.5% lower growth rate. The sluggish economic growth of landlocked Africa corroborates to this finding. Bangladesh’s landlocked neighborhood too is having to endure the same fate as we will detail out later. The study justly argues that development of alternative transportation routes rather than trade policies should get higher level of policy emphasis in such states, because, it is ‘fundamentally a transport problem’. This study argues that regional trade arrangements significantly mitigate the negative effects of being landlocked on trade. Each transit corridor requires an extensive marketing strategy to attract capital and transit traffic. Landlocked countries should realize that they could play a role in a sub-region and use this strategic location. In the case of Zambia, for example, it was only after independence that the country realized that it could take advantage of its strategic location in the sub-region and included such considerations in the planning and negotiation of corridors. Landlocked countries can take an active role in proposing and working on transit corridor planning. On the other hand, a transit or coastal country can use its potential to attract investment and customers, and increase its own and the region’s growth potential. A corridor systematically creates spillover effects which provide opportunities for a whole region. The upshot here is that both parties landlocked and coastal could become winners through transport cooperation.

Raballand (2003), using 10,000 observations, from a sample of 46 countries over a 5-year period, conclude that being landlocked would reduce trade by more than 80% when measured by a dummy variable. He also confirms empirically this result using econometric model.

A recent study found that simply crossing the border between the United States and Canada is equivalent to adding between 4,000 to 16,000 kilometres worth of transportation costs (Hauseman, 2001)

If a border adds such significant costs in trade between highly developed countries, it is obvious that countries with weak commercial and customs infrastructure are faced with even more costly hurdles.

Maritime trade has continuously expanded in the last three centuries. The decline of real costs of shipping explains its development. States deprived of sea coast could consequently be victims of this trend because inland haulage transport cost has not diminished at the same pace.

Limao and Venables (2001) find that it is more than seven times more expensive to transport goods by land than by sea.

Beilock *et al*. (1996) calculated that each border-crossing within the FSU (Former Soviet Union) region increases truckload freight rates by 400 US dollars.

The seven North Eastern Indian states are land locked; so also are Nepal and Bhutan. At present they use Kolkata port for their external trade. In terms of geographic location Bangladesh's Chittagong port is in a much better position to provide port service for external trade to these states and countries. These states could save considerably in terms of costs and time by having not to transport to and from Kolkata port. Bangladesh too could become gainer by charging fees for the service on regular basis.

2.1 Profiles of some Landlocked States in Bangladesh's Neighborhood

Here we have looked into the socioeconomic realities surrounding Indian state of Assam, and the Chinese Southwestern Province of Yunnan.

2.1.1 The Seven Sisters

Assam has over four crore people. Meghalaya, Manipur, Mizorem each has population of less than five million.

Four of the seven states, Meghalaya, Mizorem, Arunachal, and Nagaland — were just curved out of the original province of Assam, in the 1970s and 1980s. Tripura and Manipur were princely territories during the British rule.

The percentage of poor in Assam is the highest in the North East India. Four out of ten people in rural Assam are likely to be below the poverty line. The state has experienced decline since independence.

In 1950-51, Assam's per-capita income was 4.1 percent higher than the average for India. By 1980-81, and 1998-99, per-capita income became respectively 27 per cent and 46 percent lower than national average. According to a study by Bhattacharya (Rakhee Bhattacharya, http:// argueindia.org/ ecogrowth.pdf, browsed on January 2, 2011)

The gap is still widening. The following account on Indian Seven Sisters is based mainly on Rakhee Bhattacharya's work.

Assam's unemployment rate is twice as high as national unemployment according 1999-2000 statistics. The per capita income is in a decline especially in the rural areas.

Dependence on the primary sector remains unchanged at too high level. In most of India's rapidly growing states the agricultural sector is in relative decline, with growth in the service and manufacturing sectors accelerating. However, in the Northeast there is little evidence of economic diversification. Agriculture remains the backbone of the economy.

Unemployment is allegedly the root cause of insurgency and terrorism in North East India.

"India seems to be diverging into almost two different countries; prosperous, and modernising southern and western regions and poor and politically volatile northern and eastern regions"

. A Parallel economy is run by insurgent groups, who collect taxes from citizen to finance their insurgency.

Bridging the gap between the two Indias is perhaps the greatest challenge facing the country today.

All states are small and economically non-viable states .

Except Assam, the area of each state is less than 35,000 sq.km. and population less than 5 million each.

All the states are substantially dependent on government support and suffers from economic stagnation. So cooperation on regional basis urgent.

Paradox: it is difficult to think of another area in the world which can surpass India's north east in terms of its forest hydro and mineral resources.

The Region's central feature is: Abundance of water, forest, and mineral resources and distinct bio diversity. The public sector until now remains dominant resource manager crucial sector of employment.

Poverty incidence in Mizoram and Nagaland is below the national average. But this difference fails to change the region's picture since these two states are too small in terms of population. There is a robust statistical relationship that shows that,on average, resource-dependent economies perform poorly in terms of economic growth and development – a result so ubiquitous in developing countries that it has been termed the "resource curse"[2].

---

2 We are however inclined to describe the reality of these states in terms of curse of being landlocked.

As such, as a transit route through Bangladesh can integrate the northeast India with its mainland and is set to reduce transportation cost significantly.

Hydropower Potential in NE states

This report shows that hydropower from the Northeastern Region is of great importance to the realization of India’s development potential. And given the current socioeconomic and development status of the Northeast, the hydropower sector also emerges as one of the best opportunities for development in the region, provided that the hydropower projects are developed in a manner appropriate for the region’s social and environmental contexts. Hydropower project revenues could potentially double the region’s net state domestic product.

Also transport infrastructure to remote areas, built by the hydropower projects, would be of some importance to the region. Finally, benefits would include improved navigation and fisheries and considerable augmentation of lean season flows. Hydropower potential is around 66,000 megawatts, which represents about 40 percent of the national potential, but the operating hydropower projects and projects under construction together constitute 6 percent of the region’s potential (compared to the all- India figure of 28 percent. Power hungry Bangladesh could buy power from the region on sustainable basis.

Chart-1 Relative Decline of Indian North East Region Vis a vis the Rest of



However, despite this high potential Indian North East region is facing both relative and absolute decline vis-a vis the rest of India (see chart-1).

2.1.2 Yunnan's Hardship

Yunnan is one of China's relatively underdeveloped provinces with more poverty tricken than the other provinces.

That is the province not unlike the seven sisters depend for development on public spending. Yunnan covers an area of 394,100 square kilometers and has a population of 43.75 million comprising 26 ethnic minorities. Yunnan has an 84 percent mountain area, 10 percent plateau, 6 percent basins, and has a high forest area of 28,732,001 hectares. The province is very rich in natural resources[3]. Potential for generation of electricity, availability of mineral and forest resources and varieties of cash crops etc. seem to uniquely characterize the province among the ones in the vast republic.

The theoretical hydropower reserve is estimated at 103.64 million kilowatts, the exploitable installed capacity amounting to more than 90 million kilowatts and the annual generating capacity being up to 394.45 billion kwh. In recent years there are working certain schemes for electricity transfer.

These are reportedly trumpeted as key to relieving eastern electrical shortages and providing rural electrification and poverty alleviation near the dams. Under one of these schemes in summer 2001, a delegation from Guangdong visited Yunnan and Guizhou with the purpose of establishing electricity transfer agreements The mission succeeded to make provision for 4 million and 1.6 million kWh, respectively from Yunnan and Guizhou. Several scholars liken such schemes as a type of internal colonization in which the key beneficiaries are hydropower companies and eastern provinces set to receive cheaper electricity (Magee, 2006). It is thus only natural that the Yunnan province will continue to be poorer among

---

3 Yunnan boasts the largest variety of plant species in China. Of nearly 30,000 species of higher plants in China, 17,000 or 62.9% , can be found in the province. This is why Yunnan earned the reputation of being a Kingdom of Plants.
In addition, Yunnan has more than 300 varieties of cash crops, including tea, rubber, oil palm, anise, tung tree, cinnamon, and coffee, many of which are unique to the province. She is also a treasure house of Chinese medicinal herbs. More than 2,000 species of medicinal herbs grow throughout the province.
Of the 168 kinds of minerals discovered in China, 142 can be found in Yunnan. The reserves of 54 of these minerals rank among the top 10 in China. Moreover,Yunnan comes out in the top three places in China in terms of the reserves of 25 minerals including lead, zinc, tin, phosphorous, copper, and silver. Yunnan is also rich in non-metallic minerals such as limestone, dolomite, halite, marble, and granite.

the community of provinces (see chart-2) while the lucky ones will be excelling at the expense of her resources. The province's per capita income is less than 1/8 th of that of Shanghai, the richest province. It somewhat heartening that the

Chart-2: Per capita GDP in China by Province (2003)



Source: **Kwan (2005)**

Chinese Government of late has shown being concerned as regards such adverse economic trend and expressed intention to reverse the trend.

3. Importance of Ports

The importance of sea-ports can be guessed from the very fact that 90% of the total volume of world trade depends on maritime transport. In recent times ports are identified as parts of port systems just as cities are conceptually defined as elements in urban systems rather than isolated elements serving respective dedicated region (Ducruet et al., 2009).

As parts of port systems, ports now both compete and cooperate and thus conceptually generate an integration (Cullinane and Song, 2007). Port activities now impact and are influenced by local and regional economic growth. Under this dynamics isolation means ruins. A port has to perform as vibrantly as is

4 The Port of Singapore Authority, for instance, operates terminals in Belgium, Portugal, and India. It also hopes to build up strong port linkages with other countries via the hub-spoke networks (Tongzon, 2006).

commensurate with the trend of competition and cooperation in its neighborhood not only for its viability but also, in the long run its very existence. Imagine a scenario under which a well established port exports services.[4]

A vibrant port could potentially become a hub city helping the mother country in terms of economic growth and employment.[5] Hub city in turn emerges due to economies of scale and technological improvements of transportation (Konishi, 2000)[6].

3.1 A Few Examples

Most of Togo's foreign trade passes through the port of Lome, which also serves as a transit point for goods for the land-locked countries, such as, Burkina Faso, Mali and Niger. While this transit trade encouraged the installation of communication networks between the port and to the landlocked countries, it also vastly opened up Togo to the outside world. The services sector within the Togolese economy remarkably expanded as a result.

The Rotterdam Port, which provides sea access to several landlocked European countries and Bandar Abbas Port in Iran which is providing the same to countries of Central Asia.

4. CHITTAGONG: A Brief Profile

Bangladesh is so suitably located geographically that she can provide transit of goods through her territory to India's Northeastern states and earn valuable foreign currency in exchange. She can also provide her ports as an entrepot to facilitate foreign trade of neighborhood which in turn extends from North East India, to parts of South-west China and Myanmar.

Construction of the SUEZ canal did revolutionize the world's sea traffic by cutting short the distance between European ports and the rest of the world.[7]

---

5 This location may develop into a new city due to the demand for transhipping and handling commodities, which in turn attracts workers and, therefore, stimulates population agglomeration at such hubs (Ducruet et al., 2009).

6 Studies (e.g., Limao and Venables, 2001) find that countries with direct access to sea do enjoy 50% less transport costs than landlocked countries**. Chittagong, by** handling the commercial carriers belonging to the landlocked Indian seven sisters, Nepal, Bhutan, and also distant Yunan state of China enroute to and from foreign destinations both via land and sea routes as freight forwarder alone could earn enormous revenues for national exchequer.

7 Before the canal opened it had taken at least 113 days for a steam ship to sail the 6000 miles from London to Calcutta via the Cape of Good Hope. The Canal cut the distance by a third.

The Egyptian nationalists, who opposed the SUEZ project, finaly reconciled as the canal started contributing billions of dollars in revenues from ships transiting through it.

Bangladesh too could gain a similar favor of geography if she can bravely go forward with an agenda on regional transport cooperation[8]. Fortune favors the brave.

Aside from port service the host city also needs to be equipped with a number of other facilities that include physical infrastructure, such as roads and highways, railway and inland waterway etc., information and technology, power and energy, banking and finance, hotels and restaurants, administrative service, specially effective law enforcing machinery essential for ensuring safe passage of foreign cargoes, and above all a corruption-free business atmosphere. This section will shed some light on the issue and show that Chittagong's feat is mostly alright. Deficiencies that prevail are amenable for being sorted out through concerted governmental efforts which in turn seems to be in place already.

According to available statistics, Chittagong produced a GDP of $16 (equivalent of a quarter of national GDP) billion in 2005. With an annual growth rate of 6.3% it is estimated that in 2020 the GDP of Chittagong will be $39 billion.

4.1 Chittagong is an Industrial City

Around 40% of the heavy industrial activities of Bangladesh is located in Chittagong. These include dry dock, Dock Yards, Oil Refinery, Steel Mills, Power Plant, Cement clinker factory, automobile industries, pharmaceutical plants, chemical plants, cable manufacturing, textiles mills, jute mills, paper mill and fertilizer factory.

There is a Korean Export Processing Zone (KEPZ) in Chittagong which this is expected to attract foreign direct investment worth $1 billion. There is as well a Karnaphuli Export Processing Zone, with the same acronym (KEPZ).

A mezzanine tranche for example can be "cut into different slices", separating prime and subprime mortgages and creating a new portfolio with AAA rated tranches, A rated tranches, and unrated tranches. ABS/CDO portfolios "started to experience increasing the due of the non-payment debt and foreclosures and their values declined precipitously" (International Labour Office, 2009). As AAA tranches associated with lower risk have suffered an intense increment in downgrades (Barnett-Hart, 2009). As initial risks have been miscalculated by rating agencies and financial institutions solely relied on credit ratings, repackaged BBB tranches were traded as AAA tranches in the market and therefore experienced default losses from the subprime mortgage segment. As a result financial institutions were no more able to raise funds through ABS and CDOs. The crisis has spread to other types of markets including credit default swaps, high-yield corporate bonds, the inter-bank market, commercial paper, money-market funds, hedge funds and the real economy. Defaulted mortgages and CDOs affected the Credit Default Swaps (CDS) as they required providing insurance against the default counterparty. The insurance holder has the right to sell the insured instruments (e.g. bonds) to the CDS seller at their initial face value or to claim the difference between the initial face value and the recovery rate if the reference entity defaulted. In 2007 and 2008 a large number of CDS sellers had to make payments to CDS holders. Moreover, CDS that were written on securities with AAA rating that actually deserved a credit rating of BBB forced CDS holders to make payments that were higher than expected because of the miscalculation of default risk and underestimation of positive correlation among sub prime tranches.

2.2 Stock market effect

In December 2007 (Homan and Matthews, 2007) US stock market started declining sharply as reaction to immense losses related to sub-prime mortgages. The US stock market further declined by the bankruptcy of Lehman Brothers in September. In between 0ctober 2007 and 2009 the Dow Jones industrial average lost 53% value of their stock.

2.3 Bond market

Fears of a recession in the United States and interest rate cuts by the Federal Reserve have pushed the yield on the 10-year Treasury Bond below the rate of inflation. In the wake of the collapsing housing market and credit market turmoil in the late 2007 and early 2008, the findings from the Federal Reserve's survey certainly come as no surprise. Over the past few months, credit spreads surged. The spread between Moody's Baa bond yield and the 10-year Treasury yield doubled in the past year to over 300 basis points, a rise usually associated with recessions (The sceptical speculator, 2008). In 2007 CDS spreads increased for all securities which were not considered as riskless, especially for those which were rated with BBB, such as high-yield corporate bonds. Suppose such a bond pays 8%, but now has a CDS spread of 400bp (4%) rather than 200bp (2%). Assuming LIBOR/swap rates to be constant, investors' return on insured high-yield bonds fell by 2%. To raise funds on the capital markets, such a company would now be forced to increase its bond yield by 2%, thus increasing its cost of financing.

3. Recovery from The Crisis

Recovery processes are different depending on different types of financial crisis. Historical evidence shows that each and every financial crisis was followed by an economic expansion and those expansions are different in nature which includes credit booms involving upset labour markets, goods and services, booming real-estate business, equity prices and asset price bubbles as well. According to the IMF (2009):

- Recessions in the advanced economies over the past two decades have become less frequent and milder, whereas expansions have become longer, reflecting in part the "Great Moderation" of advanced economies' business cycles.
- Recessions associated with financial crises have been more severe and longer lasting than recessions associated with other shocks. Recoveries

from such recessions have been typically slower, associated with weak domestic demand and tight credit conditions.

- Recessions that are highly synchronized across countries have been longer and deeper than those confined to one region. Recoveries from these recessions have typically been weak, with exports playing a much more limited role than in less synchronized recessions.

The current financial crisis was highly synchronized across the countries and this is why it was thought that it world stay long. The governments of different countries took different actions to stabilize their economy.

3.1 Introduction of Term Auction Facility

The first policy action to manage the financial crisis was the introduction of Term Auction Facility (TAF) in December 2007. The primary objective of this policy was to make the borrowing easier for other banks from the Fed and reduce the spreads in the money market and eventually increase the flow of money that would lead to a lower interest rate. By this new policy banks could borrow directly from the Fed avoiding the discount window with larger maturity dates in order to inject liquidity into the market. The fed was trying to lower the gap between the long term lending rates and the overnight rates (Taylor and Williams, 2008). Figure 1 shows the amount of funds taken up along with Libor and OIS spread.



Figure 1: Impact of the term auction facility on the spread (Taylor, 2008)

Figure 1 is showing that soon after the starting of the TAF, the spread came down for a while but after that rose again showing no respect for the TAF.

3.2 Interest rate adjustment

Interest rate change is the primary initiative for any central bank regarding monetary policy to handle the financial crisis. Federal Reserve Bank reduced their funds rate from 5.25% from the beginning of the crisis in August 2007 to 2% in April 2008 to minimize the crisis. However, that initiative did not work according to their expectation but depreciated the Dollar sharply, which influenced the dramatic increase of the oil price as well as other consumer goods prices instead. From the beginning of the financial crisis in August 2007 to July 2008 the oil price almost doubled.



Figure 2: Cut in interest rates was accompanied by a rapid increase in oil price

The relationship between oil prices and interest rates is proved by empirical studies. For instance, the First Deputy Managing Director of the International Monetary Fund John Lipsky (2008) said: "Preliminary evidence suggests that low interest rates have a statistically significant impact on commodity prices, above and beyond the typical effect of increased demand. Exchange rate shifts also appear to influence commodity prices. For example, IMF estimates suggest that if the US dollar had remained at its 2002 peak through end-2007, oil prices would have been $25 a barrel lower and non-fuel commodity prices 12 percent lower."

3.3 Temporary Cash Infusions

Economic Stimulus Act of 2008 passed in February 2008 was another recovery policy action. Like a package, the aim of this stimulus was to boost up the family and individual consumption by providing cash totalling over $100 billion in May, June, and July 2008. This was done by tax rebates to lower and middle income tax payers, as incentives to encourage business and to increase the limits forced on mortgages that could be obtained by the government agencies. It was not completely a monetary policy because the rebate was financed by borrowing rather than money creation (Taylor, 2008).



Figure 3: The rebates increased income, but not consumption

As shown in the figure 3 consumption did not increase as was expected whereas the personal disposable income increased sharply because of the rebate.

3.4 Fiscal support for the American International Group (AIG)

In September 2008, after a sudden financial deterioration of American International Group, a big financial panic was developed, whose result was judged to have significant adverse effect on the economy. The Fed announced an 85 billion dollar financial support for AIG to backup its finance and to keep the money market mutual fund from "breaking the buck" (Goodfriend, 2009). "The Fed's financial support for AIG was criticized immediately by some important members of Congress as a questionable commitment of taxpayer funds, in effect, a "bridge too far" (Blackstone & Yoest 2008)."

3.5 Interest on reserves

"The Financial Services Regulatory Relief Act, signed in 2006, gave the Fed the authority to pay interest on reserves starting in 2011 for the first time in its history. In May 2008, Fed Chairman Bernanke asked that Congress give the Fed immediate authority to pay interest on reserves. Using authority granted under the Emergency Economic Stabilization Act of 2008, the Fed announced that it would begin paying interest on required and excess reserve balances (Goodfriend, 2009)." The payment of interest on reserves was intended to assist in maintaining the federal funds rate close to the target. Nevertheless, the Fed's authority to pay interest on reserves was timely and valuable because, in principle, it gave the Fed the operational capacity to exit credibly from the zero bound without first drawing

down the stock of bank reserves. Unfortunately, in practice, the fact that the federal funds rate had fallen somewhat below the rate of interest paid on reserves indicates that some financial institutions holding balances at the Fed that traded in federal funds market ware not authorized to receive interest on those balances.

Although most of the central banks lowered interest rates to tackle the global downturn, they were appropriately cautious in doing so in order to maintain incentives for capital inflows and to avoid disorderly exchange rate moves or a full-blown capital account crisis (IMF, 2009). In the context of a financial crisis, fiscal policy was particularly effective in shortening the duration of recessions, whereas the impact of monetary policy was reduced. However, room to provide such fiscal support would be limited if such efforts eroded credibility in the absence of a medium-term framework. Thus, governments ware faced with a difficult balancing act—delivering short-term expansionary policies but also providing reassurance for medium-term prospects. This task was becoming increasingly difficult as the downturn extended in depth and duration. Although governments acted to provide substantial stimulus in 2009, it was then apparent that the effort needed to be at least sustained, if not increased, in 2010, and countries with fiscal room were to introduce new stimulus measures as needed to support the recovery.

4. Financial Regulatory Reform

Banking supervisors, including the Federal Reserve, have broad powers to set binding rules limiting financial activities of the institutions they regulate and to issue guidance describing the standards they will consider in supervising and evaluating those firms. Rules, for example, set standards on the amount of capital that institutions must hold to engage in certain activities. Examples of guidance issued prior to the financial crisis include statements describing how examiners would evaluate firms' exposures to commercial real estate lending and non-traditional mortgage products. The federal banking supervisors seek to work together and with state supervisors to introduce consistent rules or guidance where possible, either through informal channels or through the Federal Financial Institutions Examination Council, which was established for that purpose. However, where they cannot reach agreement, supervisors can and have introduced guidance independently to their respective institutions (Gramlich, 2007).The Federal Reserve also works with foreign supervisors to develop consistent standards. For example, the Federal Reserve played a key role in the international development of the first Basel capital standards in 1988 (Basel I) and in the revised Basel Capital Accord in 2004 (fcic.gov).

Policy and regulatory reform

1. Stronger macroeconomic policy and macro prudential analysis to avoid too loose monetary policy and excess liquidity; assessment of asset bubble, tightening monetary policy when money or credit grows in an unsustainable way (IMF, 2009)

2. Reforming expeditiously the Basle 2 capital requirement process for bank capital for banks and higher quality of capital; counter-cyclical approaches – capital buffers; higher capital for trading books; measuring and limiting liquidity risk; stricter rules for off-balance sheet vehicles; common definition of own funds.

3. Credit rating agencies (CRA's) to be supervised by new European Securities Authority; fundamental review of role of CRAs in the financial system; distinct new approach to rating of securitized products (OECD, 2009).

4. Accounting Strengthened governance of the IASB; wide reflection of the role of mark to market accounting necessary; improved valuation techniques. Accounting standards should not bias business models, promote pro-cyclical behaviour or discourage long-term investment (General Accounting Office, 2007).

5. Insurance Essential to deliver Solvency before May this year. Appropriate safeguards to be defined to ensure an effective group support regime. Within the EU, a strengthened CESR should be in charge of registering and supervising CRAs; A fundamental review of CRAs' business model, their financing and of the scope for separating rating and advisory activities should be undertaken.

6. Sanctions/supervisory powers to be strengthened throughout the EU – so sanctions bite and are deterrent. Competent authorities in all Member States must have sufficient supervisory powers, including sanctions, to ensure the compliance of financial institutions with the applicable rules; competent authorities should also be equipped with strong, equivalent and deterrent sanction regimes to counter all types of financial crime.

7. Parallel banking system (HP's, private equity). All parts of the financial system where they have a potentially systemic nature should be appropriately regulated and supervised; for hedge funds information requirements on hedge funds should become mandatory – through regulation of hedge fund managers.

8. Securitized products/derivative markets should be standardized and simplified; at least one well-capitalized clearing house for credit default swaps should be created in the EU to simplify and standardise over-the-counter derivatives; introduce and require the use of at least one well-capitalised central clearing house for credit default swaps in the EU; guarantee that issuers of securitised products retain on their books for the life of the instrument a meaningful amount of the underlying risk.
9. Investment funds. Common EU rules should be strengthened –including tighter control over depositories and custodian.

Most of the Economic specialists agree that governments failed to make a proper regulatory framework for the financial system which would be able to keep the financial market stable. It has been proved that supervision and regulation was inadequate as they were not able to tackle this big sized crisis. Main weaknesses of the regulations taken that time are measured as the following:

1. There should be sufficient government supervision for the banks. Hedge funds even operated completely outside of the supervisory framework.
2. Systemic risk has been underestimated by the regulators in the financial system. Banks are interconnected, and highly leveraged institutions can affect the entire financial system if they failed.
3. Requirements for capital and liquidity were too low. Financial institutions were not required to hold sufficient capital to cover their assets. Moreover, regulators did not require firms to hold enough capital for scenarios such as a shortfall of liquidity or an abrupt increase of counterparty risk.
4. As the responsibility for supervising financial institutions was split among various authorities, banks could decide which authority to choose and therefore act in their own interest.

Regulations of the financial system should become more vigorous and reliable. Regulatory standards for financial institutions should not allow for excessive risk-taking and give banks no opportunities for arbitrage, gaps or loopholes.

5. New Trends on The Financial Landscape

Financial markets have recovered faster than expected, helped by strengthening activity. Nevertheless, financial conditions are likely to remain more difficult than before the crisis. Specifically:

Money markets have stabilized, and the tightening of bank lending standards has moderated. Moreover, most banks in core markets are now less reliant on central bank emergency facilities and government guarantees. Nonetheless, bank lending is likely to remain sluggish, given the need to rebuild capital, the weakness of private securitization, and the possibility of further credit write-downs, notably related to commercial real estate.

Equity markets have rebounded, and corporate bond issuance has reached record levels, amid a reopening of most high-yield markets. However, the surge in corporate bond issuance has not offset the reduction in bank credit growth to the private sector. Those sectors that have only limited access to capital markets, namely consumers and small and medium-size enterprises are likely to continue to face credit constraints. So far, public lending programs and guarantees have been critical in channelling credit to these sectors.

Sovereign debt has come under pressure for some small countries, as they struggle with large government deficits and debt, and as investors increasingly differentiate across countries.

Amid a relatively rapid return to healthy growth in many emerging economies, portfolio flows into these markets have picked up, easing financial conditions and prompting nascent concerns about asset price valuations. By contrast, cross-border bank financing is still contracting in most regions, as global banks continue to delever. This will limit domestic credit growth, especially in regions that had been most reliant on cross-border bank flows.

Conclusion

Economic production and trade bounced back worldwide in the second half of 2009. Confidence increased strongly on both the financial and real fronts, as extraordinary policy support forestalled another Great Depression. In advanced economies, the beginning of a turn in the inventory cycle and the unexpected strength in U.S. consumption contributed to positive developments. Final domestic demand was very strong in key emerging and developing economies, although the turn in the inventory cycle and the normalization of global trade also played an important role. Driving the global rebound was the extraordinary amount of policy stimulus. Monetary policy has been highly expansionary, with interest rates down to record lows in most advanced and in many emerging economies, while central bank balance sheets expanded to unprecedented levels in key advanced economies. Fiscal policy has also provided major stimulus in response to the deep downturn.

Reference

1. Barnett-Hart, A. K., 2009, *The Story of the CDO Market Meltdown: An Empirical Analysis*
2. Blackstone, B. & Yoest, P., 2008. "Bailouts Turn Up Heat on Fed Chief", *The Wall Street Journal.com*, September 18, 2008
3. Blankfein L., 2009. "Do not destroy the essential catalyst of risk". *Financial Times* (2009) 8 February.
4. Buttonwood, 2007: "Credit and blame", *Economist.com*. September, 2007.
5. Crotty, J., 2009. Structural causes of the global financial crisis: a critical assessment of the 'new financial architecture', *Cambridge Journal of Economics*, Vol. 33, pp. 563–580.
6. General Accounting Office, 2007. *Agencies engaged in consolidated supervision can strengthen performance measurement and consolidation* (GA-07-154, Washington, DC).
7. Goodfriend, M., 2009. "Central banking in the credit turmoil: An assessment of Federal Reserve practice, Princeton University", In: *Monetary-Fiscal Policy Interactions, Expectations, and Dynamics in the Current Economic Crisis*, May 22-3, 2009, Princeton, New Jersey.
8. Gramlich, E.M., 2007, *Subprime Mortgages: America's Latest Bust and Boom.*
9. Homan, R and Matthews, S., 2007. "U.S. Recession Started in 2007, Longest Since 1980s", [online] Available at: http://www.bloomberg.com/apps/news?pid=20601068&sid=al4iyIoRhvao&refer=home , (Accessed 21 March 2010).
10. Hull, J.C., 1997, *Introduction to Futures and Options Markets,* 3rd ed, Prentice Hall Ltd.
11. Hull, J.C., 2009. *Risk management and financial institutes*, 2nd ed, Pearson education.
12. International Labour Office, 2009, *Impact of the Financial Crisis on Finance Sector Workers,* International Labour Office, Geneva,
13. International Monetary Fund, 2009. *World Economic Outlook: Crisis and recovery,* April 2009, Washington DC.
14. Kenc, T. & S. Dibooglu, 2010. "The 2007–2009 financial crisis, global imbalances and capital flows: Implications for reform", *Economic Systems*, Vol. 34, pp. 3–21.
15. KPMG, 2008, *Beyond the Credit Crisis, The Impact and Lessons learnt for Investment Managers*

16. Krugman, P., 2009. The return of depression economics and the crisis of 2008,

17. Lipsky, J.P., 2008. "Commodity Prices and Global Inflation", *Council on Foreign Relations*, New York City, May 8, 2008

18. Mayer, C., K. Pence, and S. Sherlund, 2008. The Rise in Mortgage Defaults, *Finance and Economics Discussion Series 2008-59*, Washington: Board of Governors of the Federal Reserve System, November

19. OECD, 2009. *Finance, competition and governance: Priorities for reform and strategies to phase out emergency measures, Paris*.

20. Taylor, J.B., 2008, *The Financial Crisis and the Policy Responses: an Empirical Analysis of What Went Wrong*, [online] Available at: http://www.stanford.edu/~johntayl/FCPR.pdf (Accessed 20 March 2010)

21. Taylor J. B. & Williams J. C., 2008. *A Black Swan in the Money Market*. NBER Working Paper No. 13493.

22. Tett G., 2008. "Insight: Volatility returns with a vengeance". *Financial Times* (2008) 27 October.

23. The Sceptical Speculator, 2008. "US recession, dollar crisis and bond market meltdown". The sceptical speculator online. 11 February, Available at: http://skepticalspeculator.blogspot.com/2008/02/us-recession-dollar-crisis-and-bond.html (Accessed 25 March 2010)

24. US House of Representatives committee on govt. oversight and reform.22nd Oct, 2008.

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

সাম্প্রতিক বিশ্ব অর্থনৈতিক মন্দা : প্রেক্ষিত বাংলাদেশ

অজয় কুমার বিশ্বাস*

সারসংক্ষেপ

মুক্ত বাজার অর্থনীতির ফসল হ'ল অর্থনৈতিক মন্দা। পুঁজিবাদী অর্থ ব্যবস্থার উত্থানের যুগে এ সংকটের লক্ষণ পরিলক্ষিত হয়নি যদিও তা ভ্রূণ অবস্থায় এ অর্থ ব্যবস্থার মধ্যেই পুষ্টি লাভ করছিল। অষ্টাদশ শতাব্দীর শেষার্ধ থেকে উনবিংশ শতাব্দীর প্রথমার্ধ পর্যন্ত এ্যাডাম স্মিথ, ডেভিড রিকার্ডো, জন স্টুয়ার্ট মিল, আলফ্রেড মার্শাল, জিন ব্যাপটিস্ট সে প্রমূখ মুক্ত বাজার দর্শনের উপর ভিত্তি করে অর্থনৈতিক সমস্যা বিশ্লেষণ করেছেন। তাঁরা অবাধ অর্থনীতির ধ্যান-ধারণায় পূর্ণাঙ্গ বিশ্বাসী ছিলেন। সরকারি হস্তক্ষেপকে অগ্রাহ্য করেছেন। সে সময় এ আচরণের গ্রাহ্যতাও ছিল। কেননা (ক্ল্যাসিক্যাল অর্থনীতিবিদদের) তাদের সময়কালে বিশ্বের প্রায় প্রতিটি দেশে রাজতন্ত্র প্রচলিত ছিল। রাজতন্ত্রে সর্বময় ক্ষমতার অধিকারী ছিলেন রাজা। জনগণ ছিল প্রজা। রাজা প্রজার সম্পর্ক ছিল শোষণের। তৎকালীন সময়ে রাজাদের অর্থনৈতিক কর্মকাণ্ডে ভূমিকা বৃদ্ধির অর্থই ছিল শোষণ বৃদ্ধি আর এ কারণেই ক্ল্যাসিক্যাল নব্য ক্ল্যাসিকাল এমনকি চিকাগো স্কুল চিন্তাধারার প্রবর্তক প্রখ্যাত অর্থনীতিবিদ মিল্টন ফ্রিডম্যান, নাইট, শুজ এবং ষ্টিগলার অবাধ বাজারের দক্ষতায় বিশ্বাস স্থাপন করে অর্থনীতি ও ব্যবস্থাপনায় সরকারের সীমিত হস্তক্ষেপ সমর্থন করেছেন। ক্ল্যাসিক্যাল অর্থনীতিবিদদের মতে মুক্তবাজারই সমাজে কাম্য কল্যাণের অদ্বিতীয় ব্যবস্থা। এ ব্যবস্থা অদৃশ্য হাতের (আপেক্ষিক দাম ব্যবস্থা) নৈপুণ্যে দীর্ঘকালে কখনো অতি উৎপাদন অথবা স্বল্প উৎপাদন সমস্যা দেখা দেয় না। সমাজের সামগ্রিক চাহিদা ও সামগ্রিক যোগান সমান হয়। বেকার সমস্যা থেকে অর্থ ব্যবস্থা মুক্ত থাকতে পারে। সকল সম্পদ বরাদ্দ হয় জনগোষ্ঠীর প্রত্যাশা অনুসারে। সর্বোপরি এ মুক্ত ও পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার স্বয়ংক্রিয়ভাবে পূর্ণ কর্মসংস্থান অর্জনের দ্বারা সামাজিক কাম্যতা রক্ষা করে। এ বিশ্বাসে কুঠারঘাত হানে ১৮৭০ ও ১৯৩০ এর দশকের মহামন্দা। বিশ্ব অর্থনীতিতে বিরাজমান দীর্ঘকালীন চরম বেকারত্ব বাজার দক্ষতার ভিত্তিতে ফাটল ধরায়। জে. এম. কেইনসের বিশ্লেষণ অনুযায়ী সরকারের শক্তিশালী অর্থনৈতিক হস্তক্ষেপ দ্বারাই শুধুমাত্র কার্যকরী চাহিদা বৃদ্ধির মাধ্যমে বাজারের ব্যর্থতা দুর করে পূর্ণ কর্মসংস্থান অর্জন সম্ভব। এভাবে জন্ম হয় রাষ্ট্রীয় পুঁজিবাদের। যার মূলমন্ত্র হল রাজস্ব নীতি ও আর্থিক নীতির সমন্বয়ে বাজার অর্থনীতির

---

* সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ, কুষ্টিয়া সরকারী কলেজ, কুষ্টিয়া সদস্য, বি.ই.এ।

প্রবন্ধটি বাংলাদেশ অর্থনীতি সমিতি ও অর্থনীতি বিভাগ, কুষ্টিয়া সরকারী কলেজের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত আঞ্চলিক সেমিনার উপস্থাপিত হয়েছিল। সম্মেলন স্থান: অডিটোরিয়াম, কুষ্টিয়া সরকারী কলেজ, কুষ্টিয়া। তারিখ: ৪ ফেব্রুয়ারি-২০১২

ব্যর্থতা অপনোদন করে তাকে কল্যাণমূলক রাষ্ট্রের উপযোগী করে তোলা। এ পদক্ষেপ অর্থনৈতিক মন্দা থেকে সাময়িককালের জন্য হলেও বাজার অর্থনীতিকে উদ্ধার করেছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর কালে লগ্নি পুঁজির বিকাশের সাথে লিবারালিজম এর নামে অবাধ বাজার ব্যবস্থার পুনরুত্থান ঘটে। শিকাগো বিশ্ববিদ্যালয়ের এক ঝাঁক নব্য অবাধ বাজার অর্থনীতিবিদদের (ফ্রিডম্যান প্রমূখ) মূল কথা হল অর্থনীতির ওপর থেকে আভ্যন্তরীণ ও বৈদেশিক যাবতীয় নিয়ন্ত্রণ তুলে নিতে হবে।

নিয়ন্ত্রণহীন এই বাজার অর্থনীতিই হল বিশ্বায়নের অর্থনীতি। তাদের ধারণা ছিল নিয়ন্ত্রণ তুলে নেওয়া হয় না বলেই জাতীয় অর্থনীতিগুলি চাহিদা স্বল্পতার সমস্যায় পড়ে। যেটা তাঁরা বোঝেননি তা হল - চাহিদা স্বল্পতার এই সমস্যা পুঁজিবাদের কাঠামোগত সমস্যা। জাতীয় সীমা ভেঙে দিলে এ সমস্যা চলে যায় না বরং সমস্যার পরিধিটাই বেড়ে যায়। তাই সাম্প্রতিককালের আমেরিকার লগ্নি পুঁজির সংকট থেকে উদ্ভূত অর্থনৈতিক মন্দার বিরূপ প্রভাব বাংলাদেশসহ বিশ্বময় ছড়িয়ে পড়েছে। এ থেকে সাময়িক পরিত্রাণের কৌশল হল রাষ্ট্র নিয়ন্ত্রিত পুঁজিবাদী নীতি গ্রহণ আর সংকট থেকে অব্যাহতির উপায় হল সমাজ নিয়ন্ত্রিত পরিকল্পিত অর্থনীতির বিনির্মাণ।

অর্থনৈতিক মন্দা

ব্যবসা বাণিজ্যের নির্দিষ্ট সময় অন্তর উত্থান পতন হল বাণিজ্য চক্র। J.M Keynes, K Gordon প্রমূখ বাণিজ্য চক্রের যে ব্যাখ্যা দিয়েছেন তা পর্যালোচনা করে বলা যায়, ব্যবসা ক্ষেত্রে পর্যায়ক্রমিক উন্নতি ও অবনতি অবস্থা বাণিজ্য চক্র নির্দেশ করে।

বাণিজ্য চক্রের চারটি পর্যায় আছে যথা - (i) সমৃদ্ধি (Boom) ও উর্ধ্বগতি (Upswing) (ii) অবনতি (Recession) (iii) মন্দা (depression) এবং (iv) পুনরুদ্ধার (Recovery)

সমৃদ্ধির পর সাধারণত ক্রমাবনতি তারপর মন্দা দেখা যায়। আবার মন্দার পর অর্থনীতি পুনরুদ্ধার হয়। সাধারণভাবে সর্বত্র অর্থনৈতিক কাজকর্মের নিম্নাভিমুখী গতি যখন গভীরে প্রবেশ করে তখন মন্দাবস্থা সৃষ্টি হয়। ব্যবসা, বাণিজ্য, ব্যাংক ব্যবস্থা সর্বত্র ভাঙনের অবস্থা দেখা দেয়।

অর্থনৈতিক মন্দা সৃষ্টির ঐতিহাসিক পরিক্রমা

১৭৮৯ সালের ফরাসি বিপ্লব, ১৭৬০ থেকে ১৮৫০ সাল ব্যাপী বৃটেনের শিল্প অর্থনীতির বিকাশ তথা শিল্প বিপ্লব পুঁজিবাদী অর্থনীতিকে দৃঢ় ভিত্তির উপর দাঁড় করিয়েছে। এ পর্বের বুদ্ধি মুক্তি আন্দোলন মানুষের ব্যক্তি সত্তার বিকাশ ঘটিয়েছে এবং সৃষ্টি হয়েছে ব্যক্তিস্বাতন্ত্রবাদের অর্থনীতি বা মুক্ত বাজার অর্থনীতি যা মূলত পুঁজিবাদী অর্থনীতির সমার্থক। আর ভ. ই লেনিনের ভাষায় "পুঁজিবাদ বলতে পণ্য উৎপাদনের ঐ উন্নত স্তর বুঝায় যেখানে মনুষ্য শ্রমের উৎপাদন শুধু নয়, মনুষ্য শ্রমশক্তি নিজেই পণ্যে পরিণত হয়।" পুঁজিবাদে শ্রমশক্তি এমন এক পণ্য যা নিজের বিনিময় মূল্যের চেয়ে বেশি মূল্য উৎপন্ন করে। এই উদ্বৃত্ত মূল্য মালিক শ্রেণি মুনাফা হিসেবে গ্রহণ করে এবং বর্ধিত পুঁজি হিসেবে পুনউৎপাদনে বিনিয়োগ করে। যে মালিক বেশি বেশি উদ্বৃত্ত মূল্য আত্মসাৎকরে পুনবিনিয়োগে নিযুক্ত করতে সক্ষম হয় তার পুঁজির আয়তন ও আঙ্গিক বিন্যাস বৃহৎ এবং শক্তিশালী হয়। পুনউৎপাদনে বর্ধিত পুঁজি বিনিয়োগে পিছিয়ে পড়া মালিকগোষ্ঠী অবাধ প্রতিযোগিতার এ বাজার থেকে বিতাড়িত হয়। তাদের সম্পদও বাজারী প্রক্রিয়ার মাধ্যমে বৃহৎ পুঁজি মালিকের হস্তগত হয়। এভাবে ১৯ শতকের শেষার্ধে একচেটিয়া পুঁজির উদ্ভব ঘটে। এ পর্যায়ে উৎপাদন প্রক্রিয়ায় পুঁজির ঘনত্ব বৃদ্ধি পায় বিধায় মুনাফার গড় হার হ্রাস পায়। অথচ মুনাফার

তাড়নাই পুঁজিবাদকে প্রথম থেকে বাধ্য করেছে কাঁচামাল ও বাজার দখলের প্রতিযোগিতায় প্রবৃত্ত হতে, সমগ্র পৃথিবী দখল করে নিজ নিজ প্রভাবাধীন অঞ্চলে ভাগ বাটোয়ারা করে নিতে এবং শেষ পর্যন্ত সাম্রাজ্যবাদের পর্যায়ে গিয়ে পুঁজি বিনিয়োগের অক্ষ পরিবর্তন ঘটাতে। একচেটিয়া পুঁজিবাদের এ পর্যায়ে উৎপাদনশীল শিল্প পুঁজির (যে পুঁজি প্রকৃত উৎপাদনে সহায়তা করে) পাশাপাশি ক্রমশ বেশি গুরুত্ব পেতে শুরু করেছিল লগ্নিপুঁজি (ফিন্যান্স ক্যাপিটাল)। লগ্নি পুঁজির বিনিয়োগ সরাসরি উৎপাদন বাড়ায় না। তাই প্রকৃত বিচারে, বিচ্ছিন্নভাবে দেখতে গেলে এই পুঁজি অনুৎপাদনশীল। উৎপাদনশীল পুঁজির সহায়ক শক্তি হিসাবে লগ্নিপুঁজি অন্তত শুরুর দিকে পরোক্ষভাবে একটা উৎপাদনশীল ভূমিকা পালন করেছে। লগ্নিপুঁজির প্রকৃত পরিচয় লেনিনের উদ্ধৃতি থেকে আরো স্পষ্ট হবে "Finance capital is capital controlled by banks and employed by industrialists".

একচেটিয়া পুঁজির উদ্ভব ও বিকাশের সাথে অর্থনৈতিক মন্দার কার্যকারণগত সম্পর্ক রয়েছে। ১৮৬৫ থেকে ১৯২৯ সালের প্রাক্কাল পর্যন্ত পুঁজিবাদী অর্থনীতি মন্দায় পতিত হয়েছে আবার তার উত্তরণও ঘটেছে। কিন্তু ১৯৩০ এর দশকের দীর্ঘকালীন মন্দাবস্থা অবাধ বাজার ব্যবস্থার স্বয়ংক্রিয়ভাবে পূর্ণকর্মসংস্থান অর্জনের দর্শনকে সম্পূর্ণ অবাস্তব প্রমাণ করে। বিশ্ব অর্থনীতিতে বিরাজমান দীর্ঘকালীন চরম বেকারত্ব বাজার দক্ষতার ভিত্তিতে ফাটল সৃষ্টি করে। এ সংকট থেকে উত্তরণের জন্য সামষ্টিক অর্থনৈতিক দৃষ্টিভঙ্গির গ্রাহ্যতা পরিলক্ষিত হয়। রাষ্ট্র নিয়ন্ত্রিত পুঁজিবাদের প্রবক্তা জে. এম. কেইনস্ সরকারের শক্তিশালী অর্থনৈতিক হস্তক্ষেপ দ্বারাই শুধুমাত্র কার্যকরি চাহিদা বৃদ্ধির মাধ্যমে মুক্ত বাজারের ব্যর্থতা দুর করে পূর্ণ কর্মসংস্থান অর্জন সম্ভব বলে অভিমত দেন। তাই "End of laissez faire" নিবন্ধে তিনি সরকারের গুরুত্ববহ অর্থনৈতিক ভূমিকা সম্পর্কে আলোকপাত করতে গিয়ে বলেন "The important thing for government is not to do things which individuals are already and to do them a little better or a little worse but to do those things which at present are not do at all". ১৯৩০ এর বৃহৎ মন্দা সে সময়কার সব থেকে উন্নত পুঁজিবাদী দেশ মার্কিন যুক্তরাষ্ট্রে ১৯৩৩ সালে বেকারত্ব শ্রমশক্তির ২৫ শতাংশে পৌছিয়ে ছিল। বেশিরভাগ অর্থনীতিবিদ পূর্ব অভিজ্ঞতার বিচারে চক্রাকার উর্দ্ধগতি অনুযায়ী আশা করেছিলেন যে, অর্থনীতি পূর্ণ নিয়োগের স্তরে পৌছাবে; তা হল না। এমনকি ১৯৩৭ সালে পৌছেও বেকারত্ব ১৪ শতাংশ রয়ে গেল। মন্দার মধ্যে তারপর শুরু হল আর একটা নিম্নমুখী গতি। কর্মহীনতা ১৯৩৮ এ ১৯ শতাংশে উঠে গেল এবং মনে হলো ঐ দশকটা যেন বা শুধু অর্থনীতির ক্ষেত্রেই নয়, গোট সমাজটাকেই গভীর সংকটে নিয়ে ফেলবে। রুজভেল্টের 'নিউ ডিল' পলিসিতে যে সমস্ত দীর্ঘ বকেয়া সংস্কারগুলো চালু করা হয়েছিল তা জনসমর্থন হারাচ্ছিল এবং আমেরিকার ইতিহাসে সর্বপ্রথম স্বয়ং পুঁজিবাদের ভবিষ্যৎ গুরুতর প্রশ্নের সম্মুখীন হয়েছিল। অবশ্য দ্বিতীয় বিশ্বযুদ্ধ এই পর্বের সমাপ্তি ঘটিয়েছিল। এ প্রসঙ্গে জন কেনেথ গলব্রেথ বলেছেন, "মহামন্দা কখনই শেষ হয়নি, বরং তা যুদ্ধ অর্থনীতিতে বিলীন হয়েছে।" অর্থনৈতিক মন্দা ও পুঁজিবাদ অবিচ্ছেদ্য।

চলমান বিশ্ব অর্থনৈতিক মন্দার স্বরূপ

জন মেইনার্ড কেইনস্ - এর ১৯৩৬ - এর একটি লেখা থেকে প্রায়শ উদ্ধৃত একটি অংশে তিনি বলেছিলেন, "উৎপাদন সংস্থার প্রবাহমানতার স্রোত বজায় থাকলে ফাটকাবাজদের ভূমিকা হয় বুদ্‌বুদের মতো, তারা ক্ষতি করতে পারে না। কিন্তু সংস্থাটিই যদি ফাটকাবাজির ঘূর্ণিপাকের বুদ্‌বুদে পরিণত হয়, তখনই ঘনিয়ে আসে বিপদ। একটি দেশের পুঁজির বিকাশ যখন জুয়াখেলার উপজাত বিষয় হয়ে পড়ে, তখন উৎপাদনের কাজটাই আর ঠিকভাবে করা যায় না।" তাঁর উপর্যুক্ত সতর্ক বার্তা প্রায় ৮ দশক পরে কেবল মার্কিন যুক্তরাষ্ট্রেই নয় বরং সারা পৃথিবীতে সম্পূর্ণ বাস্তবায়িত হয়ে গেছে।

মানবিক প্রয়োজন মেটানোর জন্য উৎপাদনের প্রকৃত অর্থনীতির সরল সহায়কের আদি ভূমিকা থেকে একবার ছিন্ন হয়ে লগ্নি পুঁজি অবধারিতভাবে হয়ে উঠেছে ফাটকা পুঁজি যা তার নিজের প্রসারের জন্য পুরোপুরি নিয়োজিত। অতীতে কেউ স্বপ্নেও ভাবেনি যে, স্বয়ং পুঁজিবাদের মতোই পুরনো একটি প্রক্রিয়া - ফাটকা পুঁজি - এমন বেড়ে উঠতে পারে, যা কেবল একটি জাতীয় অর্থনীতিকেই নয়, বরং একাই পৃথিবীকে কব্জা করতে পারে। কিন্তু শেষ পর্যন্ত তাই ঘটলো।

আন্তর্জাতিক পুঁজির বাজারে সৃষ্ট সংকটজনিত কারণে IMF এর অনুমান মার্কিন যুক্তরাষ্ট্রের পুঁজিবাজারে লোকসান হয়েছে প্রায় ১.৪ ট্রিলিয়ন ডলার। ফিন্যান্সিয়াল এক্সপ্রেসের বিশ্লেষণ অনুসারে বাজার চাঙ্গা করতে সম্ভবত ২.৫ ট্রিলিয়ন ডলার দরকার হবে। মার্কিন বিষয়-সম্পত্তির (Real estate) বাজারে মর্টগেজ এ যে পরিমাণ ডলার ঢালা হয়েছে তার পরিমাণ হবে ১৪ ট্রিলিয়ন ডলার যার অন্তত ২০ থেকে ২৫ ভাগ কখনো আদায় করা যাবে না। সংকট শুধু মার্কিন যুক্তরাষ্ট্রে সীমাবদ্ধ নেই। সংকট ছড়িয়ে পড়েছে ইউরোপ, জাপন, কোরিয়া এমনকি ভারতবর্ষেও।

মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক সংকট এসেছিল বিত্ত সম্পত্তির-বাজারকে কেন্দ্র করে। বাণিজ্যিক বা কমার্শিয়াল ব্যাংকের টাকা খাটাবার একটা বড় জায়গা ছিল এই বিত্ত-বাজার। ব্যাংক ডলার ধার দিত ফ্ল্যাট, জমি, বাড়ি কেনবার জন্য। ধারের টাকায় ক্রেতা কিনবে বিত্ত-সম্পত্তি এবং তারপর কিস্তিতে ক্রেতা সে অর্থ (সুদসহ) শোধ করবে দীর্ঘ সময় ধরে। ব্যাংকের এ ব্যবসা পুরনো ব্যবসা এবং কিস্তিতে শোধ করার এই প্রথা শুধু বিত্ত-বাজারে সীমিত ছিল না। ক্রেডিট কার্ড দিয়ে বাড়ির ফার্নিচার, গাড়ি, বিদেশ ভ্রমণ সবকিছুই ছিল এই ব্যবসার অন্তর্গত। সাধারণভাবে বলা যায়, এ ব্যবসাটা এমন কিছু জটিল ব্যবসা নয়। ক্রেতার যদি নিয়মিত আয় থাকে এবং কিস্তির অর্থ যদি তার সামর্থ্যের মধ্যে থাকে তবে এই ব্যবসায় কোনো ঝুঁকি নেই। লাভও দু'পক্ষেরই। ব্যাংক তার বিনিয়োগের ওপর সুদ পায়। ক্রেতাও একটা বিত্ত-সম্পত্তি বা ভোগ্যপণ্য ভোগ করতে পারে নিজস্ব সঞ্চয় থেকে এককালীন অনেকটা অর্থ ব্যয় না করেই। অর্থনীতিতেও এর প্রভাব থাকে ইতিবাচক। যাদের এককালীন সঞ্চয় নেই এমনকি তাদেরও জুটিয়ে নিয়ে একটা বড় বাজার গড়ে ওঠে ব্যাংক ঋণের ওপর নির্ভর করে এবং সেই বাজারের ওপর নির্ভর করে অর্থনীতির বিভিন্ন ক্ষেত্র চাঙ্গা হয়ে ওঠে। বিত্ত-সম্পত্তির বাজার থেকে যেমন নির্মাণ শিল্প এবং তাকে কেন্দ্র করে ইস্পাত, সিমেন্ট, বালি থেকে যাবতীয় গৃহ সরজ্ঞামের বাজার চাঙ্গা হয়ে ওঠে। মার্কিন যুক্তরাষ্ট্রে সেটাই ঘটেছিল। এদেশের বড় এবং মাঝারি শহরে গড়ে উঠছিল জমি, বাড়ি, ফ্ল্যাটের বাজার। চাঙ্গা হয়ে উঠেছিল নির্মাণ শিল্প। ক্রেডিট কার্ডের ব্যবসাও উঠছিল ফুলে ফেঁপে।

আপাতত কোন সমস্যা ছিল না, সমস্যা হল বাজার মৌলবাদীদের (নিও-লিবারাল বা নয়া উদার নৈতিক) পরামর্শ মতে চলতে গিয়ে এ বাজরে বিনিয়োগের ওপর কোন নিয়ন্ত্রণ না রাখা। সমস্যা কিভাবে সৃষ্টি হয়েছে একটা উদাহরণ দিয়ে সেটা বর্ণনা করা যেতে পারে। বিত্ত-সম্পত্তি কেনা-বেচার বাজার আছে। বিত্ত-সম্পত্তির বাজার যেহেতু তেজি এবং সহজেই যেহেতু ঋণ পাওয়া যেতে পারে, একটা তৈরি ফ্ল্যাটের দ্বিতীয় ক্রেতা পাওয়া কঠিন নয়, যার কাছে সেটা বেশি দামে বিক্রি করা যায়। ব্যাংক থেকে টাকা ধার করে কেনা একটা ফ্ল্যাটের দাম ধরা যাক কেনার সময় ছিল ১ লক্ষ ডলার। ৫ হাজার ডলার ত্রৈমাসিক কিস্তিতে এক বছরে শোধ করা হয়েছে ২০ হাজার ডলার। এখনও ব্যাংক পাবে ৮০ হাজার ডলার। ফ্ল্যাটটার বাজার দাম ইতিমধ্যে বেড়ে গিয়ে দাঁড়িয়েছে ১.১ লক্ষ ডলার। মালিক যদি ফ্ল্যাটটা বিক্রি করে তাহলে ব্যাংকের ঋণ শোধ করেও তার হাতে থাকবে ৩০ হাজার ডলার। একে বলা হয় 'ক্যাপিটাল গেইনস' বা 'পুঁজি

অর্জন'। এটাকে ঘিরে গড়ে উঠতে পারে ফাটকার ব্যবসা যা থেকে ব্যবস্থাটা গোলমালে পড়তে পারে। যদি আইন থাকত যে বন্ধকি সম্পত্তি বিক্রি করা যায় না, তাহলে এই বিত্ত-সম্পত্তি বিক্রি করে লাভ করা যেত না, বাজারও

থাকত নিয়ন্ত্রিত। ফ্ল্যাটটি হত বাসস্থান, ফাটকা বিনিয়োগের বিত্ত হিসাবে তা আর্থিক সংকট সৃষ্টি করতো না। গোলমাল কিভাবে দেখা দিল এবার তা থেকে বিশ্ব অর্থনীতিই বা কীভাবে মুখ থুবড়ে পড়লো তার অংশবিশেষ ব্যাখ্যা করা যাক - বিত্ত-সম্পত্তির বাজারে ক্রেতা যখন ব্যাংকের অর্থে বিত্ত-সম্পত্তি কেনে, সম্পত্তির দলিল তখন ব্যাংকের কাছে বন্ধক থাকে। বন্ধকি এই কাগজটাই হলো ব্যাংকের সম্পত্তি। ক্রেতা যদি কিস্তি খেলাপ করে তবে এই বন্ধকি কাগজের দৌলতেই আইনি উপায়ে ব্যাংক তাকে সম্পত্তি থেকে উৎখাত করে। বিত্ত-সম্পত্তির বাজার যত গড়ে উঠল এই বন্ধকের বাজারটাও একটা মসৃণ প্রাতিষ্ঠানিক চেহারা পেল। ক্রেতাকে ব্যাংকে দৌড়ানোর দরকার নেই। ব্যাংকের সঙ্গে কারবার করে বিল্ডিং সোসাইটি বা এই ধরণের প্রতিষ্ঠান যারা এজেন্ট মারফত ক্রেতা পাকড়াও করে। ক্রেতার সামর্থ্য কতটা সেটা যাচাই করে আর একটি প্রতিষ্ঠান। সম্ভাব্য ক্রেতাদের সামর্থ অনুযায়ী স্তর বিন্যাস বা রেটিং করা হয়। যার রেটিং যত ভালো, তার কিস্তি খেলাপের সম্ভাবনা ততো কম। রেটিং করে বিশেষজ্ঞরা এবং এই রেটিং দেখে বিল্ডিং সোসাইটি ক্রেতাকে ঋণ দেবার জন্য সুপারিশ করে। ব্যাংক ঋণ দেয় ক্রেতাকে, সোসাইটি কাগজপত্র সই করায় ঋণের চেক নেয়, ফ্ল্যাটের চাবি দেয় এবং বন্ধকি কাগজ ব্যাংকে পাঠিয়ে দেয়। ক্রেতা এরপর ঋণ শোধ করতে থাকে চুক্তিমত আগাম চেক দিয়ে চেক নাকচ হলে ক্রেতা বিপন্ন হবে, তাকে রিকভারি এজেন্ট দিয়ে ফ্ল্যাট থেকে বের করে দেওয়া হবে। ঠিকমত কিস্তি পেলে সমস্যা নেই। মেয়াদ উত্তীর্ণ হলে বন্ধকির কাগজ যখন ফেরত আসবে বাড়ি বা ফ্ল্যাটের দলিল মালিকের হস্তগত হবে। ব্যবস্থাটি মসৃণ এবং এর প্রাতিষ্ঠানিক চেহারাটি আইনসিদ্ধ। বিত্তের মালিক যদি ক্যাপিটাল গেইনস বা পুঁজি প্রাপ্তির আশায় (বা অন্য কোনো কারণে) বিত্তটি ছাড়তে চায় তাতেও অসুবিধা নেই। অতি দ্রুত এই কাজটি করা হবে। তার জন্যও এজেন্ট আছে অথবা বিল্ডিং সোসাইটিই এই কাজটি করে দেবে। অবশ্যই ক্যাপিটাল গেইনস্ এর এক অংশ পাবে এই এজেন্টরা। নতুন ক্রেতা করবে নতুন চুক্তি, নতুন মর্টগেজ ডিড বা বন্ধকি পত্র তৈরি হবে, আগেরটা বাতিল হবে। নতুন বন্ধকি কাগজে বিত্তের দাম থাকবে বেশি কেননা ওটা কেনা হয়েছে বেশি অর্থ দিয়ে।

একটা বিত্ত-সম্পত্তি থেকে এই রকম লাভ করার সম্ভাবনা যদি থাকে তবে তা থেকে নানা ব্যবসা তৈরি হয়। একটা সম্পত্তি ক্রমাগত হাত বদল করানো, একজন ক্রেতাকে দিয়ে একাধিক সম্পত্তি কেনানো এবং সবগুলিতেই নতুন নতুন ঋণ দেওয়ার ব্যবস্থা করা - এইভাবে এই বাজার ফুলে ফেঁপে ওঠে। মার্কিন যুক্তরাষ্ট্রে বর্তমানে এই বিত্ত-সম্পত্তির বাজারের আয়তন দাঁড়িয়েছে ১৪ ট্রিলিয়ন ডলার এবং এর অনেকটাই তৈরি হয়েছে এভাবে সম্পত্তির হাত বদল ঘটিয়ে। বাজার যখন এতটা বাড়ে তখন ঠিকমতো ক্রেতা অর্থাৎ যে ক্রেতা নিয়মিত কিস্তির অর্থ দিয়ে যেতে পারবে, সেরকম ক্রেতা জোটানো কঠিন হয়ে পড়ে। মার্কিন যুক্তরাষ্ট্রেও এ সমস্যা দেখা দিল। সমস্যা দেখা দেবার মূল কারণ অর্থনীতিতে যে হারে আয় বৃদ্ধি হবার আশা করা হয়েছিল আয় সেভাবে বাড়লো না। আয় বৃদ্ধি না হওয়ায় মজুরি বাড়লো না। বস্তুতঃ মার্কিন শ্রমজীবীর এক-চতুর্থাংশ এখন যা মজুরি পায় তার পরিমাণ সে দেশের দারিদ্র্য রেখার নীচে। এই অবস্থায় এ রকম মর্টগেজের বাজার ক্রমাগত বাড়িয়ে যেতে গিয়ে এমন ক্রেতার কাছে বিত্ত -সম্পত্তি বিক্রি করার চেষ্টা শুরু হলো যার রেটিং ভালো নয় অর্থাৎ যার সামর্থ্য কম। যার সামর্থ্য কম তাকে দিয়ে যদি বিত্ত-সম্পত্তি কেনানো হয়, তবে কিস্তি খেলাপের সম্ভাবনা বাড়ে। কিস্তি খেলাপ হলে ঋণের টাকা আটকে যায় এবং তা থেকে সমস্যা তৈরি হয়। সেটাই ঘটলো মার্কিন যুক্তরাষ্ট্রে। ঋণ দেওয়া হচ্ছে কম সামর্থ্যসম্পন্ন ক্রেতাকে যাকে বলা যায় সাব-প্রাইম ক্রেতা। আর বন্ধকি কাগজকে যদি বলি সাব-প্রাইম মর্টগেজ সেটার ওপর কিস্তি আটকে গেলে যে সংকট দেখা দেয় তাকেই বলা হয় 'সাব-প্রাইম ক্রাইসিস'। কিন্তু সম্পত্তির বাজারে এই সংকটটিই দেখা দিল।

সংকটটি কেবল এই নয় যে কিছু সম্পত্তির ওপর কিস্তির ডলার জমা পড়ল না। সেটা যতোই হোক, তা থেকে অর্থনীতি মুখ থুবড়ে পড়ত না। সংকটের ব্যাপ্তি আরও ব্যাপক। এর ব্যাপকতা কত, সেটা অনুমান করতে হলে এই বন্ধকি কাগজ নিয়ে কত রকম ব্যবসা হয় সেটা বলতে হবে। গোড়ায় বলেছি ঋণের অর্থ আসে বাণিজ্যিক

ব্যাংক থেকে। ব্যাংক যে পরিমাণ ডলার ঋণ দেয় সেটা আটকা পড়ে থাকে দীর্ঘদিন এবং ব্যাংক পায় একটা নির্দিষ্ট সুদের অঙ্ক।

ইতোমধ্যে বাজারে সুদের হার বেড়ে গেলেও তার আয় বাড়ে না কারণ ঋণের ওপর সুদের হার পূর্বনির্ধারিত। মুক্তবাজার অর্থনীতিতে টিকে থাকতে গেলে ব্যাংককে এভাবে ডলার আটকে রাখলে চলবে না, বাজারে নতুন যে আয়ের সুযোগ আসছে তাকে কাজে লাগাতে হবে। এই অবস্থায় এলো একটা নতুন লগ্নি মাধ্যম যার নাম 'সিকিউরিটাইজেসন'। ঋণপত্র অর্থাৎ বন্ধকি কাগজগুলো যার ওপর সুদ পাওয়া যায়, ব্যাংক সেগুলো বিক্রি করে দেবে বান্ডিল করে কিনবে বিনিয়োগকারী ব্যাংক ও অন্যান্য লগ্নি প্রতিষ্ঠান। ব্যাংকের লাভ, সে তার আটকে যাওয়া ডলার ফেরত পেল। এবং একটি 'ফি' পেল। বিনিয়োগকারী ব্যাংকের লাভ সে এই ঋণের ওপর চুক্তিমাফিক কিস্তির ডলার পাবে এবং কোনো মর্টগেজ সম্পত্তি বিক্রি হয়ে গেলে ক্যাপিটাল গেইনস বা পুঁজি প্রাপ্তির সুবিধার খানিকটা নিজের পকেটে পুরবে। যেহেতু এই মর্টগেজের ওপর সুদের হার সরকারি সুদের হারের চেয়ে বেশি, বিনিয়োগকারী ব্যাংকের মিউচুয়্যাল ফান্ড (যাতে পেনশন ফান্ডের জমানো ডলার, প্রভিডেন্ট ফান্ডের জমানো ডলার বিনিয়োগ হয়) এখানে বিনিয়োগ করা লাভজনক মনে করল। বলা বাহুল্য, শুধু বিত্তের বাজারে নয়, কিস্তি শোধ নেওয়া ঋণের যাবতীয় বাজারেই এই 'সিকিউরিটাইজেশন' এর ব্যবসা বাড়তে লাগল। ২০০৮ সালের জুন মাস পর্যন্ত পাওয়া হিসেবে এই সিকিউরিটির বাজারে খাটছে ২.৫ ট্রিলিয়ন ডলার, যার অনেকটাই হলো মিউচুয়্যাল ফান্ডের নামে জোটানো সাধারণ মানুষের অর্থ।

এর সঙ্গে দেখা দিল আর একটা ব্যবসা। বন্ধকি কারবারে ঝুঁকি থাকে, কিস্তির অর্থ জমা না পড়ার ঝুঁকি। যত সাব-প্রাইম ক্রেতাকে ফ্ল্যাট বা বাড়ি গছানো হয়, ততই এই ঝুঁকি বাড়তে থাকে। সিকিউরিটিগুলোকে তাই বিমার আওতায় নিয়ে আসার চিন্তা বাড়তে থাকে। মাত্র এক দশক আগে এরকম একটা লগ্নি মাধ্যম গড়ে ওঠে। এই মাধ্যমটির নাম ক্রেডিট ডিফল্ট সোয়াপ' বা সিডিএস। দু'টো ঝুঁকি থাকে এই সিকিউরিটির ব্যবসায় একটা হলো সুদের হারের ওঠানামা, অন্যটা হলো কিস্তি আটকে যাওয়া। দু'টোকে আলাদা করা হলো সিডিএস-এ এবং কিস্তি আটকে যাওয়ার সম্ভাবনার ওপর বিমা করা চালু হলো সিডিএস মারফত। বিমা কোম্পানিরা এ ব্যবসায় নামলো। বুদ্ধি খাটিয়ে প্রিমিয়াম কাঠামো তৈরি করলো তারা, যাতে ভালো মর্টগেজকেও বীমা করতে হয় খারাপ বা ঝুঁকিবহুল মর্টগেজকে বিমার আওতায় আনতে হলে অচিরেই এই সিডিএস-এর ব্যবসা ফুলে ফেঁপে উঠল। অবিশ্বাস্য শোনালেও এটা সত্যি যে, মার্কিন যুক্তরাষ্ট্রে এই সিডিএস-এ বাঁধা থাকা সম্পত্তির পরিমাণ ২০০৭ এ ছিল ৬০ ট্রিলিয়ন ডলার। ২০০৮ নাগাদ তা সামান্য কমে দাঁড়ায় ৫৫ ট্রিলিয়ন ডলার। বলা বহুল্য, এর সবটা বিত্ত-সম্পত্তির বাজারে নয়, সিডিএস ছড়িয়ে আছে সমস্ত কিস্তির ব্যবসাতেই।

এখানেই শেষ নয়। লগ্নির ব্যবসা জমে উঠল ঋণপত্রের বা সিকিউরিটির ভবিষ্যৎ দামের ওপরও। ভবিষ্যতের দাম কী হবে তা নিয়ে যে ব্যবসা সেটা পুরনো ব্যবসা। ভবিষ্যৎ ফসল কেনা হবে একটা ঘোষিত দামে - কৃষিপণ্যের বাজারে এ ব্যবসা বহুদিন যাবৎ চালু ব্যবসা। নতুন যা উপাদান যুক্ত হলো তাকে বলে অপসন। অপসনে কেনা বা বেচার বাধ্যবাধকতা নেই। অপসন একটা চুক্তি, যেটা চালু রাখতে নিয়মিত একটা প্রিমিয়াম দিয়ে যেতে হবে। ধরা যাক, ক্রেতা ছ'মাস পরে নির্দিষ্ট অঙ্কের অর্থে একটা ঋণপত্র কিনতে পারে, এই চুক্তির ওপর মাসে মাসে কিছু অর্থ প্রিমিয়াম হিসাবে দিয়ে গেল। ছ'মাস পরে সে যদি দেখে কিনলে লাভ আছে তাহলে সে সেটা কিনে নিল। সে না কিনতেও পারে, তার কোনো দায় নেই কিনবার - তবে না কিনলে প্রিমিয়ামের অঙ্কটা তার লোকসান হবে। এই অপসন ব্যবসাও বেশ জোরদার হয়ে উঠলো মার্কিন যুক্তরাষ্ট্রে।

এবার ফিরে আসি কিস্তি খেলাপের কথায়। নড়বড়ে ক্রেতাকে গছিয়ে দেওয়া সম্পত্তির ওপর যখন কিস্তি খেলাপ শুরু হলো, গোড়ার দিকে তা নিয়ে খুব একটু চিন্তায় পড়েনি লগ্নি প্রতিষ্ঠানগুলি। কিস্তি খেলাপ হলে এজেন্ট দিয়ে

ক্রেতাকে হটিয়ে আর কাউকে সেই সম্পত্তি গছানো হতো। ২০০৬ সাল থেকে বোঝা গেল, অক্ষম ক্রেতাকে হটিয়ে লাভ নেই, কারণ সম্পত্তি কেনার লোক নেই। উল্টো ওই খালি বাড়ি বা ফ্ল্যাটের ওপর উচ্চ হারে পৌর কর গুনতে হবে। দাম কমিয়ে সমস্যার সুরাহা হবে না কারণ আটকে থাকা ডলার তাতে উদ্ধার করা যাবে না। যে ঋণপত্রগুলো এভাবে অনাদায় থাকছে সেগুলো এবার বোঝা হয়ে উঠল। এগুলোর ওপর যে সিডিএস আছে তড়িঘড়ি সেগুলো উসুল করার জন্য বিমা প্রতিষ্ঠানের ওপর চাপ বাড়তে থাকল, কারণ ভবিষ্যৎ দামের ওপর ব্যবসা আর চলছে না। সাব-প্রাইম ক্রাইসিস চেপে বসলো লগ্নি পুঁজির বাজারে।

এই অবস্থায় বিনিয়োগকারী ব্যাংক কী করতে পারে ? তারা এই লোকসান পুষিয়ে নেবার জন্য অন্য ব্যবসায় অর্থ ঢালতে লাগল। ২০০৭ সাল থেকেই ব্যাংকগুলো তাদের মিউচুয়্যাল ফান্ডের অর্থ সম্পত্তির ব্যবসার বদলে জ্বালানি তেলের ভবিষ্যৎ দাম, গম ও ভুট্টার ভবিষ্যৎ দাম, ধাতু পণ্যের ভবিষ্যৎ দাম - এ সবের ফাটকায় লাগাতে শুরু করলো। তেলের দাম বাড়তে লাগল হু হু করে, স্রেফ লগ্নি পুঁজির লোকসানের দাম মেটানোর জন্য খাদ্যশস্যের দামও বাড়লো, বাড়লো শিল্পপণ্যের দাম। মূল্য বৃদ্ধির চাপ বাড়লো দুনিয়া জুড়ে। তাতেও অবস্থা সামাল দেওয় গেল না। কারণ লগ্নি পুঁজির ক্ষতির পরিমাণ বিপুল এবং তেলের বাজার, খাদ্যশস্যের বাজার ও ধাতু পণ্যের বাজারে এই ভবিষ্যৎ দামের ওপর ফাটকা দীর্ঘদিন ধরে চলতে পারে না।

সুতরাং, শেষ পর্যন্ত শেয়ার বাজারে চালু শেয়ার বিক্রি করে অর্থ জোটানো শুরু হলো। বিদেশের বিভিন্ন শেয়ার বাজারে মার্কিন লগ্নিপুঁজি যা খাটানো হতো তা তুলে নেওয়া শুরু হলো যার ধাক্কায় বিশ্বের শেয়ার বাজারে ধ্বস নামলো। তবু সংকট কাটলো না। এ সংকট এভাবে এক বাজার থেকে অন্য বাজারে লগ্নি সরিয়ে খাটানো যাবে তার সম্ভাবনাও ফুরিয়ে এলো। সুতরাং শেষ পর্যন্ত বিনিয়োগকারী ব্যাংকগুলো হাত তুলে আত্মসমর্পন করাই শ্রেয় মনে করলো। বাজার মৌলবাদীদের পথে বসিয়ে অর্থনীতি ফিরে যেতে লাগলো সরকারি নিয়ন্ত্রণের পুরনো কেইন্সীয় মডেলে।

বাংলাদেশের অর্থনীতিতে অর্থনৈতিক মন্দার মিশ্র প্রতিক্রিয়া

কেন্দ্রের উন্নত পুঁজিবাদী দেশগুলোর চেয়ে প্রান্তের উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশে লগ্নি পুঁজির তুলনায় উৎপাদনশীল পূঁজির প্রভাব অপেক্ষাকৃত বেশি থাকায় বিশ্ব অর্থনৈতিক মন্দার তাৎক্ষণিক নেগেটিভ প্রভাব এদেশে অনুভূত হয় নাই।

১ নং টেবিলে প্রতীয়মান হয় যে, সাম্প্রতিক মন্দা পরবর্তীকালে (২০০৭-২০১০) বিশ্বের উন্নত দেশসমুহের প্রবৃদ্ধি উন্নয়নশীল বিশ্বের চেয়ে দ্রুত হ্রাস পেয়েছে। সর্বোপরি গোটা বিশ্বের অর্থনৈতিক প্রবৃদ্ধির হ্রাস ঘটেছে।

২ নং টেবিলে ১৯৮০-৮১ অর্থ বছর থেকে ২০০৭-২০০৮ অর্থ বছর মেয়াদকালে বাংলাদেশ অর্থনীতিতে বিশ্বায়নের মাত্রার উল্লেখযোগ্য প্রসারের চিত্রটি দৃষ্ট হয়েছে।

৩ নং টেবিল ঃ বিশ্ব মন্দার পরের অর্থ বছরে (২০০৮-২০০৯) বাংলাদেশের প্রবৃদ্ধির হার ৬% এর কাছাকাছি থেকেছে। এই প্রবৃদ্ধির হারকে বিদ্যমান অর্থনৈতিক সংকটকালে যথেষ্ঠ সন্তোষজনক বলা যায়।

৪ নং টেবিলে দেখা যায় যে, মন্দাকালীন সময়ে বাংলাদেশ থেকে মার্কিন যুক্তরাষ্টের আমদানি বৃদ্ধি পেয়েছে বিস্ময়কর মাত্রায়।

৫ নং টেবিল ঃ ২০০৮ এর অক্টোবর-ডিসেম্বর সময়কালে যুক্তরাষ্ট্র বাংলাদেশ থেকে তৈরী পোশাক যথেষ্ঠ পরিমাণ আমদানি করলেও চিনের ঐ সব পণ্যের উপর থেকে সাম্প্রতিককালে মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক কোটা অবমুক্ত করায়

এ বাণিজ্যে বাংলাদেশের প্রতিদ্বন্দ্বী চিন এগিয়ে রয়েছে। চিন তার রপ্তানি পণ্যের উপর ভর্তুকী ও কর ছাড়ের হার বৃদ্ধি করায় এবং কোটামুক্ত হওয়ায় মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে গার্মেন্টস পণ্যের বাণিজ্যে বাংলাদেশের চেয়ে এগিয়ে রয়েছে। যদিও তার রপ্তানি বাণিজ্যে উত্থান-পতনের মাত্রা বাংলাদেশের চেয়ে বেশি। বিষয়টি নিম্নে লেখচিত্রে প্রদর্শিত হ'ল।

Table 1 : Growth projections for major economics, 2007-2008 (% of GDP)

	Actual 2007	Actual 2008	January 2009 report		March 2009 analysis	
			2009	2010	2009	2010
World output	5.2	3.4	0.5	3	-1.0 to -0.5	1.5 to 2.5
US	2	1.1	-1.6	1.6	-2.6	0.2
Euro area	2.6	1	-2	0.2	-3.2	0.1
Germany	2.5	1.3	-2.5	0.1	-	-
France	2.2	0.8	-1.9	0.7	-	-
Italy	1.5	-0.6	-2.1	-0.1	-	-
UK	3	0.7	-2.8	0.2	-	-
Middle East	6.4	6.1	3.9	4.7	-	-
China	13	9	6.7	8	-	-
India	9.3	7.3	5.1	6.5	-	-

Source : IMF WEO updates (various)

Imports by the US: Bangladesh's major RMG export items vis-a-vis China, 2006-2008 (IS$m)

Table 2 : Bangladesh s degree of openness and extent of globalisation, Y1980/81-FY2007/08 US$m)

	FY1980/81	FY1990/91	FY2000/01	FY2006/07	FY2007/08
1. Export (X)	725	1718	6467	12,154	140,88
2. Import (M)	1954	3472	9335	17157	20,217
3. Remittance (R)	379	764	1882	5978	7915
4. ODA disbursed	1146	1733	1369	1565	1873
5. FDI (net)	NA	24	550	793	650
Total (1-5)	4204.0	7710.5	19,603.4	37,646.3	44,743.8
GDP (current price)	19,811.6	30,974.8	47,306.0	67,714.0	78,996.9
Degree of openness (X+M as % of (GDP)	13.5	16.8	33.4	43.3	43.4
Extent of globalisation	21.2	24.9	41.4	55.6	56.6

Source : CPD IRBD database 2009.

বিশ্ব অর্থনীতির এ সংকটকালে বাংলাদেশের অর্থনীতি অপেক্ষাকৃত স্থিতিশীল থাকার পিছনে কৃষি উৎপাদন বৃদ্ধি, অদক্ষ জনশক্তির বিশ্বময় চাহিদা ও গার্মেন্টস শিল্পের রপ্তানিজাত পণ্যের ভূমিকা রয়েছে। এ খাত তিনটিতে

Table 3 : GDP growth projections for Bangladesh for FY2008/09 (% of

	GDP growth (%)	
BB Monetary Policy Statement	6.5 (high case 6.6%; low case 6.3%	
IMF	5.6	
World Bank[2]	Scenario 1	Scenario 2
	5.4	4.8
Country Report, EIY [3]	5.5	
ADB4	Scenario 1	Scenario 2
	5.5	6.0

Sources : ADB (2008); BB (2009a); EIU (2009); IMF (2008); World Bank (2008)

শ্রমজীবী দরিদ্র জনগোষ্ঠী সৃজনশীল অবদান রয়েছে সে সাথে উৎপাদনশীল পুঁজির প্রাধান্য থাকায় লগ্নি পুঁজির সংকট সৃষ্টি হয়নি। বিশ্ব ব্যাংকের সাম্প্রতিক জরীপে বিশ্বের মধ্যে সর্বোচ্চ রেমিট্যান্স প্রাপ্ত দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ২০০৮ সালে ছিল ১২তম, ২০০৯ সালে উন্নীত হয়ে ৮ম হয়েছে এবং ২০১১ সালে তা ৭ম

Table 4 : Growth in US imports, Q4 2007 and Q4 2008 (In value terms)

Country of origin	Oct-Dec 2007	Oct-Dec-2008
World total	10.1	-8.8
Africa sub-total	35.4	-18.1
Cambodia	6.7	-8.5
China	6.8	0.1
India	14.7	-3.2
Pakistan	-1.5	7.5
Sri Lanka	-11.4	0.4
Vietnam	33.9	20.1
Bangladesh	-3.4	18.1

Source : Computed from the USITC database.

এ উন্নীত হয়েছে।

তবে ইতোমধ্যেই বৈশ্বিক মন্দা ও অর্থনৈতিক সংকটের কারণে মধ্যপ্রাচ্য ও মালয়েশিয়ায় বাংলাদেশের জনশক্তি

Table 5 : Growth in US imports of major RMG export items (>US$40 million) Q4 2007 and Q4 2008 (in value terms)

Country	Oct-Dec 2007	Oct-Dec 2008
Bangladesh	2.6	22.1
Cambodia	7.9	-7.3
China	-11.5	34.4
India	-6.5	-4.1
Pakistan	-1.5	-2.3
Sri lanka	-17.8	1.8
Vietnam	74.7	10.9

Source : Computed from USITC database.

রপ্তানিতে বিরূপ প্রভাব পড়েছে। সঞ্চয় বিনিয়োগ হ্রাস পাচ্ছে, মূল্যস্ফীতি বেড়েছে, "বৈদেশিক লেনদেনে সার্বিক ভারসাম্যে ঘাটতি হয়েছে ৫২৯ মিলিয়ন মার্কিন ডলার (জুলাই-মার্চ ২০১১) অথচ গত বছর একই সময়ে সার্বিক ভারসাম্যে উদ্বৃত্তের পরিমাণ ছিল ২,২৬৭ মিলিয়ন মার্কিন ডলার।"

* বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০১১

বাংলাদেশের অভ্যন্তরে ডলারের ব্যাপক মূল্য বৃদ্ধি লগ্নি পুঁজির বাজারে বিশেষ করে শেয়ার বাজারে অস্বাভাবিক দর পতনের জন্য দেশীয় দুর্নীতিবাজদের ভূমিকা যেমন রয়েছে তেমনি এ সংকট বিশ্ব অর্থনৈতিক মন্দার সাথেও



সম্পর্কিত যা প্রবন্ধের অন্যত্র ইতোমধ্যেই আলোচিত হয়েছে। এ সংকট নিরসনে সরকারি উদ্যোগের বিকল্প নাই। তবে বর্তমান সরকারের রেলমন্ত্রী সুরঞ্জিত সেনগুপ্তের বক্তব্য কোট করে বলবো, "শুটকী মাছের নৌকায় বিড়াল চৌকিদার রাখলে চলবে না।"

অর্থনৈতিক মন্দা উত্তরণের কৌশল এবং পথ

অর্থনৈতক মন্দা থেকে উত্তরণ গোটা মানবজাতির সামগ্রিক কল্যাণের জন্য আবশ্যক। মন্দা যেহেতু পুঁজিবাদী অর্থ ব্যবস্থার একটি আবশ্যকীয় শর্ত তাই এই ব্যবস্থার মধ্যে এই সমস্যার স্থায়ী সমাধান সম্ভব নয়। অর্থনীতির উপর রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার মাধ্যমে সংকটের প্রশমন ঘটানো যায় মাত্র। ১৯৩০ দশকে কেইনসীয় এই নীতি (অর্থনীতির উপর

Vision contains, among others, imagination and intuition. Imagination and Intuition represent power of mind. According to Einstein imagination and intuition can conquer the world - pointer of development. Vision is very essential to lead a country to higher levels of development. As there are opportunities to transform Bangladesh into an honorable middle income country so are there some challenges along the way of which are solution of electricity and fuel problem, development of physical infrastructures, skilled manpower, information technology, strengthening of regional and international cooperation, establishment of good governance, subduing terrorism and land grabbers etc.

In the second half of the previous century two ideas were widely discussed. The ideas are ***small is beautiful*** and ***big is better***. Depending the context of time, place and issue both ideas are right. In order to see Bangladesh as a prosperous nation at the golden Jubilee, the challenges to development have to be addressed. For that purpose it is essential to go for some big and bold steps. Brave resolution demands brave decisions. It is worthwhile to remember here the lesson of history. Doing right works at the right time brings forth wonderful benefits to the nation - history rewards it. History punishes, according to the aphorism of Philosopher Vassily Kliuchesky, in its own way for failing to do this. We want reward not punishment.

Dear Learned Audience,
Besides the inaugural session there are three memorial lectures and a special session. In twelve working sessions ninety articles will be presented. It is our expectation that by actively taking part in various sessions you will give your considered advice for building a prosperous Bangladesh.

I express gratitude and heartfelt thanks for your presence in this session. Before concluding, I wish you all well and every success.

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১২

বাংলাদেশ অর্থনীতি সমিতির ১৭তম দ্বিবার্ষিক
সম্মেলন ২০১০-এর উদ্বোধনী অধিবেশনে

ধন্যবাদ জ্ঞাপন

আবুল বারকাত*

সম্মানিত সভাপতি, ড. কাজী খলীকুজ্জমান আহমদ, বাংলাদেশ অর্থনীতি সমিতি,

শ্রদ্ধেয় প্রধান অতিথি, শেখ হাসিনা, মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,

শ্রদ্ধাভাজন বিশেষ অতিথি, জনাব আবুল মাল আব্দুল মুহিত, মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রী পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ,

বাংলাদেশ জাতীয় সংসদের সম্মানিত সদস্যবৃন্দ,

সম্মানিয় বিভিন্ন দূতাবাসের প্রতিনিধিবৃন্দ ও বিদেশী অতিথিবৃন্দ,

সরকারের পদস্থ কর্মকর্তাবৃন্দ,

বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানের পদস্থ প্রতিনিধিবৃন্দ

প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার কর্মীবৃন্দ,

বাংলাদেশ অর্থনীতি সমিতি স্বর্ণপদক সম্মাননা ২০১০ প্রাপ্ত প্রয়াত তিন বিশিষ্ট জন,

সম্মানিত অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী, আহবায়ক, সম্মেলন প্রস্তুতি কমিটি

---

* সাধারণ সম্পাদক, বাংলাদেশ অর্থনীতি সমিতি

This Paper was presented at the *XVII Biennial Conference titled* ***"Economy at the Golden Jubilee of War of Liberation : Bangladesh We Want to See"*** of the Bangladesh Economic Association held during 8-10 April, 2010 at Osmani Memorial Auditorium & Institution of Engineers, Bangladesh, Dhaka.

বাংলাদেশ অর্থনীতি সমিতির সম্মানিত সদস্যবৃন্দ,

সুপ্রিয় ছাত্র-ছাত্রী এবং
উপস্থিত সম্মানিত সুধীজন

১. বসন্তের এই সুন্দর সকালে বাংলাদেশ অর্থনীতি সমিতির ১৭তম দ্বিবার্ষিক সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে উপস্থিত থেকে আমাদের অনুপ্রেরণা যোগানোর জন্য আপনাদের প্রতি আমরা কৃতজ্ঞ।

২. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী– শেখ হাসিনা– আপনি আপনার হাজারো ব্যস্ততার মাঝে আমাদের এ- দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে এসে – ৩০০০ সদস্যের বাংলাদেশ অর্থনীতি সমিতির পরিবারকে চিরকৃতজ্ঞতার বন্ধনে আবিষ্ট করলেন। আপনাকে অজস্র-আন্তরিক ধন্যবাদ। সেই সাথে আপনি– অর্থনীতিবিদ না হওয়া সত্ত্বেও– দেশের বৃহত্তর জনগোষ্ঠীর দীর্ঘস্থায়ী কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে যে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করলেন– সেজন্য আপনাকে ধন্যবাদ। আপনাকে ধন্যবাদ আমাদের দীর্ঘদিনের লালিত স্বপ্ন "ঢাকা স্কুল অফ ইকনোমিকস (DSE)"-এর উদ্বোধন ঘোষণার জন্য। ধন্যবাদ DSE প্রতিষ্ঠায় সরকারের তরফ থেকে সহযোগিতার আশ্বাস প্রদানের জন্য। আমরা আপনার প্রতি কৃতজ্ঞ, আমরা আপনার সুস্থ-শতায়ু কামনা করি।

৩. সম্মেলনের বিশেষ অতিথি, জনাব আবুল মাল আব্দুল মুহিত, মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার- অনেক ব্যবস্থার মধ্যে যে আপনি সময় দিতে পারলেন - এ জন্য আমরা আপনার প্রতি সবিশেষ কৃতজ্ঞ।

৪. জনকল্যাণকামী সুকীর্তির স্বীকৃতি প্রদানে বাংলাদেশ অর্থনীতি সমিতি কুণ্ঠাবোধ করে না। এলক্ষ্যে আমরা **বাংলাদেশ অর্থনীতি সমিতি স্বর্ণপদক সম্মাননা** চালু করেছি। বস্তুনিষ্ঠ নির্মোহ বিচার বিশ্লেষণের ভিত্তিতে এ-বছরে (২০১০) তিন জনকে অর্থনীতি সমিতির স্বর্ণপদক সম্মাননা প্রদান করা হলো। প্রয়াত তিন জনের আত্মার শান্তি কামনা করছি। এঁ তিন জনকে সম্মানিত করতে পেরে সমিতি নিজেই গৌরবান্বিত বোধ করছে। তাঁদের সহধর্মিনী যথাক্রমে নুরজাহান বেগম, আসমা কিবরিয়া এবং বেগম মতিয়া চৌধুরী - আপনারা এসেছেন এজন্য আপনাদের কাছে আমরা কৃতজ্ঞ; আমরা আপনাদের সুস্থ - দীর্ঘজীবন কামনা করি।

৫. আজকের উদ্বোধনী অনুষ্ঠানের পরে আগামী তিনদিন মোট ১২টি কর্ম অধিবেশন ও ২টি বিশেষ অধিবেশনে যে-সকল বিশিষ্ট অর্থনীতিবিদ সভাপতিত্ব করতে সম্মত হয়েছেন তাদের সবাইকে অগ্রিম ধন্যবাদ।

৬. আগামী তিনদিন বিভিন্ন অধিবেশনে মোট ৯০টি প্রবন্ধ উপস্থাপিত হবে। মোট ১০৫ জন প্রবন্ধ রচয়িতা জ্ঞানার্জনে যে ক্লান্তি স্বীকার করেছেন সে জন্য প্রত্যেককে অভিনন্দন। আপনাদের প্রতি আমরা কৃতজ্ঞ।

৭. আজকের উদ্বোধনী অনুষ্ঠানসহ আগামী তিনদিন ব্যাপি দ্বিবার্ষিক সম্মেলন আয়োজনে সমিতির

কার্যনির্বাহক কমিটির বিভিন্ন কমিটি-উপকমিটির সকল সদস্য এবং সমিতির সীমিত সংখ্যক কর্মচারী-কর্মকর্তারা নির্ঘুম পরিশ্রম করেছেন– এঁদের সবাইকে ধন্যবাদ।

৮. বিশাল আয়োজনে সম্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরীসহ প্রস্তুতি কমিটির সবাইকে ধন্যবাদ।

৯. বাজার অন্ধত্বের যুগে আমাদের ছাত্র-ছাত্রীরা যে স্বেচ্ছাশ্রম দিয়েছেন এবং সামনের তিন দিন দেবেন– সেজন্য সবাইকে সমিতির পক্ষ থেকে আগাম ধন্যবাদ।

১০. আজকের এ মিলনায়তনে অনুপস্থিত অথচ সম্মেলন-সংশ্লিষ্ট কর্মকা সুন্দর ও সার্থক করা 'পর্দার অন্তরালের' যেসব ব্যক্তির অক্লান্ত পরিশ্রম ছাড়া অসম্ভব সেই দরিদ্র রাত-জাগা মুদ্রণ কর্মী, ভোর বেলার ভ্যান-রিকশা চালক, হোটেলের বাবুর্চি, বাইরের খাদ্য পরিবেশক এবং শান্তি-শৃংখলা সংশ্লিষ্ট কর্মকা-ের সাথে জড়িত– সবাইকে আন্তরিক ধন্যবাদ।

১১. সম্মেলনের বিভিন্ন কার্যক্রমে যারা মেধা-শ্রমসহ আর্থিক সহায়তা প্রদান করেছেন তাদের প্রতি আমরা কৃতজ্ঞ।

১২. সবশেষে, ওসমানী স্মৃতি মিলনায়তন-এর কর্তৃপক্ষকে সর্বাত্মক সহযোগিতার জন্য বাংলাদেশ অর্থনীতি সমিতির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ।

সম্মানিত সুধীমণ্ডলী

আপনাদের সবাইকে আবারও ধন্যবাদ। বাংলা নববর্ষের আগাম শুভেচছা জানাই। আগামী তিনদিন বিভিন্ন কর্ম অধিবেশনে আমন্ত্রণ রইলো।

আপনারা সবাই সুস্থ থাকুন, ভালো থাকুন; দীর্ঘায়ু হোক আপনাদের জীবন; মঙ্গল হোক আপনাদের সবার পরিবারের।

ধন্যবাদ।

বাংলাদেশ অর্থনীতি সমিতির

২৭ চৈত্র ১৪১৬ /১০ এপ্রিল ২০১০-এ অনুষ্ঠিত
সমিতির সাধারণ সভায় কার্যনির্বাহক কমিটির

সাধারণ সম্পাদকের প্রতিবেদন

মান্যবর সভাপতি ও বাংলাদেশ অর্থনীতি সমিতির সম্মানিত সদস্য/সদস্যাগণ

বাংলাদেশের দূর-দূরান্ত থেকে, জেলা-উপজেলা শহর থেকে এমনকি, প্রত্যন্ত জনপদ থেকে প্রচ গরম আবহাওয়াকে উপেক্ষা করে, মূল্যবান সময় এবং পেশাগত ও পারিবারিক কাজকে পেছনে রেখে আপনারা তিন দিনব্যাপী দ্বিবার্ষিক সম্মেলনে অংশগ্রহণ করেছেন, এজন্য অজস্র ধন্যবাদ আপনাদের প্রাপ্য। কিছুদিন আগেই দেশব্যাপী পালিত হলো মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১০। আর ক'দিন পরেই শুরু হবে আরো একটি নতুন বাংলা বছর। স্বাধীনতা দিবসের গাম্ভীর্যময় আবহে আপনাদের বাংলা নববর্ষের আগাম শুভেচ্ছা জানিয়ে সাধারণ সম্পাদক হিসেবে আমি আমার প্রতিবেদন পেশ করছি।

শ্রদ্ধেয় সদস্যবৃন্দ

বাংলাদেশ অর্থনীতি সমিতির ১৭তম দ্বিবার্ষিক সম্মেলনের পড়ন্ত বেলায় গত তিনদিন উদ্বোধনীসহ বিভিন্ন কর্ম অধিবেশনে সক্রিয় অংশগ্রহণের জন্য আপনাদের সবাইকে জানাই আন্তরিক ধন্যবাদ। এবারের সম্মেলনে মোট ১০৫ জন প্রবন্ধকার ৯০টি প্রবন্ধ দক্ষতার সাথে উপস্থাপন করেছেন। প্রবন্ধ এবং প্রবন্ধকারের সংখ্যা অতীতের সব রেকর্ড ছাড়িয়ে গেছে। সৃজনশীল এবং সুচিন্তিত প্রবন্ধ উপস্থাপনের মাধ্যমে সম্মেলনকে প্রাণবন্ত করে তোলার জন্য প্রিয় প্রবন্ধকারদের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং আপনাদের গবেষণা কর্মের আরো সফলতা কামনা করি।

গত দুই বছর সমিতির বিভিন্ন কর্মকা- আপনাদের সক্রিয় অংশগ্রহণ ও আন্তরিক সহযোগিতা সমিতির কার্যক্রমকে গতিশীল করেছে। দেশের ব্যাপক জনগোষ্ঠীসহ সরকার প্রধান ও সরকারী নীতিনির্ধারকদের কাছে বাংলাদেশ অর্থনীতি সমিতির পরিচিতি এবং আস্থা এখন বিগত যে কোনো সময়ের চেয়ে অনেক বেশি– এজন্য আপনাদের প্রতি আমরা কৃতজ্ঞ। গত কয়েকবছরের বহুমুখী পেশাগত ও সামাজিক

দায়বদ্ধতা পালন-সংশ্লিষ্ট কর্মকাণ্ডের ফলে বাংলাদেশ অর্থনীতি সমিতি এখন অধ্যাপক নুরুল ইসলামের ভাষায় "জনস্বার্থরক্ষাকারী অর্থনীতিবিদদের প্লাটফর্ম" ("Public Economist's Platform")-এ রূপান্তরিত হবার পথে ধাবমান। এ সাফল্যের অংশিদার আমরা-আপনারা সবাই।

সম্মানিত সদস্যবৃন্দ

গত দু'বছরে আমরা আমাদের সমিতির প্রাণপ্রিয় ক'জন সদস্যকে চিরতরে হারিয়েছি। আমাদের সমিতির সম্মানীয় আজীবন সদস্য এবং বাংলাদেশ সরকারের সাবেক অর্থমন্ত্রী এম সাইফুর রহমান সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন; মৃত্যুবরণ করেছেন অধ্যাপক ড. স্বদেশ রঞ্জন বোস এবং শামসুল হক মন্ডল। আমরা তাঁদের পুণ্য স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাই এবং বিদেহী আত্মার শান্তি কামনা করি। আমাদের সদস্যদের অনেকেই তাঁদের অতি প্রিয়জনদের হারিয়েছেন– আমরা আপনাদের সাথে সহমর্মিতা প্রকাশ করছি। সেই সাথে আমাদের সদস্যদের অনেকেই এখন বয়সের ভারে ন্যুব্জ হয়ে পড়েছেন এবং/অথবা অসুস্থ– তাঁদের সবার সুস্থতা কামনা করছি।

প্রিয় সদস্যবৃন্দ

বাংলাদেশ অর্থনীতি সমিতি– এ-দেশের অর্থনীতিবিদদের একমাত্র পেশাগত সংগঠন। আমাদের সমিতি যে জনস্বার্থরক্ষাকারী অর্থনীতিবিদদের প্লাটফর্ম তার অন্যতম একটি প্রমাণ এবারের সম্মেলনের মূল প্রতিপাদ্য চয়ন, যেটা ছিল, "মুক্তিযুদ্ধের সুবর্ণ জয়ন্তীর অর্থনীতি–কেমন বাংলাদেশ দেখতে চাই"। একথা সত্য যে সম্ভবত অর্থনীতি শাস্ত্রের শাস্ত্রীয় বৈশিষ্ট্যের কারণেই এ-দেশের বৃহত্তর জনগোষ্ঠী যার অধিকাংশই দরিদ্র-প্রান্তিক-বঞ্চিত-নিম্নবিত্ত-নিম্নমধ্যবিত্ত এবং সেই সাথে সমাজ, রাষ্ট্র ও স্বাধীনতার প্রতি আমাদের দায়বদ্ধতা অন্য অনেক পেশাজীবী সংগঠনের তুলনায় অপেক্ষাকৃত বেশী। এ কারণেই আমরা একদিকে যেমন অর্থনীতি শাস্ত্রের সাধারণ্যে দুর্বোধ্য অথচ প্রয়োজনীয় টেকনিক্যাল বিষয়াদির চর্চা অব্যাহত রেখেছি, অন্যদিকে মুক্তি-স্বাধীনতা সংশ্লিষ্ট মানব-উন্নয়ন দর্শনে গভীর বিশ্বাসের কারণে যা কিছু আমাদের অর্থনীতি-সমাজ-রাষ্ট্রের গতিপথ নির্দেশ ও নিয়ন্ত্রণ করে, এবং সমাজ-রাজনীতি-রাষ্ট্রের যা কিছু অর্থনীতি দিয়ে নির্দ্ধারিত হয়– এ সবের নির্মোহ বিশ্লেষণ এবং তা দেশের মানুষের কাছে পৌঁছে দেয়া আমাদের সমিতির অন্যতম প্রধান দায়িত্ব। এ-দেশে সত্যভাষ্যের সীমাবদ্ধতা ও প্রতিকূলতার মধ্যেও গত দুই বছরে আমরা এসব দায়িত্ব পালনে অঙ্গীকারাবদ্ধ হবার কারণে কোনো অবস্থাতেই পিছপা হইনি, সাহস হারাইনি।

প্রিয় সদস্যবৃন্দ

২০০৭ সালের ডিসেম্বর মাসে আপনাদের ভোটে দু'বছর মেয়াদের জন্য আমরা নির্বাচিত হয়ে (১৫ ডিসেম্বর, ২০০৭ তারিখে) সমিতির কার্যনির্বাহক কমিটির দায়িত্বভার গ্রহণ করি। দেশের সার্বিক পরিস্থিতি, মাননীয় প্রধান মন্ত্রীর ব্যস্ততা, ফেব্রুয়ারি উদযাপন, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন, এবং সম্মেলনের ব্যয়ভার বহনে অনুদান সংগ্রহ-এসব কারণে সম্মেলনের আয়োজনে একটু দেরি হয়ে গেলো। এ অনিচ্ছাকৃত কারণের জন্য আপনাদের ক্ষমাসুন্দর দৃষ্টি প্রত্যাশা করছি। এবারের দ্বি-বার্ষিক সম্মেলনের দিন তারিখ নিয়ে আপনাদের কাছে কার্যনির্বাহক কমিটির সিদ্ধান্ত সম্বলিত প্রথম চিঠিটি পাঠিয়েছিলাম ২২ অক্টোবর ২০০৯ তারিখে।

উপস্থিত সদস্যবৃন্দ

বাংলাদেশ অর্থনীতি সমিতি গত দুই বছরে (প্রকৃত অর্থে ২৬ মাসে) যে যথেষ্ট মাত্রায় সচল ছিল এবং বহুমুখী কর্মকা- সুসম্পন্ন করেছে তার প্রমাণ মিলবে এ প্রতিবেদনের শেষে সংযুক্ত বাংলাদেশ অর্থনীতি সমিতি “২০০৮-১০-এর মূল কর্মকা-ের খেরোখাতায়। সমিতির গঠনতন্ত্র মোতাবেক আমাদের পেশাগত উৎকর্ষ ও স্বার্থসংরক্ষণসহ এ দেশের গণ-মানুষের প্রতি আমাদের দায়-দায়িত্ব পালনে বর্তমান কার্যনির্বাহক কমিটির সদস্যদের মেধা, অক্লান্ত পরিশ্রম ও সকল সদস্যের সহযোগিতার মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে যথেষ্ট অগ্রগতি সাধিত হয়েছে বলে আমরা মনে করি। অনেক কিছু নিয়েই আমরা বেশ খুশী তবে অনেক ক্ষেত্রেই আমরা আত্মতুষ্ট নই।

গত দু’বছরে সমিতি যে যথেষ্ট মাত্রায় কর্মমুখর ছিল তা আমাদের দৃশ্যমান কর্মকাের একটি সংক্ষিপ্ত বিবরণী দিলে স্পষ্ট হবে। গত দু’বছরে সমিতির সফল কর্মকা-ের অন্তর্ভুক্ত বিষয়াদি নিম্নরূপ:

১. বাংলাদেশ অর্থনীতি সমিতির প্রতিশ্রুতি মোতাবেক সমিতির উদ্যোগে জনকল্যাণ-উদ্দিষ্ট এবং অর্থনীতি শাস্ত্রের নির্মোহ জ্ঞান চর্চার মহৎ উদ্দেশ্যকে সামনে রেখে ঢাকা স্কুল অফ ইকনোমিকস প্রতিষ্ঠার কাজ পুরোদমে এগিয়ে চলেছে। এই ‘ঢাকা স্কুল অফ ইকনোমিকস’-কে আমরা অর্থনীতি শাস্ত্রে দক্ষিণ এশিয়ার একটা ‘সেন্টার অফ এক্সেলেন্স’ হিসেবে দেখতে চাই। আমরা গত দ্বি-বার্ষিক সম্মেলনের সাধারণ সভায় আপনাদের সামনে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আগামী দ্বি-বার্ষিক সম্মেলনের মধ্যেই ঢাকা স্কুল অফ ইকনোমিকস-এর কাজ আরম্ভ করব। আমরা আমাদের প্রতিশ্রুতি রক্ষা করেছি। আমরা আশা করছি, সমিতির বর্তমান সভাপতি ড. কাজী খলীকুজ্জমানের সুযোগ্য নেতৃত্বে অন্যান্য আনুষঙ্গিক কার্যাদি সম্পন্ন করে ‘ঢাকা স্কুল অফ ইকনোমিকস’ দৃঢ় পদক্ষেপে সামনের দিকে এগিয়ে যাবে।

২. **দুটো নাগরিক কমিশন** গঠন: পাট-অর্থনীতি; গ্যাস-কয়লা-তেল বিষয়ক। আমাদের এসব নাগরিক কমিশন দেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে অর্থনীতিবিদদের পেশাগত সংগঠনের সাথে অন্যান্য পেশাজীবী সংগঠনসহ বিভিন্ন পেশার চিন্তাশীল মানুষের সম্পৃক্ততা বৃদ্ধি করেছে। “দেশের স্বার্থ সবকিছুর উর্ধ্বে”-এ নীতির ভিত্তিতে নাগরিক কমিশনদ্বয় ইতোমধ্যে বেশ কিছু কাজ করেছে; বিষয়টি চলমান।

৩. সৃজনশীল প্রতিভা, মেধা-মনন, এবং জনকল্যাণউদ্দিষ্ট গবেষণা ও কর্মকাের স্বীকৃতি স্বরূপ **বাংলাদেশ অর্থনীতি সমিতি স্বর্ণপদক সম্মাননা ২০০৭** (৭ জন সৃজনশীল ব্যক্তিকে) এবং **বাংলাদেশ অর্থনীতি সমিতি স্বর্ণপদক সম্মাননা ২০১০** (৩ জন সৃজনশীল ব্যক্তিকে) প্রদান।*

* অর্থনীতি সমিতি স্বর্ণপদক সম্মাননা ২০০৭ পেয়েছিলেন: **অধ্যাপক ড. মুহাম্মদ কায়সার হুসেইন** (অর্থনীতি শাস্ত্রে শিক্ষাদান ও গবেষণায় জীবনব্যাপী অর্জিত সাফল্য), **অধ্যাপক ড. আবুল হুসসাম** (ভূগর্ভস্থ পানি থেকে আর্সেনিক দূরীকরণে কমখরচের বিস্ময়কর প্রযুক্তি উদ্ভাবনের স্বীকৃতি), **ডা. এ কে এম মুনীর** (ভূগর্ভস্থ পানি থেকে আর্সেনিক দূরীকরণে কমখরচের বিস্ময়কর প্রযুক্তি উদ্ভাবনের স্বীকৃতি), **অধ্যাপক সনৎ কুমার সাহা** (অর্থনীতি শাস্ত্রে শিক্ষাদান ও গবেষণায় জীবনব্যাপী অর্জিত সাফল্য), **অধ্যাপক মুহাম্মদ সিকান্দার খান** (অর্থনীতি শাস্ত্রে শিক্ষাদান ও গবেষণায় জীবনব্যাপী অর্জিত সাফল্য), **অধ্যাপক মোহাম্মদ ইউনুস** (অর্থনীতি শাস্ত্রে শিক্ষাদান ও গবেষণায় জীবনব্যাপী অর্জিত সাফল্য), **মাহফুজ আনাম** (সাহসী সাংবাদিকতা এবং কৃতিত্বপূর্ণ সংবাদপত্র ব্যবস্থাপনায় অনন্য অবদান)। এবছর অর্থনীতি স্বর্ণপদক সম্মাননা ২০১০ পেলেন প্রয়াত **ড. এস আর বোস, শাহ এমএস এ কিবরিয়া**, এবং **বজলুর রহমান**।

৪. বাংলাদেশ অর্থনীতি সমিতির সম্মানিত সদস্য যারা ২০০৮-এর জাতীয় সংসদ নির্বাচনে সাংসদ হিসেবে নির্বাচিত হয়েছেন তাদের সম্মানে সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এছাড়াও সমিতির কৃতি সদস্য যাঁরা রাষ্ট্রিয় পুরস্কারে ভূষিত হয়েছেন এবং বর্তমান গণতান্ত্রিক সরকারের বিভিন্ন উচ্চ পদে অধিষ্ঠিত হয়েছেন তাঁদের উদ্দেশ্যে সম্মাননা প্রদান করা হয়।

৫. বাংলাদেশ অর্থনীতি সমিতির **জর্নাল অব পলিটিক্যাল ইকনমি**-র" দুই খ- (২০০৮-'০৯) প্রকাশ।

৬. **বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০১০** প্রকাশ (১০৪৯ পৃষ্ঠা এবং দুই খ-)।

৭. **সেমিনার:** ৬টি জাতীয় এবং ৪টি আঞ্চলিক– চট্টগ্রাম, রাজশাহী, ময়মনসিংহ ও কুষ্টিয়া।

৮. **গোলটেবিল, সংলাপ, মতবিনিময় সভা:** মোট ৫টি।

৯. **সাংবাদিক সম্মেলন** ৫টি।

১০. **প্রশিক্ষণ কর্মশালা** ৩টি: শিক্ষক; ব্যাংক কর্মকর্তা; অর্থনীতি বিষয়ক সাংবাদিকতা।

১১. দ্বিবার্ষিক সম্মেলন **চট্টগ্রাম চ্যাপ্টার।**

১২. **গবেষণা পুস্তক প্রকাশনা** : প্রকাশ অপেক্ষমান "বাংলাদেশের মুক্তিসংগ্রামে অর্থনীতিবিদদের ভূমিকা" বিষয়ক গবেষণা গ্রন্থ।

১৩. **সদস্য আইডি:** সমিতির সকল সদস্যের জন্য এবারই প্রথম প্লাস্টিক আইডি কার্ড তৈরি ও সরবরাহ করা হয়েছে।

১৪. **জন্ম বার্ষিকী উদযাপন:** অর্থনীতি শাস্ত্রের শ্রদ্ধেয় শিক্ষক, আমাদের প্রিয় ব্যক্তিত্ব **অধ্যাপক মুশাররফ হোসেনের** ৮০তম জন্ম দিবস উদযাপন।

১৫. **একুশের প্রভাত ফেরি (২০০৮,২০০৯, ২০১০) এবং শোকসভা।**

গত দু'বছরে সমিতি আয়োজিত সম্মেলন, সেমিনার, গোল টেবিল, সংলাপ, মতবিনিময় সভা, সংবাদ সম্মেলন, প্রশিক্ষণ কর্মশালা, একুশে প্রভাত ফেরি, সম্বর্ধনা ও সম্মাননা অনুষ্ঠানে মোট উপস্থিতির সংখ্যা ছিল (সমিতির নথি অনুযায়ী) ৫,৭১৬ জন, যা উল্লেখিত ইভেন্ট প্রতি গড়ে ১৮৪ জন। গত দুই বছরে জাতীয় সেমিনারে গড় উপস্থিতি ২৩৭ জন, আঞ্চলিক সেমিনারে ৩২৫ জন, সংলাপ-গোলটেবিল-মতবিনিময় সভায় ১৩৯ জন, সাংবাদিক সম্মেলনে ১২১ জন, প্রশিক্ষণ কর্মশালায় ৩৬ জন, সংবর্ধনা/ সম্মাননা অনুষ্ঠানে ৩০২ জন, একুশের প্রভাত ফেরিতে ১১৫ জন। এছাড়াও, প্রকাশনা অনুষ্ঠানে (১টি) ২৬৭ জন, এবং অধ্যাপক মুশাররফ হোসেন-এর ৮০তম জন্ম দিবস উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিতির সংখ্যা ছিল ২৩৭ জন। এ সময়ে সংবাদপত্রে মোট ৬টি প্রেস বিজ্ঞপ্তি দেয়া হয়। এসব তথ্য নির্দেশ করে যে একদিকে যেমন আমাদের প্রতি অর্পিত দায়িত্ব আমরা পালনে সচেষ্ট ছিলাম অন্যদিকে সম্মানিত সদস্যরা গভীর আগ্রহ নিয়ে সকল কর্মকা অংশগ্রহণ করেছেন। এ সম্পর্কে বিস্তারিত স্বচ্ছ ধারণা দেবার জন্য ***"বাংলাদেশ অর্থনীতি সমিতি: ২০০৮-২০১০-এর মূল কর্মকা র খেরোখাতা"*** শিরোনামে একটি স্ব-বিশ্লেষিত সারণি প্রতিবেদনের শেষে সংযুক্ত করা হয়েছে।

প্রিয় সহকর্মী ও সদস্যবৃন্দ

সমিতির গঠনতন্ত্রের ধারা ৬.১ মোতাবেক কার্যনির্বাহক কমিটির সভা অনুষ্ঠিত হবার কথা প্রতি ৩ মাসে অন্তত একবার। অর্থাৎ গঠনতন্ত্রের বিধান মোতাবেক সমিতির দায়িত্বভার নেবার পরে গত ২৬ মাসে

(৩১ ডিসেম্বর ২০০৭ থেকে ৭ এপ্রিল ২০১০) কার্যনির্বাহক কমিটির নিয়মিত মাসিক সভা ২০০৮ সনে ১৩টি, ২০০৯ সনে ১০টি এবং ২০১০ সনে (তিন মাসে) ২টি অনুষ্ঠিত হয়েছে। কার্যনির্বাহক কমিটির সদস্যদের গড় উপস্থিতি হার ছিল ৭৫%। গত দুই বছরে কার্যনির্বাহক কমিটির জরুরি সভা হয়েছে ৮টি। আশা করি আপনারা সকলেই একমত হবেন যে সমিতির ইতোমধ্যে উল্লেখিত তুলনামূলকভাবে ব্যাপক কর্মকা আর সেই সাথে কার্যনির্বাহক কমিটির নিয়মিত মাসিক সভা-এ দু'য়ের মধ্যে সম্পর্কটি সমিতিতে গত দুই বছরে আমাদের সক্রিয়তার মাত্রা নির্দেশ করে।

শ্রদ্ধেয় সদস্যবৃন্দ

এদেশে অর্থনীতিবিদদের পেশাজীবী সংগঠনের বয়স ৬২ বছর (প্রতিষ্ঠাকাল ১৯৪৮ সন)। আমরা বয়সে প্রৌঢ় এ সংগঠনের অতীতের যা কিছু ভাল ঐতিহ্য-অভিজ্ঞতা তা গ্রহণ ও আত্মস্থ করে সমিতির উত্তরোত্তর সমৃদ্ধি সাধনে মানুষের জীবন ও সময়ের চাহিদা মেটাতে নতুন-নতুন উদ্যোগ গ্রহণ করেছি। মানুষের বুদ্ধি-মনন-মানসিক শক্তি-সাহস ও আত্মশক্তির প্রতি অগাধ বিশ্বাস থেকেই আমরা আমাদের সকল কর্মকা পরিকল্পনা ও তা বাস্তবায়নে সচেষ্ট ছিলাম। এ মর্মে উল্লেখযোগ্য কয়েকটি বিষয় প্রতিবেদনে নথীভুক্ত করা প্রয়োজন বোধ করছি:

১. এদেশের অর্থনীতিবিদরা জনকল্যাণকামী দেশ-রাষ্ট্র বিনির্মাণ প্রক্রিয়ায় গত অর্ধশতক ধরে বিভিন্নভাবে অবদান রেখেছেন। তারা অবদান রেখেছেন দুই পাকিস্তানের বৈষম্য বুঝতে এবং বৈষম্য দূর করার পথ অনুসন্ধানে; অবদান রেখেছেন মুক্তিযুদ্ধে এবং মুক্তিযুদ্ধোত্তর সমতাধর্মী জনকল্যাণকর দেশ গঠনের পরিকল্পনা রচনায়; অবদান রাখছেন মুক্তিযুদ্ধোত্তর বিগত ৩৮ বছরের অর্থনীতি ও সংশ্লিষ্ট বিষয়াদির বিশ্লেষণে এবং তা জনগণের মধ্যে পৌঁছে দিতে। আমরা এ দেশের ব্যাপক সংখ্যাগরিষ্ট মানুষের জীবন-সংশ্লিষ্ট যে অর্থনীতি সে অর্থনীতির বিচার-বিশ্লেষণে আমাদের প্রৌঢ়-প্রজন্মের অর্থনীতিবিদদের পেশাগত দক্ষতা, মানবিক যোগ্যতা ও মানসিক মূল্যবোধ অনুসরণ করার চেষ্টা করেছি এবং এ প্রক্রিয়া অব্যাহত রাখতে সচেষ্ট।

২. আমরা বহুকাল যাবৎ শুনে আসছি যে, অর্থনীতিবিদদের জ্ঞান চর্চা ও গবেষণা আরো সুসংগঠিত, আরো সুসংবদ্ধ করার লক্ষ্যে পেশাগত সংহতির পাশাপাশি সমিতির একটা কল্যাণকামী এবং উচ্চমানের শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা দরকার। বর্তমান কার্যনির্বাহক কমিটির সবার আন্তরিক প্রচেষ্টা এবং আপনাদের সর্বাত্মক সহযোগিতার কারণে "ঢাকা স্কুল অফ ইকনোমিকস" প্রতিষ্ঠা পাবার পথে। বহু দিনের কাঙ্খিত স্বপ্নটি বাস্তবায়ন হতে চলেছে। এখন আমাদের সবার উচিত "ঢাকা স্কুল অফ ইকনোমিকস-"কে কিভাবে সর্বোচ্চ জনহিতৈষী জ্ঞান চর্চার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা যায়– সে লক্ষ্যে অবদান রাখা।

৩. দেশের অর্থনীতি ও অর্থনীতি-সংশ্লিষ্ট বিষয় নিয়ে যা কিছু জনকল্যাণের নিরিখে সত্য ও সঠিক বলে মনে হয়েছে– সমিতি তা সাহসিকতার সাথে উচ্চকণ্ঠে উচ্চারণ করেছে। এসব কারণেই প্রতিকূল অবস্থার মধ্যেও আমরা অর্থনীতি সমিতির উদ্যোগে "পাট অর্থনীতি", "গ্যাস-তেল-কয়লা" বিষয়ক নাগরিক কমিশন গঠন এবং ধর্মের নামে উগ্র-সশস্ত্র শক্তির দেশব্যাপি বোমাবাজিসহ সাম্প্রদায়িকতার বিরুদ্ধে রুখে দাঁড়াতে পিছপা হইনি।

৪. আপনারা নিশ্চয়ই আমাদের সাথে একমত হবেন যে এ-দেশে বাংলাদেশ অথনীতি সমিতি

সম্ভবত একমাত্র পেশাজীবী সংগঠন যা সময় সম্পর্কে সচেতন। গত দুই বছরে সমিতি আয়োজিত এমন একটিও অনুষ্ঠান পাওয়া যাবে না যা আমন্ত্রণপত্রে উল্লেখিত সময়ে (ঘণ্টা-মিনিটসহ) শুরু হয়নি। অর্থাৎ আমরা অন্যের সময়কে মূল্য দেয়া শিখেছি এবং তা চর্চা করার মাধ্যমে এ-দেশে "সময়-সংস্কৃতি" (time-culture) প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন করেছি। বিষয়টিকে আমরা আমাদের অন্যতম প্রধান অর্জন বলে মনে করি। তবে এ অর্জনেও আমরা আত্মতুষ্ট নই, কারণ যে কোনো অনুষ্ঠান শুরুর সময়টা যেভাবে নির্ধারিত হয় এবং মানার সংস্কৃতি তৈরি করা গেছে ঠিক তেমনি অনুষ্ঠান শেষ হবার সময়টা নির্ধারণ করা এবং তা মেনে চলার সংস্কৃতি চালু করা যায় কিনা (?)।

৫. আমাদের সমগ্র কর্মকাণ্ডে স্বচ্ছতা নিশ্চিত করা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে প্রায় প্রতিটি বিষয়েই পত্র মারফত আপনাদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষার চেষ্টা করেছি। কার্যনির্বাহক কমিটির প্রয়োজনীয় সকল সিদ্ধান্ত সময়মত আপনাদের অবগত করেছি। সমিতির কার্যক্রম আরো ফলপ্রদ আরো ভালো করার জন্য আপনাদের পরামর্শ চেয়েছি। আর্থিক হিসেব-নিকেশের স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে কার্যনির্বাহক কমিটিতে কোষাধ্যক্ষের রিপোর্ট প্রদানের বিধি অব্যাহত রাখা হয়েছে। শুধু তাই নয় প্রতিটি কার্যনির্বাহক কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী সভায় নিয়মিতভাবে 'টাইপ' করা অবস্থায় উপস্থাপন করা এবং সুসংবদ্ধভাবে নথীভুক্ত করা হচ্ছে– এসবই স্বচ্ছ ও জবাবদিহিতামূলক স্বেচ্ছাশ্রমের উৎকৃষ্ট দৃষ্টান্ত।

৬. কার্যনির্বাহক কমিটিতে যাঁরা আছেন তাঁদের সকলেই সকল বিষয়ে একইভাবে ভাববেন বা ভাবেন তা হতে পারে না। তাহলে তো গণতন্ত্রের মূল চেতনাটিই থাকে না। কিন্তু এ পর্যন্ত কার্যনির্বাহক কমিটিতে এমন কোনো সিদ্ধান্ত গৃহীত হয়নি যেখানে কোনো বিষয়ে শেষ পর্যন্ত কারো দ্বিমত ছিল। অর্থাৎ একটি পেশাজীবী সংগঠনে ঐকমত্য প্রতিষ্ঠার মডেল হিসেবে বিবেচিত হতে পারে আমাদের সমিতি ও তার কার্যনির্বাহক কমিটি।

৭. সমিতির কার্যক্রম অধিকতর বিকেন্দ্রীকরণের লক্ষ্যে রাজধানী শহর ঢাকার বাইরের কর্মকা জোরদার করা হয়েছে। ঢাকার বাইরে সমিতির প্রথম চ্যাপ্টার হিসেবে চট্টগ্রাম চ্যাপ্টার খোলা হয়েছে এবং চট্টগ্রাম চ্যাপ্টারের প্রথম দ্বিবার্ষিক সম্মেলন ১৪ জুন ২০০৮-এ অনুষ্ঠিত হয়। এছাড়া তাদের নির্বাচন, সাধারণ সভা এবং দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়। গত দুই বছরে চট্টগ্রাম, রাজশাহী ও ময়মনসিংহ ও কুষ্টিয়ায় আঞ্চলিক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। শুধু তাই নয়, ঐসব আঞ্চলিক সেমিনারে পঠিত প্রবন্ধসমূহ আমাদের জর্নালের সম্পাদনা পরিষদের মাধ্যমে সম্পাদিত হয়ে বাংলাদেশ জর্নাল অফ পলিটিক্যাল ইকনমির দু'টি ভলিউম-এ এবং সাময়িকী ২০১০-এ প্রকাশিত হয়েছে। এটাও সমিতির কার্যক্রমের সুচিন্তিত বিকেন্দ্রীকরণের অন্যতম দৃষ্টান্ত।

৮. অর্থনীতিবিদ ও অর্থনীতি শাস্ত্রের বাইরে আছেন অথচ এ-দেশের অর্থনৈতিক উন্নয়নে জনকল্যাণ নিশ্চিত করতে যারা অবদান রেখেছেন সমিতি এ বিষয়ে গত চার বছরে তের জন সৃজনশীল মানুষকে *বাংলাদেশ অর্থনীতি সমিতি সম্মাননা স্বর্ণপদক* প্রদান করেছে। সমিতির এ এক

গঠনমূলক সিদ্ধান্ত যা সকলের মনোযোগ লাভে সক্ষম হয়েছে।

৯. সমিতি **বাংলাদেশ জর্নাল অফ পলিটিক্যাল ইকনমির** ২-টি বড় আয়তনের ভলিউম প্রকাশ করেছে। আমাদের সম্পাদনা পরিষদের একনিষ্ঠতা ও অক্লান্ত পরিশ্রম এ নজির সৃষ্টি করেছে।

১০. অর্থনীতিবিদদের পেশাগত দায়-দায়িত্ব পালনের সাথে সামাজিক দায়বদ্ধতা পালনের স্বচ্ছ সমন্বিত প্রয়াসের প্রতিফলন– এবারের ***বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০১০***। এবারের মত এত বৃহদায়তন ও বৈচিত্র্যসমৃদ্ধ সাময়িকী বাংলাদেশ অর্থনীতি সমিতির ইতিহাসে বিরল।

প্রিয় সদস্যবৃন্দ

সবাই আমাদের কাজকে সাধুবাদ জানাবে– চমৎকার বলবে– স্বীকৃতি দেবে, এমনটা আমরা কখনোই মনে করি না। মানুষ হিসেবে এমনটা মনে করাও উচিত নয়। সমিতির চলমান কর্মকা সম্পর্কে কোনো লিখিত অভিযোগ না পেলেও আমরা মাঝে-মাঝে কিছু অভিযোগ শুনেছি। অলিখিত অভিযোগ-অনুযোগ-এর মধ্যে আছে: (১) বাংলাদেশ অর্থনীতি সমিতি ক্ষেত্র বিশেষে অর্থনীতির চেয়ে রাজনৈতিক অথবা রাজনৈতিক-অর্থনীতি নিয়ে বেশি তৎপর– কেউ কেউ বলেন যে পাটের অর্থনীতি নিয়ে (অথবা পাট কল বিলুপ্তি নিয়ে) অথবা গ্যাস-তেল-কয়লা নিয়ে নাগরিক কমিশন গঠন কেন? অর্থনীতি-মানুষের জীবনের বাইরের বিষয় নয় এবং পেশাগতভাবে দেশ-জাতির প্রতি দায়বদ্ধতা থেকেই এসব কমিশন। আর ইতিহাসই সাক্ষী যে এ দেশের অর্থনীতিবিদরাই সর্বপ্রথম দুই পাকিস্তানের অর্থনীতিক বৈষম্যের বিষয় উত্থাপন করে আমাদের মুক্তি-স্বাধীনতার তত্ত্ব-ভিত্তি বিনির্মাণে প্রধান ত্বরান্বয়কের ভূমিকা পালন করেছিলেন। আমরা সেই ঐতিহ্যের উত্তরাধিকারী। (২) এমনও অনুযোগ আছে যে বাংলাদেশ অর্থনীতি সমিতিতে বিশুদ্ধ অর্থনীতি চর্চা কমে আসছে। একথা সম্ভবত খুব সত্য নয় এ জন্য যে বিশুদ্ধ অর্থনীতি চর্চার সর্বোত্তম ক্ষেত্রে হিসেবে আছে আমাদের ***জর্নাল অব পলিটিক্যাল ইকনমি*** এবং ***বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী*** আর অন্যদিকে বিশুদ্ধ অর্থনীতি চর্চার জন্য অর্থনীতি সমিতির প্লাটফর্ম সবসময় সবার জন্য উন্মুক্ত। (৩) সময় মতো চিঠিপত্র/আমন্ত্রণপত্র পান না– এ ধরণের অভিযোগ আছে। আমাদের কার্যালয় ব্যবস্থাপনা অতীতের তুলনায় এখন অনেক বেশি সুসংগঠিত। সুতরাং ঠিকানা পরিবর্তীত হলে আমাদের জানাবেন আমাদের দপ্তরের যোগ্য কর্মকর্তারা সাথে সাথে আমাদের কম্পিউটার সিস্টেমে সংশ্লিষ্ট পরিবর্তন রেকর্ড করে ফেলবে। আর পোস্টাল বিভাগ অথবা কুরিয়ার সার্ভিস কোনো কারণে দেরি করে ফেললে সেক্ষেত্রে করণীয় কী হতে পারে সে বিষয় ভাবতে হবে। সেই সাথে ইলেক্ট্রনিক মেইল প্রযুক্তির যুগে করণীয় কিছু হতে পারে কি না সে ব্যাপারে আপনারা সুচিন্তিত মত দিলে যোগাযোগ দ্রুততর হবে বলে আশা করি।

সুধীজন

তিনদিন ব্যাপি দ্বিবার্ষিক সম্মেলন আয়োজনে সমিতির কার্যনির্বাহক কমিটির বিভিন্ন কমিটি-উপকমিটির সকল সদস্য এবং সমিতির সীমিত সংখ্যক কর্মচারী-কর্মকর্তারা নির্ঘুম পরিশ্রম করেছেন– এজন্য আন্তরিক কৃতজ্ঞতা জানাই। বাজার অন্ধত্বের যুগে আমাদের প্রিয় ছাত্র-ছাত্রীরাসহ অন্যান্যরা যে স্বেচ্ছাশ্রম দিয়েছেন সেজন্য সমিতির পক্ষ থেকে তাদের সবাইকে ধন্যবাদ। আজকের এ মিলনায়তনে অনুপস্থিত অথচ সম্মেলন কর্মকা সুন্দর ও সার্থক করা 'পর্দার অন্তরালের' যেসব ব্যক্তির অক্লান্ত পরিশ্রম

ছাড়া অসম্ভব সেই দরিদ্র রাত-জাগা মুদ্রণ কর্মী, ভোর বেলার ভ্যান-রিকশা চালক, হোটেলের বাবুর্চি, বাইরের খাদ্য পরিবেশক এবং শান্তি-শৃংখলা সংশ্লিষ্ট কর্মকা র সাথে জড়িত– সবাইকে আন্তরিক ধন্যবাদ। সম্মেলনের বিভিন্ন কার্যক্রমে যারা মেধা-শ্রমসহ আর্থিক সহায়তা প্রদান করেছেন তাদের প্রতি আমরা কৃতজ্ঞ। যেসব প্রতিষ্ঠানের প্রতি আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি তাদের মধ্যে আছেঃ সোনালী ব্যাংক লিমিটেড, জনতা ব্যাংক লিমিটেড, অগ্রণী ব্যাংক লিমিটেড, থারমেক্স গ্রুপ, আরএসআরএম গ্রুপ, এস আলম গ্রুপ, আবুল খায়ের গ্রুপ, বসুন্ধরা গ্রুপ, এক্সিম ব্যাংক লিমিটেড, মেঘনা গ্রুপ,) যমুনা গ্রুপ,নোমান গ্রুপ, পারটেক্স গ্রুপ, ড্রেজ বাংলা (প্রাঃ লিঃ), অনোনট্রেক্স গ্রুপ, সিটি ভেজিটেবল ওয়েল মিল লিঃ, ল্যান্ডমার্ক গ্রুপ, এবি ব্যাংক লিমিটেড, জিকে গ্রুপ, বাংলাদেশ ব্যাংক, গ্রীণ ডেলটা ইন্সুরেন্স কোং লিঃ, এপেক্স গ্রুপ, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অফ বাংলাদেশ (আইসিবি) এবং সায়হাম কটন মিল্স লিমিটেড। সবশেষে, ওসমানী স্মৃতি মিলনায়তন ও ইনষ্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ-এর কর্তৃপক্ষকে সর্বাত্মক সহযোগিতার জন্য বাংলাদেশ অর্থনীতি সমিতির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ।

প্রিয় সদস্যবৃন্দ

বাংলাদেশ অর্থনীতি সমিতির গত দুই বছরের কর্মকা সংক্রান্ত সাধারণ সম্পাদকের প্রতিবেদন পেশ করলাম। আমরা সব কিছু পেরেছি– একথা বলবো না। তবে আমাদের সদিচ্ছা এবং স্বেচ্ছাশ্রমে চেষ্টার কোনো ত্রুটি ছিল না। যা কিছু আমরা করেছি সেখানে ***দেশের স্বার্থ ও দেশের ব্যাপক জনগোষ্ঠীর স্বার্থ সব কিছুর উর্ধ্বে*** -এ বিবেচনা আমরা কখনও ভুলিনি। কারণ এসবই আমাদের মুক্তি ও স্বাধীনতার মূল চেতনা।

এবারের সম্মেলনসহ গত দুই বছরে আমাদের কোনো ভূল-ত্রুটি থাকলে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন।

সমিতি এখন এক স্বচ্ছ রূপ ধারণে সক্ষম হয়েছে। সমিতি অতীতের তুলনায় সক্রিয়তর হয়েছে। এ অর্জন ধরে রাখা প্রয়োজন। সেই সাথে সময়ের চাহিদার সাথে তাল মিলিয়ে ভবিষ্যতে আরো সৃজনশীলতার প্রয়োগ প্রয়োজন।

বাংলা নববর্ষ ১৪১৭-র আগাম শুভেচ্ছা রইলো।

সবশেষে অবশ্যই আপনার ও আপনার পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব– সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

আপনাদের সবাইকে আরো একবার ধন্যবাদ।

অধ্যাপক ড. আবুল বারকাত
সাধারণ সম্পাদক
বাংলাদেশ অর্থনীতি সমিতি

বাংলাদেশ অর্থনীতি সমিতি, ২০০৮-২০১০-এর মূল কর্মকাণ্ডের খেরোখাতা

১। জাতীয় সেমিনার (National Seminar)

তারিখ/স্থান	সেমিনারের শিরোনাম	প্রবন্ধের বিষয়	প্রবন্ধকর	সভাপতি, নির্ধারিত আলোচক ও স্বাগত বক্তা	উপস্থিতি
৭ ফেব্রুয়ারি ২০০৮ থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম	যৌথ সেমিনার- বাংলাদেশ অর্থনীতি সমিতি, এএলআরডি, অর্থনীতি সমিতি (চট্টগ্রাম চ্যাপ্টার)	• বাংলাদেশে কৃষি-ভূমি-জলা সংস্কারঃ উন্নয়নের দিগন্ত • অর্পিত সম্পত্তি আইনে ক্ষতিগ্রস্ত মানুষের আর্থ-সামাজিক বঞ্চনাঃ প্রকৃতি ও সমাধান	• অধ্যাপক ড. আবুল বারকাত • অধ্যাপক ড. আবুল বারকাত	অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী অধ্যাপক মু. সিকান্দার খান অধ্যাপক ড. মইনুল ইসলাম অধ্যাপক ড. অনুপম সেন সৈয়দ ইউসুফ হোসেন শামসুল হুদা, বেগম মুশতারী শফী অধ্যাপক হাসানুজ্জামান চৌধুরী এ্যাডভোকেট রানা দাশগুপ্ত, এ্যাডভোকেট পূর্ণেন্দু বিকাশ চৌধুরী অধ্যাপক ড. এম শাহ আলম মোঃ মোস্তাফিজুর রহমান সরদার খোরশেদুল আলম কাদেরী অধ্যাপক ড. ইরশাদ কামাল	২৮৪ জন
২৬ এপ্রিল ২০০৮ পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা	বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা ও দ্রব্যমূল্য	বাংলাদেশের অর্থনীতি ও দ্রব্যমূল্য পরিস্থিতি বাংলাদেশের অর্থনীতি ও দ্রব্যমূল্য পরিস্থিতি Increase in food price and decrease in calorie and protein returns from food in Dhaka city, 1991-2007	সৈয়দ ইউসুফ হোসেন ইউসুফ আব্দুল্লাহ হারুন Dr. Harun K.M. Yusuf Dr. Lalita Bhattacharjee	ড. কাজী খলীকুজ্জমান আহমদ অধ্যাপক ড. আবুল বারকাত	২৬৩ জন
২৯ মে ২০০৮ পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা	বাংলাদেশ পাট অর্থনীতি বিকাশ সহায়ক নাগরিক কমিটি	বাংলাদেশ পাটের অর্থনীতি পুণরুজ্জীবনে করণীয়	অর্থনীতি সমিতি কর্তৃক গঠিত পাট কমিশনের সদস্যবৃন্দ	কমিশনের সদস্যবৃন্দ	২৭৭ জন
৫ জুলাই ২০০৮ ডিসিসিআই, ঢাকা	যৌথ সেমিনার	The best of Bangladesh is Business			১৩৭জন
২০ সেপ্টেম্বর ২০০৮ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম, ঢাকা	সিডও-নারীর প্রতি সকল প্রকার বৈষম্য সনদঃ বাংলাদেশ প্রেক্ষিত	সিডও ও বাংলাদেশ	অধ্যাপক হান্নানা বেগম	অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী সালমা খান, ড. মাহমুদা ইসলাম ড. জাফর ইকবাল, ড. সাদেকা হালিম	২৩৭ জন
১৫ নভেম্বর ২০০৮ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম, ঢাকা	প্রবাসীদের প্রেরিত অর্থের অর্থনীতি	Economics of Migrant Remittance What Shapes and What Shakes Can We Do More for the Expatriates? ....Remittance Scenario of Bangladesh	ড. জামালউদ্দিন আহমেদ এ.কে.এম. শামীম	ড. কাজী খলীকুজ্জমান আহমদ গোলাম মুস্তাফা অধ্যাপক ড. আবুল বারকাত	২২৩জন

২। প্রকাশনা অনুষ্ঠান *(Publication)*

তারিখ/স্থান	আয়োজনে	বই	রচয়িতা	উপস্থিতি
১১ মে ২০০৯ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম	বাংলাদেশ অর্থনীতি সমিতি ও রিসার্চ ইনিশিয়েটিভস্, বাংলাদেশ-এর যৌথ উদ্যোগে	"The Poverty Discourse and Participatory Action Research in Bangladesh"	ড. মইনুল ইসলাম	২৬৭ জন

৩। আঞ্চলিক সেমিনার *(Regional Seminar)*

তারিখ/স্থান	সেমিনারের বিষয়	প্রবন্ধের বিষয়	প্রবন্ধকার	নির্ধারিত আলোচক/বক্তা	উপস্থিতি
২১ মার্চ ২০০৯ থিয়েটার ইনিস্টিটিউট, চট্টগ্রাম	বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে চট্টগ্রামের প্রাসঙ্গিকতা	Life and Livelihood of Indigenous Peoples in the Chittagong Hill Tracts: What We Know?	Professor Dr. Abul Barkat	অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী অধ্যাপক মু. সিকান্দার খান ড. আবু ইউসুফ আলম অধ্যাপক ড. মইনুল ইসলাম অধ্যাপক ড. ইরশাদ কামাল খান মোঃ খোরশেদুল আলম কাদেরী আলোচক : ড. আব্দুল মান্নান চৌধুরী ড. নিতাই চন্দ্র নাগ ড. আবুল হোসাইন নূরুল কবীর চৌধুরী ড. জামাল নজরুল ইসলাম অধ্যাপক বেনু প্রসাদ বড়ুয়া ড. আহমেদ ফজলে হাসান চৌধুরী ড. আলী আশরাফ ড. সুধীন কুমার চাকমা	২৮৭ জন
		Impact of Real Depreciation of Taka on Export Earning of Bangladesh: A Causality Analysis.	Md. Rafayet Alam		
		An Econometric Analysis of the Scale of Operation in the Chittagong Sea-port.	Dd. Anamul Kabir		
		CHT: A comprehensive study on Indigenous Ethnic Communities, Natural Resources and Sustainable Environment.	Dilip Kumar Barua		
		Paradigm of Better-Life: Reconceptualizing Development amoung the Pahari of the Chittagong Hill Tracts of Bangladesh.	Dr. Nasir Uddin		
		Role of Tourism in Economic Deveplopment: Bangladesh Perspective.	Maimun Ali		
		Agriculture and Food Security: How Climate Change Affects the Extreme Poor in Bangladesh	Md. Muzaffar Ahmed		
		Measuring Stock Market Volatility: An Experience from Chittagong stock Exchange.	Md. Abdur Rahman Forhad Amirul Islam		
		Chittagong Port: Policy and Objective in Increasing Private Sector Involvement in Port Operation System.	Halima Begum		

১৩ জুন ২০০৯ কৃষি অর্থনীতি ও গ্রামীন সমাজবিজ্ঞান অনুষদীয় সভা কক্ষ, ময়মনসিংহ	Agriculture Reform and Food Security	Socioeconomic Impact of Changing Land Use Pattern on Food Security for Farm Household in Bangladesh	M Serajul Islam and M Mojammel Haque	প্রফেসর ড. এম এ সাত্তার মন্ডল প্রফেসর ড. আবুল বারকাত প্রফেসর ড. মোঃ সিরাজুল ইসলাম প্রফেসর ড. মোঃ আব্দুল কুদ্দুছ প্রফেসর তোফাজ্জল হোসেন মিয়া	১৬৭ জন
		Yield Disparity and Food Security of Marginal Farmers in Basail Upazila of Tangail Diatrict	Mahbub Hossain and M Harun-Ar Rashid		
		Present Status and Sustainability of Food Security in Bangladesh	Sadika Sharmin, Katsumi Arahata and M Serajul Islam		
		Land Tenure and Credit: A Study in Selected Areas of Mymensingh District	M A Bashar and Md Zhohirul Haque		
		Comparison between Irrigation Payment Methods and Profitability of Using Water Saving Technology	Md Saidur Rahman and Arild Angelsen		
		Impact of Land Tenure System on Boro Paddy Production in a Selected Area of Mymensingh District: An Economic Analysis	Tanvina Khan, Hasneen Jahan and Tofazzal H Miah		
		Changing Land Use Pattern and the Hybrid Rice Production: A Way to Improve Food Security in Bangladesh	M A Salam, M Shahe Alam and M Serajul Islam		
		Income Generation Through Edible Mushroom Cultivation: A Potential Source of Food Security for Small Households in Bangladesh	Taznoore Samina Khanam, Md Habibur Rahman and Mahbub Hossain		
১১ জুলাই ২০০৯ শাহ্ আজিজুর রহমান অডিটেরিয়াম, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া	Economic Issues Related to South-Western Region	"Role of BRB Group of Industries Limited in Employment Generation in Southern Region of Bangladesh"	Umme Habiba Rahman Md. Mizber Rahman		৩৭১জন
		Utilization of the Government Primary Health Care Services: A Micro Level Study on Married Women and Children	Md. Alamgir Hossain Bhuiya		
		খাজানগরে অবস্থিত চাতাল ও রাইস মিল ঃ কর্মপদ্ধতি, nggrïvGesngvab	প্রফেসর রহমত ছিদ্দিকী		
		Economics of Tobacco in Bangladesh: Lessons Learned and Actionable	Dr. Abul Barkat Md. Shahnewaz Khan		
		Impacts of Climate Changes on Beel Fisheries of Bangladesh: A Case Study of Chapaigachhi Beel in Kushtia.	Md. Aynul Islam PhD Md. Abdul Muyeed		

১-লা আগষ্ট ২০০৯ সিনেট ভবন, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী	"বাংলাদেশের পশ্চিমাঞ্চলের অর্থনৈতিক উন্নয়নের সমস্যা ও সম্ভাবনা (Problems and prospects of Economic Development of the Western Region of Bangladesh)"	Performance of industrial Establishments in Northwest Bangladesh : A Stochastic Frontier	Md. Abdul Wadud	প্রফেসর ডঃ মোঃ মহসিন আলী ডঃ আবুল বারকাত প্রফেসর এম. আব্দুর রহমান প্রফেসর মুহম্মদ নূরুল্লাহ্ প্রফেসর ডঃ এম. আব্দুস সোবাহান প্রফেসর ড. মোঃ মোয়াজ্জেম হোসেন খান	৪৭৬জন
		বাংলাদেশের পশ্চিমাঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে চিংড়ি চাষের ভূমিকা ঃ প্রেক্ষিতে সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার আশাশুনি ইউনিয়নের চারটি গ্রাম	নিবেদিতা মল্লি ক ড. মোঃ মোয়াজ্জেম হোসেন খান		
		রাজশাহী কৃষি উন্নয়নে ব্যাংকের দারিদ্র্য বিমোচন কর্মসূচি ।	শামিমা সুলতানা ড. মোহাম্মদ আলী		
		বাংলাদেশের পশ্চিমাঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে মংলা বন্দরের ভূমিকা ।	সৈয়দ ফার আবীর ড. মোঃ মোয়াজ্জেম হোসেন খান		
		বাংলাদেশের পাট শিল্পের সমস্যা ও সম্ভাবনা ঃ প্রেক্ষিত রাজশাহী পাটকল ।	জেসমিন আরা ড. মোঃ মোয়াজ্জেম হোসেন খান		
		Impact of Microcredit on Economic indicators of the Borrowers: An Empirical Analysis.	Md. Elias Hossain Mohammad Mosaddequr Rahman		
		A Study of A Vailability of Meat in Western Bangladesh	Tariq Saiful Islam Qamarullah Bin Tariq Islam Nazmullah Bin Tariq		
		Rajshahi From Education City to Special Education Zone	A.N.K. Noman		

৪। গোলটেবিল, সংলাপ, মতবিনিময় সভা
(Round Table Discussion and Dialogue Meeting)

তারিখ/স্থান	বিষয়	প্রবন্ধের মূল বিষয়	প্রবন্ধকার/উপস্থাপক	আলোচক, সভাপতি	উপস্থিতি
২৯ মার্চ ২০০৮ সমিতির অডিটোরিয়াম	বাংলাদেশ নারী ক্ষমতায়ন	বাংলাদেশের অর্থনীতিতে নারীর অবস্থান They Are Coming Anyway	হান্নানা বেগম Dr. Mahmuda Khatun	ড. কাজী খলীকুজ্জমান আহমদ খোন্দকার ইব্রাহিম খালেদ খুশি কবির অধ্যাপক আবুল বারকাত	১৭৩ জন
১৫ জুন ২০০৮ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম	বাংলাদেশের বাজেট উত্তর সংবাদ সম্মেলন ২০০৮-০৯			ড. কাজী খলীকুজ্জমান আহমদ অধ্যাপক ড. আবুল বারকাত	১২৪ জন
২৯ নভেম্বর ২০০৮ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম	বিশ্ব আর্থিক ব্যবস্থায় ধ্বস ও প্রকট মন্দার পদধ্বনি ঃ সংকট উত্তরণে রাষ্ট্রীয় হস্তক্ষেপ এবং বাংলাদেশের জন্য শিক্ষণীয়	Global Financial Meltdown and Intensifying Recession in the Developed World and State Action to Put the Financial Systems and Economies Back of Track and Implications for Bangladesh	Dr. Qazi Kholiquzzaman Ahmad	ড. কাজী খলীকুজ্জমান আহমদ	১৪৭ জন
২৬ জুন ২০০৯ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম	গোলটেবিল আলোচনা বাজেট ২০০৯-২০১০ ঃ নারীর ক্ষমতায়ন	সম্প্রতি ঘোষিত ২০০৯-১০ অর্থ বছরের জাতীয় বাজেটে জেন্ডার সংবেদশীলতা এবং নারীর ক্ষমতায়ন	প্রতিমা পাল মজুমদার	ড. কাজী খলীকুজ্জমান আহমদ ড. মোহাম্মদ ফরাশ উদ্দিন সালমা খান আয়েশা খানম রোকেয়া কবির	১১২ জন

৫। সাংবাদিক সম্মেলন: বাজেট, গ্যাস-তেল-কয়লা

তারিখ/স্থান	বিষয়	প্রবন্ধের বিষয়	উপস্থাপক	উপস্থিতি
২৭ ফেব্রু য়ারি ২০০৮ সমিতির অডিটোরিয়াম	সংবাদিক সম্মেলন	কয়লানীতি এবং তেল-গ্যাস অনুসন্ধান	ড. কাজী খলীকুজ্জমান আহমদ	১৩৭ জন
১৯ এপ্রিল ২০০৮ জাতীয় প্রেস ক্লাব	মত বিনিময় সভা	কয়লানীতি, তেল-গ্যাস অনুসন্ধান ও জাতীয় স্বার্থ	অধ্যাপক বদরুল ইমাম	১০৫ জন
১৫ জুন ২০০৮ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম	বাংলাদেশের বাজেট উত্তর সংবাদ সম্মেলন ২০০৮-০৯			১৩২ জন
৪ জুন ২০০৯ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম	মত বিনিময় সভা	জ্বালানী নিরাপত্তা ও সমন্বিতনীতি	নাগরিক কমিশন	১১৬ জন
১৬ জুন ২০০৯ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম	বাংলাদেশের বাজেট উত্তর সংবাদ সম্মেলন ২০০৯-১০			১১৭ জন

৬। প্রশিক্ষণ কর্মশালা

তারিখ/স্থান	বিষয়	প্রশিক্ষণের বিষয় ও প্রশিক্ষক	সভাপতি ও অতিথি	প্রশিক্ষণার্থী সংখ্যা
৮-১৩ আগস্ট ২০০৯ বাংলাদেশ অর্থনীতি সমিতির মিলনায়তন	শিক্ষক রিফ্রেসার কোর্স	Dr. M. Mouzzam H. Khan, Economic Reform: Lesson from Chinese experience, Political Economy in Under Developed Countries-Prof. Muinul Islam C.U. Dr. Atiqur Rahman, N U, Inflation and unemployment Dr. Sadika Halim, Gender issue in Development in Bangladesh and Development Dr. M.A. Sattar Mandal Sustainable Development : Bangladesh Perespective , Dr. Abul Barkat, Human Development Dr. Ashraf Uddin Chowdhury Issues in National Income Accounting Dr. Shahidul Alam Administration and management development in Bangladesh Mr. Habibullah Bahar B.B., Money Market Prof. Muzaffar Ahmed D.U, Teaching in Micro Economics Prof. Abu Ahmed D.U., Capital Market Dr. Jyoti Prakash Dutta C.U IS - LM Model and Effect on Equilibrium Estimation of models Mr. Nurul Haque J.U Md. Zahirul Islam Sikder Welfare Economics , Dr. M. Mouzzam H. Khan Infrastructure and Economics development Bangladesh: perspective Dr. Bazlul Haque Khandakar, DU, I O System Prof. S. A. Hye J.U. Labour Market issues Bangladesh Perspective Dr. Azizur Rahman Market Structure: Monopolistic competition Dr.Jyoti Prakash Dutta C.U., Structuralist - Monoterist Controversy and Structural Adjustment Dr. Amir Hossain J.U, Linear and Non - LPP Prof. Amirul Islam Chowdhury J.U Public Choice Theory of Government Intervention Prof. Muinul Islam C.U. Globalization Issues, Problems and Prospects Md. Nuruzzaman, Role and issues of NGO Partnership in the Development Process Prof. Anu Mohammad J.U WTO, Global Energy and Bangladesh Dr. Shafiquzzaman D.U, Industrial concentration	ড. কাজী খলীকুজ্জমান আহমদ প্রফেসর ড. নজরুল ইসলাম, চেয়ারম্যান বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রফেসর ড. কাজী শহিদুল্লাহ, উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয় অধ্যাপক মোঃ আনিসুর রহমান বিশ্ববিদ্যালয়	২৭ জন

১ জানুয়ারি ২০১০ বাংলাদেশ অর্থনীতি সমিতির মিলনায়তন	অর্থনীতি বিষয় সাংবাদিক প্রশিক্ষণ কর্মশালা	Poverty and Climate Issues Dr. Q.K. Ahmad WTO and Trade Issues Dr. Mustafizur Rahman, Executive Director, CPD Macro Economic Fundamentals Prof. Dr. Asraf Uddin Chowdhury, Vice-President, BEA.	Dr. Q.K. Ahmad Dr. Mustafizur Rahman, Prof. Dr. Asraf Uddin Chowdhury Prof. Dr. A.A.M.S Arefin Siddique, Mr. A.B.M. Musa Mr. Iqbal Sobhan Chowdhury Mr. Moazzem Hossain Prof. Dr. Asraf Uddin Chowdhury	৪০ জন
২৩ জানুয়ারি ২০১০ বাংলাদেশ অর্থনীতি সমিতির মিলনায়তন	ব্যাংকিং প্রশিক্ষণ কর্মশালা	Inclusive Growth/Sustainable Development -Dr. Qazi Kholiquzzaman Ahmad Issues Involved with Inclusive Banking. -Dr. Toufic Ahmad Choudhury	Dr. Atiur Rahman Dr. Qazi Kholiquzzaman Ahmad Dr. Mustofa Kamal Muzeri Dr. Salehuddin Ahmed Mr. K.I. Khaled Dr. Moinul Islam. Dr. Asrafuddin Chowdhury Dr. Abul Barkat	৪২ জন

৭। দ্বি-বার্ষিক সম্মেলন চট্টগ্রাম চ্যাপ্টার

তারিখ/স্থান	বিষয়	প্রবন্ধের বিষয়	প্রবন্ধকর	নির্ধারিত আলোচক/বক্তা	উপস্থিতি
১৪ জুন ২০০৮ থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম	বাংলাদেশের অর্থনীতির সাম্প্রতিক প্রধান চ্যালেঞ্জসমূহঃ আঞ্চলিকভাবে গুরুত্বপূর্ণ অর্থনৈতিক বিষয়	In search of the Present stat of Nuclear-energy-use, Cost comparison, and the Developing Country Context with some Highlights on Bangladesh	Nitai C. Nag	ড. হোসেন জিল্লুর রহমান ড. কাজী খলীকুজ্জমান আহমদ অধ্যাপক মু. সিকান্দার খান ড. মইনুল ইসলাম অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী অধ্যাপক আবুল বারকাত খোরশেদুল আলম কাদেরী মনছুর এম. ওয়াই. চৌধুরী	২৬৯জন
		A Little Drop in the Ocean : In Quest for Finding Solutions to the Food Problems of the Mankind	Dr. Kazi Muzafar Ahammed		
		Spiralling Price Inflation of Food Items and The Issur of Food Security in Bangladesh	Dr. Muinul Islam		
		বাংলাদেশ আর্থনীতি সমিতি - চট্রগ্রাম চ্যাপ্টার এর প্রথম দ্বি-বার্ষিক সম্মেলন, নির্বাচন ও সাধারণ সভা উপলক্ষে বাংলাদেশ অর্থনীতি সমিতি - চট্রগ্রাম চ্যাপ্টার কর্তৃক আয়োজিত দিনব্যাপী সেমিনার	ড. মুহম্মদ আবদুল মান্নান চৌধুরী		
		বাংলাদেশের অর্থনীতিতে সাম্প্রতিক প্রধান চ্যালেঞ্জ : কৃষি ও খাদ্য	নারায়ন বৈদ		
		দ্রব্যমূল্যের উর্ধ্বগতি ও অর্থনৈতিক স্থবিরতা - বাজার নিয়ন্ত্রণে সরকারের প্রত্যক্ষ ভূমিকা	দিলীপ বড়ুয়া		

৮। বাংলাদেশ অর্থনীতি সমিতি সম্বর্ধনা/সম্মাননা

তারিখ/স্থান	বিষয়	সম্বর্ধনা প্রাপ্তদের নাম	উপস্থিতি
৭ ফেব্রুয়ারী ২০০৯ অর্থনীতি সমিতির-অডিটোরিয়াম	বাংলাদেশ অর্থনীতি সমিতির সম্মানিত সদস্য যারা সাংসদ হিসেবে নির্বাচিত হয়েছেন তাঁদের উদ্দেশ্যে সংবর্ধনা	জনাব আবুল মাল আবদুল মুহিত, এম পি ড. মহীউদ্দীন খান আলমগীর, এম পি জনাব রাশেদ খান মেনন, এম পি জনাব মোস্তফা ফারুক মোহাম্মদ, এম পি অধ্যাপক আলী আশরাফ, এম পি জনাব মোঃ ফজলে হোসেন বাদশা, এম পি	২৭২জন
৬ জুন ২০০৯ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম	সংবর্ধনা সভা	'একুশে পদক ২০০৯' প্রাপ্ত বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ, বাংলাদেশ ব্যাংকের গভর্নর অধ্যাপক ড. আতিউর রহমান, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম. এ. সাত্তার মন্ডল এবং শাহ্জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ সালেহ উদ্দিন।	৩৩১ জন

৯। জন্ম বার্ষিকী উদযাপন

তারিখ/স্থান	বিষয়	উপস্থিতি
৬ ফেব্রুয়ারী ২০০৯ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম	অধ্যাপক মুশাররফ হোসেন-এর ৮০তম জন্ম বার্ষিকী	২৩৭ জন

১০। পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি/শোক বার্তা

৯ ফেব্রুয়ারী ২০০৮	অধ্যাপক ড. আবুল বারকাত-এর প্রাণ নাশের হুমকির প্রতিবাদে সংবাদপত্রে প্রতিবাদ লিপি
২৭ ফেব্রুয়ারী ২০০৮	প্রবীন সাংবাদিক বজলুর রহমান-এর মৃত্যুতে শোকবার্তা
১০ মে ২০০৯	বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী, আনবিক শক্তি কমিশনের সাবেক চেয়ারম্যান ড. ওয়াজেদ মিয়া-এর মৃত্যুতে শোকবার্তা
৪ সেপ্টেম্বর ২০০৯	বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক আনু মুহাম্মদ-এর উপর পুলিশি হামলায়-বাংলাদেশ অর্থনীতি সমিতির নিন্দা প্রস্তাব
৫ সেপ্টেম্বর ২০০৯	এদেশের প্রখ্যাত ও অভিজ্ঞ রাজনীতিবিদ, সাবেক অর্থমন্ত্রী জনাব এম সাইফুর রহমান-এর মৃত্যুতে শোকবার্তা
৫ ডিসেম্বর ২০০৯	প্রখ্যাত অর্থনীতিবিদ, মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ সরকারের পরিকল্পনা কমিশনের সদস্য ও স্বাধীনতা সংগ্রামী অধ্যাপক স্বদেশ রঞ্জন বোস-এর মৃত্যুতে শোক বার্তা

১১। মত বিনিময়

১৬ এপ্রিল ২০০৮ পরিকল্পনা কমিশন অডিটোরিয়াম, ঢাকা	বাজেট বিষয়ে অর্থ উপদেষ্টার সঙ্গে মত বিনিময়	বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যনির্বাহক কমিটির ২১ জন সদস্য উপস্থিত ছিলেন

১২। একুশের প্রভাত ফেরি

তারিখ/স্থান	বিষয়	উপস্থিতি
২১ ফেব্রুয়ারী ২০০৮ শহীদ মিনার	প্রভাতফেরি	১০৩ জন
২১ ফেব্রুয়ারী ২০০৯ শহীদ মিনার	প্রভাতফেরি	১১৭ জন
২১ ফেব্রুয়ারী ২০১০ শহীদ মিনার	প্রভাতফেরি	১২৬ জন

১৩। "ঢাকা স্কুল অফ ইকনোমিকস" প্রতিষ্ঠা

১৪। প্রকাশনা ও অন্যান্য

- বাংলাদেশ অর্থনীতি সমিতির সাময়িকী ২০১০ (দুই খ- বাংলাদেশ জার্নাল অব পলিটিক্যাল
- ইকনমি: ২০০৮-২০০৯-এর পরিকল্পনা অনুযায়ী দুই খ- ইতোমধ্যে প্রকাশিত হয়েছে।
- সমিতির আজীবন সদস্য-এর আইডি কার্ড তৈরী হয়েছে (আবেদিত সদস্যদের)

বাংলাদেশ অর্থনীতি সমিতি
Bangladesh Economic Association
১৭তম দ্বিবার্ষিক সম্মেলন ২০১০
17th Biennial Conference 2010
শেখ হাসিনা
Sheikh Hasina

Chief Guest : Sheikh Hasina, Honourable Prime Minister, Govern
বিশেষ অতিথি : আবুল মাল আব্দুল মুহিত, মাননীয়
Special Guest : Abul Mal Abdul Muhit, Honourable Minister for Finance,
সভাপতি : ড. কাজী খলীকুজ্জমান আহমদ,
President : Dr. Qazi Kholiquzzaman Ahmad,
২৫-২৭ চৈত্র ১৪১৬/৮-১০ এপ্রিল ২০১০
25-27 Chaitra

প্রধান অতিথি ঃ শেখ হাসিনা,
Chief Guest : Sheikh Hasina, Honourable Prime Minister,
বিশেষ অতিথি ঃ আবুল মাল আব্দুল মুহিত,
Special Guest : Abul Mal Abdul Muhit, Honourable Minister for Finance,
সভাপতি ঃ ড. কাজী খলীকুজ্জমান আহমদ,
President : Dr. Qazi Kholiquzzaman Ahmad,
২৫-২৭ চৈত্র ১৪১৬/৮-১০ এপ্রিল ২০১০
১ম ও ২য় দিন : ওসমানী স্মৃতি মিলনায়তন, ঢাকা
৩য় দিন : ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ, ঢাকা
25-27 Chaitra

সভাপতি ঃ ড. কাজী খলীকুজ্জমান
President : Dr. Qazi Kholiquzzaman
২৫-২৭ চৈত্র ১৪১৬/৮-১০ এপ্রিল ২০১০
১ম ও ২য় দিন : ওসমানী স্মৃতি মিলনায়তন, ঢাকা
৩য় দিন : ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ, ঢাকা

শেখ হাসিনা,
Chief Guest : Sheikh Hasina, Honourable Prime Minister, Government
আবুল মাল আব্দুল মুহিত,
Special Guest : Abul Mal Abdul Muhit, Honourable Minister for Finance, Gover
ড. কাজী খলীকুজ্জমান আহমদ,
President : Dr. Qazi Kholiquzzaman Ahmad,

২০১০-১১ বাজেট-উত্তর সংবাদ সম্মেলন
১৩ জুন ২০১০, বিকেল ৩:৩০টা
বাংলাদেশ অর্থনীতি সমিতি অডিটোরিয়াম, ঢাকা

ectual Property & Development :
Relevance for Bangladesh
20 July 2010
desh Economic Association Auditorium
Economic Association

দ্বিতীয় দ্বিবার্ষিক সম্মেলন ২০১০
ও
আঞ্চলিক সেমিনার
০৫ ফেব্রুয়ারী ২০১১ থিয়েটার ইনস্টিটিউট চট্টগ্রাম

উদ্বোধনী অনুষ্ঠান
শিক্ষক রিফ্রেশার কোর্স-২০১১

of WTO System for Development
Dr. Harsha V. Singh, Deputy Director General, WTO
Dr. Abul Barkat, President, Bangladesh Economic Association
February 2011
Association Auditorium
মদিনা

বাংলাদেশ অর্থনীতি সমিতি

সংবাদ সম্মেলন
প্রাক-বাজেট ঃ ২০১০-১১
বিকেল ৩:৩০টা
অডিটোরিয়াম, ঢাকা
ATN BANGLA

২০১০-১১ বাজেট-উত্তর সংবাদ সম্মেলন
১৩ জুন ২০১০, বিকেল ৩:৩০টা
বাংলাদেশ অর্থনীতি সমিতি অডিটোরিয়াম, ঢাকা

Intellectual Property & Development :
Relevance for Bangladesh
20 July 2010
Bangladesh Economic Association Auditoriu
Bangladesh Economic Assoc

SEMINAR 2012
Demutualization of Stock Exchanges:
Rationale, Country Practice and A Road Map for Bangladesh
Chief Guest : Dr. M. Khairul Hossain, Chairman, SEC
Chair : Dr. Abul Barkat, President, BEA

২০১২-১৩ বাজেট-উত্তর সংবাদ সম্মেলন
সভাপতি ঃ অধ্যাপক ড. আবুল বারকাত
১৪ জুন ২০১২, বিকেল ৪:০০টা

জাতীয় সেমিনার ২০১২
নিজ অর্থে পদ্মা সেতু
সভাপতি ঃ ড. মোহাম্মদ ফরাসউদ্দিন
অধ্যাপক ড. আবুল বারকাত
বিকেল ৪:০০টা
সমিতির অডিটোরিয়াম
অর্থনীতি সমিতি

বাংলাদেশ অর্থনীতি সমিতি
Bangladesh Economic Association
4/C Eskaton Garden Road, Dhaka 1000
Phone & Fax : 880 -2 - 9345996
Email : bea.dhaka@gmail.com, Web : bdeconassoc.org